* সিদ্দিকিয়া সুলভ লাইব্রেরীর *

* আদি ও আসল *

ছহি বড় সাহানামা।

মোছান্নেফ

শ্রীমুনসী মহাম্মদ খাতের

৩৩৭/২ নং অপার চিৎপুর রোড, সিদ্দিকিয়া লাইব্রেরী হইতে

আফাজদ্দিন আহাম্মদ দ্বারা

মুদ্রিত ও প্রকাশিত।

কলিকাতা,

দর্জিপাড়া, মসজিদ বাড়ী ষ্ট্রীট, ১৫৫।১ নং ভবনে

শ্রীআফাজদ্দিন আহাম্মদ দ্বারা মুদ্রিত।

সন [illegible] সাল।

কোন খাড় লিয়া জাবে আসিয়া সমন * দুনিয়ার হাসমত মাল রহিবে পড়িয়া ॥ [illegible] [illegible] জেন খালি হাতে গিয়া * এই বেলা বুজে সুঝে কর কাম কাজ ॥ খাবেন্দের আগে [illegible] নাহি হয় লাজ মহাম্মদ খাতের কহে ভরসা খোদার ॥ বালিয়া গোবিন্দ পুরে বসতি জাহার * হেল্যাতে রহিয়া গেল এছার জেন্দেগি ॥ মিছে কাজে মন দিয়া না হৈল বন্দেগি * গোনাতে ডুবিয়া গেল দুনিয়ার ফেরে নাহি জানি কোন দশা হইবে আখেরে * মাফ কর আল্লাতালা পরওার দেগার ॥ তোমা বিনে দুজা হানে কেহ নাই আর * শুনহ মমিন সব মেহের করিয়া ॥ আমি অধিনের বাবে করিবেন দোওা * বেসি কমি ভুল চুক সাইরির জাহা ॥ মেহের করিয়া মাফ করিবেন তাহা * কোন বাতে লোক মাঝে নাদিবে সরম ॥ আএব ছাপায়ে মেরা রাখিবে ভরম * এই তক সাহানামা হইল তামাম ॥ সবার জনাবে মেরা হাজার ছালাম *

* শুচিপত্র *

যাই ॥ [illegible] হৈতে নেদা হইল এছাই * চৌদা বচ্ছর সাহি করিব বাচিয়া ॥ তাতাবাদে যাব আমি
ছেড়ে এ দুনিয়া * এবে মেরা তের সাল গোজারিয়া গেল ॥ না আছে জেন্দেগি বাকি আছিরি হইল
এক সাল [illegible] আছে হেসাবে এখন ॥ নাহি জানি কোন ঘড়ি আসিবে শমন * বেটা বেটি কেহু মেরা
নাহিক এছাই ॥ কেকরিবে আমা বাদে তক্তের বাদসাই * মুল্লকের বন্দ বস্ত করি এই ওক্তে ॥ যাহাতে
ফাছাদ কিছু না রহে রুমেতে * কায়ানি আওলাদ কিন্তু হুজুরে আমার ॥ হামেহাল আছে সবে হয়ে
মোস্তেজার * তাহা হৈতে একজনে তক্তে বসাইয়া ॥ বাকি সাবাকার তরে ডালহ মারিয়া * বাচিয়া
না রবে কেহু তাহইলে পরে ॥ ঝগড়া ফাছাদসব যাইবেক দুরে * কেননা রহিলে সব কায়ানি আওলাদ
না মিটীবে রুমে কভু ঝগড়া ফাছাদ * এয়ছাই খিয়াল করে বাদসা জাহাদার ॥ আরাস্তুকে লিখিয়া
ভেজিল সমাচার * আরস্তু পাইয়া খত ওাকেফ হইয়া ॥ ভেজিল বাদসাকে এছা জওাব লিখিয়া *
সুন সাহা জাহাপানা আরজ আমার ॥ এয়ছা কাম মনাছেব না হয় তোমার * সাহাজাদা গনে চাহ
বেগুনা মারিতে ॥ কি জওাব দিবে শেসে খোদার দরগাতে * আমার মছলত এবে শুন জাহাগির ॥
নেওাজিয়া রাখ আপে সবার খাতির * মুল্লক তকছিম করে দেহ জনে২ ॥ সকলে করুক সাহি খুসি
হয়ে মনে * একরার লিখিয়া কিন্তু লইবে এয়ছাই ॥ কেহু জেন কার সাতে না করে লড়াই * আর
জেন কেহ কভু রুমের সহরে ॥ কোনরুপে আসিতে এরাদা নাহি করে * হামেহাল রুমের হইয়া
তাবেদার ॥ রহে জেন সকলেতে খেরাজ গোজার * মজবুত করিয়া খুব লিখিয়া লইবে ॥ তা হইলে
রুমে আর ফছাদ না হবে * খুসিহালে সকলে রহিবে আরামেতে ॥ কারকোন দুখনাহি রহিবে এবাতে
পেয়ে সাহা উজিরের জওাব এমন ॥ মাঙ্গাইয়া সাহাজাদা সবার কারন * জনে২ এক২ মুল্লক শুপিয়া
লইল সবার ঠাই কারার লিখিয়া * মুল্লক পাইয়া সবে সেকান্দার হৈতে ॥ জার জে মুল্লকে গিয়া রহে
খোসালেতে * জে দেস মিলিল জারে না কৈল ওজর ॥ রহিল জাইয়া সবে করিয়া ছবর * এইরুপে
তামাম করিয়া সাহাজাদা ॥ সকলেতে বাদসাই পাইয়া জুদা২ * করিতে লাগিল গিয়া খুসিতে বাদ-
সাই ॥ না রহিল কোনবাতে ঝগড়া লড়াই * তার পরে সেকান্দার বাদসা নামদার ॥ আচানক এক
ওক্তে হলেন বিমার * খবর পাইয়া তার আরস্তু উজির ॥ আসিয়া বাদসার আগে হইল হাজির *
আর জত নামদার ছিল রুম দেশে ॥ একে২ আসিয়া হাজির হৈল শেসে * করেন বেমার দাবি স
কলে মিলিয়া ॥ দুই চারি রোজ এয়ছা জায় গোজারিয়া * মউতের হালে সাহা ডাকিয়া সবারে ॥
জনে২ বুঝাইয়া আছয়ত করে * রওনক বিবী এবে আছে হামেলেতে ॥ নেঘাবানি হামেসা করিবে
সকলেতে * মেটাজদি পয়দা হয় পালন করিবে ॥ সিয়ানা হইলে তারে তক্ত বসাইবে *আর জদি বেটী
হয় এলাহির চাহা ॥ কায়ানি সাজাদা দেখে দেলাইবে বেহা * শুপিয়া রুমের সাহি তাহার লাগিয়া
রহিবে সকলে তার তাবেদার হৈয়া * কেহ কোন বাত পরে না হেলাবে ছির ॥ হামেসা থাকিবে হয়ে
ফরমা পিজির * এই ওছিয়ত মেরা মানিও সবাই ॥ কোনমতে কেহু না করিও বেওফাই * সুনে জত
লোকজন উজির আরকান ॥ কবুল করিয়া লিল বাদসার ফর্ম্মান * বলে কয়ে সবে এয়ছা বাদসা
জাহাপানা ॥ ছেড়ে দুনিয়ার মায়া হলেন রওানা * আমির উজির আর জত লোকজন ॥ দেখিয়া বাদ-
সার হাল করিয়া রোদন * কহে হায়২ সাহা তোমাবিনে আর ॥ কে করিবে নেঘাবানি আমা সবাকার
হামেসা আছিনু শুখে তোমার ফজলে ॥ আরকি হইবে তেছা আমাদের হালে * এইরুপে সকলেতে
বাদসার লাগিয়া ॥ করেন মাতম জারি বহুত কান্দিয়া*গোসল দেলায়ে শেসে পেন্দায়ে কাফন ॥ সো
নার তাবুতে রেখে করিল দাফন*মাটি দিয়া জার জে চলিয়া গেলফিরে॥ মিলিল খাকের দেহ খাকেতে
আখেরে * ॥বাদসা আমির কিম্বা গরিব ফকির ॥ সবাকে করিবে খোদা গোরেতে আছির * সাত মুল্ল-
কের সাহা সেকান্দার ছিল ॥ দুনিয়াতে সেহ নাহি রহিতে পারিল * হাসমত দওলত মাল রহিল প
ড়িয়া ॥ খালি হাতে চলে গেল সকলে ছাড়িয়া*এদুনিয়া ধন্দ বাজি জত কারবার॥ভেবেগুনে দেখ মনে
সকলি অসার* মিছে দুনিয়ার বিচে ভুলিয়া আসাতে ॥ কারঘর কেবা করে ঝাড় কসি তাতে* নিজঘর
ছাফরাখ করে ঝাড় কসি ॥ জে ঘরে হামেসা রবে জেলে হয়ে খুসি * সামাল২ সবে সামাল এখন ॥

আম্বিয়ার রওাএত হৈতে ॥ লিখিয়াছে দেওার বানায় পহেলাতে * তার পরে ছেকেন্দার জোলমাত জাইয়া ॥ ফিরে আইসে আর হায়াত নাহিক পাইয়া * লেখে এই কেতাবে জোলমাতে আগে জার ॥ ফিরে আসিবার ওক্তে দেওয়ার বানায়* এক্তেলাফ আছে এহা সোন দেল দিয়া ॥ লিখিনু কেতাবমত বয়ান করিয়া * তাহা বাদে সেথা হৈতে লইয়া লস্কর ॥ পৌছিল জাইয়া সাহা চিনের সহর * চিনসাহা বাদসার জে খবর পাইয়া ॥ আগে বেড়ে আনে গিয়া তাজিম করিয়া * মাল মাত্তা নজরানা করিল হাজির ॥ কত দিন থেকে সেথা বাদসা জাহাগির * তার পরে চাগওানের মুল্লকে জাইয়া ॥ চাগওানের সাহা হৈতে খেরাজ লইয়া * গেল ফের সেথা হৈতে ছেন্দের সহরে ॥ আইল ছেন্দের সাহাবাদসার হুজুরে * নজরানা খেরাজ লইয়া তার ঠাই॥ইমনে চলিল সাহা লইয়া ছেফাই* ইমনের সাহা হৈল খেদমতে হাজির ॥ তার পরে মেহের করিয়া জাহাগির*দেরনা করিল সাহা সেখানে রহিয়া ॥ সেথাহৈতে বাবলেতে পৌছিল আসিয়া * বাবলের সাহা হৈতে লইয়া খাজানা ॥ চলে সাহা সেতা হৈতে হইয়া রওানা* পাইল পাহাড় এক গিয়া কতদুরে॥ দেখিতে চলিল সাহা পাহাড়ের পরে * সেথা এক বুড়া পির আছিল বসিয়া ॥ তাজ্জবহইল সাহা তাহাকে দেখিয়া *ছেরেতে ছাফেদ বাল বড়া২ কান॥অঙ্গুর তাহার জেন পাহাড় সমান * জাইয়া তাহারে সাহা পুছিল এছাই ॥ কহ হেথাকার হাল শুনিবারে চাই কহিল সে সোন সাহা নেহাত খবর॥আছে এখানেতে এক পুরানা সহর * আজাএব ঘর এক আছেসে সহরে॥কতদিন হৈল নাহি পারি কহিবারে* আছে সেঘরের বিচে বহুতি তছবির ॥ বানাইয়া চিত্রগরে সোন জাহাগির * আফরাছিয়াব আর খোছরো নামদার ॥ ফেরেদু লইয়া মর্দ্দ রোস্তম ছরদার *নামি২ জত বাদসা গুজারিয়া গেছে ॥ সবার তছবির সেই দেয়ালেতে আছে * সুনে ফের ছেকান্দার পুছিল এছাই ॥ আবাদানি সেসহরে আছে কিবা নাই* শুনিয়া সে বুড়া পির কহিল তখন॥ এনছান সেখানে এছা নাহি কোনজন * আবি লোক সেথা সেই সহর বিচেতে ॥ মাছ ধরে আনে তারা দরিয়া হইতে পাকাইয়া খায় পেয় সহরে আসিয়া॥ রাতদিন থাকে কিন্তু দরিয়াতে গিয়া * রোজ২ সহরেতে আইসে একবার ॥ খেয়ে পিয়ে চলে জায় না থাকে কারার * এহা সুনে জাহাপানা বাদসা নামদার ॥ পাঠাইয়া দিল সেথা কয়েক ছওার * জাইয়া সেখানে তারা হেকমত করিয়া ॥ আসি জনা আবি লোকে আনিল ধরিয়া * ছিল তারা বুড়া পির বহুতি হুসিয়ার ॥ ওাকেফ আছিল খুবহাল সেথাকার * দেখিয়া পুছিল সাহা তাহা সবাকায় ॥ হেথাকার হালছারা কহত আমায়* কহিল তাহারা সোন বাদসা জাহাদার ॥ আছিল এ ঘর বিচে খোছরো নামদার * বাপ তারছিয়াওস বানাইয়াছিল ॥ আফরাছিয়াব জবে মারিয়া ডালিল * কিন্তু এ ঘরের বিচে সোন নামদার ॥ সুনিয়াছি মালগঞ্জ আছে বেসুমার * এহা শুনে ছেকন্দার তাহাদের ঠাই ॥ গেলেন সেখানে লিয়া লস্কর ছেফাই*ভাঙ্গিয়া সেঘর সবদিল মেটাইয়া ॥ মালমাত্তা ছিল জাহালিল ওঠাইয়া * গাড়া মাল বেসুমার পেয়ে সেখানেতে ॥ খোসাল হইয়া সাহা দেলের বিচেতে * বকসিসের হাত খুব কোসাদা করিয়া ॥ রাহেলেল্লা মাল সব দিল লুটাইয়া লস্কর ছরদার আর জত লোক জোন ॥ নেহাল হইল সব পেয়ে সেই ধন* আর জত আবি লোক ছিল সে সহরে ॥ মেহের করিয়া সাহা তাহাদের তরে*মালমাত্তা দিয়া খুব করিল নেহাল॥রহিল সে দেশে তারা হইয়া খোসাল * অধিন খাতের কহে এলাহি ভাবিয়া ॥ সাতমুল্লকের সাহা ছাএর করিয়া* কায়ানের দেশে ফিরে চলিল এখন ॥ জে দেসে মউত আছে নছিবে লিখন *

বাদসা ছেকান্দার হপ্তা আকলিম ছাএর করিয়া তামাম মুলুক কায়ানি সাহাজাদাগনে হিশ্বা করিয়া দিয়া আপনি ওফাত পাইবার বয়ান ॥

পয়ার * আবি লোকে নেওাজিয়া রাখিয়া সহরে ॥ সেখান হৈতে সাহা আরস্তু উজিরে * ভেজিল রুমের দেসে এয়ছাই কহিয়া ॥ কি হালেতে আছে সবে দেখহ জাইয়া * উজির হুকুম এয়ছা পাইয়া বাদসার ॥ রুম দেশে চলিল হইয়া রাহাদার * বিদায় করিয়া সাহা আরস্তু উজিরে ॥আপনি লস্করলিয়া চলে রাহা পরে * কায়ানের তাবে জে মুল্লক সব ছিল॥ এক দেস বিচে তার জাইয়া পৌছিল * মকাম করিয়া সাহা রহে সেই খানে ॥ এক রোজ এ প্রকার ভাবে মনে২ * দুরস্তের কাছে আমি জে সময়

সিয়া সেখানে বেসে হাজির হইল * সেথা হৈতে লোক জন লিয়া সাতে করে ॥ গেল জে সহর ছিল জোলমাতের দ্বারে * সেই সহরের বিচে জাবার সময় ॥ না গিয়া জোলমাতে যায় দুছরা রাহায় * যবে সেসহর বিচে জাইয়া পঁওছিল ॥ দেখেসে দেসের লোক তাজ্জব হইল * কহে সবে লস্কর আইল কোথা হৈতে ॥ কোনকালে কেহু হেথা না পারে আসিতে * এছাই কহিয়া জে সকলে তার পরে ॥ আসিয়া হাজের হৈল বাদসার হুজুরে * তারিফ করিয়া তারা কহে জনে২ ॥ রওসন করিলে সাহা আ-সিয়া এখানে * জতদিন দুনিয়াতে রহিব বাচিয়া ॥ মানিব হুকুম তেরা দেলজান দিয়া * শুনে সাহা খুসিহয়ে কহে সবে সেসে ॥ আজাএব কোন চিজ আছে এই দেশে * সুনিয়া কহিল তারা বাদসার আগেতে ॥ বোজরগ দরক্ত দুই আছে এখানেতে * গেলে সে গাছের আগে সুন নামদার ॥ গাএবি আ-ওাজ হয় এমনি প্রকার * ভালাবুরা জাহা কিছু আসিবে আগেতে ॥ কিন্তু সেই বুলি সবে নাপারে বুঝিতে আলেম ফাজেল হেথা জে সকল রয় ॥ বুঝে সেগাছের বুলি সবাকারেকয় * এছাই সুনিয়া সাহা খোসাল হইয়া ॥ তাদের ফাজেল এক লিল মাঙ্গাইয়া * গিয়া সে গাছের কাছে ফরিয়াদ করিল ॥ একগাছ হতে তবে আওাজ হইল * পুছিল সে ফাজেলেরে বাদসা নামদার ॥ কি আওাজ হৈল মুজে কহ সমাচার তবে সে ফাজেল এছা লাগিল কহিতে ॥ আইল আওাজ এছা দরক্ত হইতে * ছেকান্দার আছে এই বাদসা নেকনাম ॥ ফিরিল ছাএর করে দুনিয়া তামাম * চৌদা বচ্ছর কিন্তু বাদসাই করিয়া ॥ আখে-রেতে নিজঘরে জাইবে চলিয়া * এছাই সুনিয়া সাহা ভাবিয়া নিদান ॥ রহেন দেলের বিচে হয়ে পেরে-সান * তাবাদে আরজ করে দোছরা গাছেরে ॥ জাইতে পারিবকিনা আপন সহরে * মায়ের সঙ্গেতে দেখা হবে কিনা হবে ॥ গাছহতে আওাজ হইল এছা তবে * শুনে সে ফাজেল মর্দ্দ কহেন বাদসারে জাইতে নারিবে তুমি আপন সহরে * মাএর সহিতে তেরা দেখানা হইবে ॥ কায়ানের দেশেগিয়া ওফাত পাইবে * আর ইহা কহিল শুনহ দেলদিয়া ॥ এবে এই সিদারাহে জাইবে চলিয়া * কায়ানের দেশবিচে জাইয়া আখেরে ॥ গোসানিশি হয়েরবে খোদার জেকেরে * মুল্লকের ছাএর জে নাকরিবে আর ॥ হইল আওাজ এছা সোন নামদার * এছাই সুনিয়া সাহা সেখান হইতে ॥ পেরেসান হইয়া জে দেলের বিচেতে জেন্দেগানী নাওস্কেদ বুঝিয়া আখেরে ॥ আপনার লস্করে লইয়া সাতে করে * জাহেদের দেসবিচে পঁও ছিল আসিয়া ॥ লইল বাদসাকে তারা আগুবাড়াইয়া * তখন পুছিল সাহা জাহেদ সবারে ॥ এয়াজুজমাজুজ কেছা কহত আমারে * আর তাহা সবাকার ছুরত কেছাই ॥ বয়ান করিয়া কহ সুনিবারে চাই * সুনে সেই জাহেদ হাকিম সকলেতে ॥ বয়ান করিল এছা বাদসার আগেতে * জানওারের মতহয় মুখ সবাকার গায়েতে পশম লম্বা সুন নামদার * জিব কালা দাত জেন সুওরের মত ॥ নোক লম্বা বড়২ হাতে পায়ে জত * হাতির মতন কদ আর লম্বা নাক ॥ কান দুটা বড়২ লাল রঙ্গ আখ * সোয় জবে তারা এক কান বেছাইয়া ॥ এক কান গায়ে দেয় চাদর করিয়া * দুই পাহাড়েতে এছা আছে বেসুমার ॥ আর খুব উম্মর দারাজ তা সবার * জতদিন একেকের নছল থাকিয়া ॥ হাজার নাহিক হয় রহে সে বাচিয়া * ইহা সুনে জাহাপানা বাদসা নামদার ॥ কহেন সামানা এবে করহ তৈয়ার * দেওার এখন হেথা দিববানাইয়া সহরিয়া লোক সবে এবাত সুনিয়া * ছামানা তৈয়ার ছিল করিল হাজির ॥ তখন হুকুম দিল বাদসা জাহা গির * কারিগরলোক জত হুকুমেবাদসার ॥ থোড়া দিনে বানাইয়া দিল সে দেওার * লোহাওতামারতক্তা সে সব আছিল ॥ ছুরাখে করিতে বন্দ হেকমত করিল * গন্দক নেপ্তের তৈল ফেরাইয়া তায় ॥ আগ লাগা ইয়া দিল দেওারের গায় * ছুরাখ হইল বন্দ জমাট হইয়া ॥ খুসি হৈল সকলেতে দেখিয়া সুনিয়া * বানা ইয়া ছিল সে দেওার এছুরত ॥ দুই পাহাড় মিলে তাথে হৈল এক সাত * বাহিরে জাহেদ লোক রহিল খুসিতে ॥ এয়াজুজ মাজুজবন্দ আছেপাহাড়েতে * সাহাবলে ছিল খুব মেহের খোদার ॥ তাই সেদেওার আমি করিনু তৈয়ার * ফের জবে হুকুম হইবে এলাহির ॥ তখন দেওার তুড়ে হইবে বাহির * নহেত হাসর তক রহিবে দেওার ॥ কোনরুপে তুড়িতে নারিবে দুরাচার * ইহা বলে সাহা ফের জাহেদ সকলে ॥ কহেন বালাই গেল রহ খুসি হালে * দেরি করে হেথা আর না পারি রহিতে ॥ জাইব এখন আমি দোছরা দেশেতে * একথা কহিয়া সাহা লইয়া ছেপাই ॥ চলিল সেখান হৈতে হইয়া বিদাই * খোলাছাতাল

আব হায়াতের কুণ্ডা খুজে নাহি পায় * এইরুপে কিছু দিন তল্লাসিয়া ফেরে ॥ তাহাবাদে এক ঠাই জা ইয়া আখেরে * লস্কর সবার তরে কহিল এয়ছাই ॥ এইখানে রহ সবে তোমারা সবাই * জাব আমি আগে ঘোড়া একেলা হইয়া ॥ আছে কি তামাসা তাহা আসিব দেখিয়া * এহা বলে ঘোড়া ছুর আগে বেড়ে জায় ॥ বালাখানা আছে এক দেখিবারে পায়*উপরে মোরগ এক আছিল বসিয়া॥ বাদসাকে দেখিয়া সেহ এরাসা করিয়া*সেথা হতে উড়ে গিয়া রহে এক ঠাই॥ কিন্তু সেই এসারা জে আছিল এছাই দেখনা জাইয়া সাহা বালাখানা পরে ॥ আছে কোন চিজ হোথা ঘরের ভিতরে*বাদসা জাহাপানা তার এসারা বুঝিয়া ॥ তবে সে ঘরের বিচে দেখিল জাইয়া * এক মর্দ্দ এক পায়ে দাড়ায়ে সেখানে ॥ সিঙ্গা মুখে লিয়া আছে তাকিয়া আছমানে * দেখে সাহা তার তরে সালাম করিয়া ॥ পুছিল কে কহ তুমি আমার লাগিয়া * কহিল সে সোন সাহা লাগাইয়া দিল ॥ খোদার ফেরেস্তা আমি নামে এছরাফিল * সিঙ্গা মুখে লিয়া খাড়া আছি মোন্তেজার ॥ ফুকিব হুকুম জবে হইবে খোদার * এহা বলে কহিল সে শুন জাহাগির ॥ ছুলতানাত ছেড়ে হেথা আইলে কি খাতির * শুনে সাহা তাহারে কহিল বিবরিয়া আসিয়াছি আব হায়াত পেবার লাগিয়া * তাহাতে জেন্দেগি বেসি হইবে আমার ॥ তবেত করিব খুব বন্দেগি খোদার * শুনে এছরাফিল কহে বাদসার লাগিয়া ॥ না কর খেয়াল এছা জাহনা ফিরিয়া * আব হায়াতের কুণ্ডা নাহিক পাইবে ॥ নাহক জোলমাতে কেন পেরেসান হবে * কহিয়া এছাই বাত তাহার বাদেতে ॥ দিলেন পাথর এক বাদসার হাতেতে * কহিল তোমারে আমি গাফেল থাকিয়া ॥ করিনু হুসিয়ার এবে জাহনা চলিয়া*নাহবে হেরেছওালা কহিনু তোমাকে ॥ কেননা হেরেছওালা মহরুম জে থাকে*এহা সুনে জাহাপানা সেথায় থাকিয়া॥ ফিরে আইল আপনাকে নাওম্মেদ হৈয়া*আইল লস্কর সব আছিল জেখানে॥ মিলে সবে আখেরে চলিল দেসপানে*আন্ধারিয়া রাহা কেহ দেখিতে না পায় ॥ তখন সে ঘোড়া সব রাহা চিনে জায় * লাগিয়া পাথর চুনা ঘোড়ার পায়েতে ॥ ঠেকারিয়া পড়িলে রওসনি হয় তাতে * দেখে সে পাথর সব বাদসা নামদার ॥ লোকমান আছিল সাতে পুছে সমাচার * কহ এ পাথর কেছা সুনি বিবরন ॥ লোকমান বাদসার তরে কহিল তখন * আছেএ পাথর চুনা ভরা ময়দানেতে॥ জে কেহ লইবে পস্তাইবে আখেরেতে*নাহিক লইবে জেই সোন সমাচার॥শেসেতে পস্তানি সার হইবে তাহার * আর এহা লিখিয়াছে আওাজ এয়ছাই ॥ আইল পাহাড় হৈতে শুনিয়া সবাই * কেহ২ থোড়া থুড়ি লইল চুনিয়া ॥ আর কেহ নাই লিল খেয়াল করিয়া * আখেরে জোলমাত হৈতে নেকলিয়া আইল ॥ জখন ছাফাই খুব দেখিতে পাইল* তবে সে পাথর দেখে করিয়া নেহাত ॥ নহে সে পাথর চুনা সব জওহেরাত * জে কেহ আনিয়া ছিল পস্তায় তাহারা ॥ বেসি করে হায় কেন না আনিনু মোরা * আর জেবা না আনিল পস্তায় এমন॥ কেননা আনিনু মোরা মোফতের ধন * তাহা বাদে ছেকেন্দার বাদসা নামদার ॥ পুছে লোকমানের তবে কহ সমাচার * দিয়াছে পাথর জাহা এছরাফিল মুঝে ॥ এহাতে কি ভেদ আছে কহ বুঝে সুজে*লোকমান কহিল তুমি তারাজু পরেতে ॥ রাখ সে পাথর লিয়া এক তরফেতে * দোছরা তরফে রাখ পাথর সবার ॥ দেখ সাহা ওজনেতে ভারি হয় কার * তবে সে পাথর সাহা ওজন করিল ॥ সবার পাথর হৈতে ভারি জে হইল * তখন পুছিল সাহা লোকমানের তরে ॥ এহাতে কি ভেদ আছে কহত আমারে * লোকমান কহেন এবে সবার পাথর রাখ এক তরফেতে তারাজু উপর*এক মুঠা খাক দিয়া দোছরা দিকেতে ॥ দেখ সাহা বেশি হয় কোন তরফেতে * তবে সাহা সেই রূপে ওজন করিল ॥ দুই তরফেতে তাতে সমান হইল * পুছিল তখন ফের কহ সমাচার ॥ কি ভেদ এহার বিচে করিয়া প্রচার * লোকমান কহিল এই ভেদ জে হইতে ॥ এলাহি দিয়াছে সাহি তোমার তরেতে * মসরেক মগরেব তক দখলে আইল ॥ তবু তাথে তোমার ছবর নাই হৈল * এলাহি তোমারে কিন্তু গোরের ভিতরে ॥ এক মুঠা খাকে পেট ভরায়ে আখেরে * আছিল এসারা এই পাথর হইতে * সোন সাহা খুলিয়া কহিনু হুজুরেতে * আখেরি খবর এছা সুনে নামদার ॥ দেল বিচে ভাগা গোনা করে আপনার * জেখানে ঘোড়ার বাচ্ছা রেখে গিয়াছিল ॥ আ-

জেক্ষেগি তার মেরাজ গোজার॥সুনে সাহা কহে লোই জাহেদ সাহায়॥কহ কিসে বন্দ করি তাহা সবাকায় কহিল জাহেদ সবে সোন নামদার ॥ রাহা বন্দ হয় জদি তাহা সবাকার॥তাহইলে বাহিরে না আসিতে পারিবে ॥ বন্দ হয়ে পাহাড়েতে হামেসা থাকিবে ॥ মেলাইয়া দুইদিগে পাহাড়ের সাতে ॥ বিচ খানে দেওার জে হইলে তাহাতে ॥ বন্দ হয়ে তার বিচে রহে দুরাচার ॥ বাহিরে আসিতে তবে না পারিবে আর॥ এহা সুনে ছেকান্দার বাদসা জাহাপানা ॥ কহিল তা সবাকারে করিতে ছামানা ॥ লোহা ও তামার তক্তা করিয়া তৈয়ার ॥ মৌজুদ করহ এনে বানাব দেওার ॥ এহা বলে সাহা ফের পোছে তা সবায় ॥ আগে কোন দেস আছে কহনা আমায় ॥ কহিল সে জাহেদেরা দেস নাহি আছে ॥ জোলমাত আন্দার আছে পাহাড়ের পিছে॥এয়াজুজ মাজুজ এইথাকে জে পাহাড়ে॥ না আছে উজলা আর এহার বাহিরে ॥ এই হদ্দ জানিবে কেনারা দুনিয়ার ॥ এহা বাদে আছে খালি জোলমাত আন্দার ॥ কিন্তু সে জোলমাত বিচে এলাহির কিয়া ॥ সুনিয়াছি আছে আব হায়াতের কুণ্ডা ॥ সেইতো কুণ্ডার পানি জে কেহ খাইবে ॥ বাচিবে হাসর তক নাহিক মরিবে ॥ এহা শুনে জাহাপানা হয়ে খুসি মন ॥ আব হায়তের কস্ত করিল তখন॥জাহেদ সবার তরে পুছিল এয়ছাই ॥ কহ জোলমাতের বিচে কি রূপেতে জাই তাহারা কহিল জদি জাইবে জোলমাতে ॥ ভাল২ চুনিন্দা সওার লেহ সাতে ॥ আর লেহ মাদি ঘোড়া বাচ্ছা আছে জার ॥ এহাতে বেহতের এই সোন নামদার ॥ জোলমাতের কেনারে জাইবে জে সবায় ॥ রাখিয়া ঘোড়ার বাচ্ছা জাইবে সেথায়॥ চারি পায়া জানওার দেখে আন্দারেতে ॥ জখন আসিবে ফিরে জোলমাত হইতে ॥ বাচ্ছার খাতিরে ঘোড়া রাহা ঠাহরিয়া ॥ আন্দারেতে চিনা রাহে আসিবে চলিয়া এহা শুনে ছেকান্দার বাদসা জাহাপানা ॥ লইয়া ছেফাই ঘোড়া হলেন রওানা ॥ সেই ওক্তে জাহেদ হাকিম এক জন ॥ দিল দুই লাল এনে বাদসার কারন ॥ কহিল আন্দারে জবে দেখিতে না পাবে ॥ এক লাল নেকালিলে উজালা হইবে॥আর এক লাল হৈতে সুন দেলদিয়া ॥ সাপ আর বিচ্ছু হৈতে রহিবে বাচিয়া ॥ আরভি রৌসনি খুব হইবে এহাতে ॥ লিয়া জাও দুই লাল আসিবে কামেতে ॥ এহা শুনে লাল লিয়া বাদসা নামদার ॥ চলে জোলমাতের বাগে হয়ে রাহাদার ॥ জাবার সময় সাহা জাহেদ সবারে ॥ কহিল জোলমাত হৈতে আসিয়া জে ফিরে ॥ দেওার বানায়ে দিয়া জাব হেথা হৈতে ॥ তোমরা ছামানা সব রাখ তৈয়ারেতে॥এহা ভেবে গেল চলে বাদসা জাহাপানা ॥ জাহেদ লোকেরা হেথা করেন ছামানা ॥ হোথায় জাইয়া সাহা জোলমাতের ধারে ॥ সহর আছিল এক পায় দেখিবারে॥কিন্তু সে সহরে সাহা নাহিক জাইয়া ॥ বাহির হইতে তার গেলেন চলিয়া॥ কহে জদি আল্লাতালা ফেরাইয়া আনে ঐ সহর হইয়া জাইব খুসি মনে ॥ এহা বলে এক ঠাই জোলমাতের ধারে ॥ রাখিয়া জে মেই সব ঘোড়ার বাচ্ছারে ॥ লোক জন সবাকারে সাতে করে লিয়া ॥ চলে জোলমাতের বিচে রওানা হইয়া আর এহা লিখিয়াছে সোন সমাচার ॥ খেজের জোলমাত বাগে ছিল রাহাদার ॥ গেল জবে ছেকেন্দার জোলমাতের ধারে ॥ দেখিতে পাইল সেথা হজরত খেজেরে ॥ মোলাকাত করিয়া জে তাহার সহিতে কহিল এরাদা এবে জাইব জোলমাতে॥ আছে নাকি সেথা আব হায়াতের কুণ্ডা ॥ একারনে জাব আমি সোন দেল দিয়া ॥ খেজের কহিল সোন ছেকান্দার সাহা ॥ জাব আমি তেরা সাতে দেখাইয়া রাহা ॥ বাদসা কহে জদি তুমি জাবে মোর সাতে ॥ তবে এক লাল আপে লেহ আমা হৈতে ॥ দুই লাল আছে সাতে এক হৈতে তার॥আন্দারে রৌসনি হয় সোন সমাচার॥ দোছরা জে লাল তাহা রাখিলে সঙ্গেতে সাপ বিচ্ছু কেহ কিছু না পারে করিতে ॥ আরভি রৌসনি আছে তাহাতে কামাল ॥ এহা বলে খেজেরে দিলেন এক লাল ॥ তবে সেই লাল লিয়া খেজের মর্দ্দানা ॥ আগে২ চলে রাহে হইয়া রওানা ॥ বাদসা লস্কর লিয়া পিছে২ জায় ॥ কত দুর যাইয়া জে দুই রাহা পায় ॥ খেজের চলিয়া গেল এক রাহে তার ॥ দোছরা রাহেতে গেল বাদসা নামদার॥আছিল আল্লার চাহা সেইখান হৈতে ॥ জুদা হৈল কেহ কারে না পায় দেখিতে ॥ খেজের বাদসার তরে বহুত ঢুড়িল ॥ কোনখানে মোলাকাত নাহিক পাইল আখেরে খেজের তবে একেলা জাইয়া ॥ আব হায়াত পিয়ে শেসে আইল ফিরিয়া ॥ বাদসা জাহাপানা হোথা খেজেরের তয়োনা পাইয়া পেরেসানে তল্লাসিয়া ফেরে॥শেসে তারপিছা ছেড়ে ঘুমিয়া বেড়ায়

বিবীর * দেখে ছবি, সেই বিবী, বাদসার তখন ॥ পাছাড়িয়া, বিবরিয়া. কহেন এমন * ছেকান্দার, জাহা দার আছ আপে তুমি ॥ সোন সাহা, ঠিক এহা, জানিয়াছি আমি * আর এবে, কোথা জাবে, মেরা হাত হৈতে ॥ না ছাড়িব, পাছাড়িব তুজে মহিমেতে * সুনে সাহা, কহে, এহা বিবীকে তখন ॥ বাদসার, তাবে দার আমি এক জোন * মোর মতো, কতো সতো, আছেত গোলাম ॥ হুজুরেতে, হর ওক্তে খে মোতে মোদাম * ছেকান্দার, নামদার, কিসের কারনে ॥ এয়ছা ভাতে, বেহালেতে, আসিবে এখানে শুনে বিবী, এনে ছবি, তছবির তাহার ॥ খোসালিতে, দিল হাতে, দেখ নামদার * ছেকান্দার, দেখেতর পাইয়া দেলেতে ॥ মনে ভাবে, কি হইবে, বাচি কি ছুরাতে * ভেবে শুনে, সোস্ত মনে, রহে নামদার বিবী বলে, কাহে দেলে, ভাব আপনার * এই বাতে, কোন মতে, না ভাবিও দেলে ॥ সোন সাহা, আমি এহা, কহি পানা তলে * এয়ছা হালে, কোনকালে, কোথাও না জাবে ॥ আপনার, জান পর, বালা না আনিবে * চান্দ ঢেকে. নাহি থাকে, হয় সে প্রচার ॥ সেই মতে, চেহারাতে না ছাপে বাদসার * খোসালিতে, এখানেতে, রহ জাহাগির ॥ বোঝ তুমি, আছি আমি ফরমা পিজির * মেরা ঠাই, পাবে নাই, দুক্ষ কোন মতে ॥ ছাফ দেলে পানা তলে, রহিব খেদমতে * থাকে জদি, কোন বদি, দেলেতে তোমার ॥ ছাড় সাহা, আপে তাহা- করিয়া কারার * মেরা সাতে, কোন বাতে, বদি না রাখিবে ॥ হয় হালে, ছাফ দেলে, ভালাই চুড়িবে * সাহা শুনে, খুসি মোনে, কহিল এয়ছাই ॥ কোন বদি, কর জদি খোদার দোহাই * তবে, বিবী, বুজে খুবি, সেতাবি উঠিয়া ॥ জোড়হাতে, হুজুরেতে, কহে বিবরিয়া * আজ নিসী, হয়ে খুসি রহ মেরা ডেরে ॥ মেহমানি, খানা পানি, খেলাবো তোমারে * জাহাদার, ডেরে তার নাহক রহিয়া ॥ সেই ঘরি দড়বড়ি এলেন চলিয়া * বিবী সেসে, দেল খোসে, তহফা ভেজিল ॥ আপে সাহা, সব তাহা, কবুল করিল * কবিকার, কহে জার, খোদা সখা থাকে ॥ হর বাতে, সকলেতে ডর রাখে তাকে * কেহ তারে, নাহি পারে, করিতে লাচার ॥ খুসি মোনে, জোনে জোনে, হয় তাবে দার * সোন সবে, কহি এবে, জেমন ছুরাতে ॥ ছেকান্দার, জাহাদার, চলিল জোলমাতে *

বাদসা ছেকান্দার জোলমাতে জাইয়া আব হায়াত না পাইয়া সেথা হৈতে ফিরে
আসিয়া এয়াজুজ মাজুজের রাহা বন্দ করিবার বয়ান ॥

পয়ার * অন্দলছ দেস হৈতে বাদসা নামদার ॥ আলাও লস্কর সাতে লিয়া আপনার * রওানা হইল এয়ছা এরাদা করিয়া ॥ দুনিয়ার চারিদিগে ফিরিবে বলিয়া * মঞ্জিলে২ রাহা নেকলিয়া জান ॥ ফিরালেন কতদেস কর্তাবিয়াবান * জখন জে দেসবিচে পৌছিলেন গিয়া ॥ লিখিলেন সেথাকার বাদসার লাগিয়া খাহেস না রাখি আমি মহিম করিতে ॥ মিলিব বাসনা রাখি সবাকার সাতে * খুসি হালে মোলাকাত করিবে আসিয়া ॥ নেত্তাজিব তারতরে খোসাল হইয়া * আর জে আসিয়া না করিবে মোলাকাত ॥ তবে আমি মহিম করিব তার সাত * জে কেহ হুজুরে এসে হইল হাজির ॥ ছর ফরাজ কৈল সাহা তাদের খাতির * আর না আইল জারা গরুরির পরে ॥ ছার খাব করে সাহা দিল তাহাদেরে * ফিরিল অনেক দেস উচা নিচা রাহা ॥ কত ঠাই দুক্ষ বড় পেয়ে ছিল সাহা * তাবাই হইয়া ছিল না পাইয়া খেতে ॥ লস্কর ফউজ কত মারা গেল তাতে * নদি নালা খুস্কি আদি জেখানে জা ছিল ॥ সাত মুল্লুকেতে সাহা তামাম ফিরিল * বাকি না রহিল এয়ছা জেতে কোনখানে ॥ করিলেন সিক্কাজারি তামাম জাহানে * গিয়া সাহা ঐ ঠাই পৌছিল আখেরে ॥ জেখানে শুরুজ ওঠে দুনিয়ার ধারে * দেখিল সেখানে এক মাকুল সহর ॥ বেশুমার লোক জন আছে চারিওর * জাহেদ হাকিম লোক তাহারা আছিল ॥ বাদসা জাহাপানা সেথা খবর ভেজিল * আছিল জে কেহ সেথা ছাহেব ছরদার ॥ হাজির হইল এসে হুজুরে বাদসার * জাহাপানা দেখে তাহা সবার খাতের ॥ নেওাজিল হরবাতে করিয়া মেহের * তখন কহিল তারা বাদসার দরগায় ॥ ছরফরাজ করিলেন আমা সবাকায় * আপনিরুমের সাহা বাদসা নামদার ॥ জানিবে আরজ এই আমা সবাকার * ছামনে দুদিগে দুইপাহাড় জে আছে ॥ এয়াজুজ মাজুজ এইপাহাড়ের বিচে হামেসা জুলুম করে মোদের উপরে ॥ জুলুমে না পারি মোরা থাকিতে সহরে * জে ছুরাতে জালে মেরা জুলুমে বাচিয়া ॥ সহরে থাকিতে পারি কারার হইয়া * এই কাম আপে জদি কর নামদার ॥ রহি জে

যেরে ॥ সেথা হৈতে জাব আমি কোছরা সহরে* সুনে কত নামদার এয়ছাই বচন॥ তাজিম করিয়া তরে বাদসার কারন*তখনি লইয়া গেল কেল্লার বিচেতে ॥ গেল সাহা ছেকান্দার তাহাদের সাতে*তখন তাহারা সবে বাদসার লাগিয়া ॥ খুলিয়া খাজানা খানা দিল দেখাইয়া * বেশুমার মাল মাত্তা আছিল হোন্দির ॥ নাহি লিল ছেকান্দার বাদসা জাহাগির*মেহের করিয়া সাহা সে সকল মাল ॥ দিয়াত্ত সবার তরে করিল নেহাল * গরিব মিছকিনে কত দিল লোটাইয়া ॥ খুসি হৈল সকলেতে এনছাফ দেখিয়া জাহাবাবাদে ফওর হিন্দির লস্করেতে॥ছরদার জে ছিল এক ছুরগ নামেতে*তার তরে বাজাইয়াআপে জাহাদার ॥ সুপে দিল তাজ তক্ত বাদসাই মাদার * কেন্নজ সহরেতে ছুরগ মর্দ্দানা ॥ হইলেন তাজবার বাদসা জাহাপানা * আলাও লস্কর আদি আরকান উজির ॥ সকলে হইল তার ফরমাপিজীর * তখন সেখান হৈতে লস্কর লইয়া॥ ছেকান্দার সাহা আপে রওানা হইয়া* জেয়ারত করিবারে চলেন মক্কায় অধিন খাতের কহে মদত খোদায় *

বাদসা ছেকান্দার হিন্দুস্থান হৈতে মক্কা সরিফে জাইয়া বয়তল্লা কাবায় জেয়ারত করিয়া সেথা হৈতে মেছেরে জায় ও মেছের হৈতে অন্দলছ মুল্লকে জাইবার বয়ান ॥

রাগ খামসি ছুটকি ছন্দ * ছেকান্দার, নামদার, দেশ হিন্দুস্থানে ॥ পেয়ে ফতে, মহিমেতে, খুসি হয়ে মনে * রোজ কত, হয়ে রত, সেই দেসে রহে ॥ এ প্রকারে, কেহ তাবে, এক রোজ কহে*মক্কা বিচে. ঘরে আছে, নাজাত হবার॥তেছা ঠাই, আর নাই, দুনিয়া মাঝার * তওাফেতে, সে ঘরেতে, আ ইসে খলকুল্লা ॥ অহি পেয়ে, বানাইয়ে, ছিল খলিলুল্লা * শুনে বাত, নেকজাত, বাদসা নামদার ॥ কহে তবে, জাব এবে, জেয়ারতে তার * ইহা বলে. খুসি দেলে, হিন্দুস্থান হৈতে ॥ কুচ করে, রাহা পরে, লস্কর সহিতে * খোসালেতে, বয়তুল্লাতে, পওছিল জাইয়া ॥ রহে তবে, সেথা সবে, মকাম করিয়া * শুনে ফের, ইছমাইলের, পোতা জে আছিল ॥ ছেকান্দার, নামদার আসিয়া পওছিল * তবে মর্দ্দবুঝে মর্দ্দ, দেলে আপনার ॥ জায় চলে, খুসিহালে, হুজুরে বাদসার * সেই ওক্তে, বয়তুল্লাতে, ছিল সে খাদিম ॥ বাদসা তারে, লিল বেড়ে, করিয়া তাজিম * ছিল আর, নাম তার, নছর কতিব ॥ বাদসা বলে আপে আইলে বহুতি নছিব * এহা বলে, খুসি দেলে বাদসা জাহাপানা ॥ আগে তার, বেশুমার, দিল নজরানা*খুসি কোরে, তার পরে, বাদসা নামদার ॥ বয়তুল্লাতে, জেয়ারতে, সাথে গেল তার * দেখে ঘর, ছেকেন্দর, কাবা সরিফের॥আদবেতে, ছেজদাতে, ঝোকাইল ছের*মাঙ্গে দোওা, ওঠাইয়া, হাত আপনার ॥ গোনা খাতা, কর আতা, পরওার দেগার * তার পরে, ছেকান্দরে, পোতা ইছমাইলের ॥ আপনার, দুক্ষু ভার, করেন জাহের * সোন সাহা, দুক্ষ এহা, আমার এখন ॥ ছিনু লয়ে, খুসি হয়ে,হে জাজ ও ইমন * জোর করে, মোর তরে, খোদার আওলাদ॥ দুই দেস, লিয়া সেস, করিল বরবাদ*এই বাতে, হুজুরেতে, ফরিয়াদ আমার ॥ আপে সাহা, বুঝে ইহা, করিবে বিচার * ছেকান্দার, সুনে তার এয়ছাই বচন ॥ জায় চলে, গোশ্বা দেলে, লয়ে লোক জন * ধোরে জোরে, ডালে মেরে, আওলাদে খোদার ॥ তার পরে, এসে ফিরে- বাদসা নামদার * দুই দেসে,শুপে সেসে, তাহার কারন ॥ কহে এবে লিয়া রবে হোজ্জাজ ইমন* শুনে তারে, দোওা করে, নছর খতিব॥ আল্লাতালা, করে ভালা, তোমার নছিব * তার পর, ছেকেন্দার বয়তুল্লা হইতে॥খুসি হয়ে, পওছে গিয়ে, মেছের দেশেতে * মেছেরের সাহা ফের খবর শুনিয়া॥মেলে এসে, দেলখোসে,আগু বাড়াইয়া*দেখে তাহা,রুম সাহা হইয়াখোসাল মেছেরেতে,আরামেতে, রহে দুই সাল*সেসেফের মেছেরের ছাড়িয়া আরাম॥লিয়া সাতে খোসালেতে লস্কর তামাম * কুচ করে, রাহা পরে, জাইয়া জে সেসে ॥ পওছে গিয়ে, খুসি হয়ে, আন্দলছ দেসে * জাহাদার, এপ্রকার, শুনিলেক খুবি ॥ তক্ত পরে, সাহি করে, হেথা এক বিবী * শুবাহার, রূপ তার, জেমছা হুর পরি ॥ মৃগ আখি, শশি মুখি, নবিন কিসরি * জোরওার মত তার, না আছে কোথায় ॥ রোস্তমেরা, মত জোরে, হবে তার গায় * তার তাবে, আছে এবে, এ দেশ তামাম ॥ এছা খুবি. সেই বিবী, কায়দাফা নাম * ইহা শুনে, খুসি মনে, বাদসা জাহাগির ॥ ইলচি বেয়ে, গেল সেসে, ডেরেতে

জাজ হাতি আগু দলে আছিল বিস্তর ॥ তাহার পিছেতে ছিল তামাম লস্কর * লেই ওক্তে রুমি লোক দাণ্ড ঠাহরিয়া ॥ গারদুনেতে দিল সব আগ লাগাইয়া * একবারে আওয়াজ হইয়া বেশুমার ॥ ধুঙাতে হইয়া গেল বড়ই আন্ধার*কলেতে গারদুন ফের চলিল কুদিয়া॥হাতি ঘোড়া মরে কত চাপনেপড়িয়া আর জে রওগন ছিল ঘোড়ার পেটেতে ॥ জলিয়া উঠিল আগ লাগিয়া তাহাতে * ভরিল সে আগু নেতে তামাম ময়দান ॥ হেন্দির লস্কর তাতে হৈল পেরেসান * হাতি ঘোড়া লোক জন আতসে তা হার ॥ জলে পুড়ে মারা গেল হাজারে হাজার * জে কেহ বাচিয়া ছিল হয়ে পেরেসান॥ভেগে পালাইল ডরে ছাড়িয়া ময়দান * রুমির লস্কর তবে সে হাল দেখিয়া ॥ খুসিতে ময়দান হৈতে আইল ফিরিয়া* খেয়ে পিয়ে রহে সবে করিয়া আরাম ॥ রাত পোহাইয়া গেল এলাহির কাম* ফজরে উঠিয়া ফের বাদ সার ফরমানে ॥ কোমর বান্ধিয়া সবে চলিল ময়দানে*হোথায় ফওর হিন্দী লইয়া ছেফাই ॥আইল ময় দান পরে করিতে লড়াই * দুইদলে মোকাবেলা হইয়া লস্কর ॥ মহিম করিল শুরু করে জোর সোর নেজা গোর্জ্জ তলওার লিয়া সবে হাতে॥মস্তহালে কুদে ফের লাগিল লড়িতে*মেরে চলেতেগতলে দেলের গোস্বায়॥কেহ কারে নাহি ছাড়ে জারে জেথা পায়* বড়া২পাহা লওান জাহারা সকলে॥ঘোড়া কোদাইয়া জোরে মারে তেগতলে * গিরিল দুদলে লোক হাজারে হাজার ॥ লহু নদী বহাইল ময় দান মাঝার * এইরূপে করে জঙ্গ জত পাহালওান ॥ কেহ নাহী হারে জেতে সমানে সমান * লড়িল তামাম দিন এয়ছাই সকলে ॥ বাজিল বাছড়ি ডঙ্কা নিমাসাম কালে * মওকুফ রাখিয়া তবে মহিমের কাম ॥ ফিরে চলে দুই দলে লস্কর তামাম * খেয়ে পিয়ে রহে সবে আরাম করিয়া ॥ মহিমে আইল ফের ফজরে উঠিয়া * তবে সাহা সেকান্দার বাদসা নেক নাম॥ ফওর হিন্দরে এছা ভেজিল পয়গাম সোনহ ফওর হিন্দীকহি জে তোমারে॥জঙা মর্দ্দ আছ তুমি দুনিয়াভিতরে* রোজ২ এরুপেতেকরিলে লড়াই ॥ নাহক জাইবে মারা দুদলে ছেফাই* মরিল মহিমে কাল বহুত ছওার ॥লাভ নাহি আছেএতে তোমার আমার * ফের জদি আজ তেয়ছা করিব লড়াই ॥ মারা জাবে ময়দানেতে তামাম ছেফাই * ভাল নহে এয়ছা কাম সোন দেল দিয়া ॥ লড়ি আইস তুমি আমি মোকাবেলাহৈয়া * খোদা জারে জস দিবে ফতে হবে তার॥হইবে সে তক্ত পরে মালেক মোক্তার*সুনিয়া ফওর হিন্দি ভেজিলজওাব॥ভাল আছে এই বাত আইসহ সেতাব* তুমি আমি দোহে খালি করিব লড়াই ॥ তফাতেরহিবেতোমাআমার ছেফাই * এছাই জওাব পেয়ে রুমের ছোলতান॥একেলা কোমর বেন্দে চলিল ময়দান * উদিকেফওর হিন্দি পওছিল আসিয়া ॥ দুই জনে করে জঙ্গ মকাবেলা হৈয়া* পহেলা ফওর হিন্দী খেচে এক তেগ ছেকেন্দার সাহাকে মারিল বেদেরেগ * ওড়াইয়া লিল সাহা ঢালে আওনার ॥ না লাগিল কারি চোট ফজলে খোদার * সাহা ফের তেগ লিয়া মারিল হেন্দিরে ॥ বহুত কোসেসে রদ করিল তাহারে*এই রূপে তেগ বাজি বহুত করিয়া॥আখেরে রাখিয়া তেগ লড়ে গোর্জ্জ লিয়া*মারিল ফওর হিন্দিগোর্জ্জ ছেকেন্দারে॥ছেকেন্দার গোর্জ্জ তার ঢালে রদ করে*তাবাদেহেন্দিকে গোর্জ্জ মারে ছেকেন্দারে ॥ গু র্জ্জের ধমকে হেন্দি কাপে থরে২ * এইরূপে গোর্জ্জ বাজি বহুত করিল ॥ কেহ নাই হারে জেতে আ জেজ হইল*গোর্জ্জ রেখে দিয়া ফের নেকালিয়া তেগ॥চোটা চুটি করে দোহে হয়ে বেদেরেগ*হিন্দি এক চোট এয়ছা মারে ছেকান্দারে ॥ ঢাল কেটে গেল সেই চোটের ওয়ারে * না লাগিল চোট কিন্তু বাদসার কারন॥তবে সাহা তেগ লিয়া হয়ে গোস্বা মন * হেন্দির উপরে এছা করিল ওয়ার ॥ দুইখান করিল কমর হদ্দ তার * ঘোড়া হৈতে হিন্দি তবে জমিনে গিরিয়া ॥ মারা গেল দম তারগেল নেক লিয়া*ফতে পেয়ে ছেকেন্দার বাদসাজাহাপানা॥ফিরে আইল খুস হালে লস্করে আপনা* ফতে নামা স্যাদয়ানা বাজল লস্করে॥রহে সবে খোসালিত হইয়া অন্তরে*তাহাবাদে ছেকান্দার বাদসা জাহাদার হেন্দুস্থান দেশে জত ছিল নামদার*বোলাইয়া তাহা সবে আপনা হুজুরে ॥ দেলাসা ভরসা দিয়া কহে এপ্রকারে*না ভাব তোমরাকেহ দেলের বিচেতে॥বেআন্দেসা রহ সবে খুসি খোসালিতে*মেরাহাতে কেহ নাই পাইবে আজার ॥ ভালাই করিব আমি তোমা সবাকার * হিন্দুস্থান হাওালা করিয়া তোমা

বেলা হৈলে এসে করিতে লড়াই ✽ দুইদলে খাড়া হৈল এতেক ফউজ ॥ করিয়া উপরে জেন উঠীল মউজ ✽ রুমির লস্কর ছিল নবই হাজার ॥ বড়া২ পাহালওান জঙ্গিয়া ছুওার ✽ আগ পানী নাহি মানে সে সব সেপাই ॥ না ডরে দেলের বিচে করিতে লড়াই ✽ আর জে ফওর হিন্দি সঙ্গেতে তাহার॥ লস্কর আসিয়া ছিল সত্তর হাজার ✽ জোরে জোরওার সবে বড়া পাহালওান ॥ নাহি ছিল বুড়া কেহ চুনিন্দা জওান ✽ এহা ছেওা জঙ্গি হাতি ছিল দুহাজার ॥ রেসমের ফাসি বান্ধা সুড়ে তা সবার ✽ দেখে সেহ জঙ্গি হাতি রুমের ছেফাই ॥ ডরাইয়া ছেকান্দারে কহেন এয়ছাই ✽ সোন সাহা জঙ্গি হাতি না আছে তোমার ॥ দুসমন আইল লিয়া হাতি বেসুমার ✽ কি রুপে জাইয়া এবে আমরা সবাই ॥ ময়দানে হাতির সাতে করিব লড়াই ✽ এহা শুনে সেকান্দার বাদসা নামদার ॥ আরাস্তু উজিরে ডেকে কহে আপনার ✽ সুনহ উজির মর্দ্দ কহি যে তোমায় ॥ এহার তদবির কিছু করহ তরায় ✽ জে রুপেতে জঙ্গি হাতি না পারে টীকতে ॥ ভেগে পালাইয়া জায় ময়দান হইতে✽ নহে মহিমের বাবে না দেখি ভালাই ॥ হাতি দেখে ডরাইল তামাম ছেফাই ✽ উজির কহিল সোন বাদসা নেক নাম ॥কিছুদিন বন্ধ রাখ মহিমের কাম ✽ তা হৈলে হেকমত এক তৈয়ার করিয়া ॥ ছারখার কোরে ডালি হাতির লাগিয়া ✽ সুনে সাহা বন্ধ রেখে মহিম তখন ॥ ফিরিল ময়দান হৈতে লিয়া লোক জোন ✽ ফওর হি-ন্দির তরে কহিল এয়ছাই ॥ ফিরে জাহ এ সময় না হবে লড়াই ✽ কিছু দিন বাদে তুঝে খবর করিয়া ॥ লড়িব ময়দান পরে মোকাবেলা হৈয়া ✽ সুনিয়া ফওর হিন্দি লস্কর সহিতে ॥ তখনি ফিরিয়া গেল ময় দান হইতে ✽ তাবাদে বাদসার বাতে আরস্তু উজির ॥ আজব হেকমত এক করিল জাহির ✽ বানাইল ঘোড়া আর ছেফাই লোহার ॥ পেটের ভিতর খালি রাখিয়া তাহার ✽ নেপ্তের রওগন তেগ আনিয়া সেসেতে ॥ ভরিল পেটেতে তার হেকমতের সাতে ✽ তাবাদে গারদুন এক করিল তৈয়ার ✽ গাড়ির মেছাল সেহ গারদু নাম জার ✽ কলেতে ঘুরিয়া সেই ফিরে চারিদিকে ॥ হাতির তাকত্ত কোথা টেকে তার আগে ✽ আর সেই ঘোড়া ও ছেফাই হেকমতের ॥ গারদুনের সঙ্গেতে বান্ধিয়া দিল ফের ✽ মো তাইন দিল এক ছেফাই তাহাতে ॥ বদন ঢাকিয়া তার লোহার জামাতে ✽ দাওা এক চেহরাতে মলিল তাহার ॥ তবেই সে আগ হৈতে না পাবে আজার ✽ আর এক লাকড়ি আনিয়া আখেরেতে ॥ আগুন রাখিয়া থোড়া তাহার পরেতে✽সেই সেফাইয়ের হাতে দিয়া জে তখন ॥ সেখাইয়া তার তরে দিলেন এমন ✽ গারদুন ছুটীয়া যবে জাবে ময়দানেতে ॥ বাতিতে আগুন তুমি দিবে সেই ওক্তে ✽ না করিবে ডর ভয় দেলের মাঝারে ॥ বে আন্দেসা বসে রবে গারদুনের পরে ✽ কহিয়া এয়ছাই বাত চাবি খুলে দিল ॥ কলে সে গারদুন কুদে ময়দানে চলিল✽ তখন আগুন সেই ছেফাই লইয়া ॥ কলের বাত্তির পরে দিল লাগাইয়া ✽ আচানক এয়ছা এক আওাজ হইল ॥ ধমক জাইয়া তার আছমানে পৌছিল ✽ ধু ওাতে হইয়া গেল এয়ছাই আন্ধার ॥ দেখা সুনা তাহাতে হইল মহাভার ✽ তবে সে হেকমত দেখে বাদসা জাহাগির ॥ হইয়া দেলের লিচে খোসাল খাতির✽উজিরের তরে কহে সেতাবা করিয়া॥ হাজার গারদুন এয়ছা দেহ বানাইয়া ✽ তবে সে উজির মর্দ্দ হুকুমে বাদসার ॥ থোড়াই রোজেতে দিল করিয়া তৈয়ার✽মৌজুদ হইল জদি তামাম সামানা ॥ দেখে দেলে খুসি হৈয়া বাদসা জাহাপানা✽ফওরহিন্দীর তরে ভেজিল খবর ॥ সেতাবী মহিমে আইস লইয়া লস্কর ✽ তবে সে ফওর হিন্দি করে কোন কাম লস্কর ফউজ হাতি লইয়া তামাম ✽ ছেকেন্দার সাহার লস্কর জেথা ছিল ॥ আসিয়া তা সবাকার মোকা বেলা হৈল ✽ গরম হইল খুব জঙ্গের বাজার ॥ ঘোড়া কোদাইয়া সবে কয়ে মার২ ✽ নেজা গোর্জ্জ তল ওারে লাগিল লড়িতে ॥ হাজারে হাজার লোক গিরিল তাহাতে ✽ রুমের লস্কর পিছে আইল হাটীয়া হিন্দির লস্কর আইল হামেলা করিয়া ✽ তখন ফওর হিন্দি বাদসা নামদার॥ গারদুন দেখিয়া সবে পুছে সমাচার ✽ কহ কোন চিজ এই না পারি বুঝিতে ॥ কেয়ছাই হেকমত আছে এহার বিচেতে ✽ কেহ সে চরক কভু নাহি দেখে ছিল ॥ তেকারনে হাল তার কহিতে নারিল ✽ মতলব কারয়া কেহ কহিল এমন ॥ আছে এ সকল চিজ মহিম কারন ✽ হাকিম লোকেতে এহা করিল তৈয়ার ॥ তোপখানা হবে বুঝি রুমের সাহার ✽ এহা ভেবে ডর ভয় না করিয়া মনে ॥ কুদিয়া আইল সবে গারদুনার পানে ✽

কিম্বাহাকিম হইবে জেই জন * গরিব কি রায়েতের হরং বাস্তে॥ লুটে লিবে তমুমা আছুমা হবেতাক্তে
জুলুমের ছববেতে খোদা তাসবায় ॥ রাখিবে লাচার করে তরেক বালায়* আর সেই জুলুম হইতে তাহা
দের ॥ ছদকা হইয়াজাবে গরিব দিগের* এলাহি গরিবদিগে মেহের করিয়া॥তাওানা রাখিবে বালাহুর
করে দিয়া* গাই সে হাকিম জান রায়েত বাছুর॥কহিনু তামাম হাল করিয়া জহুর* শুনসাহা কহিফের
তোমার কারনে॥ দস রাতে তালাব জা দেখিলে সপনে*বিচ খানে শুখাছিল পানি চারি ধারে॥ তাহার
তাবির এই কহি জে তোমারে * হইবে নাদান বাদসা কেহু এখানেতে ॥ দানা লোকে খাড়া হবে তার
চারি ভিতে * এই দস খাব তেরা ছিল জাহাগির ॥ একে২ কহিনু জে তামাম তাবির * মিটিল দেলের
ধন্দা খোসাল হইয়া ॥ জাহ এবে হেথা হৈতে সহরে চলিয়া * সুনিয়া কাএদ হিন্দি বাদসা নামদার ॥
হইয়া দেলের বিচে খোসাল হাজার * ফকিরে ছালাম করে ময়দান থাকিয়া ॥ আপনার ঘর বিচে আ
ইল চলিয়া * নামা এক পৌছিল আসিয়া এসমায় ॥ ছেকেন্দার সাহা এয়ছা লিখেছিল তায় * সো
নহ কাএদ হিন্দ বাদসা নামদার॥ আসিয়াছি আমি এবে মুল্লকে তোমার*সেতাবি আসিয়া তুমিহইবে
হাজির॥বাড়াইয়া নেওাজিব তোমার খাতির*হেথা হৈতে জাব ফের দুছরা দেসেতে॥তেরা এসহরজে
রহিবে তেরা হাতে*পাইয়া কাএদ হিন্দি এয়ছাই লিখন॥জওাব ভেজিলতার লিখিয়া এমন*সুন ছেক
ন্দার সাহা বাদসা নামদার ॥ তাবেদারি ছেওা নাহি এরাদা আমার*রহিব হামেসা তেরাফরমা পিজির
নজরানা হুজুরেতে করিব হাজির* এবে আর চারিচিজ ভেজি হুজুরেতে ॥ রাখিবে সেসবচিজ খুবহেফা
জতে* বড়ই মাকুল চিজ সুন বিবরন॥ দুনিয়াতে কোনখানে না মেলে তেমন*এহা বাদে হুজুরেতে জা
ইয়া পওছিব ॥ কারিয়া জনাব বুঝি ছরফরাজ হব* ভেজিয়া জওাব এছা তাহার বাদেতে॥ সেইচারিচিজ
পাঠাইল হুজুরেতে * জাম ওহাকিম আর লাড়কি উজির ॥ দেখে খোসালিত হৈল বাদসা জাহাগির
তার পরে ছেকান্দার সাহা আপনাকে ॥ আসক হইয়া সাদি করে সে বিবীকে * আমদে সে মাসুক বি
বীর হাত হৈতে ॥ লিয়া সাহা সেই জাম খুসি খোসালিতে * দেলের বিচেতে খুব পাইয়া আরাম ॥ বি-
বির মিলনে রহে হয়ে সাদগাম * তাবাদে কএদ হিন্দি নজরানা লিয়া ॥ বাদসার খেদমত পরে পৌ
ছিল আসিয়া * মাল মাত্তা হুজুরেতে করিল হাজির ॥ দেখে সাহা ছেকান্দার বাদসা জাহাগির* খুসি
হয়ে নাহি লিয়া বখসিল তাহারে ॥ কহিল খেলাত এই দিলাম তোমারে * তবে সে কএদ হিন্দিখুসি
হয়ে মনে ॥ ছালাম তছালিম করে বাদসার কারনে * বিদায় হইয়া সেই মাল মাত্তা লীয়া ॥ আপনার
মকানেতে পওছিল আসিয়া*সাহা ছেকান্দার ফের সেখান হইতে॥ আলাও লস্কর সব লইয়া সঙ্গেতে
ফওর হিন্দির দেসে হলেন রওানা ॥ মহাম্মদ খাতের কহে খোদা পোস্তপানা *

বাদসা ছেকান্দার কেন্নোজ সহরে ফওর হিন্দির সাতে লড়াই করিয়া
ফতে পাইবার বয়ান ॥

পয়ার * আছিল ফওর হিন্দি বড়া নামদার ॥ কেন্নোজ সহরে ছিল বাদসাই তাহার * ছেকান্দার
সাহা আপে লস্কর লইয়া ॥ তাহার মুল্লক বিচে পৌছিল জাইয়া * নামা এক ভেজে তারে লিখিয়া
এয়ছাই ॥ সোনরে ফওর হিন্দী কহিয়া জানাই * আইনু এখন আমি তোমার সহরে ॥ সেতাবি হাজির
হও আসিয়া হুজুরে * নহেত সহরে তেরা ডালিব তুফান ॥ নাহক আমার হাতে হবে পেরেসান*পা
ইয়া ফওর হিন্দি এছাই লিখন ॥ জওাব লিখিল এয়ছা হয়ে গোস্বা মন * সুন সাহা ছেকান্দার কহি
জে তোমায় ॥ দেমাগ বাড়িল তেরা মারিয়া দারায় * আর জে কএদ হিন্দী নহে জোরওার ॥লড়িবারে
তাকত নাহিক ছিল তার * একারনে ডরিয়া সে দেলের বিচেতে ॥ বিনা জঙ্গে মিলিল জাইয়া তেরা
সাতে* আমার মর্দ্দমি আছে করিতে লড়াই ॥ লড়িব তোমার সাতে নাহিক ডরাই* নাহি মাঙ্গ আমা
হৈতে ফরমা বর্দ্দারি ॥ কোনমতে আমি না করিব তাবেদারি * জান জায় সেহ ভাল রবে পরিনাম॥ না
করিব আমি তেরা তাবেদারি কাম * এছাই জওাব নামা পেয়ে ছেকান্দার ॥ গোস্বাতে জলিয়া উঠে
আগ বরাবর * লস্করে হুকুম দিল তৈয়ার হইতে ॥ সাজ২ রনসিঙ্গা লাগিল বাজিতে * সুনিয়া কোমর
বেন্ধে তামাম লস্কর ॥ জাইয়া হইল খাড়া ময়দান উপর * খবর পাইয়া হিন্দী লইয়া ছেপাই ॥ মোক

খুনিলে কারার হয় দেলের বিচেতে * ফকির কহিল সোন বাদসা জাহাগির ॥ তেরা সপনের এই জা নিবে তাবির * ছেকেন্দার ছাএর করিতে জাহানেতে ॥ আসিবে সে একবার তোমার দেশেতে * তুমি কিন্তু তার সাতে নাহিক লড়িবে ॥ লড়িলে তাহার সাতে খারাব হইবে * আইলে তাহার সাতে মিলিবে জাইয়া ॥ বিদায় করিয়া দিবে নজরানা দিয়া * দিবে তুমি তারে ফের ঐ চার চিজ ॥ দেল দিয়া শুন তাহা করিয়া তমিজ * আছে জে তবিব এক নিকটে তোমার ॥ হর২ বাতে সে বহুতি হুসিয়ার * কন্যা এক আছে আর আছে জে উজির ॥ এলেম নজ্জামি হৈতে জারা বেনজীর * আর জেই পেয়ালা বোজ রগো এ প্রকার ॥ এক বার পানি লিয়া পিইলে জাহার * কম নাই হয় সেই পানী কোন মতে । জেয়ছা পানি লেয় তাহা থাকে পেয়ালাতে * ধুপে কি আগুনে ঐ পিয়ালা রাখিলে ॥ ঠাণ্ডা থাকে গরম না হয় কোন কালে * এই চার চিজ তুমি দিও ছেকান্দারে ॥ খুসি হয়ে হেথা হৈতে জাবে মর্দ্দ ফিরে * আর এই সব চিজ তোমার ঘরেতে ॥ দিবে তারে নাহিক রাখিবে কোন মতে * শুনিয়া এয়ছাই বাত বাদসা নামদার ॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার * কহিতে লাগিল ফের ফকিরের তরে ॥ হরেক খাবের হাল কহনা আমারে * আছে কোন সপনের মানি কি প্রকার ॥ শুনিলে দেলের ধন্দ জাইবে আমার * বলিল দরবেস তবে শুন জাহাগির ॥ একে২ বলি সব খাবের তাবির * পহেলা জে ঘর তুমি দেখিলে খাবেতে ॥ বোলন্দ দরওাজা এক আছিল তাহাতে * তাহার তাবির জাহা সোন নেক নাম ॥ সেঘর দরওাজা এই দুনিয়া তামাম * আর জে ছুরাখ ছিল দরমিয়ানে তার ॥ সে ছুরাখ দুনিয়াতে ঘর জে তোমার * ছেকেন্দার হাতি আছে সোন দেল দিয়া ॥ আসিয়া সহরে তেরা জাবে নেকলীয়া * আর জে দেখিলে তুমি দোছরা রাতেতে ॥ অন্য এক মর্দ্দ এসে বসিয়াছে তক্তে * বাদসা এক এখানেতে আসিবে গাণ্ডার ॥ বিরান করিবে সেহ মুল্লক তোমার * কাপড় দেখিলে জাহা তেছরা দফাতে ॥ চারি মর্দ্দ টানে তাহা না পারে ফাড়িতে * তাবীর তাহার জাহা সোন দেল দিয়া ॥ আতস পরস্ত এক পওছিবে আসিয়া * সবাকার তরে সেহ গোমরা করিবে ॥ তার হুকুমেতে সবে আতস পুজাবে * তাবাদে এহুদী এক আসিবে জে ফের ॥ মুছার আইন দীন করিবে জাহের * তেসরাতে একমর্দ্দ ইরানী আসিবে ॥ রহিবে তামাম লোক তাহার মজহাবে * চৌঠাতে এসে এক এছলাম এখানে ॥ বানাইবে দিনদার সবার কারনে সেই জে কাপড় এই মুলক জাননিবে ॥ এইরূপে চার জনা ধরিয়া টানিবে * কোন মতে হাত নাহী হইবে কাহার ॥ আল্লার ফজলে দেশ রহিবে কারার * চৌঠা সপন ছিল শুন তার মানি ॥ পেয়াছা ভাগীয়া গেল পীতে গিয়া পানী * রছুল আসিয়া এক পওছিবে হেথায় ॥ দীনদারি বাতাইবে গোমরা সবায় * বেদীন পেয়াছা গোমরা তাহাকে দেখিয়া ॥ ডরে ভেগে পালাইবে সহর ছাড়িয়া * দরিয়া সহর ছিল মাছ সে রছুল ॥ তার ডরে ভাগিল বেদীন নাখাকুল * পাচওা জে কানা লোক দেখ সপনেতে ॥ এক ওক্ত এছা আসিবেক দুনিয়াতে * ভালাবুরা কেহ কিছু নাহিক বুঝিবে ॥ কালের গতীকে সবে কানা হয়ে রবে * আর জাহা বেমারী দেখিলে ছয় রাতে ॥ ভালদের হাল তারা আসিত পুছিতে * এয়ছাই জমানা এক পওছিবে আসিয়া ॥ দানা লোক জাবে ছারা মহতাজ হইয়া * জমানার দোসে সেই জত দানাগন ॥ হয়ে রহিবেক জেয়ছা নাদান মতন * নাদান সকলে মিলে তাদের তরেতে ॥ করিবে রমজ ঠাটা হর২ বাতে * সাতওা জে দোন মুখ আছিল ঘোড়ার ॥ তাহার তাবির জাহা সোন নামদার * জমানা আসিবে এক এমনি প্রকারে ॥ মেহের মহবত কেহ না করিবে কারে ॥ তামা ও হেরেছ এছা হইবে সবার চাহে কি জে দোন হাত হতে আপনার * ওঠায়ে মুখেতে ডালে সব চিজ লিয়া ॥ ভুকা ফাকা কারতরে কিছু নাই দিয়া * আটওাতে তিন জালা দেখিলে সপনে ॥ দুটা পুরা এক খালী সোন তার মানে * জমানা আসিবে এক এমনী প্রকার । দুভাগের লোক জে হবেক মালদার * একভাগ কাঙ্গাল জেহবেক এছাই ॥ খালি জালা পানিতে না ভরিল জেছাই * সোন রূপা গেরে জদি আছমান হইতে ॥ আছুদা নাহবে তারা কোন রকমেতে * লিবেন ধনির মাল হেরেছ করিয়া ॥ জত লিবে হাতে২ জাবে ফুরাইয়া ধনির তাহাতে কিছু কম নাই হবে ॥ জেয়ছা জাবে তেয়ছা ফের বাড়িতে রহিবে * দেখিলে জে নয় রাতে রোগা এক গাই ॥ দানাঘাস কেড়ে লয় বাছুরের ঠাই ॥ * এক ওক্ত হবে হেন সোন বিবরন ॥ ধনি

বিবীকে করিয়া সাদী বেহা * কিছু দিন আমোদেতে থাকিয়া ইরানে ॥ তাবাদে রওানা হয়ে চলেহিন্দুস্থানে * মহাম্মদ খাতের কহে কুদরত এলাহী ॥ কারে মেলাইয়া খুলে কারে দলে সাহি *

বাদসা ছেকেন্দার হেন্দস্তানে জায় ও কাএদ হিন্দি ছেকেন্দারের
হুজুরে হাজের হইবার বয়ান *

পয়ার * ছেকেন্দার জাহাপানা বাদসা নামদার ॥ আলাও লস্কর সাতে লয়ে আপনার * রওানা হইয়া চলে ইরান হইতে ॥ হিন্দুস্থান দেশ পানে ছাএর করিতে * মঞ্জেল২ রাহা জায় নেকলিয়া ॥ কত দিনে হিন্দুস্থানে পওছিল জাইয়া * আব হাওা মাকুল দেখিয়া একঠাই ॥ ডেরা তাম্ব করে রহে লইয়া ছেফাই * আছিল একদ হিন্দ বাদসা সেথাকার ॥ সোন এবে কহি থোড়া তার সমাচার * কয় রাত খাব সেহ দেখে একে২ ॥ নাকরে জাহেরা সাহা পেরেসান থাকে * জখন সে খাব আর নাহিক দেখিল ডাকিয়া নর্জ্জম গনে তাবির পুছিল * তারা কেহ তাবির না পারে কহিবারে ॥ আখেরে বলিল এয়ছা বাদসার হুজুরে * সোন বাদসা জাহাপানা কেতাবের বিচে ॥ তেরা এই খাবের তাবির নাই আছে * ঢুড়িয়া দেখিনু মোরা বহুত এয়ছাই ॥ কোনরূপে এহার তাবির নাই পাই * এবে আমাদের বাত শুন জাহাগির ॥ ফলানা ময়দানে এক আছেন ফকির * বড়ই রওনক দেল নামেতে মেহরান॥ গেলে সেথা বলিবে সে তাবির বয়ান * কেন না ফকির সেহ অলি এলাহির ॥ পারেন গাএবি বাত করিতে জাহির সুনিয়া কএদ হেন্দি বাদসা নামদার ॥ গেলেন ফকির জেথা ময়দান মাঝার * সালাম করিয়া কহে সুন সাহা পির ॥ আইনু তোমার আগে ইহার খাতির* কয়রোজ দেখিয়াছ কয়েক সপন ॥ তাবির কহিতে তার নারে কোন জন * এলাহির ওলি তুমি মেহের করিয়া ॥ এহার তাবির মোরে দেহ বাতাইয়া * সুনিয়া ফকির কহে দেখিলে কি খাব॥বয়ান করিয়া মোরে কহনা সেতাব*বাদসা বলে সুন কহি পহেলা রাত্তিরে ॥ দরওাজা বলন্দ খুব ছিল এক ঘরে * আর এক ছুরাখ আছিল সে ঘরেতে ॥ কিন্তু সে বহুতি ছোটা পাইনু দেখিতে * এক মস্ত হাতি সেই ছুরাখে আসিয়া ॥ সহজে চলিয়া গেল বাহর হইয়া * দোছরা রাতেতে ফের দেখি এ প্রকারে ॥ বসিয়াছে কেহ মেরা তক্তের উপরে * দেখিনু কাপড় এক তেছরা রাতেতে॥চারি মর্দ্দ টানে জোরে না পারে ফাড়িতে * চৌঠা রাতেতে দেখি দরিয়া কেনারে ॥ পেয়াছা আইল এক পানি পিইবারে * কিন্তু এক মাছ তারে আইল তাড়িয়া ॥ নারিল সে পানি পিতে গেল পালাইয়া * পাচওা রাতেতে এক দেখিনু সহর॥ আজব কারখানা সেই সহর ভিতর*জত লোক আছে সেথা চক্ষু নাই কার ॥ চক্ষুওালা মত সবে করে হাহাকার * ছউঞি রাতেতে ফের দেখি সপনেতে ॥ দোছরা সহর এক আজব ছুরতে*জত লোক আছে সেই সহর মাঝার॥ আধা হতে বেসিলোক আছেন বেমার*ভাল আছে জারা সবে সেহ রাত দিনে ॥ থাকি বেমারির মত সব পেরেসানে*বেমারি লোকেরা দেখে তাদের তরেতে ॥ আসে হরেকের কাছে খবর লইতে * সাতই রাতেতে এক ঘোড়া জে দেখিনু ॥ হেরে সে ঘোড়ার হাল তাজ্জব হইনু * দুদিগেতে দুই মুখ ছিল সে ঘোড়ার॥ খাইত জে রাহা নাই ছিল লাদিবার * আটওা রাতেতে ফের দেখিনু এয়ছাই ॥ তিন জালা সারি২ আছেএক ঠাই পানি ভরা দুই জালা বিচেতে তাহার ॥ এক জালা খালি ছিল সোন সমাচার * জত পানি ঐ দুই ভরা জালা হতে ॥ ওঠাইয়া দেয় খালি জালার বিচেতে * না ভরে সে ঐ জালা সুখা হয়ে রয় ॥ আর সেহ ভরা জালা কম নাই হয় * দেখিনু তাবাদে ফের নওই রাতেতে ॥ আছে এক মাদি গরু বাছুর সাহিতে * দানাঘাস দেয় জাহা মনিব তাহার ॥ তাই খায় নাই দেখে বাছুরে আপনার * কেড়ে লিয়া আপনি তামাম ঘাস খায় ॥ বাছুর জে ভুকা রহে খেতে নাই পায় * মোটা নাহি হয় গরু এত ঘাস খেয়ে ॥ নাপারে হেলিতে এয়ছা আছে রোগা হয়ে * কিন্তু সে বাছুর এয়ছা না পায় খাইতে ॥ তবু সেহ মোটা তাজা আছে গরু হৈতে * দসরাতে দেখি এক তালাব সপনে ॥ চারি ধারে পানি তার মাটী দরমিয়ানে * এদস সপন জে দেখিনু দস রাতে ॥ একে২ বয়ান করিনু হুজুরেতে*আপনি বোজরগ সাহা আল্লার ফকির॥ বাতাও আমার তরে এহার তাবির * বড় পেরেসান হালে আছি এই বাতে

ছেকান্দার বাদসা জাহাপানা ॥ লোক জন সাতে করে লইয়া আপনা * সেতাবী দারার আগে পৌ-
ছিল জাইয়া॥ খাক খুনে জেখানে সে আছিল পড়িয়া*দেখিলবেহুস আছে না পারে হেলিতে॥ থোড়া
এয়ছা জান বাকি ছিল অজুদেতে * আফছোছ করিয়া তবে সাহা ছেকেন্দার॥ঘোড়া হৈতে ওতরিয়া
জমিন উপর * রাখিয়া দারার ছের জানুর পরেতে ॥ মুখে পানি দেয় তার আপনার হাতে * আছু
বহাইয়া সাহা গমেতে দারার ॥ মাতম করিয়া কান্দে হয়ে জারে জার* কহে হায় দারা তেরা ছিল এই
বক্তে ॥ বেহালে পড়িলি মারা গোলামের হাতে * এইরূপে ছেকান্দার বাদসা জাহাগির॥আফছোছ
করিয়া কান্দে দারার খাতির*হেনকালে হুস কিছু হইলদারার॥ সেকান্দারে ছেরানায় দেখে আপনার
তবে সাহা আহা এক মারে ছিনা হৈতে॥ কহে হায় আখেরে আছিলএই বক্তে*সেকান্দার শুনেকহে.
কান্দিয়া তখন ॥ আমার বাসনা সাহা না ছিল এমন * খাক খুনে ডুবাইয়া অজুদে তোমার ॥ দেখিব
এয়ছাই হাল চক্ষে আপনার * চল সাহা হেথা হৈতে লিয়া জাই ঘরে ॥করিব এলাজ তেরা জখমের
পরে * ভাল হৈলে ঘাও সব খোদার ফজলে ॥তক্তে বসাইয়া তুঝে খোসালিত দেলে*জাইব এখান
হৈতে আর কোন খানে ॥ করিব মুল্লক গিরি সাধ আছে মনে*সুনেছি এয়ছাই আমি বাপের মুখেতে
তুমি আমি আছি দোহে এক বাপ হৈতে*বেরাদর আছ তুমি সোন দেল দিয়া ॥ দুক্ষ হৈল একারনে
তোমার লাগিয়া * মারিল জে দুরাচার তুঝে একুপেতে ॥ খাক খুনে মেলাইব তাদের তরেতে* এহা
বলে কান্দিতে লাগিল ছেকান্দার ॥ করিয়া মাতম জারি হইয়া কাতর * তখন কহিল দারা তাহারে
এয়ছাই ॥ কান্দিলে এখন আর কি হবে ভালাই * নছিবে জ: ছিল মেরা গেল গুজারিয়া ॥ নিজ বাসে
জাই এবে ছেড়ে এ দুনিয়া * এলাহী বকসিল তুঝে বাদসাই মাদার ॥ খুসি হালে সাহি করো তক্তে
দিয়া বার * শুনে তেরা মিঠা বানি আমার এখন ॥ গম দুক্ষ দেল হৈতে হৈল নিবারন * কিন্তু আমি
অছিয়ত করি তুঝে জাহা ॥ লেহ তুমি কবুল করিয়া এবে তাহা * শুনে সাহা ছেকান্দার কহে সাফ
দেলে॥জা কহিবে মেনে লিব আনিব আমলে*তখন কহিল দারা সোন সেকান্দার॥ আবরু হোরমতে
নেঘা রাখিবে আমার * আর এক বেটী মেরা আছে জে কুণ্ডারি ॥ রওসনক নামে রূপ জিনে হুর পরি
সাদি করে তারে তুমি রাখিবে খেদমতে ॥ লাড়কা জদ্যপি পয়দা হয় তাহা হৈতে * সুপিয়া তা
হার তরে বাদসাই মাদার ॥ খোসাল করিবে তুমি রুহকে আমার*লেহাজ রাখিবে খুব এই সব বাতে
খেলাফ নাহিক জেন হয় কোনমতে* এইরূপে দারাজত অছিয়ত কৈল॥সেকান্দার সাহা সব আমলে
আনিল * তাহা বাদে দারা ফের মুখে আপনার ॥ সেকান্দরের হাত্ত রেখে কহে এ প্রকার * হামেসা
এলাহি তেরা রহে নেঘাবান ॥ চলিনু এখন আমি ছাড়িয়া জাহান * এহাবলে নামদার বন্ধ কৈল আখি
পিঞ্জিরা হইতে উড়ে গেল প্রান পাখি * দেখে সাহা সেকেন্দার দারার তরেতে॥করিয়া মাতম জারি
লাগিল কান্দিতে * বহুত কান্দিয়া শেসে সাহা সেকান্দার॥ সোনার তাবুতে লাস রাখিয়া দারার *
সেথা হৈতে লইয়া চলিল ইরানেতে ॥ পাও পেয়াদা আপে সাহা জায় সাতে২*গোরস্থান ছিল জেথা
কায়ানি সবার ॥ সেইখানে গোর দিয়া রাখিল দারার * তাহাবাদে সেই দুই উজির মালাউনে ॥ মেরে
ডালে সেকেন্দার গোশ্বা হয়ে মনে * দেখিয়া এনছাফ তার ইরানী সকলে॥ তারিফ করিয়া খুসি হইয়া
জে দেলে * হুকুম মানিয়া রহে হুজুরে হাজির॥নেওাজিল সেকান্দার সবার খাতির * মেহের হইতে
তার ইরানের লোগ ॥ রহে শুখে কোন বাতে নাহি পায় সোগ * তার পরে রওসনক বিবীর মায়েরে
লিখন লিখিয়া সাহা ভেজে এ প্রকারে * সোন বিবী দারা সাহা মরে জে সময় ॥ এই অছিয়েত্ত সেহ
করিল আমায় * রওসনক বিবীকে করিও সাদি কাম ॥ আমি তার ওছিয়েত্ত মানিনু তামাম * এবে
সেই রওসনক বিবীর লাগিয়া ॥ সেতাবী করিয়া তুমি দিবে পাঠাইয়া * খুসি হালে সাদি তারে করিব
এখানে ॥ এই বাতে দুক্ষিত না হবে তুমি মনে * পাইয়া লিখন এয়ছা বিবী সাহেবানি ॥ আপনা বেটির
তরে ডাকিয়া তখনী * দুই চক্ষে বহে পানী কান্দিয়া২ ॥ সাজাইল লেবাছ গহনা খুব দিয়া * দাসি
বান্দি আলাও লস্কর দিয়া সাতে ॥ পাঠাইল সেকন্দার সাহার আগেতে * আসিয়া পওছিল জবে রও
সনক বিবী ॥ মোহ গেল সেকেন্দার দেখে তার ছবি*খুসি হালে আপনা দস্তুর মত সাহা ॥ সাহাজাদি

মদদগার * তা হইলে ছেকন্দোর ইরান হইতে॥ মিলে জুলে ভাগাইয়া দেই কোনমতে*পাইয়াজওয়র হিন্দি এয়ছাই লিখন ॥ জওয়াব লিখিয়া ভেজে দারার কারন* সোন সাহা আগে তুমি মেহের করিয়া ॥ সেতাবি সহরে মেরা পওছিবে আসিয়া * রহিয়া কয়েক রোজকরিবে আরাম ॥ খেদমত করিব তেরা হইয়া গোলাম * জখন সে ছেকান্দার আসিবে এখানে॥ দেখিয়া লইব আমি তাহার কারনে* রুমের লস্কর তার রাখে কত জোর ॥ ঘড়ি একে গেরাইব ময়দান উপর * এছাই জওয়াব নামা পাইয়া হিন্দির হইয়া জে দারা সাহা খোসালখাতির*আলাও লস্কর সাতে লইয়া আপনা॥হিন্দুস্থানে জাইবারে হলেন রওানা * মহাম্মদ খাতের কহে কলম খোদার ॥ জেখানে জে হালে থাকে মউত জাহার* জেতে হয় রহিতে সে নারে কদাচন ॥ জে রূপেতে মরে দারা সোনহ এখন *

বাদসা দারা আপনার উজির দিগের হাতে মারা জায় ও ছেকান্দার দারার
বেটী রওসনক বিবীকে সাদি করিবার বয়ান *

পয়ার * আলাও লস্কর সাতে লইয়া আপনা ॥ হিন্দুস্থানে চলে দারা হইয়া রওানা* রাতদিন চলে রাহে ছাড়িয়া আরাম ॥ খানা পানি কোন খানে না করে মোকাম * মঞ্জিলে২ এয়ছা নেকালিয়া জায় ॥ ছেকান্দার সাহা হেথা সমাচার পায় * আলাও লস্কর দারা লইয়া আপনা॥ হিন্দু স্থান তরফেতে হইল রওানা * তবে সাহা ছেকান্দার আপনার লোকে॥ রাহা বন্দ করিতে ভেজিলচারিদিগে*হোথারাহে চলে দারা হইয়া খোসাল ॥ দেখনা আল্লার চাহা ঘটে কোন হাল*আছিল দারার দুই মছলত উজির বড়ই জালেম গিধি কমিনা বেপির * এক জনা মাহিয়া বলিয়া নাম তার॥ জানুছিয়া নাম জে আছিল দোছরার * দুই জালেমেতে এয়ছা করিল মছলত ॥ দারার লস্কর গেল হইয়া গারত*হেথা সেথা ভাগিয়া বাচীবে কত আর ॥ ছেকান্দার এসেকবে করে গেরেপ্তার*হইল দারার এবে নছিব বদবক্ত॥নহে কি সে রুমশাহা লিতে পারে তক্ত * নাহক দারার সাতে রহিয়া এছাই ॥ মিছে কেন জান বিচে ক ছেলা ওঠাই * এস এবে তুমি আমি মিলি দুইজন ॥ কোন রূপে মেরে ডালি দারার কারন * ছেক ন্দার ইরানে হইলে নামদার ॥ মোর্ত্তবা সে করিবেক তোমার আমার * এয়ছাই মছলোত করে দু জালেমেতে ॥ দাও ঠাহরিয়া রহে জুলুম করিতে * রাতকালে এক ওক্তে রাহার উপর ॥ একা হয়ে চলে দারা ছাড়িয়া লস্কর * কেননা তাহার জত লস্কর ছেফাই ॥ আগে বেড়ে গিয়াছিল চলিয়া সুবাই না ছিল সওার কেহ সঙ্গেতে বাদসার ॥ কেবল আছিল সে উজির দু গাওার*কথায়২ এছা জায় তিন জনে ॥ দুসমনি করিবে তারা বাদসা নাহি জানে * কত দুর গিয়া রাহে দাওেতে পাইয়া ॥ এক গিধি মারে তেগ বাদসাকে খেচিয়া * দোসরা কমিনা সে খঞ্জর লিয়া হাতে ॥ মারে বেদেরেগ হয়ে বাদসার ছিনাতে * জখমে কাতর হয়ে বাদসা নামদার ॥ আহা২ বলে গেরে জমিন উপর * কহে হায় সোন ওরে কমিনা উজির ॥ কি খাতা পেয়ে মারিলি আমার খাতির * নেমক হারাম গিধি ছেড়ে দয়া মায়া ছিনাতে খঞ্জর মেরা দিলি চালাইয়া * খোদার খওফ কিছু দেলে না করিলি॥ দাগাদিয়া দাগাদার মা রিয়া ডালিলি * শুনে দুই দাগাবাজ উজির তখন ॥ কহিতে লাগিল এয়ছা দারার কারন* এই হালে মউত আছিল তেরা বক্তে॥তাই তুঝে আজলে আনিল এখানেতে*কহিয়া এছাই বাত দুই দাগাদারে দারাকে ফেলিয়া রাখে রাহার উপরে*নিদয়া হইয়া ভেগে আইলচলিয়া॥রহিলসেখানেসাহা একেলা পড়িয়া * ঘাও কারি জখমেতে হইয়া কাতর ॥ ছট ফট করে পড়ে জমিন উপর* এয়ছা কেহ নাহি সেথা দেয় মুখে পানি ॥ আর না নেকালে জান এত্তা পেরেসানি * বেহুস বেহালে পড়ে রহে নামদার ইরানে আসিয়া হেথা সেই দুরাচার * খবর করিল ছেকান্দরের হুজুরে॥ মারিনু দারাকে মোরা রাহার উপরে * আছে সে পড়িয়া রাহে বেতাব হইয়া ॥ এত ক্ষনে জান তার গেছে নেকলিয়া * সুনিয়া এ ছাই বাত সেকান্দার সাহা ॥ আফছোছ করিয়া বড় করে আহা২ * কহে হায় কিকরিলি কমিনা উজির মারিলি কীসের তরে দারার খাতির * নেমক খাইয়া তার করিলি বুরাই ॥ এয়ছা বেওফাই কাম কেহ করে নাই * এহা বলে তখনি ধরিয়া দু উজিরে ॥ রাখিল কয়েদ করে লোয়া কারাগারে * তার পরে

হইবে ভালাই * সকলে এছাইবাত শুনিয়া দারার॥দেলের বিচেতে খুব করিল এতবার * কেননা জে তারা সবে দারার সহিত॥ রাখিত বহুত মিল হর২ বাতে * ভেবে শুনে আখেরেতে সকলে মিলিয়া ছেকেন্দার সাহা হৈতে চলে নেকলিয়া * জাইয়া দারার আগে কহিল এয়ছাই ॥ রুমির সহিতে ফের করিব লড়াই * শুন সাহা হেম্মত করহ আপে দেলে॥ আলবত্তা হইবে ফতে খোদার ফজলে* এছাই সুনিয়া সাহা দারা নামদার ॥ খুসি হৈল লস্কর পাইয়া আপনার * তার পরে সরঞ্জাম তৈয়ার করিয়া মহিমে চলিলফের লস্কর লইয়া*ছেকেন্দার সাহা সুনেখবর এছাই॥আইল ময়দান পরে লইয়া ছেফাই দুই দিকে দুই দল হৈল নমুদার ॥ ঘোড়া কুদাইয়া ফেরে তামাম ছওার * রুমিলোক কহে সুন ইরানি লস্কর ॥থুক তোমা সবাকার আকেল উপর * আপনা সাহেবে ছেড়ে কোরেদাগাদারি॥এলে ছেকেন্দারের করিতে তাবেদারি*কেন তার তাবেদারি ছেড়ে সকলেতে॥মিলিয়া দারার সাতেআইলে লড়িতে ইরানি লস্কর কহে দাগাতে ডালিয়া ॥ তাবেদার কোরেছিলে মোদের লাগিয়া * নহেকি সাহেব ছাড়ি আমরা সবাই॥ জান দিতে রাজি আছি জার নুন খাই * এইরূপে বলা কওা করে মোকাবেলা ॥ লড়িবারে মস্ত হৈল করিয়া হামেলা * দুই দলে একুকালে লিয়া গোর্জ্জ তেগ ॥ কাটাকাটি চোটাচুট করে বেদেরেগ * মার২ ধর২ হৈল সোরসার ॥ কুদে ফেরে করে জঙ্গ তামাম সওার* কেবা কারে মারে ধরে না হয় ঠেকানা ॥ মস্ত হাতি লড়ে জেন তামাম মর্দ্দানা * নেজা গোর্জ্জ তেগ তির চারিদিক হৈতে ॥ ধড়াধড় তড়াতড় লাগিল বরসিতে* গিরে গেল বেশুমার দুদলে লস্কর॥বহিল লহুরনদিময়দান উপর ফতের লাগিয়া জত ইরানি সেফাই ॥ ভাতে২ কত এছা করিল লড়াই * নসিবে কেলেস কিন্তু আছিল দারার॥ গিরিতে লাগিল তার লোক বেসুমার * হেম্মত পাইল খুবরুমের লস্কর ॥ তেগতিরে মারিতে লাগিল চারিওর * দেখিয়া বিপাক এছা ইরানি ছেফাই ॥ তাব না রহিল কারকরিতে লড়াই* লাচারিতে দারা তবে ময়দান হইতে॥ ভেগে চলে ওস্তখার মুলুক বিচেতে*দেখেসাহা ছেকেন্দার লইয়া সওার ॥ পিছে২ রেগা দিয়া চলিল দারার * সেথায় জাইয়া দারা টিকিতে নারিয়া ॥ লস্কর লইয়া ফের চলিল ভাগিয়া * আর এক সহর আছিল নিকটেতে॥ জাইয়া রহিল সেই সহর বিচেতে* সাহা সেকেন্দার আর পিছে না জাইয়া ॥ ফতে পেয়ে ইরানেতে আইল ফিরিয়া* তারপরে দারা সাহা করে কোন কাম ॥ সেকেন্দারে লিখে ভেজে এয়ছাই পয়গাম * সোন সাহা জদি তুমি করিয়া কারার ॥ বকসহ আমার তরে মুলুক আমার * তা হইলে গাড়া মাল আছেসব জাহা ॥ ওঠাইয়া সকলি তোমারে দিব তাহা এয়ছাই লিখন পেয়ে সাহা সেকেন্দার ॥ লিখিল দারার তরে জওাব তাহার * গাড়া মাল হৈতে মেরা নাই প্রয়োজন॥ জদি তুমি মেরা আগে আসিয়া এখন * তাবেদারি কবুল করিয়া খোসালেতে ॥ সাফ দেলে মেল সাহা আমার সহিতে* তবেত ইরান দেশে তক্তের বাদসাই॥মবারকরহে তুঝে আমিনাহি চাই * জাইব লস্কর লিয়া দোসরা দেসেতে ॥ খুসি হালে মুলুকের ছাএরকরিতে * পাইয়া জওাব এছা দারা নামদার॥ দুক্ষিত হইয়া দেলে রহে আপনার*সুনে জত পাহালওান লাগিল কহিতে ॥মেলসাহা গিয়া সেকেন্দারের সহিতে * তা হইলে তাজতক্ত মুলুক তোমার ॥ সকলি কাএম রহে সুন নামদার বাড়ানা ঘাটানা এক কাম এলাহির ॥ এবাতে আফছোছ না করিবে জাহাগির * ফের জদি কভু তুঝে এলাহি বাড়ায় ॥ জোরে ধোরে তাবেদার করিবে তাহায় * লাচারিতে মিলে এবে সঙ্গেতে তাহার ॥ কাএম রাখহ সাহা সাহি আপনার * সুনিয়া এয়ছাই বাত তাদের তরেতে ॥ কহিতে লাগিল সাহা দারা এ ছুরতে * তাবেদারি করিয়া জে সর্দ্দার হইয়া ॥ মনাছেব নহে এয়ছা সোন দেলদিয়া * আমা হৈতে নাহিক হইবে এয়ছা কাম ॥ জান জায় সেহ ভাল রবে পরিনাম * না রাখি দহসত আমি জানে আপনার ॥ মিছে কেন রূমির হইব তাবেদার * বাপ দাদা সকলেতে করিল সর্দ্দারি ॥ নাম ডুবাইব আমি করে তাবেদারি * জায় জাবে জান মেরা দুক্ষ নাই তাতে ॥ তাবেদারি নাহিক করিব কোন মতে কহিয়া এছাই বাত ভাবিয়া আখেরে ॥ নামা লিখে ভেজে সাহা ফওর হেন্দিরে * লিখিল সে নামা রিচে এই সমাচার ॥ সেকেন্দার এসে মুঝে করিল লাচার * বহুত সে রাখে সাতে লস্কর সেফাই ॥ আটীতে না পারি তারে করিয়া লড়াই * এছা কেহু নাহি আছে আমার ইয়ার ॥ বারেক আপনি জদী হও

দেখিতে পাইল * লড়িতে লাগিল তবে জত আছওয়ার ॥ নেজা গোর্জ্জ তেগ লিয়া বোলে মার২ * সারাদিন দুইদলে লড়িয়া বিস্তর ॥ সেকস্ত পাইয়া সেসে ইরানি লস্কর * সেই রূপে ভেগে জায় ফেরা তের ধারে ॥ রুমের লস্কর রহে ময়দান উপরে* তেছরা মরতবা ফের লইয়া ছেফাই ॥ ময়দানে আইল দারা করিতে লড়াই * নানা রূপে তেগতিরে বহুত লড়িল ॥ কোন রূপে রুমি লোকে নাহিক পারিল ফতেমন্দ নাহিছিল নছিবে তাহার ॥ বার২ লড়িয়া হইল ছারখার* তাবা হয়ে গেল সব লস্কর ছেফাই না রহিল জোরবাজু করিতে লড়াই * আখেরে লাচার হয়ে ময়দান ছাড়িয়া॥ ঘোড়া হেকে এক দিকে গেল পালাইয়া * ছেকেন্দার সাহা ফতে পাইল আখেরে ॥ বাজিল ফতের ডঙ্কা লস্কর ভিতরে*খুসি হয়ে লস্কর সরদার সকলেতে ॥ খানা পানিখেয়ে পিয়ে রহে আরামেতে *মহাম্মদ খাতের কহে খোদা সব করে ॥ হাতি পালাইয়া জায় মচ্ছরের ডরে * সব সে করিতে পারে পাক বেনেয়াজ ॥ ভাঙ্গা গড়া সকলি তাহার খাছ কাজ * সোন এবে জে রূপেতে ইরান মাঝার ॥ ছেকেন্দার সিক্কা জারি করেআপ নার * আর জে রুপেতে দারা লড়ে এসে ফের ॥ নাহি পেরে ভেগে জায় কহি সে জেকের *

বাদসা ছেকেন্দার কায়ানের তক্তের মালেক হইয়া ইরানে আপনার সিক্কা চালায় ও বাদসা দারা ফের মহিমে আসিয়া হজিমত পাইয়া ভাগিবার বয়ান *

পয়ার * ফতে পেয়ে ছেকেন্দার বাদসা নামদার॥ কায়ানির তক্তে হয়ে মালেক মোক্তার * আপ নার ॥ সিক্কা জারি করিল ইরানে ॥ মেহের করিল খুব জত লোক জনে* লস্কর সরদার আদি ছিল জত জন ॥ নেওয়াজিল সবাকারে দিয়া কত ধন * বড়২ লোক জত আছিল সহরে ॥ এনাম খেলাত দিয়া তাহা সবাকারে * মরতবা বাড়াইল বহুত এছাই ॥ দারা তা সবারে কভু না কৈল এয়ছাই * আর কত খয়রাত করিয়া দিল মাল ॥ গরিব কাঙ্গাল জত হইল নেহাল * কহে সবে ছেকেন্দার হৈল জাহা গির ॥ হরবাতে বাড়াইল সবার খাতির * এছা বাদসা ইরানেতে কেহ না হইল ॥ কত বাদসা কালে২ গোজারিয়া গেল * এইরুপে সহর বাজারে সব ঠাই ॥ ফিরিল জে সাহা ছেকান্দারের দোহাই*ছেকে ন্দার সাহা ফের কহে সবাকারে ॥ভিন্ন কেহ নাহিক জানিবে মোরতরে*আছি আমি সাহাজাদা তোমা সবাকার ॥ বাপ মেরা ছিলেন দারাব নামদার * রূমেতে নানার তেরে ছিনু এতদিন ॥ তক্তের ওারেছ আমি জানিবে একিন * খুসি হালে তাবেদারি করহ সকলে ॥ গম দুক্ষ কেহু কিছু না করিবে দেলে নেওাজিব তোমা সবে আমি হামেহাল ॥ হর২ বাত পর রাখিব নেহাল * এহা শুনে লস্কর ছরদার জত জন ॥দেলবিচে খুসিহয়ে সকলে তখন* তাবেদারি কবুল করিয়া হুজুরেতে ॥ রাতদিন হামেহাল রহিল খেদমতে * আমির উমরা ও আদি জেখানে জে ছিল ॥ সকলেতে আসা জাওা করিতে লাগিল* এই রূপে কিছু দিন গোজারিয়া জায় ॥ কোনবাতে কেহ কিছু কছেলা না পায়* হামেসা এয়ছাই ছেকেন্দ রের হুজুরে ॥ইরানি লস্কর হোথা তাবেদারি করে*দারা নামদার হোথা মাহমে হারিয়া ॥ রহিলেন সহ রের বাহিরে জাইয়া *জখন সুনিল সাহা এছাই খবর ॥ মিলিল রুমের সাতে ইরানি লস্কর * তখন আফছোছ করে বাদসা নামদার ॥ পাঠাইল লস্করে এছাই সমাচার *হায় এতদিন মেরা নেমক খাইয়া নিদানে আমারে সবেবিপাকে ডালিয়া * মিলিল জাইয়া সেকেন্দারের সহিতে ॥ তাবেদারি কবুল ক রিয়া খোসালেতে *জের ছিল আগে সেই রুমি নামদার ॥ এবে কি হইল সে এছাই জোরওার * এই বাতেহাজার আফছোছ হৈল মেরা ॥ কি করি গর্দ্দেস হৈতে নাই কোন চারা * জাহা ছিল গুজারিল কপালে আমার ॥মুঝে ছেড়ে ভাল হৈল তোমা সবাকার* কিন্তু রোজ কেয়ামতে খোদার ছামনে॥ কি জওাব দিবে কেহ না ভাবিলে মনে *ফেরেবে পড়িয়া তার ভুলিলে সবাই॥আখেরে তাহার হাতে পা হবে সাজাই *এবে সেই মিঠা বাতে করিয়া ছলুক ॥ কোনমতে হাত কোরে লইবে মুলুক * তাহার ফেরেবে কেহুনাহিক ভুলিবে॥ আখেরে সে তোমাদের খারাবি করিবে*সহজেতে সকলে হইয়া গেরে ওার ॥ নাহক তাহার হাতে পাইবে আজার * এখন আমার কথা সোনহ সবাই ॥ তাবেদারী ছাড় তার

কানেং চুপেং কহিল দারায় * ছেকান্দার সাহা কিন্তু বুঝিল তখন॥ভেদ মেরা জাহের জে হইল এখন দের কোরে হেথা আর থাকা নাহি চাই ॥ কিজানি থাকিলে পাছে ঘটায় বালাই * এহা ভেবে তখনি উঠিয়া নামদার ॥ আপন ঘোড়ার পরে হইয়া ছওয়ার * সেতাবি লস্কর বাগে আইল চলিয়া ॥ তখনি জে দারাসাহা আফছোছ করিয়া * কহে হায় দুসমন আসিয়া ছিল ঘরে॥ নাহিক বুঝিয়া ভেদ ছেড়ে দিনু তারে * এহাবলে তখনি ছরদার সবাকায় ॥ পিছেং পাঠাইল ধরিতে তাহায় * আছিল আল্লার চাহা রাত অন্ধকার ॥রাহাভুলে গিয়া॥সবে হইল লাচার* ছেকান্দার সাহা হেথা আসিয়া লস্করে॥ সেই চার পেয়ালা দেখায় সবাকারে * কহে এই মবারকি আমার হক্কেতে ॥ খোদা চাহে মুল্লক লইব দারা হৈতে * মালুম করিনু সেথা গিয়া এ প্রকার॥ বহুত লস্কর আছে সঙ্গেতে দারার*আমার ছামনেকিন্তু সেসব ছেফাই ॥ তাব না হইবে কার করিতে লড়াই * এলাহি চাহেত কাল গিয়া ময়দানেতে ॥ সহ জেতে মহিম করিয়া লিবফতে * বুজিনু সে দারা মর্দ্দ করিবে লড়াই॥ বেগর মহিমে রাহা ছেড়ে দিবে নাই * এহা বলে রাত কালে রহে নামদার ॥ অধিন খাতের কহে ভরসা খোদার *

দারা আর ছেকান্দারের পহেলা মহিমের বয়ান ॥

পয়ার * সাহা ছেকান্দার আপে উঠিয়া বেহানে ॥ লস্কর ছরদার লিয়া পৌছিল ময়দানে *জঙ্গের তবল বাজে নাকারা নিসান ॥ ঘোড়া কোদাইয়া ফেরে জত পাহালওান * লস্কর লইয়া তবে দারা নাম দার॥ সেতাবি আসিয়া হৈল মোকাবেলা তার * দুইদলে খাড়া হৈল এতেক ছেফাই ॥ দাড়াইতে ময় দানে নাহিক মিলে ঠাই * নেজা গোর্জ্জ তেগ লিয়া জত আছওয়ার ॥ লড়িতে লাগিল সবে বলে মারং মস্তহালে করে জঙ্গ তামাম ছেফাই ॥ ছুটা ছুটি ছুটা ছুটী চলিল লড়াই * দিগেং দলেং তামাম ছওয়ার কাটা কাটি করে কত লইয়া তলওয়ার * কেহুবা লইয়া গোর্জ্জ করে পেটা পেটি॥ কেহুবা কোমর ধরে করে হুটা হুটী * কেহবা লইয়া হাতে রেসমের ফাসি॥ লাগাইয়া গলেং করে কসা কসি * কেহুবা হা কিয়া ঘোড়া কুদিয়া বেড়ায়॥মেরে ডালে তেগ তলে জারে জেথা পায়*তিরেং লড়ে কেহু কেহুনেজা লিয়া ॥ দুই দলে গেরে লোক ঘায়েল হইয়া * মারা গেল রুমি ও ইরানি বেশুমার ॥ আল্লাকে মালুম আছে হেছাব তাহার * খুনেতে ভরিয়া গেল তামাম ময়দান ॥ বরিসা কালেতে জেন হয়ে আইল বান এত লোক মারা গেলময়দান উপরে ॥ লাসের উপরে ঘোড়া কুদিতে না পারে* উচানিচা পায়ে ঠেকে পড়ে হুচুটীয়া ॥ মারা গেলকত ঘোড়া পাওটুটে গিয়া * হইল বড়ই জঙ্গ রাত দিন লড়ে ॥ সমানে স মান কেহু কারে নাহি ছাড়ে * নাকরে বাহুড়ি ডঙ্কা না ফেরে লস্কর॥ রাত দিন রহে সবে ময়দান উপর খানা পিনা মাঙ্গাইয়া খায় ময়দানেতে ॥ কখন বা দিনে লড়ে কখন বা রাতে *এইরূপে সাতদিন হইল লড়াই ॥ মস্তহালে দুইদলে ছেফাইং * আটওা রোজেতে জত ইরানি লস্কর ॥ টীকিতে নাহিক পারে ময়দান উপর * আজেজ হইয়া সেসে মহিম ছাড়িয়া ॥ দিগেং ভেগে চলে জান বাচাইয়া * বিপাক দে খিয়া তবে দারা নামদার ॥ ভেগে চলে ঘোড়া হেকে হইয়া লাচার*আর জত ছিল তার লস্কর ছেফাই না রহিল পালাইল ভাগিয়া সবাই * আখেরে জাইয়া সবে ফেরাতের ধারে ॥ জমা হৈল এক ঠাই ময় দান উপরে * রুমের লস্কর ফের পিছেং গিয়া ॥ কত লোকে সেখানেতে ডালিল মারিয়া * আখেরে পাইয়া ফতে ফিরিয়া আইল ॥ ফতেনামা সাদিয়ানা বাজিতে লাগিল * খুসি হয়ে ছেকান্দার বাদসা নেকনাম ॥ লস্কর ছরদারে দিল বখসিস এনাম* রহে সবে খেয়ে পিয়ে খোসাল হইয়া॥জার জে ডেরার বিচে আরাম করীয়া * থানাদার লস্কর বসিল ঠাইং ॥ বে আন্দেসা খুসি হালে রহিল সবাই * হেথা বাদসা জাহাপানা দারা নামদার ॥ জমা করে তামাম লস্কর আপনার * কহে ফের চল সবে জাব লড়ি বারে ॥ কোনমতে নাহিক ছাড়িব ছেকান্দারে * এহাবলে রাত কালে লইয়া ছেফাই ॥ আসিয়া পৌ ছিল মর্দ্দ করিতে লড়াই * রুমের লস্কর ছিল গাফেল সুইয়া ॥ আচানক তার বিচে পড়িল কুদিয়া * জে কেহু হুসিয়ার ছিল চালাক ছওয়ার ॥ তেগ লিয়া কুদে চলে বলে মারং * হয়বোতে বহুত লোক ঘোড়ার রওদানে ॥ দিসে হারা হয়ে মারা পড়িল ময়দানে * আখেরেতে কোমর বান্ধিয়া জে সকলে গোস্বা ভরে লড়িতে লাগিল মস্তহালে * আছিল আল্লার চাহা রাত পোহাইল ॥ আন্ধার ঘুচিয়া গেল

সাই যাদার ॥ পৌছাব আছমানে আমি খাণ্ডা আপনার॥ মুল্লক লইতে দেলে করিয়া বাসনা॥জমায়েছি বেশুমার লস্কর ছামানা॥ এয়ছাই এরাদা রাখি সোন দেলদিয়া ॥ লিবহাপ্তা আকলিমেরে কবজ করিয়া লাজেম জে তুমি এবে হুজুরে আমার ॥ তাবেদারি করো হয়ে খেরাজ গোজার ॥ নহেত এখন আমি ই রানে জাইয়া তাজতক্ত সাহি তেরা লিব ছেনাইয়া॥ এইরূপে জওাব জে লিখিয়া তাহার ॥দিল কাছে- দের হাতে বাদসানামদার ॥তবে সেওজাবনামা কাছেদলইয়া ॥ ইরানে দারার আগে পৌছিল আসিয়া পড়িয়া শুনিয়া দারা জওাব এয়ছাই ॥ গোস্বা হয়ে জলে উঠে আগুন জেছাই ॥ কহে ছেকান্দার হেথা আসিবে জখন ॥ সেখাইব ভাল মতে তাহার কারন ॥ নাহিক জাইব আমি লইয়া ছেফাই ॥ রুম দেসে তার সাতে করিতে লড়াই ॥ খাজানা লইব জোরে ঘরেতে বসিয়া ॥ এহা বলে রহিলেন খামস হইয়া কাছেদে বিদায় করে হোথা ছেকান্দার ॥ কহে এক উজিরে ডাকিয়া আপনার ॥ দেস আগলিয়া তুমি রহ হুসিয়ারিতে ॥ জাব আমি দুনিয়ার ছায়ের করিতে ॥ মোসরেক মোগরেব আদি জত দেস আছে ফিরিব বাসনা করে আছি দেলবিচে ॥ এহাবোলে উজিরে মুল্লক সুপেদিয়া ॥ আপে সাহা জাহাপানা লস্কর লইয়া ॥পহেলা রওানা হয়ে চলে ইরানেতে॥ খবর শুনিল দারা জাছুছ হইতে ॥ ছেকান্দাররুম হৈতে লস্কর লইয়া ॥ মহিম করিতে এবে পৌছিল আসিয়া॥ তবে দারা নামদার লইয়া লস্কর ॥সেতাবি পৌছিলগিয়া ময়দান উপর ॥ ছেকান্দর সাহা হেথা করে কোনকাম ॥ কাছেদের লেবাছ জে পিন্দিয়া তামাম ॥ জেখানে আছিল দারা লস্কর বিচেতে ॥ জাইয়া তাহারে এয়ছা লাগিল কহিতে॥ সুন সাহা দারা তুঝে কহিয়া জানাই ॥ না আইল ছেকান্দর করিতে লড়াই ॥ খাহেস নারাখে লিতে মুল্লক তো- মার॥ছাএর করিবে জাহানের চারিধার ॥এছাই দেলের বিচে এরাদা করিয়া ॥ লস্কর লইয়া সাতে পৌ ছিল আসিয়া ॥ তুমি কি কারনে আইলে লইয়া ছেফাই ॥ নাহি সেএরাদা রাখে করিতে লড়াই॥ রাহা ছেড়ে দেহএবে তুমিতার তরে ॥ জাইবে জে হেথা হতে দোছরা সহরে॥ নহে জদি সাদ রাখকরিতে লড়াই ॥ লড়হ তৈয়ার আছে তামাম ছেফাই॥এছাই সুনিয়া দারা কাছেদ হইতে॥ কহে আমি লড়িব নাদিব তারে জাইতে॥ এহাবোলে কিন্তু ফের সন্দেহ করিয়া॥ পুছিল কাছেদে তুমি কহ বিবারয়া॥কি জাতি কি নাম তেরা ঘর কোন খানে ॥ দেখিয়া তোমার তরে সন্দ হৈল মনে ॥ ছুরাত মুরাত আর ছেরের দিস্তার ॥ কায়ানের জাতি ছেওা নাহি এয়ছা কার ॥ বুঝি তুমি আছ আপে রুমের ছোলতান কাছেদ বাহানা আইলে জানিতে সন্ধান॥ সুনে ছেকান্দার কহে দারার গোচর ॥ আমাহেন আছে কত বাদসার চাকর ॥ নহে ছেকন্দার এয়ছা বেকুফ গাওার ॥ আসে দুসমনের আগে এমনি প্রকার ॥ সুনে সাহা দারা ফের করে কোনকাম ॥ মাঙ্গাইয়া লইলেন সারাবেরজাম ॥ কহিল কাছেদে তুমি আইলে রা হেতে ॥ ছাতি সুখাইয়া তেরা গেছে পিয়াছেতে ॥ সারাব খাইয়া ঠাণ্ডা হয়ে আপনাকে॥ জাহ মর্দ্দ জে খানে গরজ তেরা থাকে ॥ কিন্তু এ মতলব ছিল দেলেতে দারার ॥ এই মর্দ্দ আলবত্তা হইবে ছেকা ন্দার ॥ সারাব খেলায়ে এছে মাতওালা করিয়া ॥ কোন রূপ ভেদ সব লইব শুনিয়া ॥ এয়ছাই মত লব করে বাদসা নেকনাম ॥ ছেকান্দারে দিল এক সারাবের জাম ॥ ছেকান্দার সাহা সেই জাম তার লিয়া ॥ খাইলেন সেই ঘড়ি খোসাল হইয়া ॥ সারাব খাইয়া কিন্তু পিয়ালা না দিল ॥ দেখে সাহা দারা তারে পুছিতে লাগিল ॥ সোনহ কাছেদ মর্দ্দ কিসের খাতিরে ॥ সারাব খাইয়া জাম নাহি দেও ফিরে তবে সে কহিল সোন বাদসা নামদার ॥ এছাই দস্তুর নাহি মুল্লকে আমার ॥ সারাব খাইতে জাম কাছে দেরে দিয়া ॥ ফের সেইজাম সেহ লেয় জে ফিরিয়া॥ এহা শুনে হাসিয়া সে দারা নেকনাম ॥ কহেএছে এনে দেহ আর এক জাম ॥ এহা বলে একে একে বাদেতে তাহার ॥ আনাইয়া দিল তারে তিনজাম আর ॥ সরাব সে খেয়ে কিন্তু জাম নাহি দিল ॥ আগে পিছে চারি জাম সকলি লইল ॥জওহর জড়াও সব ছিল সেই জাম ॥ বড়ই কিম্মতি চিজ বেসুমার দাম ॥ ছেকান্দার লিল জাম এহার লাগিয়া ॥ এই ভেদ ছিল তাথে সোন দেলদিয়া ॥লইলে জে জাম সুদ্দা নাহি আর দিবে॥ নহেত সারাবে মুজেবেহুস করিবে ॥এয়ছাই ফিকির করে জাম জদি লিল ॥ না দিল সারাব আর মকুফ রাখিল ॥ আখেরে হইল সাম খানা মাঙ্গাইয়া ॥ মিলে জুলে খায় সবে খোসাল হইয়া ॥ পাছানিয়া ছেকান্দারে কেহু সে সময়

দারার পয়দাস ও দারাব মরিলে পরে দারা ইরানের তক্তে বসিবার বয়ান *

পয়ার * নাখোস হইয়া জে দারাব নামদার ॥ ঘর হৈতে নাহিদ বিবীকে আপনার * পাঠাইয়া দিল রুমে বাদসার হুজুরে ॥ রহিল জাইয়া বিবী মা বাপের ঘরে * তাবাদে এখানে এক দোছরা আওরাতে সাদি কোরে রাখে সাহা আপন খেদমতে * কিছুদিন বাদে বিবী হামেলা হইল॥নয় মাস দস দিন গোজারিয়া গেল * বেটা এক হৈল খুব ছুরত জামাল ॥ দেখিয়া দারাব সাহা হইয়া খোসাল * খয়রাত করিয়া দিল কতসত ধন ॥ গনি ও গরিব সবে হয়ে খুসি মন*দোওা দিল খোদাতেরা বেটার তরেতে দারাজ হায়াত দিয়া রাখে ছালামতে * তার পরে জাহাপানা বাদসা নামদার॥ নজ্জম মাঙ্গায় নাম রাখিতে বেটার * রাম্মাল দেখিয়া সে নজ্জ ম সকলেতে ॥ দারাব সাহাকে এছা লাগিল কহিতে*শুন সাহা বেটা তেরা আছে বক্তওার ॥ তোমা বাদে ইরানে হইবে তাজদার*কিন্তু সাহা আর এয়ছা দেখি জে কেতাবে॥ তেরা নামে নাম তেরা বেটার হইবে *তা হইলে না ঘটীবে আফত বালাই॥ হর বাতে আমান রাহবে সব ঠাহ * দারাব তোমার নাম সোন জাহাদার ॥ রহিল জে দারা নাম তোমার বেটার সুনিয়া দারাব সাহা খোসাল হইয়া ॥ নজ্জ ম সবারে দিল বিদায় করিয়া*মালমাত্তা জামা জোড়া দিল বেশুমার॥খুসি হয়ে গেল তারা ঘরে আপনার*তার পরে কিছু দিন গোজারিয়া গেল॥তখন সে দারা মর্দ্দ সেয়ানা হইল * এলেম হুনুর আর মহিমের কাম ॥ বাকি না রহিল কিছু সিখিল তামাম * তখন দারাব সাহা বাদসা নামদার ॥ ছেড়ে দিয়া দুনিয়ার ঝুটা কারবার * মায়াজাল কাটীয়া হুকুমে এলাহির নিজ দেশে গিয়া রহে খোসাল খাতির * তাজ সাহি দিয়া ছেরে দারা তাবাদেতে॥ বাদসা জাহাপানা হৈল বার দিয়া তক্তে * আলা ও লস্কর আর উজির নাজির ॥ রহিল তামাম লোক খেদমতে হাজির দেসে২ জত বাদসা তাবেদার ছিল ॥ শুনে সবে খুসি হয়ে খেরাজ ভেজিল * মরতবা হইল খুব দুনিয়া বিচেতে ॥ ছের না ফেরায় কেহ তাবেদারি হৈতে * এইরূপে কিছু দিন জায় গুজারিয়া ॥ খুসিতে বাদসাই করে তক্তে বার দিয়া * আদল এনছাফ করে রায়েত প্রজার ॥ তামাম আলম খুসি এনছাফে দারার * রহিল এ কথা এবে শুন সর্ব্বজন ॥ কহিব আহওাল সেকেন্দারের এখন*জেরুপে সে রুমেতে হইল জাহাদার ॥ কেতাব মাফিক লিখি বয়ান তাহার *

বাদসা ফএলকুছ মরিলে ছেকেন্দার রুমের তক্তে বসিয়া দারার সহিত ইরানে মহিম করিবার বয়ান ॥

পয়ার * ছিল সাহা ফএলকুছ রুমের ছোলতান ॥ নিজ ঘরে গেল জবে ছাড়িয়া জাহান * ছেকেন্দার আছিল জে ওারেছ তাহার ॥ তাজসাহি ছেরে দিয়া তক্তে দিল বার * আর সে আরাস্ত নামে আছিল জে জন ॥ হুনুর হেকমত সিখে ছিল সে এমন * হরবাতে আছিল বহুত হুস মন্দ ॥ দানাই দেখিয়া তার করিয়া পছন্দ * বানাইয়া সাহা তারে মছলত উজির॥ হামেহাল হুজুরেতে রাখেন হাজির* সাগরেদ আছিল সেহ আফলাতুনের॥ হেকমতে করিয়া দিত সেবনর জের * তাহা ছেওা আর জতপুরানা উজির ॥ রহে সবে হুজুরেতে ফরমা পিজীর * লাখে২ হাতি ঘোড়া লস্কর সেফাই ॥ হসমতের সাতে সাহা করেন বাদসাই * ছেকেন্দারি আদল হইল এয়ছা তার ॥ পর নাহি মারে ডরে পরেন্দা জানওার এইরূপে কিছু দিন গোজারিয়া গেল॥ ঝগড়া ফছাদ জঙ্গ নাহিক আছিল* এক রোজ কাছেদ আসিয়া ইরানের॥দারার লিখন দিল করিয়া হাজের * লিখেছিল দারা তাথে এমনি প্রকারে॥ সোন সাহা ছেকেন্দার কহি জে তোমারে*কতদিন হৈল আজ কিসের কারনে॥ না দেহ ভেজিয়াতুমি খাজানা এখানে এখন দস্তুর মতসেতাবি করিয়া ॥ খেরাজ হুজুরে মেরা দিবে পাঠাইয়া * বাপ তেরা ফএলকুছ বাদসা নামদার ॥ হামেসা আছিল মেরা খেরাজ গোজার * বাপের রছম তুমি নাহিক ছাড়িবে ॥ তাবেদারি হৈতে মেরা ছের না ফেরাবে॥ এরূপ লিখন জদি পাইল দারাব ॥ ছেকেন্দর লিখিল জওাব এছা তার*সোন সাহা ফএলকুছ না আছে বাচিয়া ॥ এবে কে তোমারে দিবে খাজানা ভেজিয়া * দিত সে হামেসা তুঝে খেরাজ জেয়ছাই ॥ এবে কিন্তু তেয়ছা না পাইবে মেরা ঠাই* এলাহা দিয়াছে মুঝে বদ

তাবাদে কহিল কেহ দারার সাহায় ॥ সোন বাদসা জাহাপনা কহি জে তোমায় ✻ রুমের সাহার ঘরে আছে এক বেটী॥নাহিদ বলিয়া নাম রুপে পরিপাটি✻বয়ান করিয়া আমি কি কব হুজুরে ॥ দেখিয়া সে রুপ তার পরি ঝকমারে ✻ ঠোট জেন রাঙ্গা জবা সদা মুখে হাসি ॥ জোড়া ভুরু মৃগ আখি নাক জেন বাসি ✻ উঠেছে কমল কলি মাজা অতি ক্ষীণ ॥ হইবে বচ্ছর সোল বয়েস নবীন ✻ এছাই শুনিয়া সাহা দারাব তখন ॥ আসকে দেলের বিচে হইয়া মগন ✻ তখনি পয়গাম লিখে কাছেদের হাতে ॥ পাঠাইয়া দিল রুম সাহার আগেতে ✻লিখিল সে নামা বিচে এই সমাচার ॥ সোনহ রুমের সাহা বাদসা নামদার বেটি এক আছে তেরা লোক মুখে সুনে ॥ ভেজি এই নামা আমি তোমার কারনে ✻ জদি সে বিবীর সাদী দেহ মোর সাতে ॥ বাড়াইয়া নেওাজিব তোমার তরেতে ✻ পাইয়া রুমের সাহা এয়ছাই লিখন কবুল করিয়া জে হইল খুসি মন ✻ নাহিদ বিবীর সাতে লোক জন দিয়া ॥ ইরান সহর বিচে দিল পাঠাইয়া ✻ সহরে আসিয়া বিবী পঁওছিল জখন ॥ সুনিয়া দারাব সাহা হয়ে খুসি মন ✻ আগু বাড়াইয়া গিয়া তাজিমের সাতে ॥ আনিল বিবীর তরে মহল বিচেতে ✻ তাহাবাদে খুসি হয়ে বাদসা জাহাপানা তৈয়ার করিয়া সব সাদির ছামানা ✻ নাহিদ বিবীর তরে করিলেন সাদী ॥খুসি হয়ে দেয় সবে মবারক বাদি ✻ মহাম্মদ খাতের কহে খোসাল হইয়া ॥ রহ সাহা খুসি হালে বিবীকে লইয়া ✻

বাদসা দারাব নাখোস হইয়া নাহিদ বিবীকে ফয়লকুছ বাদসার আগে
রুম দেশে পাঠাইয়া দেয় ও ছেকেন্দার তাহার
সেকমে পয়দা হইবার বয়ান ✻

পয়ার ✻ বাদসা দারাব সাহা খোসাল অন্তরে॥ সাদি বেহা করে বিবী নাহিদের তরে✻নেরালা মহল বিচে রাখে আপনার ॥ দাই দাসী রহে কত খেদমত গোজার ✻ এক রোজ গিয়া সাহা মহল বিচেতে খুসি হালে মিলিয়া জে বিবীর সহিতে ✻ আসকেতে কামাতুর হইয়া নিদান ॥ করেন খুসির কাম ছোহবত গোজরান✻কোনবাতে দোস নাই পাইল বিবীর ॥ ছুরত জামাল বিবী ছিল বেনাজির✻ কিন্তু তার মুখে এছা বদবুই আছিল ॥ তাহাতে দারাব সাহা নাখোস হইল✻আখেরেতে তবু ফের বাদসা জাহাগির॥দাওা পানি কত তার করিল তদবির ✻ তবু সে বদবুই নাই জায় মুখ হতে ॥ তখন দারাব সাহা বিবীর পরেতে✻নাখোস হইয়া ছেড়ে ছোহবত বেভার ॥ মহলেতে নাহিক রাখিল আপনার ✻ পাঠাইয়া দিল সেসে রুমের সহরে ॥ রাহিল জাইয়া বিবী মা বাপের ঘরে✻ কিন্তু সেই বিবী জে আছিল হামেলেতে ॥ না ছিল দারাব সাহা ওাকেফ তাহাতে ✻ দিনে২ ভারি হৈল হামেল জখন ॥ রুম সাহা দেখে বড় খুসি হৈল মন ✻ ছাপাইয়া রাখে সাহা হামেল বিবীর ॥ কোনখানে লোক মাঝে না করে জাহির কেননা জে বেটা কেহ নাছিল সাহার॥এজন্য হামেল তার না করে প্রচার ✻ খেয়াল করিল এয়ছা দেলের বিচেতে॥ বেটা জদি হয় এর হামেল হইতে ✻ তা হইলে জানিতে নারিবে কোনজন ॥ বেটা বানাইয়া আমি তাহার কারন✻ সেয়ানা হইলে পরে খুসি খোসালেতে॥তাজ সাহি ছেরে দিয়া বসাইব তক্তে আখেরে হইল বেটা হামেলে বিবীর ॥ দেখিয়া রুমের সাহা খোসাল খাতির ✻বেটা বানাইয়া সেই নাতির কারনে॥ পালিতে লাগিল ভেদ কেহ নাইজানে✻ছেকেন্দর বলিয়া রাখিল তার নাম ॥ দেখেসুনে খুসি হৈল জত খাছ আম ✻ জখন সে ছেকেন্দর সেয়ানা হইল ॥ জোরওার হৈল জেছা রস্তম আছিল দানা ও হাকিম লোকে তাহার তরেতে ॥ তালিম করিল খুব হুনর হেকমতে ✻ সিখিয়া হুনর খুব করিল ইয়াদ ॥ হর বাতে মর্দ্দ খুব হইল ওস্তাদ ✻ আর এক মর্দ্দ আরাস্তু নাম তার ॥ লাকুমা জেসের বেটা বড় নামদার ✻ আলমে জাহের ছিল তাহার দানাই ॥ ছেকন্দর সাতে সেহ রহিত সদাই ✻ একথা রাহিল এবে কহিব পিছেতে॥দারার পয়দাস কথা শুন সকলেতে✻জেরুপে হইল দারা দারাবের ঘরে॥আর সে দারাব সাহা জে রুপেতে মরে✻জে রুপে তাবাদে দারা করেন বাদসাই॥একে২ বিবরিয়া কহিয়া জানাই ✻ অধিন লাচার কহে ভরসা খোদার ॥ বালিয়া গোবিন্দ পুরে বসতি জাহার ✻

মর্দ্দ দারাবের হাতে * মারা গেল আরবির ছরদার জখন ॥ দেখিয়া সে হাল তার জত লোক জন * কহে হায় মারা গেল ছাহেব ছরদার ॥ না দেখি ভালাই এবে আমা সবাকার * এহা ভেবে মহিম ছা ড়িয়া সকলেতে ॥ জিউ লিয়া পিঠ দিয়া লাগিল ভাগিতে* বেছের হইল জদি আরবি ছেফাই ॥ ডরে ভেগে পালাইল ছাড়িয়া লড়াই*দারাব লস্কর লিয়া পিছে তা সবার॥ খেদাড়িয়া চলিল বলিয়া মার২* কতদুর তক এয়ছা পিছে২ গিয়া ॥ আখেরে পাইয়া ফতে আইল ফিরিয়া * জার জে আসিয়া ডেরে খায় খানা পানি ॥ খুসি হালে রহে ঘরে গেল পেরেসানি*এলাহি বোলন্দ করে জাহাকে জখন॥ তার সাতে আটিতে না পারে কোন জন * সকলি আল্লার খেলা কে পারে বুঝিতে॥ সেরকে কয়েদ করে গিধড়ের হাতে* অধিন খাতের কহে সোকর দরগায় ॥ জে হালেতে রাখে খোদা রাজি আছি তায়* সব সে করিতে পারে পাক ছোবহান ॥ সোন এবে দারাবের সাদির বয়ান *

বাদসা দারাব রুমের ফয়ল কুছ সাহার সহিত মহিমে ফতে করিয়া তাহার
বেটীকে সাদি করিবার বয়ান ॥

পয়ার * এক রোজ বাদসা দারাব নামদার ॥ উজির সবার তরে কহে আপনার * ফয়লকুছ নামে সাহা রুমের দেশেতে ॥ ছের ফেরাইল মেরা তাবেদারি হৈতে*না ভেজে খাজানা সেহ গরুরি করিয়া দেহ এবে রুম দেসে লস্কর ভেজিয়া * পাকড়িয়া আনে তারে করে গেরেপ্তার ॥ খারাব করিয়া ডালে সহর বাজার * উজির হুকুম পেয়ে বাদসার এছাই ॥ সেতাবি তৈয়ার করে লস্কর ছেফাই * রওানা করিয়া দিল রুমের সহরে॥ পৌছিল জাইয়া সবে কয়দিন পরে*হোথায় রুমের সাহা বাদসা নামদার ॥ জাছুছের মুখেতে পাইল সমাচার * ইরানি লস্কর আইল ময়দানের পরে ॥ ভেজিল দারাব সাহা মহি মের পরে * বড়াবড়া পাহালওান জঙ্গিয়া ছেফাই ॥ আসিয়াছে বেশুমার লেখা জোখা নাই * কিন্তু সে দারাব সাহা নাহিক আইল ॥ লস্কর সরদার খালি পাঠাইয়া দিল * শুনে ফয়লকুছ সাহা বাদসা নামদার ॥ তখনি লস্কর সাতে লিয়া আপনার * আইল ময়দানে জেথা ইরানি ছেফাই ॥ মোকাবেলা হয়ে সুরু করিল লড়াই * বড়া বড়া পাহালওান জঙ্গিয়া ছওার ॥ ঘোড়া হেকে তেগ লিয়া বলে মার মার * কেহবা কুদিয়া জোরে নেজা ঘোমাইয়া ॥ কত লোকে মেরে পিটে দিল গেরাইয়া * তিরে২ লড়ে কেহু কেহ লিয়া গদা ॥ ঠাই ঠাই ময়দানেতে লড়ে জুদা জুদা * দেখাইল জার জত আছিল ম র্দ্দামি ॥ ফতের লাগিয়া কেহ না করিল কমি*এইরুপে সারাদিন করিল লড়াই॥সাম হৈল দুই দলে ফি রিল সেফাই*জার জে ডেরাতে সবে পৌছিল আসিয়া॥ খানা পানি খেয়ে রাতে রহিল সুইয়া * ফয় লকুছ সাহা ফের উঠিয়া ফজরে॥আইল লস্কর লিয়া ময়দানেরপরে*দেখিয়া ইরানী লোক হইয়াতৈয়ার ঘোড়া হেকে কুদে চলে বলে মার২ * লড়িতে লাগিল সবে হাতে লিয়া তেগ ॥ জারে পায়মারে ঠায় না করে দেরেগ * গোশ্বা মনে জনে২ ওঠাইয়া ঘোড়া ॥ ঘোরে জেন চাক হেন নাহি হয় খাড়া * ই রানি জানিত খুব মহিমের বন্দ ॥ লড়িতে লাগিলএয়ছা লাগাইয়া ধন্দ * বেস্তুমার মারা গেল রুমের ছেফাই ॥ ময়দানেতে লহু নদী বহিল এছাই * হাকে জেন সের হেন ইরানি লস্কর॥ দেখে ডরে রুমি লোকহইয়া ফাপর*আজেজহইয়াসেসেমহিম ছাড়িয়া॥দিকে২ ঘোড়া হেকে চলিল ভাগিয়া*ফয়লকুছ সাহা দেখে ভাগিল লস্কর ॥ টীকিতে না পারে কেহু ময়দান উপর * লাচার হইয়া সাহা কি করে আ খেরে ॥ পিঠ দিয়া ভেগে চলে কেল্লার ভিতরে* বাকি জা লস্কর তার ময়দানে আছিল॥ পিছে২ কেল্লা বিচে আসিয়া ঘুসিল* কেওাড় ডালিয়া বন্দ করিয়া দুওার॥ রহেসবে আপনাকে হইয়া কারার*ইরানি লস্কর পিছে খেদাড়িয়া জায় ॥ ধরিতে নারিল কিন্তু রুমের সাহায় * কেল্লার দরওাজা বন্দ দেখিয়া আ খেরে ॥ ফিরে আইল সেথা হৈতে ময়দান উপরে * সাবেত রহিল কিন্তু ইরানি লস্কর ॥ রহিল রুমের সাহা কেল্লার ভিতর * আখেরে কি করেসাহা ভাবিয়া দেলেতে ॥ আপনার তাজসাহি কায়েম রাখিতে খাজানা কাবুল করে মাল মাত্তা দিয়া॥দারাব সাহার আগে দিল পাঠাইয়া*তখন দারাব সাহা খোসাল অন্তরে ॥ লেখন ভেজিয়া দিল আপনা লস্করে*নালড়িবে কেহ আর আসিবে ফিরিয়া ॥ দিয়াছে রুমের সাহা খাজানা ভেজিয়া*এয়ছাই লিখন পেয়ে তামাস লস্কর ॥ ফতে পেয়ে ফিরে আইল ইরান সহর *

লইয়া ॥ তেজারতি কারবার করিবে বসিয়া ✽ এহা বলে খুসি করে খুবির তরেতে ॥ বিদায় করিয়া দিল গেল সে ঘরেতে✽ তার পরে কিছু দিন গোজারিয়া জায় ॥ দেখনা তামাসা পয়দা করেন খোদায় পাহালওান ছিল এক সোয়েব নামেতে ॥ আছিল তাহার ঘর আরব দেশেতে✽ আরব লস্করে সেহ ছাহেব সরদার ॥ এক লাখ আছওার তাবে ছিল তার ✽ সাতে করে লিয়া মর্দ্দ তামাম ছেফাই ॥ আইল ইরান দেসে করিতে লড়াই ✽ দারাব জাছুছ মুখে পাইল খবর ॥ আইল ময়দান পরে আরবি লস্কর ✽ তবে মর্দ্দ সাতে লিয়া লস্কর ছেফাই ॥ সেতাবি ময়দানে গেল করিতে লড়াই ✽ হেকে কহে আরবির থাক কোন জন ॥ আইসহ আমার সাতে লড়িতে এখন ✽ এহা সুনে এক মর্দ্দ আরবি জওান ॥ ঘোড়া কোদাইয়া জোরে আইল ময়দান ✽ মোকাবেলা হয়ে মর্দ্দ গোর্জ্জ ওঠাইয়া ॥ মারে দারাবের ছেরে জোরেতে খেচিয়া ✽ দারাব হুশিয়ার হৈল ঢাল দিয়া ছেরে ॥ আসিয়া লাগিল গোর্জ্জ ঢালের উপরে ✽ এয়ছা জোরে গোর্জ্জ মেরে ছিল পাহালওান॥ আগুন উঠিল চালে বিজলি সমান✽তা হৈতে দারাব মর্দ্দ আহা নাহি করে॥ সাবুদ হইয়া রহে ঘোড়ার উপরে✽গোর্জ্জ মেরে ফিরে জবে জায় সে ছওাব ॥ দারাব করিল তারে গোর্জ্জের উয়ার✽বহুত কোসেসে চোট রদ সে করিল॥ ধমকে বদনে তার পছিনা ছুটীল ফের সে মারিল গোর্জ্জ দারাবের পরে ॥ দারাব সে চোট তার চালে রদ করে ✽ এইরূপে গোর্জ্জবাজি করে দুজওান॥কেহু কারে নাহি পারে সমানে সমান✽বহুত লড়িয়া এয়ছা গোর্জ্জ রেখে দিয়া॥ লড়িতে লাগিল ফের নেজা হাতে লিয়া✽ করিয়া নেজার জঙ্গ তাহার বাদেতে ॥ তেগ লিয়া কাটাকাটি লাগিল করিতে✽দারাব হইয়া গোস্বা খেচে এক তেগ ॥ আখেরে মারিল তার ছেরে বেদেরেগ ✽ ঢাল কেটে আদা ছের কাটা গেল তার ॥ জমিনে গিরিল মর্দ্দ হইয়া লাচার ✽ ফের এক গোর্জ্জ খেচে মারিল জওান ॥ মরিল সে পাহালওান নেকলিল জান ✽ দেখিতে পাইয়া তাহা সোয়েব সরদার ॥ ভেজিল ময়দানে ফের দোছরা সওার✽আসিয়াসে দারাবেরে কহিল এছাই॥মেরা সাতে লড় দেখি ইরানি ছেফাই এহা বলে গোর্জ্জ এক মারিল খেচিয়া ॥ দারাব লইল তাহা ঢালে ওড়াইয়া ✽ রদ করে দিয়া তার গোর্জ্জের উয়ার ॥ মারিল খেচিয়া জোরে তেগ আবদার ✽ এয়ছা জোরে তেগ মেরে ছিল পাহালওান ॥ গিরিল আরবি মর্দ্দ হয়ে দুই খান✽দেখিয়া সোয়েব ফের তেছুর জওানে॥ কহিল সেতাবী জাহ চলিয়া ময়দানে ✽ চাহে কি সে ঘোড়া হেকে ময়দানে আসিয়া ॥ লড়ে দারাবের সাতে মোকাবেলা হৈয়া ✽ হেনকালে দিন গেল হয়ে আইল সাম ॥ সেদিন মকুফ হৈল মহিমের কাম ✽ বাজিল বাহুড়ি ডঙ্কা ফিরিল ছেফাই ॥ জার জে আসিয়া ডেরে রহিল সবাই✽ দোছরা রোজেতে ফের দু দলে লস্কর ॥ মহিমে তৈয়ার হৈল ময়দান উপর✽ সোয়েব আপনা লোকে কহিল এয়ছাই ॥ একে২ আজ কেহ না কর লড়াই বড়া পাহালওান আছে ইরানি জওান॥ এয়ছাই লড়িয়া কাহে হবে পেরেসান✽ একবারে লড়হ যাইয়া সকলেতে ॥ আল্লা জার জস দিবে হইবেক ফতে ✽ এয়ছাই শুনিয়া জত আরবি ছেফাই ॥ ঝুকে আইল একবারে করিতে লড়াই ✽ দেখিয়া তখন জত ইরানি ছওার ॥ গোস্বা দেলে কুদে চলে বলে মার২ ✽ কেহবা লইয়া গোর্জ্জ কেহ লিয়া তেগ॥ লড়িতে লাগিল সবে হয়ে বেদেরেগ✽ঝনাঝন ঠনাঠন চলিল এয়ছাই ॥ লোহাতে হাতুড়ি পেটে লোহার জেয়ছাই ✽ এইরূপে মস্তহালে দুদলে লস্কর ॥ লড়িতে লাগিল খুব ময়দান উপর✽বাদসা দারাব আর জত নামদার॥ গোস্বা ভরে মেরে চলে খেচিয়া তলওার দফা২ ছাফ করে ঘোড়া বেড়ি দিয়া॥ এক ঠাই থাকে নাই বেড়ায় কুদিয়া✽ঘোরে জেন চারি ধারে কুমারের চাক ॥ আরবি লস্কর ভাগে দেখিয়া বিপাক ✽ কহে সবে এই মর্দ্দ বড়া পাহালওান॥ মুস্কিল এহার হাতে বাচাইবা জান ✽ কোন রূপে গেবাইতে পারিলে এহায় ॥ তবেত ভালাই দোখ নহে মহাদায় ✽ এহা বলে হেম্মত করিয়া সকলেতে॥ লড়িতে লাগিল খুব দারাবের সাতে✽তিন রাত তিন দিন হইল লড়াই॥ মস্তহালে করে জঙ্গ দুদলে ছেফাই ✽ না করে বাহুড়ি ডঙ্কা লড়ে রাত দিন॥ বিনাহারে সকলে হইয়া আইল ক্ষিন✽গিরিল বহুত লোক দুই দিক হৈতে ॥ কেলার বাগান জেন গিরিল ঝড়েতে✽ লাসেতে ভরিয়া গেল তামাম ময়দান ॥ নদিনালা বয়ে চলে লহুর তুফান✽ চৌঠা রোজেতে মর্দ্দ সোয়েব আসিয়া ॥ লড়ে দারাবের সাতে মকাবেলা হৈয়া ✽ বহুত করিয়া জঙ্গ তাহার বাদেতে ॥ আখেরে মরিল

হেকে জোরে ঘোড়া কোদাইয়া ॥ তেগতলে মেরে চলে মুণ্ডমালা দিয়া * ঝনাঝন ঠনাঠন চলিল হাতি য়ার ॥ মেরে জোরে কেটে পাড়ে হাজারে হাজার * রুমের ছেফাই আর ইরানী লস্কর ॥ এইরূপে লড়ে সবে ময়দান উপর * পাহালওান জঙ্গা মর্দ্দ দারাব সরদার॥ ঘোড়া হাকে ঝাকে২ মারে তলওার * এক ঠাই থাকে নাই জেন পিলমস্ত ॥ হাজারে হাজার লোকে কোরে দিল পস্ত * জে দিকেতে জায় মর্দ্দ হামলা করিয়া ॥ দেখে ডরে ভাগে লোক জান বাচাইয়া * আখেরে রুমের জত তিরেন্দাজ ছিল ॥ চারি দিক হৈতে তারে ঘেরাও করিল * ঝাকে২ মারে তির খেচিয়া কামান ॥ বিপাক দেখিয়া তবে দারাব জওান * আল্লাকে ইয়াদ করে তেগ লিয়া হাতে ॥ ঘোড়া হেকে কুদে জোরে লাগিল কাটীতে * চারি দিক হৈতে এসে লাগে জত তির ॥ কাতর না হয় মর্দ্দ জেন মহাবীর * গেরাইল রুমের লস্কর বেশুমার বহাইল লহু নদী ময়দান মাঝার * আখেরেতে রুমি লোক লাচার হইল ॥ লড়িবার তাব কার নাহিক রহিল * তবু পাহালওান মর্দ্দ দারাব সরদার ॥ ঘোড়া হাকে গোস্বা ভরে মারে তলওার * নাহিছাড়ে কার তরে জারে পায় কাছে ॥ গেরাইল কত লোকে তলওারের নীচে * ফেরে জেন সের হেন ময়দান উপর ॥ দেখে তারে ভাগে ডরে রুমের লস্কর * তখন সে হাল দেখে আপে সাহা রুম॥ দারাবেরে জঙ্গা মর্দ্দ করিয়া মালুম * সেতাব ভেজিল নামা লিখিয়া এয়ছাই ॥ সোন মর্দ্দ আর নাই করিবে লড়াই * আজেজ হইল মেরা জত লোক জন ॥ বড়া পাহালওান তুমি বুঝিনু এখন * আসিয়া এখানে আমি হইনু লাচার ॥ জঙ্গ ছাড় ছোলে কর ওাস্তে খোদার * খেরাজ কবুল করে রহিব খেদমতে ॥ জাহা চাবে হাজের করিব হুজুরেতে * এয়ছাই লিখন পেয়ে দারাব ছরদার ॥ ছোলেনামা মঞ্জুর করিয়া লিল তার * মকুফ করিয়া জঙ্গ লস্কর লইয়া ॥ ফিরিল ময়দান হতে খোসাল হইয়া * রুম সাহা ছোলে করে লইয়া লস্কর ॥ গেল আপনার দেশে রুমের সহর * ফতে করে আইল জবে দারাব ছরদার॥ দেখে রাসনওাদ খুসি হইয়া হাজার * লিখিল হুমার আগে দারাবেরহাল॥ আর দিল হুজুরে ভেজিয়া সেই লাল লিখেছিল খুলে কিন্তু এমনি প্রকার ॥ জে রূপে দারাব ছিল সিন্দুক মাঝার * জে রূপেতে ধুবি পেয়ে তাহার কারন ॥ রাখিয়া বেটার মত করিল পালন * জে রুপে সিন্দুক বিচে পায় সেই লাল ॥ একে২ বিবরিয়া তামাম আহওাল * আর ছিল ভাঙ্গা ঘরে সুয়ে জে প্রকার॥ গাএবি আওাজ সেথা হৈল তিন বার * তাবাদে জে রূপে ফের মহিম করিয়া ॥ রুমের সাহার তরে দিল ভাগাইয়া * ফিরে আইল ফতে করে মহিমের কাম ॥ তাবেদার হৈল সাহা রুম নেকনাম * পাইয়া জে হুমা বিবী এয়ছাই লিখন ॥ খুসি হৈল দেল বিচে বুঝিয়া আপন * কহে এই পাহালওান আমার ফরজন্দ ॥ ঠিক বঠে জানা গেল নাহি কিছু সন্দ * এহা ভেবে তলব করিল দারাবেরে ॥ আইল দারাব মর্দ্দ বিবীর হুজুরে * বিবী ফের হাল তার পুছিল খুলিয়া ॥ দারাব আপন হাল দিল সুনাইয়া * তবে রাসনওাদ মর্দ্দ কহে এ প্রকারে পহেলা দেখিয়া এছে কহিনু তোমারে * চেহেরাতে আছে এর কায়ানী নেসান ॥ কায়ানের নছলেতে হবে এ জওান * ইহা বলে খোসালিত হইয়া অন্তরে ॥ ছেরে মুখে বোছা দিয়া দারাবের তবে * কোলে লিয়া ছের পরে দিয়া সাহি তাজ ॥ বসাইল তক্ত পরে কোরে ছরফরাজ * মহাম্মদ খাতের কহে গেল দুক্ষ ভার ॥ সাহি কর খুসিতে দারাব নামদার * বোলন্দ করিল খোদা তোমার তকদির ॥ তেকারনে ইরানে হইলে জাহাগির * নহেত নাবর ঘরে রহিয়া মোদাম ॥ করিতে হইত তার পেসাগিরি কাম * হাজার সোকর কর খোদার দরগায় ॥ জে জন আনিয়া সাহি বকসিল তোমায় *

দারাব বাহমনের বেটা ইরানের তক্তে বসিবার ও সোএর নামে
আরবির সাতে মহিম করিয়া ফতে পাইবার বয়ান *

পয়ার * হুমা বিবী ইরানে আছিল তাজদার ॥ কত দিন গোজারিলে বাদেতে তাহার * পাইয়া বেটার তরে খোসাল হইয়া ॥ ইরানের তাজ সাহি দিলেন শুপিয়া * হইল দারাব জদি বাদসা জাহাগির আরকান দওলত সব হইল হাজির * মেহের করিল সাহা সবার কারনে ॥ এনাম খেলাত খুব দিল জনে জনে * তাহাবাদে সাহা ফের ডাকিয়া ধুবিরে ॥ মালমাত্তা জামাজোড়া দিয়া তার তরে * কহিল ঘরেতে জাহ হয়ে খুসি মন ॥ পেসাগিরি কাম এবে ছাড়িয়া আপন * বাজারের বিচে এক দোকান

একেলা মারিল ॥ দাগ চড়াইতে ওছে কেহ না পারিল* জওয়ার্মর্দ্দ কেবা আর আছে লস্করেতে॥ একেলা হেম্মত করে জাইবে লড়িতে * এইরুপে ভাবাগোনা করিতে আছিল ॥ আল্লার কুদরতে দিন গোজা রিয়া গেল * বাজিল বাছড়ি ডঙ্কা হৈল নিমাসাম ॥ ফিরিল দুদলে তবে লস্কর তামাম * আইল দারাব মর্দ্দ আপন খিমায় ॥ রাসনওাদ দেখিয়া তারিফ কোরে তায় * এনাম খেলাত এনে দিল নেওাজিয়া ॥ রহিল দারাব মর্দ্দ খোসাল হইয়া * দোছরা রোজেতে ফের উঠিয়া ফজরে ॥ চলিল লস্কর লিয়া ময়দান উপরে * হেকে বলে আইস দেখি রুমের ছেফাই ॥ মেরা সাতে আজ ফের করিতে লড়াই * শুনিয়া এয়ছাই বাত রুমের সোলতান॥আপনার লস্করেতে করিল ফরমান* একে২ লড়ি জদি এহার সহিতে॥ কোনরুপে করিবারে না পারিবে ফতে* একুবারে আইস সব ঘেরাও করিয়া ॥ তেগতির মেরে জোরে দেহ গেরাইয়া * এয়ছাই হুকুম পেয়ে রুমের ছেফাই ॥ একেবারে আইল সবে করিতে লড়াই* তখন দারাব মর্দ্দ এলাহি ভাবিয়া ॥ তেগ লিয়া জোরে হেকে চলিল কুদিয়া* রুমের লস্করে গিয়া মারে তল ওার ॥ কাটাকাটি ছোটাছুটী হৈল সোর সার * জেদিকে জাহারে পায় মারে খেদাড়িয়া ॥ হাজারে হাজার লোকে দিল গেরাইয়া * মারে কোড়া জোরে ঘোড়া কুদিয়া বেড়ায় ॥ দিকে২ কত লোকে কা-টীয়া গেরায় * লস্কর সরদার জত তারা মস্তহালে॥ কুদে জোরে গোস্বা ভরে মারে তেগ তলে*রুমের লস্কর কিস্তু তির তলওারেতে ॥ বহুত করিল জঙ্গ ইরানীর সাতে * মারা গেল দুইদলে বহু ত লস্কর ॥ বহিল খুনের নদি ময়দান উপর* তবু সে দারাব মর্দ্দ ঘোড়া ওঠাইয়া ॥ মারে জোরে পায়জারে না দেয় ছাড়িয়া* জে দিকে হাকিয়া ঘোড়া জায় পাহালওান ॥ এক চোটে ঠায় কাটে দশবিস জওান * গেরা ইল বেসুমার রুমের লস্কর ॥ রুম সাহা দেখে তাহা হইল কাফর * এইরূপে লড়িতে২ আখেরেতে নিমাসাম হয়ে আইল পাইল দেখিতে * বাজিল বাছড়ি ডঙ্কা শুনিয়া সবাই ॥ জঙ্গ ছেড়ে দুইদলে ফি-রিল ছেফাই * জার জে ডেরেতে এসে খানা পানী খায় ॥ খুসি হালে রাত কালে শুয়ে নিন্দ জায় * রাসনওাদ পাহালওান কহে দারাবেরে ॥ হাজার সাবাসি তেরা মর্দ্দমির পরে * লড়িলে তামাম দিন নাই ডরাইলে ॥ রুমের লস্কর মেরে গারত করিল * সাবাস২ মর্দ্দ খুব জোরওার ॥ দস্তবাজু পরে তেরা রহম খোদার * এহা বলে জামাজোড়া খেলাত আনিয়া ॥ খুসি হয়ে দারাবেরে দিল নেওাজিয়া * খে লাইল এনে ফের সারাবের জাম ॥ খেয়ে পিয়ে সুয়ে রহে করিয়া আরাম * হোথায় রুমের জত লস্কর ছেফাই ॥ ডরে ডরাইয়া দেলে তাহারা সবাই*কহিতে লাগিল এছা হুজুরে বাদসার ॥ সোনহ কয়ছর সাহা বাদসা নামদার * বড়া জোরওার সব ইরানী ছেফাই ॥ মহিম করিয়া কিছু না দেখি ভালাই * লড়িল জে জন আজ বড় পাহালওান ॥ হুজুরে কি কব তার জোরের বয়ান* জেয়ছা মর্দ্দ তেয়ছা কদ জোর ভি তেয়ছাই ॥ মোকাবেলা হয় তার কেহ এয়ছা নাই * জোদকে বাঘের মত জায় সে কুদিয়া ॥ তার আগে জায় সবে গারত হইয়া*রুমের ছরদারে এছা তাকত না হৈল ॥ দাগ চড়াইতে তারে কেহ না পারিল * কাল জদি এসে ফের করে সে লড়াই ॥ তামাম করিবে তেরা রুমের ছেফাই * এছাই তাকত নাহি আছে কার গায় ॥ লড়িবারে তার সাতে ময়দানেতে জায় * এখন মছলত এই সোন নাম দার ॥ ফিরে চল রুম দেশে হইয়া লাচার * নাহিক জাইবে জদি মহিম করিবে ॥ আখেরেতে তার হাতে পেরেসান হবে * শুনে তবে রুম সাহা লাগিল কহিতে ॥ নাহি ডরাইবে কেহ দেলের বিচেতে না লড়িয়া পিছে হেটে ফিরে জদি জাই ॥ হাতে তালি দিয়া লোক হাসিবে সবাই * জদিচ সেহভি এয়ছা গায়ে রাখে জোর ॥ মারিব তাহার ভরে ময়দান উপর * একেলা সে পাহালওান কত জোর ধরে এত লোক পালাইয়া জাবে তার ডরে * বেহানেতে কাল সবে ময়দানে জাইয়া ॥ তির মেরে তার তরে দেহ গেরাইয়া * খোদা চাহে ফতে হবে মহিমের কাম ॥ দখল করিয়া লিব মুল্লক তামাম * এয়ছাই মছলত করে রহে রাতকালে ॥ ফজরে উঠীয়া ফের চলিল সকলে * বাজিল মহিম ডঙ্কা ময়দান উপর ॥ মালুম করিয়া তাহা ইরানী লস্কর * কোমর বান্ধিয়া সেজে আইল ময়দানে ॥ রুমের লস্কর সব আছিল জেখানে * দুই দলে মোকাবেলা করিয়া তখন ॥ লড়াই করিল সুরু হয়ে গোস্বা মন * মার২

অহল এয়ছাই ॥ ইহা কি তাজ্জব কথা শুনিবারে পাই * জাহ এই ঘর বিচে সেতাবি চলিয়া ॥ কে করে আওয়াজ এয়ছা আইসহ জানিয়া * শুনিয়া কয়েক লোক গিয়া সেতাবিতে ॥ দরিয়াপ্ত করিয়া খুব দেখে চারিভিতে * আসিয়া কহিল সোন ছাহেব সরদার ॥ এক মর্দ্দ সুয়ে আছে ঘরের মাঝার * ভাঙ্গা টুটা ঘর কিন্তু আছে সে এমন ॥ ডরে সে ঘরেতে জেতে নারে কোনজন * জানা গেল আছিল সে নেদা গায়েবের ॥ কভু সে আওয়াজ নাহি ছিল মানুসের * শুনে রাসনওাদ মর্দ্দ কহে সবাকারে ॥ সেতাবী আনহ সেই জওানের তরে * শুনে সবে সেই ঘড়ি জাইয়া তরায় ॥ দারাব আছিল সুয়ে জাগাইল তার কহিল ময়দানে চল জেথা লোগ জন ॥ ভাঙ্গা ঘরে একা শুয়ে কিসের কারন * দারাব সুনিয়া এয়ছা তখনি উঠিয়া ॥ তাহা সবাকার সাতে আইল চলিয়া * কিন্তু সেই ভাঙ্গা ঘর দারাব আসিতে ॥ তখনি জে চারিদিকে লাগিল গিরিতে * হেথা রাসনওাদ মর্দ্দ পোছে দারাবেরে ॥ কহ মর্দ্দ ঠিক বাত আমার হুজুরে * কাহার ফরজন্দ তুমি কোন দেসে ঘর ॥ বুঝাইয়া মোর তরে কহ সে খবর * দারাব কহিল তবে সোন বিবরন ॥ পালিল আমার তরে ধুবি এক জন * মা বাপ কে ছিল মোর না পারি কহিতে ॥ নেহাত কি কব তাহা তোমার সাক্ষাতে * দরিয়াতে গিয়া ছিল ধুবি একদিন ॥ পাইল সিন্দুক এক জানিবে একিন * তবে সে সিন্দুক এনে খোলে কেনারায় ॥ মুঝে আর কয় লাল সিন্দুকেতে পায় * তাহাবাদে গোজারিল আর জত হাল ॥ সোনাইল একে২ খুলিয়া কামাল * সুনে রাসনওাদ মর্দ্দ হয়ে খুসি মন ঘোড়া আর খিযা এক আনিয়া তখন * দিল দারাবের তরে মেহের করিয়া ॥ দারাব হইল খুসি খেলাত পাইয়া * তাবাদে সে রাসনওাদ কহে লোক জনে ॥ আন গিয়া কেহ এবে ধুবির কারনে * পুছিব তাহার তরে বেওরা এহার ॥ তবেত দেলেতে মেরা হইবে এতবার * এহা সুনে কোন লোক জাইয়া তখন হাজির করিল এনে ধুবির কারন * তবে রাসনওাদ মর্দ্দ পুছিল ধুবিরে ॥ দারাবের হাল ছারা কহ না আমারে * কহে সে তামাম হাল বয়ান করিয়া ॥ একে২ কহিতে লাগিল বিবরিয়া * জে রুপে দরিয়া বিচে সিন্দুক পাইল ॥ জে রুপে সে সিন্দুকেতে দারাব আছিল * আর সে সিন্দুক বিচে পাইল জে লাল ॥ সোনাইয়া দিল মর্দ্দ তামাম আহওাল * তাবাদে আনিয়া ফের ঘরেতে তখন ॥ জে রুপে বেটার মত করিল পালন * জে রুপেতে গিয়া ফের ওস্তাদের ঠাই ॥ সিখে মহিমের বন্দ হইল ছেফাই * কহিয়া তামাম হাল তাবাদে আখেরে ॥ ফের সেই লাল সব দিলেক হুজুরে * তবে রাসনওাদ মর্দ্দ দেখিয়া সেহাল ॥ পাছানিয়া দেল বিচে হইল খোসাল * বুঝিল তখন খুব করিয়া পছন্দ ॥ আলবত্তা হইবে এই বাহমনের ফরজন্দ * এহা ভেবে মোরাতবা বাড়াইল তার ॥ আছিল লায়েক জেয়ছা সানেতে বাদসার * কিন্তু জে পুসিদা হাল দারাবের তরে ॥ না খুলিল ভেদ কিছু জাহের না করে * এয়ছাই কয়েক রোজ গোজারিয়া গেল ॥ তাবাদে রুমের সাহা আসিয়া পওছিল * আলাও লস্কর সাতে লিয়া বেসুমার ॥ ময়দানের উপরেতে হৈল নমুদার * তবে রাসনওাদ মর্দ্দ কহে দারাবেরে ॥ লস্কর লইয়া জাহ ময়দান উপরে * আইল কয়ছর রুম লইয়া ছেফাই ॥ তুমি আগে তার সাতে করগে লড়াই * শুনিয়া এয়ছাই বাত দারাব তখন ॥ চলিল ময়দান পরে লিয়া লোক জন * আছিল জেখানে সব রুমের সেফাই ॥ মোকাবেলা হয়ে সুরু করিল লড়াই * পহেলা আইল এক রুমের সওার ॥ মস্তহাতি হেকে জোরে বলে মার২ * দারাব দেখিয়া জোরে ঘোড়া ওঠাইয়া ॥ ছওার আছিল জেথা পওছিল জাইয়া * মারিল সে রুমি মর্দ্দ গোজ্জ লিয়া হাতে ॥ দারাব সে চোট লিল উড়িয়া ঢালেতে * তাবাদে দারাব ফের গোজ্জ ওঠাইয়া ॥ মারিল তাহারে এয়ছা জোরেতে খেচিয়া * লাগিয়া সে চোট তার মাথার উপরে ॥ গর্দ্দান ঢুকিয়া গেল ছিনার ভিতরে * মারা গেল পাহালওান গিরীয়া জমিনে ॥ দোছরা ছওার ফের আইল ময়দানে * হেকে বলে সোনরে ইরানি পাহালওান ॥ দেখি কত জোর রাখ ওড়াইব সান * এহা বলে মারিল সে নেজা ঘোমাইয়া ॥ দারাবের কোমরেতে লাগিল আসিয়া * আহা না করিল কিন্তু দারাব জওান ॥ ধরিয়া সে নেজা তার দিল এক টান * ছাড়াইয়া লিয়া জোরে পেটে মারে তার ॥ ভুড়ি নেকলিয়া গিরে মরিল ছওার * এইরুপে একে২ আইল কয় জন ॥ মারিল দারাব মর্দ্দ সবার কারন * দেখিয়া রুমের সাহা করে হায় হায় ॥ কহে এয়ছা পাহালওান না দেখি কোথায় * কয়েক ছওার মেরা

তখন*জওহরির দোকানে সেএয়াকুত বেচিয়া ॥ ঘোড়া জোড়া হাতিয়ার আনিল কিনিয়া* তার পরে
মেহনত করিয়া ছোবে সাম ॥ মহিষের বন্দ জত সিখিল তামাম * বড়া পাহালওান মর্দ্দ হৈল জোর
ওার ॥ হামেসা জঙ্গলে গিয়া করিত সেকার * এইরূপে কিছু দিন গোজারিয়া গেল ॥ এক দিন দেলে
এয়ছা খিয়াল করিল * ধুবি ও ধুবিনী এই মা বাপ জে মোর ॥ কেমন মা বাপ মেরা না জানি খবর *
হইতুন জদি আমি এদের নছলে ॥ পেসা কাম কেন মেরা নাহি লাগে দেলে * আলবত্তা এহার বিচে
আছে কোন ভেদ॥ পুছিয়া লইব এবে কোরে খুব জেদ*এহা ভেবে ঘরেতে আসিয়া পাহালওান॥কহে
ধোবানির তরে সোন মামাজান * একবাত পুছি আমি নাহিক ভাড়াও ॥ ঝুট জদি কহ তবে মোর
মাথা খাও * ধোবানি কহিল বাছা ঝুট না কহিব ॥ জে কিছু পুছিবে তুমি ঠিক বাতাইব * দারাব পু
ছিল কহ শুনি বিবরন ॥ কেমন মা বাপ মেরা তোমরা দুজন * ধোবানী কহিল তবে সোন বাবাজান ॥
কহি সে সকল হাল করিয়া বয়ান * এক রোজ ধোবা জায় কাপড় কাচিতে ॥ আনে তুঝে ওঠাইয়া দ
রিয়া হইতে * নাহি জানি কেবা তুঝে সিন্দুকে ভরিয়া ॥ দিয়াছিল নদির পানিতে ভাসাইয়া * এহা
বোলে সিন্দুক আনিয়া দেখাইল ॥ আর দেখাইল তাথেলাল জাহা ছিল * কহিল এলাল শুদ্ধা পাইনু
তোমায় ॥ এই তক জানি বাবা কহিনু নিশ্চয়* দারাব একথা শুনে হৈল খুসিমন ॥ এয়ছাই দেলের বিচে
বুজিল আপন * তবে কোন নামদার আমার মা বাপ ॥ দুসমনের ডরেতে পাইয়া দেলে তাপ * ভাসা
ইয়া দিল মুঝে নদির পানিতে॥ না হইলে লাল কেন দিত মোর সাতে * এয়ছাই দেলেতে মর্দ্দ বুঝিয়া
কামাল ॥ আখেরে ধুবিনী হৈতে লিল সব লাল * হইয়া খাতের জমা দেলের বিচেতে ॥ এরাদা করিল
ফের ছফরে জাইতে * হেনকালে লোক মুখে শুনিল এয়ছাই ॥ লইয়া রুমের সাহা লস্কর ছেফাই *
জাইবে ইরান দেশে মহিম করিতে ॥ লিখিয়াছে ইরানিকে তৈয়ার থাকিতে * ইরানেতে হুমা বিবী ক-
রেন বাদসাই ॥ জখন পাইল বিবী লিখন এছাই * রাসনওাদ নামে তার লস্করে ছরদার ॥ হুকুম করিল
তারে এমনি প্রকার * এবে তুমি খবর ভেজিয়া ঠাই২ ॥ জত পার জমা কর লস্কর ছেফাই * দেসে২
পাহালওান জেখানে জে ছিল ॥ রাসনওাদ সবে এয়ছা খবর ভেজিল * জাহার এরাদা থাকে চাকরি
করিতে ॥ আসিয়া সে হাজির হইবে এখানেতে* নেহাত শুনিল এয়ছা দারাব জখন ॥ কহে আর ছফ
রেতে নাহি প্রয়োজনন * জাইব ইরানে এবে চাকরি করিতে ॥ মর্দ্দমি জাহের মেরা হইবে জাহাতে *
এহা বোলে আপনার ঘোড়া জোড়া লিয়া ॥ রওানা হইল মর্দ্দ ধুবিকে কহিয়া* রাসনওাদ পাহালওান
জেখানে আছিল ॥ জাইয়া তাহার আগে হাজের হইল * কহিল আমার নাম দারাব ছরদার ॥ চাকরি
করিতে আইনু হুজুরে তোমার * শুনিয়া সে রাসনওাদ দারাবের তরে ॥ হাজির করিল লিয়া হুমার
হুজুরে * কেননা সে হুমা বিবী আপনি দেখিয়া॥ রাখিত চাকর জত পছন্দ করিয়া*দেখে তারে খুসি
হয়ে কহে দেল বিচে ॥ এই পাহালওান খুব জওামর্দ্দ আছে * কায়ানি নেসান দেখি চেহেরা বিচেতে
হবে কোন কায়ানির নছল হইতে* এহা ভেবে কহিল রাখহ এছে লিয়া॥ তলব জিয়াদা দিবে সবাকে
চাহিয়া * শুনিয়া দারাব মর্দ্দ হয়ে খুসি মোন ॥ জাইয়া লস্কর বিচে রহিল তখন * জমিল জখন সেথা
বহুত ছেফাই ॥ রাসনওাদ দিল তবে হুকুম এয়ছাই* এখান হইতে এবে গিয়া সকলেতে ॥ খিমা তাম্বু
ওঠাইয়ারহ ময়দানেতে* আসিয়া পৌছিবে জবেরুমের সেফাই ॥ তাহা সবাকার সাতে করিবে লড়াই
এহা শুনে সকলেতে জাইয়া ময়দানে ॥ খিমাতাম্ব ওঠাইইয়া রহে খুসি মনে * সেই দিন এলাহির
কুদরত হইতে ॥ মেঘ হয়ে পানি খুব লাগিল বরসিতে * তখন তামাম লোক বাহিরে থাকিয়া ॥ জার
জে খিমার বিচেরহিল জাইয়া * নাহিক আছীল খিমা দারাবের সাতে ॥ ভাবাগোনা করে মর্দ্দ দেলের
বিচেতে * ভাঙ্গা এক ঘর সেথা দেখিতে পাইল ॥ গিয়া সে ঘরের বিচে ঘুসিয়া রহিল * আখেরে
আইল নিন্দ রহিল শুইয়া ॥ তখন আওাজ এক পৌছিল আসিয়া * গায়েবে কহিল কেহু সোন
টুটা ঘর ॥ হুসিয়ার হইয়া রহ সোনহ খবর * আছে ইরানের সাহা সুইয়া এখানে ॥ তেকারনে মানা
করি তোমার কারনে * বাহমোনের বেটা সেহ বড়া নামদার ॥ নাহিক টুটীবে তুমি উপরে তাহার *
এই রূপে তিনবার আওাজ হইল ॥ রাসনওাদ পাহালওান সুনিতে পাইল * ডাকিয়া সে লোক জোনে

দিল বেসুমার ধন * লস্করে এনাম দিল কত জামা জোড়া ॥ কারে বা হাতিয়ার দিল কারে হাতি ঘোড়া * খয়রাত করিল ফের কত সত মাল ॥ গরিব কাঙ্গাল জারা হইল নেহাল * আদল এনছাফ খুব লাগিল করিতে ॥ নেক নামি হৈল খুব দুনিয়া বিচেতে * কিন্তু জে আছিল বিবী হামেল বরদার ॥ খালাছের দিন জবে পুরা হৈল তার * বেটা এক পয়দা হৈল ছুরত জামাল ॥ দেখিয়া তাহারে বিবী হইল খোসাল * তখনি দায়ের তরে লিল মাঙ্গাইয়া ॥ হাওালা করিল তারে এয়ছাই কহিয়া * সোন দাই লিয়া তুমি এহার কারন ॥ দুরে গিয়া কোনখানে করগে পালন * কহিবে এয়ছাই তুমি লোকের সাক্ষাতে ॥ মরা ছেলে হইল বিবীর পেট হৈতে * এয়ছাই সুনিয়া দাই লিয়া সে লাড়কায় ॥ দুরে গিয়া পালিতে লাগিল পুসিদায় * সাত মাহিনার লাড়কা হইল জখন ॥ বিবী ফের মাঙ্গাইয়া নিকটে আপন দেখে এয়ছা ভাবাগোনা করে দেল বিচে ॥ জদি এবে রাখি এছে আপনার কাছে ॥ কিছুদিন পরেজবে হইবে সেয়ানা ॥ সুনিবে তামাম লোকে এগানা বেগানা * কি জানি তখন পাছে সকলে মিলিয়া ॥ দেয় মেরা বাদসাইতে খলল ডালিয়া * এয়ছাই ভাবিয়া বিবী দেলের বিচেতে ॥ আনিয়া সিন্দুক এক পুসিদা রূপেতে * রাখে সে সিন্দুক বিচে লাড়কার লাগিয়া ॥ আর কয়লাল তায় দিল ছাপাইয়া * রাতকালে কহে এক গোলামের তরে ॥ ভাসাইয়া দেহ এছে দরিয়া উপরে * সুনে সে সিন্দুক লিয়া তখনী চলিল ॥ দরিয়ার পানি বিচে ভাসাইয়া দিল * কত দুরে ভেসে গিয়া ফজর হইতে ॥ ধুবি এক ছিল সেথা পাইল দেখিতে ধরিয়া সে কেনারেতে আনিল তুলিয়া ॥ ডালা খুলে দেখে এছা নজর করিয়া * আছে এক লাড়কা খুব ছুরত জামাল ॥ আর তাথে দেখিতে পাইল কয় লাল * খুসিহয়ে তবে সে লাড়কার তরে লিয়া ॥ তখনি আপনা ঘরে আইল চলিয়া * জরু তার দেখেবলে এই কার ছেলে ॥ আহামরি কোথা হতে লইয়াআইলে ধুবি কহে ধোবানীকে সুন দেল দিয়া ॥ কাল জে তোমার বেটা গিয়াছে মরিয়া * বেকারার ছিলে তুমি বেটার খাতের ॥ ত্তেকারনে আল্লাতালা করিয়া মেহের * গাএবে ভেজিল এই লাড়কার কারনে ॥ পাইনু দরিয়া বিচে সোন বিবরন * দিয়াছে এলাহী এছে বদলা তাহার ॥ গম দুক্ষ নেভাইতে তোমার আমার কিন্তু এই ছেলে জে আছিল সিন্দুকেতে ॥ আর এই লাল সব আছিল তাহাতে * দেখিয়া ধোবানীহল খোসাল হাজার ॥ ছেজদা সোকরকরে দরগাতে খোদার * তারপরে লিয়া সেই লড়কার কারন ॥ পালিতে লাগিল খুব করিয়া জতন * রাখিল জে নাম তার দারাব বলিয়া ॥ এয়ছাই কয়েক রোজ জায় গোজরিয়া আখেরেতে ধুবিওধোবানী এছুরতে ॥ ডরাইল আপনার দেলের বিচেতে * কহে এই হাল কেহ জানিতে পারিয়া ॥ পাছে কোন দুক্ষ দেয় মোদের লাগিয়া * তা হইলে এই ছেলে জাবে হাত হৈতে ॥ গম দুক্ষ পেরেসানি হবে ওঠাইতে * এয়ছাই ভাবিয়া দোহে লিয়া সে লাড়কায় ॥ সেথা হৈতে গিয়া রহে দো-ছরা জাগায় * বে আন্দেসা রহে সেথা হইয়া খোসাল ॥ কেহ সেথা জানিতে নাহিক পারে হাল * সেয়ানা হইল জবে দারাব সেথায় ॥ ছেলে সবাকার সাতে খেলিয়া বেড়ায় * এছাই তাকত জোর হইল বদনে কোন ছেলে জোরে না আটীত তার সনে * কিন্তু সেই ধুবি জদি কহিত তাহারে ॥ আপনার পেসাকাম করিবার তরে * কোনমতে কাপড় সে নাহিক ছুইত ॥ হামেসা সে কাম হৈতে ভাগিয়া ফিরিত * হয়রান থাকিত ধুবি দেখিয়া সে হাল ॥ কহিত দিয়াছে খোদা আজব ছওাল * খাহেস নারাখে জাতে হবে উপার্জ্জন ॥ খাবে পিবে খেলাইবে সদা এই মন * নাহক কিসের তরে খেলিয়া বেড়ায় ॥ পাড়বারে দিয়া আসি মক্তব খানায় * ইহা বলে দারাবেরে লইয়া সঙ্গেতে ॥ পড়িবারে দিয়া আইল মক্তব খানাতে লেখা পাড় করে মর্দ্দ রহে সেইখানে ॥ এলেমেতে ওস্তওার হৈল থোড়া দিনে * আক্কেল দানাই খুব হইল জখন ॥ একদিন এসে কহে ধুবির কারন * খোদার ফজল হৈতে লেখা পড়া কাম ॥ সেখা হইয়াছে এবে আমার তামাম * কিন্তু এবে ঘোড়া জেরা ঢাল তলওার ॥ দেহ মুঝে পাহালওানি সি-সিব এবার * ধুবি কহে আছি আমি গরিবি হালেতে ॥ ঘোড়া জেরা তেরা তরে দিব কোথা হৈতে * সুনিয়া দেলগির হৈল দারাব মর্দ্দানা ॥ দুই রোজ গোস্বা করে না খাইল খানা * আখেরে ধোবানী দেলে হইয়া কাতর ॥ ছেরে মুখে বোছা দিয়া করিয়া আদর * এক দানা এয়াকুত আনিয়া দিল তারে কহিল বেচহ ইহা জাইয়া বাজারে * ঘোড়া জোড়া কিনে লেহ জাহা তেরামন * সুনিয়া দারাবমর্দ্দ চলিল

লাগিয়া ॥ না রাখ কএদ করে দেওনা ছাড়িয়া * কেননা সে জাল শাহা বন্দি নাহি রাখে ॥ নাহক কি সের তরে দুক্ষ দিবে তাকে * বদি ছিল রোস্তমের বেটার সহিতে ॥ মারা গেল সেহ তেরা হুকুম হইতে সোকর করহ এবে দরগাতে খোদার ॥ হাছেল হইল ফতে মহিম তোমার * ইহা সুনে মেহের করিয়া জাহাগির ॥ খালাছ করিয়া দিল জালের খাতির * কহিল সিস্তান দেশ রহিল তোমার ॥ খাজানা খে-রাজ দেবে ভেজিয়া আমার * তাবেদারি হতে ছের নাই ফেরাইবে ॥ তাহইলে মেরা হাতে খারাব হইবে জাল সাহা কবুল করিয়া সব বাত ॥ ছালাম তছলিম কৈল ওঠাইয়া হাত * তাবাদে বাহমন সাহা করিল ফরমান ॥ ডেরা তাম্ব ওঠাইয়া চলহ ইরান * সুনিয়া তামাম লোক ডেরা ওঠাইয়া ॥ ইরানে রওানা হয় সিস্তান থাকিয়া * জাল সাহা কত দুর গিয়া সাতে২ ॥ আখেরে বিদায় হয়ে আইল ঘরেতে * মহাম্মদ খাতের কহে কেতাব বচন ॥ জে রুপে বাহমন মরে শুন সর্ব্বজন *

বাদসা বাহমন মরিবার সময় আপন বেটিকে বাদসাই

সুপিয়া দেয় তাহার বয়ান *

ত্রিপদী * একদিন রাতকালে, খোসালিত হয়ে দেলে, বাদসা বাহমন নামদার ॥ চলে মহলের বিচে, কেহু নাই আগে পিছে, রাহা বিচে আছিল আন্ধার * দেখিতে নাহিক পায়, ধীরে২ চলে জায় সাপ এক এসে আচম্বিতে ॥ গাৰ্জ্জিয়া উঠীল বড়া, ফণি তুলিয়া খাড়া, কাটিল জে বাদসার পায়েতে * তাহে সাহা ডরাইয়া, তখনি মহলে গিয়া, মাঙ্গাইল তবিব গুনিন * করে কত দাওা পানি, নাহি ঘুচে পেরেসানি, বিসে তনু হয়ে আইল ক্ষীন * বুঝিল এরছাই দেলে, আছিল আমার হালে, হয়ে আইল আখেরির সমায় ॥ বেটা কেহু নাহি মেরা, এ মাল মুল্লক ছারা, কার তরে সুপি এ সময় * হুমা নামে এক বেটী, রুপে গুনে পরিপাটী, ছিল খুব আকেল দানাই ॥ ডাকিয়া তাহার তরে, তাজ সাহি দিয়া ছেরে, সুপে দিল তক্তের বাদসাই * উজির নাজির আর, জত নামি নামদার, সুনে সবে বাদসার খবর আসিয়া পঁওছিল তবে, কহে বাদসা তাহা সবে, মউত পঁওছিল এসে মোর * বেটা জে রহিলে পরে তাজ সাহি দিয়া তারে, হইতুন আপনি বিদাই ॥ সোন ভাই কহি সবে, বেটি এক আছে এবে, দিনু তায় সুপিয়া বাদসাই * হুকুম মাফিক তার, চালাইবে কারবার, কোনবাতে না ফেরাবে ছির ॥ কহে সবে আছি রাজি, না করিব দাগাবাজি, তাবেদারি করিব বিবীর * তাবাদে বিবীর তরে, কহে সাহা এ প্রকারে সোন বিবী কহিয়া জানাই ॥ আছ তুমি হামেলেতে, বেটা জদি হয় তাথে, তার তরে সুপিবে বাদসাই এই ওছিয়ত করে, বাদসা তাহার পরে, নিজবাসে করিল গমন ॥ বাপেরে সে হাল দেখে, জারে জার আপনাকে, কান্দে বিবী করিয়া রোদন * বহুত কান্দিয়া ফিরে, কহিল সবার তরে, সাহাকে দফন কর লিয়া ॥ শুনে সবে সেই ঘড়ি, লিয়া তারে দড়দড়ি, গোরস্তানে আইল গাড়িয়া * তার পরে সোন সবে বিবীর আহওাল এবে, ভেদ কথা কহিয়া জানাই ॥ জে রুপে হামেল তার, হইল সে সমাচার, সুনিলে জে হাসিবে সবাই * আতস পরস্ত জাতে আপনা বেটীর সাতে, করিত জে ছহবত বেভার ॥ আছিল ছুরত বিবী, দেখিয়া তাহার ছবি, আসকে বাহমন নামদার * আপন বেটির সনে, মিলিয়া জে খুসি মনে, করে ছিল ছহবত গোজরান ॥ বাপের ছহবত হতে, ছিল বিবী হামেলেতে, কেতাবেতে এছাই বয়ান * ফর জন্দ হইলে তার, নানাকে জে আপনার, নানা না কহিয়া কবে বাপ ॥ কহে হীন কবিকার, এক বাপ মা বেটার, একথা সুনিলে হয় তাপ *

হুমা নামে বাহমনের বেটি ইরানের তক্তে জে রুপে বসিয়া বাদসাই

করে আর তার বেটা হইয়া জেহালে ধুবির ঘরে

পালন হয় তাহার বয়ান *

পয়ার * মরিলে বাহমন সাহা তাহার বাদেতে ॥ হুমা নামে বেটী তার বার দিল তক্তে * উজির আরকান আদী চাকর গোলাম ॥ আসিয়া হাজের হৈল খেদমতে তামাম * হুকুম মাফিক সবে রহিল হাজর ॥ কেহু কোনবাত পরে নাই লাড়ে ছির * খোসালিত হয়ে বিবি সবার কারন ॥ এনাম বকসেস

তোমার ॥ এনছাফ করিয়া বোঝ দেলে আপনার * কেননা আমার বাপ তোমার ওস্তাদ ॥ ভুলমে
সেকথা নাহি করিলে ইয়াদ * এহা শুনে গোশ্বাতে বাহমোন নামদার ॥ গোর্জ্জ হাতে লিয়া আইল
বলে মার২ * ফারামর্জ্জ দেখে তাহা হুসিয়ার হইল ॥ বাহমন আসিয়া গোর্জ্জ খেচিয়া মারিল* ঢালে
উড়ে রদ করে দিয়া গোর্জ্জ তার ॥ করে ফের তার পরে গোর্জ্জের উয়ার * বাহমন লইল গোর্জ্জ
ঢালেতে উড়িয়া ॥ না লাগিল চোট কারি গেল রদ হৈয়া * এই রূপে গোর্জ্জ বাজি করে দুই জন ॥
হারাইতে কেহু কারে নারে কদাচান * বহুত লড়িয়া এছা গোর্জ্জ রেখে দিয়া ॥ লড়িতে লাগিল ফের
তেগ হাতে লিয়া*কাটাকাটী ছুটাছুটী করিল বিস্তর ॥ টুটিল দোহার তেগ হইল ফাপর*নেজা লিয়া
ফের দোহে জোরেতে কুদিয়া ॥ মস্তহালে করে জঙ্গ ফতের লাগিয়া * কেহু নাহি পায় ফতে বহুত ল
ড়িল ॥ আখেরেতে দিন গেল নিমাসাম হৈল* বাজিল বাহুড়ি ডাঙ্কা ছাড়িয়া লড়াই ॥ ফিরিল ময়দান
হৈতে দুদলে ছেফাই * দোছরা রোজেতে ফের সাজিয়া লস্কর ॥ আইল তৈয়ার হয়ে ময়দান উপর
গরম হইল খুব জঙ্গের বাজার ॥ নেজা গোর্জ্জ লিয়া সবে বলে মার২ * ইরানি ছিস্তানি লোক মিলেদুই
দলে ॥ নেজা গোর্জ্জ তেগ লিয়া লড়ে একুবারে * মারে জোরে কুদে ফেরে তামাম ছওয়ার ॥ দুই দলে
গেরে লোক হাজারে হাজার* লহু নদি বহিয়া চলিল জেনবান॥ মরা লাসভাসে তাথে সোলার সমান
এইরূপে তিন দিন হইল লড়াই ॥ মারা গেল দুইদলে বহুত ছেফাই* চৌঠা রোজেতে এক ঝড়ি অন্ধ
কার ॥ উঠিল ময়দান পরে মক্করে খোদার * ইরানি লস্কর পানে নাহক জাইয়া ॥ ছিস্তান লস্করে ঝড়ি
পৌছিল আসিয়া*খাকধুলা চক্ষে মুখে পড়িয়া সবার ॥ দেখিতেনা পায় কেহু হইল লাচার*খুসিহালে
ছিলজত ইরানি ছেফাই॥সেই ওক্তে সেজে আইল করিতে লড়াই*কি করে ছিস্তানি লোক হয়েপেরে
সান ॥ লড়িতে না পারে ভাগে বাচাইয়া জান* ফারামর্জ্জ দেখে জদি ময়দান থাকিয়া॥ ভাগিল তামাম
লোক ডরে ডরাইয়া*তখন বুঝিল মর্দ্দ দেলেতে এছাই॥বক্ত মেরা হৈল বুরা ভাগিল ছেফাই*লাচার
হইয়া সেশে হাতে লিয়া তেগ ॥ একেলা ইরানি লোকে মারে বেদেরেগ* ঘোড়া হাকে ঝাকে২ দেয়
গেরাইয়া ॥ ময়দানেতে লহু নদি দিল বহাইয়া * আছিল বাহমোন সাহা লস্করের বিচে॥ কুদেগিয়া চা
হেকি গেরায় তেগ নিচে* বদবক্ত ছিল কিন্তুনা পারিল তায় ॥ দেখিয়া তামাম লোক আসিয়া তবায়
ঘেরাও করিয়া লিল চারিদিক হৈতে ॥ ঝাকে২ মারে তির খেচিয়া জোরেতে * চারিদিক হৈতে তির
লাগে এসে গায় ॥ পাহালওান তার বাগেফিরে নাহি চায় * ঘোড়া লিয়া রেগা দিয়া মারে তলওার ॥
কত লোকে গেরাইল করে ছারখার * আখেরে গিরিল ঘোড়া জখম হইয়া ॥ পাও পেদা হয়ে লড়ে
তেগ হাতে লিয়া * ছাড়িয়া জানের আসা ভাবিয়া নিদান ॥ গেরাইল কত লোকে করে খান২ *
এইরূপে মস্তহালে মারে তলওার ॥ ছামনে আসিতে কেহু না পারে তাহার * তির মেরে কিন্তু এয়ছা
জখম করিল॥ তামাম অজুদ তার ঝাঞ্জারা হইল*নেকলিয়া গেল খুনকম হৈল জোর॥লড়িবারে নাহি
পারে ময়দান উপর * আখেরে বেহুস মত হৈল ফারামর্জ্জ॥পিছে হৈতে এক মর্দ্দ মারে তায় গোর্জ্জ
খাইয়া সে চোট তার সামালিতে নারে ॥ ধমকে গিরিয়া গেল জমিন উপরে * চাহেকি তখনি ফের
উঠে হয় খাড়া ॥ দেখে সে ইরানি মর্দ্দ গোশ্বা হয়ে বড়া* আর এক গোর্জ্জ মারে খেচিয়া জোরেতে ॥
বেতাব হইল মর্দ্দ না পারে উঠিতে * তবে সে আসিয়া লিল কয়েদ করিয়া ॥ বাহমোন বাদসার আগে
দিল পৌছাইয়া * দেখিয়া বাহমোন সাহা কহিল তখন ॥ এখনি মারিয়া ডাল এহার কারন * দুসমনে
মারিতে দের করা নাহি চাই ॥ গেরাইয়া দেহ এছে জাউক বালাই* এয়ছাই হুকুম জদি বাদসার হইল
শুনে এক পাহালওান তখনি উঠীল* বেরহম দেল তার নাহি ছিল দয়া॥মারিয়া ডালিল ফারামর্জ্জের
লাগিয়া * মারা গেল পাহালওান কলম খোদার ॥ বাপের ছদকাতে জান করিল নেছার * তাবাদে
বাহমন সাহা কহিল এয়ছাই ॥ সহরে জাইয়া এবে তামাম ছেফাই * লুটে গিয়া ঘর বাড়ি দেহ জালা
ইয়া ॥ সহরের লোক জন ডালহ মারিয়া * এহা শুনে বসৌতন কহে হুজুরেতে ॥ না হয় উচিত এয়ছা
জুলুম করিতে* রায়েত প্রজার কিছু না আছে তকছির ॥ মারিবেন সবাকারে কিসের খাতির * বেগর
গোনাতে এছা না দেহ আজার॥ এলাহী তোমার পরে হইবে বেজার * আর তুমি পাহালওান জালের

পেরেসান হৈল পাহালওান জাল ॥ ভাবে মন্নে ফের মুঝে ঘটিল জঞ্জাল * [illegible]তে লাগিল এয়ছা কাছেদের তরে ॥ কহনা জাইয়া তুমি বাহমোন সাহারে * মিছে সেহ দেল বিচে রাখে বদি কিনা॥ না করিল গোনা খাতা রোস্তম মর্দ্দানা * আজিজি মিনতী জে করিয়া বার২ ॥ মালমাত্তা নজরানা লিয়া বেস্মুমার * হাতি ঘোড়া জামাজোড়া অনেক প্রকারে॥ দিতে চেয়েছিল ইস্পিন্দিয়ারের তরে*পাহাল ওান কিছু নাহি কবুল করিল ॥ কহর হইতে নাহি রহমে আইল * এবে জদি আসিয়াছে রাহমন মর্দ্দানা ॥হুজুরে তাহার আমি দিব নজরানা*এছাই ওক্কেদ মেরা দেলের মাঝার॥রহিব বাদসার আগে হয়ে তাবেদার * জদি সে বাহমন সাহা বাদসা জাহাগির ॥ মারিবারে চাহে মুঝে আছিত হাজির * ছের না ফেরাব তার হুকুম হইতে ॥ জে কিছু কহিবে মুঝে রাজি আছি তাতে * এহা বলে মালমাত্তা কাছেদেরে দিয়া ॥ খুসি করে দিল মর্দ্দ বিদায় করিয়া*কাছেদ জাইয়া তবে বাদসার আগেতে॥জালের তারিফ করে লাগিল কহিতে * সোন সাহা জাল মর্দ্দ তাবেদারি বীনে॥ কোন এয়ছা আদাওতি নাহি রাখে মনে * এহা বলে একে২ বয়ান করিয়া ॥ জে কিছু কহিল জাল দিল সোনাইয়া * জাল সাহা আছে জদি ফরমা পিজীর ॥ শুনিয়া বাহমন সাহা বাদসা জাহাগির * ছিল জত দেল বিচে কহরের তাফ ॥ তখনি সে সব মর্দ্দ করে দিয়া মাফ * ডেরা তাম্ব ওঠাইয়া লইয়া লস্কর ॥ চলিল জালের ডেরে সহর ভিতর * জখন নজদিকে খুব পৌছিল জাইয়া ॥ জাল সাহা সুনে আইল লাগু বাড়াইয়া * পাও পেদা ছের লাঙ্গা হইয়া হাজির ॥ ছালাম তছলিম করে নওাইয়া ছির * খুসিতে বাহমন সাহা বাদসা নামদার ॥ মিলিল জালের সাতে করিয়া পিয়ার * জাল সাহা তাজিম করিয়া বাহমনেরে ॥ ডেরে এনে বসাইল তক্তের উপরে* মাল মাত্তা নজরানা দিয়া বেস্মুমার ॥ হাত জোড়া রহে খাড়া হুকুম বরদার * আর জত ছিল সাতে উজির নাজির ॥ নজরানা দিল জাল সবার খাতির*জোড়া ঘোড়া কত ফের লস্ক রেতে দিল ॥ খেদমত দেখিয়া তার সবে খুসি হৈল * তাহাবাদে বাদসা বাহমন নামদার ॥ পুছিল জালের তরে কহ সমাচার* ফারামর্জ্জ পাহালওানে না দেখি হেথায়॥ কোন কামে কি কারনে গিয়াছে কোথায় * জাল সাহা কহে আজ কয় রোজ হৈতে ॥ নেকলিয়া গেছে মর্দ্দ সেকার করিতে* আপনি আসিবে হেথা নাহিক সে জানে॥ জানিলে সে না জাইত সেকার কারনে*শুনিয়া এছাই বাত জালের মুখেতে ॥ গজব করিয়া সাহা লাগিল কাহতে*রওানা হইনু জবে ইরান থাকিয়া॥ তামাম মুল্লকে গেল খবর পওছিয়া * নাহি কি পওছিল তাহে খবর এছাই ॥ আলবত্তা সে শুনিয়া থাকিবে কোন ঠাই * বুঝিনু সে আছে কিছু গরুরির পরে॥ হাজির নাহিক হবে আমার হুজুরে* না হইলে কেবা কোথা সে কারে জাইয়া ॥ এত দিন থাকে ঘরে না আসে ফিরিয়া * জানা গেল দেল বিচে বদি আছে তার ॥ না চাহে সে তাবেদারি করিতে আমার * কহিয়া এয়ছাই বাত হয়ে গোস্বা মন ॥ কয়েদ করিল ধরে জালের কারন * তখন আজেজি করে জাল নামদার ॥ কহে কি কছুর মেরা হুজুরে তোমার * রোস্তম করিয়া ছিল থোড়া এয়ছা গোনা ॥ নাহি সেহ বেচে আছে সোন জাহাপানা* জদি সে দুনিয়া বিচে থাকিত হায়াতে ॥ লিতে ইস্পিন্দিয়ারের দাদ তাহা হৈতে * খোদার দোহাই তুঝে আমার উপরে ॥ জুলুম না কর তাক মেহের নজরে * গোলাম মাফিক আমি পাও পেদা গিয়া ॥ আনিনু তোমার তরে তাজিম করিয়া*দেখহ মরতবা কত বাড়ানু তোমার॥এনছাফ করিয়া দেলে বুঝে নামদার*হাককতে রোস্তম ওস্তাদ তেরা ছিল ॥ কেননা সে তোমারে হুনর সেখাইল* এছাই সুনিয়া সাহা বাহমন তখন আরোভি জালের পরে হয়ে গোস্বা মন * না ছাড়িল ধরে লিয়া ঘর হৈতে তার॥ গিয়া ফের রহে মর্দ্দ ময়দান মাঝার * কি করে কএদে জাল রহিল লাচারে ॥ হোথা ফারামর্জ্জ মর্দ্দ ফিরে আইসে ঘরে * সুনিল রাহার বিচে খবর এয়ছাই ॥ বাহমন নামেতে বাদসা লইয়া সেফাই * এসে ছিল তেরা সাতে লড়িবার তরে ॥ ঢুড়ে সে তোমারে নাহি পাইয়া আখেরে * লিয়া গেছে পাহালওান জালকে ধরিয়া রেখেছে লস্কর বিচে কয়েদ করিয়া * এয়ছাই সুনিয়া মর্দ্দ গোস্বা হয়ে মনে ॥ তখনি লস্কর লিয়া পও ছিল ময়দানে * দেখিয়া বাহমন সাহা লস্কর লইয়া ॥ মকাবেলা হৈল তার সেতাবি জাইয়া * ফারা মর্জ্জ কহে বাত সোনহ বাহমন ॥ ধরিয়া আনিলে মেরা দাদার কারন * বড় বেয়াদবি কাম হইল

কান্দে ফারামর্জ্জ অন্দর বাহির * কান্দিয়া এয়ছাই নবে ভাবিয়া গুনিয়া ॥ আখেরে ছবর কোরে রহে খামসিয়া * তাহাবাদে জাল সাহা ফারামর্জ্জে বলে ॥লেহ না বাপের দাদ জাইয়া কাবুলে * দাগাদিয়া মারে তেরা বাপের তরেতে ॥ তুমি তারে মার গিয়া আপনার হাতে * এহা সুনে ফারামর্জ্জ লস্কর লইয়া ॥ চলিল কাবুল দেসে রওানা হইয়া * হোথায় কাবুল সাহা লোকের জবানি॥ নেহাত খবর যদি শুনিল এমনি * ফারামর্জ্জ দাদ লিতে আপনা বাপের ॥ আইল লস্কর লিয়া মহিম খাতের * তবে সে ডরিয়া দেলে ৮ য়া সহর॥ভেগে পালাইয়া গেল পাহাড় উপর*ফারামর্জ্জ এসেদেখে সহব বিচেতে না আছে কাবুল সাহা ভাগিল ডরেতে * তবে মর্দ্দ গোস্বা হয়ে করে কোন কাম ॥ জালাইয়া দিলতার মহল তামাম * তক্ত পরে গোর্জ্জ মেরে গুড়া করে দিল ॥ লুটে লিল মাল মাত্তা জেথা জা পাইল * এই রূপে সহর তারাজ কোরে দিয়া ॥ গেল ফের সেথা হৈতে ময়দানে চলিয়া* মারা গিয়াছিল জেথা রোস্তম পিলতন ॥ আর তার সঙ্গেতে আছিল জত জোন * মরা লাস পড়িয়া রয়েছে সবাকার॥ দেখে মর্দ্দ ফারামজ্জ কান্দে জারে জার * কি কব লাসের হাল বয়ান করিয়া ॥ খালি হাড় পড়িয়া রয়েছে শুখাইয়া * জানওারে গায়ের গোস্ত খেয়েছে তামাম ॥ হাড় বিনে গোস্তের নাহিক আছে নাম * আখেরে দেলেতে মর্দ্দ ভাবিয়া গুনিয়া॥ রোস্তম আর জাওারার হাড় ওঠাইয়া*তাবুত করিয়া লিয়া গিয়া ছিস্তানেতে ॥ দফন করিয়া ফের তাহার বাদেতে*গোস্বাতে কাবুলে আইল মহিমে আবার ॥ কাবুলের সাহা হৈল লড়িতে তৈয়ার * দুইদলে মোকাবেলা ছেফাই২ ॥ তির তলওারে খুব হইল লড়াই * কাবুলি বহুত লোক গিরিল ময়দানে ॥ আখেরে ধরিয়া জোরে বাদসার কারনে * গোস্বাভরে ফারামজ্জ ওঠাইয়া তেগ ॥ মারিল বাদসার তরে হয়ে বেদেরেগ * মারা গেল দাগাবাজ ঘুচিল জঞ্জাল ॥ ফতো পেয়ে ফারামর্জ্জ হইয়া খোসাল * লোক জন লিয়া ফিরে আইল সিস্তানে ॥ রহে আপনার ঘরে খোসালিত মনে * অধিন খাতের কহে এলাহি ভাবিয়া ॥ নছিবে জা ছিল জার গেল গোজরিয়া * সব সে করিতে পারে ছোবহান কাদের॥ হাতিকে মচ্ছর হৈতে রাখিয়াছে জের*তাহার কলম রদ না হয় কখন ॥ সোন এবে গোস্তাস্প সাহার বিবরন *

বাদসা গোস্তাস্প মরিবার আর বাহমন ইরানের তক্তে বসিয়া ছিস্তানে জাইয়া ফারামজ্জকে মারিবার বয়ান ॥

পয়ার * এক রোজ দেল বিচে খোসাল হইয়া ॥ বসিল গোস্তাস্প সাহা দরকাব করিয়া * উজির নাজির আদি লইয়া ছেফাই ॥ আছিল দরবার বিচে হাজির সবাই * কহিতে লাগিল সাহা এয়ছাই তখন ॥ বেটা মেরা বেচে নাহি আছে কোন জন * আছে জে বাহমন মর্দ্দ বেটার ফরজন্দ ॥ জওা মর্দ্দ পাহালওান বড়া হুস মন্দ* হকদার তাহা ছেওা নাহি কোন জন॥ তাজ সাহি লায়েক জে তাহার এখন * বাপ তার মারা গেল বেগর গোনাতে ॥ দেওা চাই সাহি এবে তাহার তরেতে * শুনিয়া তামাম লোক কহিল এছাই ॥ খুসি আছি এইবাতে আমরা সবাই* তখন আনিয়া সাহা বাহমনের তরে ॥ তক্ত পরে বসাইল তাজ দিয়া ছেরে*বসৌতনে উজির করিয়া দিল তার॥হইল তামাম লোক খোসাল হাজার * কিছুদিন এছাই জে গোজারিয়া গেল ॥ তাহাবাদে বাদসা ফের বেমার হইল* একসওবিস সাল বাচিয়া আখেরে ॥ ছেড়ে দুনিয়ার মায়া গেল নিজ ঘরে * তখন বাহমন মর্দ্দ কায়েম হইয়া ॥ আদল এনছাফ করে তক্তে বার দিয়া * হুকুমের তাবে রহে জত লোকজন ॥ ছোট বড় সকলে হইয়া খুসি মন * তখন এরাদা দেলে করিল এছাই ॥ জাব এবে ছিস্তানেতে করিতে লড়াই* মারিল রোস্তম মেরা বাপের কারন ॥ বাপ আর বেটা তার আছে জে এখন * জাল আর ফারামজ্জ দোন পাহালওান দাদ লিব মেরে তাহা দোহার গর্দ্দান * এছাই মছলত করে দেলের মাঝার ॥ লস্কর ছামানা খুব করিয়া তৈয়ার * চলিল ছিস্তান দেসে রওানা হইয়া ॥ কয়রোজ গিয়া রাহে পৌছিল জাইয়া * ময়দানে করিল ডেরা লইয়া লস্কর ॥ ভেজিল জালেরআগে এছাই খবর * সোন পাহালওান জাল কহি জে তোমায় ॥ লইতে বাপের দাদ আইনু হেথায় * কিনা দেলে তেরা সাতে মহিম করিয়া ॥ ময়দানেতে লহু নদী দিব বহাইয়া * এছাই খবর লিয়া কাছেদ জখন ॥ জাইয়া কহিল মর্দ্দ জাদের কারন * সুনে,

এরূপে হায় আমার কারন* না হৈল দরদ তুঝে সোনরে গাঙার ॥ কিবলে জওাব দিবি হুজুরে খোদার শুনিয়া সিগাদ মুজি কহিল এয়ছাই ॥ মহিম করিয়া তুমি কত ঠাই২ * মারিলে বহুত লোকে কোরে জালাতন ॥ তাহার সাজাই এই তোমার এখন * কাবুলের সাহা ফের কহে এ প্রকারে ॥ কহ জদিনোস দারু আনি তেরা তরে * রোস্তম কহিল তারে সোনরে বেহায়া ॥ রাখ আপনার ছেঃ নোস দারু লিয়া হামেসা কায়েম কেহ না রবে জগতে ॥ সবাকারে এই রাহে হইবে জাইতে * কায়কাউছ কায় খোছরু আর জে কোবাদ ॥ আছিল দুনিয়া বিচে এয়ছা নামজাদ * মেরা আগে সকলেতে ছেড়ে এ দুনিয়া ॥ একে২ আখেরেতে গেলেন চলিয়া * দেখ আমি সবা হৈতে বাচিনু বিস্তর ॥ এবে এ দুনিয়া হৈতে করিব ছফর * ফারামর্জ্জ বেটা মেরা জাঙ্গয়া ছেফাই ॥ আসিয়া সে মেরা দাদ লিবে তেরা ঠাই * এহা বলে কহে ফের সিগাদের তরে ॥ হইল আছিল জাহা আমার তকাদরে* কিন্তু মেরা তাব নাহি আছে হেলিবার ॥ রহিনু একেলা পড়ে ময়দান মাঝার * বাঘ ভাল এসে পাছে পাকড়িয়া খায় ॥ তা হইলে বড় দুক্ষ হইবে আমায় * হায়২ এই মেরা হইল আখেরে ॥ জিতা তানে পাকড়িয়া খাইবে জানওারে * ওাস্তে খোদার দেহ তির ও কামান॥ জানওার হইতে তবে রহিব আমান* এছাই শুনিয়া হেসেসিগাদ বেপির ॥ দিল লিয়া রোস্তমে কামান আর তির* রোস্তম সে তির পেয়ে কহিল তখন ॥ সুনরে সিগাদ তুঝে মারব এখন*মুঝে মেরে তুমি কোথা রহিবে বাচিয়া ॥ জিতা জানে তোর তরে না দিব ছাড়িয়া আগে তুঝে মেরে আমি পিছেতে মরিব ॥ আমার মরন তুঝে দেখিতে না দিব * এহা সুনে সিগাদ ভাগিয়া চলে জায় ॥ রোস্তম হাকিয়া বাত কহে এছা তায় * জতদুর জাবে তুমি সুনরে বেপির ॥ খোদা চাহে গেরাইব মেরে এই তির*এখন কুওত এছা আছে মেরা গায় ॥ কোস ভর জাহ তবু মারিব তো মায়*এছাই কহিয়া তিরে জুড়িল কামান ॥ দেখিতে পাইয়া তাহা সিগাদ সয়তান*ছাপিল জাইয়া এক গাছের আড়েতে ॥ রোস্তম মারিল তির খোঁচিয়া জোরেতে * এছা জোরে পাহালওান মেরে ছিল তীর দরক্ত ফাড়িয়া দিল করিয়া চৌচির * সিগাদের বুকে লেগে পিঠ হৈল পার ॥ ধমকে গিরিল গিধা জমিন মাঝার * ছটফট করে জান গেল নেকলিয়া ॥ মরা লাস সেইখানে রহিল পড়িয়া * আপনার দাদ লিয়া দুসমন হইতে ॥ রোস্তম সোকর ভেজে খোদার দরগাতে* কহে মেরা এইবাতে দেলে হৈল শুখ ॥ দুসমনে মারিয়া মরি না রহিল দুখ* এহা বলে থোড়া ঘড়ি বাদেতে তাহার ॥ খোদার খাহেসে জান করিল নেছার*আছিল আল্লার চাহা জমিনে পাড়য়া ॥ রোস্তমের জান গেল কবজ হইয়া * লোক জন আর জে জাওারা তার ভাই ॥ মারা গেল সাতে তার ছিল জে সবাই * কিন্তু এক ছওার জে আ- ছিল বাচিয়া ॥ তখনি সে রোস্তমের লস্করে জাইয়া * কহিল তামাম হাল করিয়া বয়ান ॥ জার২ হৈল সুনে জত পাহালওান * কহে হায়২ কি করিল নামদার ॥ কিবলে জালের আগে দিব সমাচার * বুড়া কালে নছিবে হইল তার দুখ॥ মারিবে তোমার সোকে ফেটে জাবে বুক*এইরূপে সকলেতেবহুত কান্দিয়া ॥ কহে সবে জালকে খবর করি গিয়া* বেছের হইয়া হেথা থাকা নাহি চাই ॥ পাছে কি দুস্মন আসে করিতে লড়াই* এহা বোলে সেথা হৈতে ডেরা ওঠাইয়া॥ ছিস্তান সহরে সবে পৌছিল আসিয়া জাইয়া জালের আগে জত পাহালওান ॥ কেন্দে রোস্তমের হাল করিল বয়ান* শুনে পাহালওান জাল বেটার খবর ॥ বসিল ছাতিতে তার সোকের কবর*কহে হায় রোস্তম করিলি কোন কাম .. এত দিনে গেল তেরা পাহালওানী নাম* হায় বাবা মোরে ছেড়ে রহিলি কোথায় ॥ না দেখে তোমার তরেছাতি ফেটে জায় * বুড়া কালে ওঠাইতে হৈল দুক্ষ ভার ॥ ঝাঞ্জেরা হইল সোগে কলেজা আমার * তোমা বিনে ঘর খালি এবে কোন জন ॥ জুলুম করিবে এসে আমার কারন * এলাহি মউত আগে না কারল মেরা ॥ বেটা-পোতার সোকে ছাতি হৈল পারা২ * এইরূপে কান্দে সাহা গড়াগড়ি জায় ॥ আহা২ বলে মুক্ষ মারিয়া মাথায় * রোস্তমের মাতারি হইয়া জারেজার ॥ আছু বহাইয়া কান্দে কহে এপ্রকার এক হাজার এক সও তেরো সাল জিয়ে॥নিজ ঘরে গেলি বাবা সবাকে ছাড়িয়ে* বুড়া মা বাপের তরে না লইলি সাতে ॥ অভাগিনি জলাঞ্জলি রহিনু জলিতে * এইরূপে কান্দে বিবী হইয়া অস্থির ॥ শুনে

ছওয়ার হইয়া * সাতে করে লইয়া সে সিগাদের তরে ॥ রওানা হইয়া চলে কাবুল সহরে * পোঁছল জাইয়া জবে সহর বিচেতে ॥ সুনিয়া কাবুল সাহা আজিজির সাতে * ছের লাঙ্গাপাও পেয়াদা আসিয়া তরায় ॥ কান্দিয়া২ কহে রোস্তমের পায় * আমা হৈতে গোনা খাতা হইয়াছে জাহা ॥ মেহের করিয়া মাফ করিবেন তাহা * এহা বলে জোড়হাতে রহে নামদার ॥ রোস্তম আজিজি এয়ছা দেখিয়া তাহার * মাফ কোরে দিল খাতা মেহের করিয়া ॥ মিলিল খুসিতে ফেরগলায় ধরিয়া * তখন কাবুল সাহা রোস্তমের তরে ॥ আনিল মেহমানি করে আপনার ঘরে * বসায়ে তক্তের পরে করিয়া তাজিম ॥ আপনি খেলায় খানা হইয়া খাদিম * খেদমত দেখিয়া তার রোস্তম ছরদার ॥ হইল দেলের বিচে খোসাল হাজার * দুই চারি রোজ জবে গোজারিয়া গেল ॥ সিগাদ কমিনা এয়ছা বাদসাকে কহিল * সিকার বাহানা করে রোস্তমের তরে ॥ লিয়া চল এই ওক্তে ময়দান উপরে * দের নাহি করা চাই সোন নামদার ডালিলে ওহারতরে কুওার মাঝার * এহা সুনে এক ওক্তে খোসাল অন্তরে ॥ কহিল কাবুল সাহা রোস্তমের তরে * চলহ রোস্তম মর্দ্দ সেকারেতে জাই ॥ বহুত জানওার হেথা আছে এক ঠাই * ভাতে২ আছে হেথা এতেক জানওার ॥ বয়ান করিয়া কত কহিব তাহার * দেখিলে সেসব তুমি চক্ষেতে আপন ॥ সেকারে মাতিয়া রবে হয়ে খুসি মোন * জদ্দপি খাহেস থাকে সোন পাহালওান ॥ নেকলিয়া জাই চল জেথা সে ময়দান * শুনিয়া এয়ছাই বাত রোস্তম ছরদার ॥ আজলে টানিল জেতে হইল তৈয়ার * এলাহি মউত জার লিখিয়াছে জেথা ॥ রহিতে নাহিক পারে জেতে হয় সেথা * সাতে করে লিয়া মর্দ্দ জাওারার তরে ॥ দুই ভাই ছওার হইল ঘোড়া পরে * আর লিল সাতে করে থোড়াই ছওার ॥ আখিরি লেবাছ পিন্দে হইল তৈয়ার * তখন কাবুল সাহা বাদসা জাহাপানা ॥ চড়িয়া ঘোড়ার পরে হইল রওানা * আর চলে সাতে সেই সিগাদ গাওার ॥ মিলে জুলে সকলে হইয়া রাহাদার * হাসি খেলি পাসা পাসি কাতার বান্ধিয়া ॥ চলিল ময়দান পরে ঘোড়া ওঠাইয়া * কাবুলের সাহা আরসিগাদ কমিনা ডাহিন তরফ হৈতে চলে দুই জনা * রোস্তম আপনা সাতে লোক জন লিয়া ॥ বাম তরফেতে চলে রওানা হইয়া * কুওার নজদিগে জবে জাইয়া পৌছিল ॥ নয়া মাটী দেখ ঘোড়া ঠাহরিয়া গেল * দেল বিচে সোবা করে ওফাদার ঘোড়া ॥ আগে নাহি পাও রাখে রহে সেথা খাড়া * কাবুলের সাহা আর সিগাদ কমিনা ॥ ঘোড়া হেকে আগে বেড়ে গেল দুই জনা * রোস্তমের ঘোড়া জদি রয়ে গেল পিছে ॥ পাহালওান সরমিন্দা হইয়া দেল বিচে * খেচিতে লাগিল জোরে লাগাম ধরিয়া ॥ কোন মতে ঘোড়া জবে না জায়বাড়িয়া * তখন দেলেতে মর্দ্দ গোস্বা হৈয়া বড়া ॥ খেচিয়া ঘোড়ার পরেমারে এক কোড়া রখসো ঘোড়া খেয়ে কোড়া ভরিয়া গোস্বাতে ॥ জোরেতে কুদিল সেইকুওা পার হৈতে * আছিল জা-নার চাহা রদ না হইল ॥ এক কুওা বিচে তার জাইয়া গিরিল * তির তলওার নেজা পাড়া ছিল তায় ॥ লাগিল বহুত চোট রোস্তমের গায় * ঘোড়া ও রোস্তম এয়ছা জখম হইল ॥ হেলিবারে তাবকার নাহিক রহিল * তবু সেই ঘোড়া কিন্তু কুদিল জোরেতে ॥ জাইয়া পড়িল ফের দোছরা কুওাতে * সেই রূপ কারি চোট লাগে সে কুওায় ॥ কাতর হইয়া মর্দ্দ করে হায় হায় * কুদিয়া২ এয়ছা ঘোড়া ওফাদার ॥ একে২ সাত কুওা হয়ে গেল পার * আখেরে কুদিয়া কিন্তু জমিনে উঠিল ॥ পড়িল বেতাব হয়ে তাব না রহিল * পারা২ হইয়া জে তামাম অজুদ ॥ এয়ছা কোন ঠাই নাহি আছিল সাবুদ * হাত পাও নাক মুখ চক্ষু ও ওজুদ॥ এছা কোনঠাই নাহি আছিল সাবুদ * হাত পাওনাক মুখ চক্ষু আরকান ॥ কেটেছিড়ে গিয়া ছিল হয়ে খান২ * ঘোড়া ও রোস্তম হৈল বেতাব এয়ছাই ॥ লোক জন আর জে জাওারা তার ভাই * পিছে ছিল কুওা বিচে পড়ে আচম্বিতে ॥ মারা গেল কেহ নাহি বাচিল তাহাতে * নেহাত জানিল তবে রোস্তম মর্দ্দনা ॥ দাগাতে ডালিল মুঝেসিগাদ কমিনা * জানেরদুসমন কিধি হইয়া আমার মারিল কুওাতে ফেলে করিয়া লাচার * আছিল জে এই হালে মউত এখানে ॥ নহে কেয়াবস্তে পারে আমার কারনে * জা হউক দুসমনি জেকরিল সিগাদ ॥ মরিব লইয়া কিন্তু আপনার দাদ * এহাভেবে কহে মর্দ্দ সিগাদে এছাই ॥ সোনু গিধী আমি জেআছিনু তেরা ভাই * আইনু এখানে তেরা ভালাই করিতে ॥ কোন বাতে দুসমনি নাহিক তেরা সাতে * তুমি কেন দাগাবাজি করিয়া এমন ॥ মারিলে

নাতে তোমার* হামেহাল এইরূপে কাতর হইয়া॥ খোদার দরগাতে মর্দ্দ মাঙ্গিতেন দোওা* সিগাদ
জখন খুব হইল সিয়ানা ॥ দেখে পাহালওান জাল করে ভাবা গোনা* সাদির ওজেদে তারে কাবুলে
পাঠায় ॥ হাল হকিকত দিল লিখিয়া নামায় * নামা লিয়া কাবুলে সে পওছিল জাইয়া॥জালের লিখন
দিল বাদসার লাগিয়া * পড়িয়া কাবুল সাহা জালের লিখন ॥ বুঝিয়া তামাম ভেদ হয়ে খুসি মন *
আছিল কুওারি এক বেটী আপনার॥সিগাদের সাতে সাদী দেলাইল তার* রহিল সিগাদ সেথা করে
সাদি বিয়া॥এইরূপে কত দিন জায় গুজারিয়া * কিন্তু সে কাবুল সাহা বাদসা জাহাপানা ॥ হামে হাল
রোস্তমেরে ভেজিত খাজানা*কাবুলে রোস্তম ফের গিয়া এক ওক্তে ॥খাজানা লইল কিছু বেশীআগে
হৈতে*আর কত গাও সেথা খারাব করিয়া ॥ ছিস্তান দেসেতে মর্দ্দ আইল ফিরিয়া*তবে সে জুলুম
হৈতে কাবুলের সাহা ॥ দুক্ষ মনে হামেহাল করে আহা২*বাদসার আফছোছ দেখে সিগাদ গাওার ॥
এক রোজ হুজুরেতে কহে এ প্রকার*সোন সাহা রোস্তমের জুলুম হইতে ॥ বহুত নাখোস আমি হইনু
দেলেতে*কেননা জে এখানেতে খাতেরে আমার॥ লেহাজ সরম কিছু না হইল তার*মেরা পরেকিছু
নাহি মেহের করিল॥এবাতে আমার বড়া সরম হইল*এখন এরাদা মেরা দেলেতে এছাই ॥কোনরূপে
রোস্তমেরে মারিয়া গেরাই*জত দিন তারে আমি না পারি মারিতে॥মেরা এইদুক্ষ নাহিজারেদেলহতে
শুনিয়া কাবুল সাহা কহিলতাহারে॥কহ দেখিরোস্তমে মারিবে কি ফিকিরে* সিগাদ কহিল সুনবাদসা
নামদার ॥ এক রোজ গিয়া আমি হুজুরে তাহার * কহিব তোমার খুব সেকায়েত করে ॥ তা হইলে
হেথা সে আসিবে গোশ্বাভরে * আইলে তখন তুমি তাহার সহিতে ॥ খুসিহালে মিলিবে জাইয়া
আখেরেতে*আনিবে তাবাদে ফের মেহমানী করিয়া ॥ কিন্তু তারে এই রূপে ডালিবে মারিয়া * জা
ইব জখন আমি নিকটে তাহার ॥ তদবির করিবে তুমি হেথা এ প্রকার * বানায়ে রাখিবে এক সেকা
রের ঠাই ॥ আর তার রাহা বিচে করিবে এয়ছাই * সারি২ সাত কুওা তৈয়ার করিয়া ॥ তির তলওার
নেজা তাহাতে গাড়িয়া * বন্ধ করে রাখ মুখ ঘাসের চটীতে॥জেন সেহ নাহি পারে মালুম করিতে*
আখেরে কয়েকরোজ করিয়া মেহমানি ॥ এক ওক্ত খুসি হালে কহিবে এমনী * এখানেতে আছে এক
সেকারের ঠাই॥বহুত জানওার সেথা কি কব এছাই * চল মর্দ্দ জাব আজ সেকার করিতে॥ এয়ছাই
বাহানা করে লিয়া জাব সাতে * পাসাপাসি হয়ে সবে জাইব রাহায় ॥ কোনরূপে তারে সেই ডালিব
কুওায় * তির তলওার নেজা লাগিয়া আখেরে ॥ মারা জাবে পাহালওান কুওা বিচে গিরে * দা
গার মছলত এয়ছা কহিয়া কমিনা ॥ গেল রোস্তমের আগে করিয়া বাহানা * হেথা কাবুলের সাহা
মছলতে তাহার ॥ ঘোড়া ডুবি বানাইতে হৈল ওস্তয়ার * জে রূপে সে দুরাচার বাতাইয়া ছিল ॥ সেই
ভাতে সাত কুওা তৈয়ার হইল * তির তলওার নেজা তাহাতে গাড়িয়া ॥ ঘাসের চটীতে মুখ রাখে
জমাইয়া * হেথা নামাকুল গিধি সিগাদ গাওার ॥ রোস্তমের আগে গিয়া কহে এ প্রকার * কাবুলের
সাহা জে করিয়া লানতান॥করিল আমার আগে জাতের গুমান * হাসিয়া কহিনু তারে সোন নামদার
তোমা হৈতে ভাল জাত হইবে আমার*সরদারের বেটা আমি নাহি আছি কমি॥ বাপ মেরা জালসাহা
পাহালওান নামি * এছাই শুনিয়া সাহা গোশ্বা হয়ে মনে ॥ কহিতে লাগিল ফের আমার কারনে *
জদি সেই জাল সাহা বাপ তেরা হৈত ॥ আলবত্তা তোমার সেহ খবর লইত * তা হইলে তুঝে কেন
ভেজিল এখানে ॥ বাপ ছেড়ে রহ হেথা কিসের কারনে*সুনেছি রোস্তম কহে হামেসা এছাই॥সিগাদ
বান্দির বেটা নহে মেরা ভাই*জানা গেল এই বাতে জত বেসি কমি॥সামের নছল হৈতে নাহি আছ
তুমি * আর সে রোস্তম মর্দ্দ তোমার তরেতে॥ হীন বোঝে দেল বিচে চাকর হইতে* এইরূপে আর
কত করে লানতান ॥ কহিল আমার তরে সোন ভাই জান * সুনিয়া রোস্তম কহে সিগাদের তরে
নাহবে রঞ্জিদা তুমি এই বাত পরে * লস্কর লইয়া আমি কাবুলে জাইব ॥ জাতের গুমান তারে সিখায়ে
আসিব * ছিনাইয়া লিব জোরে তাজ তক্ত তার ॥ তোমাকে করিব সেথা সাহেব সরদার * এহা বলে
সেই দিন রহে পাহালওান॥ দোছরা রোজেতে এয়ছা করিল ফরমান * নেকল তামাম লোক বান্ধিয়া
কোমর ॥ চলহ জাইব এবে কাবুল সহর * সাজিল তামাম লোক এয়ছাই সুনিয়া ॥ আপনি রোস্তম মর্দ্দ

করিয়া মিছে কেন কান্দ আর ॥ মনের বাসনা পুরা হইল তোমার * এইরূপে লান তান করেন সকলে
সরমেন্দা হইয়া বাদসা ছের নাহি তোলে * আখেরেতে ভেবে গুনে লাচার হইয়া ॥ দফন করিল ইস্পি
ন্দিয়ার লাগিয়া * তার পরে কিছুদিন গুজারিয়া গেল ॥ রোস্তমের নামা এক আসিয়া পঁওছিল * লিখে
ছিল নামা বিচে এয়ছা সমাচার ॥ সোন বাদসা জাহাপানা আরজ আমার * জখন আইল ইস্পি
ন্দিয়ার হেথায় ॥ আজিজি মিনতী আমি করিনু তাহায় * মালমাত্তা হাতি ঘোড়া হরেক ছুরতে ॥ চা
হিনু জে তার তরে নজরানা দিতে * কহিনু বাদসার আগে চল দোহে জাই ॥ বিনা বন্ধে তুমি আমি
মিলিয়া এয়ছাই * কোনরূপে নাহিক সে কবুল করিল ॥ আখেরে লড়িতে মর্দ্দ তৈয়ার হইল * ন
ছিবে জা ছিল হৈল চারা নাহি তায় ॥ এবাতে বেগোনা সাহা জানিবে আমায় * এবে কিন্তু আমি তার
বেটার তরেতে ॥ তালিম করিনু খুব হুনুর হেকমতে * জে কিছু হুকুম আপে করেন আমায় ॥ ছের
না ফেরাব আমি রাজি আছি তায় * পড়িয়া এছাই লেখা বাদসা নামদার ॥ বসোতনে ডেকে পুছে
কহ সমাচার * রোস্তম আমার তরে লিখেছে এছাই ॥ ইহার মাজেরা কহ সুনিবারে চাই * কহিল সে
বসোতন সোন জাহাপানা ॥ এহাতে বেগোনা আছে রোস্তম মর্দ্দানা * ঠিক বটে কোন বাতে তফাত
না আছে ॥ জে কিছু লিখেছে সেহ লিখনের বিচে * আর জে ইহার ছেওা আমি বারে২ ॥ মানাহি
করিনু ইস্পিন্দিয়ারের তরে * মেরা কথা দেলে না আছর তার হৈল ॥ জাহেলি করিয়া মর্দ্দ লড়িতে
সাজিল * কহিল গোস্তাস্প সাহা এছাই সুনিয়া ॥ খেঁচিয়া লইল তারে আজলে টানিয়া * ইহা বলে
জাহাপানা তাবাদে আখেরে ॥ লিখিল জওাব এছা রোস্তমের তরে * সোনহ রোস্তম মর্দ্দ কাজে গেল
জানা ॥ এহাতে তোমার কিছু নাহি আছে গোনা * রহিবে খাতের জমা সোন দেল দিয়া ॥ তলব ক-
রিব জবে পঁওছিবে আসিয়া * বাহমনের তরে এবে পাঠাবে এখানে ॥ তাজ সাহি দিব আমি তাহার
কারনে * রোস্তম লিখন এছা পাইয়া বাদসার ॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার * দিয়া বাহমনের
সাতে আলাও লস্কর ॥ খুসিতে ভেজিয়া দিল ইরান সহর * জবে সে বাহমন মর্দ্দ পঁওছিল জাইয়া
খুসিতে গোস্তাস্প সাহা লিল বাড়াইয়া * ছেরে মুখে বোছা দিয়া করিয়া পিয়ার ॥ কহিল এ তাজ তক্ত
সকলি তোমার * আমার আখেরি ওক্ত হবে জে সমায় ॥ খুসিতে বাদসাই দিব সুপিয়া তোমায় *
এহা বলে বাহমনে করিয়া খুসি মন ॥ রাখিল নিকটে সাহা করিয়া জতন * মহাম্মদ খাতের কহে জার
জেয়ছা বক্ত ॥ কেহ বা কাঙ্গাল হৈল কেহ পায় তক্ত * একথা রহিল হেথা কহিব পিছেতে ॥ জেরূপে
রোস্তম মরে সোন সকলেতে *

সেগাদ নামে জালের এক লাড়কা লেউাঁগুর পেটে পয়দা হয় ও রোস্তম
তাহার দাগাতে মারা যাইবার বয়ান *

পয়ার * কেতাবেতে ফেরদৌছ লিখেছে এমন ॥ পির মর্দ্দ বোজরগো আছিল এক জন * সেই
মর্দ্দ এইরূপে করিল বয়ান ॥ আছিল বোজরগো মেরা সাম নুরিমান * আমি খুব জানি হাল তামাম
বাদসার ॥ এহা বলে কহিতে লাগিল সমাচার * জেখানে জেমন রূপে জে কেহ লড়িল ॥ একে২
আগে পিছে বয়ান করিল * আর জে রূপেতে ইস্পিন্দিয়ারের সাতে ॥ পাহালওান রোস্তম লড়িল ময়
দানেতে * কি রূপে সেগাদ মুজি পয়দা হইয়া ॥ মারে রোস্তমের তরে দাগাতে ডালিয়া * করিল সে
পির মর্দ্দ বয়ান জেছাই ॥ লিখিল তামাম হাল সুনে তার ঠাই * সোন এবে কহিয়া জানাই সমাচার
জে রূপে হইল পয়দা সেগাদ গাওার * লেওণ্ডি আছিল এক ছুরত জামাল। তার পরে আসক হইয়া সাহা
জাল * ছহবত করিয়া ছিল খুসি খোসালেতে ॥ পয়দা হইল এক ফরজন্দ তাহাতে * দেখে সে
বেটার তরে জাল নামদার ॥ সেগাদ বলিয়া নাম রাখিল তাহার * কিছু দিন বাদে ফের নজুম সকলে
কেতাবেতে দেখিয়া জালের আগে বলে * সেগাদ বদবক্ত বড় হবে দুরাচার ॥ গুম হবে ওহা হৈতে
নছল তোমার * সুনিয়া এছাই সাহা নজুম হইতে ॥ পেরেসান হইয়া জে দেলের বিচেতে * আল্লাকে
আরজ করে ওঠাইয়া হাত ॥ কবুল করহ দোওা আপে পাক জাত * রহিম রহমান তুমি রহম করিয়া ॥
সেগাদেরে নেক রাহা দেহ বাতাইয়া * দেল হৈতে বদি দুর করহ তাহার ॥ এহিত আরজ মেরা দর

আমার তরে দেখিবে শুনিবে ॥ তোমা হেন হামেহাল মেহের করিবে * তোতাতাল ছিল শুখে নাহি ছিল দুখ ॥ হায় হায়২ বাপ ফেটে জায় বুক * এইরূপে বহুত কান্দিয়া আখেরেতে ॥ গিরিল বাহমন মর্দ্দ বাপের পায়েতে * তখন বাহমনে ইস্পিন্দিয়ার সরদার ॥ নানামতে বুঝাইয়া করিয়া পেয়ার * সোক হৈতে ওঠাইয়া কহিল আখেরে ॥ নাহি কান্দ আর এয়ছা তুমি মে তরে * হামেসা মা॥বাপ বেচে কার নাহি রয় ॥ দুনিয়ার হাল এই জানিবে নিশ্চয় * এহা বলে বসৌতনে কহে মর্দ্দ ফের ॥ হইল গরজ মুঝে গোর কাফনের*দের নাহি আছে আর সোন পাহালওান ॥ কোন ঘড়ি নেক লিয়া জাবে মেরা জান*মরিলে আমার লাস ইরানে লেবাজে ॥ গোস্তাস্প সাহারে কিন্তু এছাই কহিবে মওতের হাতে মুঝে ভেজে সে এখানে ॥ তাহার দওলতে আমি মরিনু পরানে* মোরাদ হাছেল এবে হইল তাহার ॥ খুসিতে করুক সাহি তক্তে দিয়া বার * জদি সেহ আমারে দুসমন জেনে ছিল ॥ আপ নার হাতে কেন নাহিক মারিল * তা হইলে একা আমি জাইতুন মারা ॥ না মরিত বেটা দোন লোক জন ছারা * হাসরের দিন জবে খোদা হবে কাজি ॥ এনছাফ হইলে জানা জাবে দাগাবাজি * জেন সে ধেয়ান রাখে সে দিনের পরে ॥ তাজ তক্ত সাহি লিয়া জায় সাতে করে*আর মেরা মাতারিকে কহিবে এমন ॥ না কান্দে দরদ পেয়ে আমার কারন * চারা নাহি আছে কার খাহেসে খোদার ॥ আগে পিছে এই হাল আছে সবাকার*এহা বলে কহে মর্দ্দ ছাড়িয়া হুতাস॥করিল গোস্তাস্প সাহা আমারে বিনাশ বাপ হয়ে ঢোড়ে জেবা বেটার বুরাই ॥ সে বড় কমবক্ত বাপ তার মুখে ছাই * কহিতে২ এয়ছা দাবিয়া জবান ॥ ছাড়িয়া সকল মায়া নেকলিল জান * পিঞ্জেরা রহিল পড়ে উড়ে গেল পাখী ॥ চক্ষের নি- মেসে দিয়া সবাকারে ফাকি* দেখে বসৌতন আর বাহমন সরদার ॥ গড়াগড়ি দিয়া কান্দে হয়ে জারে জার * জাল ও রোস্তম কান্দে আফছোছ করিয়া ॥ এইরূপে সকলেতে বহুত কান্দিয়া * আখেরেতে তাবুতে রাখিয়া লাস তার ॥ বসৌতন আর জত লস্কর সরদার * ইরানেতে লিয়া চলে রওানা হইয়া ছের পিটে দুক্ষ মনে কান্দিয়া২ * জাল ও রোস্তম হেথা লিয়া বাহমনেরে ॥ আসিয়া পওছিল জদি আপনার ঘরে * দেখিয়া জাওারা মর্দ্দ কহিল এয়ছাই ॥ বাহমনে আনিলে সাতে কি করিলে ভাই * বাহমন জে আছে ইস্পিন্দিয়ারের বেটা ॥ বাঘের বাচ্ছার তরে নাহি জান ছোটা * ওহার বাপেরে তুমি মারিয়া ডালিলে ॥ এই দুক্ষ হামেসা রহিবে ওর দেলে * আর মারিয়াছ ওর ভাই দুই জনে ॥ আলবত্তা এ আখেরে লড়িবে তেরা সনে * এহারে তালিম করা উচিত না হয় ॥ বেসক দুসমন এই জানিবে নিশ্চয় * আগুন দুসমন সাপে জে করে এতবার ॥ কোনরূপে আখেরে সে পাইবে আজার শুনিয়া রোস্তম এয়ছা কহে জাওারায় ॥ কি রূপেতে অছিয়ত না আনি বজায় * মরন সময় কাল্লে বাপ জে এহার ॥ অছিয়ত আমারে করিল বার২ * জদি তার অছিয়ত তুড়ি এ সময় ॥ কি বলে জওাব দিব খোদার দরগায়*কথায়২ এছা জাওারার সাতে ॥ পাহালওান রোস্তম জে রহে এখানেতে* হোথা বসৌতন আর লোক জন ছারা॥ তাবুত লইয়া ইস্পিন্দিয়ারের তারা* ইরানে গোস্তাস্প সাহা জেখানে আছিল ॥ গিয়া সবে তার আগে হাজের হইল * দেখিয়া সে সাহা ইস্পিন্দিয়ারের লাস ॥ লোক দেখা ইয়া কান্দে ছাড়িয়া হুতাস*কিছু খুসি কিছু গম হইল দেলেতে ॥ গমের ছববে আস্থু বহে আখী হতে আর দু বহিন ইস্পিন্দিয়ারের জারা ॥ ভাই বলে ছের পিটে কান্দে দোহে তারা * কহে হায় ভাই তোমা বিনে কেবা আর॥কে করিবে নেঘাবানি আমা দোহাকার* কত দুক্ষ ওঠাইয়া চিন দেশ হৈতে ॥ ছাড়ায়ে আনিলে আমা দোহার তরেতে * তোমা হেন ভাই কে হইবে দুনিয়ায় ॥ আহা আহা আহা ভাই হায়২ হায় * জাল ও রোস্তম নাহি মারিল তোমারে ॥ গোনাগার নহে তারা এই বাত পরে * ইহা বলে কহে তারা বাপকে আপন ॥ কেন সাহা মিছে তুমি করহ রোদন * তুমিত হেকমর্ত্ত করে ভেজিলে লড়িতে ॥ তেকারনে মারা গেল রোস্তমের হাতে * খুসি মন হইল জে এখন তোমার ॥ সুখেতে বাদসাই কর তক্তে দিয়া বার*তাহার বাদেতে ইস্পিন্দিয়ারের মা ॥ বাছা২ বলে কান্দে ছেরে মারে ঘা * কহে হায় বুড়া ভাম কি কাম করিলি ॥ জেনে মউতের রাহে বেটাকে ভেজিলি * বাহানা

সোন পাহালওান ॥ তক্তের লালচে নাহি খোওাইবে জান * সুনে গোস্বা হয়ে ইস্পিন্দিয়ার সর্দ্দার কহে মুঝে এছা তুমি না কহিবে আর * মহিম করহ এবে আমার সহিতে ॥ এহা বলে তীর ও কামান লিয়া হাতে * মারে রোস্তমের পানে জোরেতে খেচিয়া ॥ রোস্তম কেনারা হৈল দেখিতে পাইয়া* রদ হয়ে গেল তীরনা লাগেজখন॥ আজিজিতে পাহালওান রোস্তম তখন*দরগাতে আরজ করে ওঠাইয়া হাত ॥ এই বাতে মাফ কর আপে পাকজাত * আজিজি মিনতি জে করিনু বার২ ॥ নাহিক সুনিল ইস্পিন্দিয়ার সরদার * মালমাত্তা নজরানা চাহিতেছি দিতে ॥ কিছুই সে কবুল না করে কোনমতে * খারাব করিতে এবে চাহে সে আমায় ॥ মদদ করহ মুঝে আপনি খোদায় * লাচারে দুসমনে তীর করি জে নিসানা ॥ গোনা খাতা মাফ কর এলাহি রব্বানা * এহা বলে সেই তীর জুড়িয়া কামানে ॥ খেঁচিয়া মারিল ইস্পিন্দিয়ারের পানে * লাগে সে দুফলি তির দুই চক্ষে তার ॥ জলিয়া উঠিল দেখে দুনিয়া আন্ধার * আহা২ বলে ইস্পিন্দিয়ার তখন ॥ ঘোড়ার জিনেতে ছির ঝোকায় আপন * তখন রোস্তম হেকে কহে তার তরে ॥ কত শত তির তুমি মারিলে আমারে * আমি সে তিরেতে নাহি আ জেজ হইনু॥ রহিয়া ঘোড়ার পরে সহিয়া লইনু * আজেজ হইলে তুমি মেরা এক তিরে ॥ রহিলে ঝু কায়ে ছির জিনের উপরে * সুনিয়া কহিল ইস্পিন্দিয়ার এয়ছাই ॥ আমি তুঝে এয়ছা তির কভু মারি নাই* মারিলি চক্ষেতে মেরা সোনরে নাদান ॥ জলনেতে আজেজ হইল মেরা জান * এহা বলে পাহা লওান আপনার হাতে ॥ নেকালিয়া ডালে সেই তির আখি হৈতে * হেনকালে বসোতন বাহমন হোথায় ॥ আছিল লস্কর বিচে দেখিবারে পায় * ছের ঝোকাইয়া ইস্পিন্দিয়ার সরদার ॥ আছে বসে ঘোড়া পরে হইয়া লাচার * তবে তারা দুই জনে পওছিল আসিয়া ॥ হায়২ করে দেখে মাথায় মা রিয়া * কহে কি করিলে ইস্পান্দিয়ার সরদার ॥ দেখে দুখ ফাটে বুক আমা সবাকার * এই রূপে দুই জনে বহুত কান্দিয়া ॥ আখেবেতে ডেরা বিচে গেল তারে লিয়া * দাওা পানি নানারূপ করিতে লাগিল ॥ কোন এয়ছা দাওা কিছু কামে না আইল * হোথায় রোস্তম গিয়া আপনার ঘরে ॥ খুসির খবর দিল বাপের হুজুরে * পাহালওান জাল আর জত লোক জন ॥ শুনিয়া সকলে হৈল খোসালিত মন * কহে এবে জের হৈল দুসমন বালাই ॥ ঘুচিল তামাম দুক্ষ মিটিল লড়াই * তাহাবাদে জাল সাহা লাগিল কহিতে ॥ সুনিয়াছি আমি এয়ছা নজ্জুম হইতে * মারিয়া ডালিবে ইস্পিন্দিয়ারে জে জন ॥ নজদিগ পওছিবে তার আসিয়া মরন * ডর হৈল এবে মুঝে তোমার লাগিয়া ॥ আল্লা তুঝে বালা হৈতে রাখে বাচাইয়া * কহিল রোস্তম এতে গোনা নাহি মোর ॥ করিল দুসনি সেহ আমার উপর * এবাতে এলাহি মাফ করিবে আমায় ॥ না মারিনু তার তরে বেগর গোনায় * কহিয়া এছাই বাত খামসিয়া রহে ॥ পাহালওান জাল ফের এই বাত কহে * চল কাল তুমি আমি উঠিয়া ফজরে ॥ দেখিতে জাইব ইস্পিন্দিয়ারের তরে * বাচে কিবা পাহালওান গিয়াছে মরিয়া ॥ কি হালে কেমনে আছে আসিব দেখিয়া * এহা বলে জাল আর রোস্তম মর্দ্দানা ॥দুছরা রোজেতে চলে হইয়া রওানা * জাইয়া দেখিল ইস্পিন্দিয়ারের তরে ॥ বেহালে পড়িয়া মর্দ্দ আহা২ করে * বহিয়া চলেছে খুন দুই আখি হৈতে ॥ না আছে তাকত কিছু উঠিতে বসিতে*জাল ও রোস্তম দোহে কান্দিয়া২॥কহিতে লা গিল কত ওজর করিয়া * তখন কহিল ইস্পিন্দিয়ার এছাই ॥ সোন মর্দ্দ এই বাতে গোনা তেরা নাই লেখা ছিল এই হালে মউত আমার ॥ রদ কে করিতে পারে কলম খোদার * হইয়া আইল মেরা আ খেরি সময় ॥ সোন মর্দ্দ এক বাত কহি জে তোমায় * আছে জে আমার বেটা বাহমন নামেতে ॥ এবে তুমি তার তরে লিয়া জাও সাতে * হুনুর হেকমত জত মহিমের কাম ॥ মেহের করিয়া তারে সেখাবে তামাম * আর দিবে বাতাইয়া বাদসাই আইন ॥ নেঘাবানি আপনি করিবে রাত দিন * এহা বলে তখনি বাহমনে মাঙ্গাইয়া ॥ রোস্তমের হাতে২ দিলেন সুপিয়া * কান্দিয়া কহিল সোন ফরজন্দ আমার ॥ না হইল আমা হতে পালন তোমার * না ভাবিও তুমি আর আমার কারনে ॥ জাহ রোস্তমের সাতে খোসালিত মনে * বাহমন সুনিয়া এয়ছা বাপের মুখেতে ॥ ছের পিটে জারে জার লাগিল কান্দিতে * কহে হায় বাপ মুঝে অনাথ করিয়া ॥ চলিলে বিদয়া হয়ে ছেড়ে এ দুনিয়া * এবে কে

তার করিতে লড়াই * কিন্তু জে মারিবে ইস্পিন্দিয়ারের তরে ॥ ঘটীবে আফত বালা তাহার উপরে * ভাল নহে একুবারে মারিবা তহায় ॥ জে মারিবে তার পরে হবে যহা দায় * কানা করে রাখা তারে ডর কিছু নাই ॥ না পওছিবে তাহে তুঝে আফত বালাই * আছে এ গাছের ডালে এয়ছাই তাছিয় জেখানে এরাদা করে চালাইবে তির*লাগিবে সেখানে গিয়া হুকুমে খোদার ॥ সুনিয়া রস্তম খুসি হইল হাজার * তবে এক ডাল কেটে লিয়া গাছ হৈতে ॥ আসিয়া পওছিল দোঁহে জালের আগেতে * কহিয়া তামাম ভেদ জালকে তখন ॥ ছিমোরগ চলে গেল বাসাতে আপন * তাবাদে রোস্তম মর্দ্দ হইয়া খোসাল ॥ বানাইল তির এক লিয়া সেই ডাল * ফতের উম্মেদ করে দলের বিচেতে ॥ জহরের দুই ফাল লাগাইয়া তাতে* দুছরা রোজেতে ফের উঠিয়া বেহানে ॥ লইয়া কামান তির পওছিল ময়দানে সেথা পাহালওান ইস্পিন্দিয়ার সরদার ॥ আরামে শুইয়া ছিল ডেরে আপনার* হাকিয়া রোস্তম তারে কহিল এছাই ॥ কি কর সেতাব আইস করিতে লড়াই * রোস্তমের হাক জদি সুনিল এমন ॥ নিন্দহতে উঠে ইস্পিন্দিয়ার তখন * বসৌতনে ডেকে ফের কহে নামদার ॥ মহিমে আইল ফের রোস্তম সরদার জেনেছিনু এয়ছা আমি দেলের বিচেতে ॥ জখমে সে নাহিক বাচিবে আজ রাতে * এছাই জখমে মর্দ্দ কেমনে বাচিয়া ॥ মহিম করিতে ফের পৌছিল আসিয়া * জেনে আইস হাল তার গিয়া ময়দানেতে ॥ হবে সে এসেছে পটী বেন্দে জখমেতে * আর সেই ঘোড়াতে কি দুছরা ঘোড়ায় ॥ এইহাল দেখে তুমি আইসহ তরায়*শুনে বসৌতন মর্দ্দ ময়দানে জাইয়া॥ দেখে রোস্তমের তরে নেঘাও করিয়া রস্তম জানিতে পেরে কহিল তাহয় ॥ কিবা তুমি দেখ মর্দ্দ কহনা অমায় * বসৌতন বলে কাল জখম হইলে ॥ কেমনেতে আজ ফেরমহিমে আইলে* তাই তেরা বদনেতে দেখি নিরখিয়া ॥ ঘাওসব আছে কি গিয়াছে ভাল হৈয়া * রোস্তম কহিল তারে সুনহ খবর ॥ রাখি এক দোয়া আমি এছা মাতাবর খাড়ি একে ঘাও চাঙ্গা হয়ে তাথেজায় ॥ দেখ কোন ঘাও এছা নাহি মোর গায় * এহা সুনে বসৌতন সেথা হৈতে ফিরে ॥ এসে এছা কহে ইস্পিন্দিয়ারের তরে * রোস্তম তওানা খুব আছে কাল হৈতে কোন ঘাও নাহি তার আছে অজুদেতে * মর্দ্দমি হইতে তার দেলেতে ডরাই॥ মোনাছেব তুমি এবে ছাড়িয়া লড়াই * কিনা বদি দেল হৈতে দুর করে দিয়া ॥ ছোলে করে তার সাতে মেলহ জাইয়া এছাই শুনিয়া ইস্পিন্দীয়ার তখন ॥ বসৌতনের উপরে হইয়া গোস্বা মন * ভালা বুরা কিছু এয়ছা নাহিক কহিয়া ॥ তখনি ময়দানে গেল সওার হইয়া*হেকে রোস্তমের তরে লাগিল কহিতে॥ কালতুমি জখম হইলে মেরা হাতে*ঘাওকারি গায়ে তেরা নাহিক আছর ॥ বুঝিবা তোমার বাপ আছে জাদুগর জাদু পড়ে ফুকিল সে তোমার বদনে ॥ ভাল হয়ে ফের তুমি আইলে ময়দানে * আজ এছা ঘায়েল কারব তুঝে ফের ॥ দেখে তেরা বাপ জেন ভুমেঠুকে ছের * রোস্তম বলেন কাল রেয়াত করিনু॥ তেরা পরে বরাবর হাত না ডালিনু * আজ এছা ওম্মেদ না রাখহ দেলেতে ॥ জিতাজানে ফিরে জাবে মেরা হাত হৈতে * তির তেরা না লাগিবে আমার বদনে ॥ মারিব আখেরে আমি তোমার কারনে * বার২ কহিতেছি এখন আসিয়া ॥ মেলহ আমার সাতে মহিম ছাড়িয়া * গুনা বকসাইয়া মুজে করে মেহের বানি ॥ মেহমান হইয়া মেরা চলহ আপনি * খোদার কছম আছে আমি তা হইলে ॥ তেরা সাতে বাদসা আগে জাব খুসিহালে* রাখে মারে জাহা চাহে বাদসা নামদার ॥ করিবে সে জাহা অইসে দেল বিচে তার * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার তখন ॥ ছোলে করা দুরে থাক তোমার এখন ॥ জদি চাহ জেন্দেগানি রাখিতে মঞ্জুর ॥ বান্দা হাতে আইস তবে আমার হুজুরে * তা হইলে তেরা সাতে নাহি লাড়ি আর ॥ লেজাই কয়েদ করে হুজুরে বাদসার * শুনিয়া রোস্তম দিল জওাব এমনি ॥ এইবাতে মুঝে মাফ করিবে আপনি * এহার বদলে আমি হুজুরে তোমার ॥ মাল মত্তা নজরানা দিব বেসোমার * আর দিবভাল২ লেউণ্ডি আনিয়া ॥ হইবে হাজার খুসি ছুরাত দেখিয়া * আজিজীতে কহিতেছি হুজুরে তোমার ॥ মেহের করহ মুজে সুন নামদার * সুনিয়া কহিল ইস্পিন্দীয়ার এছাই ॥ মাল মত্তা লেউণ্ডি নাহিক আমি চাই * বাদসার হুকুম এছা আছে মোর পরে ॥ হাতে পায়ে বেন্দেলিয়া জাব তোমাতরে তবে বাদসা জাহাপানা খোসাল হইয়া ॥ তাজতক্ত সাহি মুঝে দিবেন সুপিয়া * রোস্তম কহিল তুমি

আমি এখান হইতে ॥ নেকেলিয়া চলে জাই কোন তরফেতে * কেন না সে ফের জদি আসিয়া ময়দানে মহিমে তলব রাখে আমার কারনে * তখন রহিতে আমি পারিব কি কোরে ॥ গেলে কিন্তু ফিরে না আসিতে হবে ঘরে * সুনিয়া এয়ছাই বাত কহে সাহা জাল ॥ নেকলিয়া গেলে তুমি ঘটীবে জঞ্জাল * গোসাতে আসিয়া ইস্পিন্দিয়ার সরদার॥ খারাব করিবে মুঝে করে গেরেপ্তার * কি কহিব বরজু নাহি আছে এখানেতে॥ লড়িবারে গেছে মর্দ্দ হারি সহরেতে * জদ্দপি সে পাহালওান থাকিত এখানে॥ লড়িত ময়দানে গিয়া দুসমনের সনে * হাজার আফছোছ হৈল ফোরছত না পাই॥ এওক্তে তাহারে হেথা কেমনে বোলাই * হায়২ একি দায় ঘটিল এখন ॥ তোমার মদদ হয় নাহি এয়ছা জন * কি করিব ছিমোরগে ডাকি লাচারিতে ॥ তোমার ভালাই কিছু চুড়ি তাহা হৈতে * করিয়াছে ওাদা সেই আমারে এছাই ॥ জখন ঘটিবে কিছু আফত বালাই * আগুনেতে পর মেরা জ্বালাইবে লিয়া ॥ তখনি জানিতে পেরে পওছিব আসিয়া * এবে তার পর লিয়া আগুনে জালাই ॥ আইলে ভালাই তেরা পুছি তার ঠাই * এহা বলে জাল সাহা পাহাড়েতে জায় ॥ ছিমোরগের পর লিয়া আগুনে জালায় * জানিতে পারিয়া সেই মোরগ তখন ॥ আসিয়া জালের আগে পোছে বিবরন * কহ মর্দ্দ কেন মুঝে ইয়াদ করিলে ॥ কোন এয়ছা মছিবতে গেরেপ্তার হৈলে * জাল কহে সোনহে মোরগ মেহেরবান॥ জুলুম করিল ইস্পিন্দিয়ার জওান * মহিম করিতে মর্দ্দ আইল হেথায় ॥ বহুত মিনতী আমি করিনু তাহায় * না হৈল রহম তার দেলের বিচেতে॥ আখেরে তৈয়ার হৈল মহিম করিতে* তখন রোস্তম গিয়া ময়দান উপর ॥ নানারূপে তার সাতে লড়িল বিস্তর* কিন্তু সেই মহিমে রোস্তম আর ঘোড়া ॥ তিরের জখমেতে ঘায়েল হৈল বড়া * বুড়া কালে এই দুক ঘটীল আমায় ॥ একারনে ইয়াদ জে করিনু তোমায় * মোরোগ কহিল আর না ভাব অন্তরে ॥ এখনি করিব চাঙ্গা রোস্তমের তরে* সুনে পাহালওান জাল খোসাল হইয়া ॥ রোস্তমে সে পাহাড়েতে লিল মাঙ্গাইয়া * দেখিলেন ছিমোরগ রোস্তমে তখন খুনেতে ডুবিয়া গেছে তামাম বদন * আর রোস্তমের ঘোড়া আছে বেকারার ॥ ঘাও কারি লহুজারি বদনে তাহার* দেখে দেলে দর্দ্দ পেয়ে মোরগ তরায় ॥ আপনার পর মলে রোস্তমের পায়* আর জে মলিল তার ঘোড়ার গায়েতে ॥ তখনি হইল চাঙ্গা খোদার কুদরতে * পরের বরকতে ঘাও ভাল হয়ে গেল ॥ রোস্তম আর ঘোড়া তার আরাম পাইল * সাবেক দস্তুর মত গায়ে হৈল জোর॥ খুসি হয়ে পাহালওান ভোজিল সোকর* জাল সাহা দেখে খুসি হইয়া অন্তরে ॥ কহিতে লাগিল এয়ছা মোরগের তরে * সোন সাহা ছিমোরগ করিয়া মেহের ॥ বারেক মদদ জদিহও রোস্তমের* এছাই একিন আছে দেলেতে আমার ॥ তাহইলে হয় ইস্পিন্দিয়ার লাচার* মোরোগ কহিল সোন পাহালওান জাল ॥ নাহি তুমি জান ইস্পিন্দিয়ারের হাল * জওামর্দ্দ আছে সেহ এয়ছা পাহালওান ॥ না আছে দুনিয়া বিচে জাহার সমান * তুমি আমি তার আগে টিকিব কোথায় ॥ জার হাকে সের নর ভাগিয়া পালায় * হপ্তখানার রাহে জখন সে গেল ॥ ছিমোরোগ এক জোড়া সেখানে আছিল* না বাচিল তার হাতে মারা গেল ঠায় ॥ কোনখানে কেহ নাহি পারিল তাহায়* তুমি না আটীবে তারে করিয়া লড়াই॥ মেল গিয়া চাহ জদি আপনা ভালাই * শুনে সাহা জাল কহে কান্দিয়া২ ॥ কোনখানে জায় জদি রোস্তম চলিয়া তা হইলে এসে ইস্পিন্দীয়ার সর্দ্দার॥ বান্দিয়া লেজাবে মুঝে কোরে গেরেপ্তার * খোদার ওাস্তে তুমি কোনছা তদবির ॥ বাতাইয়া দেহ এবে আমার খাতের * জাহাতে খালাছ পাই দর্দ্দ গম হৈতে ॥ জিউ বাচে মান রহে দুসমনের হাতে * তুবি এয়ছা মেহেরবান কে আছে আমার॥ হামেহাল রাখি আমি ভরসা তোমার * মোরোগ কহিল আর না কান্দিও তুমি ॥ এহার তদবির এক বাতাইব আমি * কহিয়া এছাই সে মোরোগ ওফাদার ॥ রোস্তমে লইয়া সাতে চল আপনার * কতদুরে গিয়া এক ময়দান পাইল ॥ বড় এক আজিম দরক্ত সেথা ছিল* কহিল সে রোস্তমেরে সোন দেল দিয়া॥ লেহ এ গাছের এক ডালকে কাটিয়া* আগুনের আচ দিয়া সিধা কোরে লিবে॥ দুই ফলি কিয়া এক তির বানাইবে * ফজরে লড়িতে ফের জাইবে ময়দানে ॥ চালাইবে এই তীর জুড়িয়া কামানে * খোদার ফজলে আর গাছের সববে॥ তার দুই চক্ষে তীর জাইয়া লাগিবে* কানা অন্ধ হয়ে সেশে রহিবে এয়ছাই ॥ তাব না রহিবে

কান্দে জারে জার❋কহে হায় হায়রে ইউস নওযদ্দর ॥ মারিলি সোকের তির কলেজাতে মোর ❋ তো মাদের চাদ মুখ নাহিক দেখিয়া॥ হায় বাবা কেমনেতে রহিব বাচিয়া ❋ আমার মউত আগে না হইল কেনে ॥ কি সুখ হইবে আর বাচিয়া জাহানে ❋ কাটা ছের দেখে বাবা তোমা দোহাকার ॥ কলেজা জলিয়া মেরা হইল আঙ্গার❋ এইরূপে কান্দে মর্দ্দ গড়াগড়ি জায়॥পাহালওান লোক সব বহুত বুঝায়❋ নাহি কান্দ নামদার নছিবে জা ছিল॥রদ নাহি হয় তাহা গোজারিয়া গেল❋এয়ছাই কান্দিলে কিছুনা হইবে আর ॥ ছবুর করিয়া রহ দেলে আপনার ❋ নানামতে সকলে বহুত বুঝাইয়া ॥ আখেরে সে দুই লাস তাবুত করিয়া❋ইরান সহরে দিল করিয়া রওানা॥জেখানে গোস্তাস্প সাহা বাদসা জাহাপানা ❋ লিখিল এছাই ফের বাদসার খাতিরে ॥ সোন সাহা ছিল এহা আমার তকদিরে ❋ কাটা ছের বেটা দের চক্ষেতে দেখিয়া ॥ কলেজা গিয়াছে মেরা ছোরাখ হইয়া ❋ তাবুত করিয়া লাস ভেজিনু হুজুরে পোতাদের হাল তুমি দেখহ নজরে❋আমিফের কোন ঘড়ি এইরূপে জাই॥ খুসিতে করহ তুমি তক্তের বাদসাই ❋ ভারি হয়ে ছিল তুঝে আমাদের জান ॥ তেকারনে আপে এছা করিলে ফরমান ❋ কি করিব চারা নাহি তোমার ফরমানে॥ লাচারে করিতে জঙ্গ আইণু এখানে❋আজ কিন্তু মহিমের আছিল এ হাল ॥ আল্লাকে মালুম আছে কি হইবে কাল ❋ লিখিয়া এয়ছাই নামা তাবুত সহিতে ॥ পাঠাইয়া দিয়া মর্দ্দ বাদসার আগেতে❋তার পরে বসৌতনে কহে এইবাত॥রোস্তম জে নহে কভু আদমের জাত লোহা ও পাথরে হবে পয়দাস তাহার ॥ না হইলে কেবা কোথা আছে এ প্রকার❋কেননা জে নেজা গোর্জ্জ তেগ লিয়া জোরে ॥ করিনু বহুত চোট তাহার উপরে❋ কারি চোট নাহিক লাগিল তার গায় এবাতে আন্দেসা বড় হইল আমায়❋আজেজ না হয় মর্দ্দ কোন রকমেতে ॥ ভাবিয়া গুনিয়া শেসে তির লিয়া হাতে ❋ গোস্বা ভরে জোরেতে খেঁচিয়া মারি তায় ॥ জেরা জিদে সেই তির লাগে তায় গায়❋ তখন বহুত তির চালাইনু আর॥ঝাঞ্জারা করিয়া দিনু অজুদ তাহার❋ জামাজোড়া গেছে ছোরা খুনেতে ডুবিয়া ॥ বুঝিবা সে রাতে আজ না রবে বাচিয়া ❋ বেচে জদি রহে তবে মুস্কিল হইবে ॥ কাল ফিরে লাড়বারে ময়দানে আসিবে❋এইরূপে হেথা ইস্পিন্দিয়ার সরদার ॥ দেলে দর্দ্দ আপনাকে হয়ে জারে জার ❋ বসৌতনে সুনায়ে জঙ্গের বিবরন ॥ পেরেসানে ভাবা গোনা করে মোনে মন❋ হেথায় রোস্তম জবে মহিম ছাড়িয়া ॥ আপনার মকানেতে পঔছিল জাইয়া ❋ ঘাও কারি গায়ে তাঁর চেহারা বেহাল খুনেতে অজুদ সারা হয়েগেছে লাল❋দেখিয়া সে হাল সাহা জাল নামদার ॥ অছু বহাইয়া কান্দে হয়ে জারে জার❋কহে হায় বুড়া কালে হইল কি দুখ ॥ হাল তেরা দেখে মেরা ফেটে জায় বুক ❋ এতদিন মহিম করিলি ঠাই২ ॥ এয়ছাই জখম তুঝে কেহ করে নাই ❋ এইরূপে কান্দে সাহা আহা২ রোলে ॥ সোর গোল সুনে এসে পঔছিল সকলে ❋ রোস্তমের মাতারিও বেটা আর ভাই॥ আছু বহাইয়া আখে কান্দেন সবাই❋বহুত কান্দিয়া পিছে মলম আনিয়া ॥ বান্দে রোস্তমের ঘায়ে পটী লাগাইয়া ❋ তাবাদে জালের আগে রুস্তম জওান॥কহিতে লাগিল এছা করিয়া বয়ান❋শুনসাহা দেখি ইস্পিন্দিয়ারের তরে বড়া পাহালওান মর্দ্দ দুনিয়া ভিতরে ❋ সের নর কি করিতে পারে তার আগে॥দেও জদি দেখে ডরে জিউ লিয়া ভাগে❋ জেছাই খোরমার গাছ অজুদ তাহার ॥ না করে আছর তাথে কোন হাতিয়ার ❋ আছিল আমার তেগ পাথর সেগাফ ॥ তির ও নেজাতে মেরা ছেদিত কোহকাফ ❋ আর এয়ছা মজ বুত আছিল মোর গোর্জ্জ ॥ ভাঙ্গিয়া করিত গুড়া পাহাড় আলবোর্জ্জ ❋ এ সব হাতিয়ার কিছু কামে না আইল॥ মারিনু বদনে তার আছর না হৈল ❋ কোমর ধরিয়া ফের খেচিনু জোরেতে ॥ ঘোড়া হৈতে তবু তারে নারিনু হেলাতে❋কোন দেও আর জঙ্গি পাহালওান জত ॥ নাহিক দেখিনু ইস্পিন্দিয়ারের মত❋ করিনু জে জোর আমি তাহার উপরে ॥ পাহাড় হইলে তুলে ফেকিতুন দুরে ❋ হায়২ দুসমন আজেজ না হইল॥ জোর মেরা আগে তার নাহিক খাটীল❋বারেক আল্লার চাহা হৈল নিমাসাম ॥ মকুক রহিয়া গেল মহিমের কাম ❋ নহেত আমার কাম তামাম করিত ॥ জিতা জানে ফিরে মুবে আসিতে না হৈত❋সোন বাপ আমার তাকত আর নাই॥ ফের গিয়া তার সাতে করিব লড়াই ❋ ভাল হয় এবে

টাকে আর বহুত লস্করে॥মারিয়া মহিম করে ময়দান উপরে॥রোস্তম এ কথা শুনে সরমেন্দা হইল॥ও জর করিয়া এছা কহিতে লাগিল ॥ খোদার কছম মুঝে সোন নামদার ॥ ভালা বুরা আমি নাহি জানি সমাচার ॥ কার তরে আমি নাহি কহিনু এছাই ॥ জাইয়া জে সেখানেতে করিতে লড়াই ॥ এক মেতে রাজি আমি নাহি কোনবাতে ॥ কহিতেছি ঠিক বাত তেরা হুজুরেতে ॥ এবে আপে দেহ মুঝে হুকুম এয়ছাই ॥ বে হুকুমে গিয়া জারা করিল লড়াই ॥ জোরে ধরে এনে তাহা সবার কারনে ॥ মেরে ডালি তেগ তলে তোমার সামনে ॥ আর মেরা ভাইকে ও বেটাকে আমার ॥ বান্ধিয়া হাওলা করি হুজুরে তোমার ॥ আপনি মারিয়া ডাল তাদের কারনে॥ গুনাগার আছে তারা তোমার সামনে ॥ এ কথা সুনিয়া ইস্পিন্দীয়ার তখন ॥ কহিল তা সবে মেরে নাহি প্রয়োজন ॥ খোদার হুকুমে আমি বদলে তাহার মারিব তোমার তরে ময়দান মাঝার ॥ এহা বলে পাহালওান হয়ে গোস্বা মন ॥ তির ও কামান হাতে লইয়া তখন॥হাকিয়া রোস্তমে বলে সামাল২ ॥ তির মেরে আজ তোরে করিব পয়মাল॥ রোস্তম হুসিয়ার হয়ে নেকালিল তীর ॥ মস্তহালে লড়ে দোহে জেন মহাবির ॥ ঝাকে২ গেরে তির দুই দিক হৈতে ॥ তিরে২ দোহে এছা লাগিল লড়িতে॥রোস্তম জে তির ইস্পিন্দিয়ারে মারিল॥কোন তিরগায়ে তার কারি না হইল॥কিন্তু জন্ত তীর ইস্পিন্দিয়ার জওান॥ রোস্তমে মারিয়া ছিল করিয়া নিশান॥ কোন এয়ছা তির তার রদ না হইল ॥ রোস্তমের ঘোড়া শুদ্ধা ঝাঞ্জারা করিল॥ঘাওকারি লহু জারি চলিল বহিয়া॥ জামা জোড়া লাল হৈল খুনেতে ডুবিয়া ॥ রোস্তম আজেজ হয়ে ঘায়ের জালায় ॥ হাত ওঠাইয়া কেন্দে খোদাকে মানায় ॥ এলাহি আলমিন আল্লা মেহের করিয়া ॥ বারেক আমার তরে লেহ বাচাইয়া ॥ এহা বলে তার পরে দেখে পাহালওান ॥ জখমে না চলে ঘোড়া হৈল পেরেসান ॥ তখনি নাবিয়া মর্দ্দ ঘোড়ায় থাকিয়া ॥ ঘোড়াকে ময়দান পরে দিলেন ছাড়িয়া ॥ ঘর পানে পলাইয়া গেল সেই ঘোড়া॥রোস্তম একেলা রহে ময়দানেতে খাড়া॥আছিল জাওরা হেথা লস্কর লইয়া॥রোস্তমেরহাল সহ দেখিতে পাইয়া॥দর্দ্দ দেলে ঘোড়া হেকে আইল তরায় ॥ দেখিল জখম কারি রোস্তমের গায়॥ বহিয়া চলেছে খুন জামা জোড়া লাল ॥ পাও পেদা খাড়া আছে হইয়া বেহাল॥জাওরা তখনি নেবে ঘোড়ায় থাকিয়া॥রোস্তমে সে ঘোড়াপরে সওার করিয়া॥ লিয়াতারে চলে গেল পাহাড় উপর॥বড়া উচাপাহাড় জে না আসে নজর ॥ দেখিয়া তখন ইস্পিন্দিয়ার সরদার ॥ হেসে২ রোস্তমে কহিল এপ্রকার॥ হাজার আফছোছ মেরা হইল এবাতে ॥ ঘায়েল হইয়া তুমি ভাগিলে ডরেতে ॥ জোরের তারিফ তেরা ছিল জে এমন ॥ সেসকল জোর তোর কোথায় এখন ॥ তেরা তলওারের জোরে কাপিত জে দেও ॥ বড়া২ পাহালওান না আটীল কেও ॥ কোথা সে তলওার তীর গোর্জ্জ নেজা আর ॥ জোর বাজু এবে কোথা রহিল তোমার ॥ এহা সুনে পাহালওান সরমেন্দা হইয়া ॥ না দিল জওাব কিছু রহে খামসিয়া॥জাওরা শুনিয়া গোস্বা হইয়া অন্তরে॥রাখিয়া সে পাহাড়েতে রোস্তমের তরে॥আইল ময়দান পরে সওার হইয়া কহিল এছাই ইস্পিন্দিয়ারে হাকিয়া ॥ আমি এবে তেরা সাতে লড়িব ময়দানে ॥ আইস পাহালওান তুমি লড় মেরা সনে ॥ তখন চাহোক ইস্পিন্দীয়ার জাইয়া ॥ লড়ে জাওারার সাতে মোকাবেলা হৈয়া হেনকালে কহে হেকে রোস্তম এছাই ॥ জাওারার সাতে তুমি না কর লড়াই॥ আমি ফের মহিম করিব তেরা সাতে ॥ কিবা তুমি বুঝিয়াছ দেলের বিচেতে॥তোমা হৈতে হাত আমি নাহি ওঠাইনু ॥ ঘোড়া বিনে বেছওারি পেরেসান হৈনু ॥ শুনিয়া কহিল ইস্পিন্দিয়ার সরদার ॥ মালুম করেছি আমি আহওাল তোমার ॥ তিরের জখমে জে অজুদ সব তেরা ॥ ঘাওকারি লহু জারি হইল ঝাঞ্জারা ॥ এখন ভালাই চাহ মেল খোসালেতে ॥ বান্ধা হাতে রাজি হয়ে চল মেরা সাতে ॥ রোস্তম কহিল ইস্পিন্দিয়ারে এয়ছাই ॥ এমন মহিম হৈতে আমি কি ডরাই ॥ লহু জারী আছে জদি বদনে আমার ॥ আমি কিন্তু এহালে না আছি বেকারার ॥ কথায়২ এহা দোহেতে আছিল ॥ দিন গুজরিয়া গেল নিমাসাম হৈল॥তখন রোস্তম কহে সোন নামদার ॥ সাম হৈল ডেরে চল জাই জে জাহার॥ফজরেতেকাল ফের আসিয়া ময়দানে ॥ তুমি আমি লড়াই করিব দুই জনে ॥ এয়ছাই কহিয়া তবে মহিম ছাড়িয়া ॥ জার জে ডেরাতে তুহে চলে রেগা দিয়া ॥ আসিয়া ডেরেতে ইস্পিন্দিয়ার সরদার ॥ বেটা দোহার গলে

আমি তুরে না দিব ছাড়িয়া * এহা বলে পাহালওান গোর্জ্জ লিয়া হাতে ॥ হেকে তার ছের পরে মারিল জোরেতে * নওসদর পাহালওান দেখিয়া তরায়॥ সেতাবি করিয়া চাল পাতিল মাথায় * এয়ছা জোরে গোর্জ্জ মেরে ছিল পাহালওান ॥ ভাঙ্গিয়া সে ঢাল তার কৈল খান২ * কিন্তু নওসদর তাথে চোট পাইল ভারি॥ মাথায় লাগিয়া তার লহু হৈল জারি*গোস্বাভরে তবু সেই গোর্জ্জ হাতে লিয়া ॥ মারে জাওারার পরে জোরেতে খেচিয়া * জাওারা সে গোর্জ্জ তার ওড়ায়ে ঢালেতে॥ খেচিয়া মারিল জোরে তেগ লিয়া হাতে * এছা জোরে তেগ মেরে ছিল পাহালওান ॥ ঢাল ঘোড়া ছেফাই করিল খান২ * মারা গেল নওসদর পড়িয়া জমিনে ॥ দেখে তার ভাই ফের আইল ময়দানে * মেহের ইউস নামে ছিল সেজওান ॥ জোরে জোরওার মর্দ্দ বড়া পাহালওান * হেকে বলে আইস দেখি কে আছে সেফাই ॥ মেরা সাতে ময়দানেতে করহ লড়াই * মারিয়া ডালিলে মেরাভায়ের কারন॥দাদলিব তোমা সবে মারিয়া এখন * এইরূপে লাফ ঝাফ করে পাহালওান ॥ শুনে ফারামর্জ্জ মর্দ্দ চলিল ময়দান * মোকাবেলা হয়ে তার তেগ লিয়া হাতে ॥ মস্তহালে পাহালওান লাগিল লড়িতে * তলওারে তলওারে জঙ্গ করিল বিস্তর ॥ টুটিল দোহার তেগ হইল ফাফর * তারপরে দুইজনে গোর্জ্জ লিয়া হাতে হেকে জোরে গোস্বা ভরে লাগিল লড়িতে * কেহুকারে নাহি পারে সমানে সমান ॥ জোটের মাফিক হল দোন পাহালওান * বহুত লড়িয়া সেসে গোর্জ্জ রেখে দিয়া ॥ লড়িতে লাগিল ফের নেজা হাতে লিয়া * মেহের ইউস নেজা ঘোমাইয়া জোরে ॥ মারিল খেচিয়া ফারামর্জ্জের কোম্মরে * ফারামর্জ্জ নেজা তার রদ করে দিয়া ॥ সামাল২ বলে আইল কুদিয়া * এয়ছা জোরে নেজা ঘোমাইয়া মারে তায় * মেহের ইউস মর্দ্দ গিরে গেল ঠায় * মারা গেল পাহালওান জমিনে পড়িয়া॥ ধড় হৈতে জান তার গেল নেকলিয়া * দেখে ইরানের জত লস্কর সরদার ॥ মাতম করিয়া কান্দে হয়ে জার২ * কহে হায় আমা সবে কি করিলে খোদা ॥ মহিমে পড়িল মারা দুই সাহাজাদা * এই সমাচার লিয়া কেমন প্রকারে ॥ কহিব জাইয়া ইস্পিন্দিয়ারের তরে * কি করে দেখাব মুখ তাহার সামনে ॥ কি কহিবে পাহালওান মোদের কারনে * হায়২ এই দুক্ষ কত সব আর ॥ ছিস্তানিকে মেরে দাদ লইব এহার এহা বলে মিলে সবে ইরানি লস্কর ॥ ময়দানে আইল ফের বান্ধিয়া কোমর * ফারামর্জ্জ দেখেসাতে লস্কর লইয়া ॥ মার২ করে জোরে চলিল কুদিয়া * মোকাবেলা হয় জত ছেফাই২ ॥ একেবারে দুই দলে লাগিল লড়াই * মার২ ধর২ হৈল সোরসার॥ কেবা কারে মারে ধরে নাহয় সুমার * ঘোড়া হেকে হাকে২ দুদিগ থাকিয়া ॥ মেরে তেগ বেদেরেগ দেয় গেরাইয়া * কাটা কাটী ছুটা ছুটী হইল বিস্তর ॥ গিরীল বহুত লোক ময়দান উপর*লহুনদী বহিয়া চলিল ময়দানেতে॥ কাটা ধড় সোলা হেন লাগিল ভাসিতে * বহুত করিয়া জঙ্গ তাবাদে আখেরে॥বাজিল বাহুড়ি ডাঙ্কা লস্কর ভিতরে * শুনিয়া তামাম লোক মহিম ছাড়িয়া ॥ জার জে ডেরার বাগে চলিল ফিরিয়া * কিন্তু সেই মহিমেতে ইরানি সেফাই মারা গেল বেশুমার লেখা জোখা নাই*ছিস্তানি লস্কর থোড়া মরিল তাহাতে ॥ এইরূপ মহিম হইল এখানেতে * হেথায় রোস্তম ইস্পিন্দিয়ারের সনে ॥ মস্তহালে লড়িবারে আছিল ময়দানে * এখানে দুদলে এয়ছা হইল লড়াই ॥ ভালা বুরা সমাচার কিছু জানে নাই * এমন সময় ইস্পিন্দিয়ারের বেটা বাহমন নামেতে মর্দ্দ আছিল জে ছোটা * আসিয়া সে সমাচার কহীল বাপেরে ॥ সুন বাপ দর্দ্দ হয় কি কব তোমারে*আপনি এখানে লড় রোস্তমের সাতে ॥ সিস্তানি লস্কর সব গিয়া উদিগেতে *আমা সবাকার সাতে লড়াই করিয়া ॥তেরা দু বেটার তরে ডালিল মারিয়া* আরকত পাহালওানে গেরাইল ঠায়॥বহুত লস্কর মারা পড়িয়াছে তায় * আখেরে আমরা সবে মহিম ছাড়িয়া ॥ আইনু ময়দান হৈতে জান বাচাইয়া * এয়ছাই সুনিয়া ইস্পিন্দিয়ার সরদার ॥ বেটা দোহাকার তরে কান্দে জার২ * কহে হায় এলাহি কি করিলে আমায় ॥ মারিলে সোগের তির মেরা কলেজায় * এইরূপে বহুত কান্দিয়া আখেরেতে ॥ রোস্তমে ডাকিয়া ফের লাগিল কহিতে * সোনহ রোস্তম কহি তোমার খাতের ॥এছাই দস্তর নহে সরদার লোকের * কওল কারার করে তোড়ে জেই জন ॥ তাহার আক্কেলে থুক বৃথাই জীবন * তুমি আমি দুই জনে লড়ি এখানেতে ॥ তোমার লস্কর সব গিয়া উদিগেতে * মেরা দু বে-

লেখন ॥ লিখেছে সে লেখনে এয়ছাই বিবরন * সোন পাহালওান ইস্পিন্দিয়ার সরদার ॥ জদি তুমি মেরা সাতে চাহ লড়িবার* ছওার হইয়া তবে আইসহ এখন ॥ তুমি আমি ময়দানেতে লড়ি দুই জন * এছাই লিখন ইস্পিন্দিয়ার পড়িয়া ॥ বসৌতনে কহে বাত সোন দেল দিয়া * রোস্তম একেলা আইল ময়দান উপর ॥ দুরে খাড়া আছে তার তামাম লস্কর * মনাসেব হয় মুঝে একেলা জাইতে ॥ লস্কর সে তুমি হেথা রহ তৈয়ারিতে * কিন্তু আমি আজেজ হইব জে সময় ॥ এসারা করিলে তুমি পঙছিবে তরায় * এহা বলে পাহালওান কোমর বান্দিয়া ॥ চলেন ময়দান পরে ছওার হইয়া * রোস্তম ময়দানে জেথা খাড়া হয়ে ছিল॥জাইয়া তাহার জবে মোকাবেলা হৈল* দেখিয়া রোস্তম ইস্পিন্দিয়ারেব তবে ॥ তখন জে এয়ছাই লাগিল কহিবারে * সোন পাহালওান তুঝে কহিয়া জানাই ॥ সিস্তানি লস্কর আছে আমার থোড়াই * ইরানি লস্কর-তেরা আছে বেশুমাব ॥ চাহি আমি দুই দলে মিলে একবাব * মকাবেলা হয়ে সবে লড়ে মস্তহালে ॥ জার জে মর্দ্দমি জানা জাবে তা হইলে * সুনিয়া কহিল ইস্পিন্দিয়ার এয়ছাই ॥ নাহক মবিবে কেন দুদলে ছেফাই * তুমি আমি দোহে খালি লড়িব ময়দানে ॥ কাহার মদতে কেহ না আসে এথানে * এহা বলে দুই জনে কারার করিয়া ॥ মহিম করিল শুরু নেজা হাতে লিয়া * মস্তহালে করে জঙ্গ দোন পাহালওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * আখেরে টুটীয়া গেল নেজা দোহাকার॥লড়িতে লাগিল ফের লইয়া তলওার*বহুত লড়িয়া তেগ টুটীল আখেরে কেহু কারে কারি চোট করিতে না পারে * তাবাদে দোহেতে ফের গোর্জ্জ লিয়া হাতে ॥ মস্তহালে কুদে জোরে লাগিল লড়িতে*গোস্বাতে জলিয়া ইস্পিন্দিয়ার সরদার ॥ করে রোস্তমের পরে গোর্জ্জের ওয়ার * রোস্তম সে গোর্জ্জ তার ঢালে ওড়াইয়া॥উলটিয়া মারে গোর্জ্জ জোরেতে খেচিয়া*ঢাল পরে লাগে গোর্জ্জ জোরেতে এমন ॥ ধমকে আগুন ওড়ে বিজলী জেমন * দুদলে লস্কর পায় সুনিতে আওাজ ॥ ঝনাঝন শব্দ হয় গেরে জেন বাজ * এয়ছাই বহুত জঙ্গ করিল দোহেতে ॥ আখেরে দোহার গোর্জ্জ গেরে হাত হৈতে* তবে দুই পাহালওান নেকালিয়া ফাসি ॥গলে লাগাইয়া জোরে করে কসা কসি*টুটীল দোহার ফাসি হয়ে খান২ ॥ কোমর ধরিয়া ফের দোন পাহালওান * খেচাখেচি কসাকসি লাগিল করিতে ॥ কেহ কারে ওঠাইতে নারে ঘোড়া হৈতে * হাকে জোবে গোস্বা ভরে আখি করে ঘোর ॥ ওঠাইতে চাহে খেচে ছেরের উপর*দুইজনে এক জোর করিল সে ওক্তে ॥ লহু গেরে দোহাকার আঙ্গুল হইতে * তবু লড়ে নাহি ছাড়ে ফতের লাগিয়া ॥ পেরেসান হৈল দোহে ছাতি শুখাইয়া ধমকে দোহার ঘোড়া মুখে ভাঙ্গে লাল ॥ জমি পরে হাটু পাতে হইয়া বেহাল * পছিনা ছুটীল গায়ে চক্ষে দেখে ঘোর ॥ লড়িতে না পারে জোরে হইল কমজোর * করিল এয়ছাই জোর দোন পাহালওান ধমকেতে কম্পবান হইল ময়দান*গেরেবান খান২ করিয়া বেবাক ॥ কমর ছাড়িল সেশে হইয়া হালাক দুই পাহালওান জোরে জোরওার ছিল ॥ কেহু কারে কোনরূপে নাহিক পারিল*হাড়িয়া মহিম দোহে দুই তরফেতে ॥ জমি পরে টহলিয়া লাগিল ফিরিতে * ঘোড়া ভি আজেজ হয়ে ছিল দোহাকার ॥ আরাম পাইল কিছু নাবিতে সওার * এইরূপে লড়ে হেথা দোন পাহালওান ॥ লস্করে কি হয় হোথা সোন সে বয়ান* আছিল জাওারা মর্দ্দ রোস্তমেব ভাই ॥ জঙ্গ বিনে তাহাকে ছবর ছিল নাই * আপন লস্কর সেহ সাতে করে লিয়া ॥ ইরানি লস্কর জেথা পঙছিল জাইয়া * হাকিয়া কহিল জোরে সোনরে ইরানী ॥ মর্দ্দমি থাকেত আইস লড়িতে এখনি * নহেত লস্কর বিচে জোবেতে জাইয়া ॥ গেরাইব সবাকারে তলওার মারিয়া*নওসদর বেটা ইস্পিন্দিয়ারের ছিল ॥ সুনিতে পাইয়া সেহ গোশ্বাতে জলিল* তখনি ঘোড়ার পরে হইয়া সওার ॥ কুদিয়া ময়দানে আইল বলে মার২ * হেকে বলে আইস দেখি সিস্তানি জওান ॥ সেখাইব তেগবাজি ওঠাইব সান * এক মর্দ্দ রোস্তমের সাগরেদ আছিল ॥ সুনিয়া সে ঘোড়া হেকে ময়দানে আইল * মোকাবেলা হয়ে সুরু করিল লড়াই ॥ নানা হাতীয়াবে খুবলড়িল এয়ছাই * আখেরেতে নওসদর তাহার লাগিয়া ॥ খাক খুনে মেলাইল তলওার মারিয়া * জাওারা সে হাল দেখে চড়িয়া ঘোড়ায় ॥ নওসদর ছিল জেথা আইল তবায় * হেকে বলে আইস দেখি রাখ কত জোর ॥ ময়দান উপরে লহু বহাইব তোর * মেরা এক পাহালওানে ডালিলে মারিয়া ॥ জিতা জানে

নাহি আর ॥ মউত নজদিক এসে পঙছিল তোমার * ময়দান উপরে কাল দেখিবে সবায় ॥ বাপ বেটা ভাই কার করে হায়২*এহা বলে সেথা হৈতে রোস্তম মর্দ্দানা॥ সেতাবি চলিয়া গেল ডেরেতে আপনা কহিল জালের আগে জত বিবরন ॥ লড়িতে তৈয়ার ইস্পিন্দিয়ার এখন * লড়াই বিহনে কিছু চারা নাই দেখি॥সুনে পাহালওান জাল নদী বহে আখি*কহে হায় মারা জাবে বাদসার ফরজন্দ ॥ এই বাত ভাল নহে বড়া না পছন্দ* এহা বলে জাল সাহা তাবাদে আখেরে ॥ নানারুপে নছিহত করে রোস্তমেরে * রোস্তম কহিল সক্ত কহিয়া আমায় ॥ দেও বাচ্চা বলে গালি দিয়াছে তোমায় * এয়ছাই বরদাস্ত আর না পারি করিতে॥ কাল গিয়া ময়দানে লড়িব তার সাতে * এহা সুনে জালসাহা কান্দে জারে জার রোস্তম পুছিল কেন কান্দ নামদার*জালসাহা কহে কান্দি এহারকারনে॥মহিমেতে তুমি মারা পড়িলে ময়দানে * তবে মেরা ঘর ছারা হইবে বিরান ॥ কেমনে তোমার সোগে ধরিব পরান * আর জদি মরে ইস্পিন্দিয়ার সরদার ॥ জাহানেতে বদনামি হইবে আমার * দুসমনি আমার সাতে রাখিবে কায়ানী হরবাতে হামেসা করিবে পেরেসানি * সুনিয়া জওাব দিল রোস্তম মর্দ্দানা ॥ অপনি দেলেতে কিছু না কর ভাবনা*জিতা জানে তাহাকে ধরিয়া আমি জোরে ॥ হাজের করিয়া দিব আপনা হুজুরে*মালমাত্তা নজরানা দিব তাহে ফের॥তাবেদারি হতে তার নাহেলাব ছের*জালসাহা সুনে হেকেকহে রোস্তমেরে না আন এয়ছাই বাত জবানের পরে * জাহানের বিচে ইস্পিন্দিয়ার সরদার ॥ জার মত দুনিয়াতে নাহি আছে আর * চিন সাহা ছিল এয়ছা তার হাতে পস্ত ॥ আর কে দুনিয়া বিচে হবে তার মত * তুমি কহিতেছ কাল ময়দানে জাইয়া ॥ জিন হতে তাহাকে আনিব ওঠাইয়া* এ কথা পছন্দ নাহি হয় মেরা দেলে ॥ বুঝে শুজে কর কাম জা আসে খেয়ালে * অধিন খাতের কহে ভাবিয়া রবানা ॥ দেখ কি রুপেতে ইস্পিন্দিয়ার মর্দ্দানা * মরে রোস্তমের হাতে করিয়া লড়াই ॥ তাহার বয়ান এবে কহিয়া জানাই * জে হালে মউত লেখা নছিবে জাহার ॥ রদ নাহি হয় কভু কলম খোদার *

পাহালওান ইস্পন্দিয়ার রোস্তমের সাতে লড়াই করিয়া
মারা জাইবার বয়ান ॥

পয়ার * ফজরেতে উঠিয়া রোস্তম নামদার ॥ লস্করে হুকুম দিল হইতে তৈয়ার * বাজিল সওারি ডঙ্কা শুনিয়া লস্কর ॥ তৈয়ার হইল সবে বান্ধিয়া কোমর*আপন রোস্তম মর্দ্দ কোমর বান্ধিয়া ॥ রখসো নামে ঘোড়া পরে সওার হইয়া * জালের হুজুর হৈতে হইয়া বিদাই ॥ চলিল ময়দান পরে করিতে লড়াই*জাল সাহা দোওা মাঙ্গে ওঠাইয়া হাত ॥ মুস্কিলে আসান কর আপে পাক জাত* তোমা বিনে ফরিয়াদ করিব কার তরে ॥ মদত করহ আপে রোস্তমের পরে * রাখ মার সকলি তোমার এক্তেয়ার নেঘাবান তুমি আল্লা মালেক মক্তার * দোওা দিয়া এইরুপে তাহার বাদেতে ॥ জাওারার তরে ফের লাগিল কহিতে * জাহ তুমি লস্করে হইয়া সরদার॥ না রবে গাফেল সেথা রবে হুসিয়ার * এহা বোলে দোওা দিয়া সবাকার তরে ॥ বিদাই করিয়া দিল মহিমের পরে * তখন রোস্তম মর্দ্দ গিয়া ময়দানেতে ॥ জাওারার তরে এছা লাগিল কহিতে * সোন ভাই তুমি সব লস্কর লইয়া ॥ এই খানে রহ খাড়া নাজাবে বাড়িয়া * এহা বলে পাহালওান একা চলে জায় ॥ বসৌতন হেথা হৈতে দেখিবারে পায়*বুঝিল সে দেল বিচে এমনি প্রকারে ॥ রোস্তম আইল ফের ছোলে করিবারে* এহা ভেবে কহে ইস্পিন্দিয়ারে জাইয়া॥ আসিতেছে রোস্তম জে ছোলের লাগিয়া*মেল রোস্তমের সাতে সোন নামদার ঝগড়া লড়াই করা না রাখে দরকার * বেগর বন্দনে লিয়া রোস্তমের তরে ॥ লিয়া চল হেথা হতে বাদসার হুজুরে * সুনিয়া কহিল ইস্পিন্দিয়ার তখন ॥ রোস্তমের সাতে আছে লড়িবার মন * কোন মতে আমি নাহি ছাড়িব ওহায় ॥ লে জাব বাদসার আগে বেন্দে হাত পায় * বসৌতন কহে আছে বাসনা তোমার ॥ রোস্তমের সঙ্গেতে মহিম করিবার * আমি কিন্তু এইবাতে দেলেতে ডরাই ॥ দুই পাহালওান মর্দ্দ করিবে লড়াই * খোদা জানে খুনেতে ডুবিবে কোনজন ॥ ভালা বুরা বুঝিতে না পারি বিবরন * এয়ছাই সুনিয়া ইস্পিন্দিয়ার সরদার ॥ খামসিয়া রহে না জওাব দিলতার* হেনকালে রোস্তমের আইল

হুজুরের ॥ না দিব আজার কীছু তোমার খাত্তের * কহিব বাদসাকে ফের সোন জাহাপানা ॥মাফ করে দেহ আগে রোস্তমের গোনা * এইরূপে মানায়তে কহিয়া হুজুরে ॥ খালাছ করিয়া তুঝে দিব জে আখেরে * তবে তুমি দেলেতে বুঝিয়া আপনার ॥ মালুম করিয়া লিবে মর্দ্দমি আমার * সুনিয়া রোস্তম মর্দ্দ হয়ে গোশ্বামন ॥ কহিতে লাগিল ইস্পিন্দিয়ারে তখন * জওা মর্দ্দ জদি তুমি হও আমা হইতে ॥ তবু কোথা মহিমে আটীবে মেরা সাতে * মহিম কাহারে বলে দেখেছ কোথায় ॥ তিরের বাতাস না লাগিল তেরা গায় * মহিমে ময়দানে কাল আসিবে জখন * আমার হেকমত কেয়ছা দেখিবে তখন ॥ ঘোড়া হইতে ওঠাইয়া তোমার খাতির ॥ জালের হুজুরে লিয়া করিব হাজির * সোনার কুরছিতে ফের বসায়ে তোমায় ॥ জওহরের তাজ দিয়া তোমার মাথায় * মালমাত্তা নজরানা দিয়া হুজুরেতে ॥ বাপ বেটা দোহে মোরা রহিব খেদমতে * তাবাদে বাদসার আগে তেরা সাতে গিয়া ॥ তাজ সাহি সাহা হৈতে তুঝে দেলাইয়া * রহিব হামেসা তেরা হুজুরে হাজির ॥ হরবাতে হইয়া জে ফরমা পিজীর * তুমি আমি মিলে জদি রহি এক সাতে ॥ তবে কেহ তাজদার না রবে জগতে * শুনিয়া কহিল ইস্পিন্দিয়ার সরদার ॥ বেহুসের মত এয়ছা নাহি কহ আর * সারাব খাইয়া বুঝি হুস হারাইলে ॥ কহ মিছে না পছন্দ জাহা আইসে দেলে * হয়েছে বহুত বেলা খাও খানা পানী ॥মেসাছুটে জাবে হুস আসিবে এখনি * এহা বলে কয় খাঞ্চা খানা এনে দিল ॥ রোস্তম সে খানা সব খাইয়া লইল * পাচ বকরি আর ছিল রুটী পাচ মন ॥ খাইল সে সব চিজ রোস্তম জখন * তাজ্জব হইল সবে সে হাল দেখিয়া ॥ তা বাদে রোস্তম আইল বিদায় হইয়া * তখন কহিল ইস্পিন্দিয়ার এমত ॥ জালের সহিত গিয়া করহ মছলত জদি রাজি আমা পরে হও পাহাজওান ॥ না পাবে আজার কিছু পঁওছিবে আছান * নতুবা মহিমেকাল আসিবে ময়দানে ॥ তুমি আমি লড়াই করিব দুইজনে * রোস্তম জওাব দিল সোন সানদার ॥ আছে হেথা মোসাহেব জে কেহ তোমার * তুমিও তাদের সাতে মছলত করিয়া * আপনার দেল বিচে দেখহ বুঝিয়া * কবুল করিয়া জদি মেহমানী আমার ॥মেরা ডেরে আপনি আইসেন একবার * তা হইলে তেরা সাতে বেগর বন্ধনে ॥ খুসিহালে জাই আমি বাদসার সামনে * নতুবা ফজরে উঠে লইয়া ফেলাই আসিয়া তোমার সাতে করিব লড়াই * শুনিয়া কহিল ইস্পিন্দিয়ার তখন ॥ কহিতেছ তুমি মুঝে কেরূপ এখন * আলবত্তা লিতুন আমি কবুল করিয়া ॥লড়িবারে চাহি কিন্তু এহার লাগিয়া * বাদসা করে ডরাইয়া দেলের ভিতরে ॥ নারিল করীতে বন্দ রোস্তমের তরে * নাহক কিসের তরেকরীব একাম ॥ জে কামে দুনিয়া বিচে হইবে বদনাম * নাহিক ডরাই তেরামহিম হইতে ॥ সহজে বান্দিয়া তুঝে লিব হাতে হাতে * শুনিয়া রোস্তম ফের কহীল এছাই ॥ বড়২ দেও আইল করিতে লড়াই * কিনা দেলে মারিনু তা সবার কারন ॥ তুমি না হইবে কভু তাদের মতন * মহিমে তোমার সাতে নাহিক ডরাই ॥ কিন্তু আমি দেল বিচে ভাব জে এয়ছাই * কি জানী মহিমে জদী মর মেরা হাতে ॥ কালামুখ হবে মেরা বাদসার আগেতে * এখন বুঝীয়া দেলে মোর তরে বল ॥ লড়া ভাল হয় কীবা ছোলে করা ভাল * হইয়াছে বুড়া পির বাদসা নামদার ॥ তক্তের ওারেছ তুমি হইবে তাহার * কিন্তু এ ছববে হয় মালুম এয়ছাই ॥বাদসা জাহাপানা তুঝে ভাল বাসে নাই * দোছরা বেটারতরে করে সে পিয়ার ॥ সুপীবে তাহার তরে বাদসাই মাদার * তেকারনে বাদসা তুঝে বাহানা করীয়া ॥ লড়িতে আমার সাতে দিল পাঠাইয়া * কোনরূপে তুমি মারা পাড়িলে হেথায় ॥ বাদসাই সুপিবে সাহা দোছরা বেটায় * জানের দুসমন বাদসা হয়েছে তোমার ॥ এইবাতে তুমী নাহী আছ খবরদার * এখন হুসিয়ার হয়ে থাক আপনাকে ॥ না কর জোরের সেখি আমার শুমুখে * কেন মিছে পেরেসানীওঠাইবে জানে ॥ আমার বদনাম হবে তামাম জাহানে * বারং কহি আমি সোনহ মানাই ॥ এখন করহ ছোলে ছাড়িয়া লড়াই * শুনিয়া কহিল ইস্পীন্দিয়ার তখন ॥ধোকা দীয়া না ভুলাও আমার কারন * উচা নিচা সব বাতে পাইয়াছী টের ॥ বান্দিয়া লেজাব তুঝে হুজুরে বাপের * নহে কাল ফজরেউঠিয়া তেরা তরে ॥তেগ জোরেগেরাইব ময়দান উপরে * বাপ আরবেটা তেরাবন্ধুগন সবে ॥ সাতে করে লীয়া কালময়দানে আসিবে * কে অন্য এ হাল তেরা চক্ষেতে দেখীয়া ॥করীবে মাতম জারি তোমার লাগীয়া * রোস্তম কহীল এবে চারা

সুনিলে কানে * জোন পাহালওান তুবে কহিয়া জানাই ॥ না আসিবে মেরা সাতে করিয়া লড়াই * না সুনে মানাহি জদি লড় পাহালওান ॥ নাহক আমার হাতে হারাইবে জান*একথা সুনিয়া ইস্পিন্দীয়ার জরদার ॥ গোস্বাতে জলিয়া ওঠে আগ বরাবর*চাহে কি তখন হাতে তলওার লইয়া॥ মারে রোস্তমের তরে জোরেতে খেচিয়া * কিন্তু এহা দেলেতে ভাবিল পাহালওান ॥ রোস্তম এ ওক্তে মেরা আছেত মেহমান * করিলে মেহমান পরে জুলুম বেদাদ ॥ জালেম কহিবে মুঝে [illegible] পাকজাত * এহা ভেবে পাহালওান হাত সামটিয়া ॥ কহে রোস্তমের তরে গোস্বা দেল হৈয়া * সুন মর্দ্দ আমি তুঝে কহিনু নরম ॥ কিকারনে তুমি এত হইলে গরম * কায়ানি খান্দানে জেই ছিলে তাবেদার ॥ তেকারনে মোরা তেবা বাড়িল তোমার * তুমিত হামেসা এয়ছা করিলে চাকরি ॥ সাহি আর নয়া দিন কৈনু আমি জারি * ইরান তুরান আদি রুম আর চিন ॥ রেওাজ করিয়া দিনু জবরদস্তি আইন * হইল তামাম দেশ আতস পরস্ত ॥ আর কত নামদারে করে দিনু পস্ত * তুড়িনু রুইন কেল্লা নাম এয়ছা জার ॥ মাজন্দারানের দেস কোথা লাগে তার * আর জে হপ্তমখানা তুড়ে আমি জাই ॥ ভরাছিল তার বিচে আফত বালাই*তেরা জেহপ্তমখানা মাজেন্দারানের ॥ নাছিল তাহাতে এয়ছা বালাই জাহের * রোস্তম সুনিয় এছা কহিল তাহায় ॥ হপ্তমখানাতে জেরা জাবার সময় * দস হাজার ছিল সাতে জঙ্গি আছওার ॥ মেরা সাতে কেহু নাহি ছিল মদতগার * একেলা হেম্মত করে রাহেতে চলিনু ॥ ঘোড়া আর গোর্জ্জ বিনে কিছু না লইনু* রাহাবিচে কতঠাই মহিম করিয়া ॥ বড়া২ দেও মেরে দিলাম ফোকয়া * এ:কলা থাকুক জদি লইয়া লস্কর॥জাইতে চলিয়া তুমি সে রাহা উপর* তাব না হইত তেরা সেখানে লড়িতে লস্কর লইয়া ডরে ভাগিয়া জাইতে * কিকব সে কথা আমি করিয়া বয়ান ॥ জ্ঞাত আছে সব হাল তামাম জাহান * আর জেই সময়েতে খোসরু নামদার ॥ লহরাস্পে সুপে দিল বাদসাই মাদার * সে ওক্তে ইরানে জারা নামি লোকছিল ॥ সুনিয়া সকলে এছানাখোস হইল * বাসনা আছিল দেলে তাহা সবাকার ॥ ফরিবজ্জ ইরানেতে হয় তাজ দার * বুঝাইয়া রাজি আমি করিণু সবায় ॥ বিপদ ঘুচিল সাহি লহরাস্প পায় * আমি সেই সময়ে মদত হৈনু জেই ॥ দাদা তেরা ইরানেতে সাহি পাইল তেই * লহরাস্প সাহা আর গোস্তাস্প সাহার ॥ ফকরনা কর তুমি ছামনে আমার * বাপ তেরা দেল বিচে বাসনা করিয়া ॥ আজদাহা ধরিতে তুজে দিল পাঠাইয়া * এয়ছাই তাকত কার হবে জাহানেতে ॥ কিনা দেলে দেখে চেয়ে মেরা তরফেতে * বুড়া হৈণু এতকাল গোজারিয়া গেল ॥ না পছন্দ এয়ছা কেহু কহিতে নারিল * কোনখানে কার মুখে না শুনি এমন ॥ আমি জদি তেগ ধরি হয়ে গোস্বা মন * তা হইলে মোর আগে আটে কে এছাই ॥ না আছে জাহান বিচে এমন ছেফাই* আছিল কাউছসাহা বাদসা নামদার ॥ সাত মুল্লকের বাদসা তাবে ছিল জার* খাফা হয়ে এক রোজ আমি তারপরে ॥ সক্ত২ বাত কত কহিয়া তাহারে * উঠিয়া দরবার হৈতে নেকলিয়া জাই ॥ সে সমে তাকত কার না হৈল এয়ছাই * আসিয়া আমার সাতে মহিম করিয়া ॥ বন্দ করে মোর তরে জোরেতে ধরিয়া * বড়২ পাহালওান ছিল জত জন ॥ মেরা আগে আসিতে নারিল কদাচন * আখেরে কাউছ সাহা মিনতি বচনে খোসামুদি করিয়া জে আমার কারনে * মাঙ্গাইয়া হুজুরেতে মান বাড়াইয়া ॥ সোনার কুরছির পরে বসাইল লিয়া * বারাজুরি তুমি এয়ছা না কর আমারে ॥ না খাটিবে জোর তেরা আমার হুজুরে * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার এয়ছাই ॥ না কর আমার কাছে জোরের বড়াই * জদি সে কাউছ সাহা ছিল নামদার ॥ জোর ও তাকত কিছুনাহি ছিলতার * জেছাই তাকত আছে বদনেতে মোর ॥ কাউছ সাহার কোথা ছিলএত জোর* এহাবলে পাহালওান হাসিয়া২ ॥ রোস্তমের পাঞ্জা জোরে ধরিল কসিয়া এয়ছাই জোরেতে মর্দ্দ দেবে ধরে ছিল ॥ রোস্তম সে জোরে তার হয়রান হইল * তবু কিন্তু হাসিয়া কহিল এছা বাত ॥ মনাছেব নহে এবে লড়ি তেরা সাত * ইস্পিন্দিয়ার পাঞ্জা ধরে রোস্তমের ॥মালুম করিয়া জোর ছাড়িল আখেরে * কহিল এছাই ফের রোস্তমের তরে ॥ আজ তুমি মেহমান আছহ মেরা ডেরে * সরাব কাবাব খাও হয়ে খুসি মন ॥ খেয়ে পিয়ে জাহ আজ ঘরেতে আপন * মালুম হইল জেয়ছা জোর তেরা গায় ॥ সহজেতে কাল আমি ধরিয়া তোমায় * বাদসার হুজুরে লিয়া করিব

যার মর্দ্দমি আছে আলমে জাহির ✽ তুরানী দুসমন ছিল ইরান ওলায় ॥ তাহা সবে করিয়া ডালিনু ছারখার ✽ আর জত দুসমন আছিল ঠাই২ ॥ মারিয়া তা সবাকারে করিনু ছাফাই ✽ জে কেহ দুসমনি দেলে ছের ওঠাইল ॥ মেরা আগে কেহ নাহি কাএম রহিল ✽ মরুওতে করি তুঝে মিনতী এয়ছাই না হইলে তেরা তরে আমি কি ডরাই ✽ এয়ছাই সুনিয়া ইস্পিন্দীয়ার তখন ॥ দু আখি করিয়া লাল হয়ে গোস্বা মন ✽ চাহে কি তখন উঠে তলওার খেচিয়া ॥ মেরে জোরে রোস্তমেরে দেয় গেরাইয়া কিন্তু সে সময় মর্দ্দ করিয়া দানাই ॥ হাত সামটিয়া রহে ভাবিয়া এয়ছাই ✽ বেগর মহিমে জদি করি এয়ছা কাম ॥ মর্দ্দের লাএক নহে আলমে বদনাম ✽ কহিবে তামাম লোক এ কথা শুনিয়া ॥ কাবু পেয়ে রোস্তমে মারিল দাগা দিয়া ✽ নহে রোস্তমের সাতে পারে কোন জন ॥ পাহালওান জওামর্দ্দ না আছে এমন ✽ এয়ছাই বদনাম জে হইবে ঠাই২ ॥ নামর্দ্দ বলিয়া মুঝে কহিবে সবাই ✽ এহা ভেবে গোস্বা তবু থামাতে না পেরে ॥ ফের এয়ছা কহিতে লাগিল রোস্তমেরে✽শুনিয়াছি লোক মুখে এয়ছা সমাচার বাপ তেরা পাহালওান জাল নামদার ✽ পয়দা হয়েছে না কি দেএর নছলে ॥ দেখে তার সাদা চুল পেরেসান হালে ✽ সরম খাতেরে সাম না রাখিয়া ঘরে ॥ ফেলাইয়া দিয়াছিল ময়দান উপরে ✽ ছিমো রগ দেখা পেয়ে পাহাড়ে থাকিয়া ॥ আইল সেখানে তারে খাবার লাগিয়া✽ নাপাক দেখিয়া সে মোরগ তার তরে ॥ না খাইয়া লিয়া গেল পাহাড় উপরে ✽ আপনা বাচ্ছার কাছে রাখিয়া মদাম ॥ খেলাইত মোরদার আনিয়া ছোবে সাম✽তখন সেখানে খুব সেয়ানা হইল॥ সুনে ফের সাম তারেঘরেতে আনিল বেটা বেটী সামের নাহিক ছিল আর ॥ আনিল লাচার হয়ে ছববে এহার ✽ তাবাদে নওকরি কোরে মেরা খান্দানের ॥ ছরদারি মিলিয়া ছিল তাহার খাতের ✽ কিছু দিন গোজারিয়া গেলে তাবাদেতে ॥ পয়দা হইলে তুমি জালের ঘরেতে ✽ সেয়ানা হইয়া ফের খান্দানে আমার ॥ তাবেদারি করিয়া আইলে এক্তেয়ার ✽ মেরা সামনেতে এবে না কর বড়াই ॥ এখনি উচিত মত পাইবে সাজাই ✽ রোস্তম একথা সুনে হয়ে গোশ্বামন ॥ কহিতে লাগিল ইস্পিন্দীয়ারে তখন ✽ সোন পাহালওান কহি তোমার কারনে ॥ এয়ছা নালাএকি বাত না আন জবানে ✽ ভালা বুরা হাল নাহি জানিয়া খবর ॥ কর বেকুফের মত এতেক ফখর ✽ বাপ তেরা জাহাপানা বাদসা নেকনাম ॥ আমার জঙ্গের হাল জানে সে তামাম ✽ নাহি জেনে সুনে এয়ছা গরুরির পরে ॥ সেখি করে কহ তুমি আমার হুজুরে ✽ জবান দাবিয়া রহ না কহ এয়ছাই॥ সোন তবে আমি তুঝে কহিয়া জানাই ✽ বাপ মেরা জাল সাহা সামের ঘরেতে ॥ সামের পয়দাস জান নুরিমান হৈতে ✽ নুরিমান পয়দা হয় হোসাঙ্গের ঘরে ॥ জার হাকে সের নর পলাইত ডরে ✽ আর জে মেহরাব সাহা বাদসা নামদার॥আছেন তাহার বেটী মাতারি আমার✽বুঝে দেখ পাহালওান দেলেতে আপন ॥ এক জর্দ্দ তুমি আমি আছি দুই জন ✽ আর জত পাহালওান ইরানে আছিল ॥ বার২ কত এয়ছা আমারে কহিল ✽ ইরানের তক্ত পরে করহ বাদসাই ॥ রহিব তোমার তাবে আমরা সবাই ✽ আমি তাহা সবাকার কথা না শুনিনু ॥ তক্তের খাহেস দেলে নাহিক করিনু ✽ তাজ সাহি লইতুন জদি সে সমায় ॥ তা হইলে সাহি কোথা মিলত তোমায় ✽ তুমি এয়ছা নাহক হইতে তাজদার॥তাবেদারি করিতে হইত দোছরার✽মেরে তুমি খালি এক আরজাস্প সাহারে॥ নাকর গরুরি এয়ছা আমার হুজুরে ✽ মোর মত নাহিক লড়িলে কোন ঠাই ॥ মেরা কাছে কর মিছে জোরের বড়াই মেরা হাতে হারে কত বাদসা নামদার॥আর কত দেওকে করিণু ছার খার✽ছিল জেহস্তমখানা মাজন্দাবানের ॥তুড়িয়া ডালিনু তাহা মারিয়া শমসের✽ একওান দেয়েরে আর ছফেদ দেএরে॥ মারিয়া দোহার তরে তলওারের জোরে ✽ আর জে আছিল সাহা মাজন্দারানের ॥ দেএর মুল্লক ছিল জার হাতে জের লড়িয়া তাহার তরে ডালিণু মারিয়া ॥ কাউছ সাহারে আনি খালাছ করিয়া✽ আর জত নামদার ছিল কএদেতে॥ ছাড়াইয়া আনি তাহা সবার তরেতে✽ আর জে তুরান সাহা আফরাসিয়াব ॥ তার সাতে লড়িতে না ছিল কার তাব✽কতবার তার তরে সেকস্ত করিণু॥সহর লুটিয়া লিয়া ভাগাইয়া দিণু✽খাকান চিনেরে ফের মারিয়া তলওার॥কবজ করিয়া লিণু মুল্লক তাহার✽কতসত মহিম করিণু এ প্রকারে॥ বয়ান করিয়া কত কহিব তোমারে ✽ ভেগে আমি কভু না আইণু কোনখানে॥ তুমি কি মর্দ্দমি মেরা না

খাত্তির ॥বাবা হাতে হুজুরেতে করিব হাজির * এহাতে কি রাম তেরা কহ পাহালওান॥ ভালা বুরা বুঝে কাম করিব নিদান*সুনিয়া রোস্তম মর্দ্দ খামস রহিল॥ ভালা বুরা কিছুই জওাব নাহি দিল * ফের কহিলেন ইস্পিন্দীয়ার তখন ॥ জওাব না দেহ তুমি কিসের কারন * তখন রোস্তম কহে সোন নামদার আমার আরজ এহি জনাবে তোমার * বাদসা নামদার জেয়ছা মেহের করিয়া ॥ ছিলেন আমার ডেরে মেহমান হইয়া * আপে জদি মেরা ডেরে গিয়া সে রুপেতে ॥ রহেন কয়েক রোজ মেহমান ছুরাতে * আখেরে হুকুম জাহা করিবে আমায় ॥ মানিয়া লইব ফের না হেলাব তায়* সুনিয়া কহিল ইস্পিন্দীয়ার ছরদার ॥ সে এক মতলবে এসে ছিল নামদার * আমি সে মতলবে নাহি আইনু এখানে ॥ মেহমান হইয়া তেরা জাইব কেমনে * জদি তুমি না ফরমানি কর আখেরেতে ॥ লাড়তে তৈয়ার হও আমার সহিতে* এবে আমি তোমার নেমক জদি খাই ॥ কহ তবে কি রুপেতে করিব লড়াই * জদি না কয়েদ করে লে জাই তোমারে ॥ কি বলে জওাব দিব বাপের হুজুরে * রোস্তম শুনিয়া এয়ছা কহিল তখন ॥ জদি পাহালওান তেরা এরাদা এমন * আমিওভি তা হইলে তেরা এখানেতে ॥ খানা পিনা কোন রুপে না পারি খাইতে * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার এয়ছাই ॥ আইস সবে সারাব কাবাব দোহে খাই এহা বলে মাঙ্গাইয়া সরাব তখন ॥ খুসিতে পিয়ালা বাজি করে দুই জন * তাবাদে রোস্তম মর্দ্দ কহিল এয়ছাই ॥ সোন পাহালওান আমি ঘরে এবে জাই*বাপ মেরা আছে সাহা জাল নামদার ॥ জানাই আহওাল সব হুজুরে তাহার * ভালা বুরা মছলত জা দিবেন আমায় ॥ আসিয়া খবর আমি কহিব তোমায় * তখন কহিল ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ জাহ পাহালওান তুঝে নাহি করি মানা * দের না করিবে কিন্তু আসিবে সেতাব ॥ নতুবা ভেজিয়া দিবে খোলাছা জওাব* রোস্তম এ কথা শুনে ছালাম করিয়া ॥ গেলেন ঘরেতে জবে বিদায় হইয়া*তখন আন্দেসা করে দেলের বিচেতে ॥ বসৌতন মর্দ্দ এহা লাগীল কহিতে * কি কারনে রোস্তমে ছাড়িয়া তুমি দিলে ॥ কেননা তাহার তরে কএদ করিলে* দুস মনে কাবুতে পেলে না চাহি ছাড়িতে ॥ হাজার আফছোছ জে হইল এইবাতে * তখন কহিল ইস্পিন্দিয়ার ছরদার ॥ আলবত্তা রোস্তম হেথা আসিবে আবার * নাহি জদি আসে তবে লড়াই করিয়া ॥ ঘর হতে জোরে তারে আনিব ধরিয়া * সুনে বসৌতন ফের কহীল এমন ॥ বড়া জবরদস্ত মর্দ্দ রোস্তম পিলতন * তার মত কেহু নাহি আছে জোরওার ॥ মুস্কিল তাহার তরে করা গেরেপ্তার * কাবু তলে পেয়ে জদি হুনুর হেকমতে ॥ কোন রুপে ধরে তারে কএদ করিতে * বহুত বেহতর ছিল তা হইলে পরে ॥ কিছু নাগরজ ছিল লাড়বার তরে * সোন পাহালওান কহি তোমার কারন ॥ তার সাতে না হিক লাড়বে কদাচন * কি জান বদ্যপী সেহ মহিমে তোমায় ॥ কোন রকমেতে কিছু আজার পঞ্ছায় * হইবে মুস্কিল বড় তা হইলে পরে ॥ মান জাবে লাজ পাবে লোকের হুজুরে * একথা সুনিয়া ইস্পিন্দীয়ার সরদার ॥ দেল বিচে ভাবিতে লাগীল আপনার * রোস্তম জাইয়া হোথা আপনার ঘরে কহিল তামাম বাত জালের হুজুরে * সুনিয়া কহিল এয়ছা জাল নামদার ॥ সাহাজাদা মেরা ইস্পিন্দীয়ার সরদার * না কর আন্দেসা তুমি দেলের বিচেতে ॥ ফজরে উঠিয়া ফের জাহ সেখানেতে * নানারুপে বুঝাইয়া রাজি করে তায় ॥ খুসি হালে সাতে লয়ে আসিবে হেথায় * শুনিয়া এয়ছাই বাত রোস্তম মর্দ্দানা ॥ দোছরা রোজেতে চলে হইয়া রওানা * নিকটেতে যখন সেথা পৌছিল জাইয়া আগু বেড়ে লিল ইস্পিন্দীয়ার আসিয়া*তখন রোস্তম খুসি হইয়া দেলেতে॥আরজ করিয়া এহা লাগীল কহিতে * সোন পাহালওান ইস্পিন্দীয়ার সরদার ॥ জাল সাহা আছে তেরা হয়ে এন্তেজার * চলহ আমার ঘরে মেহের করিয়া ॥ খেদমত করিব তেরা দেল জান দিয়া* সুনিয়া কহিল ইস্পিন্দীয়ার তখন আমি তেরা ডেরেতে না জাইব কখন * তুমী কিন্তু হেথা হৈতে না জাইবে আর ॥ চলহ আমার সাতে হয়ে গেরেপ্তার * সুনিয়া রোস্তম এয়ছা কহিল তাহায় ॥ এবাতে মেহের তুমি করিবে আমায় কাম তেরা বহুত হইবে আমা হৈতে ॥ আর তেরা হামেহাল রহিব খেদমত * তোমার বোজরগো জত ছিল নামদার ॥ করেছি বহুত কাম তাহা সবাকার * হামেহাল পোস্তপানা আছি ইরানির ॥ আ

আছি কারনেতে এতবার * কহিবে বাহানা করে আইল ফিরিয়া ॥ নহিবে জা আছে হবে না জাব ফিরিয়া
এহা বলে পাহালওান সেখান হইতে ॥ চলিল রওানা হয়ে বাড়িয়া আগেতে*হিন্দুস্তানের নজদিগেতে
পওছিল জখন ॥ হুকুম করিল এয়ছা লস্করে আপন* এইখানে রহ সবে মোকাম করিয়া ॥ হেথা হৈতে
আগে আর না জাব বাড়িয়া * হুকুম পাইল জদি সকলে এয়ছাই ॥ সেইখানে ওতরিয়া রহে ঠাই২ *
তাহার বাদেতে ইস্পিন্দীয়ার সরদার ॥ বাহমন বেটার তরে ডেকে আপনার * কহিল সেতাবি তুমি
জাহনা চলিয়া ॥ রোস্তমের তরে হেথা আন বোলাইয়া* বাপের হুকুম পেয়ে বাহমন মর্দ্দানা ॥ সেতাবি
চলিয়া গেল হইয়া রওানা * পৌছিল জাইয়া জবে জালের ডেরায় ॥ জাল সাহা খুসি হৈল দেখিয়া
তাহায় * সেতাবী উঠিয়া ফের ঝোকাইয়া ছির ॥ আদবে তছলিম কৈল তাহার খাতির * তাজিম
করিয়া এনে বসায় কাছেতে ॥ হাল হকিকত সব লাগিল কহিতে * কহিল বাহমন মর্দ্দ জালের কারন
আইনু এহার তরে সোন বিবরন * এসেছে এখানে ইস্পিন্দীয়ার সরদার ॥ আলাও লস্কর সাতে লিয়া
আপনার * তলব করিল এবে রোস্তমের তরে ॥ সেতাবী ভেজিয়া তুমি দেহনা তাহারে * তবে পাহা
লওান জাল সেতাবী জাইয়া ॥ রোস্তমে তামাম হাল দিল সোনাইয়া * সুনে সে রোস্তম এয়ছা
লাগিল কহিতে ॥ কি আছে তাহার দেলে না পারি বুঝিতে * কেন সে আমার তরে নাহিক আইল
না জানি কিসের তরে তলব করিল* জাল সাহা কহিল সোনহ পাহালওান ॥ গোজারিয়া গেছে জত
কায়ানি ছোলতান * হুকুমের তাবেদার হইয়া তাদের ॥ হামেসা আছিনু মোরা খেদমতে হাজের *
খুসিহালে জাহ ইস্পিন্দীয়ার জেথায় ॥ আদাব ছালাম আগে আনিয়া বজায় * গোস্তাস্প সাহার এয়ছা
তাহার খাতিরে ॥ মেহমানি করিয়া আন আপনার ঘরে * এয়ছাই কহিল জদি জাল নামদার ॥ গেল
বাহমনের সাতে রোস্তম ছরদার * নিকটেতে পৌছিলেন জাইয়া জখন ॥ রোস্তমের তরে এছা কহিল
বাহমন*এইখানে রহ তুমি আগে আমি জাই ॥বাপের হুজুরে গিয়া খবর জানাই * এহা বলে রোস্তমে
রাখিয়া রাহা পরে কহিল জাইয়া ইস্পিন্দীয়ারের তরে*সোন বাপ রোস্তম বড়ই নেকবক্ত॥না আছে
দুনিয়া বিচে কেহ তার মত * পওছিনু জাইয়া জবে জালের ডেরায় ॥ আদাব তছলিম সেই আনিয়া
বজায় * তক্ত পরে বসাইয়া আমার খাতির ॥ বাপ বেটা রহে দোহে খেদমতে হাজির* তাহাবাদে সু
নিয়া সে খবর তোমার ॥ আসিয়া পওছিল হেথা সঙ্গেতে আমার * রাখিয়া তাহার তরে রাহার বি
চেতে ॥ হুজুরে আইনু আমি সমাচার দিতে*সুনে পাহালওান ইস্পিন্দীয়ার তখন॥আগে বেড়ে চলিল
হইয়া খুসিমন*রাহা বিচে জেখানেতে রোস্তম আছিল॥ নজদিকে জখন তার জাইয়া পওছিল*রোস্তম
দেখিয়া ইস্পিন্দীয়ারের তরে ॥ ঘোড়া হৈতে সেতাবি নামিয়া জমি পরে*আদবে খেদমতে তার হইয়া
হাজির ॥ ছালাম তছলিম কৈল ঝোকাইয়া ছির * বাড়াইয়া কহিতে লাগিল এয়ছা ফের॥ তক্তের মা
লেক তুমি ইরান দেসের* তেরা হুকুমের তাবে তামাম জাহান ॥কেআছে দুনিয়া বিচে তোমার সমান
হামেসা খেদমতে রুজু থাকে জে তোমার ॥ নছিব সাবুদ খুব তাহা সবাকার * জোরওার করে খোদা
তোমার কারনে ॥ফতে মন্দ হও তুমি তামাম জাহানে * তাবেদারি কায়দা কানুন এ প্রকার ॥ দেখে
খুসি হয়ে ইস্পিন্দীয়ার সরদার* জমি পরে সেতাবী নাবিয়া ঘোড়া হৈতে ॥ মেলে রোস্তমের সাতে ধ
রিয়া গলাতে * রোস্তম তখন তার দেখিয়া দানাই ॥ আরজ করিয়া ফের কহিল এছাই * সুন পাহাল
ওান ইস্পিন্দীয়ার সরদার ॥ মেহের করিয়া চল ডেরেতে আমার * দেল জানে আমি তেরা করিব
খেদমত ॥ লোকের সামনে মেরা বাড়িবে হুরমত * সুনে পাহালওান ইস্পিন্দীয়ার সরদার ॥ নারাজ
হইল জেতে ডেরেতে তাহার*সেখান হইতে কিন্তু রোস্তমে লইয়া॥আপনা লস্কর বিচে গেলেন চলিয়া
রোস্তমে কুরছির পরে বসিবারে দিল ॥ হাসিয়া২ এছা কহিতে লাগিল* সোন মর্দ্দ আইনু হেথা হুকুমে
বাদসার ॥ লিয়া জেতে তেরা তরে করে গেরেপ্তার * রাজি হয়ে জাও জদি বহুতি ভালাই ॥ বান্ধিয়া
তোমারে লিয়া হুজুরে পওছাই * তাহাবাদে দিব ফের খালাছ করিয়া॥ আপনার তরে তুমি আসিলে
চলিয়া * না পাবে আজার এয়ছা কোন রকমেতে ॥ নেহাত কহিনু আমি তোমার সাক্ষাতে * কি
জানি কিসের তরে বাদসা নামদার ॥ কহীয়াছে আপনাকে এমনী কারার*এক ছাইতের তরে তোমার

ন্দিয়ার এখন ॥খবর জানিয়া এসে কহ বিবরন ✽ জামাস্প উজির তবে বাদসার ফরমানে ॥ আদবেতে গেল ইস্পিন্দিয়ার জেখানে✽ পুছিলু তাহার তরে কহ পাহালওান॥আপনা দেলের ভেদ করিয়া বয়ান শুনিয়া কহিল ইস্পিন্দিয়ার তাহারে ✽ মছলত এহার তুমি বাতাও আমারে✽ বাদসা জাহাপানামুখে কহিল এয়ছাই ॥ জাহ রোস্তমের সাতে করিতে লড়াই ✽ জৌউ নাহি চাহে গিয়া লড়াতার সাতে॥বাদ সার মতলব কিছু না পারি বুঝিতে ✽ কী করি উপায় এবে কহত আমায় ॥ জাব কিনা জাব আমি লড়িতে সেথায় ✽ উজির কহিল তবে সোন পাহালওান ॥নাকয় অদুল তুমি বাপের ফরমান ✽ সো নহে আমার কথা কহী বার বার॥ছেরনা ফেরাবে তুমি হুকুমে বাদসার✽সেতাবিচলিয়া জাহ লস্করলইয়া রোস্তমে ধরিয়া জোরে আনহ বান্দিয়া ✽ শুনিয়া কহিল ইস্পিন্দিয়ার এছাই ॥ কিকরি এখন আর চারা কিছু নাই✽জা আছে নছিবে কাল ফজরে উঠিয়া ॥ মহিমে জাইব কহ বাদসাকে জাইয়া ✽ সুনে খুসি হয়ে তবে জামাস্প উজির ॥ আসিয়া বাদসার আগে করিল জাহির ✽ না আছে ওজর]কিছু সোন জাহাপানা॥ফজরে উঠিয়া ইস্পিন্দিয়ার মর্দ্দানা✽ সাতে লিয়া আপনার লস্কর ছেফাই ॥ জাবে রোস্তমের সাতে করিতে লড়াই ✽ সুনে দেলে খুসি হয়ে বাদসা নামদার ॥ তখনি মহল বিচে গিয়া আপনার কহিতে লাগিল এয়ছা কাতাবু বিবিরে ॥ মহিমেতে ভেজি ইস্পিন্দিয়ারের তরে✽াগয়াসে ছিস্তানদেশে মহিম করিয়া ॥ রোস্তমে মারিয়া ডালে জোরেতে ধরিয়া ✽ রাজি আছে পাহালওান জাইতে সেখানে তুমিও বুঝাওগিয়া তাহার কারনে✽ রোস্তমে মারিয়া ফিরে আসিবে জখন ॥ তাজসাহি দিব আমি তাহার কারন✽শুনিয়া কাতাবুবিবি হয়ে পেরেসান ✽ গেল জেথা ছিল ইস্পিন্দিয়ার জওান ॥ আবদিদা হয়ে কহে বেটাকে এছাই॥সোন বাবা না জাইবে করিতে লড়াই✽ বড়া পাহালওান সেই রোস্তম ছরদার ॥ দেওনা আটীতে পারে মহীমে তাহার✽ মাজন্দারানেতে ছিলবড়া২ দেও॥মারা গেল তারহাতে না বাচিল কেওা✽আর কত বাদসা তার মহিমে হারিয়া॥আছে সবে হুকুমেরতাবেদার হইয়া ✽নছিহত সোন বাবা কহি বার২ ॥ না কর খাহেস তুমি মহিমে তাহার ✽ কহিল তখন ইস্পিন্দিয়ার এয়ছাই সোন মা রোস্তমে আমী নাহিক ডরাই ✽ লড়িবে সে মোর সাতে কোথা এয়ছা জোর॥মারিব;তাহারে আমি ময়দান উপর ✽ কিন্তু এ বাসনা মেরা না ছিল দেলেতে ॥ মহিম করিব গিয়া তাহার সহিতে কেননা রোস্তম মর্দ্দ হামেসা এয়ছাই ॥ আমার জদ্দের খুব চাহিত ভালাই ✽ কি করি আমার তরে বাদসা নামদার ॥ মহিমে জাইতে সেথা কহে বার২ ✽ কবুল করিনু তাই লাচার হইয়া ॥ জাইব ফজরে উঠে লস্কর লইয়া ✽ কারারে খেলাফ করা না হাছেল কাম ॥ মর্দ্দের লায়েক নহে আলমে বদনাম ✽ হইবে নছিবে মেরা জা আছে লিখন ॥ কিছু না কহিবে আর কাহ মা এখন ✽এহা বলে সেদিন;রহিয়া পাহালওান ॥ফজরে লস্কর লিয়া চলিল ছীস্তান ✽ মহাম্মদ খাতের কহে খোদা রাজী জাতে॥ মানা করে কেহু তারে না পারে রাখিতে ✽

পাহালওান ইস্পিন্দীয়ার ছিস্তানেজাইয়া রোস্তমের সহীত
সওাল জওাব করিবার বয়ান ✽

পয়ার ✽ ফজরে উঠিয়া ইস্পিন্দিয়ার ছরদার ॥ আলাও লস্কর সাতে লিয়া আপনার ✽ গোস্তস্প সাহার আগে হইয়া বিদাই ॥ চলে রোস্তমের সাতে করিতে লড়াই ✽ খুসি হয়ে বিদায় করিল নামদার মালমাত্ত লোকজন দিয়া বেশুমার ✽ উটের পিঠেতে দীয়া তামাম ছামানা ॥ আগুদলে ভেজে দিল করিয়া রওানা ✽ তাবাদে চলিল পীছে তামাম লস্কর ॥ জার জে ছওার হয়ে ঘোড়ার]উপর ✽ কিছু দুরে গেলে পরে একউট তারা॥বসে গেল রাহাবিচে নাহি ওঠেআর✽দেখে গোস্বা হয়েইস্পিন্দিয়ার তখন॥মারিল তলওার সেই উঠের কারন✽ মারা গেল উট জদি রাহার বিচেতে॥দেখিয়া তামাম লোগ লাগিল কহিতে ✽ হইল সাইত বদ দেখিবারে পাই॥ ঘটে পাছে কোন এয়ছা]আফত বালাই মোনাছেব হয় আজ ফিরে চল ঘরে ॥ রওানা হইব কাল উঠীয়া ফজরে ✽সুনিয়া কহিলইস্পিন্দীয়ার এছাই॥ঠীক বটে হইল আজ সাইত বুয়াই✽ কিন্তু ফীরে জাই জদি দেখে নামদার ॥ এইরাত জেলে

আমি সবার সাক্ষাতে ॥ কখর করিতে পারি হর২ বাতে * এখন তোমার এয়ছা মোনাছে চাই ॥ শুপিবা আমার তরে তক্তের বাদসাই * শুনে সাহা এয়ছাই জওাব দিল তায় ॥ ঠিক বটে জাহা তুমি কহিলে আমায় * কিন্তু এই গম মেরা দেলের বিচেতে ॥ কাউছ সাহার আর খোছরোর আগেতে * রোস্তম হামেসা ছিল গোলামের মত ॥ হুকুম তাদের সব মানিয়া লইত * গরুরি করিয়া এবে রোস্তম সরদার ॥ না মানে হুকুম মেরা আফছোছ হাজার * আমার ফরজন্দ তুমি এয়ছা পাহালওান ॥ তেরা আগে সেখি করে এত বড় জান * আজ কাল বিচে সেহ দাবিদার হৈয়া ॥ ইরানের আধাভাগ চাহিবে আসিয়া * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার সরদার ॥ আগে সাহা ওাদা পুরা কর আপনার * কারার করিলে ফিরে আইলে চিন হৈতে ॥ তাজ সাহী দিবে মুঝে খুসি খোসালিতে * আগে সাহা দেহ মুঝে সুপিয় বাদসাই ॥ তাহাদে সিস্তানে জাব লইয়া ছেফাই * রোস্তমের তরে জোরে মারিয়া ডালিব ॥ নহে ধরে হুজুরেতে বান্ধিয়া আনিব * এহা জদি নাহি করি মর্দ্দমির হালে ॥ ফিরে এসে মুখ না দেখাব কোন কালে * সুনে সাহা কহে দেলে বদি না রাখিবে ॥ তাজ সাহী সব তুমি আসিয়া পাইবে * জাহ এবে মহিমেতে লস্কর লইয়া ॥ রোস্তমে ময়দান পরে ডালহ মারিয়া * নহে তায় ধোরে জোরে বান্ধিয়া অ নিবে ॥ মুল্লক সকল তার ছেনাইয়া লিবে * বেটা তার ফারামর্জ্জ জাওারা জে ভাই ॥ মেরে ডাল তাহা সবে না কর রেহাই * বদ লোক সবারে করিলে ছারখার ॥ তবে এয়ছা বদি কেহ না করিবে আর সোন মর্দ্দ আন্দেসা না কর এই বাতে ॥ জোরওার আছ তুমি রোস্তম হইতে * তুড়িলে হপ্তম খানা হে স্মত করিয়া ॥ আরজাস্প সাহারে ফের ডালিলে মারিয়া * বড়২ পাহালওান গোজারিয়া গেল ॥ কেহু সে হপ্তম খানা তুড়িতে নারিল * তুমি এয়ছা পাহালওান নাহি দুনিয়াতে ॥ আলবত্তা রোস্তম জের হবে তেরা হাতে * সহজে সে হইয়া জাইবে গেরেপ্তার ॥ তেরা সাতে লড়ে এছা জুগ্যতা কারার * খোদার কছম মুঝে সোন পাহালওান ॥ ফিরে আইলে তাজ সাহী সুপিব নিদান * এবে আর কাহারে না ক রিব তফাত ॥ না আছে ওজর কিছু কহিনু নেহাত * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার সরদার ॥ মেরা সাতে লড়ে এছা জুগ্যতা কি তার * জদি সে রোস্তম এসে লড়ে মেরা সাতে ॥ সহজে তাহারে আমি ধরিব জোরেতে * সুনিয়াছি আমার বোজরগো জত জন ॥ রোস্তমের তরে তারা করিল পালন * তালিম হ ইয়া কিন্তু রোস্তম সরদার ॥ আছিল তা সবাকার খেদমত গোজার * বহুত করিল জঙ্গ তুরানে জাইয়া দুসমন সবার তরে ডালিল মারিয়া * জদি সে রোস্তম এছা নাহিক লড়িত ॥ তাজ সাহি ইরানিরা কেহ না পাইত * জার জোরে তাজ সাহি আছে ইরানীর ॥ মারিব তাহার তরে পেয়ে কি তকছির * যদ্যপি হাজার খাতা করে সে এছাই ॥ তবু সে কছুর তার মাফ করা চাই * কেননা সে ভালাই করিল হর বাতে না চাহি তাহার পরে জুলুম করিতে * বেগোনা মারিলে তারে হব গোনাগার ॥ কি বলে জওাব দিব দরগাতে খোদার * আর সে রোস্তম জদি দুসমন আছিল ॥ তাবেদারি কেন তেরা আমলে আনিল তবে সাহা দুই মাস গিয়া তার ডেরে ॥ কারার হইয়া আপে ছিলে কি খাতেরে * এবে কি মতলব করিয়াছি নামদার ॥ ভালা বুরা বুঝিতে না পারী সমাচার * কহিতেছ মোর তরে মহিমে জাইতে ॥ আ মার বুরাই বুঝি চাহ পুসিদাতে * শুনিয়া কহিল সাহা গোস্তাস্প তখন ॥ হামেহাল জদ্যপি সেরোস্তম পীলতন * ছিল মেরা বোজরগের খেদমত গোজার ॥ এবে সে ভালাই কিবা করিল আমার * না কর ওজর তুমি হামেসা এয়ছাই ॥ সাদ জদি রাখ দেলে করিতে বাদসাই * জাহ এবে সাতে লিয়া ল স্কর সরদার ॥ রোস্তমে ধরিয়া আন করে গেরেপ্তার * পাও পেদা এনে তারে করিবে হাজের ॥ তবে তেরা তরে কেহ না ওঠাবে ছের * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার তখন ॥ জদি সাহা করিয়াছ বাসনা এমন বুঝিনু এখন আমি মতলব তোমার ॥ তাজ সাহী মুঝে আর নাহিক দরকার * মোবারক হয় সাহা তোমারে বাদসাই ॥ আমি এবে হেথা হৈতে গিয়া কোন ঠাই * পুসিদা হইয়া থাকি হুজুর হইতে ॥ না আছে গরজ মেরা কোন বাত চিতে * এহা বলে পাহালওান সেখানে থাকিয়া ॥ উঠিয়া মহল বিচে গেলেন চলিয়া * দেখিয়া গোস্তাস্প সাহা কি করে তখন ॥ কহিতে লাগিল ডেকে উজিরে আপন * সোনহ উজির কহি তোমার লাগিয়া ॥ সেতাব জাহনা তুমি মহলে চলিয়া * কি এরাদা রাখে ইস্পি

রহিল আমার ॥ না করিলে পুরা তুমি আপনা কারার * শুনিয়া গোস্তাস্প সাহা এয়ছাই বচন ॥ করিয়া খাতেরদারি বেটাকে আপন * নানা রূপে বহুত কহিল বাড়াইয়া ॥ কিন্তু সে কথাতে সাহা নাখোস হইয়া * উজির জে ছিল তার জামাস্প নামেতে ॥ ডাকিয়া তাহারে সাহা লাগিল কহিতে * সোনহ উজির তুমি রাস্কাল দেখিয়া ॥ ভেদ কিবা কহ মুঝে বয়ান করিয়া * কিসে মারা জাবে ইস্পিন্দীয়ার ছরদার ॥ কার হাতে কি রূপেতে কেমন প্রকার * শুনিয়া এয়ছাই বাত উজির তখন ॥ কহিল রাস্কাল দেখে বাদসার কারন * কেতাবে এয়ছাই আছে সোন জাহাপানা ॥ বড় পাহালওান ইস্পিন্দিয়ার মর্দ্দানা*তামাম মুল্লক জের আছে তার হাতে ॥ জোরে কেহু তার তরে নারিবে আটীতে * রোস্তমের সাতে কিন্তু করিয়া লড়াই ॥ মারা জাবে কেতাবেতে এই মত পাই * সুনে সাহা দেল বিচে খোসাল হইয়া ॥ কহিতে লাগিল ইস্পিন্দীয়ারে ডাকিয়া * সোন পাহালওান তুমি আছ রূইতন ॥ কে আছে দুনিয়া বিচে তোমার মতন * জোর বাজু আছে তেরা দুনিয়া বিচেতে ॥ খোদার ফজলে তেরা হয় ঠাই ফতে * তাজ সাহি মোবারক হউক তোমায় ॥ হামেসা কায়েম তুঝে রাখেন খোদায় * দেলে বদি মুখে আহা বেদেল বদবক্ত ॥ এই রূপে নানামতে বাড়াইয়া কত * কহিতে লাগিল ফের সোন পাহালওান ॥ কবজ করিলে তুমি তামাম জাহান * মর্দ্দমি করিয়া গিয়া রূইন কেল্লায় ॥ মারিয়া ডালিলে জোরে চিনের সাহায় * দুসমন জে কেহু আছে তাহারা সকলে ॥ তেরা ডরে কেহু এবে ছের নাহি তোলে * কিন্তু এই দুক্ষ বড় আছে মোর মনে ॥ না কহিনু এত দিন তোমার সামনে * সোন সে দুক্ষের কথা কহিয়া জানাই ॥ আইল জবে চিন সাহা করিতে লড়াই * লাহরাস্প নামদার দাদা তেরা ছিল ॥ ময়দানেতে তার তরে মারিয়া ডালিল * ডরে ভেগে পালাইল লস্কর সরদার ॥ লুটে লিয়া গেল ফের সহর বাজার * সে ওক্তে আছিনু আমি রোস্তমের ডেরে ॥ সেথা এই সমাচার পাইনু আখেরে * কহিনু তাহার তরে আইনু জখন ॥ চল পাহালওান মেরা মদতে এখন * ওজর করিয়া মেরা সাতে না আইল ॥ আর সে এ তক নাহি খবর লইল * গরুরি করিয়া মেরা না মানে ফরমান ॥ জেথা সেথা কহে এয়ছা করিয়া বয়ান * জাবল কাবল আর ছিস্তান সহর ॥ দিছে সাহা খোছরো মুঝে কোরে মো করর * হামেহাল এই রূপে কহে সব ঠাই ॥ মেরা তাবেদারি সে করিতে চাহে নাই * জোরের বড়াই করে না মানে ফরমান ॥ এই বাতে আছি বড় হয়ে পেরেসান * মোনাছেব হয় এবে গিয়া সিস্তা নেতে ॥ ধোরে জোরে রোস্তমেরে কএদ করিতে* সোন পাহালওান ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥জাহ সিস্তা নেতে লিয়া লস্কর সামানা*রোস্তমে মারিতে পার কিম্বা আন ধোরে॥ ফিরে আইলে তাজ তক্ত শুপিব তোমারে * সুনিয়া কহিল ইস্পিন্দীয়ার এছাই ॥ ভাগাইনু চীন সাহে করিয়া লড়াই * গোরজমের বাতে তুমি বদলা তাহার ॥ রাখিলে কএদ মুঝে করে গেরেপ্তার * ফের সেই চিন দেশে করিতে লড়াই ॥ তোমার হুকুমে গেনু লইয়া ছেফাই * ওঠাইনু জত দুক্ষ জাইতে রাহায় ॥ সে সব দুক্ষের কথা কহা নাহি জায় * হপ্তম খানার বাত ইয়াদ হইলে ॥ এখন বদন কাপে ডর হয় দেলে * জঙ্গলী শুওর ছিল বড় দুরাচার ॥ মারিনু তাহার তরে বদলে খোদার * তাহাবাদে সের নর ডালিনু মারীয়া ॥ সেথা হতে জাই আগে লস্কর লইয়া* আজদাহা মারিয়া ফের আগে থোড়া জাই ॥ দেও আর জাদুগীর আও রতেরে পাই * মারিয়া তা দোহাকারে সেথা হৈতে গিয়া ॥ ছীমোরগ আইল তারে ডালিনু মারিয়া * তাহাবাদে বরফের ময়দানে পঁওছিনু ॥ তিন রাত্ত দিন সেথা দুক্ষ ওঠাইনু*খোদার ফজলে বেচে সেথা হৈতে গিয়া ॥ দরিয়া হইনু পার লস্কর লইয়া * হুন্নর হেকমতে গিয়া রূইন কেল্লায় ॥ মারিয়া ডালিনু সেথা আরজাস্প সাহায় * এয়ছাই মুস্কিল ছিল সে সকল ঠাই ॥ ফতে করে আইনু আমি করিয়া লড়াই এখন উচিত এছা সোননামদার॥সেতাবি কারার পুরাকরআপনার*জেকেহু বাদসাহীকরে তারেনাহি চাই ॥ আপনা করার হৈতে করে বেওফাই*দেখ সাহা আপে তুমি রুম দেশে গিয়া॥ সের আরআজদা হারে ডালিলে মারিয়া*বাপ তেরা লাহরাস্প সুনে সমাচার॥ মাজাইয়া লোপে তুঝে বাদসাই বাহার * আমি এবে তেরা সব দুসমনের তরে ॥ থাক খুনে মেলাইনু তলওায়ের জোরে * আলবত্তা এখন

আপনা বহিনী সবাকারে॥ খুসিহালে আইসে ফিরে ইরান সহরে*ফের সেই হপ্তম খানার রাহা দিয়া ॥ যে আস্কেসা আইসে মর্দ্দ লস্কর লইয়া * বরফের ময়দানে আইল জে সময় ॥ শুখা জমি দেখিল বরফ নাহি তায় * জাইবার সময়েতে বরফে দাবিয়া ॥ গিয়াছিল মাল জত রয়েছে পড়িয়া * তখনি সে মাল সব লিয়া আপনার ॥ সেখান হইতে চলে আইসে নামদার * ইরানের নিকটেতে এলেন জখন ॥ শুনিয়া গোস্তাস্প সাহা হয়ে খুসি মন*সরদার সবার তরে দিল পাঠাইয়া ॥ আনিল তাহারা সবে আগু বাড়াইয়া * হাজির হইল সবে আসিয়া হুজুরে ॥ ছাতি লাগাইয়া সাহা লইল বেটারে * দোওা ও তারিফ করে হাজারে হাজার ॥ কহে তুঝে খোদা খুব করে জোরওার * এহা বলে তার পরে বাদসা জাহাগির ॥ তৈয়ার করিল এক মজলিছ খুসির * সারাব কাবাব আদি নানারঙ্গ মেওা ॥ ভাল২ চিজ সব লিল মাঙ্গাইয়া * আমির উজির আদি লিয়া সবাকারে ॥ করেন পিয়ালা বাজি খোসাল অন্তরে * কিছু ক্ষন বাদে ফের বাদসা জাহাপানা ॥ পুছিল এছাই বাত বেটাকে আপনা * কহ পাহালওান ইস্পিন্দীয়ার সরদার ॥ বয়ান করিয়া হাল হপ্তম খানার* আর কি রূপেতে গিয়া রুইন কেল্লায় ॥ মারিয়া ডালিলে তুমি আরজাস্প সাহায় * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার তখন ॥ হয়েছে নেসার ঘোর আমারে এখন * সে সব মাজেরা কি কহিব হুজুরেতে ॥ এতবার না হবে সাহা মাতালের বাতে * সে কথা কহিয়া আজ নাহি প্রয়োজন ॥ শুনাইব ফজরে তামাম বিবরন * শুনে সাহা সেইওক্তে রহে খামসিয়া বসিল তক্তের পরে ফজরে জাইয়া * সোনার কুরছির পরে সামনে আপন ॥ বসাইয়া কহে ইস্পিন্দি য়ারে তখন * কহ কেয়ছা বিবরন হপ্তম খানার ॥ কহিল তখন ইস্পিন্দীয়ার সরদার * জেরূপে হপ্তম খানা কবজ করিয়া ॥ রুইন কেল্লার বিচে জে রূপে জাইয়া * আরজাস্প সাহার তরে জে রূপে মারিল ॥ একে২ সব হাল সোনাইয়া দিল * শুনে সাহা জাহেরা হইল খুসিমন ॥ দেলেতে আন্দেসা কিন্তু করিল এমন * বড়া পাহালওান ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ এহা হৈতে এবে মেরা হইল ভাবনা * কেননা এহাকে আমি কয়েদ করিয়া ॥ রেখেছিনু কত দিন বন্দখানা দিয়া * সুপিলে এহার তরে বাদসাই মাদার ॥ ইয়াদ করিয়া জদি সেই দুক্ষ ভার * কোনরূপে দুক্ষ দেয় আমার কারন ॥ তাহইলে করিতে কি পারিব তখন*এয়ছাই ভাবিয়া সাহা বেদেল হইয়া ॥ তাজ সাহি তার তরে না দিল সুপিয় * এছা বেমেহের দেখে বাদসার কারন ॥ মালুম করিয়া ইস্পিন্দীয়ার তখন * জানিয়া কহিল এয়ছা আপনার মায় ॥ সোন২ মা জননী কহি তেরা পায় * বাদসার হুকুমে আমি লস্কর লইয়া ॥ চিন দেসে গেনু কত মেহনত করিয়া * মারিয়া ডালিনু সেথা আরজাস্প সাহায় ॥ ছাড়াইয়া আনিনু বহিনী দোহাকায় * দিয়া ছিল বাদসা মুঝে কাবার এমন ॥ চিন ফতে করে ফিরে আসিবে জখন * খুসিতে সুপিয়া দিব বাদসাই মাদার ॥ ওয়াদা না পুরা এবে করে নামদার * আপনি কহনা এবে বাদসার হুজুর ॥ কারার খেলাফ করা এনছাফের দুর*একথা সুনিয়া বিবী বেটার লাগিয়া॥ নানারূপে কহিতে লাগল বুঝাইয়া সোন বাবা এ কথা না আনিবে মুখেতে॥ আর তুমি কারে না কহিবে কোনমতে* কেননা সুনিয়া পাছে বাদসা নামদার ॥ গোস্বা হয়ে ফের তুঝে পওছায় আজার * জখন হইবে খুসি বাদসা জাহাগির ॥ সুপিবে সে তাজ তক্ত তোমার খাতির * বাপ তেরা আছে খালি তক্তে বার দিয়া ॥ হকীকতে তেরা সাহি দেখহ বুঝিয়া * তেরা হুকুমেতে জবে তামাম লস্কর ॥ মালেক মোক্তার তুমি সবার উপর * সাহিতে কি কাম তেরা সোন বাবাজান ॥ আপনাকে কাহেক হইবে পেরেসান * মরিলে গোস্তাস্প সাহা বাদেতে তাহার ॥ তুমি হবে তক্ত পরে বাদসা নামদার * কিছু দিন রহ বাবা ছবুরি করিয়া ॥ আখেরে করিবে সাহি তক্তে বার দিয়া* নছিহত সুনে এছা মায়ের আপন ॥ বেদেল রইয়া ইস্পিন্দীয়ার তখন * উঠিয়া মহল হৈতে বাহিরে আইল ॥ দেল বিচে পেরেসান হইয়া রহিল * কিছুদিন এইরূপে জায় গোজারিয়া ॥ এক দিন পাহালওান সারাব খাইয়া * কহিতে লাগিল এহা নেসার মস্তিতে ॥ মর্দ্দমি জাহের মেরা আছে দুনিয়াতে* সোন সাহা জাহাপানা বাদসা নামদার ॥ জে কেহু দুসমন যেথা আছিল তোমার * মারিয়া তা সবাকারে করিনু গারত ॥ হরবাতে বাচাইনু তোমার হুরমত * ওঠা-ইনু নানারূপে মেহনত জেয়ছাই॥ কোন পাহালওানে নাহি করিল তেয়ছাই*হাজার আফছোছ দেলে

একেলা রহিল খাড়া ময়দান মাঝার * তখন জাইয়া ইস্পিন্দিয়ার সেখানে ॥ হাকিয়া কুহুরুমে বলে খাড়া কি কারনে * আইস মর্দ্দ লড়িবারে জদি রাখ জোর * নহে মিছে খাড়া কেন ময়দান উপর * সুনিয়া কুহুরুম মর্দ্দ গোস্বাতে ভরিয়া ॥ লড়িতে তৈয়ার হৈল গোর্জ্জ হাতে লিয়া * ইস্পিন্দিয়ার গোর্জ্জ লইয়া তখন ॥ মারে জোরে কুহুরুমেরে হয়ে গোস্বামন *কুহুরুম সেগোর্জ্জ লিল ঢালে ওড়াইয়া ॥ না লাগিল কারি চোট গেল রদ হৈয়া * তখন সে গোর্জ্জ লিয়া হেকে আইসে জোরে ॥ ওয়ার করিল ইস্পিন্দিয়ারের পরে* পাহালওান গোর্জ্জ তার রদ করে দিয়া ॥ চাহে কি ওয়ার করে তলওার খেচিয়া * দেখিতে পাইয়া তাহা কুহুরুম ছরদার ॥ আপনাকে সেতাবি হইল হুসিয়ার * তবে ইস্পিন্দিয়ার সে তেগ রেখে দিয়া॥কুহুরুমের কোমর বন্দ ধরিল কুদিয়া * হেকে জোরে শুন্য ভরে ওঠাইয়া লিল ॥ ঘোমাইয়া জমি পরে পটকান মারিল * তলওার মারীয়া ফের গর্দ্দানে তাহার ॥ ছের জুদা করে দিল না রাখিল আর * মহিম হইল ফতে খুসিতে মর্দ্দানা ॥ খোদার দরগাতে ভেজে হাজার সোকরানা * তা বাদে লইয়া মর্দ্দ আপনা লস্কর ॥ আইল ময়দান হৈতে কেল্লার ভিতর * ডেরা করে ছিল জেথা সেখানে আসিয়া ॥ খুসি হালে সকলেতে রহে ওতরিয়া * খানা পানি খেয়ে পিয়ে রাত্তেতে রহিল ॥ ফজরে উঠীয়া ফের খবর করিল* জে সব হাজির হবে আসিয়াএখানে॥ না মারিব আমি তাহা সবার কারনে* খুসি হয়ে নেওাজিব তাহা সবাকারে * না আসিবে জেবা কেহু মরিবে আখেরে * এয়ছাই খবর হইল সহরে জখন ॥ সুনিয়া তুরুকি চিন সকলে তখন * জে খানে জে ছিল এসে হাজির হইল ॥ পাহালওান সবাকারে মেহের করিল * সেসেজতনামদার তুরান চিনের একে২ এসে সবে হইল হাজের * পাহালওান সবাকারে মান বাড়াইয়া ॥ জেবা জেছা তারে তেয়ছা দিল নেওাজিয়া *জে কেহু গুমান করে নাহিক আইল॥ ধরে তারে বন্দ করে মারিয়া ডালিল* দখল হইল জবে চিন ও তুরান ॥ আসিয়া তামাম লোক মানিল ফরমান*তখন খুসিতে ইস্পিন্দিয়ার ছরদার খুলিয়া খাজনাখানা চিনেরসাহার*মালমাত্তা ছিল জাহা লিল নেকালীয়া ॥ আপনা লস্করে সব দিলেন বাটীয়া *নেহাল হইল তারা পাইয়া সে মাল ॥ রহে সবে দেল বিচে হইয়া খোসাল *তাহা বাদে বহু বেটি চীনের সাহার *আনিল তা সবাকারে করে গেরেপ্তার *রূপসী কামীনি এয়ছা তাহারা সবায় ॥ হুর পরি সেরূপ দেখিয়া লাজ পায়* খুসি হয়ে পাহালওান বেটা সবাকারে ॥ হাওালা করিয়া দিল একেক বিবীরে * তার পরে ফতে নামা খবর লিখিয়া ॥ গোস্তাস্প সাহার আগে দিল পাঠাইয়া * লিখন পড়িয়া সাহা হয়ে খুসী মন ॥ জওাব ভেজীল ফের লিখিয়া এমন * সোন পাহালওান ইস্পিন্দিয়ার মর্দ্দানা ॥ খুসি হৈণু গেল মেরা দেলের ভাবনা * এখন সেখানে তুমী রহ কিছু দিন ॥ আমলে আসিবে জবে চীন ও মাচিন * ফিরীয়া এখানে তুমি আসিবে তখন ॥ বাপ বেটা মিলীব হইয়া খুসিমন এয়ছাই জওাব ইস্পিন্দিয়ার পাইয়া ॥ ফের একনামা লিখে দিল ওাঠাইয়া * লিখিল নামার বীচে এই সমাচার ॥ সোনহ গোস্তাস্প সাহা বাদসা নামদার * চিনও তুরান আদীজত দেশ ছিল ॥ সব দেস এবে মেরা দখল হইল * নামদার জেবা কেহু ছিল ঠাই২ ॥ তাবেদার হইল মেরা তাহারা সবাই*এবে আর হেথা কিছু না আছে ভাবনা॥ করিয়াছী দেল বিচে এয়ছাই বাসনা * হইবে বহুত দিন এসেছি হেথায় বিদেসে থাকিতে আর জীউ নাহি চায় * করিব জনাব বুছি গিয়া হুজুরেতে ॥ হুকুম হইলে সাহা তবে পারি জেতে * এয়ছাই লিখন ফের পেয়ে জাহাপানা ॥ জওাব লিখীয়া এয়ছা করিল রওানা * আইস বাবা জদি সেথা জীউ নাহি মানে॥ মানা নাহি আছে মেরা আসিতে এখানে * পাইয়া হুকুম ইস্পিন্দিয়ার এয়ছাই ॥ খুসি হয়ে সাতে লিয়া লস্কর ছেফাই*চীনহইতে ফীরে আইসে দেসে আপনার॥ অধান খাতের কহে কুদরত খোদার * এক ভাঙ্গে আর গড়ে সব তার কাম॥ কায়েম কাহারে সেই না রাখে মোদাম *

পাহালওান ইস্পিন্দীয়ার চিন হইতে ইরানে আসিয়া গোস্তাস্প সাহার
নিকট তাজ তক্ত তলব করীবার বয়ান ॥

পয়ার * বাদসার হুকুমে ইস্পীন্দিয়ার মর্দ্দানা ॥ লস্কর ছরদার সব লইয়া আপনা * আর লিয়া

জিয়ারের তরে ॥ খাড়া আছে তেগ লিয়া দরওাজা উপরে * সেতাবি তখন সাহা লইয়া তলওার ॥ লড়িতে আইল কুদে বলে মার২ * পাহালওান ইস্পিন্দীয়ার হাতেলিয়া তেগ ॥ খেচিয়া বাদসার পরেমার বেদেরেগ * দেখিয়া আরজাস্প সাহা সেতাবী করিয়া ॥ লইল উয়ার তার চালেতে উড়িয়া * রদ হয়ে গেল চোট তবে গোস্বা ভরে ॥ মারিল সে তেগ ইস্পিন্দীয়ারের পরে * লিল সে উয়ার মর্দ্দ চালেতে উড়িয়া ॥ এইরূপে তেগ বাজি করেমস্ত হৈয়া * নেজাফলা গোর্জ্জআদি হাতিয়ার জাছিল ॥ হরেকরূপেতে দোহে বহুত লড়িল * আখেরে গোস্বাতে ইস্পিন্দীয়ার সরদার ॥ খঞ্জর খেচিয়া পেটে মারিল বাদসার পেট চাক হয়ে ভুড়ি গেল নেকলিয়া ॥ মারা গেল সাহা চিন জমিনে পড়িয়া * ফতে পেয়ে পাহালওান ইস্পিন্দীয়ার ॥ খোদার দরগায় ভেজে সোকর হাজার * তার পরে পাহালওান অন্দরে জাইয়া ॥ আওরত সবার তরে আনে পাকড়িয়া * বহু বেটী জরু আদি বাদসার জে ছিল ॥ ডেরা বিচে এনে সবে কয়েদ করিল * রেখে তা সবারে মর্দ্দ ফের সেথা হৈতে ॥ পাহালওান সবাকারে লইয়া সঙ্গেতে * সেতাবী চলিয়া গেল কেল্লার দুওারে ॥ বসোতন লড়ে জেথা দরওাজা উপরে * পিছে হৈতে হেকে জোরে পড়িল কুদিয়া ॥ মারে তেগ বেদেরেগ গোস্বাতে খেচিয়া * হয়বোত পড়িয়া গেল চিনের লস্করে ॥ মার২ করে সবে আইল লড়িবারে * নেজা গোর্জ্জ তলওার লিয়া মস্তহালে ॥ কাটা কাটি হানাহানি করে দুইদলে * গরম হইল খুব জঙ্গের বাজার ॥ কেবা কারে মারে ধরে না হয় শুমার * হাকিয়া জোরেতে ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ মেরে চলে মস্তহালে জেমন দেওানা * পিঠে চাল হাতে তেগ দাতেতে লাগাম ॥ কহে আজ তুরূকেরে করিব তামাম * আর জে আছিল সব ইরানী সরদার ॥ দিকে২ চলে তারা বলে মার২ * এই রূপে ঘড়ি চার করিল লড়াই * গিরে গেল বেশুমার চিনের ছেফাই * তখন কুহুরূম আর লস্কর তাহার ॥ ভাবে মনে বুঝিতে না পারি সমাচার * এক মর্দ্দ পিছে হৈতে কে আইল এখানে ॥ কি কারনে করে জঙ্গ আমাদের সনে * এমন সময় সেথা হইল খবর ॥ লোক জন লইয়া খারাদ সওদাগর * বাদসার মহল বিচে রাতকালে গিয়া ॥ মারিল বাদসার তরে জোরেতে ধরিয়া * আর জত ছিল সেথা লস্কর ছেফাই ॥ মারা গেছে আধা লোক করিয়া লড়াই * বাকি লোক জেবা কেহ আছিল বাচিয়া ॥ জান লিয়া ডরে সবে গেছে পালাইয়া * ফের ছওদাগর সাতেলইয়া ছেফাই ॥ এখানে আইল জোরে করিতে লড়াই * সুনিয়া এয়ছাই বাত কুহুরুম সরদার ॥ বাপের সোকেতে মর্দ্দ হয়ে জারে জার * লস্করে হুকুম দিল সেতাব জাইয়া ॥ মার ঘিরে ছওদাগরে না দেহ ছাড়িয়া * হুকুম পাইয়া এয়ছা তুরূকি লস্কর। ঘেরে ইস্পিন্দীয়ারের আসি চারিওর * গরম হইল ফের জঙ্গের বাজার ॥ চারিদিক হৈতে সবে বলে মার২ * হোথা বসোতন মর্দ্দ পায় দেখিবারে ॥ ঘেরাও করিল ইস্পিন্দীয়ারের তরে * তবে পাহালওান লিয়া লস্কর ছেফাই ॥ কুদিয়া আইল হেকে করিতে লড়াই * মিলীয়াতখন ইস্পিন্দীয়ারের সাতে ॥ গোস্বাভরেতুরূককেরেলাগিল মারিতে * সোরগোল হৈল বড় ময়দান মাঝার ॥ হেকে জোরে তেগ মারে তামাম ছরদার * ঝনাঝন ঠনাঠন চলিল এয়ছাই ॥ কাটা কাটি লাঠা লাঠি দু দলে ছেফাই * কেবা কারে মারে ধরে না হয় ঠেকানা ॥ মস্তহালে লড়ে সবে জেমন দেওানা * ইস্পিন্দীয়ার মর্দ্দ আর বসোতন ॥ তুরূককরে চলে মেরে হয়ে গোস্বা মন * শুমুখে ডাহিন বামে জারে জেথা পায় ॥ তেগ জোরে মেরে তারে জমিনে গেরায় * কত লোকে মেরে ডালে নেজাতে গাথিয়া ॥ কার তরে ধরে জোরে দেয়ত ফেকিয়া * গোর্জ্জ মেরে গুড়া করে কতেক ছওারে ॥ হয়বোত পড়িয়া গেল চিনের লস্করে * দেখে সবে ইরানির মহিমের বন্দ ॥ লড়িতে নাহিক পারে লেগে গেল ধন্দ * তুরূকি চিনের লোক ছিল বেসুমার ॥ আধা লোক ময়দানেতে মারা গেল তার * থোড়াছা পড়িল মারা ইরানী লস্কর ॥ জে কেহ তাহার বিচে আছিল কমজোর * এত লোক দুই দলে গিরিল ময়দানে ॥ তাহার হেছাব নাহি জানে আল্লা বিনে * লাসের উপরে লাস গিরিল এমন কেলার বাগান ঝড়ে পড়িল জেমন * লহুতে ময়দান ডুবে নহর হইয়া ॥ পানির তুফান জেন চলিলবহিয়া তবু পাহালওান ইস্পিন্দিয়ার ছরদার ॥ মেরে চলে গোস্বা দেলে খেচিয়া তলওার * নাপারিয়া আখেরেতে চিনের ছেফাই ॥ দিকে দিকে ভাগে সবে ছাড়িয়া লড়াই * লস্কর ভাগিল দেখে কুহুরূম ছরদার

সে সময় ॥ সোনরে তুরুকি লোক না চেন আমায় * আসিয়াছি আমি ইস্পিন্দীয়ার এখন ॥ কহলা জাইয়া তেরা বাদসার কারন * আসিয়া সে লড়াই করুক মেরা সাতে ॥ নহেত দরওাজা তুড়ে জাইয়া কেল্লাতে * জেখানে পাইব জারে ডালিব মারিয়া ॥ জিতাজানে কারতরে না দিব ছাড়িয়া* এহা সুনে দরওাজাতে ছিল জে ছরদার ॥ সেতাবী কহিল গিয়া হুজুরে বাদসার*সোন বাদসা জাহাপানা কহিয়া জানাই॥ ইস্পিন্দীয়ার লিয়া লস্কর ছেফাই* তুড়িয়া হপ্তমখানা পৌছিল আসিয়া ॥ মারিল বহুত লোকে গাফেল পাইয়া * আছিনু আমরা সবে না জানি খবর ॥ আচানক আসিয়া সে দরওাজা উপর * মাহম করিল আমা সবাকার সাতে ॥ মোরা সবে আজেজ হইনু তার হাতে * না পারিয়া পিছে হেটে হইয়া লাচার ॥ আখেরে করিয়া বন্ধ কেল্লার দুওার*;আছে সে বাহিরে এবে লস্কর লইয়া ॥ কহে আইস মহিমেতে সেতাবী করিয়া * নহেত দরওাজা তুড়ে জাইয়া কেল্লায় ॥ ধরিয়া উচিত সাজা করিব সবায় এহা সুনে কহিতে আইনু সমাচার ॥ জা হয় মছলত এবে কর নামদার * সুনিয়া আরজাস্প সাহা মজলিছ হইতে ॥ সেতাবী উঠিয়া গেল মহল বিচেতে* আছিল নেসাতে মস্ত খাইয়া সারাব ॥ না ছিল তখন তার লড়িবার তাব * কহিল ডাকিয়া তবে বেটাকে আপন ॥ জাহ বাবা মহিমেতে লিয়া লোক জন * নেসাতে বেহুস আছি আমি এ সময় ॥ না পারি মহিমে জেতে চড়িয়া ঘোড়ায় * কুহরুম বাপের এয়ছা হুকুম পাইয়া ॥ লস্কর সরদার সবে সাতে করে লিয়া * আসিয়া সেতাবী মর্দ্দ খুলিয়া দুওার ॥ বাহিরে হাকিল জোরে বলে মার২ * এসেছিল সাতে তার বহুত লস্কর ॥ দাড়াতে না মেলে ঠাই ময়দান উপর * সহর কেল্লাতে তার না ছিল ছেফাই ॥ তামাম আসিয়া ছিল করিতে লড়াই * দেখে তাহা বসোতন লস্কর লইয়া ॥ মার মার করে হেকে আইল কুদিয়া * মোকাবেলা হয়ে সুরু করিল লড়াই ॥ দুইদলে ঝুকে আইল তামাম ছেফাই * মার২ ধর২ হৈল সোর সার ॥ কে কোথা তল ওার মারে না হয় শুমার * দুইদলে করে জঙ্গ তামাম লস্কর ॥ মউজা উঠিল জেন দরিয়া উপর * বসৌ তন পাহালওান চড়িয়া ঘোড়াতে॥ মারে তেগ বেদেরেগ দেলের গোশ্বাতে * ঝাকে২ লাখে২ ঘোড়া বেড়া দিয়া ॥ দফা২ ছাফ করে দেয় গেরাইয়া * আর জত নামি২ ইরানী ছরদার ॥ দিকে২ লড়ে সবে বলে মার২ * কুহরুম লইয়া সাতে চিনের লস্কর ॥ মারে জোরে ইরানীরে ময়দান উপর * এইরুপে দুইদলে বহুত লড়িল ॥ ময়দানেতে লহু নদী বহিয়া চলিল * মারা গেল দুই দলে বহুত জওান ॥ ঝড়েতে গিরিল জেন কেলার বাগান*থোড়াই পড়িল মারা ইরানী লস্কর ॥ চিনের লস্কর মারা পড়িল বিস্তর * এয়ছাই তামাম দিন লড়িয়া দু দলে ॥ ফতে না পাইল কেহু নিমাসাম কালে * বাজিল বাহুড়ি ডঙ্কা ফিরীল ছেফাই॥ জার জে লইল ডেরা আসিয়া সবাই*হেথায় সুনিল ইস্পিন্দীয়ার মর্দ্দানা বসৌতন সাতে লিয়া লস্কর আপনা* কেল্লার দুওারে এসে করিল লড়াই ॥ মারা গেছে দুই দলে বহুত ছেফাই* থোড়াই গিয়াছে কিন্তু ইরানী লস্কর ॥ চিনের লস্কর মারা গিয়াছে বিস্তর * আর এ কেল্লাতে এবে না অছে ছেফাই॥সকলি গিয়াছে সেথা করিতে লড়াই* এখানে আরজাস্প সাহা আপনার সাতে থোড়া লোক লিয়া আছে মহল বিচেতে* না আছে বাদসার আগে এমন ছেফাই ॥ বাহির হইয়া এসে করিবে লড়াই* সুনে খুসি হয়ে ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ এক সও সাট লোকে লইয়া আপনা* বাদসার মহল জেথা এসে রাতকালে ॥ তেগ লিয়া লড়িতে লাগীল মস্তহালে* হয়বোত পড়িয়া গেল মহোলে বাদসার ॥ চারি দিক হৈতে সবে বলে মার২ * রাত কালে কেহ কারে না পায় দেখিতে ॥ আন্ধারেতে তবু সবে লাগিল লড়িতে * থোড়াছা আছিল সেথা চিনের ছেফাই ॥ আধা লোক মারা গেল করিয়া লড়াই* বাকি লোক জারা সবে আছিল বাচিয়া ॥ ডরে ভেগে পালাইল মহিম ছাড়িয়া * তখন বহিনী ইস্পান্দীয়ারের জারা ॥ এসে ইস্পিন্দীয়ারের হুজুরে তাহারা * বাদসা জে মহলে ছিল দিল দেখাইয়া গেল ইস্পিন্দীয়ার সে মহলে চলিয়া * তারা দু বহিনে তবে খোসাল অন্তরে ॥ চলিয়া আইল ইস্পি ন্দিয়ারের ডেরে * পাহালওান গিয়া হোথা দেখে মহলেতে ॥ সুয়ে আছে চিন সাহা পালঙ্গ পরেতে জোরেতে হাকিল মর্দ্দ জাগাইতে তায় ॥ সুনে সাহা ডর পেয়ে উঠিল তরায় * দেখিতে পাইল ইস্পি

হইতে ॥মালুম করিয়া তারা কহে আপসেতে* একে কহে দোছরায় সোনগো বহিনি॥ কেমন জবান
এর কহ তাহা শুনি*কহিল সেভাইইস্পিন্দিয়ার জেমন॥এহারমুখেরবাসিশুনিনু তেমন*হইবেএসেছে
ভাই মোদের তল্লাসে॥ছাপাইয়া আপনাকেছওদাগরিভেসে*না কহিল ভেদকথা ডরেতে বাদসার॥জা
থাকে নছিবে চলজাইব আবার*এহা বলেরাতেফের দোহেতেআসিয়া॥কহেছওদাগরেএহা কান্দিয়া২
সোন সওদাগর তুমি দেহ আলাপন॥আমরা চিনেছি খুব তোমার কারন *কহিব ভেদের কথা আমরা
তোমায় ॥চিন পরিচয় দেহ আমা দোহাকায়*আমরা জে দুই বেটী গোস্তাস্প সাহার॥নাকহীনুঝুটবাত
কছম খোদার* এয়ছাই সুনিয়া ইস্পিন্দিয়ার তখন॥ দুই বহিনের তরে চিনিয়া আপন * আনিয়া মহল
বিচে কান্দিয়া২ ॥ পুসিদা তামাম কথা দিল সোনাইয়া * কহিল আইনু সবে খালাছ করিতে ॥ একথা
জাবের না করিবে কোন মতে * শুনে দু বহীন তার হয়ে খুসি মন ॥ করিয়া বহুত দোওা তাহার
কারন*জানীত জে কিছু ভেদ চিনের সাহার ॥ ওাকেফ করিয়া সে সকল সমাচার * সেতাবী দু বহি
নেতে সেখান থাকিয়া ॥ বাবুরচি খানাতে ফের আইল চলিয়া *তাহার বাদেতে ইস্পিন্দিয়ার মর্দ্দানা ॥
মছলত করিয়া এয়ছা দেলেতে আপনা* কহিল বাদসার আগে গিয়া এক দিন॥ সোন সাহা আলম
পানা জাহাদার চিন * আইনু দরিয়া বিচে জাহাজে জখন॥ কত দুরেতাওাইতে পড়িনু এমন* তুফানে
পড়িয়া কিস্তি ডোবে দরীয়ায় ॥ মানত করিয়া ছিনু আমি সে সময় * ছালামতে কিস্তি মেরা
পওছিলে কেনারে ॥ খুসির মজলিস গিয়া করিব সহরে*খোদা সে মুস্কিল মেরা আছান করিল॥মোক
ছদের কিস্তি এসে কেনারে লাগিল *এবে সে নজর আমি করিব আদায়॥আপনী মেহের জদি করিয়া
আমায় * তসরীফ লইয়া জান ডেরেতে আমার ॥ ছরফরাজ কর মুঝে নজদিগে সবার * সুনে সাহা
কহিতে লাগিল হেসে হেসে ॥ পওছিব জাইয়া কাল তোমার মজলিছে * তবে ফের আরজ করীল
সওদাগর ॥ আছি জেথা ঘর লিয়া বাজার ভিতর * অতি ছোটা ঘর সেহ না হবে সামাই ॥ আপনি
হুকুম জদি করেন এয়ছাই * খিমা খাড়া করি গিয়া উপরে কেল্লার ॥ রওসনি করীয়া খুব চারি দিকে
তার * বানাই দস্তুর মত মজলিস খুসির ॥ জানিয়া হুকুম দিল বাদসা জাহাগির * তবে ছওদাগর
খুসি হইয়া অন্তরে ॥ আসিয়া হুজুর হইতে আপনার ডেরে * খিমা ওঠাইল গিয়া উপরে কেল্লার ॥
রওসনি করিল খুব চারিদিগে তার * মজলিছ তরতিব মত করিয়া সাহানা ॥ তৈয়ার রাখিল এনে
হরেক সামানা *সারাব কাবাব আদি নানারঙ্গ মেওা ॥ঠাই২তামাম রাখিল সাজাইয়া * আতর গোলাব
এত ছেটাইয়া দিল * চারি তরফেতে তার খোসবুই ছুটীল * জখন তামাম চিজ হইল তৈয়ার ॥ রহে
খালি এন্তেজার হইয়া বাদসার *হোথা বাদসা জাহাপানা উঠীরা ফজরে ॥ নামি২ লোক জারা আইল
সহরে * তাহা সবাকার তরে সাতে করে লিয়া ॥খুসির মজলিছ বিচে পৌছীল আসিয়া* দেখে ছও
দাগর খুসি হইয়া তখন ॥ আগু বাড়াইয়া লিল বাদসার কারন * আসিয়া সে মজলিছে বসিল নামদার
বাকি লোক চারি দিগে ঘিরে বৈসে তার *সারাব কাবাব আদি জত ছরঞ্জাম॥ছিল সে মজলিছ বিচে
মওজুদ তামাম * দেখে খুসি হইয়া কহিল নামদার ॥ তানাওল কর এবে সকলি তৈয়ার * এয়ছাই
হুকুম সবে পাইয়া সেতাব॥ খাইতে করিল শুরু সারাব কাবাব *কেহু ঢালে কেহু খায় কেহদেয়লিয়া
বেহুস হইল সব নেসাতে মাতিয়া * মস্ত হইল জাহাপানা বাদসা নামদার ॥ উঠীয়া জাইতে তার না
রহিল তাব * মনে মনে কহে ইস্পিন্দিয়ার তখন ॥ খোদা জদি চাহে দাদ লইব এখন * এহা বলে
পাহালওান সেতাবি করিয়া*রওসনি করিল খুব আগ জালাইয়া* এখানেতে বসোতন পায়দেখিবারে
আগুন উঠেছে জলে কেল্লার উপরে * মালুম করিয়া মর্দ্দসে আগ তখন ॥ সাতে লিয়া লস্কর ছেফাই
লোক জন * কেল্লার দুওারে গীয়া হাকিয়া জোরেতে ॥ মস্তহালে পাহালওান লাগিল লড়িতে *
আছিল সেখানে জত চিনের লস্কর * মারিতে লাগীল তেগ তাদের উপর গাফেল আছিল তারা না
ছিল তৈয়ার ॥ হায়বতে পড়িয়া মারা গেল বেশুমার * লহুতে দরওাজা গেল হয়ে লালরঙ্গ ॥এইরূপে
ঘড়ি চার হৈল খুব জঙ্গ* আছিল ইরানী সবে তৈয়ারীর সাতে ॥ নারীল চিনের লোক দাগ চড়াইতে
বহুত লড়ীয়া সেসে হইয়া লাচার ॥ আখেরে করিল বন্ধ কেল্লার দুওার * দেখে বসোতন হেকে কহে

রায়া মকান ॥ রাখে সে ঘরের বিচে তামাম ছামান * খেয়ে পিয়েরহে রাতে আরাম করিয়া ॥ দোছরা রোজেতেমর্দ্দ বেহানে উঠিয়া * পয়গাম লিখিয়া ভেজে আরজাম্প সাহারে ॥ লিখীল এয়ছাই সেই না মার ভিতরে * সোন বাদসা জাহাপানা কহিজনাবেতে ॥ তেজারত্তি কামে ফিরীহরেক দেসেতে * দুর দারাজের রাহেকছেল্লা পাইয়া ॥ তোমার সহর বিচে পৌছিনু আসিয়া * এয়ছাই এরাদা এবে দেলেতে আমার॥ হুজুরে হাজির হয়ে করিব দিদার * পাইয়া লিখন এয়ছা বাদসা জাহাপানা ॥ হুকুম করিল আ ইস নাহি করি মানা * তখন খুসিতে ইস্পিন্দীয়ার ছরদার ॥ লইয়া কয়েক লোকে সাতে আপনার * বাদসার হুজুরে গিয়া হাজির হইল ॥ মালমাত্তা কত চিজ নজর ধরিল * দেখিয়া চিনের সাহা খোসাল অন্তরে ॥ ছামনেতে বসাইয়া কুরছির উপরে*পুছিল কিনাম তেরা কহ ছওদাগর॥ ছাড়িয়াছ কতদিন আপনা সহর * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ খারাদ আমার নাম সোন জাহাপানা * তাহা বাদে ফের সাহা পুছিল এয়ছাই ॥ কহ ইরানের হাল শুনিবারে চাই * কি মছলতে আছে সাহা গো স্তাম্প এখন ॥ আর ইস্পিন্দীয়ার নামেতে জেই জোন * গর্গছারি পাহালওানে কিরূপ করিল ॥ কয়েদ রেখেছে কিম্বা মারিয়া ডালীল * শুনিয়া তখন এয়ছা কহিল মর্দ্দানা ॥ আসিয়াছি পাচ মাস হইয়া র ওানা * একারোনে ইরানের না জানি খবর ॥ কিন্তু জে সমায় আইনু ছাড়িয়া সহর * দেখে আইনু রাহে এক আছে এস্তেহার ॥ লি খিয়াছে তাহাতে এয়ছাই সমাচার * ইস্পিন্দীয়ার সাতে লিয়া লোক জোনে ॥ হপ্তম খানার রাহে আসিবে এখানে* সুনে সাহা হাসিয়া জে কহিল এয়ছাই ॥ এমন জুগ্যতা ইস্পিন্দীয়ারের নাই * তুড়িয়া হপ্তম খানা এসে এখানেতে ॥ লড়াই করিবে সেহ আমার সহিতে * এ কথা পছন্দ নাহিহয় মেরা দেলে ॥ সেরাহা কঠিন বড় আছে কালে২ * এহা বোলে ছাড় এক লিখে তার পরে ॥ কহিতে লাগিল ইস্পিন্দীয়ারের তরে * সোন ছওদাগর ছাড় দিলাম তোমায় ॥ এখন জ হনা তুমি আপনা ডেরায় * বেচা কিনা করমাল হইয়া মসগুল ॥ জখন যাইয়া কেহ চাহিবে মাসুল * এই ছাড় দেখাইবে তাহার লাগিয়া ॥ ছাড় দেখে তখনি সে জাইবে ফিরীয়া * আর জবে জিউ চাহে আসিবে হেথায় ॥ না করিবে কোন রুপে আটক তোমায় * একথা সুনিয়া মর্দ্দ খোসাল হইয়া ॥ লইয়া বাদসার ছাড় আইল চলিয়া * বাজারে জাইয়া এক লইয়া মকান ॥ নানা রঙ্গ চিজ রাখে করিয়া দো কান * সে সকল নয়া চিজ নাহি সেথা ছিল ॥ দেখে তাহা খরিদার বহুত ঝুঝিল*তামাম সহরে গেল খবর হইয়া ॥ আসিয়াছে সওদাগর ইরান থাকিয়া* জেয়ছা নয়া চিজ আছে তাহার দোকানে ॥ সে স কল চিজ হেথা নাহি কোনখানে * তখন বহিনী ইস্পিন্দীয়ারের জারা ॥ লোক মুখে সমাচার পাইল তাহারা * খুসি হৈল নাম সুনে ইরান দেসের ॥ কহে গিয়া সমাচার পুছিব বাপের * কি হালে কেমনে আছেবাপ আর ভাই ॥ আছে কি মহিমে মারা গিয়াছে সবাই * এয়ছাই কহিয়া দুই বহিনে মিলীয়া ॥ নেকলিল একওক্ত ফোরছত পাইয়া *আসিয়াপৌছিল সওদাগরের ডেরায় ॥ কান্দিয়া২ দোহে পুছিল তাহায়*কহ ছওদাগর ইরানের সমাচার ॥ কি হালেতে আছেন গোস্তাম্প নামদার * আর ইস্পিন্দীয়া তাহার সব ভাই ॥ বয়ান করিয়া কহ সুনিবারে চাই * সুনে সওদাগর এছা কহিল তাদেরে ॥ একথা তোমরা মুঝে পুছ কি খাতেরে*কে বটে তোমরা দোহে কহ বিবরন ॥ আর কি হয়েছে দুখ কান্দ কি কারন * কহীল তাহারা দোহে সোন ছওদাগর ॥ ইরান সহরে ছীল আমাদের ঘর * বাদসার দুবেটী মোরা বড় অভাগিনী ॥ আছি হেথা কয়েদেতে হয়ে পেরেসানি * এই জে চীনের সাহা ইরানে জাইয়া আমার বাপের সাতে মহিম করিয়া * জোরেতে আনীয়া ধরে আমাদের তরে ॥ রাখিয়াছে হর হালে খারাবির পরে * বাদসার মহল বিচে বাবুরচি খানাতে ॥ তয় আমাদের তরে পানী জোগাইতে * আ ছিনু বাদসার বেটী ছিল দাসী বান্দি ॥ এ দুক্ষ সহিব কত তেকারনে কান্দী * সুনে সওদাগর কহে তাদের এছাই ॥ বাদসার খবর আমি কিছু জানী নাই * বেপার করিয়া ফিরী দেস দেসান্তরে ॥ হামে হাল থাকিতে নাহিক পাই ঘরে* কেমনে বাদসার হাল জানীতে পারিব॥ ভালা বুরা তাহার কি করীয়া জানাব*জাহ এবে তোমরা চলিয়া হেথা হৈতে ॥ নাহি পোছ আর কিছু আমার সাক্ষাতে* এহা সুনে দোহে তারা কান্দীয়া২ ॥ ফীরে আইসে সেথা হৈতে নাউম্মেদ হৈয়া* কিন্তু সওদাগরের সে আওাজ

সেথা হৈতে॥ ফিরে আইসে দেল বিচে ভাবিতে২ * আচানক রাহা বিচে এমন সময়॥ আইল ফকির এক দেখিবারে পায় * ডাকিয়া তাহারে ইস্পিন্দীয়ার তখন॥ পুছিলেন কহ এ কেল্লার বিবরন* ফকির দরবেস তুমি ফের সব ঠাই॥ কেল্লার বয়ান কর শুনিবারে চাই * কি রূপ ছামানা আছে কেল্লার ভিতর॥ কহ আর আছে কত বাদসার লস্কর* শুনে সে ফকির কহে করিয়া বয়ান॥ আছে এই কেল্লা বিচে বহুতি ছামান * লস্কর ছেফাই আছে নাহি তার ওর॥ বড়২ পাহালওান রাখে খুব জোর আর আছে পানির লহর চারিভিতে॥ বহিতেছে হামেহাল হেকমতের সাতে * আর হয় কেল্লাতে আনাজ বেসুমার॥ কোন এছা চিজ সেথা না রাখে দরকার * সকলি মৌজুদ আছে কেল্লার বিচে গরজ না হয় বাহিরের চিজ হৈতে * অন্য কেহ জেতে নারে ভিতরে কেল্লার॥ কিন্তু এ হুকুম আছে চিনের সাহার * আইসে জদি ছওদাগর কোন মুল্লকের॥ দিবে তারে আসিবারে বেপার খাতের * ছওদাগরে নাহি করে বাদসার বুরাই॥ দেসে২ ফেরে মানা নাহি কোন ঠাই*সুনে ইস্পিন্দীয়ার খুসিতে সেই ঘড়ি॥ ফকিরে বিদায় কৈল দিয়া টাকা কড়ি * দোওা করে গেল চলে ফকির দেওান॥ তখন খাতের জমা হয়ে পাহালওান * বসৌতন পাহালওানে ডাকিয়া তরায়॥ কেল্লার তামাম ভেদ সোনাইয়া তায় * কহিল চলিনু আমি হয়ে ছওদাগর॥ এই খানে রহ তুমি লইয়া লস্কর * রহিল তামাম লোক তেরা হেফাজতে॥ হামেসা রহিবে খুব হুসিয়ারির সাতে * কোন বাতে আন্দেসা না করিবে এয়ছাই॥ কেল্লার তরফে নেঘা রাখিবে সদাই * দেখিবে আগুন জবে উঠিবে কেল্লায়॥ লস্কর লইয়া তুমি পওছিবে তরায় * দরওাজা তুড়িয়া জাবে কেল্লার বিচেতে॥ ডর ভয় কিছুই না করিবে দেলেতে আসিবে লস্কর জত তুরুকি চিনের॥ খাক খুনে মেলাইবে সবার খাতের * তা বাদে জাইয়া সাতে মিলীবে আমার॥ মিলে সবে তুরুকে মারিব তলতার*গেরাইব আছে জত চিনের ছেফাই॥ তবে ফতে হবে কেল্লা ঘুচিবে বালাই * এহা বলে সামানা লইয়া বহুতর॥ কেল্লাতে চলিল মর্দ্দ হয়ে ছওদাগর অধিন খাতের কহে জাহ খোদা ভেবে॥ খোদার ফজলে ফতে হাছেল হইবে *

পাহালওান ইস্পিন্দিয়ার ছওদাগর হইয়া রুইন কেল্লাতে জাইয়া
ফতে করিবার বয়ান॥

পয়ার * ফকির হইতে ইস্পিন্দীয়ার ছরদার॥ ভেদ কথা জত কিছু পাইয়া কেল্লার * বসৌতনে সোনাইয়া সে সব খবর॥ আর তারে সুপে দিয়া তামাম লস্কর*কহিল রহিবে খুব হুসিয়ারির সাতে * গাফেল নারবে কভু দুসমন হইতে * চলিনু এখন আমি কেল্লার মাঝার॥ ছওদাগরি ভেস বানাইয়া আপনার * জখন দেখিবে আগ জলিতে কেল্লায়॥ আপনি লস্কর লিয়া পওছিবে তরায় * দরওাজা তরফে তুমি লইয়া সেফাই॥ দুসমন সবার সাতে করিবে লড়াই * আমি হোথা পিছে হৈতে কেল্লাতে থাকিয়া॥ মেরে তুরুকের তরে দিব গেরাইয়া * দুইদিগ হৈতে দোহে করিয়া লড়াই॥ গেরাইব আছে জত কেল্লার ছেফাই * তার পরে আপসে মিলিয়া দুই জন॥ জা হয উচিত মত করিব তখন * এহা বলে পাহালওান সও উট আনি॥ ছওদাগরি চিজ ফের আনীয়া তখনি * দস উটে লিল লাল এয়াকুত জওহর॥ কাপড় লইল দস উটের উপর * বাকি আসি উট পরে হেকমত করিয়া॥ দুই২ সিন্দুক জে দিলেন তুলিয়া * এক সও সাট হৈল সিন্দুক তাহাতে॥ হেকমত করীয়া সেই সিন্দুক বিচেতে * একেক সিন্দুকে লিল একেক ছেফাই॥ এক সও সাট লোকে লইল এয়ছাই * আর এক সও লোক হইয়া ছতরবান॥ লইয়া একেক উট একেক জওান* সকলেতে সওদাগরি লেবাছ করিয়া কেল্লার তরফে উট চলিল হাকিয়া * আগে২ ইস্পিন্দীয়ার হৈয়া সওদাগর॥ ছওার হইয়া এক উটের উপর * চলে সে কাফেলা বিচে হইয়া ছরদার॥ পওছিল দরওাজা পরে জাইয়া কেল্লার * তখন আর জাম্পা সাহা পাইল খবর॥ ইরান হইতে এক আইল সওদাগর* মাল বেচিবারে চাহে আসিয়া কেল্লায় হুকুমের এন্তেজারে খাড়া দরওাজায় * শুনিয়া আরজাম্পা সাহা কহিল এয়ছাই॥ ছওদাগর আসিতে মানাহি মোর নাই * এহা সুনে চৌকিদার ছিল জত জনা॥ রাহা ছেড়ে দিল কেহ না করিল মানা তখন কেল্লার বিচে উট সব লিয়া॥ খুসিহালে পাহালওান গেলেন চলিয়া * এক ঠাই লিয়া সেথা কে

না কহিয়া ॥ আগেতে বাড়িল ফের লস্কর লইয়া ✽ কতদুরে জাইয়া পঁওছিল জে সময় ॥ সামনেতে নদি
এক দেখিবারে পায় ✽ বড়ই উত্তম সেই দরিয়ার পানী ॥ মিঠা২ ঠাণ্ডা জেন বরফের ছানি ✽ দেখিয়
তখন ইস্পান্দিয়ার ছরদার ॥ গর্গছারে কহে ডেকে সোনরে গাওার ✽ এয়ছা ঝুটা বাত কাহে কহিল
আমারে ॥ এখন উচিত হয় সাজা দেই তোরে ✽ কহিল জে কোনখানে নাহি মেলে পানি ॥ সুর্য্যের
তাপেসে লোক হবে পেরেসানি ✽ ডর দেখাইয়া কাহে কহিলে এছাই ॥ ঘাবরাইয়া গেল মেরা লস্কর
ছেফাই ✽ কোথা সে গরম বালু ময়দানের বিচে ॥ জে কিছু কহিলে তুমি সব হৈল মিছে ✽ গোস্বা দেখে
গর্গছার কহিল তখন ॥ হুজুরেতে ঝুট কহিয়াছি এ কারন ✽ কেননা জে তোমা হৈতে দুক্ষ পাই আমি
নাকর মেহেরবানী মোর পরে তুমি ✽ কারার লইয়া ফের জুলুম করিয়া ॥ নাহক আমার তরে রাখিলে
বান্ধিয়া ✽ কত দিন এয়ছা হালে রব বান্দা হাতে ॥ আর এই দুক্ষ নাহি পারি ওঠাইতে ✽ কহিয়
ছিলাম তাই ডর দেখাইয়া ॥ কোনমতে হেথা হৈতে জাইবে ফিরীয়া ✽ ফিরে গেলে মকছেদ হাছেল
মেরা হবে ॥ তখন এ দুক্ষ আর নাহিক রহিবে ✽ খালাছ পাইব এই কয়েদ থাকিয়া ॥ খুসিতে খোদা
মতে রব হাজের হইয়া ✽ নাহিক হইল তাহা নছীবের ফেরে ॥ এখন ওম্মেদ এই আছেত হুজুরে ✽
গুনাখাতা সব মেরা জাবে মাফ হৈয়া ॥ খালাছ পাইব আমি কয়েদ থাকিয়া ✽ সুনিয়া জে হেসে ইস্পি
ন্দিয়ার তখন ॥ দিলেন খুলিয়া তার হাতের বন্দন ✽ খালাছ পাইয়া মর্দ্দ খোসাল অন্তরে ॥ ছালাম করিল
ইস্পিন্দীয়ারের তরে ✽ তাহাবাদে লস্কর লইয়া নামদার ॥ খুসি খোসালিতে সেই নদী হয়ে পার ✽
সামনেতে বড়া এক দেখিয়া ময়দান ॥ লস্কর সবার তরে করিল ফরমান ✽ এইখানে রহ সবে ছাউনি
করিয়া ॥ নাহিক জাইব আর আগেতে বাড়িয়া ✽ হুকুম পাইয়া সেথা তামাম লস্কর ॥ ওতরিল ঠাই
ময়দান উপর ✽ শুনিল খবর এয়ছা রাহির মুখেতে ॥ তিন কোস আছে কেল্লা এখান হইতে ✽ তখন
হইয়া খুসি কহে গর্গছারে ॥ এক্ষনে তদবির তুমি বাতাও আমারে ✽ কিরূপ করিয়া কেল্লা কবজ করি
আর সে কেল্লার বিচে কেমনে জাইব ✽ কহ সে রুইন কেল্লা কেমন প্রকার ॥ কি আছে তাহার বিচে
শুনি সমাচার ✽ কহিল সে গর্গছার জানিবে একিন ॥ এই জে রুইন কেল্লা বড়ই কঠীন ✽ দুই সো বচ্ছর
জদি লড় এখানেতে ॥ না পারিবে এই কেল্লা কবজ করিতে ✽ সুনে ইস্পন্দীয়ার কহিল তার তরে ॥
খোদা চাহে মহিম করিয়া তেগ জোরে ✽ ছের জুদা করিব জে আরজাস্প সাহার ॥ তবেত দেলের দুক্ষ
জাইবে আমার ✽ কেন না সে মারিয়াছে আমার দাদায় ॥ লইব সে দাদ আমি মারীয়া তাহায় ✽ সহরের
বিচে তার আগ লাগাইয়া ॥ নারাখিব আবাদানি দিব জ্বালাইয়া ✽ আর জরু বহু বেটী আরজাস্প সাহার
সবাকে আনিব ধরে করে গেরেপ্তার ✽ এহা সুনে গর্গছার বেওফা কমবক্ত ॥ বেয়াদবি করিয়া জওাব
দিল সক্ত ✽ শুনে ইস্পিন্দীয়ার সে জওাব তাহার ॥ সহিতে না পেরে হাতে লইয়া তলওার ✽ তখনি
সে গর্গছারে মারিল খোঁচিয়া ॥ মারা গেল পাহালওান জমিনে গিরীয়া ✽ তখন কহিল ইস্পিন্দীয়ার
এমন ॥ মুখে আহা দেলে বদি ছিল এ কোটন ✽ নহে এয়ছা সক্ত বাত আমার হুজুরে ॥ বেয়াদবি
করিয়া জে পারে কহিবারে ✽ খামসিয়া রহে মর্দ্দ এয়ছাই কহিয়া ॥ আল্লার তামাসা দিন গেল গোজ
রিয়া ✽ রাত হৈলে মতলব করিয়া নামদার ॥ কয়েক জওানে সাতে লিয়া আপনার ✽ গিয়া সে কেল্লার
বাগে দেখিল এমন ॥ অষ্ঠ ধাতুের ছিল তাহার গড়ন ✽ ইট কি পাথর কিছু নাহি আছে তাথে ॥
করেছে তামাম কাম হেকমতের সাতে ✽ নওকোস উচা ছিল বোলন্দ তাহার ॥ লম্বাই চাল্লিস কোস
ত্রীস কোস আড় ✽ দরওাজা হরেক ঠাই কুল নাহি তায় ॥ আছে সব রাহা বন্দ জাওা মহা দায় ✽
উপরে মুরচা বান্দা বহুত এয়ছাই ॥ চারিদীকে পানি ভরা আছে গড় খাই ✽ ভেদ না পাইয়া ইস্পি
ন্দিয়ার মর্দ্দানা ॥ হয়রতে রহিয়া গেল দেখে সে কারখানা ✽ কয়েদ করিতে কেল্লা না পায় ফিকির
ভাবে মনে কত রূপ ঠাহরে তদবির ✽ কহে রাস্ত কয়েছিল গর্গছার মর্দ্দ ॥ এ কেল্লা কবজ করে
কার এয়ছা সাধ্য ✽ না হক আইনু ওঠাইয়া দুক্ষ ভার ॥ রহিল দেলের বিচে আফছোছ হাজার ✽ মের
নত সকলি গেল বরবাদ হইয়া ॥ কেমনে দেখাব মুখ দেসেতে জাইয়া ✽ এহা বলে নাওম্মেদ হয়ে

ওতরিল ঠাইং লস্কর তামাম * কিছু ক্ষন বাদে সেথা খোদার কুদরতে ॥ বড়া ঠাণ্ডা হাওয়া এক লাগিল বহিতে *দেখে সে ছরদ হাওা সকলেতে কয় ॥ বরফের হাওা এই হইবে নিশ্চয়*কহিয়া এয়ছাই সবে করে ভাবা গোনা ॥ কি আছে নছিবে হেথা নাহি জায় জানা * তখনি বরফ ফের লাগিল গিরিতে ॥ বিনি মেঘে আচানক চারি দিক হইতে * তিন দিন তিন রাত গিরিল এয়ছাই ॥ পড়িয়া সে বরফের চাপানে সবাই * হাত পাও আকড়িয়া গেল এপ্রকার ॥ হেলিতে না পারে জেন হইল মোর দার * জান বাকি ছিল কিন্তু ধড়ের বিচেতে ॥ পেরেসান হালে সব কান্দিতেং*কাতর হইয়া দোওা মাঙ্গিল দরগায় ॥ মাফ কর আল্লা তালা আমা সবাকায় * রহিম রহমান তুমী রহম করিয়া ॥ এই আফত বালা হৈতে লেহ বাচাইয়া * তোমা বিনে ফরিয়াদ করিবকাকে আর॥রাখ মার সকলি তোমার এক্তিয়ার * পড়েছি বিসম দায় না দেখি ভালাং ॥ তোমা বিনে উদ্ধারিতে আর কেহ নাই * এইরূপ কান্দে পাহালওান ইস্পিন্দিয়ার ॥আর জে তাহার সব লস্করসরদার*কাতর হইয়া দোওা মাঙ্গিলসবায় কবুল হইল দোওা খোদার দরগায় * তখনি বরফ গেল মকুফ হইয়া॥আর জাহা গিরে ছিল গেল সে ঘুলিয়া * পানির মাফিক হয়ে বহিয়া চলিল ॥ ঘড়ি একে ময়দান সুখনা হয়ে গেল * আপ্তাব গরম হৈল তাপেসে তাহার ॥ নাজাত পাইল সবে ফজলে খোদার * হইল তাকত জোর সবাকার গায় সোকর ভেজীল সবে খোদার দরগায়*দুরহয়ে গেল বালা সকলে তখন মকাম করিল সেথা হয়ে খুসি মন * ভুকা ফাকা ছিল সবে খানা পাকাইয়া ॥ খেয়ে পিয়ে রহে সুয়ে আরাম করিয়া * তখন খুসিতে ইস্পিন্দিয়ার ছরদার ॥ দেলের বিচেতে খুব হইয়া কারার * পাহালওান গর্গছারে কহিল ডাকিয়া ॥ খোদার ফজলে বালা গেল দুর হইয়া *কহ এবে আগে আছে কেমন বালাই॥কিরূপে সে বালাহৈতে পাইব রেহাই * কহিল সে গর্গ ছারি সোন পাহালওান ॥ আগে আছে বড়া এক বালুব ময়দান*সুরুজের তাপেসেতে সে বালু তাতিয়া ॥ রাত দিন থাকে সদা গরম হইয়া * আগুনের মত হয় তাপেস তাহার ॥ ডরে উড়ে জেতে নারে পরেন্দা জানওার * বাঘ ভাল হাতি নাহি জায় সে ময়দানে॥আর সেথা পানি নাহি মেলে কোনখানে * ত্রিস কোস এই মত আছে সে ময়দান ॥ বড়ই কঠিন ঠাই সোন পাহালওান * এহা ছেওা সোন ফের কহি বিবরন ॥ আছে সে রূইন কেল্লা মজবুত এমন * একসো বচ্ছর জদি লড় সেখানেতে ॥ তবু সেই কেল্লা বিচে না পাইবে ফতে * দানা পানি ঘাস আদি না পাবে সে ঠাই ॥ ভুকা ফাকা মারা জাবে লস্কর ছেফাই * আমার মানাহি সোন নাহী বাড় আগে হেথা হৈতে ফিরে এবে চল ঘর বাগে*নাহক জাইবে সেই দুক্ষ ওঠাইয়া॥আখেরে ফিরিতেহবে সরম পাইয়া* এয়ছাই সুনিয়া ইস্পিন্দিয়ার মর্দ্দানা॥ কহে কোনবাতে কিছু না কর ভাবনা * আসিয়াছি এতদুর নাহীক ফিরিব॥ কেয়ছা সে রূইন কেল্লা দেখিয়া লইব * বাচাইয়া লিল খোদা হরবালা হইতে সে জদি মেহের করে হইবেক ফতে * তাহার মেহেরছেও়া জুগ্যতা কাহার॥ ভালা বুরা সকলিতাহার এক্তিয়ার* এহা বলে গর্গছারে বিদাই করিয়া ॥ আপনি বিছওানা পরে রহিল শুইয়া * রাত্ত পোহাইয়া গেল হইতে ফজর ॥ হুকুম করিল সবে বান্দিতে কোমর * তৈয়ার হইল সবে হুকুম পাইয়া ॥ তখন সবারে মর্দ্দ সাতে করে লিয়া * চলিল সেখান হইতে হয়ে রাহাদার ॥ মহাম্মদ খাতের কহে ভরসা খোদার *

হপ্তম খানার সাতওা মঞ্জিলের বিবরন *

পয়ার * ফজরে উঠিয়া ইস্পিন্দিয়ার মর্দ্দানা ॥ লস্কর সেফাই সাতে লইয়া আপনা * এলাহির নাম দেলে এয়াদ করিয়া মঞ্জেলং রাহা চলে নেকলিয়া * কত্তদুর বালুচরে জাইয়া পৌছিল ॥ না আছে গরম খুব ছরদ পাইল * কোনবাতে নাহি তার দুক্ষ পেরেসান ॥ গর্গ ছারে ডেকে মর্দ্দ কহীল তখন সোন মর্দ্দ বালুতে গরম কিছু নাই ॥ উত্তম ছরদ আছে দেখি এই ঠাই * তুমি জে কহিলে মোরে ডর দেখাইয়া ॥ পেরেসান হবে বড়া বালুতে পড়িয়া* এ সকল কথা ঝুট হইল তোমার ॥কিজন্যে কহিলে এয়ছা সামনে আমার * সুনিয়া সে গর্গ ছারি কহিল এয়ছাই ॥ মোবারক বক্ত তেরা করিল ওফাই * তেকারনে নাহি আছে গরমের চিন ॥ ছরদ হইয়া গেল তামাম জমীন *সুনিয়া এয়ছাই বাত কিছু

হপ্তম খানার পাচওা মঞ্জিলের বিবরন

পয়ার * ফজরে উঠিয়া ইস্পিন্দিরার মর্দ্দানা ॥ পাচওা মঞ্জিল রাহে হইল রওানা * কিন্তু সেই চরকেতে হইয়া ছওার ॥ আগে২ চলে আপে হয়ে রাহাদার * পিছে২ সাতে২ তামাম ছেফাই ॥ পায়ে২ পায়ে২ চলিল সবাই * কতদুরে সেইখানে পৌছিল জাইয়া ॥ থাকে সে মোরগ জেথা বাচ্ছাকে লইয়া * হোথায় সে ছিমোরগ পাহাড় হইতে ॥ উড়িয়াছে আপনার সেকার ঢুড়িতে * দেখিতে পাইয়া ইস্পিন্দিয়ার তাহায় ॥ আপনার লোক জনে কহিল ত্বরায় * সকলেতে রহ হেথা একা আমি জাব ॥ হুনর হেকমত করে মোরগে মারিব * এহা বলে চরকেতে সওার হইয়া ॥ জোরেন্তে হাকিয়া ঘোড়া চলিল কুদিয়া * দেখিতে পাইয়া সে মোরগ দুরাচার ॥ উড়ে আইসে ধরিবারে জানিয়া আহার * সেতাবি সিন্দুকে ইস্পিন্দীয়ার ঘুসিল ॥ ডালা বন্ধ করে দিয়া বসিয়া রহিল * মোরগ আসিয়া ঠোটে চরক ধরিয়া ॥ চাহে কি খেচিয়া জোরে লে জায় তুলিয়া * কিন্তু সে চরকে গাড়া ছিল নেজা তীর ॥ ঠোট জিভ গেথে তাতে হইল চৌচির * লিয়া জেতে না পারিয়া চরকের তরে ॥ লাচার হইয়া মুজি ছাড়িল আখেরে * খুন জারি মুখে তার চলিল বহিয়া ॥ জলনে গিরীল সেশে বেহুস হইয়া * সেহাল দেখিয়া ইস্পিন্দীয়ার সরদার ॥ সিন্দুকে থাকিয়া কুদে হইল বাহার * সের নর মত হেকে তেগ লিয়া হাতে ॥ মারিল গর্দ্দানে তার খেচিয়া জোরেতে * দুইখান হয়ে সে মোরগ দুরাচার ॥ গিরীল জমিন পরে জেমন পাহাড় * ছিল দুই বাচ্চা তার সে হাল দেখিয়া ॥ কান্দিতে লাগিল সোগে কাতর হইয়া * আখেরে পাইয়া ডর দেলের বিচেতে ॥ বাসা ছেড়ে পালাইয়া গেল সেথা হৈতে * ফতে পেয়ে পাহালওান খোসাল অন্তরে ॥ ফিরে আইল সেথা হৈতে আপনা লস্করে * দেখিয়া তামাম লোক তারিফ করিয়া ॥ নানারুপে কহিতে লাগিল বাড়াইয়া * তার পরে হুকুম করিল পাহালওান ॥ এইখানে রহ আজ করিয়া মকান * খাও পেও সকলেতে আরাম করিয়া ॥ রওানা হইব কাল ফজরে উঠিয়া * শুনিয়া তামাম লোক হুকুম এয়ছাই ॥ ছাউনি করিয়া সেথা রহিল সবাই * রাতকালে পাহালওান মজলিছ করিয়া ॥ সারাব কাবাব খায় খুসিতে বসিয়া * তখন পুছিল গর্গছারিকে এয়ছাই ॥ কহ পাহালওান কাল কি আছে বালাই * কহীল সে কাল বড় আছে মছিবত ॥ না চলিবে সেখানেতে তাকত হেকমত * তুফান ঝড়ির মত বহিবেক হাওা ॥ পানির মতন জাবে বরফ বরসিয়া * বাচীবা কঠিন অতি দেখি জে তাহাতে ॥ পাছেবা হালাক হও লস্কর সহিতে * একেলার কাম সেথা নহে নামদার ॥ সবাকারে সে ময়দান হতে হবে পার * সুনিয়া এছাই বাত তামাম ছেফাই ॥ ভাবা গোনা করে সবে কহিল এছাই * সোন নামদার সেথা আছানের সাতে ॥ লড়াই করিব মোরা কেমন ছুরাতে * নাহক পড়িব মারা বরফে দাবিয়া ॥ মোনাছেব হয় এবে চলহ ফিরীয়া * সুনিয়া কহিল ইস্পিন্দীয়ার তখন ॥ হেথা হৈতে ফিরীয়া না জাব কদাচন * জত দিন পার না হইব হপ্তখান ॥ না ফিরীব ধড় বিচে থাকিতে পরান জিউ নাহি মানে জদি তোমরা সকলে ॥ ফিরীয়া ঘরেতে জাহ খোসালিত দেলে * না চাহি এখানে আমি লস্কর ছামানা ॥ কেবল ভরসা মেরা এলাহী রব্বানা * শুনিয়া এয়ছাই বাত তামাম ছেফাই ॥ আরজ করিয়া এহা কহিল সবাই * ছাড়িয়া তোমাকে মোরা নাহিক জাইব ॥ তোমার ছদকায় জান নেছার করিব * তখন কহিল ইস্পিন্দীয়ার সবায় ॥ ফেরাইয়া আনে জদি এলাহি আমায় * খুসিতে আসিয়া তবে আপনার ঘরে ॥ এনাম খেলাত দিব তোমা সবাকারে * কহিয়া এছাই বাত চাহে কি জাইয়া ॥ রাত বাকি আছে এবে রহিগে সুইয়া * হেনকালে দেখে মর্দ্দ করিয়া নজর ॥ রাত পোহাইয়া আইল হইয়া ফজর * নাহিক সুইল আর রহিল বসিয়া ॥ ফজর হইতে তবে কোমর বান্ধীয়া * সাতে লিয়া আপনার লস্কর তামাম ॥ রওানা হইল লিয়া এলাহীর নাম * অধিন খাতের কহে খোদা সখা জার ॥ কোনবাতে তার পরে না পৌছে আজার *

হপ্তম খানার ছওই মঞ্জিলের বয়ান *

পয়ার * ফজর হইতে ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ লস্কর ছেফাই সাতে লইয়া আপনা * রওানা হইয়া রাহে আগে বেড়ে চলে ॥ জাইয়া তামাম দিন নিমাসাম কালে * একপাহাড়ের নিচে করিল মকাম ॥

আছিনু বাদসার বেটী নাহি জানী দুখ॥ হামেসা মহলে থাক সদা মনে শুখ * এক রোজ পালঙ্কেতে আছিনু সুইয়া॥ আচানক দেও এক পৌছিল আসিয়া * আমি সে দেয়ের তরে দেখিয়া তখন॥ ডরে ডরাইয়া গেনু হয়ে অচেতন*তখন সে দেও মুঝে ওঠাইয়া আনে॥রাখিয়াছে এনে মুঝে এই বিয়াবানে এখানে মানুস নাহি আইসে কোনকালে॥ থাকি সদা একাকিনী পেরেসান হালে * আপনী আইলে আজ লইয়া লস্কর॥ দেখিয়া হইনু বড় খোসাল অন্তর * এবে জদি দেওকে মারিয়া নামদার॥ খেদমতে আমার তরে রাখ আপনার * তা হইলে দেও হৈতে পাইয়া রেহাই॥ তোমার খেদমতে থাকি খুসিতে সবাই * এহা সুনে কহে ইস্পিন্দিয়ার তাহায়॥ কহ এবে সেই দেও আছেত কোথায় * বিবী বলে গেছে দেও করিতে সেকার খোড়া ঘড়ি বাদেতে আসিবে দুরাচার *সুনে পাহালওান দেলে বুঝিল নেহাত॥ বেসোবা এ জাদুগীর আওরত বজ্জাত * এহা ভেবে তখনি ধরিয়া তার তরে॥ বান্ধিল মজবুত করে লোহার জিঞ্জীরে * বিবী বলে কেন মুঝে করিলে বন্ধন॥ কি দোস পাইলে মেরা কহ বিবরন * পানাহি লইনু আমি তেরা আগে এসে॥ মোর তরে ধরে তুমি বান্দিলে কি দোসে * বকরি ধরিয়া জেয়ছা গিধড়ে লে জায়॥ ছাড়াইয়া এনে লোকে জবে করে তায়* সেইদসা হৈল বুঝি নছিবে আমার॥ ভালা বুরা বুঝিতে না পারি সমাচার * আইনু হেথা আশা করে বাচিব বলিয়া॥সে আসা নৈরাস হৈল বান্দিলে ধরিয়া * মাফ কর পাহালওান জিউ আম্মা পাই॥ ছেড়ে দেহ রব তেরা খেদমতে সবাই * শুনে পাহালওান কহে তুমি জাদুগীর॥ না ছাড়িব কদাচিত তোমার খাতির * এহা বলে পাহালওান হাতে লিয়া তেগ॥ মারিল গর্দ্দানে তার হয়ে বেদেরেগ * মারা গেল জাদুগির পড়িয়া জমিনে॥ তখনি তুফান ঝাড় উঠিল ময়দানে * ধুলা অন্দকার হয়ে তাহাতে থাকিয়া॥ ছিয়া এক দেও আইল বাহির হইয়া * লস্করের তরফেতে আইল দুরাচার॥ মুখ হৈতে আগনেকালিয়া আপনার দেখে তারে পাহালওান চলিল কুদিয়া॥ লস্কর সবার তরে পিছেতে রাখিয়া * মোকাবেল্লা হৈল দেও আসিয়া জখন॥ পাহালওান কুদে তারে ধরিল তখন * সেহভি হইয়া গোস্বা ধরিল জোরেতে॥ খেচা খেচি দুই জনে লাগিল করতে * বহুত করিল জোর দেও দুরাচার॥ না পারিয়া আখেরেতে হইল লাচার * তখন গোস্বাতে ইস্পিন্দীয়ার পাহালওান॥ তেগ মেরে দেওকে করিল দুই খান * জমিনে গিরীল মুজ পাপিষ্ঠ গাওার॥ ধড় হৈতে জান নেকালিয়া গেল তার * ফতে পেয়ে পাহালওান খোসাল অন্তরে॥ ময়দান হইতে ফিরে আইল লস্করে*আসিয়া সে গর্গছারি পাহালওানে বলে॥ দেখিলে মর্দ্দাম মেরা লড়িনু কি হালে * জাদুগির নারী আর দেয়ের তরেতে॥ মারিয়া ডালিনু কেয়ছা হুনুর হেকমতে * কহিল সে গর্গছারি সোন নামদার॥ হউক তোমার পরে রহম খোদার * তোমা হেন পাহালওান কে আছে এয়ছাই॥ জওা মর্দ্দি করে এয়ছা করিবে লড়াই * তাবাদে পুছিল ইস্পিন্দীয়ার ছরদার॥ কহ পাহালওান এবে শুনি সমাচার* কাল কি আফত বালা হইবে জাহের॥ সুনীলে করিতে পারি তাহার তদবির * কহিল সে গর্গছারি সোন নামদার॥ছি মোরগ আছে এক বড় দুরাচার * হামেহাল থাকে সেহ পাহাড়ের বিচে॥ সেখানেতে আর দুই বাচ্চা তার আছে*বড় জোরওার তারা কি কব বয়ান॥ না আছে দুনিয়া বিচে তাদের সমান*ময়দানে আসিয়া তারা হাতিকে ধরিয়া॥ ঠোটেকরে পাহাড়েতে লেজায় তুলিয়া * এছাই তাকত রাখে তাহারা সকলে॥ পাঁচ২ হাতীকে ধরিয়া এক কালে [illegible]রে খেচে উড়িয়া পাহাড়ে লিয়া জায়॥ এইরুপে হামেসা সেকার করে খায় * তুঝে আর তেরা সব লস্করের তরে॥ চাহেকি ধরিয়া লিয়া খাইতে সে পারে * বড় দুরাচার সেই আফত বালাই॥ কঠিন তাহার হাতে পাইতে রেহাই * এয়ছাই সুনিয়া ইস্পিন্দীয়ার মর্দ্দানা॥ কহে ছিমোরগ হৈতে না করি ভাবনা * দেখিবে কিরূপে কাল ময়দান উপরে॥ তলওার মারিয়া গেরাইব তার তরে * এহা বলে সেইখানে করিয়া মকাম॥ খেয়ে পিয়ে রহে লিয়া লস্কর তামাম* রাতের আমল ছিল গেল পোহাইয়া॥ রওানা হইল ফের ফজরে উঠিয়া * অধিন খাতের কহে খোদা সখা জার॥ কেহ তারে নাহি পারেপও ছাতে আজার * তার হাতে জের থাকে বড়২ জন॥ সোন এবে পাচওা রোজের বিবরন *

মতের সাতে ॥ গাড়ির মেছাল জেন চলে কোন মতে * সুনে তারা কারিগর কের না করিল ॥ মিলে সবে রাত বিচে বানাইয়া দিল * জহর আলুদা নেজা তির ও খঞ্জর ॥ ঠাই২ তাহাতে গাড়িল চারিওর লোহার সিন্দুক এক লিয়া তাবাদেতে ॥ রাখে সে চরক পরে হেকমতের সাতে * আর দুই তাজি ঘোড়া বান্ধিল তাহায় ॥ খেয়ে কোড়া জেনতারা হাওা ভরেজায় * এয়ছাই হেকমতে সে চরক বানাইয়া দিল জবে কারিগরে হাজের করিয়া * দেখে খুসি হয়ে ইস্পিন্দিয়ার মর্দ্দানা ॥ ফজরে লস্কর লিয়া হইল র-ওানা * কতদুরে গিয়া সে ময়দান পায় তার ॥ জে ময়দানে থাকে সে আজদাহা দুরাচার * অধিন খাতের কহে কেতাব বচন ॥ সোন এবে আজদাহার কহি বিবরন *

হপ্তম খানার তিছরা মঞ্জিলের বিবরন *

পয়ার * কারিগর সকলে চরক বানাইয়া ॥ দিল জবে ফজরেতে হাজের করিয়া * দেখে খুসিহয়ে ইস্পিন্দিয়ার মর্দ্দানা ॥ চড়ে সে চরক পরে হলেন রওানা * কত দুরে গিয়া দেখে বেবাহা ময়দান ॥ থাকে সে ময়দান পরে আজদাহা সয়তান * আগেতে বাড়িয়া ঘোড়া দেখে নামদার ॥ মেঘের আকার এয়ছা হৈল নমুদার * কালা মেঘ আইসে জেন গর্জ্জন করিয়া ॥ সেইরূপে আইসে মুজি বাহীর হইয়া * তখন কহিল ইস্পিন্দিয়ার এয়ছাই ॥ আগে না বাড়িবে কেহ রহ এই ঠাই * একেলা এখন আমি যাইব ময়দানে ॥ দেখ কি হেকমতে মারি আজদাহা কমিনে * এহা বলে জোরেতে মারিল দুই কোড়া ॥ চরক লইয়া জোরে কুদিল দু ঘোড়া * কিন্তু সে চরক পরে সিন্দুক জে ছিল ॥ পাহালওান তখন সে সিন্দুকে ঘুসিল * নেজা গোর্জ্জ তেগ তির লিয়া নামদার ॥ সিন্দুকে বসিয়া রঙ্গ দেখে আজদাহার * জবে সে আজদাহা মুজি চরক দেখিল ॥ মুখ পাসরিয়া জোরে কুদিয়া আইল * দেখিয়া তখন মর্দ্দ হুসি য়ার হইয়া ॥ রহে সিন্দুকের মুখ বন্দ করে দিয়া * একারনে বন্দ করে রহে সিন্দুকেতে ॥ কেন না সে আজদাহার নিশ্বাস হইতে * কারার হইয়া থাকে না পওছে আজার ॥ নহে সে নিস্বাসে জলে হৈত ছারখার * তা বাদে আজদাহা মুজি হামলা করিয়া ॥ চরক সিন্দুক ঘোড়া গেল নেঙ্গলিয়া * তির তেগ নেজা গাড়া ছিল চরকেতে ॥ পেটের ভিতরে তাহা লাগিল ফুটীতে * জহর আছিল তাহে করিল আ ছর ॥ জলনে আজদাহা মুজি হইয়া কাতর * পড়িয়া রহিল মুজি বেতাব হইয়া ॥ তখন সে হাল তার দেখিতে পাইয়া * পাহালওান নেকলিয়া সিন্দুক হইতে ॥ কুদিয়া মারিল চোট তেগ লিয়া হাতে * দুইখান হয়ে গেল আজদাহা গাণ্ডার ॥ পেট হৈতে হাওা এক নেকলিল তার * সে হাওা লাগীল ইস্পি ন্দিয়ারের গায় ॥ বেহুস হইয়া মর্দ্দ গিরীল সেথায় * বসোতন সেই হাল দেখিতে পাইয়া ॥ সেতাবী সেখানে মর্দ্দ পৌছিল জাইয়া * গোলাবের ছিটা খুব দিল তার গায় ॥ কিছুক্ষন বাদে থোড়া হুস হৈল তায় * হোস দারু ছিল সাতে দিল খেলাইয়া ॥ জহর হইল পানি উঠিল কুদিয়া * আরাম পাইল খুব গায়ে হৈল জোর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * মাহমে পাইয়া ফতে খোসাল হইয়া ॥ আপনা লস্কর বিচে আইল ফিরীয়া * তাবাদে সেখানে ডেরা করে এক ঠাই ॥ খেয়ে পিয়ে রহে লিয়ে লস্কর ছেফাই * সারাব কাবাব ফের লিল মাঙ্গাইয়া ॥ রাতকালে খায় বসে খোসাল হইয়া * গর্গছারি পাহালওানে পুছিল তখন ॥ কহ চৌঠা মঞ্জিলের কেমছা বিবরন * শুনে সে আরজ করে লাগিল ক হিতে ॥ জাদুগর আওরত এবে মিলীবে আগেতে * আর সেথা আছে এক দেও দুরাচার ॥ কাবু পেলে দাগাতে ডালিবে দাগাদার * শুনে হেসে কহে ইস্পিন্দিয়ার এছাই ॥ না ডরি এলাজ তার আছে মেরা ঠাই * অধিন খাতের কহে ভাবিয়া জালাল ॥ সোন এবে কহি চৌঠা মঞ্জিলের হাল *

হপ্তম খানার চৌঠা মঞ্জিলের বিবরন *

পয়ার * আজদাহা মারিয়া ইস্পিন্দিয়ার মর্দ্দানা ॥ চৌঠা মঞ্জিলেতে ফের হইল রওানা * কত দুরে গিয়া পাইল সবজার ময়দান ॥ লস্কর লইয়া সেথা করিল মকান * মজলিছ করিয়া এক খুসীতে এয়ছাই সারাব কাবাব খায় বসিয়া সবাই * হেনকালে আচানক কোথায় থাকিয়া ॥ ছুরত আওরত এক পৌছিল আসিয়া * কান্দিয়া সে কহে ইস্পন্দীয়ারে এমনি ॥ সোন পাহালওান মেরা দুক্ষের কাহিনী *

তির বরসাইবে ✱জেন তারা কোনরূপে ফোরছত না পায় ॥ তির মেরে দুরাচারে গেরাইবে ঠাঁয় ✱ এহা বলে পাহালওান হেম্মত করিয়া ॥ চলিল ময়দান পরে লস্কর লইয়া✱ কতদুরে গিয়া এছা পা- ইল দেখিতে ॥ আইসে দুই দুরাচার কুদীয়া জোরেতে ✱ তখন লস্কর সব চারীদিকে লিয়া ॥ লইল সে- মুজি দিগে ঘেরাও করিয়া ✱ মারিতে লাগিল তির খেচিয়া কামান॥তিরের জখমে তারা হৈল পেরে- সান✱ না পারে কুদিতে গায়ে কম হইল জোর ✱ সোস্তহালে খাড়া রহে হইয়া ফাফর✱দেখে বসতন আর ইস্পিন্দিয়ার ॥দুই পাহালওান হাতে লিয়া তলওার ✱ ঘোড়া ওঠাইয়া জোরে নজদিগে জাইয়া দোহে দু মুজিকে তেগ মারিল খেচিয়া ✱মারা গেল দুরাচার গিরে জমিনেতে॥ ধড় ছের জুদা হয়ে গি রিল তফাতে ✱ জখন মর্দ্দমি ইস্পিন্দিয়ারের দেখে ॥ পাহালওান গর্গছারি তার্জ্জবেতে থাকে ✱ফতে পেয়ে পুছে ইস্পিন্দিয়ার এছাই ॥ কহ মর্দ্দ হেথা আর আছে কি বালাই ✱ কহিল সে গর্গছারি সোন নামদার ॥ এখানে আফত বালা কিছু নাই আর ✱ রহ আজ এইখানে লস্কর লইয়া॥ রওানা হইবে কাল ফজরে উঠীয়া ✱ সুনিয়া এছাই বাত লইয়া লস্কর ॥ ওতারিয়া রহে সেই ময়দান উপর ✱ রাত কালে খানা পানী খাইয়া সকলে ॥ আরাম করিয়া রহে খোসালিত দেলে ✱ ফজর হইতে ফের কোমর বা ন্দিয়া ॥ চলিল সেখান হইতে রওানা হইয়া ✱ মহাম্মদ খাতের কহে আগেতে এহার ॥ দোসরা মঞ্জিল পাবে হপ্তম খানার ✱

হপ্তম খানার দোছরা মঞ্জিলের বিবরন ॥

পয়ার ✱রাত গোজরিয়া গেল হইল ফজর ॥ কুচ কৈল সেথা হইতে লইয়া লস্কর ✱ কত দুরে গর্গ ছারি পাহালওানে ফের॥ পুছিলকি বালা আজি হইবে জাহের✱কহিল সে আজ হেথাআছে এই ডর ॥ নেকলিবে দোন বাঘ মাদা আর নর ✱আছমান গর্জ্জন জেছা তা দোহার বোল॥ সেহাক শুনিয়া কাপে পাহাড় জঙ্গল ✱ হাতি হইতে উচা কদ তাহা দোহাকার ॥কিজানি তোমাকে পাছে পণ্ডহায় আজার লড়িবে আপনি খুব হুসীয়ারির সাতে ॥ হাক তার শুনিয়া না ডরিবে দেলেতে✱ সুনিয়া কহিল ইস্পি ন্দিয়ার এছাই ॥ বাঘের হাকেতে আমি নাহিক ডরাই✱এহাবলে থোড়া দুর আগেতে জাইয়া॥দুই বাঘ আইসে দেখে নজর করিয়া ✱ এয়ছাই গজ্জিয়া মুজি হাকিয়া উঠীল ॥ মালুম হইল জেয়ছা আছমান গিরিল ✱ বসোতন কহে ইস্পিন্দিয়ারে তখন ॥ চল মোরা ঘোড়া হেকে গিয়া দুইজন ✱ দোহে দু বাঘের পরে তলওার মারিয়া ॥ খাক খুনে ময়দানেতে দেই গেরাইয়া ✱ মানাহী করিল ইস্পিন্দিয়ার তাহারে ॥ কহে আমি একা গিয়া ময়দান উপরে✱মর্দ্দমী করিয়া জোরে মারিয়া তলওার ॥ গেরাইব বাঘেরে করিয়া ছারখার✱ এহা বলে ঘোড়া হেকে ময়দানে জাইয়া ॥ মারিল বাঘের পরে তলওার খে চিয়া ✱ দু পারা হইয়া মুজি জমিনে গিরিল ✱ ধড় হইতে জান তার নেকলিয়া গেল✱মারা গেল সের নর মাদা দেখে তার ॥ কুদিয়া আইল হেকে করেসোর সার✱মারিল তাহারে তেগ খেচিয়া জোরেতে সেহভি দুখানহয়ে গেরে জমিনেতে ✱ দেখে সে মর্দ্দমি তার সকলে তখন ॥ হাজার তারিফ করে হয়ে খুসি মন ✱ মহিমে পাইয়া ফতে ময়দান থাকিয়া ॥ লস্করের বিচে মর্দ্দ আইল ফিরিয়া ✱ কহীল এখন হেথা দেখে এক ঠাই ॥ ছাওনী করিয়া রহ খুসিতে সবাই ✱ ঘুচিল আফত বালা নিডর হইয়া ॥খেয়ে পিয়ে রহ সবে আরাম করিয়া ✱ এহা শুনে এক ঠাই সকলে তখন ॥ ওতরীয়া খেয়ে পীয়ে রহে খুসি মন✱ পাহালওান ইস্পিন্দীয়ার খুসি দেলে ॥ নামী পাহালওান জারা লিয়া তা সকলে ✱ সারাব কাবাব আনি মজলিস করিয়া॥ করেন পিয়ালা বাজি আমদে বসিয়া ✱গর্গছারি পাহালওানে পুছিল তখন ॥ কাল কি জাহের হবে বল বিবরন ✱ বলিল সে আরজ করিয়া এ প্রকার ॥বড় এক আজদাহাকালহইবে আস্কার ✱ মোটা ও দারাজ তার না হয় বয়ান ॥ দেখিলে তাহার তরে আলম হয়রান.✱ মুখ মেলে আইসে জবে সেই দুরাচার ॥ চাহে কি পাহাড় গিলে করে সে আহার ✱ ভোকের সময় মুজি সামনে জা পায়॥ বাঘ ভাল ঘোড়া হাতী নেঙ্গলিয়া জায় ✱আর তার মুখ হৈতে আগুন নেকলে ॥ গাছ পালা জত সে নিশ্বাসে জার জলে ✱ বড় দুরাচার সেই আফত বালাই ॥ কঠীন মুজীর হাতে পাইবা রেহাই সুনে পাহালওান ইস্পীন্দিয়ার মর্দ্দানা ॥ হুকুম করিল এয়ছা লস্করে আপনা ✱ বানাও চরক এক হেক

রেহাই ॥ দেও নাহি আটে তারে এমনি বালাই * আছে ফের ছিয়োরগ পাচণ্ডা মঞ্জিলে ॥ ধরিয়া সে পাহাড়েতে লিয়া জায় তুলে * সের নর হাতি ও আজদাহা জাহা পায় ॥ এইরূপে ধরিয়া সে হায়েহাল খায় * তাহাবাদে সসম মঞ্জিল সেখানেতে ॥ বরফ জে গেরে সেথা ময়দান পরেতে * বাচিবাসে বর ফেতে বড়ই কঠিন ॥ গিরিবে পানির মত তিন রাত দিন * সাতণ্ডা মঞ্জিলে গেলে পাবে বালুচর ॥ ক হিনু হুজুরে হপ্ত খানার খবর * শুনিয়া কহিল ইস্পিন্দীয়ার এয়ছাই ॥ এসব মুস্কিলে আমি নাহিক ডরাই * এলাহা দিয়াছে জোর বদনে আমার ॥ তুড়িয়া এ সব বালা করে ছারখার * সাত রোজে সিধারাহে চলিয়া জাইব ॥ কাহেদুর দারাজি ! রাহে তকলিফ ওঠাব * এহা বলে সারাব কাবাব মাঙ্গাইয়া করেন পিয়ালা বাজ খুসিতে বসিয়া * কহে কাল জাইয়া বাদসার দরবারে ॥ বিদায় হইব লিয়া লোক জন সাতে * এছাই কহিয়া ফের সারাব চালিয়া ॥ গর্গছারি পাহালওানে দিল পেলাইয়া * জখন সে নেসা পিয়া মস্ত খুব হৈল ॥ আরজ করিয়া এহা কহিতে লাগিল * স্থন পাহালওান ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ বার২ কহি তুঝে সুন মোর মানা * হপ্তম খানার রাহা বড়ই কঠিন ॥ সে রাহে জাইবে মেরা না হয় একিন * জদ্যপি হাজার জোর রাখ পাহালওান ॥ তবু সে রাহেতে গেলে হবে পেরেসান * কোন রূপে জাইতে নারিবে সে রাহায় ॥ আখেরে ফিরিতে হবে কাহনু তোমায় * শুনে পাহালওান ইস্পি ন্দিয়ার সে বাতে ॥ না করে এতবার কিছু দেলের বিচেতে * ফেরেব বুঝিয়া মর্দ্দ সে সকল বাত ॥ ধ রিয়া সেতাবি তার বান্ধিল দু হাত * তখন সে গর্গছারি হয়ে জার২ ॥ কহিল কি দোসে মুঝে বান্ধ নামদার * জে কিছু কহিনু আমি ঝুট নাহইবে ॥ নাহি জেনে শুনে মুঝে বান্দ কি ছববে * সুনীয়া ক হিল ইস্পিন্দীয়ার তাহায় ॥ শুন মর্দ্দ গোস্বা হয়েনা বান্ধি তোমায় * একারনে বান্ধি আমি তোমার ডরেতে ॥ বান্দিলে ভাগিতে না পারিবে রাহা হৈতে * কেননা তাকত জোর আমার দেখিয়া পাছে তুমি রাহা হৈতে জাও পালাইয়া * বান্দিলে রহিবে সাতে ভাগীতে নারিবে ॥ তবে মেরা জণ্ডা মর্দ্দি নজরে দেখিবে * নহে এছা তাকত না হইবে তোমার ॥ দেখ সে মর্দ্দমি মেরা রহিয়া কারার * এছা জণ্ডা মর্দ্দি করে তুড়িয়া বালাই ॥ খুসীতে হপ্তমখানা পার হয়ে জাই * এহা বলে হাত না খুলিয়া দিল তার ॥ বান্দা হাতে রহিল সে হইয়া লাচার * তাহাবাদে ইস্পিন্দীয়ার সেথা হৈতে ॥ আরজ ক রিল এসে বাদসার আগেতে * সুন বাদসা জাহাপানা আমারে এখন ॥ বিদায় করিয়া দেহ দিয়া লোক জন * দের নাহি সহে আমি চিনেতে জাইয়া ॥ বহিনী সবার তরে আনি ছাড়াইয়া * এহা শুনে খুসি হয়ে বাদসা জাহাপানা ॥ সেতাবী করিয়া দিল রাহার সামানা * দস হাজার দিল সাতে চুনিন্দা সওার ॥ মালমাত্তা টাকা কড়ি দিল বেসুমার * বসতন পাহালওানে সরদার করিয়া ॥ তখনী বিদায় কৈল সেথান থাকিয়া * বিদায়ের কালে ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ বাপকে ছালাম করে হইল রওানা * বাজাবাজে আগে পিছে তামাম লস্কর ॥ চলে হাসমতের সাতে রাহার উপর * গর্গছারি পাহালওানে লইল স ঙ্গেতে ॥ ছওার করিয়া এক ঘোড়ার পরেতে * আপনা ছরহর্দ্দ পার হইল জখন ॥ তিন রাহা ছামনেতে দেখিয়া তখন * গর্গছারী পাহালওানে পুছিল এছাই ॥ কহত হপ্তমখানা কোন রাহে জাই * তখন সে গর্গছারি দিল বাতাইয়া ॥ চলিল সে রাহে মর্দ্দ লস্কর লইয়া * কত দুরে ময়দান পাইল নামদার পহেলা মঞ্জিল সেই হপ্তম খানার * অধিন লাচার কহে সোন সর্ব্বজন ॥ কহি এবে সেই ময়দানের বিবরন *

হপ্তম খানার পহেলা মঞ্জিলের বিবরন *

পয়ার * কতদুরে গিয়া এক পাইল ময়দান ॥ বেবাহা ময়দান তাবকি কববয়ান * দেখে সে ময়দানে ইস্পিন্দিয়ার তখন ॥ গর্গছারী পাহালওানে পুছিল এমন * কহ মর্দ্দ আছে আজ কেমন বালাই ॥ শুনে সে আরজ করে কহিল এছাই * জঙ্গলি সুওর দুই আছে এখানেতে ॥ সের নর ভেগে জায় তাদের ডরেতে * হাতিকে পাইলে তারা দাতেতে ফাড়িয়া ॥ পেট চাক করে দেয় আত নেকালিয়া * এয়ছা দুরাচার সেই সুওর গাণ্ডার ॥ জোলম হইতে তার পেরে ওঠা ভার * সুনে পাহালওান ইস্পিন্দিয়ার তখন ॥ আপনার লস্করেতে কহীল এমন * জবে সে সুওর দুই আসীয়া পওছীবে ॥ চারীদীক হৈতে সবে

আসিবে জখন ॥ তাজ তক্ত দিয়া আমি তোমার কারন * গোসানিসি হয়ে রব ইয়াদে খোদার ॥ অদুল না হবে মেরা এইত কারার* শুনিয়া কহিল ইস্পিন্দিয়ার তখন॥ তাজ তক্ত সাহি মেরা নাহি প্রয়োজন সাহি মোবারক তুঝে রহে নামদার ॥ আমি বান্দা আছি এক গোলাম তোমার * হুকুম করিবে জাহা আমার লাগিয়া ॥ মানিব ফরমান তেরা দেল জান দিয়া * আমা হৈতে জে কাম হইবে জাহাগির ॥ কমি না করিব তাতে না হেলাব ছির * জাব এবে চিন দেশে লইয়া লস্কর ॥ খারাব করিয়া তার তামাম সহর * আরজাস্প সাহার তরে ডালিব মারিয়া ॥ আনিব বহিন দিগে খালাছ করিয়া* তোমার নছিব গুনে সোন নামদার ॥ জেথা জাই ফতে হয় সেখানে আমার * সেতাবি বিদায় মুঝে কর না আপনি দের নাহি সহে আর জাইব এখনি * সুনিয়া গোস্তাস্প সাহা বাদসা জাহাগীর ॥ হাজারসাবাসি দিয়া বেটার খাতির * কহে তেরা পরে রহে মদদ খোদার ॥ জাউক পয়মাল হয়ে দুসমন তোমার * জাহ বাবা লিয়া এবে লস্কর ছেফাই ॥ খোদাকে শুপিয়া তুঝে করিনু বিদাই * সুনে খুসি হয়ে ইস্পিন্দীয়ার তখন ॥ আরজ করিয়া কহে বাদসাকে তখন * সোন বাদসা আলস্পানা কহি জনাবেতে ॥ গর্গছারের এক মর্দ্দ আছে কয়েদেতে* দেওয়ের আওলাদ মর্দ্দ বড়ই ছেফাই॥ এবেসে আরজ কৈল হুজুরে এছাই খালাছ করিয়া দিলে হয়ে তাবেদার ॥ হরহালে রবে সাতে খেদমত গোজার * কহিল জেখানে কস্ত করিবে জাইতে ॥ রাহাদার হইয়া রহিব সাতে২ * সুনিয়া গোস্তাস্প সাহা খোসাল হইয়া ॥ গর্গছারি পাহালওানে কয়েদ থাকিয়া * খালাছ করিয়া এনে কহিল এয়ছাই ॥ সোন পাহালওান তুঝে করিনু রেহাই * কারারে থাকিবে সদা না হেলাবে ছির ॥ হয়ে ইস্পিন্দীয়ারের ফরমা পিজির* সুনে গর্গছারি মর্দ্দ করিয়া ছালাম ॥ কবুল করিয়া লিল হুকুম তামাম * অধিন লাচার কহে ভাবিয়া ছোবহান ॥ সোন সবে কহি হপ্তম খানার বয়ান *

সাহাজাদা ইস্পিন্দীয়ার রুইন কেল্লার তরফ জাইবার মতলবে
গর্গছারি পাহালওান হৈতে রাহার হাল ওাকেফ হইয়া
হপ্তম খানার রাহা হৈতে যাইবার বয়ান ॥

পয়ার * ছিল গর্গছারি মর্দ্দ কয়েদে পড়িয়া ॥ বাদসার হুকুমে তারে খালাছ করিয়া * খুসি খোসালেতে ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ সাতে করে লিয়া গেল ডেরেতে আপনা * খানা পানি খেলাইয়া কহিল তাহারে ॥ সোন পাহালওান কহি তোমার খাতিরে * জদ্যপি ইমান তুমি বাহাল রাখিয়া ॥ হামেহাল থাক মেরা তাবেদার হৈয়া* জেখানেতে জাব আমি সঙ্গেতে আমার॥ হরহালে রহিবে হইয়া রাহাদার* তা হইলে আমি তেরা মান বাড়াইয়া * তুরানের এক দেস দিব নেওাজিয়া* আরজাদ দেলে বদি রাখ পাহালওান ॥ তলওার মারিয়া তেরা ওড়াব গর্দ্দান* শুনিয়া সে গর্গছারি জোড়ে দোনহাতে আরজ করিয়া এয়ছা লাগিল কহিতে * সোন নামদার আমি একিদা করারে ॥ হামেসা থাকিব তেরা খেদমতের পরে * জাহা বাতাইবে তাহে না হেলাব ছির ॥ বজায় আনিব হয়ে ফরমা পিজীর* সুনে খুসি হয়ে ইস্পিন্দীয়ার তখন ॥ পুছিল এছাই তারে কহ বিবরণ* কোন রাহে জাওা জায় রুইন কেল্লাতে সেতাবী পৌছিব গিয়া আছানের সাতে* কহিল সে গর্গছারি সোন নামদার ॥ ভাল রাহা আছে এক তিন মাহিনার * সহর বাজার খুব আছে ঠাই২ ॥ আরামে জাইবে তাথে লস্কর ছেফাই * আর জে দোছরা রাহা আছে এর ছেওা ॥ সেই রাহে দুই মাসে পৌছিবে জাইয়া * কিন্তু তাথে ঠাই২ পানি বেসুমার ॥ এহা ছেওা ডর ভয়নাহি কিছু আর* তেছরা জে রাহা আছে সে রাহা হইতে॥ সাত রোজে জাওা জায় রুইন কেল্লাতে * বড়ই কঠিন রাহা কহিয়া জানাই ॥ সাত রোজে আছে সাত আফত বালাই নামেতে হপ্তম খানা কহে সে রাহার ॥ সে রাহে জাইতে এয়ছা জুগ্যতা কাহার * সাত মঞ্জিলেতে সাত আছেত বালাই ॥ কঠিন সে বালা হৈতে পাইবা রেহাই* পহেলা মঞ্জিলে আছে জঙ্গলিসুওর ॥ হাতিকে চাহিয়া বড় রাখে খুব জোর * দোছরা মঞ্জিলে ফের আছে সের নর ॥ জাহার হাকেতে জমি কাপে থর২* তেছরা মঞ্জিলে আছে আজদাহা গাণ্ডার ॥ গায়েবি আগুন উঠে নিশ্বাসে তাহার* চৌঠা মঞ্জিলে আছে জাদুগির নারি ॥ কত ছলা জানে সে অধম দুরাচারী * কঠিন তাহার হাতে পাইয়া

গলে লাগাইয়া তার খেচিল জোরেতে ॥ কয়েদ সে হৈল ইস্পিন্দীয়ারের হাতে * কয়েদ করিয়া ইস্পি ন্দিয়ার তাহায়॥ লোহার জিঞ্জির দিয়া বেন্ধে হাত পায় * হাওালা করিয়া দিল লস্কর বিচেতে॥ আপনি চলিল ফের মহিম করিতে * গোস্বাভরে তেগ চালাইল জোরওার ॥ চিনের লস্করে দিল করে ছারখার গেরাইল এক সও আট পাহালওানে ॥ তবু লড়ে নাই ছাড়ে জে আইসে সামনে * কুহুরুম নামেতে বেটা আরজাস্প সাহার ॥ দেখে ডরে ডরাইয়া দেলের মাঝার * টীকিতে না পেরে কেহ ময়দান উপর পালাইয়া গেল শেষে ছাড়িয়া লস্কর*ইস্পিন্দিয়ার তারে ভাগিতে দেখিয়া॥ঘেরিল লস্কর তার ঘোড়া বেড়ি দিয়া*দাতেতে লাগাম ধরে দোন হাতে তেগ ॥ গোস্বাভরে কেটে চল্লে হয়ে বেদেরেগ * দফা দফা ছাফ করে হাজারে হাজার ॥ বহাইল লহু নদী ময়দান মাঝার * কুদে ফেরে হাকে জোরে জেন ফিল মস্ত ॥ পায় জারে নাহি ছাড়ে করে দেয় পস্ত * চিনের লস্করে এয়ছা না ছিল ছেফাই ॥ মোকা বেলা হয়ে আইসে করিতে লড়াই * দেখে ইস্পিন্দীয়ারের মহিমের বন্দ ॥ ডরে সবাকার তরে লেগে গেল ধন্দ * হেম্মত করিয়া কেহ এসে সামনেতে ॥ না পারিল কেহ এয়ছা দাগ চড়াইতে * তখন আরজস্প সাহা আপনা লস্করে ॥ গোস্বা হৈয়া কহিতে লাগিল এ প্রকারে * এক পাহালওান জোর এতেক দেখায় ॥ এত পাহালওানে কেহ না পারিল তায় * এবাতে আফছোছ বড় হইল আমারে ॥ কেমনে দেখাবে মুখ লোকের হুজুরে * জে শুনিবে থুক দিবে কহিবে এছাই ॥ বড়ই নামর্দ্দসব চিনের ছেফাই * এছাই শুনিয়া সবে লাগিল কহিতে ॥ সোন বাদসা জাহাপানা কহি জনাবেতে * রূইতন আছে ইস্পিন্দীয়ার মর্দ্দামা ॥ অজুদ পাসান তার কাজে গেল জানা* নেজা গোর্জ্জ খঞ্জর তিরতল ওার ॥ কারি নাহি হয় কিছু অজুদে তাহার*জাহার অজুদ এয়ছা পোলাদি গড়ন ॥ কেমনে জখম করি তাহার কারন * তখন আরজাস্প সাহা কহিল এছাই ॥ ঘেরাও করিয়া ওছে তামাম ছেফাই * তীর মেরে গেরাইয়া দেহ ময়দানেতে ॥ খোদা চা.হ আলবোত্তা হইয়া জাবে ফতে * বাদসার হুকুম সবে পাইয়া এমন ॥ ঘিরিল আসিয়া ইস্পিন্দিয়ারে তখন* মারিতে লাগিল তীর চারিদগ হৈতে ॥ হাজারে হাজার তির লাগিল গিরিতে * ইস্পিন্দিয়ার তবু নাহিক ডরায় ॥ ঘোড়া হেকে কেটে চলে দেলের গোস্বায়* এই রূপে একা ইস্পিন্দিয়ার এখানে ॥ চিনের জতেক নামিলড়ে তার সনে* বাকি জা ফউজ আর চিনের সাহার ॥ ছাওনি করিয়া ছিল ময়দান মাঝার * তাহাদিগে মারিবারে মছলত করিয়া ॥ ইরানি সরদার সবে কোম্মর বান্দিয়া * দোছরা তরফ হৈতে জাইয়া সেখানে ॥ মহিম করিল শুরু তাহাদের সনে* নেজা গোর্জ্জ তলওার লাগিল মারিতে ॥ লহু নদী বহাইল ময়দান পরেতে * চিনের ফউজ আর ইরানী ছেফাই ॥ দুইদলে সেথা খুব হইল লড়াই* গিরিল দু তরফের বহুত ছওার ॥ লেখা জোখা হেছাব নাহিক আছে তার * আখেরে হারেল হয়ে চিনের ছেফাই ॥ ভাগিল ময়দান হৈতে ছাড়িয়া লড়াই*দেখিয়া আরজস্প সাহা চিনের ছোলতান॥লাচার হইয়া সেসে ভাগিল নিদান* হেথা জে ছরদার সব ছিল লড়িবারে ॥ ঘেরাও করিয়া ইস্পিন্দিয়ারের তরে * শুনিল তাহারা জবে খবর এছাই ॥ ভাগিল আরজস্প সাহা লইয়া ছেফাই* তখন ডরিয়া তারা দেলের বিচেতে ॥ ভাগিল মহিম ছেড়ে ময়দান হইতে * ইস্পিন্দিয়ার মর্দ্দ সে হাল দেখিয়া ॥ গোস্বা ভরে আপনা লস্কর সাতে লিয়া পিছে২ রেশা দিয়া গিয়া কত দুরে॥ ঘেরিল তা সবাকারে রাহার উপরে*সেখানেতে তলওার মারিয়া পাহালওান ॥ বহাইল রাহা পরে লহুর তুফান * আখেরে চিনের লোগ লাচার হইয়া ॥ কেহ বা ভাগিল কেহ দাতে ঘাস লিয়া * পানাহি লইল ইস্পিন্দিয়ারের আগে ॥ মেহের করিল ইস্পিন্দিয়ার তাদিগে * ফতে পেয়ে পাহালওান খোসাল অন্তর ॥ ফিরিল সেখান হৈতে লইয়া লস্কর * বাদসার হুজুরে এসে পৌছিল ইরানে ॥ দেখিয়া গোস্তাস্প সাহা বেটার কারনে * তারিফ করিয়া লিল ছাতি লাগাইয়া ॥ সাহানা খেলাত কত দিল নেওাজিয়া* তাবাদে কহিল ফের বাদসা নামদার ॥ সোন বাবা ইস্পিন্দিয়ার জোরওার* বহিনী সবারে তেরা জোরেতে ধরিয়া ॥ লিয়া গেছে চিন সাহা কয়েদ করিয়া এবে তুমি চিন দেশে জাইয়া তরায় ॥ ছাড়াইয়া আন তেরা বহিনী সবায় * চিন ফতে করি ফিরে

ষার ॥ কহনা কিরূপে ফতে হইবে আমার * ছুতরলাব বিচে দেখ করিয়া খিয়াল॥মালুম হইবে তাথে গায়েবের হাল * সুনে সে উজির মর্দ্দ আনিয়া কেতাব ॥ গায়েবের হাল দেখে কহিল সেতাব॥ * সোন সাহা এয়ছাই দেখিনু কেতাবেতে ॥ ইস্পিন্দিয়ার জদি লড়ে ময়দানেতে * তবেএ মহিমে ফতে হইবে তোমার ॥ দুসমন হইবে জের জাবে দুক্ষ ভার * এয়ছাই সুনিয়া সাহা গোস্তাস্প তখন ॥ জামাস্প উজিরে কহে হয়ে খুসি মন * সোনহ উজির তুমি জাহ সেতাবিতে ॥ ইস্পিন্দিয়ার জেথা আছে ক য়েদেতে * খালাছ করিয়া তারে আনিবে তাহায় ॥ কোনমতে দের নাহি করিবে রাহায় * জামাস্প উজির তবে হুকুমের পরে ॥ চলিল আনিতে ইস্পিন্দিয়ারের তরে * মহাম্মদ খাতের কহে কোদরত খোদার ॥ জার নছিবেতে জবে থাকে দুক্ষভার * সে দুক্ষ খণ্ডাতে কেহ নাহিক পারিবে ॥ সে ওক্তে আপন জত বেগানা হইবে * জখন সে দুক্ষ তার হইবে খণ্ডন ॥ উদ্ধার করিয়া লিবে আপে নিরা গুন * তখনি মিলিবে সব আপস এগানা ॥ দুক্ষের সময় হয় সকলে বেগানা * এলাহী করিলে দয় সকলেতে মেলে ॥ কেতাব মাফিক বাত অধিনেতে বলে *

ইস্পিন্দিয়ার কয়েদ হৈতে খালাছ পাইয়া আরজাস্প বাদসার সহিত মুহিম করিয়া ফতে পাইবার বয়ান ॥

পয়ার * গোমদান কেল্লা বিচে কয়েদ খানায় ॥ আছিল কয়েদ ইস্পিন্দিয়ার জেথায়* জামাস্প উজির মর্দ্দ সেখানে জাইয়া ॥ ইস্পিন্দিয়ারে এহা কহে বুঝাইয়া * সোন সাহাজাদা এবে চল হেথা হৈতে ॥ আইনু তোমারে আমি লইয়া জাইতে * এহা বলে বাদসার তামাম বিবরন ॥ একে২ সোনাইল তাহার কারন * শুনে ইস্পিন্দিয়ার কহিল এ প্রকার ॥ গোরজমের বাতে মুঝে বাদসা নামদার * রাখিল ক য়েদ করে বেগর গোনায় ॥ লোহার জিঞ্জীর দিয়া বেন্ধে হাত পায় * বাপের দুসমন জদি আছি আমি ভাই ॥ কহ কি করিব গিয়া তাহার ভালাই*সুনিয়া জওাব দিল জামাস্প উজির॥ সোন সাহাজাদা কহি তোমারখাতির*সে সকল বদি দুর কর দেল হৈতে॥গোস্বার সময় নহে জানিবে এ ওক্তে*দাদা তের লাহরাস্প বাদসা জাহাপানা ॥ আর তেরা ভাই বন্ধু তামাম এগানা * মহিম করিয়া মারা পড়িল স বার ॥ দের না করিবে তুমি চলহ তরায় * বাপ তেরা ভেগে গিয়া লইয়া লস্কর ॥ কারার হইয়া আছে পাহাড় উপর * এবে জদি তুমি নাহি জাবে সেখানেতে ॥ বাপ তেরা মারা জাবে আরজাস্পের হাতে ছেনাইয়া লিবে জোরে সাহি ইরানের ॥ নানারূপে দুক্ষ ওঠাইতে হবে ফের * দুর কর গোস্বা এবে চলহ তরায় ॥ ভাগাইয়া দেহ মেরে চিনের সাহায় * আপনা জর্দ্দের তক্ত কায়েম রাখিয়া ॥ মানে২ রহ এবে মান বাচাইয়া * নহেত সুনিয়া লোক জেখানে সেখানে ॥ নামর্দ্দ কহিবে তোমা সবার কারনে এইরূপে বুঝাইয়া অনেক প্রকারে ॥কএদ হইতে ইস্পিন্দীয়ারের তরে * বাহির করিয়া কাটাইয়া সব বেড়ি ॥ সাহানা লেবাছ পেন্দাইয়া সেই ঘড়ি*ছওার করিয়া লিল ঘোড়ার উপরে ॥ রওানা হইয়াচলে আইল পাহাড়ে * সাহাজাদা রুইতন ইস্পিন্দীয়ার ॥ আইল পাহাড়ে জবে হুজুরে বাদসার * দেখিয়া গোস্তাস্প সাহা খোসাল হইয়া ॥ লইল বেটার তরে ছাতি লাগাইয়া*ছেরে মুখে বোছা দিয়া কান্দিল বিস্তর ॥ সরমে করিল কত বাহানা ওজর*মিলাীয়া আখেরে ইস্পিন্দিয়ারের তরে॥ছর্দ্দারী শুপিয়া দিয়া তাজ দিল ছেরে * তাবাদে খোরজমে ধরে আনিয়া সেতাব ॥ মেরে ডালে হাতে২ করিয়া খারাব * মারা গেল দুসমন হইল খুসি মন ॥ ফরমাইল সাহা ইস্পিন্দীয়ার তখন * জাহ এবে সাতে লিয়া লস্কর ছেফাই ॥ আরজাস্প চিনের সাতে করিতে লড়াই * হুকুম পাইয়া ইস্পিন্দীয়ার তখন ॥ সাতে করে লইয়া লস্কর লোক জন * আইল ময়দানে জেথা চিনের লস্কর ॥ হাকে ঘন সের হেন করে জোর সোর দেখে ইরানির জোর চিনের ছেফাই॥ডরাইল দেল বিচে করিতে লড়াই*তবুসে আরজাস্প সাহালাচার হইয়া ॥ আইল ময়দান পরে লস্কর লইয়া*দুইদলে মোকাবেলা হইল ফউজ॥দরিয়া উপরে জেন উঠিল মউজ*এক মর্দ্দ গর্গছারি দেওয়ের আওলাদ॥পহেলা করিল সেহ মহিমের সাদ * আইল ময়দান পরে ঘোড়া ওঠাইয়া ॥ ইস্পিন্দীয়ার তারে দেখিতে পাইয়া*মারিল খেদঙ্গ তির খেঁচিয়া জোরেতে॥লাগিল সে জিয়র গিয়া তাহার ছিনাতে*কারি তির গেল সেহ জখম হইয়া ॥ ইস্পিন্দিয়ার ফেরফাসী নেকালিয়া

করে মোকাবেলা হইয়া লড়াই * হেনকালে দেখা পায় ময়দান থাকিয়া ॥ বহুত লস্কর আইসে গর্দ্দ উড়াইয়া * দেখিয়া সে ওক্তে জঙ্গ মকুফ হইল ॥ দুইদলে সেতাবি জাছুছ পাঠাইল * নিকটে আসিয়া তবে পৌছিল লস্কর ॥ জাছুছ আসিয়া দিল কুহুরূমে খবর* বাপ তেরা নামেতে আরজাস্প জাহাদার ॥ আইল লস্কর লিয়া মদদে তোমার * শুনিয়া কুহুরূম দেলে খোসাল হইয়া ॥ ফিরিল ময়দান হৈতে লস্কর লইয়া * মকুফ হইয়া গেল সে দিন লড়াই ॥ জার জে ফিরিয়া গেল দু দলে ছেফাই * মিলিয়া বাপের সাতে কুহুরূম হেথায়॥ লিয়া গেল সাতে কোরে আপনা ডেরায়*এসে ছিল ছেফাই লস্কর যত সাতে ॥ ছাওনি করিয়া সবে রহে ময়দানেতে * তার পরে মহিমের জত বিবরন ॥ কুহুরূম কহিল সব বাপের কারন * জে রূপে করিল ফতে পহেলা লড়াই ॥ জেরূপে ভাগিয়া গেল ইরানি ছেফাই * যে রূপে করিয়া লুট সহর বাজার ॥ তামাম আতসখানা কৈল ছারখার * তাবাদে গোস্তাস্প সাহা জে রূপে আসিয়া॥ হামেহাল করে জঙ্গ লস্কর লইয়া *জে রূপেতে দুই দিন লোড়ে ময়দানেতে॥মারা গেল লোক জোন ইরানীর হাতে * একে২ বয়ান কৈল বিবরণ ৷ কহিল কুহুরূম জদি বাপকে আপন * সু নিয়া আরজাস্প সাহা কহে কুহুরূমেরে ॥ রহিবে খাতের জমা এই বাত পরে * না কর আন্দেসা রহ খোসাল অন্তর ॥ দেখিব ইরানী সাহা রাখে কত জোর * লস্কর লইয়া কাল গিয়া ফজরেতে ॥ দিব ইরা নিরে সাজা আপনার হাতে * এহা বলে সারাব কাবাব মাঙ্গাইয়া ॥ করেন পিয়ালা বাজি খুসিতে বসিয়া * আমদে তামাম রাত গোজরিয়া গেল ॥ ফজর হইতে সাহা হুকুম করিল * তৈয়ার হইল সেজে তামাম ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * তখন আরজাস্প সাহা বান্ধিয়া কোমর ॥ চলিল লস্কর লিয়া ময়দান উপর * কুহুরূম চলিল আর ছর্দ্দার সকলে ॥ ময়দানেতে খাড়া সবে হৈল এক কালে* এখানে গোস্তাস্প সাহা পাইল খবর ॥ আইল আরজাস্প সাহা ময়দান উপর*আসিয়াছে বেসুমার চিনের ছেফাই ॥ ময়দানেতে দাড়াবার নাহি মেলে ঠাই*তবে সাহা আপনা লস্কর লিয়া সাতে চলিল ময়দান পরে মহিম করিতে * দুই দিগে খাড়া হৈল দুদলে লস্কর ॥ হাসমত হইল বড়া ময়দান উপর * মোকাবেলা হৈয়া তবে দুদলে ছেফাই ॥ পহেলা করিল শুরু তিরের লড়াই * লাকে২ গেরে তির দুই দিগ হৈতে ॥ বহুত লস্কর মারা পড়িল তাহাতে * তাহাবাদে তেগ লিয়া তামাম ছেফাই কাটাকাটী চোটা চোটী লাগিল লড়াই*মস্তহালে লড়ে সবে জেমন দেওানা॥ কে কোথা তলওারমারে না মেলে ঠিকানা * মার২ ধর২ হাকে ঘন হাক ॥ মারে তেগ বেদেরেগ ঘুরে জেন চাক * এক ঠাই থাকে নাই কুদিয়া বেড়ায় ॥ পায় জারে নাহি ছাড়ে কাটিয়া গেরায় * এইরূপে দুই দলে লড়িল বিস্তর বেশুমার মারা গেল চিনের লস্কর * ময়দানেতে লহু নদী বহিল তুফান ॥ বরিসা কালেতে জেন এল রাঙ্গা বান*তবু লড়ে নাহি ছাড়ে ইরান ছেফাই ॥ তখন চিনের লোক ডরিল সবাই*লস্করেতে হজিমত দেখিতে পাইয়া॥কহিল আরজাস্প সাহা এছাই হাকিয়া* বেসুমার আছে মোর চিনের ছেফাই ॥ ইরানি লস্কর থোড়া দেখিবারে পাই * থোড়া লোকে গালেব রহিল মহিমেতে ॥ এত লোক আছে তবু ডরহ দেলেতে * এবাতে সরম বড় হইল আমারে ॥ কেমনে দেখাবে মুখ লোকের মাঝারে * মার এবে ইরানিকে চারিদিগ হৈতে ॥ তির তেগে গেরাইয়া দেহ ময়দানেতে * একলোকে ছাড়িয়া না দেহ কদাচন ঘেরাও করিয়া মার সবার কারন * চিনের ফউজ এছা হুকুম পাইয়া ॥ ইরানি সবার তরে ঘেরিল আ সিয়া * মারিতে লাগিল তেগ চারিদিগ হৈতে ॥ ইরানি বহুত লোক মারা গেল তাতে*তখন হেম্মত পেয়ে চিনের ছেফাই ॥ নাহি ছাড়ে কোনমতে করিতে লড়াই * এইরূপে নানামত লড়িল বিস্তর ॥ আজেজ হইয়া গেল ইরানি লস্কর * আখেরে লাচার হয়ে না পারে টিকিতে ॥ পিঠ দিয়া ভেগে চলে ময়দান হইতে * চিনের লস্কর তবু নাহিক ছাড়িয়া ॥ পিছে১ কত দুর চলে খেদাড়িয়া * আখেরে পা ইয়া ফত্তে ফিরিয়া আইল ॥ ময়দান উপরে জেথা ছাউনি আছিল*হোথায় গোস্তাস্পসাহা হারেলহইয়া রহে গিয়া পাহাড়েতে লস্কর লইয়া * ভাবাগোনা করে সাহা আপনার মনে ॥ কহে মেরা সাহি তাজ গেল এতদ্দিনে*এইরূপে ভাবাগোনা বহুত করিয়া ॥ কহে সাহা আপনার উজিরে ডাকিয়া * জামাস্প নামেতে সেই আছিল উজির ॥কহিল গোস্তাস্প সাহা তাহার খাতির ॥ সুনহ উজির তুমি আছ হুসি

জান ॥ একের বদলে লিব হাজার গর্দ্দান ❋এইরূপে লানতান করিল জখন ॥ শুনিয়া কুহুরু মচিন হয়ে গোস্বামন❋ চাহে কি হাকিয়া ঘোড়া ময়দানে জাইয়া ॥ লড়ে ইরানীর সাতে মোকাবেলা হইয়া ❋ দেখিয়া তখন এক চিনের ছেফাই ॥ এস্থে কুহুরুমের আগে চাহিল বিদাই ❋আমারে হুকুমআপে দেহ জাহাগির ॥ ময়দানে জাইয়া জোর দেখি ইরানির ❋ খাক খুনে মেলাইয়া দিব ইরানীরে ॥ তবেত দেখাব মুখ আসিয়া হুজুরে ❋ এহা জদি নাহি করি মর্দ্দমির হালে ॥ পাহালওানি দাবি না করিব কোন কালে সুনিয়া কুহুরুম তারে তারিফ করিয়া ॥লড়িতে ময়দান পরে দিল পাঠাইয়া❋আসিয়া সে জোরেহেকে কহে এছা বাত ॥ আইসরে ইরানি মর্দ্দ লড় মেরা সাত❋ দেখিব তোমার ভরে রাখ কত জোর॥মেরা আগে সেখি কর করিয়া গুমোর ❋ এহা বলে আইসে মর্দ্দ জোরেতে কুদিয়া ॥ মারে ইরানির পরে গোর্জ্জ ওঠাইয়া ❋ দেখিয়া ইরানি মর্দ্দ হইল হুসিয়ার ॥ সেতাবি পাতীল ঢাল ছেরে আপনার ❋ আসিয়া লাগিল গোর্জ্জ ঢালের উপরে ॥ আওাজ পঙছিল তার তামাম লস্করে ❋ তবু না ইরানী মর্দ্দ উয়ারে তাহার ॥ নাহি হেলে ঘোড়া পরে রহিল ছওার❋গোস্বাভরে হেকে জোরে গোর্জ্জ লিয়াহাতে চিনের ছওার পরে মারিল জোরেতে❋দেখিয়া সে চিনমর্দ্দ ঢালেতে উড়িয়া ॥ লইল সে চোট তার গেল রদ হইয়া ❋এইরুপে গোর্জ্জ বাজি করে দুই জওান ॥ কেহু কারে নাহী পারে সমানে সমান ❋ দুইজনে আখেরেতে বহুত লড়ীয়া ॥ গোর্জ্জ রেখে লড়ে ফের নেজা হাতে লিয়া ❋নেজা টুটে গেল ফের দোহার জখন ॥ গদা লিয়া লড়িবারে লাগিল তখন ❋গরম হইল খুব জঙ্গের বাজার ॥ দু দিগে তামাসা দেখে দুদলে ছওার ❋ বহুত লড়ীয়া ফের গদারেখে দিয়া॥লড়ে দোহে মস্তহালে তেগহাতে লিয়া ❋ এছাই তামাম দিন বহুত লড়িল ॥ আখেরেতে নিমাসাম হইয়া আইল ❋ তখন হইয়া গোস্বা ইরানি ছওার ॥ চিনের ছওারে মারে খেচিয়া তলওার ❋এছাই জোরেতে মেরে ছিল তার তরে॥ঢাল কেটে লাগে তার বাজুর উপরে ❋ জখম হইল বাজু নেললিল খুন॥ জলিয়া উঠীল জেয়ছা লাগিল আগুন❋তখন সে চীন মর্দ্দ হইয়া লাচার॥ পিঠ দিয়া ভাগিল লস্করে আপনার ❋ দেখিয়া কুহুরুম চিন ঘায়েল তাহায় ॥ ঘাও মুখে পটী বান্দে বলে হায়২ ❋হেথায় ইরানি মর্দ্দ ময়দান পরেতে ॥ দেখে জবে কেহ আর না আইল লড়িতে ॥ ঘোড়া হেকে লস্করেতে আইল ফিরিয়া ॥ দেখীয়া গোস্তাস্প সাহা খোসাল হইয়া❋ নেওাজিয়া দীল তারে বকসেস এনাম॥লইল সে খুসি হৈয়া করিয়া ছালাম ❋তাবাদে বাহুড়ী ডঙ্কা লাগিল বাজিতে ❋ ফিরিল লস্কর সব ময়দান হইতে ❋ দিন গত হইল রাত পঙছিল আসিয়া ॥খেয়ে পিয়ে রহে সবে আরাম করিয়া ❋দোছরা রোজেতে ফের উঠীয়া ফজরে॥দুদলে লস্কর আইল ময়দান উপরে ❋ সেদিন দোসরা এক ইরানী ছেফাই ॥ আইল ময়দান পরে করিতে লড়াই ❋ চিনের লস্কর হইতে আইল এক মর্দ্দ ❋ লাফ কাফ করিয়া সে ওড়াইয়া গুর্দ্দ❋ বহুত করিল জঙ্গ তেগ আর তিরে ॥ আখেরে ইরানি মর্দ্দ মারিল তাহারে❋ এইরুপে একে২ আইল ছয়জন ॥ মারীল ইরানি মর্দ্দ সবার কারন ❋ আখেরেতে দিন গেল হৈল নিমাসাম ॥ মকুফ হইয়া গেল মহিমের কাম ❋জার জে লস্করে ফিরে আসিয়া দুদলে ॥ খেয়ে পিয়ে আরামেতে রহিল সকলে ❋ মহিমের ফতে দেখে গোস্তাস্প তখন ॥ হেম্মত বাড়িয়া গায়ে হইল খুসি মন❋আপনা উজীর ও সরদার সবে লিয়া॥ করেন পিয়ালা বাজি আমদে বসিয়া ❋ হোথায় কুহুরুম চীন জাইয়া ডেরেতে॥ দেলবিচে ভাবাগোনা লাগিল করিতে ❋কহে ইরানীর সাতে করিয়া লড়াই ॥ মরিল ময়দানে মেরা কয়েক ছেফাই❋ নারিল তাদেরে কেহ দাগ চড়াইতে ॥ বুঝি এবে হয় মুঝে ভাগিয়া জাইতে ❋ এহা ভেবে ডাকিয়া সরদার সবাকায় কহে কি উপায় করি কহ না আমায়❋ এয়ছাই সুনিয়া কহে সরদার সকলে ॥ ফজরে উঠিয়া সবেসাজ এককালে ❋একে২ এইরুপেতে কারলে লড়াই ॥মারা জাবে রোজ২ বহুত ছেফাই❋এককালে লড়াভাল মিলে সকলেতে ॥ আল্লা জারে জস দিবে পাইবে সে ফতে ❋ এছাই মছলত করে রাতেতে রহিল ॥ ফজরে উঠিয়া সবে কোমর বান্দিল ❋ বাজিল ছওারী ডঙ্কা নাকারা নিসান ॥ সেজে সবে এক কালে আইল ময়দান❋দেখীয়া গোস্তাস্প সাহা লস্কর লইয়া ॥মহিমে হইল খাড়া সেতাবি আসিয়া❋দুইদিগে খাড়া হৈল দুদলে লস্কর ॥ মউজা উঠিল জেন দরিয়া উপর ❋চাহে কি হাকিয়া ঘোড়া ছেফাই২ ॥ সুরু

তেগ মেরে ছিল পাহালওান ॥ একবারে বাদসাকে করিল তুইখান * মারা গেল বাদসা জবে সেহাল দেখিয়া ॥ লস্কর জে কেছু তার গেল পালাইয়া * মহিমে পাইয়া ফতে চিনের ছেফাই ॥ তখন সহর বিচে আসিয়া সবাই * লুট করে ইরানীর সহর বাজার ॥ ঘর বাড়ি 'ভেঙ্গে কত কৈল ছারখার * আর জে আতস খানা বানাইয়া ছিল ॥ ভাঙ্গিয়া সে সব ঠাই বিরান করিল * জেন্দা ওস্তা কেতাবেরে দিল জালাইয়া ॥ ঠাই২ জেথা জাহা পাইল ঢুড়িয়া*গোস্বা দেল হয়ে ফের তাহার বাদেতে ॥ বাদসার মহল বিচে জাইয়া জোরেতে*আওরত আছিল জত গোস্তাস্প সাহার ॥ লইয়া তা সবাকে করিয়া গেরেপ্তার কিন্তু এক আওরত ভাগিয়া তাহা হৈতে ॥ ছিস্তানে চলিয়া গেল বাদসার আগেতে * কান্দিয়া২ সেহ হুজুরে বাদসার ॥ একে২ কহিল তামাম সমাচার * জে রূপে তুরূকি চিন আসিয়া জোরেতে ॥ মেরে ডালে লহরাস্প বাদসার তরেতে * জে রূপে লুটিয়া লিয়া সহর বাজার ॥ ঘর বাড়ি ভাঙ্গিয়া করিলছার খার * জেরূপে মহল বিচে জোরেতে ঘুসিয়া ॥ আওরত সবার তরে লেজায় ধরিয়া * জে রূপেতে ভাগিয়া সে বাচিল আপনি ॥ একে২ সোনাইল তামাম কাহিনী * সুনিয়া গোস্তাস্প সাহা হইয়া দেলগির ॥ করিল বহুত জারি সবার খাতির*তাহাবাদে রোস্তমে কহিল এয়ছা ফের॥বহুত ভরসা রাখি তেরা মদদের * এবে তুমি চল মেরা মদদ হইয়া ॥ লইব বাপের দাদ দুস্মনে মারিয়া * রোস্তম কহিল তুমি লইয়া লস্কর ॥ সেতাবি জাইয়া আগে বাচাও সহর * তাহাবাদে আমি গিয়া পঙছিব পিছেতে আপনার লোক জন লইয়া সঙ্গেতে * সুনিয়া গোস্তাস্প সাহা জওাব এছাই ॥ সাতে লিয়া আপনার লস্কর ছেফাই*ছাড়িয়া ছিস্তান দেস রওানা হইয়া ॥ ইরান সহর বিচে পৌছিল আসিয়া * ছিল জত ঘর বাড়ী সহর বাজার॥ লুটেলিয়া গেছে সব করে ছারখার*দেখে সাহা দেল বিচে আফছোছ করিয়া কহে এর দাদ লিব ফজরে উঠিয়া * এহা বলে রাতকালে রহে নামদার ॥ তামাম লস্কর রহে হইয়া তৈয়ার * হেনকালে রোস্তমের আইল লিখন ॥ লিখিয়াছে রোস্তম এছাই বিবরন * সোনহ গোস্তাস্প সাহা আরজ আমার ॥ এ ওক্তে মদদে জেতে নারিনু তোমার * কেননা ইরানে আপে গেলে যেসময় এয়ছা এক কাম হৈল দরপেস আমায় * সে বড় কঠিন কাম ছাড়িয়া এখন ॥ কোনখানে জাইতে না পারি কদাচন * আরজ করিনু সাহা না করিবে তাফ ॥ এই বাতে আপনি করিবে মুঝে মাফ * পড়িয়া গোস্তাস্প সাহা এয়ছাই লিখন ॥ রোস্তমের উপরে হইয়া গোস্বামন * সর্দ্দার সবারে ডেকে কহে নাম দার ॥ শুন সবে রোস্তম লিখেছে এ প্রকার * নারিবে আসিতে সে মদদে এ সময় ॥ এতেক বাহানা করে লিখেছে আমায় * পছন্দ না হয় মেছে এ সব ওজর ॥ মহিম কি রবে বন্ধ রোস্তম বেগর*এলাহি দিয়াছে মুঝে বাদসাই মাদার ॥ তার ছেওা নাহি রাখি ভরসা কাহার * যা আছে নছিবে মেরা না হবে এড়ান ॥ এলাহি জা করে কাল জাইব ময়দান * এহা বলে রাত কালে রহিল সুইরা ॥ হুকুম করিল সাহা ফজরে উঠিয়া * বাজিল সওারি ডঙ্কা নাকারা নিশান ॥ সুনিয়া তৈয়ার হৈল জত পাহালওান * আখেরে আপনি সাহা তৈয়ার হইয়া ॥ ছওার হইয়া চলে লস্কর লইয়া * বাজা বাজে আগু পিছু চলিল ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * ঘোড়ার টাপের ধুলে হইল আন্ধার ॥ জেছাই তুফান ঝাড়ি হইল আন্ধার * এছাই হাসমতে গিয়া ময়দান উপর ॥ হাকে ঘন সের হেন করে জোর সোর * দেখিয়া কুহুরম চিন লইয়া ছেফাই ॥ আসিয়া হইল খাড়া করিতে লড়াই * তখন হুজুরে ঐ গোস্তাস্প সাহার ॥ আরজ করিল এক ইরানিছওার * আমাকে হুকুম কর বাদসা জাহাগির ॥ একেলা জাইব আমি মহিম খাতির * দেখি কত জোর রাখে চিনের জওান ॥ তেগ জোরে গেরাইব করে খান২ * সুনিয়া গোস্তাস্প সাহা এয়ছাই বচন ॥ তারিফ করিয়া কহে তাহার কারন * জাহ তুমি ময়দানেতে সুপিনু খোদায় ॥ আমার বদলে দিনু ভেজিয়া তোমায় * হুকুম পাইয়া সেহ ছালাম করিয়া ॥ চলিল ময় দান পরে ঘোড়া কুদাইয়া * গালি দিয়া হেকে বলে চিনের লস্করে ॥ সোনরে চিনের লোক না চেন আমারে*মেরা ডরে জিউ লিয়া ভাগে সেরনর॥পরেন্দা জানওার ডরে নাহি মারে পর * নাছিনু এখানে আমি ফোরছত পাইয়া ॥ মারিয়া ডালিলে মেরা বাদসার লাগিয়া * এবে দেখি জাও কেছা বাচাইয়া

তখন ॥ কবুল করিয়া লিল হয়ে খুসি মন * রেওাজ করিয়া দিল মুল্লকে তামাম ॥ মানিল জরদস্তি দিন জত খাছ আম * জেন্দাওস্তা কেতাব লইয়া সকলেতে ॥ খুসি হালে পড়া শুনা লাগিল করিতে* ছাড়িয়া দিনের কাম গোমরা হইয়া ॥ বেদিন হইল সবে আতস পুজিয়া * তারপরে রোস্তম হইয়া খুসি মন ॥ দাওত করিয়া রাখে বাদসার কারন * দুই সাল রহে সেথা বাদসা নামদার ॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার*রহিল এয়ছাই সাহা রোস্তমের ডেরে ॥ খবর পওছিল হোথা চিনেরসহরে* মহাম্মদ খাতের কহে ঘটীল বালাই ॥ আইসে ফের চিন সাহা করিতে লড়াই *

আরজাস্প বাদসার বেটা কুহুরম পাহালওান বহুত লস্কর লিয়া
চিন হইতে ইরানে আসিবার বয়ান ॥

পয়ার * জবে ইহা শুনিল আরজাস্প জাহাপানা ॥ ইরানেতে নাহি ইস্পিন্দীয়ার মর্দ্দানা * গোম দান কেল্লা বিচে তাহার লাগিয়া ॥ রেখেছে গোস্তাস্প সাহা কএদ করিয়া * আপে সাহা গিয়া ফের ছিস্তান সহরে ॥ মেহমান হইয়া আছে রোস্তমের ডেরে * ইরানেতে পাহালওান কেহ এবে নাই ॥ গিয়াছে বাদসার সাতে তামাম সেফাই * ইহা স্থনে চিন সাহা হয়ে খুসি মন ॥ জঙ্গের এরাদা ফের করিয়া তখন * বেটা এক ছিল তার কুহুরম নামেতে ॥ হুকুম করিল সাহা তাহার তরেতে* জাহ বাবা সাতে লিয়া লস্কর সেফাই ॥ ইরান সহরে এবে করিতে লড়াই*ইহা বলে দিয়া তারে লস্কর সামানা ॥ সেতাব দিলেন সাহা করিয়া রওানা * আইল ইরান দেসে কুহুরম সরদার ॥ লস্কর সেফাই সাতে লিয়া বেসুমার * ডেরা ওঠাইয়া রহে ময়দান উপর ॥ জাছুছ জাইয়া কহে সহরে * কিন্তু ইরানেতে এয়ছা না ছিল সেফাই ॥ আইসে কুহুরুমের সাতে করিতে লড়াই * জে কেহু আছিল তারা ডরে ডরাইয়া ॥ লাহরাস্পের আগে গেল বলখে চলিয়া* আছিল সেথানে লহরাস্প জাহাগীর ॥ এবাদতেমসগুলহইয়া এলাহির * জাইয়া আরজ এয়ছা করিল সবাই ॥ শুন সাহা জাহাপানা কহিয়া জানাই * গিয়াছে গোস্তাস্প সাহা ছিস্তান দেশেতে ॥ লস্কর সরদার সব গেছে তার সাতে * নাহি আছে ইরানেতে লস্কর সেফাই ॥ আইল এবে চিন সাহা করিতে লড়াই * আপনি ইরানে এবে চল নামদার ॥ তোমা ছেও কেহু এয়ছা নাহি আছে আর * ছরদারি করিবা এবে লাজেম তোমায় ॥ নহেত চিনের সাহা ঘটাইবে দায় * স্থনে সাহা লাহরাস্প বাদসা জাহাগির ॥ কহিতে লাগিল তাহা সবার খাতির * দুনিয়ার কাম আমি ছাড়িয়া তামাম ॥ খোদার বন্দেগি কামে আছু সোবেসাম * নাহি আর জাব আমি ছরদারি করিতে ॥ হামেসা ফকিরী হালে রব এবাদতে * বাদসাই শুপিয়া দিছি গোস্তাস্পের তরে ॥ তোমরা জইয়া এবে আনহ তাহারে*এছাই ওজরসাহা বহুত করিল ॥ কিন্তু সেওজর কেহ নাহিক স্থনিল*করিল বহুত জেদ সকলে জখন॥লাচার হইয়া সাহা কিকরে তখন*এবাদত খানা হৈতে বাহির হইয়া ॥ লোক জন সবাকারে সাতে করে লিয়া * আইল ইরানে জেথা চিনের সেফাই ॥ তাহা সবাকার সাতে করিতে লড়াই*আছিল বাদসার সাতে হাজার জওান ॥ জোরে জোরওার সবে বড়া পাহালওান* মোকাবেলা দুই দলে হইয়া লস্কর ॥ লড়াই করিল শুরু ময়দান উপর * নেজা গোর্জ্জ তির তেগ সবে লিয়া হাতে মস্তহালে জনে২ লাগিল লড়িতে* লহরাস্প সাহা আপে ঘোড়া ওঠাইয়া ॥ মেরে চলে মস্তহালে তলওার খেচিয়া*গেরাইল কুহুরুমের বহুত লস্কর ॥ লহুনদী বহাইল ময়দান উপর*আর জত পাহালওান তাহারা সকলে ॥ দিগে২ তেগ বাজি করে মস্তহালে*এইমত ঘড়ি চার করিল লড়াই ॥ আজেজ হইয়া গেল চিনের সেফাই * দেখিয়া কুহুরম চীন গোস্বায় জলিয়া ॥ আপনা লস্করে এহা কহিল হাকিয়া একলক্ষ আছে মেরা চিনের সওার॥উদিগে ইরানি লোক হইবে হাজার* এবাতে আমারে বড় সর হইল ইরান থোড়াই লোকে গালেব রহিল * না পারিলে এত লোকে কএক সওারে ॥ কেমনে দেখাবে মুখ লোকের হুজুরে*এবে সবে ঘেরাও করিয়া এক কালে ॥ ইরান সবার তরে মার তেগ তলে * এছাইহুকুম পেয়ে তামাম সওার ॥ চারিদিকে ঘিরীল বলিয়া মার২ * নেজা গোর্জ্জ তলওার লিয়া সবে হাতে ইরানি সবার পরে লাগিল মারিতে * মারা গেল ইরানের বহুত সওার ॥ ঘেরা তলে পড়ে সবে হইল লাচার * আখেতে এক মর্দ্দ ওঠাইয়া তেগ ॥ লাহরাস্প সাহাকে মারিল বেদেরেগ * এয়ছা জোরে

থাকিয়া সাহা গেলেন উঠিয়া * তিন চারি দিন এয়ছা পেরেসান হালে ॥ দুক্ষমনে রহে কারে কিছু নাহি বলে * আখেরেতে দেল বিচে ভাবিয়া গুনিয়া ॥ হুকুম করিল এছা উজীরে ডাকিয়া * তুমি এবে গিয়া ইস্পিন্দীয়ারের তরে ॥ কোনরুপে আন হেথা আমার হুজুরে * জামাস্প উজির শুনে এছাই বচন গিয়া ইস্পিন্দীয়ারের হুজুরে তখন * বাদসার পয়গামদিয়ালাগিল কহিতে॥সোনমর্দ্দ এবেতুমি চলহেথা হৈতে * তলব করেছে তুঝে বাদসা জাহাগির ॥ লইতে আইনু আমি তোমার খাতির * এতেক শুনিয়া ইস্পিন্দীয়ার তখন ॥ কহিল তলব মুঝে কিসের কারন * উজির কহিল নাহি জানী সমাচার ॥ কি কারনে তলব করিল নামদার * জানীলে আলবত্তা কহিতুন হুজুরেতে ॥ পুসিদা রাখীব আমি কিসের তরেতে * ইস্পিন্দীয়ার কহে সোনহ উজির ॥ একারনে পুছি আমি তোগার খাতীর * কেননা জে এ-ছাই দেখেছি খোওাবেতে॥খাফা হইয়াছে বাপ আমারপরেতে * হইয়াছে দেলে তাই আন্দেসা আমার ভালা বুরা বুঝিতে না পারি সমাচার * উজীর কহিল রাছ হয় বা স্বপন॥ দেখেছি বাদসারে কিছু আছে গোস্বামন * সুনে সাহাজাদা হস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ কহে আমি কিবা এয়ছা করীয়াছি গোনা * কোনবাতে হৈল এয়ছা আমার তকছির ॥ খাফা হৈল মোর পরে বাদসা জাহাগীর * দেখ আমি কত দেশে কত ঠাই গিয়া ॥ নতুন আইন দিনু রেওাজ করীয়া * মেরা তলওারের জোরে মুল্লকতামাম আতস পরস্ত হৈল জত খাছ আম * এতেক খেদমতে তবু বাদসা জাহাগীর ॥ গোস্বা হৈল মোর পরে কিসের খাতীর * ভাল বুরা সমাচার না পারি বুঝিতে ॥ কি খাতা করেছী এছা বাদসার দরগাতে * সোনহ উজীর তুমি আছ দোস্তদার ॥ কহিবে বেহতেরা হয় জাহাতে আমার * সুনিয়া উজীর এয়ছা কহিল তাহারে ॥ চল তুমি আপনার বাপের হুজুরে * হুকুম মাফীক গিয়া হইলে হাজের ॥ আলবত্তা সে জাহাপানা করিবে মেহের * জদি না হাজের হও গীয়া হুজুরেতে ॥ তা হইলে গোস্বা আর হবে সে দেলেতে * সুনে ফের কহে ইস্পিন্দীয়ার তখন॥ জুলুম করিবে সাহা আমার কারন * কিকরি উপায় ভেবে দীশা নাহি পাই ॥ বাপের জুলুম হৈতে কেমনে এড়াই * উজীর এয়ছাই ফের লাগিল কহীতে না কর আন্দেসা তুমি দেলের বিচেতে * জদিও জুলুম কীছু করে জাহাগীর ॥ তবু তার হুকুমেতে না হেলাবে ছির * কেননা বেটার পরে বাপের জুলুম ॥ রহমের সাতে আছে করীবে মালুম * এতেক সুনিয়া ইস্পিন্দীয়ার মর্দ্দানা ॥ দেল বিচে বহুত করীয়া ভাবাগোনা * আখেরে জাইতে মর্দ্দ বাদসার হুজুরে ॥ মাঙ্গাইল আপনার বেটা সবাকারে * চারি বেটা ছিল খুব নবীন জওান ॥ জোরে জোরওার সবে বড় পাহালওান * বাহমন বলিয়া নাম বড় সবা হৈতে ॥ দোছরা ইউছ নামে আজর তেছরাতে নওসাদর নাম ছিল ছোটা সবাকার ॥ হর বাতে ছিল সে বহুতী হুসীয়ার * ইস্পিয়ার সে বাহমন বেটারে ॥ মোক্তার করীয়া রেখে আপনা লস্করে * সাতে লীয়া ছোট তিন বেটার তরেতে ॥ গোস্তাস্প সাহার আগে চলে সেথা হৈতে * হুজুরে জাইয়া জবে হইল হাজীর ॥ ভালা বুরা কিছু না কহীয়া জাহাগীর * দুআখি করীয়া লাল হয়ে গোশ্বা মন ॥ কয়েদ করিয়া ইস্পিন্দীয়ারে তখন * গোমদান নামে কেল্লা ছিল জেখানেতে ॥ পাঠাইয়া দিল সেই কেল্লার বীচেতে * কয়েদ হইয়া ইস্পিন্দীয়ার সেখানে ॥ খাওা পেওা হরবাতে রহে পেরেসানে * ইস্পিন্দীয়ারের হয় বেটা জে বাহমন । বাপের আহওাল এছা সুনীল জখন * কাতর হইয়া মর্দ্দ ইরানে আসিয়া ॥ ভাই সবাকার তরে সাতে করে লিয়া চলে সে কেল্লার বাগে হইয়া রওানা ॥ কয়েদেতে জেথা ইস্পিন্দীয়ার মর্দ্দানা * জাইয়া বাপের হাল দেখিয়া চক্ষেতে ॥ হায় হায় করে সবে লাগিল কান্দীতে * কহে হায় কি করীব হুকুম দাদার ॥ নহে মোরা চারি ভাই মারীয়া তলওার * ছারখার করে এই কেল্লার লাগীয়া ॥ লিতুন বাপের তরে খালাছ করিয়া * না পারী হুকূম রদ করীতে বাদসার ॥ হায় হায় এইবাতে হইনু লাচার * এহা বলে রহে সবে ভাবিয়া গুনীয়া ॥ কতদিন এছা জবে গেল গোজারীয়া * বাদসা গোস্তাস্প তবে লীয়া লোক জনে॥আপনী রওানা হয়ে চলেন ছিস্তানে * সহরের কাছে জবে পৌছিল জাইয়া ॥ শুনীয়া রোস্তম আইল আগু বাড়াইয়া * খুসি হালে মীলে মর্দ্দ বাদসার সহিতে ॥ তাজীম করিয়া লীয়া বসাইল তক্তে-তখন জরদস্তী দীন আইনের পরে॥ দাওত করিল সাহা রোস্তমের তরে * সুনে সে আইন দিন রোস্তম

এয়ছাই শুনিয়া সাহা তাহার বাদেতে ॥ লোক জন লিয়া ফিরে আইল ডেরেতে * তাহাবাদে ঠাই২ বাদসা জাহাগির ॥ জবরদস্তি সয়তানি দিনকরিয়া জাহির* রেওাজকরিয়া দিল সহর গাওেতে॥ আতস পরস্তি সব লাগিল করিতে * তখন গোস্তাস্প সাহা দেখিয়া শুনিয়া ॥ দেলের বিচেতে বড়া খোসাল হইয়া * হুজুরেতে ডেকে ইস্পিন্দিয়ারের তরে ॥ হুকুম করিল সাহা এমনী প্রকারে * মুল্লক গিরিতে বাবা বান্দিয়া কোমর ॥দেসে২ জাও এবে লইয়া লস্কর*নতুন আইন তুমি সবে বাতাইয়॥জবরদস্তি দিনেরে দেহ রেওাজ করিয়া* জে ছুরাতে জেন্দ ওস্তা কেতাব মতন ॥আদল এনছাফ করে সবে জনে জন * এতেক সুনিয়া ইস্পিন্দিয়ার মর্দ্দানা ॥ বিদায় হইল লিয়া লস্কর ছামানা * পহেলা রুমের দেসে গিয়া নানদার ॥ রুমসাহার আগেতে ভেজিল সমাচার * শুনিয়া কয়ছর রুমি দেলে ডরাইয়া ॥ তাবেদার হইল তার তখনি আসিয়া* জবরদস্তি গোমরাহিদিন কবুল করিল॥জেন্দা ওস্তাকেতাবেতে ইমান আনিল * নতুন আইন মত খুসি খোসালিতে ॥ আদল এনছাফ কাম লাগিল করিতে* দেলে খুসি হয়ে ইস্পিন্দিয়ার তখন ॥ কহিতে লাগিল এয়ছা বাদসার কারন * সোন সাহা জাহাপানা তুমি হামেহাল ॥ এইদিন আইনিতে রহিবে বাহাল * এহা বলে রুম হইতে রওানা হইয়া॥হিন্দুস্থান দেসে চলে লস্কর লইয়া*সেথাওভি জারি করে নতুন আইন ॥তাহা সবাকার তরে বানায়ে বেদিন * ইমন সহরে ফের গেল নামদার ॥সেথাকার লোক সুনে হৈল তাবেদার * এইরূপে দেসে২ গেল জত ঠাই জবরদস্তি সয়তানি দিন মানিল সবাই* আর জে সকল দেসেনামা পাঠাইল ॥ কবুল করিয়া সবে তাবেদার হৈল * জেন্দাওস্তা কেতাব লইয়া জনে২ ॥ পড়া সোনা করে সবে খোসালিত মনে * এয়ছাই জুগ্যতা নাহি আছিল কাহার॥বরাজুরি করে কেহ হুকুমে তাহার* তখন জবরদস্তি দিনতামামদেসেতে রেওাজ হইয়া গেল বিনা মহিমেতে * খোসালিত হয়ে ইস্পিন্দিয়ার তখন ॥গোস্তাস্প সাহাকে এয়ছা লিখিল লীখন*দেশে২ ছোট বড় জেখানে জে ছিল ॥ সকলে জবরদস্তি দিন কবুল করিল*জেন্দাওস্তা কেতাবের আইনের মতে ॥আদল এনছাফ কাম করে সকলেতে * নতুন আইন জারি হইল সব ঠাই করিতে আতস পুজা বাকি কেহ নাই * এছাই লিখন পেয়ে বাদসা নামদার ॥ হইল দেলের বিচে খোসাল হাজার * মহাম্মদ খাতের কহে কেতাব খবর ॥ জবরদস্ত বেপির ঝুটা নহে পয়গম্বর॥* ভুলে সাহা তার বাতে গোমরা হইল ॥ আর আর কত দেস খারাব করিল * দিনদারি ছেড়ে দিয়া হইয়া বেদিন রেওাজ করিয়া দিল নতুন আইন * ঝুটা বেদিনের এয়ছা আইনের পরে ॥ হাজার লানত ভেজ জত দিনারে *

বাদসা গোস্তাস্প ইস্পিন্দিয়ারকে গোরজম পাহালওানের বাতে
কয়েদ করিবার বয়ান ॥

পয়ার*ইস্পিন্দিয়ার মর্দ্দ দেশে২ গিয়া ॥ জবরদস্তের ঝুটা দিন রেওাজ করিয়া॥* খুসির খবর ভেজে বাপের হুজুরে ॥ সুনে সাহা জাহাপানা খোসাল অন্তরে * করিল খুসির এক মজলিস তৈয়ার॥ হাজির হইলএসে জত নামদার * সারাব কাবাব আদি লিল মাঙ্গাইয়া ॥ করেন পিয়ালা বাজি আমদে মাতিয়া মোছাহেব ছিল এক গোস্তাস্প সাহার ॥ পাহালওান গোরজম বলিয়া নাম তার *আড়ি সে বাখীত ইস্পিন্দিয়ারের সাতে ॥ সেই আখজেতে এহা লাগীল কহিতে * শুন সাহা জাহাপানা কহীয়া জানাই নেহাত খবর আমি সুনোছ এছাই * ইস্পিন্দিয়ার নাহি আসীবে এখানে ॥ বেদেল হইয়া মর্দ্দ আছে গোস্বামনে * কেননা জখন হইল চিনের লড়াই ॥ আপন্নি কহিয়া ছিলে তাহারে এয়ছাই * জদি এই মহিম করিতে পার ফতে ॥ তাজ তক্ত শুপে দিব তোমার তরেতে * আখেরেতে সাহি তারে নাহিক সুপিলে ॥ করিতে মুল্লক গিরি পঠাইয়া দিলে * তামাম মুল্লক সেহ তাবেতে করিয়া ॥ জোবের গুমানে আছে দেমাগে ভরিয়া * এবে সেহ করিয়াছে খেয়াল এয়ছাই ॥ আসিবে এখানে লিয়া লস্কর সেফাই * কয়েদ করিবে তুঝে জোরেতে ধরিয়া ॥ তাজ তক্ত সাহীতেরা লিবে ছেনাইয়া * সুনেছিণু জাহা আমি কহিনু হুজুরে ॥ বুঝিয়া করহ কাম জে আসে খাতেরে*এতেক সুনিয়া সাহাগোস্তাস্প তখন ॥ভাবা গোনা করিতে লাগিল মনে মন * দেলের আরাম সব গেল দুর হৈয়া ॥ মজলিছ

তরে কহিল হাকিয়া ॥ শুনরে নাপাক দেও বেপির বেহায়া * কত জোর রাখ আইসে করহ লড়াই।
এবে তোমা সবাকার করিব সাজাই * বাচিয়া আমার হাতে জাইবে কোথায় ॥ জমঘরে পাঠাইব তোম
সবাকায় * নাহি জান মোর তরে সুনরে গাওার ॥ নাম মেরা রুইতন ইস্পিন্দিয়ার * এহা বলে গোস্ব
ভরে হাতে লিয়া তেগ ॥ মারে দেও সবাকারে হয়ে বেদেরেগ * দেও দুরাচার সব আসিয়া তখন।
চারিদীগ হৈতে করে তির বরিসন * ইস্পিন্দিয়ার মর্দ্দ বিপাক দেখিয়া ॥ গোস্বা দেলে মেরে চলে
ঘোড়া ওঠাইয়া * হাজার২ দেওয়ে মারিয়া ডালিল ॥ ময়দানেতে লহু নদী বহাইয়া দিল * দেখিয়া
সে বেদারক দেও দুরাচার ॥ কুদিয়া আইল জোরে লইয়া তলওার * ইস্পিন্দিয়ার মর্দ্দ নেঙ্গা হাতে
লিয়া ॥ মারিল কোমরে তার জোরেতে খেচিয়া * চোটের ধমকে দেও কমিনা গাওার ॥ গিরৗল জমিন
পরে হয়ে বেকারার * ইস্পিন্দিয়ার ফের তেগ লিয়া হাতে ॥ মারিল তাহার পরে খেচিয়া জোরেতে
ধড় হৈতে ছের তার জুদা করে লিয়া ॥ ঘোড়ার হানাতে মর্দ্দ দিলেক বান্ধিয়া * তার পরে চাহে বি
লড়িতে জায় ফের ॥ হেনকালে আইল সেথা বেটা জরিরে * খরসেদ মর্দ্দানা তার সঙ্গেতে আছিল॥
দেখে তা দোহারে মর্দ্দ খোসাল হইল * কহিল এখন চল তিন জনে গিয়া ॥ আরজাস্প সাহার তরে
ডালিব মারিয়া * আর জত আছে তার লস্কর ছেফাই ॥ মারিব তা সবাকারে করিয়া লড়াই * এহা
বলে তিন জনে ঘোড়া ওঠাইয়া ॥ চিনের লস্কর বাগে চলিল কুদিয়া * দেখিয়া গোস্তাস্প সাহা বাদসা
নামদার ॥ লস্কর ফউজ সাতে লিয়া বেসুমার * পিঠ পরে খাড়া হৈল আসীরা তাদের ॥ মিলে সবে
গোস্বা দেলে লইয়া সমসের * চিনের লস্কর পরে হামলা করিয়া ॥ হাকে ঘন সের হেন চলিল মা-
রিয়া * মস্তহালে করে জঙ্গ দুদলে ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * মার২ ধর২ হৈল সোর
সার ॥ তেগ তলে মেরে ডালে হাজার২ * গেরাইল বেশুমার চিনের লস্কর ॥ লহু নদী বহাইল ময়
দান উপর * ইরানি সর্দ্দার সবে হইয়া মস্তানা ॥ মারে জোরে গোস্বাভরে জেমন দেওানা * শুমুখে
ডাহিন বামে জারে জেথা পায় ॥ নাহি ছাড়ে তেগ জোরে মারিয়া গেরায় * মরা লাস ময়দানেতে গি
রিল এছাই ॥ কলার বাগান গেরে ঝড়েতে জেছাই * মারা গেল বেসুমার চিনের লস্কর ॥ আখেরে
আরজাস্প সাহা হইয়া ফাফর * লড়িতে নাহিক পেরে ময়দান ছাড়িয়া ॥ পিঠ দিয়া জিউ লিয়া চলিল
ভাগিয়া * দিকে২ গেল তার তামাম ছেফাই ॥ তাব না রহিল কার করিতে লড়াই * ইস্পিন্দীয়ার
তবে ভাগড়া দেখিয়া ॥ পিছে২ কত দুর গেল খেদাড়িয়া * আখেরে পাইয়া ফতে ফিরৗল মরদানা
লোক জনে সাতে করে লইয়া আপনা * এনেছিল কত লোকে করে গেরেপ্তার ॥ হাজির করিয়া
দিল হুজুরে বাদসার * বিপাকে পড়িয়া তারা কান্দিয়া২ ॥ বাদসার হুজুরে কহে আরজ করিয়া* জান
বকসি কর সাহা আমা সবাকার ॥ রহিব জেন্দেগী ভর হয়ে তাবেদার*দিনদারী ছেড়ে তেরা জবরদস্তি
দিনেতে ॥ করিব আতস পুজা আমরা সবেতে* এতেক সুনিয়া সাহা গোস্তাস্প তখন ॥ মেহের করিয়া
তাহা সবার কারন * জান বকসি করে দিল নাহিক মারিয়া ॥ রহিল তাহারা সবে তাবেদার হৈয়া *
তখন কহিল এহা বাদসা নামদার ॥ আফছোছ রহিল মেরা দেলের মাঝার * ভাগিয়া আরজস্পসাহা
গেল পালাইয়া ॥ না পারিনু ধরিবারে তাহার লাগিয়া * এহা বলে ময়দানে আসিয়া জাহাগীর ॥
মরা লাস পোড়ে জেথা আছিল জরির*দেখিয়া ভায়ের লাস নেবে ঘোড়া হৈতে ॥ করিয়া মাতমজারি
লাগিল কান্দিতে*কহে হায়২ ভাই প্রাণের দোসর ॥ ছাতি ফেটে জায় দেখে কাটা ছের তোর * কে
মনে ভুলিব ভাই তেরা চান্দ মুখ ॥ জত দিনু না মরিব রবে এই দুখ * এহা বলে সেইখানে তাহার
লাগিয়া ॥ দফন করিয়া রেখে আইল ফিরীয়া * আসিয়া খিমার বিচে কহিল উজিরে ॥ মোর্দ্দার সুমার
কর ময়দানের পরে * কত বা গিয়াছে মারা চিনের ছেফাই ॥ ইরানী গিয়াছে কত সুনিবারে চাই *
উজির পাইয়া এয়ছা হুকুম বাদসার ॥ করিল ময়দানে গিয়া মোর্দ্দার শুমার* তুরুকি চিনের লাস দেও
মানুসেতে ॥ এক লক্ষ সুমার হইল হেছাবেতে*তার বিচে তেসট্টি হাজার নামদার॥ নামি পাহালওান
ছিল হইল সুমার * আর হৈল ত্রিস হাজার ইরানী জওান ॥ নামি ছিল তার বিচে সাট পাহালওান *

ছুইরকে কৈল খুবজলাজার জোড়া লহুতে হইললালরঙ্গ * মারা গেলপাহালওান॥হাজারে হাজার॥লস্কর ছওারা চলে ময়দান যাব্বার * কার নাহিহার জিতহইল জখন ॥ দেখেমর্দ্দ আর্দ্দিসের হৈল গোস্বা যোন লহরাস্পের বেটা সেহকাউছের নাতি॥আপনা জোরেতে মর্দ্দ ফেড়েডালেহাতি * কুদিয়া চলিল জোরে হাতে লিয়া তেগ ॥ চিনের লস্কর পরে মারে বেদেরেগ * গেরাইল পাহালওান বহুত লস্কর ॥ আখেরে সকলে তারে ঘেরে চারিওর * নেজা গোর্জ্জ তির মেরে দিল গেরাইয়া ॥ মারা গেল অর্দ্দসের বিপাকে পড়িয়া * দেখে তাহা সেরদাস্প নামে ভাই তার ॥ চিনের লস্করে এসে বলে মার২ * বহুত লড়িয়া সেহ গিরীল আখেরে ॥ দেখিয়া ইরানি লোক ডরিল অন্তরে * আগে নাহিবাড়ে কেহ হেস্মত করিয়া দেখে জামাস্পের বেটা কহে গালিদিয়া * সোনরে বেওফা সবে মহিমের কালে ॥ বহুত লস্কর দেখে ডরাইলে দেলে * ইরানির জওামর্দ্দ আছে সব ঠাই ॥ থুক দিবে সকলেতে সুনিলে এয়ছাই * এহা বোলে ঘোড়া কোদাইয়া পাহালওান ॥ গেরাইলকত লোকে কোরে খান২ * বহুতলড়িয়া শেসে মারা সে পড়িল ॥ দেখে জহিরের বেটা কুদিয়া চলিল * চিনের লস্করে মর্দ্দ তলওার মারিয়া ॥ খাক খুনে কতো জোনে দিল মেলাইয়া * মারিয়া বহুত লোকে ময়দান হইতে ॥ ফিরীয়া আইল মর্দ্দ ছহি ছা লামতে * তার পরে গেল ফের করিতে লড়াই ॥ নামেতে নেওতার মর্দ্দ বড়ই ছেফাই * দেখিয়া তাহার তরে চিনের লস্কর ॥ একুবারে ঘেরিয়া আইল চারিওর * বিপাক দেখিয়া মর্দ্দ তেগলিয়া হাতে চিনের লস্কর পরে লাগিল মারিতে * সাট পাহালওানে মর্দ্দ দিল গেরাইয়া ॥ আপনি মরীল সেশে না আইল ফিরিয়া * সেহ জদি মারা গেল দেখিয়া তখন ॥ চলিল জরির মর্দ্দ হয়ে গোস্বা মোন * ঘোড়া হেকে ময়দানেতে করে সোর সার ॥ কহে এবে আইস দেখি চিনের লস্কর * কেমনে আমার হাতে জান বাচাইয়া ॥ ময়দান হইতে জাহ লস্করে ফিরীয়া * সুনে কত দেও আর কতেক এনছান ॥ জোরে জোরওার সবে বড়া পাহালওান * এসে জরিরের আগে কুদিয়া জোরেতে ॥ চারিদিগে ঘিরে খাড়া হইল লড়িতে * তখন কুদিয়া জোরে জরির ছরদার ॥ মারে তা সবার পরে খেচিয়া তলওার * মারিয়া সে দেয়ে আর তুরুকি সবায় ॥ ঘোড়া হেকে আরজস্প সাহার আগে ধায় * দেখিয়া আরজস্প সাহা তাহার কারন ॥ হুকুম করিল এছা লস্করে আপন * জে কেহ এ পাহালওানে দিবেন মারিয়া ॥ নেহাল কারব তারে মালমাত্তা দিয়া * মোরতবা বাড়াইব সবা হৈতে তার ॥ করিব তাহার তরে লস্করে ছর্দ্দার দ রফ নামে দেও সুনিয়া এছাই॥মোকাবেলা হৈল তার করীতে লড়াই * জরিব দেয়ের তরে দেখিয়া গোস্বাতে ॥ কুদিয়া আইল জোরে তেগ লিয়া হাতে * হাকিয়া হৈদরি হাক করিল উওার ॥ কহে এবে সামালেরে দেও দুরাচার * দেখে বেদরফ দেও সেতাবি করিয়া ॥ লইল সে চোটতার ঢালে ওঠাইয়া রদ্দ হয়ে গেল জদি ওয়ার তাহার ॥ চাহেকি দুছরা চোট মারে আরবার * এমন সমায় দেও উঠাইয়া তেগ ॥ মারে জরিরের পরে হয়ে বেদেরেগ * গিরীল জরির মর্দ্দ দুখান হইয়া ॥ দম নেকলিয়া গেল জ মিনে পাড়িয়া * দেখিয়া গোস্তাস্পসাহা করে হায়২ ॥ কহে এয়ছা পাহালওান মারা গেলঠায় * আর কে লস্করে এয়ছা আছে পাহালওান ॥ লড়িবে দেয়ের সাতে জাইয়া ময়দান * এহা বলে হুকুম করান লস্করেতে ॥ থাক কেহ লড় গিয়া দেয়ের সহিতে * সুনিয়া কহিল ইস্পিন্দীয়ার তখন ॥ হুকুম করহ সাহা আমার কারন * ময়দান উপরে আমি একেলা জাইয়া ॥ খাক খুনে মেলাইব দেয়ের লাগিয়া * মারিব আরজস্প সাহে খেচিয়া তলওার ॥ চিনের লস্করে দিব কোরে ছারখার * শুনিয়া গোস্তাস্প সাহা খোসাল অন্তরে ॥ কহিতে লাগিল ইস্পিন্দিয়ারের তরে * তুমি জদি পারবাবা দেওকে মারিতে চিনের লস্করে পার হজিমত দিতে * তবে আমি তাজ সাহি ইরান দেসের ॥ খুসিতে সুঁপিয়া দিব তো মার খাতের * এইরূপে বাপ বেটা হয়ে খুসি মন ॥ কহা সোনা করিতে আছিল দুইজোন * হেন কালে সোর গোল উঠিল লস্করে ॥ কাছাদ করিল এসে দেও দুরাচারে * ইরানি লোকের পরে মারিয়া তলওার ॥ গেরাইল ময়দানেতে হাজারে হাজার * তাব না রহিল কার করিতে লড়াই ॥ ডরে ডব ইয়া গেল তামাম সেফাই * সুনে পাহালওান ইস্পিন্দিয়ার তখন ॥ নেজা গোর্জ্জ তেগলিয়া হয়ে গোস্বা মন * বেহজাদ নামেতে ঘোড়া আছিল তাহার ॥ চলেসে ঘোড়ার পরে হইয়া ছওার * জাইয়া দেয়ের

বাতে ভোল বেটা হয়েতার * খোদার দোহাই তুঝে সোন কহি এবে ॥ দির্ম ছেড়ে যেদিনেতে নাহিক জাইবে * গোময়া নাহিক হবে সোন দেল দিয়া ॥ ছাড়হ আতস পুজা তওবা করিয়া * পয়গম্বর জে কাফের হয়েছে তোমার ॥ মারিয়া ডালহ তুমি গর্দ্দান তাহার * নতুবা দিনের তরে লইয়া ছেফাই ॥ জাইয়া তোমার সাতে করিব লড়াই * নাহক আমার হাতে হবে পেরেসান ॥ ছারখার হবে তেরা সহর ইরান * লিখিনু এয়ছাই তুঝে তুস্তির লাগিয়া ॥ এখন করহ কাম বুঝিয়া সুজিয়া * নহিহত পরে মেরা করিবে খিয়ান ॥ বদ রাহা ছেড়ে ঠিক রাখিবে ইমান * এয়ছাই জওাব সাহা লিখিয়া আখেরে ॥ পাঠাইয়া দিল দুই দেয়ের খাতিরে * আসিয়া সে দুই দেও ইরান বিচেতে ॥ দিলেক জওাব নামা বাদসার আগেতে * পড়িয়া গোস্তাস্প সাহা জওাব তখন ॥ কহিল তামাম হাল উজিরে আপন * জামাস্প নামেতে এক আছিল উজির ॥ আরজ করিয়া কহে বাদসার খাতির * বুঝিয়া জওাব ফের লিখিয়া এহার ॥ পাঠাইয়া দেহ তারে সোন নামদার * তখন কহিল এহা জরদস্ত কাফির . বার২ কি লিখিবে তাহার খাতির * এখন উচিত হয় লইয়া ছেফাই ॥ জাইয়া তাহার সাতে করহ লড়াই * এছাই কহিল র্জাদ জরদস্ত গাণ্ডার ॥ কবুল করিয়া লিল বাদসা নামদার * কহিতে লাগিল ইস্পিন্দিয়ার তখন ॥ মহিমেতে ভেজ সাহা আমার কারন * জরির কহিল ফের বাদসাকে এছাই ॥ ইস্পিন্দিয়ার না লোড়েছে কোন ঠাই * কেমনে ওহার তরে ভেজিবে সেখানে ॥ এইবাত পরে মেরা জিউ নাহি মানে মোর সাতে দেহ সাহা লস্কর ছেফাই ॥ আরজস্পের সাতে আমি করিগে লড়াই * শুনে সাহা খোসা লিত হইয়া অন্তরে ॥ লিখিয়া এছাই ফের আরজস্প সাহারে * কছেল্লা পাইয়া হেথানা আসিবে তুমি তেরা দেসে লস্কর লইয়া জাব আমি * দেখিব তোমার তরে রাখ কত জোর ॥ ওড়াইয়া দিব তেরা চিনেরসহর * এছাই লিখিয়া সে দেয়ের হাতে দিয়া ॥ তখনি দিলেন সাহা বিদাই করিয়া * আসীয়া সে দেও দোহে চিনের সহরে ॥ দিল সে লেখনলিয়া বাদসার হুজুরে * লিখন পড়িয়া সাহা হয়ে গোস্বা মোন ॥ তখনি হুকুম দিল লস্করে আপন * সেতাব তৈয়ার হও কোমর বান্ধিয়া ॥ জাইব ইরান দেসে মহিম লাগিয়া * সুনিয়া লস্কর সব হইল তৈয়ার ॥ সাতে কোরে লিয়া সবে বাদসা নামদার * মঞ্জিলে২ আইসে রওানা হইয়া ॥ জেখানে লস্কর জবে পওছিত আসিয়া * ভেঙ্গে চুরে ঘর বাড়ি সহর বাজার জালাইয়া দিত সব কোরে ছারখার * মালমাত্তা কোনখানে নাহিক লুটিয়া ॥ কিনা দেলে আইসে খালি বিরান করিয়া * জখন গোস্তাস্প সাহা সুনিল খবর ॥ আসিয়া পওছিল দেসে চিনের লস্কর তখন লইয়া সাহা লস্কর সেফাই ॥ আইল ময়দান পরে করিতে লড়াই * বেস্নমার খাড়া হৈল দুদলে ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * চিনের লস্কর কিন্তু ছিল বেসুমার ॥ ইরানি ফউজ হৈল অদ্ধেক তাহার * দেখিয়া গোস্তাস্প সাহা ভাবে মনে মনে ॥ কহে এ মহিম ফতে করিব কেমনে * কেননা বহুত কম আমার ছেফাই ॥ ভারি দলে কেমনেতে করিব লড়াই * এহা ভেবে পছন্দ করিল জাহাগির ॥ বড়া হোসদার আছে জামাস্পউজির * নজুমি এলেম আছে হাছেল তাহায় ॥ গাএবের হাল তারে পুছি এ সমায় * রম্মাল দেখিয়া সেহ কহিবে জেয়ছাই ॥ হইয়া খাতের জমা করিব লড়াই নহেত করিয়া ছোলে আরজস্পেপর সাতে ॥ ছাফ দেলে খুসি হালে মিলীব দোহেতে * এইরূপে ভাবা গোনা কোরে মনে মন ॥ জামাস্প উজিরে সাহা কহিল তখন * সুনহ উজীর তুমি রম্মাল দেখিয়া মহিমের হাল বুঝে দেহ বাতাইয়া * কাহার হইবে হার ফতে হবে কার ॥ সেতাব করিয়া কহ শুনি সমাচার * শুনিয়া এছাই বাত উজির তখন ॥ রাম্মাল দেখিয়া কহে বাদসার কারন * সোন সাহা কেতাবে দেখিনু এ প্রকার ॥ এগানা বহুত মারা জাইবে তোমার * লস্কর ছেফাই মারা জাইবে বিস্তর ॥ নাহিক শুমার আছে কেতাবে খবর * আখেরে হইবে ফতে বহুত কোশেসে ॥ চিনের লস্কর ভেগেপালাইবে শেসে * উজিরের মুখে সাহা শুনিয়া এয়ছাই ॥ লস্করে হুকুম দিল করিতে লড়াই * দুইদলে মকাবেলা হইয়া তখন ॥ লড়াই করিল সুরু হৈয়া গোস্বা মন * নেজা গোর্জ্জ তির তেগলিয়া সবে হাতে কুদে জোরে বাওভরে লাগিল কাটিতে * হাকে জেন সের হেনবলে মার২ ॥ ছিনাতে মারিয়া নেজা পীট করে পার * কেবা কারে মারে ধরে না হয় ঠেকানা ॥ মস্ত হাতী লড়ে জেন তামাম মর্দ্দানা * এইরূপে

মহলের ছামনেতে গোস্তাস্প সাহার ॥ জাদু জোরে গাছ এক করিল তৈয়ার * চারিদিগে ডাল তাহে বেশুমার পাত ॥ রঙ্গ২ ফুল হৈল মেওা ভাতে ভাত * জে কেহ এরছান সেই মেওাকে খাইত ॥ আছমানি এলেম তায় হাছেল হইত * আক্কেল দানাই খুব হইত তাহার ॥ দেখে তাহা খুসি হৈল বাদসা নামদার*আর তার উপরেতে একিন আনিয়া ॥ মানিতে লাগিল সাহা বোজরেগো জানিয়া * জেকিছু কহিত সেইবাদসার খাতির ॥ মেনে লিত কোনবাতে না হেলাতে ছির* এক রোজ ফের এয়ছা আইল সমাচার ॥ লহরাস্প সাহা বড় হয়েছে বেমার * শুনিয়া বাপের কথা গোস্তাস্প তখন ॥ আন্দেসা করিয়া দেলে ভাবে মনে মন * দেখে জরদস্ত কহে বাদসার তরেতে ॥ না কর আন্দেসা তুমি দেলের বিচেতে * আমি সে বাদসার আগে বলখে জাইয়া ॥ দুইরোজ বিচে দিব আরাম করিয়া * এহা শুনে গোস্তাস্প কহিল জরদস্তেরে ॥ জাহনা আপনি এবে বলখ সহরে*তবে সে বলখে গিয়া করিয়া তদবির আরাম করিল লহরাস্পের খাতির * তাবাদে জরদস্ত ফের বলখ থাকিয়া ॥ গোস্তাস্প বাদসার আগে আইল ফিরিয়া * শুনে সাহা জাহাপানা হয়ে খুসি মন ॥ জরদস্তের আগে হৈল মুরিদ তখন * একিন বাড়িতে খুব লাগিল বাদসার ॥ হামেসা রহিল সাহা খেদমতে তাহার * একরোজ কহে এয়ছা জরদস্ত কমিন ॥ সোন বাদসা নামদার করিয়া একিন * খোদার রছুল আমি জানিবে দেলেতে ॥ মাজেজা দেখাব এবে তোমার তরেতে * সাত আছমানের ভেদ জাহের আমারে ॥ জারে চাহি ভেজি আমি বেহেস্ত ভিতরে * আর জা সবার পরে হই বেমেহের ॥ দোজখে ভেজিয়া দিই তাহার খাতের*আর সকারস আদি জেখানে জেঠাই ॥ খোদার মেহেরে সব দেখিবারে পাই * হামেসা ফেরেস্তা এসে আমার লাগিয়া ॥ আছমানি জে কিছু ভেদ দেয় বাতাইয়া * আর এক কেতাব সে জেন্দাওস্তা নাম ॥ গায়েবি জে কিছু ভেদ তাহাতে তামাম*মেহের করিয়া খোদা আমার উপরে ॥ উতরিয়া দেছে সেই কেতাবের তরে * সে আইন জদি তুমি মানহ এখন ॥ খুসি হবে তেরা পরে পাক নিরাঞ্জন * জরদস্তের এয়ছা বাত সুনে জাহাদার ॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার * রছুল জানিয়া মেনে লিল তারদিন কবুল করিল তার কেতাব আইন * দিনদারি ছেড়ে সাহা বেদিন হইয়া ॥ ঝুটা দিন জরদস্তি সে কবুল করিয়া * জে কিছু জরদস্তি মুজি বাতাইয়া দিল ॥ খুসিতে একিদা দেলে মানিয়া লইল*কত দিন বাদে ফের জরদস্ত আসিয়া ॥ কহে গোস্তাস্পের আগে বয়ান করিয়া * মেরাজ হইল মেরা জাইয়া আছমানে দেখে এলাহীর নুর আইনু এখানে * সুনে সাহা একিন জানিয়া সে কথায় ॥ কবুল করিয়া লিল ছের না হেলায় * তাহাবাদে এক দিন আসিয়া আবার ॥ কহে গোস্তাস্পের তরে জরদস্ত গাওার * সোন সাহা তেরা পরে খোদা নেঘাবান ॥ তাবেদার হবে তেরা তামাম জাহান * এবে তুমি চিন দেশে ভেজিয়া ছেফাই ॥ আরজাস্প সাহার সাতে করহ লড়াই*খোদা তুঝে ফতে দিবে চিন মাচিনেতে ॥ নাহি কর হেলা সাজি মুল্লক লইতে * শুনিয়া গোস্তাস্প সাহা খোসাল অন্তরে ॥ কহে আগে পয়গাম জে দিব আরজাস্পেরে * দেখি সে জওাব কেয়ছা দেয় পাঠাইয়া ॥ জা হয় করিব শেসে বুঝিয়া সুজিয়া * এহা বলে নামা এক করিল তৈয়ার ॥ লিখিল সে নামা বিচে এই সমাচার*সোনহ আরজাস্প কহি তোমার লাগিয়া॥খেরাজ আমার আগে দেহপাঠাইয়া*নতুবাজাইয়ামেরা ইরানীলস্কর॥খারাব করিবে তেরা চিনের সহর*আনিবে তোমার তরেজোরেতে ধরিয়া॥নহে তুঝে ময়দানেতেডালিবে মারিয়া*এইরুপে লিখিয়া তামাম বিবরন ॥ দিল কাছেদের হাতে ভেজিয়া লিখন*কাছেদসে নামা লিয়া জাইয়া চিনেতে হাজের করিয়া দিল বাদসার আগেতে * পড়িয়া আরজাস্প সাহা বুঝিল অন্তরে ॥ গরুরি করিয়া এছা লিখেছে আমারে * গোমরা কোরেছে তারে জরদস্ত বেপির ॥ নহেকি এয়ছাই লেখে আমার খাতির এয়ছাই ভাবিয়া লেখে জওাব তাহার ॥ শুনহ গোস্তাস্প সাহা বাদসা নামদার * সুনিয়াছি পেয়ে তুমি নতুন আইন ॥ দিনদারি ছেড়ে দিয়া হইলে বেদিন * আসিয়া জরদস্ত মুজি তোমার তরেতে ॥ গোমরা করিয়া দেছে হর২ বাতে * বড় দুরাচার সেই কমিনা সয়তান ॥ খারাব করিল তেরা ইমান আমান* হায় তুমি আগে পিছে নাহিক বুঝিলে ॥ সয়তানের বাতে ভুলে খারাব হইলে * ছাড়িয়াছ দিন দারি হইয়া মগরুর ॥ কি বলে জওাব দিবে খোদার হুজুর*বাপ জে আছিল তেরা বড় দিনদার ॥ সয়তানের

এলাহি * আখন খাতের কহে হয়ে আইল সায ॥ মিছে কামে গোঙাইনু উমর তামাম * গোনা ছেওা নেকি নাহি পারিনু করিতে ॥ কেমনে জওাব দিব জাইয়া গোরেতে * হায়২ এ তুনিয়া মিছে অকারন পড়ে সয়তানের ফেরে হইনু দাহন * রহিম রহমান আল্লা রহম করিয়া ॥ নেক রাহে দেল মেরা দেহ ঝোকাইয়া * সকলি করিতে পার তুমি পাকজাত ॥ আমি অধিনেরে করো নবির সাক্ষাত *

গোস্তাস্প সাহাজাদা ইরানের তক্তে বসিয়া বাদসা হয় ও ইস্পিান্দ
য়ারের পয়দা হইবার বয়ান ॥

ত্রিপদী * লাহরাস্প নামদার, ছাড়িয়া বাদসাহি বার, গোসানিসিহলেন জখন ॥ গোস্তাস্প সাহাজাদা ইয়াদ করিয়া খোদা, তক্তে বারদিলেন তখন * খোদার মেহের পরে, খুসিতে বাদসাহি করে, দেসে২ হইল খবর ॥ লাহরাস্প খোসালিতে, গোস্তাস্পেরে ইরানেতে, বসাইলতক্তের উপর * আদল এনছাফ কাম, করে খুব নেকনাম, খুবি চাহে রায়েত প্রজার ॥ কোন বাতে কার পরে, নাহিক জোলম করে, নাহি কারে পৌছায় আজার * এইমত সমাচার, সুনে জত নামদার, গোস্তাস্পকে ভেজিল খেরাজ ॥ কেহ ভেজে হাতি ঘোড়া, কেহু ভেজে জামা জোড়া, কেহুবা ভেজিল তক্ত তাজ * কিন্তু চিন মাচি নেতে, বাদসা এক ছিল তাতে, আরজাস্প বোলে তার নাম ॥ রহে সেগুমান ভরে, কর না সিকার করে, ঘৃনা কোরে তাবেদারি কাম * কেননা জে তাবে তার, দেও পরি বেশুমার, হামেহাল থাকিত হাজর ॥ এজন্যে গরুরি মোনে, আপনাকে বড় জেনে, তাবে হয়ে না ঝোকায় ছির * এহা ছেওা জত আর, ছিল নামি নামদার, গোস্তাস্পের তাবেদার হৈয়া ॥ হামেসা দস্তুর মোত, খেরাজ ভেজিয়া দিত, দেল বিচে খোসাল হইয়া * কেহ কোন বাত চিতে, গোস্তাস্প সাহার সাতে, কিনাবদি না রাখত দেলে ॥ জার জে মুলুক লিয়া, রহে সবে খুসি হৈয়া, নিডর হৈয়া হর হালে * গোস্তাস্প ইরান দেশে, খুসি হালে তক্তে বসে, করে খুব আদল এনছাফ ॥ জাহার কছুর জেয়ছা, বিচার করিয়া তেয়ছা, করে সাজা কারে দিত মাফ * এইরূপে হরওক্ত, বাপের দস্তুর মত, বিচার করিত ছোবেসান দিনদারিকাম জাহা, হামেসা করিত সাহা, দেসে২ হৈল খুব নাম * কিছুদিন এই ভাবে, গোজারিয়া গেল জবে, উদরেতে কাতাবু বিবীর ॥ দুই লড়কা হৈল তার, রূপে অতি সুবাহার, জোরওার জেন মহাবির * দেখে সাহা বেটা দেরে, বহুতি পিয়ার করে, হোনর সেখায় হামেহাল ॥ মহিমের বন্দ জাহা বাকি না রহিল তাহা, সিখে দোহে হইল কামাল * কিন্তু তার বড় জেই, রূইতন ছিল সেই, নাম রেখে ছিল সাহা তার ॥ ইস্পিন্দিয়ার বোলে, খুসি খোসালিত দেলে, হরবাতে ছিল হুসিয়ার * আর খুব জওা মর্দ্দ, পাহালওান ছিলহর্দ্দি, দেখে সাহা দেল খোসালিত ॥ ঘোড়া জোড়া দিয়া তারে, ভেজিতময় দান পরে, হামে হাল সেকার করিত * দোছরা জে ভাই তার, সেহ খুব জোরওার, নাম তার ছিল বাসৌতন ॥ বাদসা গোস্তাস্প তাকে, হামেসা হুজুরে রাখে, কোনখানে না ভেজে কখন * এইরূপে খোসালিতে, হামেসা বসিয়া তক্তে, করে সাহা এছলামি বিচার ॥ হিন কবিকার ভনে, দেখ ফের কোনদিনে, মতওাজ্জা হও নামদার *

জরদস্ত নামে এক আতস পরস্ত গোস্তাস্প সাহার আগে আপনাকে
পয়গম্বর জানাইয়া জরদস্তি দিন জারি করিবার বয়ান ॥

পয়ার * এক জোন ছিল জরদস্ত নাম তার ॥ করিত আতস পুজা সেই দুরাচার * এলেম হাছেল কোরে ছিল সে এয়ছাই ॥ আছমানি খবর তার ছাপা ছিল নাই * একদিন আসিয়া সে কমিনা বেপির কহে গোস্তাস্পের আগে হইয়া হাজির * করহ আতস পুজা বহুতি ভালাই ॥ দোজখের আগ হৈতে পাইবে রেহাই * এহাবোলে আতস পরস্তি ভেদ জাহা ॥ একে২ প্রকাসিয়া সোনাইল তাহা * আর আছমানের ভেদ এলেমের জোরে ॥ দেখাইল দুরাচার বাদসার খাতিরে * আপনা এলেম মতো আইন নতুন ॥ জাহের কম্নিল ফের করিয়া মজমুন * দেখে শুনে বাদসা গোস্তাস্প নামদার ॥ খুসি হয়ে তাবেদারি করেন তাহার * একদিন এসে ফের কমিনা বেপির ॥ বাদসার হুজুরে করে বোজরগি জাহির

এই পাহালওান না কর গুমান ॥ আমার সামনে তুমি পতঙ্গ সমান * আমারে কি বুঝিয়াছ কাডছের পারা ॥ গুমান করিয়া তাহা লিখেছ এ ধারা * খবরদার আপনার ছরহর্দ্দ থাকিয়া ॥ আগে জদি পাও ধর দিব ওড়াইয়া * আদব মাফিক এবে পৌছাও খেরাজ ॥ নহেত উচিত মত পাইবে এলাজ * নামার জওাব সাহা এয়ছাই লিখিয়া ॥ দিল কাছেদের তরে বিদায় করিয়া * কেতাব মাফিক কহে অধিন লাচার ॥ বালিয়া গোবিন্দ পুরে বসতি জাহার *

বাদসা লহরাস্প রুম হইতে গোস্তাস্পকে মাঙ্গাইয়া ইরানের তাজ তক্ত শুপিয়া আপনি খোদার এবাদতে গোসানিসি হইবার বয়ান ॥

পয়ার * পাইয়া কাছেদ হৈতে বেটার খবর ॥ হয়ে সাহা লহরাস্প খোসাল অন্তর * জরির নামেতে ছিল গোস্তাস্পের ভাই ॥ হুকুম করিল সাহা তাহারে এছাই * কাছেদ হইয়া জাওরুমের সহরে ॥ কহিবে এয়ছাই বাত কয়ছোরের তরে * মেরা সাতে ছোলে কর করিয়া কারার ॥ তাজতক্ত লিয়া দেসে রহ আপনার * কাহেকো খারাব হবে করিয়া লড়াই ॥ কাটাইবে লোক জন লস্কর সেফাই * এহা বলে গিয়া ফের গোস্তাস্প জেথায় ॥ মেরা এ পয়গাম দিয়া কহিবে তাহায় * তোমার কদর আগে না পেরে জানিতে ॥ আজেজ রাখিয়া ছিনু হরং বাতে * কিন্তু হেথা হৈতে তুমি গেলে জে সময় ॥ বহুত ঢুড়িয়া নাহি পাইয়া তোমায় * সেই হৈতে থাকি সদা হয়ে পেরেসান ॥ কোন খানে নাহি পাই তোমার সন্ধান * রুমের কাছেদ এবে আসিয়া হেথায় ॥ তেরা বিবরন সব কহিল আমায় * পাইয়া ভেদেব কথা হইনু খোসাল ॥ এখন খাহেস রাখি দেখিতে জামাল * মেরা সব খাতা এবে মাফ করে দিয়া দেল বিচে কিনা বদি নাহিক রাখিয়া * আসিবে রওানা হয়ে ইরান দেশেতে ॥ তবে মেরা পেরেসানি জাবে দেল হৈতে * আছুদা হয়েছি আমি বাদসাই থাকিয়া ॥ সাহি কর এসে তুমি তক্তে বার দিয়া বাসনা করেছি এবে গোসাগীর হব ॥ আখেরের তোসা কিছু হাছেল করিব * এহা বলে জাহাপানা জরিরের তরে ॥ ভেজিল কাছেদ রুপে রুমের সহরে * জরির হুকুম এয়ছা পাইয়া বাদসার ॥ চলিল ইরান হৈতে হয়ে রাহাদার * রুমের কয়ছোর সাহা আছিল জেথায় ॥ জাইয়া ছোলের কথা কহিল তাহায় * শুনিয়া কয়ছোর সাহা কহিল তখন ॥ অর্দ্ধেক ইরান জদি ছাড়ে সে এখন * তা হইলে ছোলে হবে নহেত জাইয়া ॥ লইব তামাম দেস জোরে ছেনাইয়া * মৌজুদ হয়েছে মেরা লস্কর ছেফাই ॥ এখন জাইব আম করিতে লড়াই * জরির এছাই তার জওাব পাইয়া ॥ আইল সেখান হৈতে বিদায় হইয়া রাতকালে গিয়া ফের গোস্তাস্প জেথায় ॥ বাদসার পয়গাম দিয়া কহিল তাহায় * সোনাইয়া একেং তামাম বচন ॥ কহিল ইরানে ভাই চলহ এখন * বাদসাই করিবে বসে তক্তে দিয়া বার ॥ মোরা সবে রব তেরা হুকুম বরদার * এয়ছাই পয়গাম মর্দ্দ সুনিয়া বাপের ॥ হইয়া দেলের বিচে খোসাল খাতের কাতাবু বিবীকে সাতে লইয়া মরদানা ॥ ইরান তরফে আইসে হইয়া রওানা * জখন নজদিগে মর্দ্দ পৌছিল আসিয়া ॥ লহরাস্প সাহা তার খবর পাইয়া * পাঠাইল আরকান দৌলত সবাকারে ॥ আগু বাড়াইয়া সবে আনে গোস্তাস্পেরে * বাদসার হুজুরে জবে পৌছিল আসিয়া ॥ লোক জন লিল তারে ছাতি লাগাইয়া * গলায় ধরিয়া মেলে বেটার সহিতে ॥ নয়নে প্রেমের আছু বহায়ে খুসিতে * তার পরে জাহাপানা বাদসা নামদার ॥ তক্ত এক সামনে রাখিয়া আপনার * গোস্তাস্পের তরে সাহা কহিল বসিতে ॥ খুসিতে গোস্তাস্প মর্দ্দ বসিল সে তক্তে * হুকুম করিল সাহা সবারে তখন ॥ গোস্তাস্পের তাবে দারি কর জনে জন * শুনে দেলে খুসি হয়ে তামাম জওান ॥ রহে গোস্তাস্পের তাবে মানিয়া ফর্ম্মান * তখন কহিল সবে বাদসা নেকনাম ॥ ছেড়ে দিনু আজ হৈতে দুনিয়ার কাম * বাদসাহিতে আর মেরা নাহিক দরকার ॥ গোস্তাস্প হইল বাদসা তোমা সবাকার * এহা বলে লেবাছ ছাড়িয়া জাহাগির ॥ খেলকা ডালিয়া গলে হইয়া ফকির * দুনিয়ার মহর্ব্বত দুর করে দিয়া ॥ বলখ সহর বিচে গেলেন চলিয়া * সে ওক্তে বলোখে এক আছিল মকান ॥ জানিত সকলে তারে কাবার সমান * তার এক হুজরা লইয়া নামদার ॥ রহেন মসগুল হয়ে জেকেরে খোদার * একসও বিসসাল তক্তে বার দিয়া ॥ খুসিহালে লহরাস্প বাদসাহি করিয়া * আখেরে গোস্তাস্পে সুপে দিয়া তাজ সাহি ॥ গোসানিসি হইলেন ইরানে

আইল নেকজাত * তখন আহরোন দেলে খোসাল হইয়া ॥ কায়ছোর সাহার আগে পৌছিল জাইয়া আজদাহার হাল সব করিয়া বয়ান ॥ দিল সেই দুই দাত ধরিয়া নেসান * দেখিয়া সে দাত সাহা তা জ্জব হইয়া ॥ না কহে জওাব রহে গালে হাত দিয়া* কিন্তু সাহা আহরোনের জওামর্দ্দি হৈতে ॥ কোন রূপে এতবার না করে দেলেতে * তখন ছওার হয়ে ঘোড়ার উপরে ॥ গেলেন সে পাহাড়ে আজ দাহা দেখিবারে * দুরে হৈতে দেখে সাহা নজর করিয়া ॥ মরেছে আজদাহা মুজি রয়েছে পড়িয়া * তখন আহরোনে কহে বাদসা নামদার ॥ এছাই একিন হয় দেলেতে আমার * দেওয়ে মারিয়াছে হবে এই আজদাহায় ॥ নহে কায়ানীর কেহ আসিয়া হেথায় * মারিয়াছে আজদাহা সে মর্দ্দমি করিয়া ॥ না পারিবে আর কেহ তাহাদের ছেওা * তোমার হেম্মত এছা না হবে কখন ॥ মারিতে এ দুরাচার সাপের কারন * আহরোন এ কথা শুনে বাদসার মুখেতে ॥ আরজ করিয়া ফের লাগিল কহিতে * সোন সাহা জাহাপানা বাদসা নামদার ॥ না বুঝ খেলাফ তুমি আমার কথার *হোনর হেকমতে আমি কোসেস করিয়া ॥ মারিনু সাপের তরে নিডর হইয়া * সরত জা ছিল পুরা করিনু তোমার ॥ এবে তুমি ওয়াদা পুরা কর আপনার * কারার মাফিক সাহা খুসি খোসালিতে ॥ আপনা বেটীর সাদি দেহ মেরা সাতে * আহারোন এয়ছাই বাত কহিল জখন ॥ জওাবে লাচার সাহা হইয়া তখন * ফিরিয়া সেখানা হৈতে আসিয়া ঘরেতে ॥ দিলেন বেটির সাদি আহরোনের সাতে * খুসি হয়ে ফের সাহা আহরোনে তখন ॥ মাল মাত্তা নানারূপে দিল কত ধন * আহারোন পাইয়া মাল আর মাশুকেরে ॥ নেহাল হইয়া রহে খোসাল অন্তরে*এইরূপে হৈল সাদী দোহার জখন॥ শুনে বিবী কাতাবু সে সব বিবরণ*আপনা সঙ্গিনী এক আওরত আছিল ॥ তাহার হুজুরে এয়ছা কহিতে লাগিল * বাপ মেরা জাহাপানা করেন বাদসাই ॥ কিন্তু নাহি আছে তার আক্কেল দানাই * এনকার করিয়া সাহাজাদার লাগিয়া ॥ দিয়াছেন ঘর হৈতে বাহির করিয়া * গিয়া সে গোস্তাম্প মর্দ্দ সাপ ও বাঘেরে ॥ মারিয়াছে তেগ তলে ময়দান উপরে * নহে কি ক্ষমতা রাখে মেরিন আহরোন ॥ মারে সে বাঘেরে আর সাপের কারন * এখন উচিত হয় বাদসা নামদারে ॥ দেয় সে দু বেটী ফের গোস্তাম্পের তরে * এয়ছাই খবর সেই আওরত সুনিয়া॥বিবীর মায়ের আগে কহিল জাইয়া* সোন বিবী সাহেবানী কহিয়া জানাই ॥ গোস্তাম্প নামেতে মর্দ্দ তোমার জামাই * বড় পাহালওান সেহ রাখে খুব জোর ॥ তার মত নাহি বুঝি দুনিয়া ভিতর * আহরোন আর মেরিনের মদদে সে গিয়া ॥ সাপ ও বাঘের ত.র ডালিল মারিয়া * নহে কি মেরিনও আহরোন দুই জনে ॥ জেতে পারে বাঘ আর সাপের সামনে * এয়ছাই ক্ষমতা কবে হয়েছে তাদের জাইয়া মর্দ্দামি করে মারিবে সমসের * শুনে দেলে খুসি হয়ে বেগম তখনি ॥ জাইয়া বাদসাকে কহে তামাম কাহিনী * বাদসা আলম্পানা সুনে লাগিল কহিতে ॥ আমিওভি ভেবেছিনু পহেলা রোজেতে কায়ানি ছেওায় এয়ছা কে আছে এমন ॥ মারিবে বাঘেরে আর সাপের কারন * দেও পরি বাঘ ভাল জাহাদের হাতে ॥ আজেজ হইল না পারিল এড়াইতে * জওামর্দ্দ কেবা এয়ছা তাহাদের ছেওা ॥ মারে জোরে বাঘে আর সাপের লাগিয়া * জাহবার হইয়াছে চারা নাহি আর ॥ আছিল নছিবে লেখে বেটী দোহাকার * এহা বোলে জাহাপানা গোস্তাম্পের তরে ॥ বোলাইয়া সেই ঘড়ি আপনা হুজুরে * মাল মাত্তা জামা জোড়া দিয়া বেসুমার ॥ ছেরে মুখে বোছা দিয়া করেন পিয়ার * কহে বাবা না চিনিয়া তোমার কারন ॥ হরবাতে কোরেছি বহুত জালাতন * সে সকল খাতা মাফ করিবে আমার ॥ না রা-খিবে কিনা বদি দেলের মাঝারে * এই রুপে বলে কয়ে মিনতি বচন ॥ খুসি করে জাহাপানা গোস্তা স্পের মোন * মোরাতবা কোরে ফের মান বাড়াইয়া ॥ দিল সাহা লস্করের ছরদারি সুপিয়া * তামাম লস্কর রহে হয়ে তাবেদার ॥ গোস্তাম্প হইল খুসি গেল দুক্ষ ভার * মহাম্মদ খাতের কহে জেবা সহে দুখ ॥ খোদার ফজলে শেষে হয় তার সুখ * করিনু অনেক সোখি সাইরি মিলনে ॥ মাফ করে আল্লা তালা আমার কারনে * আমি বান্দা দুনিয়াতে বড়া গোনাগার ॥ হেথা সেথা দোজাহানে ভরসা তোমার *

স্মার আগে লাগিল কহিতে॥ মারিয়া আইনু আমি বাঘের তরেতে * আদায় করিনু সাহা কাউল কা রার॥ মেরা সাতে বেটি বেহা দেহ আপনার * শুনিয়া কয়ছোর সাহা মেরিনের ঠাই॥ কহে মুঝে এ বাতে এতবার হয় নাই * একেলা কেমনে তুমি জঙ্গলে জাইয়া॥ মারিয়া ডালিলে সেই বাঘের লাগিয়া লস্কর লইয়া আমি গিয়া কত বার॥ না পারিনু জার তরে হইনু লাচার * এহা বলে সাতে করেলিয়া লোক জন॥ আপনি জঙ্গলে চলে দেখিতে তখন * মরা বাঘ পড়ে আছে দেখিয়া শুনিয়া॥ তাজ্জব হইয়া সাহা আইল ফিরীয়া*না পারে তখন আর ওজর করিতে॥বেটি বেহা দিল সাগ মেরিনেবসাতে বাড়াইল নানা মতে দিয়া কত ধন॥ মালমাত্তা হাতি ঘোড়া রতন কাঞ্চন * পাইয়া মেরিন মর্দ্দ মা শুকের তরে॥ রহে খুসি খোসালিত হইয়া অন্তরে * তার পরে জাহাপানা বাদসা নামদার॥ হইয়াদে লের বিচে খোসাল হাজার * আহরনের তরে বলে শুনে পাহালওান॥ মর্দ্দমি করিল জেয়ছা মেরিন জওান * তুমি জদি পার তেয়ছা মর্দ্দমি করিতে॥ ছোটা বেটি সাদি দিব তোমার সহিতে * সুনিয়া আহরোন কহে হুজুরে বাদসার॥ কি কাম করিব তাহা কহ নামদার * বাদসা বলে সোন মর্দ্দ কহি সে খবর॥ বড়া এক সাপ আছে পাহাড় উপর * বড়ই জালেম সে আজদাহা দুরাচার॥ পেরেসান থাকে লোক জুলুমে তাহার * তুমি জদি পার সেই আজদাহা মারিতে॥ বেটী বেহা দিব তুঝে খুসি খোসা লতে * সুনিয়া আহরোন মর্দ্দ এয়ছাই বচন॥ ভাবাগোনা করিতে লাগিল মনে মন * কহে এগা কেমনেতে পাহাড়ে জাইয়া॥ আজদাহা সাপের তরে আসিব মারিয়া * হেম্মত না হয় জেতে পাহাড় উপরে॥ থাকে সদা পেরেসান হইয়া অন্তরে * ফের সেই ঘাট মাঝি খবর শুনিয়া॥ গিয়া আহরোনের তরে কহে বিবরিয়া * সোন মর্দ্দ নাহি জান মেরিনের হাল॥ কিরূপে করিল সেহ কারার বাহাল * নামেতে গোস্তাস্প মর্দ্দ বাদসার জামাই॥ জোরে জোরওারখুব জঙ্গিয়া ছেফাই*একেলা সে মেরিনের মদদে জাইয়া॥ মারিল বাঘের তরে তলওার খেচিয়া * ডর ভয় নাহি তার দেলের বিচেতে॥ আল বোত্তা এ আজদাহা সে পারিবে মারিতে * তুমিহ মদদ মাঙ্গ গিয়া তার ঠাই॥ হাছেল হইবে কাম ঘু চিবে বালাই * আহরোন সুনিয়া এয়ছা হয়ে খুসি মন॥ গোস্তাস্পের হুজুরেতে জাইয়া তখন* আপ নার হাল সব বয়ান করিয়া॥ একে২ পাহালওানে দিল সোনাইয়া * সুনিয়া গোস্তাস্প কহে আহরো নের তরে॥ আলবত্তা জাইব তেরা মদদের পরে * আনহ খঞ্জর এক খুব তেজ ধার॥ তবেত জাইবে মারা সাপ দুরাচার * তখনি আহরোন মর্দ্দ খঞ্জর আনীয়া॥ গোস্তাস্পের আগে দিল হাজির করিয়া খুসি দেলে পাহালওান লিয়া সে খঞ্জর॥ আজদাহা মারিতে চলে পাহাড় উপর *আহরন তখন তার তামাসা দেখিতে॥ পিছে২ রেগা দিয়া চলে সাতে২ * কতদুর গিয়া এয়ছা ডরিয়া অন্তরে॥ খাড়া রহে এক ঠাই রাহার উপরে * গোস্তাস্প মর্দ্দানা একা গিয়া পাহাড়েতে॥ সের নর মত হাক হাকিল জোরেতে * আজদাহা সে হাক তার শুনিতে পাইয়া॥ আইল খোন্দক হৈতে বাহির হইয়া * দেখে গোস্তাস্পের তরে আজদাহা সয়তান॥ নিস্বাস ছাড়িল এক আগুন সমান * গাছ পালা ঘাস আদ নি স্বাসে তাহার॥ জ্বলে পুড়ে সকল হইল ছারখার * গোস্তাস্প মরদানা দেখে হুসিয়ার হইয়া॥একপাসে খাড়া হৈল সেতাবী জাইয়া * নিস্বাসের আগ তার নিবীল জখন॥ কামানে খেচিয়া তির জুড়িল তখন মারিল চাল্লিস তির জোরেতে খেচিয়া॥ গেল সে আজদাহা জবে জখম হইয়া * নেজার মাথায় ফের বান্ধিয়া খঞ্জর॥ চালাইয়া দিল তার মুখের ভিতর * পারা২ করে দিল কলেজা কাটিয়া॥ ছট ফট করে মুজি জমিনে পড়িয়া * ফের এক পাথর লইয়া নামদার॥ মেরে জোরে ছের গুড়া করে দিল তার * মারা গেল দুরাচার রহিল পড়িয়া॥ দেখিয়া আহরোন সেথা পওছিল আসিয়া* বহুত তারিফ করে গোস্তাস্পের তরে॥ কহে আসা পুরা হৈল তোমার মেহেরে* জতদিন দুনিয়াতে বাচিয়া রহিব॥ থাকিবে ইয়াদগারি নাহিক ভুলিব* কিন্তু পাহালওান এই আরজ আমার॥ আপনি একথা নাহি করিবে প্রচার * সুনিয়া গোস্তাস্প কহে কিবা তুচ্ছ কাম॥ একামে কহিব আমি আপনার নাম * এহা বলে তার পরে খঞ্জর মারিয়া॥ লিল আজদাহার দুই দাত ওখাড়িয়া * বড়া২ দুই দাত ছিল এয়ছা তার॥ হাত্তির দুইদাত হয় যেমন প্রকার*দিয়া আহরোনের তরে সেই দুই দাত॥ সেথা হৈতে ফিরিয়া

এলাহীর নাম * লইয়া কামান তির দরিয়ার পার ॥ রোজ২ জায় সাহা করিতে সেকার * কিন্তু সে দ
রিয়া পার হবার তরেতে॥ মোকরোর করে ছিল মাল্লার সহিতে * সেকার করিয়া জবে আনিব
হরিন॥ এক রান তোমাকে দেজাব হরদিন * এছাই কহিয়া মর্দ্দ জঙ্গলে জাইয়া ॥ হামেসা হরিন এক
সেকার করিয়া * এক রান দিয়া তার মাঝির কারন॥ বাকি জে থাকিত ঘরে আনিত আপন * পাক
ইয়া সেই গোস্ত নুন পানি দিয়া ॥ খাইতেন খুসি হালে বিবীকে লইয়া* এইরূপে কত দিন করেন গো
জরান॥ থাকেন দেলের বিচে হয়ে পেরেসান * এলাহী জে বাতে রাজি নাহি আছে চারা॥ দুখেতে
ছবর করে খোদার পিয়ারা*এইরূপে রহে হেথা গোস্তাম্প জওান॥ বাদসার কাহিনী এবে করিব বয়ান
ছিল আর দুই বেটি কয়ছোর সাহার॥ রূপে গুনে পরিপাটি অতি শুভাহার*ছুর পরি জিনে রূপ বয়েস
নবীন॥ উঠেছে কমল দুটী মাজা অতি ক্ষীন * আহরন নামেতে আর মেরিন মর্দ্দানা॥ আছিল এদুই
মর্দ্দ বাদসার এগানা * দেখে এরা দুইজনে বিবী দোহাকায়॥ আসকে মাতিয়া সদা করে হায়২ * এক
রোজ দরখাস্ত করিল হুজুরেতে॥ সুনিয়া কয়ছোর সাহা লাগিল কহিতে*দেলাব বেটির সাদি আছেত
করার॥ বাহাল করিতে জদি পার নামদার * তা হইলে খুসি হালে বেটি বেহা দিয়া॥ তোমা দোহা
কার তরে রাখি নেওাজিয়া * সুনিয়া কহিল তারা কেছাই করার॥ বাতাইয়া আমা দোহে দেহ নাম
দার * তখন কহিল সাহা মেরিনের তরে॥ বড়া এক সের আছে জঙ্গল ভিতরে * খারাব করিল মুজি
সহর বাজার॥ হামেসা লোগের পরে পৌছায় আজার* কত বার গেনু আমি লস্কর লে সাতে॥ কোন
রূপে তারে নাহি পারিনু মারিতে * মেরে দিতে পার জদি তুমি সেবাঘেরে॥ বেটি বেহা দিব আমি
তোমার খাতেরে * সুনিয়া মেরিন এয়ছা বাদসার করার॥ দেল বিচে ভাবা গোনা করে আপনার *
কহে এ বাঘের তরে মারিব কেমনে॥ না পারিল বাদসা আপে জাহার কারনে* এহা বলে ভাবাগোনা
করিয়া বেড়ায়॥ জেথা সেথা হামেহাল পুছে সবাকায় * এক রোজ নাও ওলা সোনে সমাচার॥ মেরি
নের পরে হৈল হুকুম বাদসার * জদি সে বাঘের তরে মেরে দিতে পারে॥ বেটি বেহা দিবে সাহা তা
হার খাতেরে * মেরিন সে বাঘে নাহি মারিতে পারীয়া॥ ফেরে পেরেসান হালে আজিজ হইয়া * সু
নিয়া সে নাওওালা এয়ছাই বচন॥ গিয়া মেরিনের আগে কহিল তখন*বাদসার দামাদ জে গোস্তাম্প
নামদার॥ হামেহাল জায় মর্দ্দ করিতে সেকার * বড়া পাহালওান ডর না রাখে দেলেতে॥ একেলা
জঙ্গলে ফেরে পিয়াদা পায়েতে* মদদ মাঙ্গহ তুমি তার আগে গীয়া॥ আলবত্ত বাঘেরে সেহ দিবেক
মারিয়া * সুনিয়া মেরিন মর্দ্দ এয়ছাই বচন॥ গোস্তাম্পের আগে চলে হয়ে খুসি মন * নাও ওয়ালা
গেল তার হামরাও হইয়া॥ আরজ করিল দোহে হুজুরে জাইয়া * সোন পাহালওান কহিজনাবেতো
মার॥ আপনি করহ জদি মদদ আমার * মোকছেদ হাছেল মেরা হয় তা হইলে॥ পাই মাসুকের তরে
খোদার ফজলে * এয়ছাই সুনিয়া মর্দ্দ কবুল করিয়া॥ কহিল বেহানে কাল জাইব উঠিয়া * এহাবলে
বিদায় করিয়া দিয়া তারে॥ খুসিতে সে রোজ রহে আপনার ঘরে * দোছরা রোজেতে মর্দ্দ ফজরে
উঠিয়া॥ মারিতে বাঘের তরে চলে নেকলিয়া * মাঝি ও মেরিন দোহে পিছে২ জায়॥ কত দুর তক
এয়ছা জাইয়া রাহায় * নিকটে জাইয়া দোহে ডরে ডরাইয়া॥ এক ঠাই রাহা পরে রহে খাড়া হৈয়া
গোস্তাম্প মর্দ্দানা ডর না করিয়া দেলে॥ একেলা কোমর বেন্ধে জাইয়া জঙ্গলে * জোরেতে হৈদরি
হাক হাকিয়া উঠিন॥ শুনেতে পাইয়া বাঘ কুদিয়া আইল * দেখিয়া গোস্তাম্প মর্দ্দ বাঘের তরেতে॥
আগেতে বাড়িয়া চলে তেগ লিয়া হাতে * দুরাচার বাঘ তখন এসে গোস্বা ভরে॥ হামলা করিয়া
পাঞ্জা মারে গোস্তাম্পেরে * বাওভরে পাহালওান ওঠাইয়া তেগ॥ মারে সে বাঘের পরে হয়ে বেদে
রেগ * জমিনে গিরীল মুজে হয়ে দুই খান॥ ছট ফট করে সেসে নেকলিল জান * দেখিতে পাইয়া
তাহা মেরিন তখন॥ গোস্তাম্পের আগে আইসে হৈয়া খুসি মন* তারিফ করিয়া কহে সোন নামদার
তোমা হৈতে পুরা হৈল মোকছেদ আমার * কিন্তু আপে এই কথা কাহার আগেতে॥ না কহিবে
পাহালওান কহি জনাবেতে * শুনিয়া গোস্তাম্প কহে কিবা ছার কাম॥ এর ওাস্তে কব আমি আপ
নার নাম * এহা বলে সেথা হৈতে আইল ফিরিয়া॥ তখন মেরিন মর্দ্দ খোসাল হইয়া * জাইয়া বাদ

বিকে জদি মেলে * তা হৈলে মাসুক আর দৌলত পাইব ॥ হইয়া খাতের জমা আরামে রহিব * এহা বলে গোস্তাস্পকে সাতে করে লিয়া ॥ বাদসার মজলিসে দোহে পৌছিল আসিয়া * বাহির দালানে ছিল মজলিস গোলজার ॥ জাইয়া বসিল মর্দ্দ দরমিয়ানে তার * হোথাসে কাতাবুবিবি খিড়কি থাকিয়া ॥ চারি তরফেতে খুব দেখে নিরক্ষিয়া * গোস্তাস্পের পরে জবে পড়িল নজর ॥ দেখে বিবি খোসালিত হইয়া অন্তর * আপনা মায়ের তরে কহিল তখন ॥ সোনগো জননী কহি তোমার কারন * জাহার লাগিয়া আমি ছিনু পেরেসান ॥ মজলিছেতে আসিয়াছে আজ সে জওান * এহা বলে দেখা ইয়া গোস্তাস্পের তরে ॥ কহিল মাঙ্গাও ওছে মহল ভিতরে * সুনে বিবি সাহেবানি বেটীর বচন ॥ সে তাবি ভেজিয়া দিল দায়ের কারন * দাই গিয়া গোস্তাস্পকে মজলিস হইতে ॥ সাতেকরি লিয়া আইল মহল বিচেতে * জরির বিছওানা পরে বসাইল লিয়া ॥ বসিল গোস্তাস্প মর্দ্দ খোসাল হইয়া * তখন বেগম ফের আসিয়া তরায় ॥ বয়ান করিয়া সব কহিল বাদসায় * সুনেসাহা জাহাপানা বাদসা নেকজাত হায়২ করে মুখে হাতে মারে হাত * কহে মেরা মুখে কালি হৈল বেটী হইতে ॥ কেমনে দেখাব মুখ লোকের সাক্ষাতে * সাহাজাদা গন কত আইল হেথায় ॥ রাজি না হইল বেটী তাহা সবাকায় * আ ছিল জে মোছাফের ঘরেতে চাসার ॥ ভুলিল বদবক্ত বেটী কি দেখে তাহার * কিজাতি কোথায় ঘর কাহার নন্দন ॥ ভালা বুরা বুঝিতে না পারি বিবরন * খোদা জানে কোথা হইতে এদেশে আসীয়া ছিল সে চাসার ঘরে মোছাফের হইয়া * এহা বলে জাহাপানা গোস্বা হৈয়া দেলে ॥ কহে আজ বেটীকে মারিব তেগ তলে * করিল কমবক্ত বেটী কুলের খাকার ॥ মারিলে তাহার তরে জাবে দুক্ষ ভার * বাদ সার গজব এয়ছা দেখিয়া তখন ॥ আসিয়া উজির সবে কহে জনে জন * সোন বাদসা জাহাপানা কহি জনাবেতে ॥ খোদার কলম রদ কে পারে করিতে * তাহার কোদরত পরে রাখহ খিয়ান ॥ সব সে করিতে পারে পাক ছোবহান * ফকিরে সুপিয়া দেয় সাহি তাজতক্ত ॥ বাদসাকে ফকির করে জার জেয়ছা বক্ত * লেখা ছিল নছিবেতে তোমার বেটীর ॥ নাহবে গজব এয়ছা সুন জাহাগির * কারার করেছ তুমি আপনা মুখেতে ॥ নাহি ফেরো কদাচিত কওল হইতে * কারারে খেলাফ হৈলে হবে গোনাগার ॥ কি বলে জওাব দিবে দরগাতে খোদার * আলমে বদনাম হবে লোকেরছামনে ॥ সকলে কহিবে বুরা তোমার কারনে * কারার মাফিক সাহা রহ ঠীক হইয়া ॥ জা আছে নাছবে তার জাবে গোজারিয়া * এতেক সুনিয়া সাহা উজিরের ঠাই ॥ গোস্বা হইতে খামসিয়া কহিল এয়ছাই * ছবরি কারনু তোমা সবাকার বাতে ॥ তহকিক করহ এবে গিয়া সকলেতে * কি জাতি সেকোথা ঘরকাহার নছলে ॥ কি কামে আইল হেথা মোছাফিরি হালে * এহা শুনে নেকজাত উজির সবায় ॥ গোস্তাস্প সা হার আগে জাইয়া তরায় * একে২ হাল ছারা লাগিল পুছিতে ॥ কহিল গোস্তাস্প তাহা সবার তরেতে বাপ মেরা লহরাস্প বাদসা নেকনাম ॥ গোস্তাস্প আমার নাম ইরানে মোকাম * বাপ হৈতে খাপাহয়ে আসি এখানেতে ॥ মোছাফিরি হালে ছিলাম চাসির ঘরেতে * এহা শুনে খুসি হয়ে উজির সবায় ॥ বয়ান করিল গিয়া বাদসার দরগায় * শুনিয়া এবাত সাহা বাদসা নামদার ॥ কোনমতে দেল বিচে না করে এতবার * তবে সে বাদসার বেটী কাতাবু সুন্দরি ॥ জাইয়া বাপের আগে কহে খিরি২ * সোন সাহা জাহাপানা খিয়াল করায়া ॥ করেছি এ কাম আমি বুঝিয়া সুজিয়া * এহা বলে সপনের জত বিবরন ॥ একে২ সোনাইল বাদসার কারন * সুনে সাহা জাহাপানা বিবির সে বাতে ॥ ঝুট জেনেনাহি করে এতবার দেলেতে * ফের সে উজির সবে করিল বাদসায় ॥ সাহাজাদা বটে সেহ জেনেছি নিশ্চয় না কর আন্দেসা দেলে সোন জাহাগির ॥ খুসা হালে দেহ সাদি আপনা বেটীর * বার২ সবে এয়ছা কহিল জখন ॥ লাচারেতে রাজি সাহা হইয়া তখন * দিলেন বেটীর সাদিগোস্তাস্পের সাতে ॥ দেসের দস্তুর ছিল জেমন ছুরাতে * কিন্তু সাহা বেটী আর দামাদের তরে ॥ মন দুক্ষে গোস্বা ভরে গরম নজরে মালমাত্তা টাকা কড়ি কিছু নাহি দিয়া ॥ মহল হইতে দিল বাহির করিয়া * লাচারিতে বিবি ও গো স্তাস্প দোহে মিলে ॥ রহিল জাইয়া এক কেরায়া মহলে * মালমাত্তা কিছুই নাহিক ছিল সাতে ॥ খানা পিনা হরহালে থাকে আজিজিতে ॥ আখেরে গোস্তাস্প মর্দ্দ করে কোন কাম ॥ ভরসা করিয়া দেলে

সুনিয়া এয়ছাই বাত উজির তখন ॥ লিখিয়া নামাতে এসকল বিবরন*দেসে দেসে পাঠাইয়া দিল ঠাই ঠাই ॥ সুনে সাহাজাদাগন আইল সবাই*আমির ওমরাও আদি জে কেহ শুনিল ॥ খুসি হয়ে সকলেতে আসিয়া পৌছিল * তখন কয়ছর সাহা খোসালিত মনে ॥ মজলিছ করিয়া বৈসে বাহির দালানে * সারাব কাবাব কত আনিয়া সামানা ॥ খুসিতে সবারে সাহা খেলাইল খানা * এইরূপে বাহিরেতে বসে জোনে জন ॥ খানা পানি খেয়ে রহে খুসি হয়ে মন * হেথায় কাতাবু বিবী খিড়কী থাকিয়া ॥ সবাকার তরে খুব দেখে নিরক্ষিয়া * জে রূপ দেখিয়া ছিল সপন বিচেতে ॥ সেমত কাহার তরে না পায় দেখিতে*পছন্দ না করে বিবী কোন সাজাদায় ॥ ভাবিয়া সপন কথা করে হায়২ * তখন পুছিল এসে মাতার তাহার ॥ কি কারনে ভাব তুমি হয়ে জারে জার*সুনে বিবী সাহাজাদী কহিল তখন ॥ সোনগো জননী কহি তোমার কারন * জে ছববে আছি আমি হয়ে পেরেসান ॥ খুলিয়া তোমার আগে কহি সে বয়ান*এক রোজ শুয়েছিনু ঘরে আপনার॥খোওাবেতে দেখি এয়ছা মেহেরে খোদার*নবিন জওান এক ছুরত জামাল ॥ দুনিয়াতে নাহি আছে তাহার মেছাল * হইবে আমার জোড়া সেই নামদার ॥ ইরানের সাহ আছে নছিবে তাহার * আছে এ সহরে মর্দ্দ গারবী হালেতে ॥ মোছাফের হ য় এক চাসির ঘরেতে * দেখেছি সপনে এয়ছা সোনগো জননী ॥ মিছা না হইবে কভু গায়েবের বানী * এয় ছাই সুনিয়া বিবী বেটীর মুখেতে ॥ কহিল তখনি এসে বাদসার আগেতে * সুনিয়া কয়ছোর সাহা হইয়া দেলাগির ॥ বিদায় করিয়া দিল সবার খাতির * সাহাজাদাগন সবে এসে ছিল জারা ॥ জার জে আপনা দেশে গেল সবে তারা * তার পরে দোছরা রোজেতে নামদার ॥ ঢেড়ি ফেরাইয়া দিল সহর মাঝার*গনিওগরিব জত ছিল ঠাই২ ॥ আসিয়া বাদসার আগে পৌছিল সবাই*সেইরূপে বাদসা ফের সবার কারনে ॥ বসায়ে মজলিছ কোরে বাহির দালানে * দেখে ফের সাহাজাদি খিড়কি হইতে ॥ সপনের রূপ কারে না পায় দেখিতে * তখন কহিল বিবী আপনার মায় ॥ সোনগো জননী আমি কহি তেরা পায় * নাহি আসিয়াছে হেথা সেই নামদার ॥ জার তরে জিউ মেরা আছে বেকারার * তাহার ছুরত ছবি পাইলে দেখিতে ॥ হাজার লোকের বিচে পারিব চিনিতে * আমার নছিবে বুঝি আছে দুক্ষভার ॥ তেকারনে নাহি পাই তাহার দিদার * এছাই জওাব জদি দিল বিবীফের ॥ বেগম আসিয়া কহে বাদসার খাতের * সুনে সাহা জাহাপনা সবার লাগিয়া ॥ দিলেন সে দিন ফের বিদায় করিয়া * ভেবে গুনে রাতকালে রহে সকলেতে ॥ বিবী সে জওানে ফের দেখে সপনেতে*সেইরূপে এসে ফের পালঙ্গে বসিয়া ॥ নরম জবানে কহে হাসিয়া২ * তখন পুছিল বিবী জওানের তরে ॥ কি হালে কোথায় থাক কহনা আমারে * শুনিয়া জওান কহে বিবীর তরেতে ॥ মোছাফের হালে আছি সহর বিচেতে কাল জদি হয় ফের মজলিছ এমন ॥ আসিয়া হাজের হব পাবে দরশন * সুনে বিবী খোসালিত হইয়া দেলেতে ॥ দিল এক ফুল হার জওানের হাতে*হেনকালে গেল মর্দ্দ গায়েব হইয়া ॥ নিন্দ ছুটে গেল বিবী উঠিল জাগিয়া * নাহিক শুইল আর বসিয়া রহিল ॥ ফজরে আসিয়া ফের মায়েরে কহিল * সোনগো জননী কহি তোমার কারন ॥ আজ ফের আমি এছা দেখেছি সপন * মোছাফের হালে আছে মাশুক আমার॥এবে সে আসিবে হেথা পাইব দিদার* ঢেড়ি ফেরাইয়া দেহ সহর বিচেতে॥ মোছাফের সবে জেন আইসে এখানেতে * নাহি জে আসিবে হেথা সুনিবারে পাই ॥ ধরিয়া তাহার তরে করিব সাজাই * এয়ছাই শুনিয়া বিবী বেটির জবানি ॥ আসিয়া বাদসাকে ফের কহিল তখনি * সুনে সাহা জাহাপানা সহর বিচেতে ॥ হুকুম করিয়া দিল ঢেড়ি ফেরাইতে * বাদসার ফরমান মত চলিল হাকিয়া মোছাফের সবে আজ পৌছিবে আসিয়া * জেবা কেহ না আসিবে হুজুরে বাদসার ॥ উচিত মাফিক সাজা হইবে তাহার * এতেক শুনিয়া জত মোছাফের ছিল ॥ আসিয়া বাদসার ডেরে হাজির হইল তখন সে চাসি কহে গোস্তাস্পের তরে ॥ মোছাফের হয়ে তুমি আছ মেরা ডেরে * মোনাদি হইল শুনে আইনু এয়ছাই ॥ মোছাফের জেবা কেহু আছে ঠাই ঠাই * জদি নাহি জায় আজ বাদসার মকামে সাজাই করিবে সাহা তাহার কারনে * চলে মর্দ্দ বাদসার মজলিছে খুসি হালে ॥ নছিবের গুনে সে বি-

দিল হাতড়া আনিয়া * গোস্তাম্প মর্দ্দানাসে হাতড়া লিয়া হাতে॥ পিটীল এছাই জোরে লোহার প-রেতে*নেই শুদ্ধা ভেঙ্গে চুরে দিল উড়াইয়া ॥ দেখে সে লোহার মর্দ্দ গোস্বা দেল হৈয়া*গালাগালি দিয়া কহে সোনহে নাদান॥ নাহক আসিয়া মেরা করিলি নোকছান * এহা বলে তখন সে দোকান থাকিয়া ॥ দিল গোস্তাম্পের তরে বাহির করিয়া * লাচার হইয়া মর্দ্দ সেখান হইতে॥ চলে ময়দানের বাগে কান্দিতে২ * চাসি এক ছিল সেই ময়দান উপরে॥ কহিতে লাগিল গিয়া তাহার হুজুরে * বে কার বেহালে আমি ফিরি ঠাই২॥ না মেলে মজুরি কিছু খেতে নাহি পাই * আইনু তোমার কাছে ম জুর করিতে॥ জে কাম কহিবে মুঝে রাজি আছে তাতে * কিন্তু আমি ভুকা ফাকা আছি পেরেসান খেলাইয়া কিছু মেরা তাজা কর জান * ইহা শুনে চাসি মর্দ্দ গোস্তাম্পের তরে ॥ সাতে করে লিয়া আইল আপনার ঘরে * খেলাইল খানা পানি আছুদা করিয়া ॥ খেয়ে পিয়ে সাহাজাদা আরাম পাইয়া কহিতে লাগিল সেই চাসিকে তখন॥ কাহার আওলাদ তুমি কহ বিবরন * সুনিয়া সে চাসি মর্দ্দ কহে হুজুরেতে॥ আছি আমি ফেরেদুর নছল হইতে * এখানে বহুত দিন বসতি আমার॥ হামেহাল করি আমি খেতি কারবার * এই কাম ছেওা মেরা আর কিছু নাই॥ বাখুবি একামে সদা গোজরান চালাই * সুনিয়া গোস্তাম্প সেই চাসির লাগিয়া॥ কহে আপনার নিজ পরিচয় দিয়া * সোন ভাই এক জদ্দ তোমার আমার॥ আমিহ আওলাদে আছি হোসাঙ্গ সাহার * ইহা বলে আলাপন দিয়া তার সাতে॥ রহে সে চাসির ঘরে খুসি খোসালেতে * এইরূপে কিছু দিন গোজারে সেথায়॥ দেখ কি হালেতে ফের এলাহী পঁওছায় * রুমের কয়ছর সাহা বড় নামদার॥ ছুরাত জামাল তিন বেটি ছিল তার * কাতাবু নামেতে বিবী বড় সবা হৈতে॥ বালক হইল সেহ জেই সময়েতে*একরোজ সুয়ে ছিল পালঙ্গ উপরে॥ খোওাবেতে দেখে এয়ছা খোদার মেহেরে * ছুরাত জামাল এক নবিন জওান মুখের চমক তার চান্দের সমান*বসিয়া পালঙ্গ পরে গায়ে দিয়া হাত॥ নরম জবানে কহে মিঠা২ বাত খুসি হয়ে বিবী তারে পুছিল এয়ছাই॥ কহ মর্দ্দ কেবা তুমি থাক কোন ঠাই * কহিল সে থাকি এই সহর বিচেতে॥ মোছাফের হয়ে আছি গরিবি হালেতে*এইরূপ কহা সোনা করিতে আছিল॥ হেন কালে আর এক জওান আইল * কহিল বিবীকে সেহ খোওাবে এয়ছাই॥ এই মর্দ্দ ইরানেতে পাইবে বাদসাই* নাহিক তোমার জোড়া এহার ছেওায়॥ তেরা তরে হেথা এছে আনিল খোদায় * এয়ছাই কহিয়া সে গায়েব হয়ে গেল॥ নিন্দ ছুটে গেল বিবী জাগিয়া উঠিল * চারিদিকে চেয়ে দেখে করিয়া নজর॥ দেখিতে না পায় কারে ঘরের ভিতর * কামাতুর হয়ে বিবী মদন জালায়॥ আসকে অবসহয়ে করে হায়২ * জলিয়া উঠিল জাদ আসকের বাতি॥ নাহি নেবে ধিকী২ জলে দিবা রাতি * সরমেতে কারে কিছু কহিতে না পারে॥ দুক্ষ মনে থাকে সদা ভাবিত অন্তরে* আছিল সোনার তনু বয়স নবীন দেনে২ শুখাইয়া হয়ে আইল ক্ষীন* দেখিয়া মাতারি তার সে হাল তখন॥ ভাবাগোনা করিতে লাগিল মনে মন * আসকি খিয়াল তার জানিতে পারিয়া॥ আরজ করেন বিবী বাদসার লাগিয়া * সাদির লায়েক বেটী হইল সিয়ানা॥ কিকারনে খিয়াল না কর জাহাপানা * দেখিলে বেটীর তরে হবে পেরে সান॥ না আছে সে রুপ তার চাঁদের সমান * ইহা সুনে জাহাপানা ভাবিয়া গুনিয়া॥ কহে বেগমের তরে তুমি তবে গিয়া * বেটিকে পুছিয়া দেখ খাহেস কি তার॥ কারার করেছি আমি এমনি প্রকার * কওল মাফিক তার এজন লইয়া॥ সাদি বেহা দেলাইব খোসাল হইয়া * এছাই হুকুম পেয়ে জাইয়া বেগম॥ কহিল বেটির আগে সাদীর পয়গাম* সুনে বিবী সাহাজাদি রহে হেটছিরে॥ না কহে জওাব কিছু মায়ের হুজুরে * নানামতে বুঝাইয়া পুছিল তখন॥ আখেরেতে দিল বিবী জওাব এমন * জে হবে পছন্দ মত দেখিয়া নজরে॥সাদী বেহা কবুল, করিব তার তরে*নহে এইহালে রব ঘরেতে আপন মরদের নাম না লইব কদাচন * এয়ছাই সুনিয়া বিবী বেটির মুখেতে॥ বয়ান করিল এসে বাদসার আগেতে*সুনে সাহা জাহাপানা খোসাল হইয়া॥ উজির সবার তরে কহে বোলাইয়া*দেলাব বেটীর সাদি হয়েছে বাসনা॥ দেসে২ দেহ এবে ভেজিয়া পরওানা*বেটীমেরা করিয়াছে কারার এমন॥দেখিয়া পছন্দ মত হইবে জে জন* সাদী বেহা কবুল করিবে তার তরে॥ আমার কারার তার রাজির উপরে

ছবোবে মর্দ্দ হইয়া মগরুর॥ বাদসার হুজুর হৈতে ছিল সদা দুর*লহরাস্প সাহা তার গরুরি দেখিয়া রেখেছিল হামেহাল লাচার করিয়া * বে মেহের দেখে মর্দ্দ বাপের কারন ॥ বেদেল হইয়া থাকে ভাবে মনে মন * এক দিন গোস্বাভরে সওার হইয়া ॥ হিন্দুস্থান তরফেতে চলে নেকলিয়া * লহরাস্প সাহা এয়ছা শুনিল জখন ॥ গোস্তাস্প চলিয়া গেল হয়ে গোস্বামন * ডাকিয়া তখন সাহা জরিরে ক-হিল ॥ গোস্তাস্প বেদেল হয়ে নেকলিয়া গেল*জাহ বাবা তুমি এবে সেতাবি করিয়া ॥কোনরূপে তার তরে আন ফেরাইয়া * বাপের ফরমান মত জরির তখন ॥ সেতাবি চলিল সাতে লিয়া লোক জোন গোস্বাতে মর্দ্দানা গিয়া ছিল জেই দিগে ॥ ঢুড়িতে২ মর্দ্দ চলে সেই বাগে * কত দুর গিয়া রাহে দে-খিতে পাইয়া ॥ কাতর হইয়া কহে ভাএব লাগিয়া * কহ ভাই কি কারনে ছাড়িয়া ওতন ॥ নেকলিয়া আইলে হেথা হয়ে গোস্বা মন * বেহালেতে আছ এয়ছা জঙ্গল ভিতরে ॥ চল এবে হেথা হৈতে আ-পনার ঘরে * সুনিয়া গোস্তাস্প কহে জরিরে তখন ॥ নেকলিয়া আইনু আমি এহার কারন * বাপ মুঝে হর বাতে রাখে লাচারিতে ॥ না আছে এজ্জত মেরা বাপের আগেতে * মেহের করেন সদা কা উছি উপর ॥ আমা দোহা পরে থাকে গরম নজর* কাউছি দুবেটা তার হইল পিয়ারা ॥ দুসমন হইনু বুঝি দুই ভাই মোরা * জদি সাহা করে মুঝে মালেক মোক্তার ॥ তবেত জাইব আমি হুজুরে তাহার * নহে আমি আসিয়াছি বাহির হইয়া ॥ বাপের হুজুরে আর না জাব ফিরিয়া * এতেক সুনিয়া কহে জ রির তখন ॥ চল এবে হেথা হৈতে ঘরেতে আপন * এবা কোন ভারি কথা কহিব বাপেরে ॥ মালেক মোক্তার জাতে করে সে তোমারে * এবাতে জামিন আমি হইনু এখন ॥ চল ভাই হেথা হৈতে ঘরেতে আপন * এহা বলে গোস্তাস্পকে সাতে করে লিয়া ॥ খুসিতে জরির মর্দ্দ আইল ফিরিয়া * তাহা বাদে দরখাস্ত লইয়া গোস্তাস্পের ॥ আরজ করিয়া কহে হুজুরে বাপের* সুনে সাহা জাহাপানা মেহের না করে ॥ না দিল জওাব কিছু জরিরের তরে * বে মেহের হৈল জদি বাদসা নামদার ॥ আখেরে গো-স্তাস্প মর্দ্দ হইয়া লাচার * রুম দেশ পানে ফের জায় নেকলিয়া ॥ ময়দান জঙ্গল কত জায় এড়াইয়া * বাদসার হুকুমে ফের জরির সর্দ্দার ॥ ঢুড়িতে২ চলে পিছে পিছে তার * কোনখানে নাহিক পাইয়া আখেরেতে ॥ নাওম্মেদ হয়ে ফিরে আইল ঘরেতে * গোস্তাস্প মর্দ্দানা হোথা কতদিন পরে ॥ জাইয়া দাখেল হৈল রুমের সহরে * ঘর এক কেবায়া করিয়া এখানেতে ॥ কিছু দিন রহে মর্দ্দ গরিবি হালেতে*মালমাত্তা ছিল জাহা গেল ফুরাইয়া ॥ আখেরে তখন মর্দ্দ লাচার হইয়া * দেওানের কাছে গিয়া কয়ছোর সাহার ॥ কহিতে লাগিল মর্দ্দ হুজুরে তাহার * আইনু বিদেসি আমি তোমার দেশেতে বেকার হইয়া ফিরি নাহি পাই খেতে * লেখা পড়ি জানি আমি গোন নেকনাম ॥ মেহের করিয়া জদি দেহ কোন কাম * তা হইলে কিছু দিন খুসি খোসালিতে ॥ নওকোর হইয়া থাকি বাদসার খেদমতে সুনিয়া কহিল সেই দেওান তখন ॥ মুনসি নওকোরে এবে নাহি প্রয়োজন * জদি উমেদওার হয়েথাক কিছু কাল ॥ কোনকাম খালি হৈলে হইবে বাহাল * এতেক সুনিয়া মর্দ্দ সেথায় থাকিয়া ॥ সইস খা নার বাগে গেলেন চলিয়া * কেননা ভোকেতে মর্দ্দ আছিল কাতর ॥ না পারে ভোকের জালা করিতে ছবর*কহিল সইসদিগে আজিজী হালেতে॥ আইনু এখানে আমি চাকরি করিতে * না হৈল নওকোরি মেরা নছিব বুরাই ॥ ভোকে পেরেসান আছি খেতে নাহি পাই * এখানেতে খালি জদি থাকে কোন কাম ॥ মেহের করিয়া মুঝে রাখ নেকনাম* এতেক শুনিয়া সেই সইস তখন ॥ কহিল নওকোরে হেথা নাহি প্রয়োজন*সইস খানাতে হেথা কি করিবে ভাই ॥ তোমার লায়েক কাম হেথা কিছু নাই*এয়ছাই কহিয়া থোড়া খানা সে আসিয়া ॥ দিল গোস্তাস্পের আগে খাবার লাগিয়া * খুসি হয়ে সাহাজাদা খা ইয়া সে খানা ॥ সেথা হৈতে চলে ফের হইয়া রওানা * লোহারের দোকানে জাইয়া পাহালওান ॥ ক হিল তাহার তরে করিয়া বয়ান * আইনু বিদেসি আমি করিতে চাকরি ॥ হরকামে মেহনত করিতে খুব পারি * জানি আমি নানারূপে হুনুর হেকমত ॥ জে কাম কহিবে মুঝে পারিব আলবত * শুনে সে লোহার মর্দ্দ কহিল এছাই ॥ লোহা পিটীবার কাম পার জদি ভাই * তা হইলে রহ তুমি দোকানে আমার ॥ মেহনত বুঝিয়া দিব তলব তোমার * শুনে মর্দ্দ সেখানেতে রহে খুসি হৈয়া ॥ তখন লোহার

না আইল॥ খোছরুর সঙ্গেতে সবে পিছে২ গেল * ছিল সে তালাব জেথা পঙছিল জাইয়া॥ দেখে তালাবের পানি খোসাল হইয়া * সেতাবি নাবিয়া সাহা পানিতে তখন॥ গোছল করিল খুব হয়ে খুসি মন * তার পরে কহিলেন সবার লাগিয়া॥ জুদাইর ওক্ত মেরা পৌছিল আসিয়া * খোদার তরফে জান শুপিব এখন॥ দের নাহি আছে আর সোন বিবরন * তোমরা সকলে এবে সেতাবি করিয়া॥ এখান হইতে জাহ ঘরেতে চলিয়া * হইবে এখানে বড় ঝাড় ও তুফান॥ গাছ পালা ভাঙ্গিয়া করিবে খান২ *মেঘেতে হইয়া জাবে ঘোর অন্ধকার॥ গিরিবে বরফ আর পানি বেশুমার * এছাই কহিয়া সাহা দেখিতে২॥ গায়েব হইয়া গেল তালাব বিচেতে॥ পানিতে গোরক জদি হৈল নামদার॥ কোন রূপে নাহি মেলে নেসানি তাহার *তখন সর্দ্দার সবে নাউম্মেদ হইয়া॥ ফিরিল সেখান হৈতে কান্দিয়া কান্দিয়া *ফরিবোর্জ্জ এয়ছাই কহিল সবে ফের॥ থোড়া এছা রহনা করিয়া হেথা দের * খানা পানি খেয়ে কিছু জাব হেথা হইতে॥ পেরেসান হৈনু বড়া ভুক পিয়াসেতে * একথা শুনিয়া সবে ফিরিয়া তখন॥ ওতরিয়া সেই খানে রহে জনে জন * গোদর্জ্জ মর্দ্দানা কিন্তু নাহিক ফিরিয়া॥ সেথা হইতে আগে থোড়া গেলেন চলিয়া * জাইয়া বস্তির বীচেখেয়ে খানাপানি ॥আরাম করিয়া মর্দ্দ রহেনআপনি এখানেতে ফরিবোর্জ্জ সবাকারে লিয়া॥ খেয়ে পিয়ে রহে খুব আরাম করিয়া* হেনকালে মেঘ ঝাড়ি হয়ে নমুদার॥ বরসিল বরফ আর পানি বেশুমার*ময়দান ছফেদ হইল বরফ গিরিয়া॥ দেখা নাহি জায় কিছু জেমন দরিয়া * ফরিবোর্জ্জ সাহা আর বেজন সর্দ্দার॥ গেও গোস্তহাম আর তুছ নামদার* আর জারা ছিল এহাসবাকার সাতে॥ বরফে দাবিয়া মারা গেল নিদানেতে* আছিল আল্লার চাহা হায়াত আখের॥ মারা গেল সকলেতে এহার খাতের*হোথায় গোদর্জ্জ এহা সবার লাগিয়া ॥রহে পেরেসান হালে রাহা তাকাইয়া * জখন দেখিল কেহু নাহিক আইল॥ ভেবে গুনে এক লোকে পাঠাইয়া দিল কহিল তাহার তরে সেতাবিজাইয়া॥কিহালেতে আছে সবে আইসহ জানিয়া* তবে সে আসিয়া হেথা দেখিল এয়ছাই॥ বরফে দাবিয়া মারা গিয়াছে সবাই* পড়ে আছে মরা লাস বরফের নিচে॥ নেকালিতে কোনরূপে দাও নাহি আছে * দেখে শুনে লাচার হইয়া সে আখেরে॥ খবর করিল শেসে গোদর্জ্জের তরে*শুনিয়া খবর এয়ছা গোদর্জ্জ সর্দ্দার॥ কান্দেন সবার তরে হয়ে জারে জার॥ বেটা ও পোতার সোগে মাতম করিয়া॥ আখেরে সেখান হইতে এলেন চলিয়া * লহরাস্প সাহা জেথা আছিল ইরানে কহিল তামাম হাল তাহার ছামনে * সুনে সাহা সর্দ্দার সবার সমাচার॥ করিল দেলের বিচেআফছোছ হাজার * হীন কবিকার কহে কেতাব বচন॥ জার জে নছিবে লেখা নাহয় খণ্ডন * বাদসা উজিরকিম্বা ফকির মিছকীন॥ সবাকারে মরিতে হইবে এক দিন *

লহরাস্প ইরানের তক্তে বসিয়া বাদসা হয় ও লহরাস্পের বেটা গোস্তাস্প
আপন বাপ হৈতে বেদেল হইয়া রুম দেসে জাইয়া রুমের
কয়ছর নাহার বেটিকে সাদি করিবার বয়ান॥

পয়ার * কায়খোছরু জাহাপানা বাদসা নামদার॥ লহরাস্পে সুপে দিয়া বাদসাই মাদার *আপনী গায়েব হইল তালাবে জাইয়া॥ তার পরে লহরাস্প ইরানেআসিয়া*তক্তে বারদিয়া হৈল বাদসা জাহাগির॥ আরকান দৌলত রহে খেদমতে হাজির * খোছরোর আদল সাহা রাখীয়া বজায়॥ হামেসা মেহের করে রায়েত প্রজায় * কোনবাতে কার পরে নাহিদেয় দুখ॥ হর হালে হামেসা সবার চাহে শুখ *এনছাফ বকসেস খুব করেন মোদাম॥ বাদসার মেহেরে সবেরহে সাদ গাম* এইরূপে কতদিন জায় গোজারিয়া॥ খুসিতে বাদসাই করে তক্তে বার দিয়া * চার বেটা জঙ্গী মর্দ্দ আছিল সাহার ॥বড়া পাহালওান সবে জোরে জোরওার * সায়দাছফসাহা আর আর্দ্দসের নামে॥ এরাদোহে কাউছেরবেটীর সেকমে*আর জে দোছরা বিবি আছিল সাহার॥দুই বেটা হয়েছিল সেকমে তাহার *জরির নায়েতে আর গোস্তাস্প জওান॥জোরে জোরওার দোহে বড়া পাহালওান*দুমায়ের সেকমে আছিল চার জনা ছুরত জামাল সবে সাহেব মর্দ্দানা * সবাকে চাহিয়া কিন্তু জোরে জোরওার * পাহালওান আছিল গোস্তাস্প নামদার * আর ছিল চেহারাতে চমক নুরের॥ আক্কেল দানাই খুব লায়েক তক্তের*এসব

বাদসা কায় খোছরো লহরাস্পকে তাজ তক্ত শুপিয়া আপনি এক তালাবে গাএব হইবার বয়ান ॥

পয়ার * ঘর বাড়ি ছেড়ে দিয়া খোছরো নামদার ॥ খিমা বিচে রহে গিয়া ময়দান মাঝার * এক দিন রাত সাহা থাকিয়া সেখানে ॥ দোছরা রোজেতে ফের উঠিয়া বেহানে * মাঙ্গাইয়া ইরানের নামি সবাকায় ॥ এনাম খেলাত দিয়া করিল বিদায় * আর ছিল দেসে জত গরিব ফকির ॥ নেহাল করিল তাহা সবার খাতির * সাত রোজ খয়রাত করিল নামদার ॥ মাল মাত্তা জামা জোড়া হাজারে হাজার লস্কর সরদারে ফের দিল কত মাল॥ একে২ সবাকারে করিল নেহাল*গনিও গরিব সবে আছুদা হইয়া দোওা করে জনে২ বাদসার লাগিয়া* তার পরে জাহাপানা দুনিয়ার বাতে ॥ আপনাকে আজাদ করে হয়ে খোসালিতে * লহরাস্পে সুপে দিল বাদসাই মাদার ॥ গোদর্জ্জকে বানাইল উজির তাহার * লস্করে সরদার কৈল গেওয়ের লাগিয়া॥হুকুমতি জঙ্গি তাজ ছেরেতার দিয়া*বাটারা করিয়া ফেরমুল্লক তামাম ॥ দিলেন সবার তরে বাদসা নেকনাম * জে দেসে হাকিম জে আছিল হামেহাল ॥ জার জে পাইয়া দেস হইল নেহাল*কহিল তা সবে ফের বাদসা নেকবক্ত॥ লহরাস্পে ইরানে শুপনু তাজ তক্ত এক্ষনে তোমরা সবে ইরান দেশেতে ॥ খাজানা ভেজিবে লহরাস্পের আগেতে * না ফরমানি করে কেহু ছের না ওঠাবে ॥ হামেহাল তাবেদার হইয়া রহিবে * এহা বলে তার পরে খোছরো নেকজাত ইরানি সবার তরে কহে এই বাত* লহরাস্প বাদসা হৈল তোমা সবাকার ॥ ফরমা বরদারি সবে করিবে এহার * ফরিবোর্জ্জ কহে ফের সোন চাচাজান ॥ তুমিও মানিবে লহরাস্পের ফরমান * এহা সুনে ইরানের জত লোক জন ॥ আরজ করিয়া কহে বাদসাকে তখন * ফরিবোর্জ্জ নামদার কাউছের বেটা বাদসার ফরজন্দ কভু মানে নাহি ছোটা * তাবেদারি কেমনে করিবে দোছরার ॥ দেলবিচে দেখ সাহা করিয়া বিচার*মৌজুদ থাকিতে বেটা দামাদের তরে ॥ তাজতক্ত কোনরূপে না মেলে বিচারে*সুনিয়া এয়ছাই বাত ইরানি সবার ॥ জাল সাহা কহিতে লাগিল এ প্রকার *কায়খোছরো সাহা জারে শুপিল বাদসাই ॥ তাবেদারি মোরা তার করিব সবাই*কোন বাতে কদাচিত না হেলাব ছির ॥ হামেসা থাকিব তার ফরমা পিজির * এয়ছাই কহিয়া ফের জাল নামদার ॥ আরজ করিয়া কহে জোনাবে বাদসার * খাক কে মরতবা জদি দেহ জাহাগির ॥ মোরা সবে তার আগে ঝোকাইব ছির * মানিব তাহার তরে বোজংগো জানিয়া ॥ লইব ফরমান তার কবুল করিয়া * সুনে সাহা কায়খোছরো কহিল তখন ॥ বাদ সাহি সুপিবা চাহি ওহার কারন*আক্কেল হুনুর আর মর্দ্দামি জেরাখে ॥ হরবাতে সবাকে হামেসা রাখে সুখে*তাজতক্ত সাহির লাএক সেই হয় ॥ মর্দ্দমি না রাখে জে তাহার তরে লয় * লহরাস্প আওলাদ জে হোসাঙ্গ সাহার॥ জওয়ামর্দ্দ দানা ও বহুতি হুসিয়ার*বুঝিয়া সুজিয়া আমি ওহার লাগিয়া॥তাজতক্ত সাহি এবে দিয়াছি সুপিয়া* এহা সুনে লহরাস্প বাদসার খাতির ॥ ছালাম করিল সবে ঝোকাইয়া ছির ফরমা বরদারি তার কবুল করিল। খুসি হালে তাবেদার হইয়া রহিল * ছরদার সকলে জদি মানিল ফরমান ॥ খুস হৈল লাহরাস্প সাহেব জাহান*তখন কহিল ফের খোছরো জাহাগির॥সোন লাহরাস্প কাহ তোমার খাতির * এবে তুমি লস্কর সরদার সবে লিয়া ॥ রবে সহরের বিচে হেথা হৈতে গিয়া * গাএবি আওাজ ফের সুনিনু এমন ॥ তালাবের বিচে মেরা হইবে মরন * জেথা সে তালাব আছে জাব সেই ঠাই ॥ আর আমি এখানে রহিতে পারি নাই* এহা শুনে লাহরাস্প বাদসা নামদার॥ লস্কর সর্দ্দার সাতে লিয়া আপনার * মিলে জুলে কায়খোছরো বাদসার সহিতে ॥ আইসে সহরের বাগে কান্দিতে কান্দিতে * তখন সেখান হৈতে খোছরো জাহাপানা ॥ চলে তালাবের পানে হইয়া রওানা * জাল ও রোস্তম আর তামাম সরদার ॥ কান্দিয়া২ চলে পিছে পিছে তার * কতদুর রাহে সাহা জাইয়া এয়ছাই জাল ও রোস্তমে ফের করিল বিদাই*মিলে জুলে দোহে তারা কান্দিয়া২॥জাবলে আপনা দেসেআইল ফিরিয়া * তার পরে সেথাহতে খোছরো নেকনাম ॥ আগে বেড়ে চলে জেথা কাজার মোকাম * ফরি-বোর্জ্জ গেও আর গোদর্জ্জ সরদার ॥ গোস্তহাম তুছ ও বেজন নামদার * এরা কিন্তু রাহা হৈতে ফিরে

জেতে হবে গোরের ভিতর * দুনিয়া দওলতে আর নাহি প্রয়োজন॥ ছাড়নু সকল আমি এহার কারন * খাহেস হইল এবে দেলেতে আমার॥ হামেশাল এবাদতে রহিব খোদার*কোনরূপে গাফেল না রব কদাচন॥ আখেরের কাম কিছু করিব এখন * শুনিয়া জওাব দিল পাহালওান জাল॥ করিয়াছ দেলে জদি আখেরি খেয়াল * গরিব মিছকিনে খুব মালমাত্তা দিয়া॥ হামেসা আছুদা রাখ নেহাল করিয়া * তাহাতে হইবে সাহা খুব নেকনাম॥ হেথা সেথা দোজাহানে পাবে পরিনাম * তার সাতে এবাদত কর একিয়াব॥ এলাহী মকছেদ পুরা করিবে তোমার* আলমে এনছাফ করা বহুতি ভালাই॥ তার মত এবাদত কিছু এয়ছা নাই*তোমাকে লাজেম হয় বাদসা নামদার॥ করিবা মেহেরবানি রাএত প্রজার * শুনে সাহা কায়খোছরো লাগিল কহিতে॥ ঘৃনা হইয়াছে মেরা দুনিয়ার বাতে * গাএবি আওাজ রাতে সুনিনু এমন॥ মোর তরে এয়ছাই কহিল কোন জন * মউত নজদিগ এসে পওছিল তোমার॥ এই বেলা করে লেহ সামানা তৈয়ার * এখাতেরে তাজ সাহি ছাড়িয়া তামাম॥ নিরালা বসিয়া জপি এলাহির নাম * এয়ছাই শুনিয়া ভাবে জাল নামদার॥ নছিহত কামে কিছু না আইল তার * কিন্তু সাহা জাল ফের আরজ করিয়া॥ কহিতে লাগিল এহা বাদসার লাগিয়া * সোন সাহা জাহাপানা বাদসা নামদার॥ হইল বহুত বেসি বএস আমার * তোমার চৌগুনা হবে আমার ওম্মর হইয়াছি বুড়া পির গায়ে নাহি জোর * এখন এ সাধ মেরা দেলের বিচেতে॥ গোসানিসী হয়ে থাকি তোমার কাছেতে * খোদার বন্দিগী করি মসগুল হইয়া * আমিওভি কোন ঘড়ি জাইব মরিয়া * তখন কহিল খোছরো জালের তরেতে॥ আর না পারিব আমি এখানে রহিতে * হেথা হৈতে অন্য ঠাই জাইব এখন॥ সেখানেতে গেলে মেরা হইবে মরন * কেননা পার্য়েব ফের সুনিয়াছি রাতে॥ কাজার মকামে মুঝে হইবে জাইতে* জেখানেতে কাজা মেরা লিখেছে খোদায়॥ আলবোত্তা জাইতে মুঝে হইবে সেথায় * এহা সুনে জাল ও রোস্তম নামদার॥ বাহিরে আইল দোহে হয়ে জারে জার * আছু বহাইয়া কান্দে দেল পেরেসানি॥ কহে হায় কায়খোছরো সোনালে কি বানী* সে হাল দেখিয়া জত ইরানের লোক॥ সোর গোল করে কান্দে পেয়ে মনে সোক * সুনিয়া তখন সাহা কান্দনা সবা বাহিরে আসিয়া বৈসে তক্তে দিয়া বার * নানা মতে বুঝাইয়া কহে জনে২ * কহে সবে এয়ছা হালে কান্দ কি কারনে * না কান্দ ছবুর কর রহ খামসিয়া॥ সবাকারে জেতে হবে ছেড়ে এ দুনিয়া * কত নামি নামদার ছেড়ে তাজ সাহি॥ নিজবাসে গেল চলে হুকুম এলাহী * আছিল জামসেদ দারা বাদসা নেকবক্ত॥ কোথায় রহিল তার সাহি তাজ তক্ত * জোহাক আছিল এয়ছা দুনিয়া বিচেতে॥ আখেরে মিলিল সেহ খাকের নীচেতে * কোথায় ফেরেদু সাহা বাদসা নামদার॥ তুর ও ছোল্লম কোথা ইরুচ সরদার * ছিয়াওস গেল কোথা ছাড়িয়া জাহান॥ কোনখানে নাহি মেলে তাহার নিসান আফরাছিয়াব এত জোলম করিয়া॥ আখেরে রহিল কোথা দেখহ ভাবিয়া * সাত মুল্লকের সাহা কাউছ জাহান॥ সেহভি খাকের নীচে গেলেন নিদান*জন্মিলে মউত লেখা সবাকার বক্তে॥ এড়াতে নারিবে কেহ মউতের হাতে * জেরূপে সকল নামি গেছে গোজারিয়া॥ আমিওভি সেইরূপে ছাড়িব দুনিয়া * না কান্দ আমার তরে তোমরা সবাই॥ তোমা সব হৈতে এবে হইনু বিদাই * এহা বোলে ফরমাইল বাদসা নামদার॥ ময়দামেতে খিমা মেরা করহ তৈয়ার * আর আমি রহিতে না পারিব এখানে॥ এবে আমি হেথা হৈতে জাইব ময়দানে * সুনিয়া খাদেম লোক জাইয়া তখন॥ ময়দানে ডালিল খিমা বাদসার কারন * তখন ছাড়িয়া ঘর বাদসা নামদার॥ খিমা বিচে রহে গিয়া ময়দান মাঝার * উজির আরকান সব গেল সাতে সাতে॥ আহাজারি করে কান্দে বাদসার গমেতে * বেসুমার খিমা খাড়া হইল ময়দানে॥ জার জে খিমার বিচে রহে জনে জনে * দিন গুজরিয়া গেল হৈল নিমাসাম॥ রহেন সে রাত্ত সেথা করিয়া মকাম * অধিন খাতের কহে কেতাব বচন॥ জার জে নছিবে লেখা না হয় খণ্ডন * জেখানে জে হালে কাজা লেখা জার বক্তে॥ আলবত্তা সেখানে তারে হইবে জাইতে *

সকলেতে ॥ হাত ওঠাইয়া দোওা করিল দরগাতে * তারপরে জাহাপানা খোছরো নেকনাম ॥ করিল হুকুম জারি মুল্লকে তামাম * সাত বচ্ছরের দিল খাজানা রেহাই ॥ গনী ও গারব খুসি হইল সবাই * আরামে গোজরান করে জত লোক জন ॥ সুখ বিনে দুখ নাহি জানে কদাচন * আদল এনছাফ খুব করে নামদার ॥ নেক রাহে থাকে সদা হইয়া কারার * খুসিতে গোজরান করে মুল্লকের লোক ॥ বাদসার এনছাফে কেহ নাহি পায় সোগ * এইরূপে হামেহালরাএত প্রজায় ॥ হর বাতে আছুদা রাখিয়া সবাকায় * কাউছ বাদসার তক্ত পরে বারদিয়া ॥ সাট সাল খুসি হালে বাদসাই করিয়া * আখেরে ছাড়িয়া সাহি বাদসা জাহাগির ॥ দেল লাগাইল এবাদতে এলাহীর * উজিরে শুপিয়া দিয়া মুল্লকের বার ॥ গোসা নিসি হয়ে রহে ছাড়িয়া সংসার *দুনিয়ার কাম হৈতে হাত ওঠাইয়া॥রাত দিন এবাদতে রহেন ঝুকিয়া * দেখিয়া তখন জত ইরানের লোক ॥ বাদসার লাগিয়া সবে মনে পেয়ে সোক * আখেরে হুজুরে সবে হাজের হইয়া ॥ কহিতে লাগিল এয়ছা আরজ করিয়া* সোন বাদসা নামদারকহি জনাবেতে॥ এনছাফের ডুরি নাহি ছাড় হাত হৈতে * আদল এনছাফ করা রাএত প্রজার ॥ এইখুব এবাদত জানিবে খোদার * দিনেতে এনছাফ কাম কর জাহাগির ॥ রাত কালে এবাদত কর এলাহীর এছুরাতে হাছেল হইবে দুই কাম ॥ হেথা সেথা দোজাহানে॥পাবে পরিনাম * সুনিয়া তখন সাহা খোছরো জাহাদার ॥কহিল তা সবাকারে সোন সমাচার * জইফি ওম্বর মেরা হইল এখন ॥ তাজসাহি মুঝে আর নাহি প্রয়োজন* এ ওক্তে বাসনা মেরা দেলেতে এয়ছাই ॥ কোন রূপে দুনিয়া হইতে আমি জাই*মিছে এদুনিয়া বিচে বেচে,কিবা সুখ॥নাহক কিসের তরে ওঠাইবদুখ* কি করিব তাজ সাহি আর এসময় ॥ কেহু নাহি কাএম রহিল দুনিয়ায় * মেরা আগে কত বাদসা গেল গোজারিয়া ॥ তাজ সাহি সবাকার রহিল পাড়িয়া* আমিওভি সেই রাহে জাইব এখন ॥ বাদসাহির তক্ত মেরা নাহি প্রয়োজন * এহা বলে সবাকারে বিদায় করিয়া ॥ আপনি হুজরার বিচে রহেন জাইয়া * তখন ইরানি সব পেরেসান হালে ॥ মছলত করিল এয়ছা আপসেতে মিলে * জাল আর রোস্তমেরেআনাইলে হেথা ॥ আল বোত্তা শুনিবে খোছরো তাহাদের কথা * এহা বলে নামা এক করিল তৈয়ার ॥ লিখীয়া সে নামাতে তামাম সমাচার * চালাক কাছেদে এক দিল পাঠাইয়া ॥ পওছাইল নামা সে জালের আগে লিয়া * লিখন পড়িয়া সাহা জাল নামদার ॥ পেরেসান হয়ে বড় দেলের মাঝার*তখনি লইয়া সাতে রোস্তমের তরে ॥ আসিয়া পৌঁছিল সাহা ইরান সহরে* শুনে জত নামদার ইরান দেশের॥ আগু বাড়াইয়া আনে দোহার খাতের * তাজিমেতে বসাইয়া তক্তের উপর ॥ কহিতে লাগিল সবে বাদসার খবর * সোন পাহালওান এবে কহি বিবরন ॥ মাঙ্গাইনু আপনাকে ইহার কারন * কায়খোছরো জাহাপানা বাদসা নামদার ॥ ছাড়িয়াছে তাজ তক্ত বাদসাই যাদার * খোদা জানে কি হইল!বাদসার দেলেতে ॥ ছাড়িয়া সকল কাম বসিল গোসাতে* রাত দিন এবাদতে থাকে এক ঘরে ॥ কোনকামে ঘর হৈতে না আইসে বাহিরে * একাবৈশে এবাদত করেন খোদার ॥ লোক জন হৈতে কিছু না রাখে দরকার * নানামতে বুঝাইনু মোরা জনে২ ॥ কোন মতে না মানিল মোদের বচনে * একারনে আপনাকে লিনু মাঙ্গাইয়া যাহা জান কর আপে বুঝিয়া সুজিয়া* জালও রোস্তম এয়ছা সুনে বিবরন ॥ পেরেসান হৈল বড়া বাদসার কারন*আখেরেতে দুইজনে ভাবিয়া গুনিয়া॥বাদসানামদার জেথা গেলেনচলিয়া*হুজু রারদুয়ারে দাড়ায়ে দুই জনে ॥ আহাজারি করে কান্দে অঝর নয়নে * সুনিতে পাইয়া তবে খোছরো নামদার ॥ বোলাইল দোহাকারে ঘরের মাঝার*হুকুমপাইয়া দোঁহে রোস্তম আর জাল॥গেলেন ঘরের বিচে হইয়া খোসাল * ছালাম তছলিম করে বাদসার কারন ॥ জোড় হাতে দাড়াইয়া রহে দুইজন * তখন পুছিল সাহা জালের লাগিয়া ॥ কহ মর্দ্দ কান্দ কাহে আছু বহাইয়া * কি কামে আইলে হেথা কহ বিবরন ॥ শুনে সাহা জাল কহে বাদসাকে তখন * তোমার এ হাল আমি ওাকেফ হইয়া ॥ আইনু কদম বুছি করিব বলিয়া* কি কারনে তাজ তক্ত ছাড়িয়া আপনি ॥ গোসানিসি হইয়াছ কহ দেখি সুনি লইলে মুল্লক সব মেহনত করিয়া ॥ এখন বরবাদ কর কিসের লাগিয়া * শুনে সাহা কায়খোছরো এয়ছাই বচন ॥ কহিতে লাগিল তবে জালের কারন* ওম্বর হইল ভারি গায়ে নাহি জোর ॥ কোনঘড়ি

এলাহি আলমিন আল্লা ফজলে তোমার * এত দিনে পুরা হইল মোকছেদ আমার * লইনু বাপের দাদ দুসমনের ঠাই॥ মিটীল দেলের কালি ঘুচিল বালাই * এইরূপে মোনাজাত করিয়া আখেরে॥ কহিতে লাগিল ফের রোস্তমের তরে * তুমি এবে কিছু দিন এখানে থাকিয়া॥ তুরান মুল্লুক সব দখল করিয়া খাজানা আদায় করে তামাম দেশের॥ জাইবে ইরান দেশে খোসাল খাতের * এহা বলে তুরানেতে রোস্তমে রাখিয়া॥ খুসি হালে আপনা লস্কর সাতে লিয়া * ইরানে আপন দেসে আসিয়া পোঁছিল॥ কায়কাউছ সাহা তার খবর পাইল * তুরান করিয়া ফতে খোছরু জাহাপান॥ ফিরিয়া আইল লিয়া লস্কর ছামানা * তবে সাহা খুসি দেলে আগু বাড়াইয়া॥ লইল খছরুর তরে ছাতি লাগাইয়া * মাল মাত্তা জাবাজোড়া আনিয়া সাহানা॥ খোছরুকে এনাম দিল বাদসা জাহাপানা * কায়খোসরু দেল বিচে খোসাল হইয়া॥ বাদসার এনাম লিল ছালাম করিয়া * তার পরে মহিমের জত বিবরন॥ একে২ সোনাইল বাদসার কারন * সুনিয়া কাউছ সাহা বাদসা জাহাপানা * হইল খাতের জমা ঘুচিল ভাবনা কহিল সোকর এই খোদার দরগাতে॥ লইলে বাপের দাদ আপনার হাতে * এলাহি কায়েম রাখে তোমাকে সদাই॥ খুসি খোসালেতে এবে করহ বাদসাই * অধিন খাতের কহে গেল দুক্ষ ভার॥ জালেমের তরে খোদা করিল খুওার * জে কেহু জালেম হয় তাহার লাগিয়া॥ কিছু দিন আল্লাতালা দেখে বাড়াইয়া * জখন ওয়াদা পুরা হয়ে জায় তার॥ খোদা তারে একুকালে করে ছারখার * দেখ কেয়ছা ফেরাউন জুলুম কারয়া॥ আখেরে দরিয়া বিচে মরিল ডুবিয়া * খোদা তারে ঝাড়ে বংসে করিল নিপাত॥ আর মৈল আছিল জে কেহু তার সাত * মুছা নবি নেকরাহে আছিল খোদার॥ আল্লা তারে বাচাইল করিয়া পিয়ার * দুসমন হইতে কত ওঠাইল দুখ॥ আখেরে মিলিল তারে বেহেস্তের সুখ * বুঝে সুজে চল সবে দুনিয়া বিচেতে॥ জোলম না কর কেহ কাহার পরেতে * মালমাত্তা সাহি তক্ত পড়িয়া রহিবে॥ খালি হাতে গোরে একা জাইতে হইবে * ভালা বুরা জেবা জেয়ছা করিবে এখানে জার জে আমল মত পাইবে সেখানে * সামালিয়া রহ সবে হইয়া হুসিয়ার॥ বদি কৈলে বদি ফলে হুকুমে খোদার॥ বেগুনা লোকের পরে জে করে দুসমনি॥ খোদার গজবে মারা জাবে সে আপনি * নাহী কর মাল মাত্তা জোরেরবড়াই॥ জে করিবে আখেরেতে পাইবে সাজাই * লিখিনু কেতাব মত আছিল জেমন॥ আমি অধিনেরে দোওা দিও জনে জন *

কায়কাউছ বাদসার ওফাত ও কায়খোছরু ইরানের তক্তে কায়েম হইয়া
কএক সাল বাদে গোসানিসি হইবার বয়ান *

পয়ার * মহিমে পাইয়া ফতে তুরান দেসের॥ হইয়া জে কায়খোছরু খোসাল খাতের * আসিয়া ইরান দেসে রহে আরামেতে॥ গম দুক্ষ পেরেসানি না ছিল দেলেতে * এইরূপে কিছুদিন গুজারিয়া গেল॥ গমের আগুন ফের জলিয়া উঠীল * দোন জাহানের বিচে ছেওায় খোদার॥ কায়েম না রবে কেহু হইয়া কারার * বাদসা উজির কিম্বা ফকির মিছকিন॥ মোরে সবে গোরেতে জাইবে এক দিন মউত হইতে ছাড়া নাই কোন জন॥ এ দুনিয়ায় সব ফানা মিছে অকারন * আছিল কাউছসাহা বাদসা নামদার॥ সাত মুল্লকের বাদসা তাবে ছিল তার * জইফ হইয়া সাহা কোথানাজাইত॥ হামেসা তক্তের পরে বসিয়া থাকিত * মউত নজদিগে তার পওছিল আসিয়া॥ আখেরি বেমার খোদা দিল পাঠাইয়া বেমারির সেদ্দতে পড়িয়া নামদার * কয় রোজ অনাহারে থাকে বেকারার॥ করেন বেমার দারু জত খাছ আম॥ আখেরে ওফাত কৈল এলাহির কাম * নিজ বাসে গেল জদি বাদসা নামযার॥ কাফন দফন দিল সকলে তাহার * কায়খোছরু জাহাপানা দাদার লাগিয়া॥ জারে জার হয়ে কান্দে আছু বহাইয়া কহে হায় কি করিলে বাদসা নামদার॥ তোমা বীনে ইরান হইল অন্ধকার * তোমার কোমর্কেছিনু খোসাল খাতের॥ আর কে আমারে এবে করিবে মেহের * এয়ছাই চাল্লীস দিন বাদসার গমেতে॥ আহাজারি করে সদা রহে বেহালেতে * তাহাবাদে আপনাকে হুসিয়ার হইয়া॥ দাদার তক্তের পরে বসিল আসিয়া * আরকান দৌলত সবে হইয়া হাজির॥ ছালাম তছলিম কৈল ঝুকাইয়া ছির * খুসি হয়ে কায়খোছরু তাদের লাগিয়া॥ এনাম খেলাত খুব দিল নেওাজিয়া * বাদসার এনামে খুসি হয়ে

গিরীল জমিন পরে জেমন পাহাড় * হুমা তার ছাতি পরে বসিয়া জোরেতে॥ মজবুত করিয়া খুব বান্ধে পাও হাতে * আফরাসিয়াব কহে কান্দিয়া তখন॥ কহ মর্দ্দ মোর তরে বান্ধ কি কারন * আমা হৈতে কি বুরাই হয়েছে তোমার॥ কহ দেখি মোর তরে সুনি সমাচার * হুমা কহে সোনরে কমিন দাগাবাজ॥ দাগাবাজি ছেওা তেরা ভাল কোন কাজ * বড় বেএনছাফ তুই জালেম বদকার॥ তেরা এয়ছা বেএনছাফ কেবা আছে আর * ছিয়াওস আর সাহা নওদরের তরে॥ বেগোনা মারিলি তুই কিসের খাতিরে * আর জে আরগিছ সাহা তাহার লাগিয়া॥ বে এনছাফি করে কাহে ডালিলী মারিয়া * আর কত সাহাজাদা ফেরেস্ত নন্দন॥ মারিলী সবার তরে করে জালাতন * আমার বোজরগো ছিল তাহারা সবাই॥ এবে তা সবার দাদ লিব তেরা ঠাই * তেকারনে হাত পায়ে বান্ধিনু তোমার॥ করিয়াছ এসকল বুরাই আমার * এহা ছেওা আর আমি তোমার ডরেতে॥ ছাপিয়া আছিনু এই পাহাড় পরেতে * নতুবা আমারে তুমি কাবুতে পাইলে॥ মারিয়া ডালিতে ডর না করিতে দেলে * তেরা জুলুমের ডরে ছাড়িয়া সহর॥ ছাপিয়া পাহাড়ে ছিনু হইয়া কাতর * করিতুন হামেহাল দরগাতে ফরিয়াদ॥ তাজ তক্ত জায় তেরা হইয়া বরবাদ * নেসানি না রহে জেন দুনিয়া বিচেতে তবে আমি খুসি হালে গিয়া সহরেতে * বে আন্দেসা হয়ে থাকি করিয়া আরাম॥ আর থাকে খুসি হালে আলম তামাম * এলাহা ফরিয়াদ মেরা কবুল করিয়া॥ জে কিছু মাঙ্গিনু তাহা দিল দেওাজিয়া মেরা হাতে কএদ করিল তেরা তরে॥ হাজার সোকর মেরা এই বাত পরে * এবে তুমি আপনার কহ বিবরন॥ বেহালে আইলে হেথা কিসের কারন * কোথা গেল লোক জন লস্কর ছরদার॥ ছাপিয়া আছিলে কেন কুণ্ডার মাঝার * এতেক সুনিয়া আফরাসিয়াব তখন॥ সোনাইল আপনার জত বিবরন জেরূপেতে কায়খোছরো লইয়া ছেফাই॥ আসিয়া ময়দান পরে করিল লড়াই * জেরূপে হাবেল হয়ে তুরুকি লস্কর॥ জান বাচাইয়া ভাগে হইয়া কাতর * জে রূপে আপনা সাহা আফরাছিয়াব॥ ময়দান হইতে ভাগে হইয়া খারাব * জে রূপেতে কায়খোছরো পিছে২ আইল॥ জে রূপেতে দেসে২ ভ্রমণ করিল * জে রূপে কুণ্ডার বিচে ঘুসিল আসিয়া॥ একে২ হুমাকে কহিল বিবরীয়া * শুনে পাহালওান হুমা এয়ছাই খবর॥ হইয়া হাজার খুসি দেলের ভিতর * লইয়া সেখান হৈতে তুরান সাহায়॥ কায় খোছরোর তরফেতে চলিল রাহায় * আফরাসিয়াব এয়ছা পুছিল তখন॥ কোথা লিয়া জাও মোরে কহ বিবরন * পাহালওান হুমা সুনে কহিল তাহায়॥ লেজাব খোছরোর আগে ধরিয়া তোমায় * তখন কহিল বাদসা হুমার লাগিয়া॥ এইখানে তুমি মুঝে ডালহ মারিয়া * নাহি লিয়া জাও মোরে খোছরোর হুজুর॥ নিদানে এ বাত মেরা করহ মঞ্জুর * পাহালওান হুমা তাহা নাহিক সুনীয়া॥ কায়খো ছরোর আগে তারে গেলেন লইয়া * দেখে খোসালিত হয়ে খোছরো জাহাগীর॥ তাজিম তকরিম করে হুমার খাতীর * বসায়ে কুরছির পরে সামনে আপন॥ একে২ পুছিল তামাম বিবরন * পাহালওান হুমা তবে আপনার হাল॥ কহিল খোছরোর আগে খুলিয়া কামাল * জেরূপে ভাগীয়া আফরাছিয়াবের ডরে॥ ছাপিয়া আছিল মর্দ্দ পাহাড় উপরে * জে রূপেতে আহাজারী শুনিয়া বাদসার আসিয়া পাহাড় হৈতে ময়দান মাঝার * জোরেতে কএদ করে তুরান সাহারে॥ হাজের করিয়া দিল আনিয়া হুজুরে * সুনে সাহা কায়খোছরো খোসাল হইয়া॥ উঠিয়া মিলীল তার গলায় ধরিয়া * বাড়াইয়া পাহালওান হুমার কারন॥ দেওাজিস মাল মাত্তা রতন কাঞ্চন * পাহালওান হুমা দেলে খোসাল হইয়া॥ বাদসার এনাম লিলসালাম করিয়া * তাহাবাদে আপে সাহা খোছরো নামদার॥ গোস্বাভরে লিয়া হাতে তেগ আবদার * আফরাসিয়াবে জোরে মারিল খেচিয়া॥ গিরীলেক জমি পরে দুখান হইয়া * মারা গেল দুরাচার ঘুচিল বালাই॥ তাবাদে হুকুম ফের করিল এয়ছাই * গারসিওজে আন এবে কয়েদ হইতে॥ মারিব তাহার তরে আপনার হাতে * রেখে ছিল ধরে তারে কয়েদ খানায়॥ তখনি জাইয়া কেহ আনিল তাহায় * খেচিয়া মারিল তেগ তাহার গর্দ্দানে॥ মারা গেল গারসিওজ পড়িয়া জমিনে * মারিয়া দোহার তরে আপনার হাতে॥ সোকর ভেজিয়া কহে খোদার দরগাতে *

হইয়া খারাব*কেন্দে কহে হায় খোদা নছিবে এ ছিল ॥ তাজ তক্ত সাহি মেরা কোথায় রহিল*কোথা সে হাসমত গেল মছলত উজির ॥ সময়ে সকলি ছিল হইয়া হাজির* নছিব হইল বুরা ঘটিল দুর্গতি ॥ ভাগিল বেদেল হয়ে সঙ্গের সঙ্গতি * হায়রে নছিব বুরা কি কব তোমায় ॥ করিলে কিসের সাহি মিছে দুনিয়ায় * বেহালেতে কুঙা বিচে রহিয়া এখন ॥ অনাহারে খারাবিতে হইবে মরন * হায় হায় এলাহি আছিল এই বক্তে॥কেকরিবে সাহি আর তুরানের তক্তে* কেহইবে জাহাপানা বাদসা নামদার হায়রে নাছিব তোরে কি কহিব আর * জে করে এমন সাহি তার মুখে ছাই ॥ করিনু জেমন কাম তেমনি সাজাই * এইরুপে মালামত করে আপনাকে ॥ হামেহাল মন দুখে পেরেসান থাকে * সেই ময়দানেতে এক আছিল পাহাড় ॥ থাকিত সে পাহাড়েতে হুমা নামদার *ফেরেদুর নছলেতে ছিল সে জওয়ান ॥ জোরে জোরওার মর্দ্দ বড়া পাহালওান * এক ওক্তে রাতকালে শুনিতে সে পায় ময়দানেতে আহা জারি করে হায়২ * তুরুকি জবানে কান্দে হয়ে জারেজার ॥ কহে হায় তাজ সাহি কি হৈল আমার * কোথা গেল লোক জন লস্কর সেফাই ॥ বেহালেতে অনাহারে পরান হারাই * এয়ছাই আওাজ মর্দ্দ শুনিতে পাইয়া ॥ সেতাবি পাহাড় হৈতে আইল নাবিয়া * আওাজ আসিতে ছিল জেই দিগ হৈতে ॥ খাড়া হয়ে ভালামতে লাগিল শুনিতে * জখন সুনিতে খুব পাইল এমন ॥ তুরানের তক্ত বলে করিছে রোদন * একিন জানিল তবে হুমা নামদার ॥ হইবে এ আফরাসিয়াব দুরাচার * না হইলে নাম লিয়া তুরান দেসের ॥ আহা জারি করিয়া কান্দিবে কি খাতের * এয়ছাই ভাবিয়া মর্দ্দ খোসাল হইয়া ॥ চলে সে কুঙার বাগে আওাজ ধরিয়া * দেলে ভাবে হয় জদি আফরাসিয়াব ॥ এখনি ধরিয়া ওছে মারিব সেতাব * কেননা সে হুমা আফরাসিয়াব হইতে ॥ পেরেসান ছিল বড়া দেলের বিচেতে * ঘর বাড়ি ছেড়ে দিয়া জোলমে তাহার ॥ পাহাড়ে আছিল মর্দ্দ হইয়া কারার তেকারনে পাহালওান কোস্কর বান্ধিয়া ॥ দাদ লইবারে চলে খোসাল হইয়া * হেনকালে রাত গিয়া হইল ফজর ॥ দেখিতে পাইল কুঙা আইল নজর * তবে সেকুঙার ধারে গিয়া নামদার ॥ ফোকারিয়া এই কথা কহে বার২ * সোনহ তুরান সাহা আফরাসিয়াব ॥ দোওা জারি তেরা সব হৈল মস্তজাব * আইনু খোদার ভেজা আমি এখানেতে ॥ খোসাল করিব তুঝে হর২ বাতে * এবে তুমি সেতাবি আই সহ নেকলিয়া ॥ মারিব দুসমনে তেরা তলওার খেচিয়া * আইনু এখানে আমি মদদে তোমার ॥ সেতাবি বাহির হয়ে আইস নামদার * এতেক সুনিয়া আফরাসিয়াব তখন ॥ নেহাত দেলের বিচে বুঝিল এমন * লইবে এ দোওা মেরা কবুল করিয়া ॥ দিয়াছে এলাহি আপে মদদ ভেজিয়া*না হইলে এখানে জানিবে কোন জন ॥ আসিবে আমার কাছে কিসের কারন * এহা ভেবে খোসালিত হইয়া অন্তরে ॥ কুঙা হৈতে নেকলিয়া আইল বাহিরে * পাহালওান হুমা তবে তাহার লাগিয়া ॥ দেখিতে পাইয়া খুব লিল পাছানিয়া * তখন নিকটে গিয়া খেচিয়া জোরেতে ॥ তামেচা মারিল এক বাদসার মুখেতে * কাতর হইয়া আফরাসিয়াব তখন ॥ হুমা সাজাদার তরে কহে এ বচন* জুলুমে পড়িয়া আমি আছি লাচারিতে ॥ কে তুমি আইলে ফের জুলুম করিতে * মদদ হইয়া জদি আইলে আপনি কি কারনে মার ফের কহ দেখি শুনী * হুমা কহে সোনরে নাদান দুরাচার ॥ দুনিয়াতে কে করিবে মদত তোমার * কবে তুমি করিয়াছ কাহার ভালাই ॥ মদদ করিবে সেহ আসিয়া এ ঠাই * এহাবলে হুমা সাহা দেলের গোস্বায় ॥ আর এক মুক্কি মারে তুরান সাহায় * ঘুসা খেয়ে আফরাসিয়াব দুরাচার লড়িতে হুমার সাতে হইল তৈয়ার * বাঘের সমান হেকে উঠিল গর্জ্জিয়া ॥ দেখে পাহালওান হুমা ধরিল কুদিয়া * দুইজনে ধরাধরি করিয়া কোস্কর ॥ কুস্তি গিরী করে জোরে ময়দান উপর * করিল বহুত জোর দোন পাহালওান ॥ কেহু কারে নাহি পারে সমানে সমান*পছিনা ছুটিল গায় আখি হৈল ঘোর ॥ তবু লড়ে কেহ কার না ছাড়ে কোস্কর * কিন্তু বদ বক্ত ছিল তুরান সাহার ॥ অনাহারে কয় রোজ আছিল লাচার*তেকারনে জের হৈল ভোক পিয়াছেতে॥ টুটীল গায়ের জোর নাপারে লড়িতে চাহে কি লড়াই ছেড়ে ভাগিয়া পলায় ॥ হুমা সাহা কোনরূপে নাহি ছাড়ে তায় * হাকিয়া আছমানি হাক জোরেতে খেচিয়া ॥ জমি হৈতে সুন্য ভরে লিল ওঠাইয়া * ঘোমাইয়া ছের পরে মারিল কাছাড়

ওঠাইয়া সবে পৌছিল আসিয়া*মিলে জুলে সবে ফের লাগিল লড়িতে॥ তুরুকেরে চলে মেরে ময়দান পরেতে*মারা গেল তুরুকের বহুত ছেফাই॥ তাব না রহিল কার করিতে লড়াই* আখেরে জে কেহ সবে আছিল বাচিয়া॥ জান লিয়া দিগে২ গেল পালাইয়া * না রহিল ময়দানেতে কোন পাহালওান॥ আফ্রাসিয়াব তাহা দেখিয়া নিদান * চাহে কি একেলা ফের ময়দানেতে জায়॥ লড়িয়া খোছরোর সাতে গর্দ্দান কাটায় * সর্দ্দার জে কেহ তার আছিল সঙ্গেতে॥ দেখিয়া তখন তারা না দিল জাইতে ধরিয়া ঘোড়ার বাগ রাখে ফেরাইয়া॥ আখেরে বিপাক দেখে চলিল ভাগিয়া * রেগ আমু নামেতে সহর ছিল জেথা॥ লইয়া বাদসার তরে গেল সবে সেথা * কায়খোছরো ময়দানেতে দেখিল জখন তুরুকি লস্কর নাহি আছে কোন জন*ভেগে পালাইল ডরে মহিমে হারিয়া॥ তবে সাহা আপনা লস্কর সাতে লিয়া * পিছে পিছে খেদাড়িয়া চলে তা সবার॥ রেগ আমু তরফেতে বলে মার মার * হীন কবিকার কহে দেখিয়া কেতাব॥ ভাগিল আজেজ হয়ে আফরাছিয়াব * এলাহী জখন জার বক্ত করে দুর॥ ঘাড় একে তাহাকে করিয়া ডালে চুর * আর সে বাড়ায় জারে আপনা খুসিতে॥ কেহ তারে নাহি পারে হজিমত দিতে*

বাদসা আফরাসিয়াব মহিমেতে হারেল হইয়া ভাগিয়া জায়ও হুমা নামে
সাহাজাদা আফ্রাসিয়াবকে কয়েদ করিয়া কায়খোছরোর
আগে আনিবার বয়ান॥

পয়ার * মহিমে হারেল হয়ে আফরাছিয়াব॥ রেগ আমু দেশে ভাগে হইয়া খারাব * কায়খোছরু আপনা লস্কর সাতে লিয়া॥ পিছে পিছে সেথা জদি পওছিল জাইয়া*ডরেতে তুরানসাহা সেখান হইতে ভেগে পালাইল ফের চিনের দেশেতে* খোছরো তাহা পিছা তার নাহিক ছাড়িয়া॥ চিন দেশে গেল ফের লস্কর লইয়া * শুনিয়া খাকান চিন খোছরোর খবর॥ সেতাবি তৈয়ার করে তহফা নজর * ফরমাইল আপনার উজিরের তরে॥ জাহ লিয়া কায় খোছরো বাদসার হুজুরে * তবে সে তহফা লিয়া চিনের উজির॥ আসিয়া খোছরোর আগে হইল হাজির * ছালাম তছলিম করে আজিজির সাতে॥ জোড়হাতে দাড়াইয়া রহে সামনেতে* দেখে সাহা কায়খোছরো তহফা বাদসার॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার * কুরছি আনায়ে দিল উজিরের তরে॥ বসিল উজির সেই কুরছির উপরে * তখন কহিল তারে খোছরো জাহাগির॥ পাঠাইল চিন সাহা তোমার খাতির * তহফা লইনু তার কবুল করিয়া॥ এবে তুমি চিন সাহে কহনা জাইয়া * পানাহি লিয়াছে তার আফরাসিয়াব॥ জদি তারে নেকালিয়া না দেয় সেতাব * তা হইলে চিন দেস খারাব করিয়া॥ সহর বাজার ছারা দিব জালাইয়া * তাজ তক্ত ছেনাইয়া লইব জোরেতে॥ খারাবি হইয়া মারা জাবে মেরা হাতে * উজির খোছরোর ঠাই এতেক শুনিয়া॥ সেতাবী সেখান হৈতে আইল চলিয়া * আপনা বাদসার আগে হইয়া হাজির খোছরোর তামাম বাত করিল জাহির * শুনিয়া চিনের সাহা ডরে ডরাইয়া॥ তুরান সাহার তরে দিল নেকালিয়া * চিন হৈতে তবে ফের আফরাছিয়াব॥ মোকরাম সহরে জায় ভাগিয়া সেতাব * সেথাও ভি কায়খোছরো পিছে২ জায়॥ জেথা ভাগে কোনরূপে নাহি ছাড়ে তায় * এই রূপে কত দেস ফেরে পালাইয়া॥ কায় খোছরো পিছে পিছে জায় খেদাড়িয়া * কারার হইতে নাহি পারে কোন ঠাই আর নাহি তাব ছিল করিতে লড়াই * কেননা লস্কর কেহ নাহি ছিল সাতে॥ ভেগে গিয়াছিল সবে ময়দান হইতে * আখেরে জে কেহু সাতে আছিল তাহার॥ কত দেস ফিরে তারা হইয়া লাচার * ছাড়িয়া বাদসার তরে ভাগে জিউ লিয়া॥ একেলা হইয়া বাদসা ফেরে পালাইয়া* এইহালে কত দেস ফিরিয়া আখেরে॥ জাইয়া পওছিল সাহা বরদা সহরে * কুণ্ডা এক ছিল সেথা ময়দান মাঝার॥ ছাপিল সে কুণ্ডা বিচে হইয়া লাচার * বড়া অন্ধকার সেই কুণ্ডার ভিতর॥ নাহি তাথে আব হাওা না আইসে নজর * রহে সে কুণ্ডার বিচে হয়ে পেরেসান॥ অনাহারে দুক্ষ মনে কয়েদি সমান * এই হালেকুণ্ডা বিচে রহিল ছাপিয়া॥ কায়খোছরু ফেরে হেথা তল্লাস করিয়া* কোনখানে নাহিক পাইয়া আখেরেতে ফিরিয়া তুরানে আইল সেখান হইতে * কুণ্ডাতে থাকিয়া হেথা আফরাছিয়াব॥ আহাজারি করে সদা

হইয়া আইল ময়দান উপর * পিছে২ আইল জত সরদার ছেফাই॥ তামাসা দেখিতে খাড়া রহিল সবাই* সাএদা কোমর বেন্দেহয়ে মস্তহাল॥ গর্জ্জিয়া আইল জেন বাঘের মেছাল ॥ মোকাবেলা হয়ে কহে খছরুকে এয়ছাই ॥ পহেলা করিব আইস কুস্তির লড়াই * এহা বলে ধরে কুদে খোছরোর কোম্মর ॥ খেচাখেচি কসাকসি করে বড়া জোর* কোনরূপে খোছরুকে না পারে হেলাইতে ॥ নাহি ছাড়ে জোর করে লাগিল খেচিতে * পছিনা ছুটীল গায়ে আখি হৈল ঘোর ॥ পিয়াসে শুখায়ে ছাতি কম হইল জোর * নিদানে খছরুর তরে কহিল এয়ছাই ॥ এত জোর আমি না করিনু কোন ঠাই * জদি তুমি ভারি হইতে পাহাড় সমান ॥ উঁঠাতুন আমি তুঝে দিয়া এক টান * বুঝি তেরাপাও গেছে জমিনে লাগিয়া ॥ জমি শুদ্ধা ওঠাইব কেমন করিয়া * সাবাস২ মর্দ্দ সাবাস মর্দ্দমি ॥ এমন হেম্মত জার কোন বাতে কমি * এহা বলে না পারিয়া ছাড়িয়া কোমর ॥ মারিতে খোছরুকে ফের নেকালে খঞ্জর ॥ দেখে সাহা কায়খোছরু গোস্বাতে তখন ॥ কুদিয়া জোরেতে তার ধরিয়া গর্দ্দান* পটকান মারিয়া ডালে জমিন উপর ॥ খেচিয়া জোরেতে ফের মারিল খঞ্জর * মারা গেল সায়েদা খুনেতে হইল লাল ॥ ভাগে তার সঙ্গি লোক দেখে সেইহাল * তখন কহিল খছরু লস্করে আপন ॥ সাএদা মামুকে লিয়া করগে দফন * মহিম হইল ফতে আইল ফিরিয়া ॥ কারান সরদার তাহা দেখিয়া শুনিয়া * নামার জওাব লিয়া জাইয়া তরায়॥ পৌছাইয়া দিল মর্দ্দ তুরান সাহায় * বাকী জা জবানি কথা বয়ান কারল ॥ সায়েদার হাল কিছু নাহি সোনাইল* হেনকালে সাএদার সঙ্গি ছিল জারা ॥ আসিয়া হাজের হইল সকলে তাহারা* কহিল বাদশার আগেসায়েদারহাল॥ শুনীয়া তুরান সাহা হইল বেহাল* জমিনে পড়িয়া কান্দে মাথায় মারিয়া ॥ কহে হায় সাএদা রহিলি কোথা গিয়া * আর না দেখিতে পাব চান্দ মুখ তোর ॥মারিলি ছিনাতে মোর সোকের খঞ্জর * কিকরিব তাজসাহি তক্তের বাদসাই ॥ জে কবে এমন সাহি তার মুখে ছাই * মিছে এ দুনিয়া বিচে বেচে কিবা কাম ॥ মরিলে ঘুচিবে দুখ হইবে আরাম * এহা বলে নাউম্মেদ হয়ে জাহাগির ॥ সাএদার শোকে রহে হইয়া অস্থির * নামার জওাব কিছু নাহি দিল আর॥ফিরিয়া আইল তবে কারান সরদার* তাহাবাদে কয়রোজ গোজারিলে পরে ॥ হুকুম করিল এয়ছা আপনা লস্করে * চলসবে মহিমেতে কোমর বান্ধিয়া * লইব সাএদার দাদ খোছরুকে মারিয়া * এয়ছাই হুকুম পেয়ে তামাম লস্কর ॥জার জে তৈয়ার হৈল বান্দিয়া কোমর * আফরাছিয়াব আপে কোমর বান্ধিয়া ॥ লড়িতে খছরুর সাতে পৌছিল আসিয়া * ময়দানে হইল খাড়া লইয়া ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠীল মউজ * হীন২ ডাকে ঘোড়া হাতি করে সোর ॥ মস্তহালে কুদে ফেরে তামাম লস্কর* আফরাসিয়াব হেকে কহে এই বাত ॥ আইস দেখি কায়খোছরু লড় মেরা সাত মহিম দেখাব আজ তোমার কারন ॥ পাঠাইব জম ঘরে জম্মের মতন *সাএদাকে আপনার কাবুতে পাইয়া॥কি কারনে বিনা দোসে ডালিলে মারিয়া*আজসে সাএদার দাদ লিব তেরা ঠাই॥সেতাবআসিয়া এবে করহ লড়াই*জদিনা হেম্মত রাখ মহিম করিতে ॥ আসিয়া কছুর মান ঘাস লিয়া দাতে*এইরূপে গোস্বা মনে গালাগালি দিয়া ॥ আফরাছিয়াব জদি কহিল হাকিয়া * সুনিতে পাইয়া তাহা খছরু নামদার ॥ ময়দানে আইল লিয়া লস্কর সওার * মোকাবেলা দুই দলে হইল ছেফাই ॥ একেবারে মস্তহালে লাগিল লড়াই*মার২ ধর২ হৈল সোর সার॥ কে কোথা তলওার মারে না হয় সুমার * ঝনাঝন ঠনাঠন চলিল তুফান॥গিরিল লস্কর জেন কেলার বাগান * রোস্তম মর্দ্দানা আর খছরু নামদার ॥ আর জত পাহালওান সাহেব সর্দ্দার *দিকে২ লড়ে সবে ঘোড়া ওঠাইয়া ॥ তেগতলে মেরে চলে মুণ্ডমালা দিয়া * এইরূপে গোস্বা দেলে হয়রান সকলে ॥ হেকে জোরে তেগ মারে জার মস্তহালে * আফরাছিয়াব আর জত তার লোক ॥ দেলেতে ইয়াদ করে সাএদার সোক* মারে তেগ বেদেবেগ জাবে জেথা পায় ॥ ঝাকে২ লাকে২ কাটিয়া গেরায় * মস্তহাতি কুদে ফেরে ময়দান উপর ॥ দেল খুলে সকলেতে লড়িল বিস্তর * মারা গেল দুই দলে বহুত ছেফাই ॥তবুনাহি ছাড়ে কেহ করীতে লড়াই খুনের দরিয়া হৈল ময়দান মাঝার ॥মরা লাস ভাসে তাথে হাজারে হাজার* এইরূপে লড়িতে আছিল দুই দলে ॥ কায়খোছরু দেখিতে পাইল হেনকালে*গোদর্জ্জ ছরদার তাতে লস্কর লইয়া ॥ ঘোড়া

এতবার ॥ বড় দাগাবাজ সে কমিনা দুরাচার* দেল হৈতে বদি তার কভু নাহি জায়॥ না আছেঠেকানা কিছু তাহার কথায় * লিখেছে সে নামা এয়ছা ফেরেব করিয়া ॥ দাগাতে ডালিবে বোলে তোমার লাগিয়া * এবে তুমি সাএদাকে মার এখানেতে॥ দের নাহি কর সাহা দুসমনে মারিতে * সাএদা মরিয়া গেলে সোগেতে তাহার ॥ কোমর টুটীয়া জাবে তুরান সাহার * শুনে সাহা উঠিল তলওার হাতে লিয়া ॥ কহে আজ সায়েদাকে মারিব জাইয়া* তখন সরদার সবে লাগিল কহিতে ॥ মোনাছেব নহে এ য়ছা আমরা থাকিতে * আপনি জাইবে সাহা করিতে লড়াই ॥ এবাতে নারাজ আছি আমরা সবাই * কেননা তোমার পরে পৌছিলে আজার ॥ খারাবি হইবে বড়া আমা সবাকার * কহিতে লাগিল ফের রোস্তম মর্দ্দানা॥মহিম না কর এবে সোন জাহাপানা* ফজরে সাএদাকে দেহ বিদায় করিয়া ॥ পিছেতে জওাব লিখে দিও পাঠাইয়া॥* একথা সুনিয়া সাহা লড়িতে না গেল ॥ খামস হইয়া তেগ খাপেতে রাখিল * তাহাবাদে জাহাপানা দোছরা রোজেতে ॥ ডাকিয়া সাএদার তরে লাগিল কহিতে * সোন পাহালওান এবে তোমার লাগিয়া ॥ বিদায় করিনু আমি জাহনা চলিয়া * নামার জওাব লিয়া বাদেতে এহার ॥ জাইবে তোমার পিছে কারান সরদার * সাএদা এ কথা সুসে বুঝিল দেলেতে ॥ ছোলের মত লব এর নাহি কোন মতে * মিলিতে মতলব জদি থাকিত এহার ॥ এয়ছাই ওজর না করিত বার২ * বাদসার লিখন লিয়া আইনু এখানে ॥ না লিয়া জওাব ফিরে জাইব কেমনে * কি কব বাদসার আগে খাল হাতে গিয়া ॥ না মর্দ্দা কহিবে সাহা আমার লাগিয়া * কাহেক পিয়াদা এয়ছা ফিরিয়া জাইব ॥ কোমর বান্দিয়া এবে লড়াই করিব*এয়ছাই ভাবিয়া কহে খোছরোকে তখন॥ জদি না জওাব দেহ আমার কারন * তা হইলে তেরা সাতে করিব লড়াই ॥ খালি হাতে কোন মতে ফিরে জাব নাই * শুনে সাহা কায়খোছরো লাগিল কহিতে ॥ জাদ তুমি লড়াই করিবে মেরা সাতে * রহ এখানেতে আজ উঠিয়া বেহানে ॥ লড়াই করিব দোহে জাইয়া ময়দানে * এহা সুনে সাএদা হইয়া খুসিমন ॥ রাত কালে রহে গিয়া ডেরেতে আপন*এখানেতে কায়খোছরো বাদসা নামদার নামার জওাবলেখে তুরান সাহার লিখিল জওাব এই সোন বিবরন॥ছোলে করিবারে মেরানাহি প্রয়োজন*দিতেচাহ মালমাত্তা আরতাজ তক্ত॥ তোমার দেওাতে মেরা না ফিরিবে বক্ত*এলাহি আমারে জাদহয়মদদগার॥তাজতক্ত সাহি মেরা রহিবে কারার*মালমাত্তা সাহি তেরা মুল্লুক সকল ॥ খোদা চাহে তেগ জোরে করিব দখল * জদি তুমি সের নর থাক পাহালওান॥ আমি তুঝে দেখি জেন গিধড় সমান* একান্ত তোমার সাতে মহিম করিব লইব বাপের দাদ নাহিক ছাড়িব*জত দিন আমি তুঝে না পারি মারিতে ॥ না জাবে বাপের দর্দ্দ মেরা দেল হৈতে * আর এহা সোন ফের কহিয়া জানাই ॥ সাএদা এখানে চাহে করিতে লড়াই * জদি সে মরদ আছে আমি কি নামর্দ্দ ॥ কাল তারে ময়দানে করিয়া দিব গর্দ্দ * এইবাতে দোস তুমি না দিবে আমার ॥ বেটা তেরা লড়িবারে আছে ওস্তওার * এয়ছাই জওাব লিখে তৈয়ার করিয়া ॥ কারান ছরদারে কহে জাহ তুমি লিয়া * পৌছাও জেখানে সাহা আফরাসিয়াব॥ দের না করিবে রাহে জাইবে সেতাব * কিন্তু জাইবার কালে সাএদা জেথায় ॥ এইকথা কহিয়া জাইবে তুমি তায় * সোনরে নাদান তেরা বাপ এখানেতে॥ নামা লিয়া না ভেজিল তোমার তরেতে * ভেজিল মক্কর করে লড়িবার তরে ॥ দেখিবে তামাসা কাল ময়দান উপরে * এতেক সুনিয়া তবে কারান সর্দ্দার ॥ নামা লিয়া জাইতে হইল রাহাদার * বাদসার ফরমান মত সাএদা জেথায় ॥ গিয়া সে সকল কথা কহিল তাহায় * সুনিয়া সে সাএদা কহিল এ বচন ॥ নামা লিয়া আজ না জাইও কদাচন * কাল তুমি আমাদের মহিম দেখিয়া ॥ তাহাবাদে হেথা হৈতে জাবে নামা লিয়া * জাহ আজ কহ গিয়া খোছরোকে এয়ছাই ॥ ফজরেতে আইসে জেন করিতে লড়াই * কিন্তু সে একেলা জেন আইসে মহিমেতে ॥ আর কোন পাহালওান নাহি আইসে সাতে * কারান কহিল সে মদদ নাহি চায় ॥ একেলা করিবে জঙ্গ নাহিক ডরায় এহা বলে গিয়া ফের হুজুরে বাদসার ॥ সোনাইল সাএদা কহিল জে প্রকার* সুনে সাহা কায়খোছরো খুসি হৈয়া দেলে ॥ খেয়ে পিয়ে সুইয়া রহিল রাতকালে * ফজরে উঠিয়া সাহা বান্ধিয়া কোমর ॥ ছওার

লড়িব দুজনে কেহ না থাকিবে সাত্তে * তাহে জদি কাটা জায় গর্দ্দান আমার ॥ তুরানেতে
সাহি তক্ত সকলি তোমার * আমার ফরজন্দ আর লোক জন সবে ॥ গোলাম হইয়া তেরা খেদমতে
রহিবে * আর জদি তুমি মারা জাও মেরা হাতে ॥ না জাব ইরানে আমি দখল করিতে * জদি সেথা
জাই মুঝে খোদার দোহাই ॥ শুপিব সেখানে লাহরাস্পকে বাদসাই * এহাতে ভি ডর জদি করহ দে
লেতে ॥ লড়িবারে নাহি পার আমার সঙ্গেতে * সায়েদা নামেতে আছে বেটা জে আমার ॥ লড়হ তা
হার সাতে ময়দান মাঝার * সেহ জদি মহিম করিয়া মারা জায় ॥ তবে সে হালেতে আমি বসিব গো
সায় * দুনিয়ার কাম হৈতে হাত ওঠাইব ॥ মালমাত্তা সাহি তক্ত সব তুঝে দিব * এইরূপে লেখা পড়ি
তৈয়ার করিয়া ॥ আপনা বেটার তরে কহে বোলাইয়া * নামা লিয়া জাহ বাবা খোছরোর আগেতে
ডর না করিবে দেলে গিয়া সেখানেতে * মর্দ্দের লায়েক জেছা বলা কওা চাই ॥ ছওাল জওাব খুব ক
রিবে তেয়ছাই * এতেক সুনিয়া সাএদা নামা লিয়া হাতে ॥ কহিতে লাগিল এহা বাপের তরেতে *
খোছরোকে সেখানে জদি কাবু তলে পাই ॥ মারিব তাহায়েনাহি করিব রেহাই * তাহাতে জদ্যপি
জায় আমার গর্দ্দান ॥ মোর তরে তুমি না হইও পেরেসান * জন্মিলে মরন আছে না হবে খণ্ডন ॥ দুস
মনে মারিলে দুক্ষ হবে নিবারন * আফরাছিয়াব সাহা একথা শুনিয়া ॥ কহিতে লাগিল এহা বেটা
লাগিয়া * আপনাকে বাচাইয়া পার কোনমতে ॥ তা হইলে মানা কিবা দুসমনে মারিতে * নহে বাবা
নামার জওাব তুমি লিয়া ॥ সেতাবি সেখান হৈতে আসিবে ফিরিয়া * জে হয় করিবে কাম বুঝিয়া আ
খেরে ॥ মরি কি মারিয়া ডালি দুসমনের তরে * এহা বলে সাএদাকে দিল পাঠায়া ॥ গেল সে খোছ
রোর আগে লিখন লইয়া * দুওারে দরওান ছিল কহিল তাহারে ॥ লিখন লইয়া জাহ খোছরোর হু
জুরে * ছোলেনামা ভেজিয়াছে আফরাছিয়াব ॥ খোছরোকে খবর দেহ জাইয়া সেতাব * এতেক সু
নিয়া গিয়া দরওান তখন ॥ সোনাইল খোছরুকে নামার বিবরন * সুনে তবে হাসিয়া২ নামদার ॥ ক
হিল এবাত পরে সোকর হাজার * ছোলেনামা ভেজিয়াছে আফরাছিয়াব ॥ লড়িতে তাহার আব নাহি
আছে তাব * মিলিবারে চাহে এবে আজেজ হইয়া ॥ কিন্তু বদি আছে তার দেলেতে ভরিয়া * দেলে
বদি মুখে মিল রাখে সে গাওার ॥ এয়ছাই মিলনে দুক্ষ না জাবে আমার * জতক্ষন নাহি তারে মারি
নিজ হাতে ॥ না জাবে বাপের কিনা মেরা দেল হৈতে * এহা বলে দরওানেরে কহিল তখন ॥ পাঠা
ইয়া দেহ গিয়া তাহার কারন * তবে সে দরওান গিয়া কহিল সাএদারে ॥ জাহ মর্দ্দ নামা লিয়া বাদ
সার হুজুরে * এতেক সুনিয়া মর্দ্দ খোসাল হইয়া ॥ নামা লিয়া হুজুরেতে পৌছিল আসিয়া * বাদসাহি
আদব জেয়ছা আনিল বজায় ॥ তাজিমেতে কায়খোছরো বসাইল তায় * তখন সে নামা লিয়া দিয়া
হুজুরেতে ॥ জবানি জা ছিল কথা লাগিল কহিতে * লালআখি গোস্বা মন আছিল তাহার ॥ দেখিয়া
কহিল তারে খেছরু নামদার * জাহ তুমি খেয়ে পিয়ে রহ এ সময় ॥ শেস বেলা দিব আমি জওাব তো
মায় * এহা বলে বিদাই করিয়া দিল তারে ॥ বাহিরেতে গিয়া সে রহিল এক ঘরে * তাহাবাদে
জাহাপানা খোছরো নামদার ॥ ছরদার সবার তরে ডেকে আপনার * সোনাইয়া তুরান সাহার জত
বেনা ॥ কহে এবে মেহেরবান হৈল মেরা নানা * মালমাত্তা দিতে চাহে আর তাজ তক্ত ॥ এত দিনে
বোলন্দ হইল মেরা বক্ত * এছা মেহেরেতে খাক পড়ুক তাহার ॥ বদি ভরা আছে তার ছিনার মাঝার
বড় বে রহম গিধি কমিনা কোটন ॥ না আছে জালেম কেহ তাহার মতন * ছোলে করা নহে তার দা
গার ফিকির ॥ দাগা দিতে দাগাবাজ করেছে তদবির * লিখিয়াছে মোর তরে এই সমাচার ॥ আইস
দোহে মিলি এবে করিয়া করার * মঞ্জুর না কর জদি চাহ লড়িবারে ॥ আইসহ লড়িব দোহে ময়দান
উপরে * তুমি আমি লড়াই করিব দুইজনে ॥ কোন পাহালওান আর না রবে সেখানে * এই মত
লিখিয়াছে লিখন মাঝার ॥ এহা ছেওা জবানি কহিল কত আর * কিন্তু হেথা সাএদা আইল জে সময় ॥
গোস্বা দেল লাল আখি দেখিনু তাহায় * সন্দ হৈল তার এছা চেহারা দেখিয়া ॥ সেই ঘড়ি দিনু তারে
বিদায় করিয়া * জদি না বিদায় করে দিতুন তাহারে ॥ মারিত তলওার সেহ আমার উপরে * ছরদার
সকলে এয়ছা শুনে বিবরন ॥ আরজ করিয়া কহে খোছরোকে তখন * সোন সাহা এইবাতে না কর

গোদর্জ্জ লস্কর লিয়া গিয়া তুরানেতে ॥ লড়ে সেখানেতে মর্দ্দ করিয়াছে ফতে * এক্ষনে চলিমু আমি লিয়া লোক জোন ॥ এরাদা দেলের বিচে করিয়া এমন * বাজে দেস জেথা জত তুরান সাহার ॥ এবে তাহা দখলে আনিব আপনার * আপনি আসিবে পিছে না করিবে দের ॥ রব আমি এন্তেজার তোমার খাতের * এয়ছাই লিখন পেয়ে রোস্তম মর্দ্দানা ॥ তুরানের তরফেতে হৈলেন রওানা * হেথা সাহা কায়খোছরো লস্কর লইয়া॥খুসিতে হইয়া পার জৈহুন দরিয়া* বোখারা ওছমরকন্দ কত দেশ আর ॥ আছিল দখল বিচে তুরান সাহার*লুটিয়া সে সব দেশ দখল করিয়া॥আপনা তরফ হৈতে হাকিম রাখিয়া করিয়া হুকুম জারি তাহার বাদেতে॥ আগেতে বাড়িল সাহা সেখান হইতে * তখন তুরান সাহা সুনিল খবর ॥ কায়খোছরো আইসে ফের লইয়া লস্কর* কয়েক সহর লিল দখল করিয়া ॥ তুরানেতে আইসে এবে মহিম লাগিয়া * এতেক সুনিয়া আফরাছিয়াব তখন ॥ লস্কর তৈয়ার করে মহিম কারন * আপনা বেটার তরে কহিল এয়ছাই ॥ জাহ বাবা লিয়া তুমি লস্কর ছেফাই * কায়খোছরো আসিতেছে লইয়া লস্কর ॥ মার ঘিরে তার তরে রাহার উপর * তবে সে বাদসার বেটা সায়েদা নামেতে ॥ বাপের হুকুম পেয়ে লস্কর লেসাতে * রওানা হইয়া চলে মহিম খাতেরে ॥ কায়খোছরো আইসে জেথা রাহার উপরে * তাহাবাদে আফরাছিয়াব নামদার ॥ হাজার সওার সাতে লিয়া আপনার * পিছে২ গিয়া তার সঙ্গেতে মিলিয়া ॥ এক ঠাই ময়দানেতে রহে ওতরিয়া * এখানেতে কায়খোছরো শুনিল এয়ছাই আফরাছিয়াব আইল করিতে লড়াই * তবে সাহা নামদার বাদসা জাহাপানা ॥ সেতাবি তৈয়ার করে লস্কর ছামানা * লহরাস্প দামাদ জে কাউছ সাহার ॥ তার সঙ্গে লস্করেতে করিয়া সরদার * আফরাছিয়াব জেথা লস্কর লইয়া ॥ লড়িবারে সেখানেতে দিল পাঠাইয়া * তাহা বাদে চাহে কি আপনি সেথা জায় ॥ লস্কর পওছিল এসে এমন সময় * দেখে সাহা জাহাপানা খোসালিত মন ॥ কহিতে লাগিল কথা রোস্তমে তখন * তুরান সাহার সাতে করিতে লড়াই॥লহরাস্প গেছে লিয়া লস্কর সেফাই * আমিও তৈয়ার ছিনু জাবার লাগিয়া ॥ হেনকালে তুমি হেথা পৌছিলে আসিয়া * ভাল হৈল চল এবে ভাই দুই জনে ॥ নহে তা সবারে জের করিবে দুসমনে * এহা বলে সেথা হৈতে রওানা হইয়া ॥ কত দুরে লস্করেতে মিলিল আসিয়া * নিকটে পৌছিয়া সাহা দেখে এক ঠাই ॥ ছাওনি করিয়া রহে লইয়া ছেফাই * তখন তুরান সাহা খোছরোর হুজুরে ॥ নামা এক লেখে এয়ছা ছোলের খাতিরে* লিখল সে নামা বিচে এই বিবরন ॥ সুন সাহা কায়খোছরো আমার বচন * নাতি হৈয়া মোর সাতে লড় বার২ কি বলে জওাব দিবে দরগাতে খোদার * খাতা জদি হয়েছিল আমার এয়ছাই ॥ মারিলে তুমিত মেরা লস্কর ছেফাই * দোছরার খাতা খুব দেখিবারে পাও ॥ আপনি করিলে খাতা নাহিক তাকাও* বুঝে দেখ দেল বিচে করিয়া বিচার ॥ আমাকে চাহিয়া তুমি আছ গোনাগার* কেননা তোমারে বেছা করিল পালন ॥ নাহক মারিলে তুমি তাহার কারন * রহম না হৈল কিছু তোমার দেলেতে ॥ রওা নাহি হয় এয়ছা জুলুম করিতে * এখন ডরহ দেলে বুঝিয়া সুজিয়া ॥ না কর জুলুম জোর রহ খামসিয়া * জদি না খামস থাক চাহ লড়িবার ॥ আইসহ তৈয়ার আছে ফউজ আমার * সের নর মত সব জঙ্গিয়া ছেফাই ॥ মহিম করিতে আমি নাহিক ডরাই * কিন্তু এয়ছা জঙ্গ করা উচিত না হয় ॥ নাহক লস্কর মরে বেগর গোনায়*নেক ছলা আছে এই সোন কহি ভাই ॥ মিলি আইস নানা নাতি ছাড়িয়া লড়াই * কওল কারার এবে করি দুই জন॥না টোটে কারার জেন কাহার কখন * তা হইলে খলকুল্লা আরামে রহিবে ॥ কোনবাতে কার পরে জুলুম না হবে * মঞ্জুর করিয়া জদি ছাড়হ লড়াই ॥ তাহাই কারার মেরা জানিবে এয়ছাই * মাল মাত্তা কিম্বা তুমি চাহিবে সহর ॥ সুপিব তোমারে আমি নাহিক ওজর এহা ছেওা বেটা এক আছে জে আমার ॥ হামেসা রাখিব তারে হুজুরে তোমার * আর জত পাহালওান তুরান দেসের ॥ গোলামিতে রবে তেরা হইয়া হাজের * আমি এবে দেল হৈতে ঘোচাইয়া আন রাহিব লইয়া খালি সহর তুরান*বাকি জে সকল দেশ লহ এবে তুমি ॥ ছাফ দেলে কারার করিনু এহা আমি * জত দিন জান মেরা রবে কালেবেতে॥ না ফিরিব কদাচিত কওল হইতে * জদি এই ছোলে নামা না কর মঞ্জুর ॥ কহিতেছি এহা ফের তোমার হুজুর * একেলা আসিয়া জঙ্গ কর ময়দানেতে

চোট লাগিল মারিতে ॥ কেহু কারে নাহি পারে জখম করিতে * লড়িল তামাম দিন দোহেতে এয়ছাই নিমাসাম হৈল জবে রাখিল লড়াই * ময়দানেতে ওঠাইল বাহুড়ি নেসান॥ দেখিতে পাইয়া তাহা জত পাহালওান * আর জে ফিরিল তবে লড়াই ছাড়িয়া ॥ খেয়ে পিয়ে রাত কালে রহিল শুইয়া * ফজরে উঠীয়া ফের আসিয়া ময়দানে ॥ দুইদলে লড়িতে লাগিল জনে২ * বেছা পাহালওান এসে গোদর্জ্জের সাতে ॥ নেজা গোর্জ্জ তেগ লিয়া লাগিল লড়িতে ॥ এইরূপে রোজ২ লড়ে পাহালওান ॥ কেহু কারে নাহি পারে সমানে সমান * আর জত পাহালওান তাহারা সকলে ॥ দিগে দিগে তেগ বাজি করে মস্ত হালে * হাজার২ লোক লড়ে মহিমেতে ॥ দুই সাল তক এয়ছা লড়ে সকলেতে * মরিল বহুত লোক দুই তরফের ॥ তবু কেহু কারে না করিতে পারে জের * জত মারে তত বাড়ে দুদিকে সেফাই কোনমতে কার বাগে কম হৈতে নাই * কেন না জে দুই দলে দুদিগে থাকিয়া ॥ হামেসা লস্কর সেথা পৌছিত আসিয়া * একারনে কেহ না করিতে পারে ফতে ॥ সমানে সমান রহে দুই তরফেতে * শেষে গোদর্জ্জের হাতে বেছা পাহালওান ॥ খাইয়া গোর্জ্জের চোট মরিল নিদান * আর জত এসেছিল তুরুকি সওার ॥ মারা গেল কত শত হয়ে ছারখার * তবু লড়ে গোস্বাভরে ইরানি সেফাই ॥ মেরে চলে তেগ তলে নাকরে রেহাই * তখন তুরুকি সব বিপাক দেখিয়া ॥ ভাগিল ময়দান হৈতে জান বাচাইয়া * আফরাসিয়াব সাহা আছিল জেথায় ॥ পেরেসানি হালে সবে পৌছিল সেথায় * গোদর্জ্জ করিয়া ফতে মহিমের কাম ॥ ময়দান হইতে লিয়া লস্কর তামাম * আসিয়া ডেরার বিচে খোসালিত মনে ॥ খেয়ে পিয়ে আরামেতে রহে জনে২ * তাহা বাদে ফতে নামা খবর লিখিয়া ॥ ইরানে খছরুর আগে দিল পাঠাইয়া * হিন কবিকার কহে আল্লা রাজি জাতে ॥ কেহ তারে নাহি পারে হজিমত দিতে * এসে ছিল কাজা তাই না হইল খণ্ডন ॥ হুমা আর বেছা মারা গেল দুইজন * না হইলে গোদর্জ্জ কি তাহাদের সাতে । তেগ জোরে লড়ীয়া করিতে পারে ফতে *

আফরাসিয়াবের বেটা সাএদা পাহালওান খছরুর সহিত লড়াই
করিয়া মারা জাইবার বয়ান *

পয়ার * তুর্কি লস্কর জবে মহিমে হারিয়া ॥ ময়দান হইতে ভেগে গেল পালাইয়া * আফরাসিয়াব সাহা শুনিল খবর॥ মারা গেছে বেছা মর্দ্দ ময়দান উপর * তবে সাহা দেলে দর্দ্দ পাইয়া আপন হাজার আফছোছ করে বেছার কারন * হায়২ করে মুখে চক্ষে বহে নির ॥ লাগিল ছিনার বিচে আপছোছের তির * নিস্বাস ছাড়িয়া কান্দে হয়ে জার২ ॥ ভাবা গোনা করে ইহা দেলের মাঝার * কহে এবে বেওফা হইল বুঝিবক্ত ॥ নাহিক রহিবে আর সাহি তাজ তক্ত * জেন্দাগানি এবে মুখে নাহি লাগে ভাল ॥ নছিব হইল বুরা খারাবি পৌছিল * নহে এয়ছা বেছা মর্দ্দ ছিল পিল মস্ত ॥ মসাতে তাহার তরে করে দিল পস্ত * এইরূপে ভাবা গোনা করিয়া আখেরে ॥ কহিতে লাগিল ফের সবার হুজুরে পোস্তপানা ছিল মেরা বেছা নামদার ॥ সাহি মেরা তার জোরে আছিল কারার * জেখান হইতে জঙ্গে দিতুন ভেজিয়া ॥ বে আন্দেসা থাকিতুন আপনি বসিয়া * বেছা পাহালওান বিনে আমাকে এখন ॥ হয়বাতে ইরানি করিবে জালাতন * জা আছে নছিবে লেখা হইবে আমার ॥ ইরানিকে মেরে দাদ লইব বেছার * জাবত এ দাদ আমি নাহিক লইব ॥ আয়েস আরাম আদি কিছু না করিব * এয়ছাই কারার করে মজলিস ভিতর ॥ লইতে বেছার দাদ বান্দিল কোমর * আছিল বহুত কম লস্কর সেফাই ॥ একারনে নাহি জায় করিতে লড়াই * মসগুল হইয়া তবে দেলের বিচেতে॥ হামেহাল রহেন লস্কর জমাইতে এয়ছা ভাতে কত দিন গোজারীয়া জায় ॥ হোথাকার কথা এবে সোনহ সবায় * মহিমে পাইয়া ফতে গোদর্জ্জ সর্দ্দার ॥ লিখে ছিল খছরুকে খুসির সমাচার * কত দিনে সেই লেখা পৌছিল আসিয়া ॥ লিখন পড়িয়া সাহা খোসাল হইয়া * দেলেতে এরাদা এয়ছা করীল তখন ॥ তুরান মুল্লক বিচে জাইয়া এখন * বাজে দেস আছে জত তুরান সাহার ॥ দখল করিয়া লিব জোরে আপনার * এহা ভেবে লিয়া সাহা লস্কর ছামানা ॥ তুরান তরফে চলে হইয়া রওানা * কিন্তু জে সময় সাহা নেকলিয়া জায়॥ লেখন লিখিয়া তখন রোস্তমে পাঠায় * লিখে ছিল নামা বিচে এই বিবরন॥ সোনহ রোস্তম কহি তোমার কারন

পাইবা তাহা বেজন সরদার ॥ লড়িবারে মোকাবেলা হইল তাহার * হুমা তবে গোস্বা হৈয়া গোর্জ্জ লিয়া হাতে ॥ মারে বেজনের পরে খেচিয়া জোরেতে * বেজন সে গোর্জ্জ লিল ঢালে ওড়াইয়া ॥ না লাগল চোট কারি গেল রদ হৈয়া*তার পরে মারে গোজ্জ বেজন মর্দ্দানা॥ হুমার উপরে জেন গিরিল ঝনঝনা* বহুত কোসেসে হুমা রদ কৈল তায় ॥ এইরূপে গোর্জ্জবাজি করেন দোহায় * বহুত লড়িয়া ফের নেজা লিয়া হাতে ॥ সের হেন হেকে দোন লাগিল লড়িতে*টুটীল দোহার নেজা হয়ে খান২ ॥ কেহু কারে নাহি পারে সমানে সমান* পছিনা ছুটীল গায়ে আখ হৈল ঘোর ॥ পিয়াসে সুখায়ে ছাতি কম হৈল জোর * আজেজ হইয়া গেল ঘোড়া দোহাকার ॥ জমি পরে হাটু পাতে হইয়া লাচার * তবু দোন সের হেন লড়ে মস্ত হৈয়া ॥ চোটের উপরে চোট করে গোর্জ্জ লিয়া * এইরূপে বহুত লড়িয়া আখেরেতে ॥ রাখিয়া গোর্জ্জের জঙ্গ গদা লিয়া হাতে*মারিল বেজন মর্দ্দ হুমার উপর॥চোটের ধনকে তার টুটীল কোমর * জমিনে গিরিল মর্দ্দ হইয়া বেতাব ॥ ফের এক চোট তারে করিল সেতাব * মারা গেল হুমা জদি নেকালিল জান ॥ সেহাল দেখি। জত তুরকি জওান * হেম্মত করিয়া কেহ লড়িতে না জায় ॥ জিউ লিয়া পিঠ দিয়া ভাগিয়া পালায় * লড়াই মকুফ হৈল ফিরিল বেজন॥ খুসিতে পৌছিল এসে লস্করে আপন * আফরাসিয়াব হেথা পাইল খবর ॥ মারা গেছে হুমা মর্দ্দ ময়দান উপর * হায়২ করে সাহা হয়ে বেকারার ॥ কহে এয়ছা পাহালওান না হইবে আর * এইরূপে আফছোছ করিয়া আখেরেতে ॥ বেছাকে কহিল তুমি জাহ মহিমেতে * ইরানী সবার পরে তলওার মারিয়া ॥ জৈহুন দরিয়া বিচে দেহ ভাসাইয়া*রোস্তম না আসিয়াছে জান সমাচার॥ গোদর্জ্জ লস্কর বিচে সাহেব সরদার তোমার সামনে সেহ গিধড় এয়ছাই ॥ ধরিয়া তাহাকে তুমি করগে সাজাই * এয়ছাই হুকুম জদি হইল বাদসার ॥ বেছা তবে লস্কর লইয়া আপনার * তুরুকি লস্কর জেথা ময়দানে আছিল ॥ তাহা সবাকার সাতে আসিয়া মিলিল * কোমক পাইয়া জত তুরুকি জওার ॥ লড়িবার তরে ফের হইল তৈয়ার * কিন্তু জবে হুমাকে মারিল ময়দানেতে ॥ গোদর্জ্জ হইয়া খুসি সেই সময়েতে * নামা লিখে পাঠাইল খোছরোকে এয়ছাই ॥ ফতে হইয়াছে মেরা পহেলা লড়াই*মারিল হুমার তরে বেজন সর্দ্দার॥ ভাগিল লস্কর তার হয়ে ছারখার*খোদার ফজলে মেরা জত পাহালওান॥ছহি ছালামতে আছে নাহিক নোকছান * এবে ফের বেছা লিয়া বহুত ছেফাই ॥ এসেছে ময়দান পরে করিতে লড়াই * আপনি রোস্তমে জদি ভেজ এখানেতে॥তা হইলে ভাল হয় লোকের হক্যেতে*এয়ছাই লিখন পেয়ে খোছরো নামদার লস্কর ভেজল ফের হাজারেহাজার*কিন্তু রোস্তমেরতরে নাহিপাঠাইল॥*গোদর্জ্জের তরে এয়ছা জওাব লিখল*থোড়া মহিমেতে ফের কেমন করিয়া ॥ লিখি রোস্তমের তরে জাবার লাগিয়া * এয়ছা ছোট মাহমেতে লিখিলে তাহায় ॥ কি কবে রোস্তম মর্দ্দ তোমা সবাকায় * একারনে তারে নাহি দিয়া সমাচার ॥ পাঠাইয়া দিতেছি লস্কর বেশুমার*এহা ছেওা আর জত চাহিবে লস্কর ॥ ভেজিব তাহাতে কিছু নাহিক ওজর* এয়ছাই জওাব পেয়ে গোদর্জ্জ সরদার ॥ ভালা বুরা কোন কথা না কাহয়া আর * ফরমাইল আপনা লস্কর লোক জনে॥ সেতাবি তৈয়ার হয়ে নেকাল ময়দানে* হেনকালে দেখে মর্দ্দ করিয়া নজর ॥ আসিতেছে বেসুমার ইরানী লস্কর * দোছরা তরফে ফের দেখে তাকাইয়া ॥ ফারামোর্জ্জ পৌছিল লস্কর সাতে লিয়া*দুই দিক হৈতে এসে পওছিল ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ তখন গোদর্জ্জ মর্দ্দ খোসাল হইয়া ॥ মিলে জুলে তাহা সবে সাতে করে লিয়া * মহিম করিতে গেল ময়দান উপর ॥ বেছা পাহালওান হেথা লইয়া লস্কর * মোকাবেলা হৈল এসে করিতে লড়াই॥লাগিল দু দলে জঙ্গ ছেফাই২ * কেবা কারে মারে ধরে নাহিক শুমার ॥ দুদলে লস্কর গেরে হাজারে হাজার*ঝনাঝন ঠনাঠন চলিল তুফান॥ লহুতে ভরিয়া গেল তামাম ময়দান * আখেরে তলওার লিয়া বেছা নামদার ॥ গোদর্জ্জের তরে এসে করিল ওয়ার * গোদর্জ্জ সে চোট তার ঢালে ওড়াইয়া ॥ মারিল বেছার পরে তলওার খেচিয়া* বেছা তাহা রদ কৈল ঢালেতে আপন ॥ এইরূপে তেগ বাজি করে দুই জন*বহুত লড়িয়া পিছে রাখিয়া তলওার॥ গোর্জ্জ লিয়া লড়ে ফের দোন আছওার * চোটের উপরে

জিম * জাল আর ফারামর্জ্জ বরজু এসে ফের ॥ বাদসার খেদমতে রহে হইয়া হাজের * আর যত লোকজন বসে ছিল সাতে ॥ এনাম খেলাত দিয়া তাদের তরেতে * করিল হাজার খুসি রোস্তম সর্দ্দার দেখে দেলে খুসিহয়ে খোছরো নামদার*একহপ্তা রহিলেন রোস্তমেরডরে॥রোস্তম খোসাল বড়া হইল অন্তরে * তার পরে মাল মাত্তা আনিয়া ছামানা ॥ বাদসার হুজুরে মর্দ্দ দিয়া নজরানা * আরজ করিয়া কহে সোন জাহাগির ॥ চার সও সাল আছি খেদমতে হাজির * উম্মর হইল ভারি কম হৈল জোর ॥ লড়িতে তাকত আর নাহি আছি মোর * এত দিন মহিম করিনু ঠাই২॥কোনখানে কার হাতে সরম না পাই * কি জানি এখন জদি দুস্মনে আমারে ॥ কোন রূপে জের করে ময়দান উপরে * তা হইলে টুটে জাবে আমার ভরম ॥ বুড়া কালে লোক মাঝে পাইব সরম * মেহের করিয়া জদি ফরমান আমায় ॥ থোড়া দিন থাকি তবে আপনা ডেরায় * বরজু আর ফারামজ্জচাচা ভাতিজাতে ॥ রহে দুই পাহালওান তোমার খেদমতে * এতেক শুনিয়া সাহা খোছরু নামদার ॥ কহিলেন রহ তুমি ঘরে আপনার * কিন্তু মহিমের কালে রহিতে নারিবে ॥ নাহি জদি লড় তবু জাইতে হইবে * কেন না থাকিলে তুমি লস্কর মাঝার ॥ দুসমন আজেজ থাকে ডরেতে তোমার * হেম্মত জিয়াদা হয় ইরানি লোগের॥ কহিনু জাইতে তুঝে এহার খাতের * এহা বলে তার পরে খোছরো জাহাগির ॥ করিয়া মেহেরবানি বরজুর খাতির * গও আর হারি সহর দিলেন সুপিয়া ॥ কহিলেন সাহি কর দুই দেশ লিয়া * রায়েত প্রজার খুব করিবেপালন॥কোনরূপে দুক্কনাহি দিবে কদাচন*ফারামর্জ্জে হিন্দুস্থান লিয়া আখেরেতে॥ খোসাল করিয়া সাহা তাহার তরেতে * লস্কর সেফাই লিয়া রওানা হইয়া ॥ আইল জাবল হৈতে ইরানে চলিয়া কত দিন খুসিহালে রহে জাহাপানা ॥ গম দুক্ক পেরেসানি নাছিল ভাবনা * অধিন খাতের কহে খোদার মক্কর ॥ গোদর্জ্জকে ভেজে ফের তুরান সহর *

কায়খোছরু গোদজ্জকে তুরানে আফরাছিয়াবের সাতে লড়িতে পাঠায়
ও হুমা আর বেছা পাহালওান ইরানের হাতে মহিমে
মারা জাইবার বয়ান *

পয়ার*কায়খোছরু খুসি হালে রহে ইরানেতে ॥ ঝগড়া ফছাদ নাহি ছিল কার সাতে* এইরূপে কত দিন গোজারিয়া গেল ॥ লোক মুখে ফের এছা খবর শুনিল * তুরানেতে আফরাছিয়াব নামদার লোক জন ছরঞ্জাম করিল তৈয়ার * এখানে আসিবে ফের করিতে লড়াই ॥ আপনি তৈয়ার রাখ লস্কর সেফাই * এতেক সুনিয়া সাহা হৈয়া গোস্বা মন ॥ গোর্জ্জকে বোলাইয়া কহিল তখন * রোস্তম তুরান দেসে গিয়া বার২ ॥তুরুকি লোকের তরে করে ছারখার* বাদসাকে সহর হৈতে ভাগাইয়া দিয়া তুরানে আইল ফের লোক জন লিয়া * এক্কনে ছরদার তুমি লস্কর বিচেতে ॥ হইল তোমার বারি জাহ মাহমেতে * দুসমন লড়িতে ফের ওঠাইল ছের ॥ সেতাবি তুড়িয়া ভাল নাহি সহে দের * তুরিতে চলিয়া জাহ লইয়া সেফাই ॥ আসিতে না পারে জেন আফত বালাই * মুল্লকে ফছাদজাতেনহি হয় আর রাখ দুসমনের তরে জৈহুনের পার * ইহা বলে ফারামজ্জে কহে জাহাগির ॥ সোন পাহালওান কহি তোমার খাতির * সুনিয়াছি লোক মুখে খবর এয়ছাই ॥ আসিতেছে চিন সাহা লইয়া সেফাই * লুটী বার এরাদাতে দেস হিন্দুস্থান ॥ লস্কর লইয়া তুমি হও আগুয়ান * চিনের তরফ হৈয়া জাইবে তুরানে ॥ মিলিবে সেখানে গিয়া গোদজ্জের সনে * ফরমাইল জাহাপানা এছাই জখন ॥ গোদর্জ্জ ও ফারামজ্জ দোহেতে তখন * জার জে লস্কর লিয়া রওানা হইয়া ॥ দুই রাহে দুই জন চলে রেগা দিয়া* তুছও বেজন আর গেও নামদার ॥ গোদর্জ্জের সাতে চলে হইয়া ছওার*আর চলে বেশুমার ইরানি ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * জৈহুন হইয়া পার নেকালিয়া জায় ॥ কতদিনে তুরানেতে পওছিল সবায় * আফরাসিয়াব হোথা সুনে সমাচার ॥ আইল লস্কর লিয়া গোদজ্জ সরদার * তখন সে আপনা লস্কর জমাইয়া ॥ হুমাকে ভেজিয়া দিল সরদার করিয়া * হুমা সে লস্কর লিয়া গিয়া খুসি মনে ॥ গোদজ্জ আছিল জেথা পওছিল সেখানে * দুই দলে মোকাবেলা হইয়া তখন ॥ লড়িবারে তৈয়ার হইল জনে জন* পহেলা আইল হুমা গোর্জ্জ লিয়া হাতে ॥ সেরনর মত হাক হাকিয়া জোরেতে * দেখিতে

হার॥দেখে দেলে গোস্বা হয়ে বরজু নামদার * সেতাবী জুড়িল ফের কামানের তীর ॥ লড়িতে লাগিল দোহে জেন মহাবির * এইরূপে তীরে২ বহুত লড়িল॥ কেহ কারে কারি চোট করিতে নারিল * আখেরেতে তীর জবে গেল নেবড়িয়া॥ আফরাসিয়াব আইল গোর্জ্জ হাতে লিয়া * দেখিতে পাইয়া তাহা হুমা সে সময়॥ আসিয়া কহিল আফরাছিয়াব সাহায় * না কর এরাদা সাহা গোর্জ্জের লড়াই॥ করিলে গোর্জ্জের জঙ্গ ঘটীবে বালাই *বরজুর অজুদ জেন পাহাড়আলবোজ্জ॥নাহিক আছরহবে তেরা এই গোজ্জ * আলবোজ্জ হইতে কম না জান ওহাবে॥ নাহক সরম পাবে কিসের খাতিরে * আফরা ছিয়াব শুনে কহিল তখন॥ সোন পাহালওান হুমা আমার বচন * দেলের বিচেতে এছা এরাদা আমার মারিলে এহার তরেজাবে দুক্ষ ভার*কেননা দুসমন বড়এসব ছেফাই॥এরাসব মারাগেলেঘুচিবেবালাই এদের জোরেতে জোর পায় দুসমনেতে॥ নহে কোথা লাগে খোছরো আমার আগেতে*সুনে হুমা কহে বাদসাকে তখন॥ একারনে মানা করি তোমার কারন * বরজু পাহালওান জদি মরে মহিমেতে॥ কহ কিবা নাম তেরা হইবে তাহাতে * সেহ জদি চোট করে তোমার উপরে॥ হইবে বদনাম বড় লোকের হুজুর* মানা করি বার২ এহার কারন॥ জা আইসে খাতেরে সাহা করহ এখন * হেনকালে বেস্তা মর্দ্দ আসিয়া পৌছিল॥ এইমত সেহ ফের কহিতে লাগিল * আফরাসিয়াব সেই মানাহি শুনিয়া॥ না জায় ময়দানে আর মহিম লাগিয়া * ফরমাইল আপনার লস্করে এয়ছাই॥ একেবারে গিয়া সবে করগে লড়াই * জেন ঐ পাহালওান॥ময়দান হইতে॥ কোনরূপে নাহি পারে ফিরিয়া জাইতে * তুরুকি লস্কর জত একথা সুনিয়া॥ ময়দানে বরজুর তরে ঘিরিল আসিয়া * নেজা গোজ্জ তির তেগ লিয়া জনে জন॥ চোটের উপরে চোট করে বরিসন * বরজু তাহা রদ করে ঢালেতে উড়িয়া॥ গোস্বাভরে মেরে চলে তলওার খেঁচিয়া * শুমুখে ডাহিন বামে জারে জেথা পায়॥ নাহি ছাড়ে কার তরে কাটিয়া গেরায়*এইরূপে লড়িতে আছিল পাহালওান॥ দেখিতে পাইয়া তাহা রোস্তম জওান*ফারামর্জ্জ পাহালওানে সাতে করে লিয়া॥বরজুর মদদ পরে পৌছিল জাইয়া* দেখে ফের ইরানি লস্কর জত ছিল॥ চারি দিম হৈতে সবে কুদিয়া পড়িল* মার২ ধর২ হৈল সোর সার॥ কে কোথা তলওার মারে না হয় সুমার ঝনাঝন ঠনাঠন চলিল তুফান॥ জেমন লোহার খানা হইল ময়দান * বরজু পাহালওান আর রোস্তমছর দার॥ ফারামর্জ্জ আর জত শামি আছওার*গোস্বা ভরে তেগ মারে জারে জেথা পায়॥ কেলার বাগান জেন কাটীয়া গেরায় * ঘোড়া বেড়ি দিয়া ঘেরে চারি তরফেতে॥ দুহাতে তলওার মারে খেঁচিয়া জোরেতে *কারেবা চাবুক মেরে দেয় গেরাইয়া॥কেহবা পড়িয়া মরে হুতাশ ছাড়িয়া*কেহবা পড়িল মারা ঘোড়ার রগু দানে॥ পা হাত কাটায়ে কত গিরিল জমিনে * এইরূপে ঘড়ি চার করিল লড়াই * বেশুমার মারা গেলতুরুকি ছেপাই*থোড়াছা পড়িল মারা ইরানির লোগ॥তাহাতে বাদসার কিছু না হইল সোগ*খুনেতে ময়দান জেন দরিয়া হইল॥ নাহি ছাড়ে তবু ফের লড়িতে লাগিল*হেনকালে কায়খোছরো বাদসা নামদার॥ময়দানে আসিয়া ফের বলে মার২* দেখে ডরে ডরাইয়া তুরুকি লস্কর॥ না পারে লড়িতে কেহ হইল ফাপর * আফরাছিয়াব দেখে দেলে ডরাইয়া॥ লস্কর ছাড়িয়া গিধি জায় পালাইয়া তখন তাহার জত ছরদার ছেফাই॥ পিঠ দিয়া জিউ লিয়া ভাগিল সবাই * দেখিয়া তখন সাহা খোছরো নামদার॥ পিছে২ খেদাড়িয়া চলিল তাহার * জৈহুন দরিয়া তক গিয়া গোস্ব ভরে॥ সরহদ্দ করিয়া পার ফিরিল আখেরে*মহিমে পাইয়া ফতে দরগাতে খোদার॥ সোকর ভেজিল সাহা হাজারে হাজার * শাদিয়ানা ফতে নামা বাজিল তখন॥ সুনিয়া তামাম লোক খুসি হৈল মন * তাবাদে কহিল ফের রোস্তম সরদার॥ সোন বাদসা জাহাপানা আরজআমার * বাসনা এ রাখি আমি দেলের বিচেতে॥ নিকটে আমার ঘর আছে হেথা হৈতে * নওাজেস করে জদি জান মেরা ডেরে॥ সরফরাজ কর মুঝে সবার হুজুরে * তোমার তোফেলে বাড়ে মরতবা আমার॥ জনাবে আরজ এই সোন নামদার এতেক শুনিয়া সাহা কবুল করিল॥ রোস্তমের ডেরে জাইতে রওানা হইল* আলাও লস্কর সুদ্দা পওছিল জাইয়া॥ রোস্তম হইল খুসি দেখিয়া শুনিয়া * তাজিমে বাদসার তরে লিয়া মহলেতে॥ বসাইয়া তক্ত পরে খুসি খোসালেতে*হাত জোড়া রহে খাড়া হইয়া খাদিম। নানারূপে করে মর্দ্দ বাদসার তা-

কারন✽ তবে সে বাদসার দেল নরম হইল ॥ সরদার সবার তরে কহিতেলাগিল✽এইপাহালওান বুঝি রোস্তমের পোতা ॥ গোস্বা মোর দুরে গেল শুনে এরকথা✽মিঠা২ বাতে মর্দ্দ ভোলাইয়া মন ॥ গোস্বার আগুন মোর কৈল নিবারন ✽ একথা কহিয়া ফের বাদসা জাহাগির ॥ বুঝাইয়া কহে বাতবরজুবখাতির আমাকে না দিলে জদি ময়দানে জাইতে॥ লড় তুমি গিয়া আফরাসিয়াবের সাতে ✽ আমার বদলে তুঝে ভেজিনু এখন ॥ আল্লাকে সুপিনু জাহ হয়ে খুসী মন ✽ এয়ছাই হুকুম জদি হইল বাদসার ॥ শুনিয়া তামাম লোক খোসাল হাজার ✽ বরজু পাহালওান খুসি হইয়া দেলেতে॥ বাদসাকে সালাম করে চলে ময়দামেতে ✽ আফরাছিয়াব জেথা খাড়া হয়ে ছিল ॥ হাকিয়া তাহার তরে এয়ছাই কহিল সোন পাহালওান জাদ আইলে লড়িতে॥মোকাবেলা হওএসে আমার আগেতে✽যউতআসিযাতেরা পওছিল এখন॥আমি তুঝে ছাড়িয়া না দিবকদাচন✽আফরাছিয়াব সাহাএতেক সুনিয়া॥গালিদিয়াকহে এহা বরজুর লাগিয়া✽ইয়াদ না কর তুমি সোনরে কমজাত ॥বেয়াদবি করে আজ কহ এয়ছাবাত✽ কি রূপে আনিয়া তুঝে পালন করিয়া ॥মান বাড়াইনু তেরা সবারে চাহিয়া✽ সেখাইনু পাহালওানি হুনুর হেকমত ॥ আক্কেল উপরে তেরা হাজার লানত ✽নাহি জেনে আইলি হেথা মহিম লাগিয়া॥সমরনা হৈল তুঝে সোনরে বেহায়া ✽ জাহ তুমি আমি না লড়িব তেরা সাতে ॥ লোক মাঝে কলঙ্ক হইবে এই বাতে ✽ তেরা সাতে কিনা দেলে লড়ি জদি এবে ॥ দেখিয়া হাসিবে লোক হাতে তালি দিবে ✽ খোছরো না আইল বুঝি ডরেতে আমার॥ আইলে লড়িতে তুমি বদলে তাহার ✽হেক্কতনাআছে জদি তাহার এয়ছাই ॥নাহক কিসের তরে করে সে বাদসাই✽ছাপাইয়া থাক ঘরে আওরতসমান॥ লড়িতে দোছরার তরে পাঠায় ময়দান ✽এইরূপে ফজিহত করিল জখন ॥ সুনে পাহালওান বরজু হয়ে গোস্বা মন ✽ কহিতে লাগিল আফ্রাসিয়াবে এয়ছাই ॥ 'সোনরে কমজাত তুঝে কহিয়া জানাই✽ গোলাম থাকিতে কোথা সাহেব আসিয়া ॥ লড়ে ময়দানের বিচে কোমর বান্ধিয়া ✽ জাহার মোরাদ নাহি রা খিতে গোলাম ॥ আপনি সে করে এসে মহিমের কাম ✽ খোছরুর হুজুরে তুমি গোলাম এয়ছাই ॥ তেরা সাতে খছরু কেন করিতে লড়াই ✽ সাত মুল্লুকের সেহ বাদসা নেকনাম ॥ ময়দানে আসিবে তার কিবা এয়ছা কাম ✽ তেরা সাতে লড়িলে বদনাম হবে তার ॥ তাহার লায়েক তুমি নহবে গাওার মিছে কামে কেন সে আসবে জাহাগির ॥ হাজার গোলাম জার খেদমতে হাজির ✽ গোলাম হইতে কাম না হবে জখন ॥ আপনি কোমর বেন্দে আসিবে তখন ✽ বেওফা গোলাম জার সোনরে গাওার ওঠাইতে তার তরে হয় দুক্ক ভার ✽ এইরূপে মালামত বহুত করিয়া ॥ কহিতে লাগিল ফের গোস্বা দেল হইয়া✽ ঠীক বটে করিয়াছ পালন আমারে ॥ কিন্তু তুঝে বে এনছাফ জানিনু আখেরে✽ কেননা জালেম তুমি বেওফা বর্জ্জাত ॥ কারার করিয়া ঠীক নাহি রাখ বাত ✽ ছিয়াওস গিয়াছিল 'তেরা পানা তলে ॥ বেটী বেহা দিয়া তারে রাখিয়া খোসালে ✽ বেগোনা মারিলে ফের কিসের কারন ॥ জালেম তোমার মত নাহি কোনজন ✽ তোমা এয়ছা জালেমের মারিবা গর্দ্দান ॥ কেতাবেতে রওা আছে সোনরে নাদান✽কওল কারার জেবা তোড়ে আপনার॥গোনাগার হয় সেহ দুসমন খোদার✽দেখিতে লাজেম নাহি হয় তার মুখ॥তাহাকে মারিলে বাড়ে সবাকার সুখ ✽ জত দিন তেরা আমি নেমক খাইনু ততদিন হক তার আদায় করীনু✽এখন হইনু জার নেমক হালাল ॥ নেমকের হক তার করিব বাহাল জদি তুমি আছতার দুসমন এয়ছাই ॥মারিতে তোমার তরেগোনাকিছু নাই✽নেমকখাইয়াজদি দুসমনে তাহার ॥নাহি মারি তা হইলে হব গোনাগার ✽এহা বলে কুদিয়া উঠীল পাহালওান॥ মস্ত হাতিহাকে জেন বাঘের সমান ✽ দেখিয়া তুরান সাহা ভরিয়া গোস্বাতে ॥ সের নর মত হেকে লাগিল কহিতে ॥ সোন বরজু মেরা আগে না কর বড়াই ॥ এখনি ধরিয়া তুঝে সেখাব লড়াই ✽ আইসে জদী তেরা এয়ছা হাজার সওার ॥ টিকিতে পারিবে কোথা ছামনে আমার ✽ এহা বলে আফরাসিয়াব দাগাদার লইয়া কামান তীর হাতে আপনার ✽ বরজুর উপরে জোরে খেচিয়া মারিল ॥ জেরাকে ছেদিয়া গিয়া ঘাএল করিল✽ বরজু তাহা সামালিয়া হয়ে গোস্বামন ॥ গোর্জ্জ ওঠাইয়া মারে তাহার কারন ✽ আফ্র রাসিয়াব দেখে সেতাবি করিয়া ॥ লইল গোর্জ্জের চোট ঢালে ওড়াইয়া✽রদ হয়েগেস জদি ওার তা

খিলে ॥ রোস্তমের আগে তেরা জোর নাহি চলে * তামাম মুল্লক তেরা হৈল ছারখার ॥ তবু নছিহত তুমি না মান আমার * আওরতের বাতে ভুলে আইলে হেথায় ॥ নাহক আজেজ কৈলে লোক সবাকায় এই বাত পরে মেরা আফছোছ হাজার ॥ একবারে গুম হৈল আক্কেল তোমার* একথা স্তুনিয়া আফরাছিয়াব তখন ॥ কহিতে লাগিল এহা বেছার কারন * জা হবার হইয়াছে চারা কিছু নাই ॥ লাজ হবে জদি এবে ভাগিয়া পালাই* আর ভি তাকত মেরা না আছে লড়িতে ॥ বুঝি এবে মারা জাব রোস্তমের হাতে * বার২ কত এয়ছা ভাগিয়া পালাব ॥ জান জায় সেহ ভাল পিঠনা ফেরাব * এহা বলে ঘোড়া পরে ছওার হইয়া ॥ আইল ময়দান পরে গোজ্জ হাতে লিয়া * হেকে বলে কাহে এয়ছা করিয়া লড়াই মারা জায় দুইদলে লস্কর ছেফাই * মোনাছেব হয় এবে খোছরো নামদার ॥ আসিয়া মহিম করে সঙ্গেতে আমার * আল্লা জারে জস দিবে পাবে পরিনাম ॥ ফতে হৈয়া জাবে তার মহিমের কাম * এতেক শুনিয়া সাহা খোছরু নামদার ॥ গোস্বাভরে ঘোড়া পরে হইয়া সওার * আফরাসিয়াব জেথা ময়দানে আছিল॥হাকিয়া তাহার পানে কুদিয়া চলিল * দেখিয়া তখন জত ইরানী সরদার ॥ আসিয়া ঘোড়ার বাগ ধরিল বাদসার * কহিতে লাগিল সবে সোন জাহাগির ॥ আপনি লড়িতে জাবে কিসের খাতির * আমরা হাজির আছি এ৩ পাহালওান ॥ আমা সবাকার তরে করহ ফরমান * জত ক্ষন জান বাকি আছে আমাদের ॥ মারিব দুস্মন পরে খেচিয়া সমসের * হেনকালে এসে ফের রোস্তম পওছিল বাদসার হুজুরে এহা কহিতে লাগিল* মোনাছেব নাহি হয় আমরা থাকিতে ॥ আপনি ময়দানে জাবে মহিম করিতে * শুনে সাহা কায়খোছরো কহিল তখন ॥ লড়িবারে জাব আমি এহার কারন * লইব বাপের দাদ করেছি বাসনা ॥ তোমরা আমার তরে নাহি কর মানা * মারিয়াছে মেরা বাপে আফরসিয়াব॥লইব সে দাদ মেরা করিয়া খারাব * শুনিয়া রোস্তম কহে বাদসাকে তখন ॥ সোন সাহা কহিয়া জানাই বিবরন * আফরাসিয়াব মর্দ্দ বড় জোরওার ॥ হুনুর হেকমতে খুব আছে ওস্তওার * বার২ কত আমি লড়ি তার সাতে ॥ কোন রূপে কারি চোট নারিনু করিতে * হুনুর হেকমত হৈতে আল্লার ফজলে ॥ আজেজ কারনু তারে মহিমের কালে * কিন্তু কোন রূপে তারে ময়দান মাঝার ॥ নারিনু করিতে বন্ধ জোরে আপনার * মেরা সাতে বার২ লড়িল বিস্তর ॥ আমাকে মালুম আছে জেয়ছা তার জোর * ফের সে আইল জদি করিতে লড়াই ॥ জাইতেছি দিতে আমি তাহার সাজাই * আপনি ময়দানে না জাইবে কদাচন॥আমরা বাচিয়া সবে আছি জতক্ষন * আমি আর ফারামজ্জ বরজু নামদার জখন জাইব মারা ময়দান মাঝার* তখন জা চাহ সাহা করিবে আপনি ॥ হইবে জা লেখা আছে কলম রব্বানি * একথা স্তুনিয়া সাহা হয়ে গোস্বা মন ॥ কহিতে লাগিল বাত রোস্তমে তখন * ছিয়াওসের বেটা আমি জোরে নাহি কমি ॥ লড়িতে কি নাহি আছে আমার মর্দ্দমি * বার২ মোরে তুমি মানা কর ভাই ॥ আমি কি নাহিক পারি করিতে লড়াই * আজদাহা আমার ডরে জায় পালাইয়া ॥ সেরনরভাগে ডরে আজেজ হইয়া * আফ্রাসিয়াব জদি হয় মহা মস্ত ॥ তবু তারে গোজ্জ মেরে করে দিব পস্ত * এহা বলে চাহে ফের জাইতে ময়দান ॥ ধরিল ঘোড়ার বাগ রোস্তম জওান * আরজ করিয়া কহে সোন জাহাগির ॥ পহেলা মারিয়া আমা সবার খাতির * তাহাবাদে লড়িবারে জাহ ময়দানেতে ॥ নহে না জাইতে দিব আমরা থাকিতে* একথা শুনিয়া সাহা খোছরু নামদার ॥ রোস্তমের পরে বড় হলেন বেজার * হেনকালে এসে ফের বরজু জেথানেতে ॥ কহিতে লাগিল এহা বাদসার তরেতে * আপনি জাইবে জদি করিতে লড়াই ॥ বাচিয়া কি করি তবে আমরা সবাই * গলেতে খঞ্জর দিয়া মরি জে জাহার ॥ মোদের মউত আগে দেখ নামদার * না শুনে একান্ত জদি জাইবে মহিমে ॥ কি কামে আসিবে তবে এ সব গোলামে * এখানেতে আছে জত জজিয়া ছওার ॥ হুনুর হেকমত দেখিয়াছ তা সবার * কিঞ্চিত হুনুর এবে দেখ মেরা তুমি । তুরান সাহার সাতে লড়ি গিয়া আমি * জত দিন জান বাকি রহিবে আমার ॥ ময়দানে জাইবা নহে উচিত তোমার * আমি জবে মারা জাব ময়দান উপরে ॥ করিবে তখন সাহা জা আইসে খাতেরে * এতেক মিনতী জারি করিয়া তখন ॥ কহিতে লাগিল বরজু বাদসার

লিয়া * খান২ হয়ে গেল নেজা দোহাকার ॥ রাখিয়া নেজার জঙ্গ ধরিল তলওার * কাটাকাটি চোটা চুটি করে দুই জন ॥ হইল দোহার তেগ করাত জেমন * কেহ কারে নাহি পারে দাগ চড়াইতে ॥ আখেরে টুটিল তেগ লড়িতে২ * তখন লইয়া গোর্জ্জ দোন পাহালওান ॥ লড়িতে লাগিল জেন হাতীর সমান * বিসম গোর্জ্জের চোট ঢালেতে ওড়ায় ॥ পছিনা ছুটিয়া চলে দোহাকার গায় * ধমকে আজিজ হয়ে দোহাকার ঘোড়া ॥ মুখে গেজা ভাঙ্গে না রহিতে পারে খাড়া * জমিনে পাতিল হাটু তবু দুই জনে ॥ গোর্জ্জ লিয়া লড়িতে লাগিল গোস্বা মনে * বহুত করিল জঙ্গ দোন পাহালওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * এইরূপে লড়িতে২ হৈল সাম ॥ মকুফ রাখিয়া তবে মহিমের কাম * জার জে ডেরাতে দোহে গেলেন চলিয়া ॥ খানা পানি খেয়ে রহে আরাম করিয়া * ফজরে উঠিয়া ফের বরজু নামদার ॥ মহিম করিতে চলে হইয়া সওার * জাদুর কেল্লার বিচে গিয়া পাহালওান ॥ জোরেতে হাকিল জেন গরজে আছমান * পিলছাম সুনে হাক চড়িয়া ঘোড়াতে ॥ মোকাবেলা হৈল এসে বরজুর আগেতে * মহিম করিতে তবে হৈল ওস্তওার ॥ বরজু বলে কহ কেবা করিবে ওয়ার * এই রূপে বলা কওা করিতে আছিল ॥ হেন কালে দুর হৈতে দেখিতে পাইল * আফরাসিয়াব আইসে লস্কর লইয়া ধুলাতে ময়দান ছারা আন্ধার করিয়া * তখন রোস্তম কহে বরজুর কারন ॥ হেথাকার জঙ্গ তুমি ছাড়িয়া এখন * তুরুকি পৌছিল এসে লইয়া ছেফাই ॥ ওহাদের বাগে এবে করহ লড়াই * পিলছামের সাতে আমি লড়ি এখানেতে ॥ আল্লা জদি রাজি থাকে হইবেক ফতে * বরজু পাহালওান তবে এতেক সুনিয়া ॥ তুরুকি লস্কর পানে চলিল কুদিয়া * এখানে রোস্তম মর্দ্দ আর পিলছাম ॥ মস্তহালে করে দোহে মহিমের কাম * চোটের উপরে চোট চলিতে লাগিল ॥ নেজা আর গোর্জ্জ লিয়া বহুত লড়িল * আখেরে হইয়া গোস্বা রোস্তম সরদার ॥ হেকে জোরে তেগ লিয়া করিল উয়ার * এয়ছাই জোরেতে চোট মেরেছিল তায় ॥ ঢাল ঘোড়া সেফাই কাটিয়া গেরে ঠায় * মারা গেল পিলছাম রোস্তম খোসাল তখন আসিয়া হেথা পাহালওান জাল * রোস্তমের তরে কহে চলহ সেতাব ॥ দাগাদারি করে পাছে আফরাসিয়াব * জদি সে বরজুর তরে একেলা পাইয়া ॥ আজেজ করিয়া দেয় সকলে ঘিরিয়া * এহা বলে জাল আর রোস্তম তখন ॥ তুরুকি লস্কর জেথা আইল দুই জন * মার মার বলে হাক হাকিয়া দোহেতে ॥ ঘোড়া কোদাইয়া জোরে লাগিল কাটীতে * তুরুকি লস্কর সব দেখিয়া তখন ॥ চারিদিগে ঘিরে করে তির বরিসন * জাল ও রোস্তম আর বরজু পাহালওান ॥ মস্তহালে লড়ে জেন বাঘের সমান * সমুখে ডাহিন বামে জারে জেথা পায় ॥ মারে তেগ বেদেরেগ কাটিয়া গেরায় * দাতেতে লাগাম ধরে দুহাতে তলওার ॥ চারিদিকে ঘিরিয়া জে বলে মার২ * দফা২ ছাফ করে ঘোড়া বেড়ি দিয়া ॥ হাজারে হাজার লোকে দিল গেরাইয়া * লহুতে হইল লাল তামাম ময়দান ॥ লস্কর গিরিল জেন কলার বাগান * এই রূপে মস্তহালে লড়িতে আছিল ॥ এমন সময় কালে দেখিতে পাইল * কমিনা ছওছন জাদু আওরঙ্গ কৈতাল ॥ কেল্লা হৈতে ভেগে আইল হাওার মেছাল * তুরুকি লস্কর বিচে হইল হাজির ॥ ছিল জেথা আফরাসিয়াব জাহাগির * তাহা বাদে দেখি ফের করিয়া নজর ॥ আইলেন কায়খোছরো লইয়া লস্কর খুসি হয়ে জাল সাহা জাইয়া তখন ॥ আগু বাড়াইয়া আনে বাদসার কারন * বরজু ও রোস্তম ফের যাইয়া তরায় ॥ মিলিল বাদসার সাতে ধরিয়া গলায় * তার পরে লিয়া ফের লস্কর ছেফাই ॥ আইল ময়দান পরে করিতে লড়াই * তুরুকি লস্কর সব আছিল জেখানে ॥ ঘেরাও করিয়া তাহা সবার কারনে * মারিতে লাগিল তির চারিদিক হৈতে ॥ বিপাকে পড়িয়া কেহ না পারে লড়িতে * ডরে ডরাইয়া জত তুরুকি ছেফাই ॥ হেম্মত না হয় কার করিতে লড়াই * দেখিল লস্কর জদি হইল বেতাব ॥ গোস্বাভরে কহে তবে আফরাসিয়াব * সোনরে বেওফা সব নেমক হারাম ॥ ডর জদি রাখ দেলে মহিমের কাম * তবে কেন লড়িবারে আইলে সবাই ॥ আগে কাহে আমারে না কাহলে এয়ছাই * আসিয়া মহিম কালে দেলাও সরম ॥ লোকের সামনে গেল আমার ভরম * গোস্বা হয় এবে তোমা সবার পরেতে ॥ তলওার খেচিয়া মারি আপনার হাতে * এইরূপে আফরাছিয়াব জে সময় ॥ লান তান করে গালি দিল সবাকায় শুনিয়া তখন বেহ্মা হয়ে গোস্বামন ॥ কহিতে লাগিল এহা বাদসার কারন * বার২ কত দফা লড়িয়া জে

ল্লার ॥ গিয়া সে কেল্লার বিচে হইল কারার * দরওয়াজা করিল বন্ধ কেওয়াড় ডালিয়া ॥ দেখি তাহা জালসাহা গোস্বাতে ভরিয়া* গোর্জ্জ মেরে কেওয়াড় তুড়িয়া ডালে তার ॥ চাহে কি কুদিয়া জায় কেল্লার মাঝার* হেনকালে পিলছাম তেগ লিয়া হাতে ॥ মহিম করিতে আইল জালের সহিতে * মোকাবেলা হয়ে তার পাহালওয়ান জাল ॥ মহিম করিল সুরু হয়ে মস্তহাল * নেজা গোর্জ্জ তেগ লিয়া লড়ে দুজওান ॥ কেহ কারে নাহি পারে সমান২ * পিলছাম মারে গোর্জ্জ জোরেতে খেচিয়া ॥ জাল সাহা লিল তাহা ঢালে ওড়াইয়া * এয়ছাই জোরেতে সেই গোর্জ্জ মেরে ছিল ॥ ধমকে ঢালের পরে আগুন উঠিল * পিলছাম দেখে তাহা তাজ্জবেতে রহে ॥ হাকিয়া জালের তরে এই বাত কহে * সাবাস২ মর্দ্দ রাখ খুব জোর ॥ সহিলে এ গোর্জ্জ মেরা ঢালের উপর * মারিতাম জদি আমি লিয়া এই গোর্জ্জ খান২ হৈয়া জাইত পাহাড় আলবোর্জ্জ* জাল বলে গোর্জ্জ তেরা কি করে আমার॥ নাহেলে অজ্জুদ মেরা গিরিল পাহাড় * আমার সামনে তুমি পতঙ্গ সমান ॥ তেরা গোর্জ্জ মোর হক্কে চাবুক প্রমাণ * এহা বলে গোর্জ্জ লিয়া পাহালওয়ান জাল ॥ পিলছামে কহে গিধী সামাল২ * শুনে সে পাতিল ঢাল হইয়া হুসিয়ার ॥ জাল সাহা গোস্বা ভরে করিল উওার * মেরেছিল পাহালওয়ান এয়ছাই জোরেতে ধমকে টুটীল ঢাল লাগিল কাঁপিতে * পছিনা ছুটিল গায় আখি হৈল ঘোর ॥ জখম হইল তার ঘোড়াব কোমর* সামালিয়া তবু ফের গোর্জ্জ লিয়া হাতে ॥ নাহি ছাড়ে জঙ্গ করে জালের সহিতে * এই রুপে দুইজনে লড়েমস্ত হৈয়া॥ হেনকালে ফারামোজ্জ পৌছিল আসিয়া* লোকের জবানি এয়ছা সুনিল খবর ॥ দাদা তেরা জঙ্গ করে কেল্লার ভিতর* শুনিয়া তখান গেল ভিতরে চলিয়া ॥ দেখে দোহে জঙ্গ করে গোর্জ্জ হাতে লিয়া * তবে মর্দ্দ হেকে কহে জালকে এয়ছাই॥ আপনি তফাতে আইস ছাড়িয়া লড়াই * আমি গিয়া পিলছামে দেখি একবার ॥ তলওার মারিয়া দেই করে ছারখার * এতেক সুনিয়া জাল তফাতে আইল ॥ ফারামোজ্জ তেগ লিয়া কুদিয়া চলিল* পিলছাম দেখে তাহে নেকালিল তেগ দুইজনে কাটাকাটি করে বেদেরেগ * কেহু কারে নাহি পারে দাগ চড়াইতে॥ এইরুপে মস্তহালে লাগিল লাড়তে * করিল বহুত জঙ্গ দোন পাহালওয়ান ॥ কেহু নাহি হারে জিতে সমানে সমান * আখেরেতে দিন গেল হৈল নিমাসাম ॥ মকুফ রাখিয়া দোহে মহিমের কাম * ফেরায়ে ঘোড়ার বাগ ডেরেতে আসিয়া ॥ খেয়ে পিয়ে রহে সুয়ে আরাম করিয়া * এরাদা করিয়া রহে দেলেতে এয়ছাই ॥ ফজরে উঠিয়া ফের করিব লড়াই * কিন্তু পাহালওয়ান জাল সেই সময়েতে ॥ লড়িবারে জায় সেই জাদুর কেল্লাতে * সেই ওক্তে আপনার লোক এক জনে॥ জাবলে ভেজিয়াছিল রোস্তম জেখানে* রোস্তম তাহার মুখে সুনে সমাচার ॥ বরজু আর লোক জনে লিয়া আপনার * জাবল হইতে এসে পওছিল সেখানে ॥ জাল আর ফারামজ্জ লড়ে জেইখানে * দেখে রোস্তমের তরে পাহালওয়ান জাল ॥ সুনাইল জত কিছু মহিমের হাল শুনিয়া রোস্তম কহে ফজরে জাইয়া ॥ পিলছামে গেরাইব তলওার মারিয়া* আর জে ছওছন জাদু তাহার তরেতে ॥ ধরে এনে জালাইয়া দিব আগুনেতে * খাকে মেলাইব তার জাদুর মাকান ॥ ছারখার করিব না রাখিব নিসান* এহা বলে ফারামজ্জে কহে নামদার॥ সেতাবি খোছরোর আগে দেহ সমাচার সুনে ফারামজ্জ চলে হইয়া রওানা ॥ জেখানেতে কায়খোছরো বাদসা আলম্পানা * হোথায় ছওছন জাদু করে কোনকাম ॥ মহিমের হাল ছারা লিখিয়া তামাম * পাঠাইয়া দিল এক কাছেদের তরে ॥ আফরাসিয়াব জেথা তুরান সহরে * এইরুপে দুইদিকে চলিল খবর ॥ রাত পোহাইয়া গেল হইল ফজর* তখন রোস্তম মর্দ্দ কোমর বান্ধিয়া ॥ রখসো নামে ঘোড়া পরে ছওার হইয়া* কেল্লা দরওাজা পরে জাইয়া তাহার ॥ পিলছামে হেকে বলে সোনরে গাওার * আইস দেখি মোর সাতে লড়িবার তরে ॥ গোর্জ্জ মেরে আজ তোরে দিব জম ঘরে * পিলছাম হাক সুনে কোমর বান্ধিয়া ॥ আসিয়া হইল খাড়া গোর্জ্জ হাতে লিয়া* দেখিয়া তাহার তরে রোস্তম তখন॥ গজ্জিয়া উঠিল জেন বাঘের মতন* ডরেতে সে পিলছাম না আইল সামনে ॥ তফাতে থাকিয়া তীর জুড়িল কামানে * রোস্তম দেখিয়া তাহা তীর লিয়া হাতে ॥ মারিতে লাগিল তারে খেচিয়া জোরেতে* এইরুপে তীরে২ বহুত লড়িল ॥ কারি তের কেহু কারে মারিতে নারিল* আখেরেতে তীর জবে গেল নেবড়িয়া॥ লড়িতে লাগিল ফের নেজা হাতে

হিনি ॥ আমা হেন দুনিয়াতে নাহি অভাগিনি * ছওছন আমার নাম সোনহ মর্দ্দানা ॥ জানিতুন আমি খুব গাহনা বাজনা * একমর্দ্দ মোর পরে আসক হইয়া ॥আখেরে আমারে সে করিল সাদী বিয়া * দেসে২ ফিরিত জে ছওদাগরি কামে ॥ হামেসা তাহার ঘরে আছিনু আরামে * পিয়ার করিত সেহ আমার লাগিয়া ॥ আছুদা রাখিয়া ছিল মালমাত্তা দিয়া* কতদিন এইরূপে গোজারিয়াগেল॥এলাহির কাজা সেহ ওফাত করিল * তার পরে আফরাসিয়াব দুরাচার ॥ চাহে মুঝে জরু বানাইতে আপনার রাখে এক্তেয়ার করে মাল মাত্তা দিয়া ॥ সেকথা শুনিয়া আমি রাজি না হইয়া * মালমাত্তা আপনার লিয়া লোক জনে। ভাগিয়া তাহার ডরে আইনু এখানে * দেল বিচে এবে এয়ছা করিয়াছি আসা খোছরুর খেদমতে আমি রহিব হামেসা * এয়ছাই ফেরেব দিয়া জদি সে বৈতাল ॥ কহিল তুছের আগে আপনার হাল * ভুলিয়া তাহার বাতে তুছ নামদার ॥ ওছন্দ করিল এহা দেলে আপনার* বাদ সার লায়েক বটে আছে এ সুন্দরি । জদি এছে বাদসা আগে লিয়া জাইতে পারি* তা হইলে কায় খোছরো বাদসার আগেতে ॥ মরতবা জিয়াদা মেরা হবে সবা হৈতে * দেলের বিচেতে মর্দ্দ ভাবিয়া এয়ছাই ॥ বিবিকে কহিল মুঝে দেহ কিছু খাই* সুনিয়া তখনি বিবি উঠীয়া সেতাব ॥ আনিল তুছের আগে সারাব কাবাব * পিয়ালা ঢালিয়া দেয় করিয়া পিয়ার ॥ মস্তহালে খায় বসে তুছ নামদার * খাইয়া জখন মর্দ্দ বেহুস হইল॥ সেই ওক্তে পিলছাম আসিয়া পৌছিল *লিয়া সে তুছের তরে সেখান থাকিয়া ॥ রাখে বন্দখানা বিচে কয়েদ করিয়া * এমন সময় ফের গোদজ্জ ছরদার ॥ আসিয়া পৌছিল সেথা হইয়া সওার * ঐমত শুনে মর্দ্দ বিবীর খবর ॥ খুসিতে গেলেন চলে মহল ভিতর * দেখিয়া ছওছন বিবি গোদজ্জের তরে ॥ হাত ধরে বসাইয়া পালঙ্গ উপরে * আপনার হাল ছারা কহিয়া তা মাম ॥আনিয়া হাজের কৈল সারাবের জাম * তখন গোদর্জ্জ মর্দ্দ খাইয়া সারাব ॥ বিসম নেসার ঘোরে হইল বেতাব*তুছের মাফিক ফের তাহাবলাগিয়া॥পিলছামে লিয়া রাখে কয়েদ করিয়া * তাহাবাদে গেও আর বেজন আইল ॥ তারাওভি ঐরূপে কয়েদ হইল * বিবি বলে এরূপে ইরানী জত জন ॥ আ সিবে এখানে তাহা সবার কারন*মক্যর ফেরেব দিয়া কয়েদ করিয়া॥ তুরানে বাদসার আগে দিবে পাঠা ইয়া * নাহিক মেহমান ছারা ছিল সে বিবীর ॥ জাদুর কারখানা খালি দাগার ফিকির *কয়েদ করিল জদি চারি পাহালওানে ॥ এ সব বৃত্তান্ত কথা কেহ নাহি জানে* দোছরা রোজেতে ফের জাবল হইতে জাল সাহা আসিয়া পওছিল সেখানেতে* দেখে মোছাফের খানা মহল বিবির॥পুছিল জে কেহ সেথা আছিল হাজির * মক্যর করিয়া তারা সবে জনে২ ॥ কহিল বিবির হাল জালের সামনে * জে রূপে কহিয়াছিল তুছের কারন ॥ সেইমত শুনাইল জত বিবরণ * জাল সাহা শুনিয়া বিবির সমাচার ॥ আ ন্দেসা করিয়া রহে দেলে আপনার * ফের তারা কহে এহা জালের খাতেরে ॥ চল মর্দ্দ মোছাফের মহল ভিতরে * সারাব কাবাব আদি আছে কত মেওা ॥ জে চিজ খায়েস হয় খাও খুসি হৈয়া * জাল সাহা সে কথা না কবুল করিল ॥ কোনরূপে মহলেতে নাহি তার গেল* দেলেতে বুঝিল এই যাদুর কারখানা ॥ জাদুগীর নারি এই কাজে গেল জানা * জাদু হইতে খালি নাহি আছে এক ঠাই ॥ গেলে পাছে ঘটে কোন আফত বালাই * এইরূপে ভাবা গোনা করে মনে২ ॥ হেনকালে হাতেফ আওাজ এয়ছা সোনে * কেহ এসে গায়েবে কহিল এ প্রকার ॥ জাদুগির এই নারি সোন নামদার * গায়েব করিয়া চার পাহালওান তেরা ॥ ছাপায়ে রেখেছে তাহা সবাকার ঘোড়া* গায়েবে এয়ছাই জাল সুনিতে পাইয়া * আগুন সমান হয়ে উঠিল জলিয়া * তখনি আপনা এক লোকের তরেতে ॥ কহিল সেতাবি তুমি গিয়া মহলেতে * খবর জানিয়া আইস তহকিক করিয়া ॥ জাহয় করিব শেষে বুঝিয়া সুজিয়া*এতেক শুনিয়া মর্দ্দ গিয়া মহলেতে॥চারিদিকে ঠাই২ লাগিল ঢুড়িতে * দেখিয়া সে ঘোড়া সব চিনিয়া তখন ॥ আসিয়া খবর দিল জালের কারন * সুনে পাহালওান জাল গোস্বাতে ভরিয়া ॥ চলিল মহলে তার তেগ হাতে লিয়া*কহে আজ জাদুগির আওরতের তরে ॥ তলওার মারিয়া পাঠা ইব জম ঘরে *আছিল ছওছন জাদু অন্দরে বসিয়া॥ দেখে সে জালের গোস্বা মালুম করিয়া *সেতাবি সেখান হইতে ভাগিয়া পালায় ॥ জালসাহা পিছে২ খেদাড়িয়া জায়* ঘর এক ছিল তার মাফিক কে

কিন্তু গোদর্জ্জতে আর তুছ পাহালওানে॥কাজিয়া ফছাদ কিছুছিল দুইজনে* সেই কথা জাহের কারিয়া সেখানেতে॥ গোস্বাভরে দুই জনে তেগ লিয়া হাতে * লড়াই করিতে মত্ত হইল জখন ॥ দেখিয়া রোস্তম মর্দ্দ উঠিয়া তখন*লইল তুছের ঠাই তলওার কাড়িয়া ॥ তুছ তবে সেথা হৈতে গোস্বা দেল হৈয়া আপনা ঘোড়ার পরে হইয়া সওার ॥ তখনি চলিয়া গেল ইরান মাঝার*সে ওক্তে রোস্তম সেথা নাহিক আছিল ॥ সুনিয়া এয়ছাই বাত আসিয়া পৌছিল * গোস্বা হৈয়া কহে মর্দ্দ রোস্তমের তরে ॥ কাহেক বেদেল কৈলে তুছের খাতিরে * বরজুকে কহিল তুমি না জান দস্তুর ॥ মেহমানে খাতেরদারী করিবা জরুর * দুইজনে ঝগড়া হইয়াছিল জদি ॥ মেটাইয়া দেওা ছিল ঘোচাইয়া বদি * তাহা না করিয়া তুমি দেখিলে বসিয়া ॥ তুছ পাহালওান গেল বেদেল হইয়া * বরজু বলে এই বাতে আছি গোনাগার আপনি কছুর মাফ করিবে আমার * সুনিয়া এয়ছাই বাত রোস্তম তখন ॥ কোনকথা না কহিয়া বরজুর কারন*গোদর্জ্জকে কহিলেন সেতাবি জাইয়া ॥ তুছ পাহালওানে তুমি আন মানাইয়া*সুনিয়া গোদর্জ্জ মর্দ্দ চলিল ইরানে ॥ মানাইয়া আনিবারে তুছ পাহালওানে*তখন কহিল গেও রোস্তমে এছাই ॥ গোদর্জ্জ ইরানে গেলে ঘটীবে বালাই * কেননা গোদর্জ্জ আর তুছ পাহালওানে ॥ ছগড়া ফছাদ হইয়াছে দুইজনে*কিজানি সেখানে জাদ জাইয়া এখন ॥ গোস্বামনে কাটা কাটী করে দুইজন * তাহই.ল আপসেতে বাধিবে লড়াই ॥ ঘটীবে মুস্কিল বড় দেখিবারে পাই * মোনাছের হয় আমি জাইয়া সেখানে ॥ আপসেতে মেলাইয়া আনি দুই জনে * সুনিয়া রোস্তম কহে গেওকে তখন॥ আমি নাহি সুনিনু এ সব বিবরন*জানিলে না পাঠাতুন গোদর্জ্জের তরে॥ ভেজিতুন আর কোন দোছরাসওারে*জাও ভাই তুমি এবে সেতাবী করিয়া॥ দোহাকারে কোনমতে আন বুঝাইয়া * জেন তারা দুইজনে কোন বাত চিতে ॥ ঝগড়া ফছাদ জঙ্গ না পারে করিতে* এয়ছাই সুনিয়া তবে গেও নামদার ॥ চলিল ঘোড়ার পরে হইয়া সওার * বেজন চলিল ফের গেয়ের সঙ্গেতে॥রোস্তম দেখিয়া দেলে লাগিল ভাবিতে*কহে এরাহেথা হৈতে গেল জে সবাই ॥ কি জানি তুছের সাতে করেবা লড়াই*এহা ভেবে ফারামাজ্জ বেটার লাগিয়া তাহাদের পিছে ফের দিল পাঠাইয়া*কহিল সেতাবী তুমি গিয়া ইরানেতে॥তুছওগোদর্জ্জ দিগেলিয়া আইস সাতে * কোনরুপে জেন তারা না করে ছফাদ ॥ মিটাইয়া দীবে তাহা সবার বিবাদ * এহা সুনে ফারামাজ্জ হইয়া সওার ॥ পিছে২ চলিলেন তাহা সবাকার * তাহাবাদে জালসাহা সুনিল খবর গোস্বা হৈয়া গেছে তুছ ইরান সহর*গিয়াছে গোদর্জ্জ গেও তাহাকে আনিতে॥ফারামাজ্জ গেছেফের তাদের পিছেতে * এতেক শুনিয়া কহে জাল নামদার॥ তুছ পাহালওান বটে সাজাদা আমার * লাজেম এখন আমি সেখানে জাইয়া ॥ সাজাদা তুছের তরে আন মানাইয়া * এহা বলে ঘোড়াপরে হইয়া সওার॥চলিল রওানা হৈয়া জাল নামদার * একথা রহিল হেথা সোনহ সকলে ॥ তুছ পাহালওান হোথা গোজারে কি হালে * জখন গোস্বাতে মর্দ্দ নেকলিয়া জায় ॥ কত দুরে গিয়া রাহে দেখিবারে পায় * কেল্লার মাফিক এক ঘর বালাখানা ॥ আছে সে ঘরের বিচে বহুতি সামানা *আছিল বাবুর্চ্চি সব খানা পাকাইতে ॥ গিয়া মর্দ্দ তাহা সবে লাগিল পুছিতে * কহ ভাই মোর তরে করিয়া বয়ান ॥ সুনিবারে চাহি আমি কার এ মকান * তখন তুছের তরে তাহারা সবাই ॥ ফেরেব করিয়া বাত কহিল এয়ছাই*ছওদাগরজাদি এক ছওছন নামেতে॥ আসিয়াছে এখানেতে তুরান হইতে * নেকুই খাছলত এছা রাখে সেই বিবি ॥ বয়ান করিয়া কত কব তার খুবি * মোছাফের এই রাহে জেবা কেহ জায় ॥ মাঙ্গাইয়া লিয়া বিবী তাহা সবাকায় * খানাপানি খেলাইয়া অছুদা করিয়া ॥ বিদায় করিয়া দেয় জায় খুস হৈয়া * আর কত রাখিয়াছে খাবার আছবাব ॥ মেওাজাত তাতে ভাত সারাব কাবাব * জার যে খাহেস হয় খায় খুসি মনে ॥ মোছাফের খানাবিবী করিল এখানে * একথা শুনিয়া তুছ খোসাল অন্তর ॥ কেননা ভুকেতে মর্দ্দ আছিল কাতর * ঘোড়া হৈতে তখনি নাবিল খুসি দেলে ॥ দরহাল চলিয়া গেল বিবীর মহলে * দেখিল রয়েছে বিবি পালঙ্গে বসিয়া ॥ রুপেতে মহল ছারা উজালা করিয়া * তখন পুছিল তুছ বিবির কারন ॥ কহ বিবি কেবা তুমি সুনি বিবরন * বিবী বলে কি কহিব দুক্ষের কা

সুনে ফের বরজুর মাতারি সে সমায় ॥ আরজ করিয়া কহে রোস্তমের পায় ✽আমি এই ভেদ কথা বর জুর লাগিয়া ॥ না কহিনু এখাতিরে সোন দেল দিয়া ✽ বরজুর ছেওায় কেহু নাহিক আমার ॥ ভাবিনু একথা পাছে করিলে প্রচার ✽ আমাকে ছাড়িয়া বরজু আসিয়া এখানে॥ মিলিয়া তোমার সাতে রহে খুসি মনে ✽ তা হইলে বেটা বিনে কেমন করিয়া ॥ একাকিনি রব ঘরে পরান ধরিয়া ✽ সুনিয়া এয় ছাই বাত রোস্তম ছরদার ॥ ভালাবুরা কিছুই নাকহিয়া জে আর✽খুসি হইয়া বহুআর পোতাকে লইয়া সেথা হইতে আপনার মকানে আসিয়া ✽ সোনার তক্তের পরে বরজুর কারন ॥ বসাইল পাহালওান হইয়া খুসি মন ✽ তার পরে জাল সাহা পৌছিল আসিয়া ॥ বরজুর তামাম হাল ওাকেফ হইয়া ✽ ছাতি লাগাইয়া লিল করিয়া পিয়ার ॥ ছেরে মুখে চুমাদিয়া হাজার হাজার ✽ জামা জোড়া মালমাত্তা আনিয়া তখন ॥ এনাম খেলাত দিয়া বরজুর কারন ✽ নানারুপে করিয়া জে খুসি বেশুমার ॥ তাহার বাদেতে ফের জালনামদার ✽ বরজুর মাতারি বিবি সাহরুর তরে ॥ খুসি খোসালিতা হইয়া ভেজিল অন্দরে ✽এইরুপে আপসে মিলিয়া সকলেতে ॥গম দুক্ষ নিভাইয়া রহে খোসালিতে ✽ অধিন খাতের কহে গেল দুক্ষ ভার ॥ দেখ কেয়ছা মেলাইয়া দিল করতার ✽ জার যে মিলিয়া গেল রহে খুসি দেলে দোছরা লড়াই ফের সোনহ সকলে ✽

ছওছন জাদুগিরনির হাল ও আফরাছিয়াব ফের ইরানে আসিয়া মহিমে হারেল হইয়া তুরানে ভাগিয়া জাইবার বয়ান ✽

পয়ার ✽ মাহমে পাইয়া ফতে খোছরু নামদার ॥ আলাও লস্কর সাতে লিয়া আপনার ✽কয়েদ ক রিয়া লিয়া বরজুর কারন ॥ইরানে আপনা দেসে আইল জখন✽ সেই দিন হইতে আফরাছিয়াব হোথায় বরজুর লাগিয়া সদা করে হায়২ ✽ রাত দিন দেল বিচে রহে পেরেসান ॥ কহে হায় ধরা গেল এয়ছা পাহালওান✽বরজু হেন তুরনেতে কে আছে এয়ছাই॥রোস্তমের সাতেআর করিবে লড়াই✽এবেআর ভালাই না দেখি কোনমতে॥কোনদিন মারা জাবরোস্তমের হাতে✽এইরুপে দেলবিচে ভাবিয়া গুনিয়া রহে সাহা আপনাকে পেরেসান হৈয়া ✽তুরানে আছিল এক জাদুগিরনারি ॥ ছওছন বলিয়া নামনবিন সুন্দরি ✽ .এয়ছাই জাদুর ফন্দ জানিত সে জন ॥ ভোলাইত জাদু জোরে পুরুসের মন✽ সের নর বন্দ হৈত জাদুতে তাহার ॥ সেই বিবি সুনিয়া বাদসার সমাচার ✽ আসিয়া আরজ করে শুন জাহাপানা কেন তুমি দেল বিচে কর ভাবাগোনা ✽ মোর তরে এবে তুমি দেহনা ভেজিয়া॥আমি গিয়া রোস্তমেরে জাদু লাগাইয়া ✽ কয়েদ করিয়া এনে দিব হুজুরেরেতে॥নাকর আন্দেসা তুমি দেলের বিচেতে✽এয়ছা জাদু জানি আমি সোন বিবরন ॥ বান্ধিয়া আনিতে পারি পরির কারন ✽চন্দ্র সুর্জ্জ তারাগন .থাকে আ ছমানেতে ॥জাদু জোরে জমি পরে পারি নাবাইতে ✽ আফরাছিয়াব শুনে কবুল না করে ॥ কহে তুমি না পারিবে রোস্তমের তরে✽বড়া পাহালওয়ান সে রোস্তম জারনাম॥তার আগেনাহিখাটেজাদুগিরিকাম তবু সেই জাদুগির আওরত বেপির॥আপনার জাদু এক করিয়া জাহির✽ দেখাইয়া দিল আফরাছিয়া বের তরে ॥দেখে সাহা খোসালিত হইয়া অন্তরে ✽হুকুম করিল তারে জাইতে তখন ॥ সুনেসেই দুরা চার হৈয়া খুসিমন ✽ মালমাত্তা লোকজন সরঞ্জাম লিয়া ॥ বাদসার নিকট হইতে বিদায় হইয়া ✽ পাহালওান পিলছামে লিয়া সাতে করে ॥আসিয়া সেখান হইতেইরান সহরে ✽ জাইতে জাবল দেশে রাহা ছিল জেথা ॥ মছাফের খানা এক বানাইল সেথা ✽ এছাই হেকমতে ঘর করিল তৈয়ার ॥ চারি দিগে গড় খোদা মাফিক কেওাড় ✽ সেই ঘরে রহে বিবী লোকজন লিয়া॥হামেহাল রোস্তমের রাহা তাকাইয়া✽কিন্তু মোছাফের জত আসিয়া পওছিত ॥ তাজিমে তা সবাকারে খানা খেলাইত✽ সরাব কাবাব আদি তর২ মেওা ॥ খেলাইয়া লোক জনে আছুদা করিয়া ✽ পাহনা বাজাতে খুব খুসি করে মন ॥ বিদায় করিয়া দিত সবার কারন✽ এইরুপে দুরাচারি করিয়া মক্যর ॥ ঘর বানাইয়া রহে রাহার উপর✽রোস্তম জাবলে হেথা আপনার ঘরে ॥একরোজ খোসালীত হইয়া অন্তরে✽ইরানের নামি পাহা লওান জত জন ॥ মাঙ্গাইয়া লিল তাহা সবার কারন✽ খুসির মজলেছ এক আরাস্তা করিয়া ॥ সারাব কাবাব খায় আমন্দে মারিয়া✽ তুছ ও গোদরজ গেও বেজন সর্দ্দার ॥হাজির আছিল সেথা জত নামদার

হইল ঘোর মুখে ভাঙ্গে লাল ॥ আখেরে মরিয়া গেল হইয়া বেহাল * সে হাল দেখিয়া বরজু ভরিয়া গোস্বাতে ॥ রোস্তমের তরে এহা লাগিল কহিতে * জে কাম করিলে তুমি সোন পাহালওান ॥ এয়ছা কাম করা নহে মরদের সান * করিতে এ কাম তুঝে না হৈল সরম ॥ জে শুনিবে থুক দিবে কিসের ভরম * রোস্তম একথা সুনে সরম পাইয়া ॥ কিছু নাহি কহে রহে ছের ঝোকাইয়া * তখন কহিল বরজু রোস্তমের তরে ॥ মর্দ্দ জদি হও এবে আইস লড়িবারে * এতেক শুনিয়া তবে রোস্তম ছরদার॥ গোর্জ্জ লিয়া মহিমেতে হইল তৈয়ার * বরজু পাহালওান দেখে রোস্তমে তখন ॥ গর্জ্জিয়া উঠিল জেন বাঘের মতন*মোকাবেলা হৈয়া দোহে গোর্জ্জ লিয়া হাতে ॥ মস্তহালে গোস্বা ভরে লাগিল লড়িতে* বহুত করিল জঙ্গ দোন পাহালওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * আখেরেতে দোহে ফেরনেবে ঘোড়া হৈতে ॥ কুস্তিগিরি বাহাদুরি লাগিল করিতে * ঘোড়ার লাগাম রাখে কোমরে বান্ধিয়া ॥ কসা কসি করে ফাসি গলে লাগাইয়া*করিল বহুত জোর দোন পাহালওান ॥ টুটে গেল দোন ফাসি হৈয়া খান২ * তবে ফের মস্তহালে ধরিয়া কোমর ॥ জার জত জোর ছিল লড়িল বিস্তর * কেহ কারে নাহি পারে সমানে সমান ॥ তবু লড়ে নাহি পড়ে দোন পাহালওান * পছিনা ছুটিল গায়ে হৈল সোরবোর ছাতি সুখাইয়া গেল কম হৈল জোর * এইরূপে করে জঙ্গ দোন আছওার ॥ কেহ কারে নাহি পারে করিতে লাচার* এমন সমায় ফের খোদার কুদরতে ॥ দোন ঘোড়া হৈয়া খাড়া লাগিল লড়িতে * জে রূপেতে করে জঙ্গ পাহালওান জত॥পাওতুলে মস্তহালে লড়ে সেইমত*বহুত লড়িয়া সেসে রোস্তমের ঘোড়া॥বরজুর ঘোড়ার তরে চোট কৈল বড়া*এছাই কামড়দিল গর্দ্দানেতাহার॥ ভাগিল বরজুর ঘোড়া হইয়া লাচার*তবে সে ঘোড়াকে বরজু ধরিয়া রাখিতে ॥ কএক কদম গেল হাটিয়া পিছেতে * এরাদা দেলের বিচে আছিল এছাই॥ এসময়ে জদ্দপি ফুরছত থোড়াপাই*তবেত ধরিয়া রাখি ঘোড়া আপনার লড়ি ফের মস্তহালে হইয়া করার*কিন্তু সেসময়ে তার কোমর ধরিয়া॥ রোস্তম রাখিল খেচে নাদিল ছাড়িয়া*বেকাবু হইয়া মর্দ্দ সামালিতে নারে॥ পাও পিছলিয়া গেরে জমিন উপরে*রোস্তম সেহাল দেখে সেতাবি করিয়া॥কুদিয়া বসিলতার ছাতি দাবাইয়া * তলওায় খেচিয়া জোরে চাহেকি তখন ॥ কাটিয়া দুখানকরে বরজুর গর্দ্দন * দেখিয়া মাতারি তার আসিয়া তরায় ॥ কান্দিয়া আরজ করে রোস্তমের পায় নাহি মার তেগ তলে বরজুর লাগিয়া ॥ বরজু তেরা পোতা হয় শুন দেল দিয়া * ছোহরাবের বেটা ঐ বরজু পাহালওান॥ নামার ওহার তরে কহিনু নিদান*রোস্তম একথাসুনে হাতসামটীয়া॥কহিতে লাগিল এহা বিবীর লাগিয়া * না চাহি শুনিতে তেরা এয়ছা ঝুট বাত ॥ কাহেক ফেরেব এয়ছা করমেরা সাত সাদি বেহ না করিল ছোহরাব ছরদার ॥ কহ দেখি কি রূপেতে বেটা হৈল তার*বিবী বলে সুন এবে কহি সে কাহিনী ॥ সাহারু বলিয়া নাম আমি অভাগিনি * থাকি আপনার ঘরে খুসি খোসালিতে ॥ ছোহরাব যে বেটা তেরা গিয়া সেকারেতে* পিয়াসা হইয়া মেরা ডেরেতে জাইয়া ॥ পানি পিয়া দেখে মুঝে আসক হইয়া * ছহবত করিল মর্দ্দ সঙ্গেতে আমার ॥ তাহা বাদে গেলমর্দ্দ ডেরে আপনার*কিন্তু এহা কয়েছিল আমার লাগিয়া ॥ কিছু দিন বাদে এসে জাব তুঝে লিয়া * আখেরে শুনিনু আমি এছাই খবর॥মহিমে সে মারাগেছে ময়দান উপর*কিকরি আফছোছ দেলে রহিল আমার॥দেখা সোনানাহিক হইল আরবার*আমিসে ছহবতে তার রহিনু হামেলে ॥ নয়মাস দশদিন গোজারিয়া গেলে* হইল জে পয়দা এইবরজু পাহালওান॥হুজুরেতে জানাইনু কহিয়া নিদান*এহাছেওা আরভি সে ছোহরাব ছর্দ্দার দিয়া গেছে হাতের অঙ্গরি আপনার*এহাবলে নেকালিয়া দিলেন তখনি ॥ এইদেখ লেহ তার রেখেছি নিসানী* রোস্তম সে অঙ্গরি দেখিয়া ছোহরাবের॥ হইল দেলেরবিচে খোসাল খাতের* বরজুকে লইল কোলে ছাতি লাগাইয়া ॥ ছেরে মুখে বোছা দিল পিয়ার করিয়া * বরজু তবে খোসালিত হইয়া অন্তরে ছালাম তছলিম কৈল রোস্তমের তরে*তখন রোস্তম কহে এয়ছা বিবরন ॥ আগে না কহিলে কাহে আমার কারন*বরজু কহেআমিনাহিজানি সমাচার॥বাপকে আছিল মেরা বেটা আমিকার* আমার মাতারি মুঝে এসব বয়ান ॥ নাহিক কহিয়াছিল সুন পাহালওান*একারনে আমি নাহি ওাকেফ আছিনু ॥ হুজুরে আপনা হাল কহিতে নারিনু*[illegible] আমি জদি বেওরা এছাই ॥ তাহইলে না ঘটীত এতেক বালাই

ভাল এক ছোহন আনিয়া॥ তা হইলে জেতে পারি বাহির হইয়া * কেন না জিঞ্জির মেরা আছে হাতে পায় ॥ তুড়ে ডালি এ সকল ঘসিয়া তাহায় * তাহাবাদে তুমি ফের রাত হৈলে পরে ॥ সাতে কোরে লিয়া মেরা মাতারির তরে * আসিয়া এখানে কিন্তু রবে বাহিরেতে ॥ আর তিন তাজি ঘোড়া আনিবে সঙ্গেতে * আমি সেই সময়েতে বাহির হইয়া ॥ তিন জনে ঘোড়া পরে ছওয়ার হইয়া * নেকলিয়া জাব চলে এখান হইতে ॥ খুসিতে পৌছিব গিয়া আপন দেশেতে * সুনে সে আওরত তবে খোসাল অন্তরে ॥ সেথা হৈতে ফিরে আইসে আপনার ঘরে * বরজুব তামাম হাল বয়ান করিয়া ॥ একে একে বিবীকে কহিল বুঝাইয়া * সুনে বিবী খোসালিত হইয়া তখন ॥ দিল সে আওরতে ফের বেসুমার ধোন * পাইয়া সে টাকা কড়ি বাজারে জাইয়া ॥ আনিল তখনি এক ছোহন কিনিয়া * ফের সে ছোহন লিয়া গিয়া পুসিদাতে॥ দিলেক বরজুর তরে কএদখানাতে * তাবাদে আসিয়া ফের আপনার ঘরে বরজুর মাএর তরে লিয়া সাতে কোরে * আর তিন ঘোড়া লিল তৈয়ার করিয়া ॥ রাত কালে গিয়া সেথা রহে দাড়াইয়া * হোথা পাহালওান বরজু তুড়িয়া জিঞ্জির ॥ কএদ থাকিয়া আইসে হইয়া বাহির * মিলে জুলে আপনার মাতারির সাতে ॥ তিন জোনে চোড়ে তিন ঘোড়ার পরেতে * তুরানের তরোফে চলিল রেগা দিয়া ॥ কতদুর তকজবে পৌছিল জাইয়া * আল্লার তামাসা হোথা ইরান হইতে ॥ রোস্তম ফিরিয়া আইসে আপন ঘরেতে * দেখিল রাহার পরে বরজুর লাগিয়া ॥ ভেগে জায় ঘোড়া পরে ছওয়ার হইয়া * তবে তার মোকাবেলা হৈয়া পাহালওান ॥ কহে কোথা ভেগে জাবে বাচাইয়া জান * জিতা জানে আজি তুঝে না দিব ছাড়িয়া ॥ তলওার মারিয়া ছের দিব ওড়াইয়া * এহা বলে গোর্জ্জ লিয়া রোস্তম ছরদার ॥ কুদিয়া আইল জোরে বোলে মার২ * বরজু তবে খাড়া হৈল গোর্জ্জ লিয়া হাতে দুই জোনে মস্তহালে লাগিল লড়িতে * বহুত করিল জঙ্গ দোন পাহালওান ॥ ঢাল গোর্জ্জ দোহার হইল খান২ * আখেরেতে দুইজনে পেরেসান হৈয়া ॥ দাড়াইয়া রহে জঙ্গ মকুফ রাখিয়া * তখন রোস্তম কহে বরজুর তরেতে ॥ খালাছ পাইলে তুমি কেমন ছুরাতে * হাত পাও বান্ধা ছিল জিঞ্জিরে তোমার ॥ কেমনে তুড়িলে তাহা কহ সমাচার * বরজু তবে এএ২ জত বিবরন ॥ রোস্তমেরে সোনাইয়া দিলেন তখন * শুনিয়া রোস্তম গোস্মা হইয়া অন্তরে ॥ কহিতে লাগিল সেই আওরতের তরে * কাহেরে বজ্জাত তুই করিলি এ কাম ॥ গোস্মা হয় দেই তুঝে করিয়া তামাম * তবে সে আওরত কহে সোন নামদার ॥ আমি এই বাত পরে আছি গোনাগার * জাহা তেরা দেলে আইসে করহ আমারে ॥ স-জার লাএক হৈনু তোমার হুজুরে * রোস্তম তাহার ঠাই একথা সুনিয়া ॥ ভালা বুরা নাহি কহে রহে খামসিয়া * তাহাবাদে বরজু ফের কহে রোস্তমেরে ॥ সোন পাহালওান কহি তোমার খাতিরে * ভুকা ফাকা হালে বড়া আছি পেরেসানে ॥ খাইবারে দেহ কিছু আমার কারনে * সুনিয়া কবুল কৈল রোস্তম মর্দ্দানা ॥ কহিল আলবত্তা তুঝে খেলাইব খানা * এহা বোলে থোড়া এয়ছা তফাতে জাইয়া ॥ তৈয়ার করিল খানা বরজুর লাগিয়া * ডালিয়া দস্তর খানা করিয়া সামানা ॥ রাখিয়া তাহার বিচে তর২ খানা পাঠাইতে চাহে মর্দ্দ বরজুর কারন ॥ কহে তবে রোস্তমের জত লোক জন * সোন পাহালওান তুমি পাঠাইবে খানা ॥ মোরা তুঝে করিতে নাহিক পারি মানা * কিন্তু তারে খানা তুমি দিবে পাঠাইয়া ॥ খেয়ে পিয়ে জদ্যপি সে তওানা হইয়া * মহিমেতে পেরেসানি করিয়া তোমায় ॥ হেথা হৈতে কোন রূপে নেকলিয়া জায় * তা হইলে বড়ই সরম এই বাতে ॥ কি জওাব দিবে খোছরো সাহার আগেতে সুনে তা সবারে কহে রোস্তম সরদার॥ কি করি বরজুর সাতে পেরে ওঠা ভার * এহা বোলে দেল বিচে ভাবিয়া গুনিয়া ॥ আখেরে সে খানাতে জহর মেলাইয়া * পাঠাইয়া দিল মর্দ্দ বরজুর আগেতে ॥ বরজু সেই খানা লিয়া খুসী খোসালিতে * খাইতে এরাদা দেলে করিল জখন ॥ দেখিয়া মাতারি তার ক-রিল বারন * খামসিয়া রহ বাবা সোন মোরমানা ॥ খাইবা উচিত নহে দুসমনের খানা * একথা সু-নিয়া বরজু হাত্ত সামটীয়া ॥ নাহিক খাইল খানা রহিল বসিয়া * তবে এ আওরত যেই বরজুর কারনে কএদ খানাতে গিয়া নেকলিয়া আনে * জাইয়া সে থোড়া খানা লিয়া হাত হৈতে ॥ খাইল হইয়া খুসি আছিল ভোকেতে * খানা সে খাইল জদি না সুনিয়া মানা ॥ জহর হইল কারি ঘটীল জন্ত্রনা * দু আখি

হায় কি হইল ঘটীল কিদায়* কোথায় কি হালে বাবা আছ পেরেসানে ॥ না দেখে তোমারে আমি বা
চিব কেমনে* এইরূপে বহুত কান্দিয়া আখেরেতে ॥ মহলে হাত করিয়া বিবি দেলের বিচেতে * কহে
মেরা এয়ছা নাহি আছে কোনজন ॥ আনিবে খালাছ কোরে বরজুর কারন * এবে আমি ইরানেতে আ-
পনি জাইয়া ॥ আনিব বরজুর তবে খালাছ করিয়া * এহা বলে ঘোড়া পরে হইয়া সওার ॥ ইরানে আ-
ইল বিবী তল্লাসে বেটার * নানারূপে বহুত ঢুড়িল ঠাই ঠাই ॥ না পাইল কোনখানে খবর এয়ছাই *
আখেরে লাচার হয়ে ভাবে মোনে মোন ॥ কোন লোক হৈতে এহা শুনিল তখন * বরজুকে ছিস্তানে
দেসে দিয়াছে ভেজিয়া॥ আছে রোস্তমের ডেরে কএদ হইয়া * এয়ছাই শুনিয়া তবে সেথা হৈতে বিবী
আইল ছিস্তান দেসে চলিয়া সেতাবি* রোস্তমের বালাখানা আছিল জেখানে ॥ জাইতে না পারে বিবী
ভাবে মোনে মোনে * আখেরে আওরত এক ছিল সেখানেতে ॥ জাইয়া রহিল বিবী তাহার ডেরেতে
দুই চারি রোজ এয়ছা থাকিয়া সেখানে ॥ করিল পিরীত ভাব খুব তার সনে * বহিনি করিয়া বিবি তা
হার লাগিয়া ॥ এক সাতে খাওা পেওা রহে খুসি হৈয়া * মালমাত্তা দিয়া ফের তাহার কারন ॥ ভো-
লাইয়া একারনে করিল আপন* কেন না সে হামেহাল রোস্তমের ডেরে ॥ জাইতে নাহিক ছিল মানাহি
তাহারে * তাহা হৈতে পাবে বোলে বরজুর খবর ॥ খিয়াল করিয়া বিবী দেলের ভিতর * বহিনী
কহিয়া তারে মাল মাত্তা দিয়া ॥ রহে মিলে তার সাতে খোসাল হইয়া * এইরূপে কয়দিন গোজারিয়া
গেল ॥ এক রোজ বিবী তারে কহিতে লাগিল * সোনগো বহিনী কহি তোমার খাতেরে ॥ হামেহাল
জাও তুমি রোস্তমের ডেরে*বরজু পাহালওান আছে কএদ খানায়॥ কি হালেতে আছে দেখে আসিবে
তাহায় * সুনে সে আওরত কহে বিবীর কারন ॥ কহ দেখি বুঝাইয়া সুনি বিবরণ * বরজু পাহালওান
কেবা হয় আপনার ॥ কি কারনে খবর জানিতে চাহ তার * বিবী বলে বরজু পাহালওান জার নাম ॥
চিনের মুলুক বিচে তাহার মোকাম*রোস্তাম সে বরজুকে ধরিয়া ময়দানেতে॥ আনিয়া কয়েদ করিয়াছে
এখানেতে * আমার ভি ঘর সেই চিনের সহরে ॥ তেকারনে জানি আমি বরজুর খাতিরে* শুনিয়া এ
ছাই আমি এখানে আসিয়া ॥ পুছি সে খবর তাই তোমার লাগিয়া * তবে সেই আওরত কহে বিবীর
কারন ॥ আমি খুব জানি সে বরজুর বিবরন* আছে কয়েদের বিচে বান্ধা হাতে পায় ॥ হামেহাল আহা
জারি করে হায়২ * সুনে বিবী দুই চক্ষে বহাইয়া পানি ॥ কাতর হইয়া কহে সোনগো বহিনী * জদি
তুমি খানা খোড়া লিয়া হেথা হৈতে ॥ পোঁছাইয়া দিতে পার বরজুর আগেতে * তা হইলে হয় মেরা
বহুতি ভালাই ॥ তোমা হেন হেথা মেরা আর কেহ নাই * সুনে সে কবুল কোরে কহিল বিবীরে ॥
দেহ খানা পাকাইয়া পোঁছাইব তারে * তবে বিবী সেই ঘড়ি খানা পাকাইয়া ॥ আপন অঙ্গুরি সে
খানার সাতে দিয়া * ভেজিল তাহার হাতে বরজুর কারন ॥ গিয়া সেহ খানা দিল বরজুকে জখন *
বরজু পাহালওান খানা লইয়া খুসিতে ॥ ভুকা ছিল তখনি সে লাগিল খাইতে * থোড়া খানা খাইয়া
চুকিল জে সময় ॥ অঙ্গুরি তাহার বিচে দেখিবারে পায় * তবে সে অঙ্গুরি চিনে আপনা মায়ের
কহিতে লাগিল সেই আওরত খাতের * কহ এই খানা কে দিয়াছে পাঠাইয়া ॥ কার ভেজা খানা তুমি
আইলে লইয়া * তবে সে কহিল এহা বরজুর তরেতে ॥ আইল আওরত এক চিন দেস হৈতে * সেই
বিবী ভেজিয়া দিয়াছে এই খানা ॥ লইয়া আইনু আমি সোনহ মর্দ্দানা * এতেক শুনিয়া কহে বরজু
পাহালওান ॥ আজ হৈতে তুমি মেরা মাতারি সমান * এখন তোমাকে আমি আপনা জানিয়া ॥ ভেদ
কথা জাহা কিছু কহি প্রকাসিয়া * তুমি কিন্তু কথা মেরা রাখিবে গোপনে ॥ কদাচিত না কহিবে কা-
হার সামনে * শুনে সে কহিল কিবা কহ নামদার ॥ না কহিব কার তরে করিনু করার * তবে বরজু
কহে তারে সোন দেল দিয়া ॥ খানা জে তোমার হাতে দিল পাঠাইয়া * আমার মাতারি সেহ আইল
চিন হৈতে ॥ এখানেতে আমার জে খবর জানিতে * তবে সে আওরত কহে বরজুর কারনে ॥ তোমার
মাতার সেহ জানিলে কেমনে * বরজু বলে হাতের জে আঙ্গুরি তাহার ॥ পাইনু নেসানি আমি খানার
মাঝার * এহা বলে কহে সেই আওরতের তরে ॥ জদি তুমি মেহের করিয়া মেরা পরে * দিতে পার

পালাইয়া* তবে সে আসিয়া কহে খোছরোকে খবর ॥ সুনে সাহা কায়খোছরো খোসাল অন্তর * কহে জদি পালাইল তুরুকি ছেফাই ॥ ঝগড়া ফছাদ গেল ঘুচিয়া বালাই * এহাবলে ফর্ম্মাইল রোস্তমে তখন মেরে ডাল পাহালওান বরজুর কারন * দিয়াছে বড়ইদুক্ষ তোমার লাগিয়া ॥ দাদ লেহ তুমি ওছে তলওার মারিয়া * এয়ছাই হুকুম জদি কৈল জাহাপানা ॥ সুনে দেলে দর্দ্দ পেয়ে রোস্তমমর্দ্দানা * কহিয়া বাদসার তরে মিনতি বচন ॥ খুন হৈতে বাচাইল বরজুর কারন * কেননা বরজুর তরে রোস্তম দেখিয়া হইল মেহের দেল এহার লাগিয়া * রোস্তমের বেটাছিল ছোহরাব ছরদার॥ ছুরত মুরত জেছা আছিল তাহার * তেছাই ছুরাত ছবি বরজুরদেখিয়া॥ দেলের বিচেতে বড় দরদ পাইয়া * মারিতে মঞ্জুরনাকরিয়া পাহালওান ॥ বাচাইয়া সেওক্তে লইল তারজান * রোস্তমের বাতে তবে খোছরু জাহগির ॥ জানবকসি করিয়া জে বরজুব খাতির * রোস্তমের তবেদিল হাওালা করিয়া ॥ কহিল এহাকে তুমি জাহনা লইয়া রোস্তম খোছরুর বাতে হৈল খুসি মন ॥ হেফাজতে রাখে লিয়া বরজুর কারন * তারপরে কায়খো ছরু বাদসা নামদার ॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার * রোস্তম গোদর্জ্জ আর তামাম ছরদারে॥ ডাকিয়া কহিল এহা সবাকার তরে * মহিম হইল ফতেঘুচিল বালাই॥ঝগড়া ফাছাদ হেথা আর কিছু নাই চলহ ইরানে জাব দেসে আপনার ॥ করিব জনাব বুছি কাউছ সাহার * এছাই সুনিয়া সবে খোসাল হইয়া ॥ উঠাইল ডেরা তাম্বু সেখান থাকিয়া * বাপে সাহা কায়খোছরো খুসিতে তখন ॥ রওানা হইয়া আসে দেসেতে আপন * মঞ্জিলে২ আইসে লইয়া ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * হাসমতের সাতে ফিরে আইসে নামদার ॥ আলাও লস্কর লোকলিয়া আপনার * কএরোজে ইরানেতে পৌছিল আসিয়া ॥ সুনিয়া কাউছ সাহা লিল বাড়াইয়া * আদব মাফিক তবে খোছরু নামদার ॥ ছালাম তছলিম কৈল জবাবে দাদার * খুসিতে কাউছ সাহা পোত্তার লাগিয়া ॥ লইল পিয়ার কোরে ছাতি লাগাইয়া * ছেরে মুখে বুছা দিয়া বসাইয়া তক্তে ॥ হাল হকিকত সবলাগিল পুছিতে * তাবাদেরোস্তম আর তামাম ছরদার ॥ করিল কদম বুছি কাউছ সাহার * পিয়ার করিয়া সাহা সবার কারনে ॥ বসিতে সোনার কুরছি দিল জনে২ * বাড়াইয়া রোস্তমেরে সবাকে চাহিয়া ॥ ছামনে কুরছির পরে বসাইল লিয়া এইরূপে রহে সবে খোসালিত মনে ॥ আলাও লস্কর জত তারা জোনে জোনে * আপনা২ ডেরে জাইয়া সকলে॥ খানা পানি খেয়ে পিয়েরহে খুসিহালে * তাবাদে রোস্তম কহে বেটাকে আপন॥ সোনবাবা তুমি এবে লিয়া লোক জন * ছিস্তানে চলিয়া চাহ আপনা ঘরেতে॥ কিছু দিন থেকে আমি বাদসার খেদমতে * তাবাদে জাইব ঘরে হইয়া বিদাই ॥ তুমি আগে জাহ লিয়া লস্কর ছেফাই * এহাবোলে বরজুকে তাহার সাতে দিয়া ॥ লস্কর সহিত দিল বিদায় করিয়া * ফারামজ্জ রোস্তমের হুকুমে তখন ছিস্তানে আইল সাতে লিয়া লোকজন * জালসাহা দাদা তার পাইয়া খবর ॥ আগে বেড়েলিল হৈয়া খোসাল অন্তর * মিলিয়া দাদার সাতে রহে নামদার ॥ খুসি খোসালিত দেলে ঘরে আপনার * লস্কর ছরদার জত তাহারা তখন ॥ জার জে ডেরাতে গিয়া রহে জনে জন * তাহাবাদে ফারামজ্জ বরজুকে লইয়া ॥ রাখে বন্দখানা বিচে কএদ করিয়া * লাচার হইয়া বরজু রহে কএদেতে॥নাহিপারে কোনরূপে ভাগিয়া জাইতে * এইরূপে এখানেতে কএদ খানায় ॥ পেরেসানে রহে বরজু করে হায়২ * হোথায় মা তারি তার লোকের জবানি ॥ নেহাত খবর জদি সুনিল এমনি * রোস্তম বরজুর তরে জোরেতে ধরিয়া লিয়া গেছে ইরানেতেকএদ করিয়া * তবে বিবী পেরেসান হইয়া দেলেতে॥ চলিল বরজুর তরে খালাছ করিতে * মহাম্মদ খাতের কহে এলাহি ভাবিয়া ॥ বরজুর মাতারি জবে পৌছিবে আসিয়া * তবে খালাছ পাবে বরজু নামদার ॥ হইবে খোসাল দেল জাবে দুক্ষ ভার * রোস্তমের সঙ্গেতে হইবে আসা পন ॥ আপসেতে খুসি হালে মিলিবে তখন *

পাহালওান বরজুকে রোস্তম গেরেপ্তার করিয়া লিয়া জায়াও বরজুর মাতারি খবর পাইয়া ইরানে আসিয়া বরজুকে খালাছ করিয়া রোস্তমের সহিত মিলিবার বয়ান *

পয়ার * রোস্তম বরজুকে জবে জোরেতে ধরিয়া ॥ আনিল ইরানদেশে কয়েদ করিয়া * বরজুরমাতারি হোথা পাইয়া খবর ॥ বেটার সোকেতে বিবী হইয়া কাতর * দুই চক্ষে বহে বারি কান্দে উভরায় ॥ কহে

থাকিয়া ॥ চারিদিগ হৈতে জদি আইল ঘেরিয়া ✽ দেখিতে পাইয়া তাহা ইরানি সকলে ॥ ঘোড়া কোদাইয়া জোরে চলে মস্তহালে ✽ তুরুক লস্কর বিচে পড়িল কুদিয়া ॥ মারিতে লাগিল জোরে তল ওার খেচিয়া ✽ ফারামর্জ্জ লিয়া গোর্জ্জ খেচিয়া জোরেতে ॥ তুরুকিরে মেরে চলে দেলের গোস্বাতে কিকব তারিফ তার গায়ের জোরের ॥ বামহাতে ধরে ফাসি বরজুব গলের ✽ ডানহাতে গোজ্জ মেরে চলে এপ্রকার॥লোহাতে হাতড়ি পেটে জেমন লোহার✽এইরূপেকতলোকে ডালিনমারিয়া॥জে আইল না ফিরিল জানবাচাইয়া✽ হেন কালে রোস্তম আসিয়া সেথা ফের ॥ ফারামর্জ্জ লড়ে জেথা হইয়া হাজের দেখে মর্দ্দ ভাবেএহা দেলের বিচেতে॥বরজু পাহালওান জদি কোন রকমেতে✽ফারামর্জ্জর হাতেহৈতে ফাসিকে তুড়িয়া ॥ জানবাচাইয়া ভাগে খালাছ পাইয়া॥✽ তা হইলে ফের এয়ছা দাগুনা মিলিবে॥ধরিতে এহার তরে মুস্কিল হইবে ✽ এহা ভেবে ফাসি এক লইয়া তরায় ॥ লাগাইয়া দিল ফের বরজুব গলায় বাপ বেটা দুইফাসি ধরিয়া দুহাতে॥মেরেচলে তুরুকেরে দেলের গোস্বাতে✽এইরূপে ঘড়ি চার করিল লড়াই ॥ গেরাইল কত লোগে লেখাজখা নাই ✽ আরজত পাহালওান তাহারা সকলে ॥ দিকে২ তেগ মেরে চলে মস্তহালে ✽ বহাইল ময়দানেতে লহুর তুফান ॥ গিরিল লস্কর জেন কেলার বাগান✽তুরুকি লস্কর জত তাহারা সবাই॥ নানারূপে কৈল জোর বহুত ছেফাই✽কোনরূপে বরজুকে নারিল ছাড়াইতে কেননা সেবন্দছিল দোহাকারহাতে✽রোস্তম আর ফারামর্জ্জ দোন পাহালওান॥সেরনর মতছিলএকেক জওান✽ জাইয়া যেহাত হৈতে তাহা দোহাকার ॥ ছাড়াইয়া লেয় এয়ছা জোগ্যতা কাহার✽না পারিয়া আখেরে তুরুকি সকলেতে ॥ মারিতে লাগিল তির চারিদিগ হৈতে✽তখন জাওরা মর্দ্দ রোস্তমের ভাই ফারামর্জ্জের আগে গিয়া কহিল এছাই ✽ এবে তুমি বরজুকে আমার হাতে দিয়া ॥ তুরুকিরে মেরে ডাল তলওার খেচিয়া ✽ কেহু জেন ভাগিয়া জাইতে নাহি পারে ॥ তেগ জোরে গেরাইয়া দেহ সব কারে ✽ এহা সুনে ফারামর্জ্জ বরজুর লাগিয়া ॥ জাওরাকে সুপে দিয়া চলিল কুদিয়া ✽ তুরুকি লস্কর বিচে গিয়া পাহালওান॥ চারিদিগে কুদে ফেরে বাঘের সমান ✽ দুহাতে তলওার ধরে দাতেতে লাগাম দফা২ ছাফ কোরে চলিল তামাম ✽ রখসো ঘোড়া মারে জোড়া কুদিয়া জোরেতে॥ মারা গেল কত লোকজে আইল পিছেতে ✽ রোস্তম গোদর্জ্জ গেও আর জত জোন ॥ দিগে২ লড়েসব বাঘের মতন এইরূপে সারাদিন করিল লড়াই ॥ মারা গেল বেশুমার তুরুকি ছেফাই ✽ ঘোড়া এয়ছা মারা গেল ইরানি লস্কর ॥ আছিল জে কেহু সবে বড়ই কমজোর✽দুইদলে এত লোকগিরিলময়দানে॥লেখাজোখা নাহি তার আল্লাতালা জানে ✽ তার পরে দিন গেল হৈল নিমাসাম ॥ মকুফ হইয়া গেল মহিমের কাম বাজল বাহাড়ি ডঙ্কা সুনিয়া খবর ॥ ফিরিল ময়দান হৈতে দুদলে লস্কর ✽ জখন তুরুকি সব হারেল হইয়া ॥ না পারিল মহিমেতে আইল ভাগিয়া ✽ দেখিয়া সেহাল তবে হৈয়া বেকারার ॥ ভাবে মোনে আফরাছিয়াব নামদার✽কহে কি উপায় করি না পারিবুঝিতে॥আর কে লড়িবে এয়ছা রোস্তমেরসাতে বরজু এয়ছা পাহালওান না আটিল জারে ॥ কে আর এমন আছে পারিবে তাহারে ✽ এইরূপে ভাবা গোনা করেন বসিয়া ॥ দুই পহর রাত জবে গেল গোজারিয়া ✽ তখন আসিয়া সেথা বেহা নামদার আরজ করিয়া কহে হুজুরে বাদসার ✽ সুন জাহাপানা এবে ময়দান থাকিয়া ॥ সহরে চলিয়া জাহজান বাচাইয়া ✽ কিজানি রোস্তম জদি আসিয়া এখানে ॥ কোনরূপে দুক্ষ দেয় তোমার কারনে ✽ তাহইলে ওঠাইতে হবে দুক্ষ ভার ॥ ভাল হয় সহরেতে গেলে আপনার✽এছাই সুনিয়া আফরাছিয়াব তখন॥ আ লাও লস্কর সাতে লইয়া আপন✽ রাতকালে সেথাহৈতে রওানা হইয়া ॥ডরেতে সহর বিচে গেল পালইয়া ✽ বেছাও ভাগিল ফের লইয়া লস্কর ॥ কেহু না রহিল সেথা ময়দান উপর ✽ এইরূপে জে কেহু আছিল ময়দানেতে॥রাতবিচে পালাইয়া গেল সহরেতে ✽ হেথা ফারামর্জ্জ আর রোস্তম ছরদার ॥ খুসি হালে লস্কর লইয়া আপনার ✽ মহিমে পাইয়া ফতে আইল ফিরিয়া ॥ দেখে সাহা কায়খছরো খোসাল হইয়া✽রোস্তম আর রোস্তমের বেটার কারন॥ এনাম খেলাতদিয়াখুসি কৈলমন✽আর জত পাহাল ওান সবার লাগিয়া॥ জেবা জেয়ছা তারে তেয়ছা দিল নেওাজিয়া ✽ এইরূপে এনাম পাইয়া জনে২ খেয়ে পিয়ে রাত কালে রহে সিমনে✽ ফজর হইতে কেহু ময়দানে জাইয়া॥ দেখিল তুরুকি সব গেছে

জোরওার *বরজু পাহালওান এয়ছা সুনিল জখন ॥টুটীল গায়ের জোর কাপিল বদন * তবু সেই ফারামর্জ্জে কহিল এয়ছাই ॥ কি জোরে আইলে তুমি করিতে লড়াই * মউতের ডর তেরা না হইল জানে॥ বুঝি তেরা আজলেতে আনিল এখানে * শুনে ফারামোর্জ্জ তবে গোস্বাতে ভরিয়া ॥ কহিতে লাগিল এহা বরজুর লাগিয়া * সোনরে নাদান কহি তোমার কারন॥জওা মর্দ্দ পাহালওান হয় জেই জন * ডর ভয় তার দেলে কিসের এছাই ॥ খুসির মজলিছ হেন দেখে সে লড়াই * মস্তহালে করে জঙ্গ তেগ আর তিরে ॥ সে ওক্তে ভাবনা গম সব জায় দুরে * কাল আমি মহিম করিয়া তেরা সাতে খুসি হালে জাইয়া জে আপনা ডেরেতে * সরাব কাবাবে ছিনু হইয়া খোসাল ॥ এখন সে খুসি মেরা আছেত বাহাল * তাহা ছেওা আইনু ফের মহিম করিতে ॥ আরভি জেয়াদা খুসি বাড়িল দেলেতে ফারামর্জ্জ এয়ছা জবে করিল বয়ান ॥ আওাজ শুনিয়া তার বরজু পাহালওান * তার্জ্জব হইয়া দেলে লাগিল ভাবিতে ॥ কহে কাল মহিম করিনু জার সাতে * আওাজ তরতিব কাল সুনিনু জেয়ছাই ॥ সে রূপ আওাজ আজ শুনিতে না পাই * কিন্তু সেই ঘোড়া জেরা পাই দেখিবারে ॥কাল আমি দেখি য়াছি জে ঘোড়ার তরে * এহাতে মালুম হয় আমায় এখন ॥ কাল মেরা সাতে জঙ্গ করিল জে জন আলবত্তা সে মহিমেতে ঘায়েল হইয়া ॥ ঘোড়া জেরা দিয়া এছে দিয়াছে ভেজিয়া * এছাই ভাবিয়া বরজু দেলের বিচেতে॥ কহিতে লাগিল ফারামর্জ্জের আগেতে *কহ দেখি পাহালওান সুনিবারে চাই কাল জে আমার সাতে করিলে লড়াই * জখম হইয়াছে কিম্বা গেছে সে মরিয়া ॥ সুনিবারে চাইতাহা কহ বুঝাইয়া * কখন না হবে তুমি সেই পাহালওান ॥ না শুনি তোমার মুখে তেয়ছাই জবান* কিন্তু তার ঘোড়া জোড়া আছে তেরা ঠাই ॥সেই ভাবে আইলে তুমি করিতেলড়াই* সুনে তবেফারামর্জ্জ কহিল তখন ॥ না দেখি নাদান কভু তোমার মতন * কাল আমি তেরা সাতে করিনু লড়াই ॥ নেজা গোর্জ্জ তেগ তির বহুত এয়ছাই * আজ ফের আসিয়াছি সোনরে গাওার ॥ ওড়াব গরদান তেরা মা রিয়া তলওার *এহা বলে মহিমের জে কিছু নেসান ॥ সোনাইয়া দীল ফারামর্জ্জ পাহালওান * বরজু সে নেসান সুনে তাজ্জব হইয়া ॥ আপনাকে আপনিরহিল খামোসিয়া * তার পরে বরজু তারে পুছিল এয়ছাই ॥ কিনাম তোমার কহ সুনিবারে চাই * ফারামর্জ্জ কহে তাবে শুনরে দেওানা ॥ নাম মেরা পাহালওান রস্তম মর্দ্দানা * সেরনব এইনাম শুনিলে আমার ॥ ডরে ডরাইয়া ভাগে হৈয়া বেকা রার * দেও পরি আগে মেরা না পারে আসিতে ॥ আজেজ হইয়া সবে আছে মেরা হাতে * বরজু পাহালওান এয়ছা শুনিল জখন ॥ দেলেতে হইল ডর কাপিল বদন *ফারামোর্জ্জ সেই ওক্তে গোর্জ্জ ওঠাইয়া ॥ মারিল বরজুর পরে জোরেতে খেচিয়া * বরজু সে গোর্জ্জের চোটে আজেজ হইল।পছিনা ছুটীল গায়ে কাপিতে লাগিল * ফরামর্জ্জ ফের গোর্জ্জ মারে ওঠাইয়া ॥বরজু ছেরে ঢালধরে সেতাবি করিয়া * এয়ছা জোরে গোর্জ্জ মেরে ছিল পাহালওান ॥ ধমকে বরজুর ঢাল হৈল খান২*ঢাল জদি তোড়া গেল বরজুর হাতের ॥ ফারামর্জ্জ দেখে গোর্জ্জ লইয়া জে ফের* দুই চারী চোট খুব কাবিল জোরেতে ॥ লাগিয়া গোর্জ্জের চোট বরজুর ছেরেতে *মগজ হইয়া গান্দা আখি হইল ঘোর॥ধমকে গিরিল মর্দ্দ জমিন উপর * ফারামর্জ্জ পাহালওান সে হাল দেখিয়া ॥ সেতাবি বরজুর গলে ফাসি লাগাইয়া* কয়েদ করিয়া লিল জোরেতে আপন ॥ কিন্তু সেই সমায়েতে বরজুর কারন * মারীতে মুস্কিল কিছু নাহি ছীল তার ॥ সহজেতে জদি সে মারিত তলওার * তা হলে বরজুকে করিয়া খান খান ॥ তেগ জোরে ওড়াইয়া দিত পাহালওান * সে ওক্তে দেলেতে তার রহম আইল ॥ মারিতে বরজুকে নাহি মঞ্জুর হইল * ভাবিল দেলের বিচে ধরিয়া এহারে ॥ লিয়া জাব কায়খছরু বাদসার হু জুরে*এহা ভেবে না মারিয়া বরজুর কারন ॥ কয়েদ করিয়া জোরে লইল তখন* আফরাছিয়াব তাহা দেখিতে পাইয়া ॥ হায়২ করে দেলে আফছোছ করিয়া * কহে হায় এয়ছা নাহি আছে কোন জন ছেনাইয়া আনে জোরে বরজুর কারন * এহা বলে ফরমাইল ছরদার সবারে ॥ সেতাবি জাইয়া সবে ময়দান উপরে *ঘিরে জোরে ইরানিকে তলওার মারিয়া ॥ আনহ বরজুর তরে খালাছ করিয়া* শুনে তবে তুরকি ছরদার সকলেতে ॥ লস্কর লইয়া আইল মহিম করিতে *মার মার করে সবে জোরেতে

উক্ষর ॥ না আছে বদনে মেরা সে সকল জোর * সুন ভাই বরজু জদি ফজরে আসিয়া ॥ মহিমে তলব রাখে আমার লাগিয়া* টুটা হাতলিয়া জঙ্গ করিব কেমনে ॥ কিরূপে করিব জোর তাহার কারণে*কারি চোট লাগিয়া জখম হৈল হাতে ॥ লাচার হইয়া তাই চলিনু ঘরেতে * মহিমের কাম হৈতে হইনু নাকারা ॥ সকলি আল্লার চাহা নাহি আছে চারা * এছাই কহিল জবে রোস্তম ছরদার ॥ সুনিয়া তামাম লোক কান্দে২ জারে জার * রোস্তম তা সবাকার কান্দনা দেখিয়া ॥ দুক্ষু মনে কান্দে আখে আছু বহা ইয়া * এইরূপে মন দুক্ষে কান্দেন সকলে ॥ কেহ আইসে সমাচার দিল হেনকালে * সোনহ রোস্তম কাহ তোমার লাগিয়া ॥ ফারামোজ্জ বেটা তেরা পৌছিল আসিয়া * সুনিয়া রোস্তম মর্দ্দ এছাই খবর সব দুক্ষু দুরে গেল খোসাল অন্তর * তখনি উঠিয়া মর্দ্দ পেয়ার করিয়া ॥ লইল বেটার তরে ছাতি লাগাইয়া * ছেরে মুখে বোছা দিয়া পোছে নামদার ॥ কহ বাবা কি হাল কেছাই সমাচার * ভাগমর্জ্জ কহে তবে সোন বাবাজান ॥ কবজ করিয়া তবে দেশ হিন্দুস্থান * ফিরিয়াছি খুসি হালে আপনার ঘরে ॥ খবর সুনিণু এয়ছা রাহার উপরে * বরজু পাহালওান লিয়া লস্কর ছেফাই ॥ আসিয়াছে এখানেতে করিতে লড়াই* এছাই শুনিয়া রাহেঘরে না জাইয়া ॥ লস্কর সহিতে হেথা পৌছিনু আসিয়া রোস্তম শুনিয়া এয়ছা বেটার জবানি ॥ খুসি হৈল দুরে গেল জত পেরেসানি*তার পরে আপনার জত বিবরন ॥ সুনাইল একে২ বেটার কারন * জেরূপে করিল জঙ্গ বরজুর সহিতে॥ জেরূপে গোর্জ্জের চোট লাগিল হাতেতে * সুনিয়া সেহাল ফারামজ্জ পাহালওান ॥ বাপের দরদে ভারি হৈল পেরেসান রোস্তম কহিল বাবা এইবাত পরে ॥ ভাবনা আন্দেসা গমনাকর অন্তরে * জাহ তুমি খাবগাহে করগে আরাম ॥ রাহার মান্দেগি জাবে কাটীয়া তামাম * এহা সুনে ফারামোজ্জ খিমাতে জাইয়া ॥ সাহানা পালঙ্গ পরে রহিল সুইয়া * তার পরে রাত ছোবে হইল জখন ॥ বরজু পাহালওান হোথা উঠিয়া তখন কোমর বান্দিয়া এসে ময়দান উপরে ॥ জোর সোর কোরে হেকে কহে এ প্রকারে * সোনহ ইরানি কেহু থাক জোরওার ॥ আসিয়া মহিম কর সঙ্গেতে আমার * নহেত বাচিয়া কোথা জাব হেথা হৈতে ॥ এখনি জাইয়া সাজা দিব হাতে২ * সুনিয়া এয়ছাই বাত গুরগিন তখন ॥ চলিল ময়দান পরে হৈয়া গোস্বা মন * রোস্তম দেখিল জদি গুরাগন গোস্বাতে ॥ মহিম করিতে গেল বরজুর সহিতে তবে মর্দ্দ আপনার বেটাকে ডাকিয়া ॥ এইরূপে কহিতে লাগিল বুঝাইয়া * সোন বাবা ঘোড়া জোড়া লইয়া আমার ॥ মহিমেতে জাহ তুমি ময়দান মাঝার * নহেত গুরগিন মারা জাইবে এখনি ॥ তার দায় ওঠাইতে হবে পেরেসানি * ফারামজ্জ শুনে এয়ছা রোস্তমের ঠাই ॥কহিল সেতাবি মুঝে কল্পনা বিদাই * দেখি সে বরজুর গায়ে আছে কত জোর ॥ তুড়িয়া ডালিব তার জোরের গুমর * রোস্তম এ কথা সুনে খোসাল হইয়া ॥ কহিতে লাগিল তারে তারিফ করিয়া * শুনবাবা বরজুকে কহিবে এই বাত ॥ কাল আমি জঙ্গ কোরে ছিনু তেরা সাত * এহা বলে পোজেস্তা রোজের বিবরন ॥ ফারামোজ্জে বাত্তাইয়া দিলেন তখন * তবে গত্ত রোজের জা জঙ্গের নিশান ॥ ওাকেফ হইয়া ফারামর্জ্জ পাহালওান ছেলা ছরঞ্জাম সব লইয়া বাপের ॥ কোম্মর বান্দিয়া মর্দ্দ খোসাল খাত্তের * রখস নামে ঘোড়া পরে ছওার হইয়া ॥ বাপকে সালাম কোরে চলে রেগা দিয়া*জাইয়া ময়দান পরে পাইল দেখিতে॥গুরগিন লড়াই করে বরজুর সহিতে * দুরে হৈতে মারে তির নিকটে না জায় ॥ এইরূপে তীরে তীরে লড়িছে দোহায় * দেখে ফারামজ্জ সেই জঙ্গ দোহাকার ॥ তখনি চলিয়া গেল হুজুরে বাদসার * আদবেতে খাড়া হৈয়া কহে পাহালওান ॥ কহিল সেতাবি মুঝে করহ ফর্মান * হুকুম হইলে আমি জাইয়া তুরিত লড়ি মর্দ্দমির হালে বরজুর সাহিত * সুনে দেলে খুসি হৈয়া খোছরু নামদার ॥ কহিল সেতাবি জাহ ময়দান মাঝার * কি জানি গুরগিন জদি বরজুর হাতেতে ॥ বিপাকে পড়িয়া মারা জায় মহিমেতে তা হইলে দেলে দর্দ্দ হইবে আমার ॥ সেতাব জাইয়া হও মদত তাহার * হুকুম পাইয়া ফারামর্জ্জ পাহালওান ॥ ঘোড়া কোদাইয়া জোরে জাইয়া ময়দান * হাকিয়া বরজুর তরে কহিল এছাই॥ জোটের মাফিক তেরা নহে ও ছেফাই * এবে তুমি লড় এসে সঙ্গেতে আমার ॥ দেখিব তোমারে আমি কেয়ছা

হইবে সে জের ॥ লড়িবে মর্দ্দামি হালে ভাবনা কিসের * এইরুপে বিরজুর হোথা লস্করে জাইয়া ॥ রহে দেল পেরেসানে ভাবিয়া গুনিয়া * রোস্তম আসিয়া হেথা লস্করে আপনা॥ কান্দিয়া খোছরোর আগে কহে বিবরন * শোন বাদসা নামদার কহিয়া জানাই ॥ কত সত মহিম করিনু কত ঠাই * কারি চোট কেহ মুজে নারিল করিতে ॥ আজ বড় জখম হৈয়াছে মোর হাতে* টুটিল হাতের লুমা জোর হৈল কম এবাতে আমার দেলে হইয়াছে গম * বড়া জোরওার মর্দ্দ বরজু পাহালওান ॥ আমি বুঝি না হইব ওহার সমান * কেননা আজেজ মুঝে করিল এয়ছাই ॥ তাব না রাখিল মেরা হস্তিতে লড়াই * আর এয়ছা কারে আমি না পাই দেখিতে ॥ হেক্কত করিয়া লড়ে বরজুব সহিতে * ফারামজ্জ বেটা মেরা রাখে খুব জোর ॥ জদি সে থাকিত হেতা বান্দিয়া কোমর * জাইয়া বরজুব সাতে করিত লড়াই ॥ তাহইলে নাহি ছিল ভাবনা এছাই * কিন্তু আমি সুনিয়াছি নেহাত খবর ॥ হেন্দস্থানে গেছে সেহ লইয়া লস্কর * নামেস্তে জয়পাল হিন্দি বড়া জোরওার ‥ রোজ২ লড়ে মর্দ্দ সঙ্গেতে তাহার * এখন এরাদা মেরা দেলেতে এয়ছাই ॥ এক পাহালওান সেথা সেস্তাবি পাঠাই * ফারামজ্জে মাঙ্গাইয়া লিয়া এ খানেতে ॥ মহিমে ময়দানে ভেজি বরজুব সহিতে * জত দিন ফারামজ্জ না আইসে এঠাই ॥ না জাব বর জুর সাতে করিতে লড়াই * এহা সুনে কায়খছরো বাদসা জাহাগির ॥ না দিয়া জওাব কিছু রোস্তম খা তের * বিদায় করিয়া দিল সেখানে থাকিয়া ॥ রোস্তম আপনা ডেরে আইল চলিয়া * তাহাবাদে কায় খছরো বাদসা নামদার ॥ পেনেসান হৈয়া দেলে কহে এ প্রকার* রোস্তম না জাবে কালমহিম করিতে আর এয়ছা কেহ নাহি আছে লস্করেতে * আপনি ফজরে উঠে বান্দিয়া কোমর ॥ লড়িব বরজুতে সাতে ময়দান উপর * দেখি কেছা জোর রাখে বরজু পাহালওান ॥ তলওার মারিয়া তার ওড়াব গর্দ্দান নহেত মারিয়া নেজা ছিনাতে তাহার ॥ খাক খুনে মেলাইব কোরে ছারখার * জানের ভরসা কিছু নাহি রাখি আমি ॥ লড়িতে বরজুর সাতে না করিব কমি * সুনিয়া এয়ছাইবাত গোদজ্জ তখন ॥ আরজ কাহয়া কহে বাদসার কারন * সোন সাহা আলম্পানা কহি জনাবেতে ॥ আপনি মহিমে জাবে আমরা থাকিতে * জত দিন বেচে আছি আমরা সবাই ॥ আপনি কাহেক জাবে করিতে লড়াই * হামেসা খোসালে রহ বাদসা জাহাগির ॥ আমরা সকলে আছি ফরমাপিজির * তুছ ও বেজন আর গেও পাহালওান ॥ ফজরে সকলে মোরা জাইব ময়দান * দেখিব বরজুব গায়ে আছে কত জোর ॥ মারিয়া ডালিব তারে ময়দান উপর * না কর আন্দেসা কিছু বাদসা জাহাগির ॥ এবাতে থাকিবে আপে খোসাল খাতির * এক পাহালওান মোরা আছি এখানেতে ॥ কেহু তারে নাহি জবে পারিব আটিতে তখন জা আইসে দেলে করিবে আপনি ॥ আমরা থাকিতে না কহ এয়ছা বানি * এরুপে গোদজ্জ হেথা বাদসার লাগিয়া ॥ দেলেসা ভরসা দিয়া রাখে বুঝাইয়া * রোস্তম জাইয়া সেথা খিমাতে আপন জওারা ভাইকে ডেকে কহে এ বচন * সোন ভাই হাত ভেঙ্গে গিয়াছে আমার ॥ মহিম করিতে তাব নাহি আছে আর * এবে আমি করিয়াছি এরাদা এমন ॥ জাইব সিস্তান দেসে ঘরেতে আপন* মিলিব বাপের সাতে খোসাল খাতির ॥ করিব হাতের কিছু দাওার তদবির * বোলাইয়া ছিমোরোগে কহিব তাহায় ॥ হাতের এলাজ সেই দিবেক আমায় * না হইলে হাত মেরা ভালা হবে নাই ॥ ইহার ছেওায় কিছু না দেখি ভালাই * সেতাবি আম্বারি রাখ তৈয়ার করিয়া ॥ রওনা হইব কাল ফজরে উঠিয়া * এয়ছাই কহিল জদি রোস্তম জওান ॥ শুনিয়া জাওারা মর্দ্দ হৈয়া পেরেসান* ছরদার সবার তরে কহিল তখন ॥ একে২ রোস্তমের জতবিবরন* ইরানি সকলে এয়ছা খবর শুনিয়া॥রোস্তমের ডেরা বিচে পৌছিল আসিয়া * বুঝাইয়া কহে সবে শুন নামদার ॥ তোমার ছববে আছে মজলিছ গুলজার * তুমি জদি এখানে না থাকিবে আপনি ॥ আমা সবাকার বড় হবে পেরেসানি * বসিয়া জদ্যপি তুমি থাক এখানেতে ॥ তোমার কোমকে মোরা গিয়া ময়দানেতে * লড়িব মর্দ্দমি হালে বান্দিয়া কোমর ॥ তুমি গেলে আমাদের টুটে জাবে জোর * ইহা শুনে দুক্ষ মনে রোস্তম তখন ॥ কহিতে লাগিল তাহা সবার কারন * গোজারিয়া গেছে সেই জওানি আমার ॥ মহিমের ওক্ত বাকি নাহি আছে আর * গেছে মেরা সেই ওক্ত আখের হইয়া ॥ জমানাতে দিল মুঝে আজেজ করিয়া * হইয়াছে এবে মেরা বহুত

আমি তুঝে দেখি জেন মসার সমান * নাকর বড়াই তুমি ছামনে আমার ॥ সুনে ডরাইবে এছা কে-আছে গাওার * এয়ছাই জওাব দিয়া রোস্তমের তরে ॥ কহিল আমার ঘর চিনের সহরে * পাহালওান বরজু বলিয়া নাম মোর ॥ বাদসার মদদে আইনু বান্ধিয়া কোমর * রোস্তম একথা সুনে কহিল তখন আইস এবে মস্তহালে লড়ি দুইজন * এছাই শুনিয়া তবে বরজু পাহালওান ॥ রোস্তমে মারিতে জোরে জুড়িল কামান * রোস্তম চালায় তির বরজুর উপর ॥ এইরূপে তিরে২ লড়িল বিস্তর * কেহু কারে নাহি পারে জখম করিতে ॥ নেবড়িয়া গেল তির লড়িতে২ * তাহাবাদে দোহে ফের তলওার লইয়া ॥ করিল বহুত জঙ্গ ফতের লাগিয়া * টুটিল দোহার তেগ হৈয়া খান২ ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান তারপরে সুরু কৈল গদার লড়াই ॥ ঝনাঝন ঠনাঠন বহিল এছাই * জিঞ্জির টুটিয়া গেল দোহার গদার রাখিয়া সে গদা ফের দোন আছওার * গোর্জ্জ লিয়া করে জঙ্গ হৈয়া মস্তহাল ॥ পছিনা ছুটীল গায়ে আখ হৈল লাল * চোটের উপরে চোট পড়ে জেন বাজ ॥ জঙ্গল ময়দান তক পৌছিল আওাজ * এই রূপে লড়িতে২ দোহাকার ॥ ঢাল গোর্জ্জ টুটিয়া হইল ছারখার * আখেরে লাচার হৈয়া দোন পাহাল ওান ॥ কুস্তির খাহেস কৈল ভাবিয়া নিদান * তবে দোহে দোহাকার কোমর ধরিয়া ॥ খেচাখেচি কসাকস্যি করে মস্তহৈয়া * করিল বহুত জোরকেহ কারতরে ॥ ঘোড়া হৈতে কোনমতে ওঠাইতেনারে আখেরে কোমর বন্ধ টুটিল দোহার ॥ না পাইলফতে কেহ হইললাচার * বরজুফের গোস্বা দেল গোর্জ্জ হাতে লিয়া ॥ মারে রোস্তমের পরে জোরেতে খেচিয়া * রোস্তম দেখিয়া গোর্জ্জ ঢাল পাতে ছেরে॥ আসিয়া বসিল গোর্জ্জ ঢালের উপরে * এয়ছা জোরে গোর্জ্জ মেরেছিল পাহালওান॥ রস্তমেরঢাল ভেঙ্গে হৈল খান২ * ধমকে আগুন তাথে উঠিল এয়ছাই ॥ আছমান হইতে গেরে বিজলি জেয়ছাই * চাল ভেঙ্গে গেল জাঁদ গোর্জ্জের চোটেতে ॥ রস্তম আজেজ বড় হইল তাহাতে * কেননা সেকারি চোট লাগিয়া নেহাত ॥ টুটে গিয়াছিল রোস্তমের বাম হাত * তখন রস্তম হাল বুঝিয়া আপন ॥ ফিকির করিয়া কহে এয়ছাই বচন * সোন পাহালওান তুমি অজুদে আমার ॥ নেজা গোর্জ্জ তির তেগমারিলে হাজার কার চোট করিতে নারিবে কদাচন ॥ পোলাদ অজুদ মেরা সুন বিবরন * একথা সুনিয়া বরজু তাজ্জবে রহিল ॥ রোস্তমের হাল তারে মালুম না হৈল * কহিল তাজ্জব আমি আছি এই বাতে ॥ মারিনু এ গোর্জ্জ তুঝে জেয়ছাই জোরেতে * পাহাড় উপরে এয়ছা করিলে উওার ॥ গিরিয়া জাইত জে হইয়া ছারখার * এয়ছা চোট কারি নাহি হৈল তেরা গায় ॥ এবাতে আফছোছ বড় রহিল আমায় * রোস্তম সুনিয়া ফের লাগিল কহিতে॥ কি হইবে তেরা এয়ছা গোর্জ্জের চোটেতে * পাহাড় হইতে শক্ত অজুদ আমার ॥ তুলার মাফিক গোর্জ্জ নরম তোমার * তাহে এ গোর্জ্জের চোটে কি করিবে তুমি ॥ করিলে হাজার চোট না হোলব আমি * সুনিয়া এছাই বাত বরজু পাহালওান ॥ দেলে ভাবে এই মর্দ্দ বড়ই জওান * বুঝিনু এহার সাতে করিয়া লড়াই ॥ মহিমেতে ফতে পাওা না দেখি ভালাই * এই রূপে ভাবাগোনো করিতে আছিল ॥ এমন সময় দিন গুজারিয়া গেল * তখন বরজুকে কহে রোস্তম ছরদার আজেজ হইল ঘোড়া তোমার আমার * মকুফ রাখিয়া এবে মহিমের কাম ॥ খেয়ে পিয়ে রাতকালে [illegible] আরাম * ফজরে আসিয়া ফের লড়িব দোহেতে ॥ আল্লা জারে জস দিবে হইবেক ফতে * বরজু পাহালওান এয়ছা সুনিল জখন॥ ঘোড়া হেকে লস্করেতে চলিল আপন * আফরাসিয়াব সাহা আছিল জেথায় ॥ জাইয়া বাদসার আগে সালাম জানায় * দেখিয়া বরজুব তরে বাদসা নামদার ॥ এনায় খেলাত দিয়া পোছে সমাচার * কহ মর্দ্দ আজ কেয়ছা করিলে লড়াই ॥ কেয়ছা জোরওার বটে ইরানি সেফাই * বরজু কহে সোন সাহা আরজ আমার ॥ জেনে ছিনু আমা এয়ছা নাহি কেহ আর * আজ কিন্তু মেরা সাতে লড়িল জে জন ॥ অজুদ তাহার সক্ত লোহার মতন * তির তলওার গোর্জ্জ নেজা ফলা আর ॥ কারি নাহি হয় কিছু অজুদে তাহার * ডর ভয় কিছু নাহি রাখে সে মর্দ্দানা ॥ এবাতে আমার দেলে হইয়াছে ভাবনা * বুঝিতে না পারি কিছু গায়েবের বাত ॥ মহিমে কাহারফতে দেহপাক জাত * এহা সুনে কহে আফরাসিয়াব তাহারে ॥ নাকর আন্দেসা তুমি এইবাত পরে * না হবে সে জোমা হেন আছে জানা সোনা ॥ এই বাতে তুমি নাহি করিবে ভাবনা * আলবত্তা তোমার হাতে

বিদেশি সওার ॥ তুছ আর ফরিবোর্জ্জ কৈল গেরেপ্তার * শুনাইয়া দিল জবে রোস্তমের তরে ॥ শুনিয়া রোস্তম গোশ্বা হইয়া অন্তরে * কহে মুঝে আগে না কহিয়াসমাচার॥ এসেতুরুকের হাতে হইলেলাচার আগে জদি মোর তরে কহিতে এয়ছাই ॥ দেখিতুন কেয়ছা সেই তুরুকি সেফাই * জা হবার হইয়াছে চারা নাহি আর ॥ হইয়া খাতেরজমা রহ নামদার * আমি এবে তুরুকের লস্করে জাইয়া ॥ তুছ আর ফরিবোর্জ্জে আনি ছাড়াইয়া * এহা বলে পাহালওান রোস্তম মর্দ্দানা ॥ গোস্তহামে সাতে করে লইয়া আপনা * রাতজোগে তুরুকের লস্করে জাইয়া ॥ চারি তরফেতে মর্দ্দ দেখে তাকাইয়া * কেহু সুয়ে কেহ বৈসে জাগে খোসালিতে ॥ এইরুপে ঠাই২ আছে সকলেতে * আফরাসিয়াব বৈসে তক্তের উপর তামাম ছরদার বসিয়াছে চরিওর * করেন পিয়ালা বাজি আমদে মাতিয়া ॥ কেহ ঢালে কেহ খায় কেহ দেয় লিয়া * তুছ আর ফরিবোর্জ্জ দোম নামদার ॥ হাত বান্ধা সামনেতে খাড়া আছে তার * রস্তম সে হাল দেখে ভাবে মনে মন ॥ কহে কি উপায় করি এহার এখন * বাদসার হুজুব হইতে এহা দোহাঁ কায় ॥ কেমনে লইয়া জাব হইল মহাদায় * এইরুপ ভাবা গোনা করে পাহালওান ॥ এমন সময়হৈল বাদসার ফরমান * লিয়া এ কয়েদি দোহে এখান হইতে ॥ একঠাই ভাল মতে রাখ হেফাজতে * ফজরে ময়দানে লিয়া দোহার কারন॥ মেবেভাল নাহিক রাখিয়া প্রয়োজন * তবেত দহসত হবে. ইরানি লোকের ॥ মহিম করিতে কেহ না আসিবে ফের * বাদসার হুকুম জদি হইল এছাই ॥ দরওান তা দোহে লিয়া রাখে এক ঠাই * রোস্তম দেখিয়া হইল খোসাল অন্তর ॥ কহে এবে লিয়া জাব নাহিক ওজর * এহা ভেবে দাণ্ড ঠাহরিয়া জে তাহার ॥ রহে মর্দ্দ আপনাকে হইয়াহুসিয়ার * দেখিল গাফেল জবেহইল দরওান ॥ তলওার মারিল তারে রোস্তম জওান * পিঠবুচকি করে লিয়া এক পাহালওানে ॥ সেতাবি চলিয়া মর্দ্দ আইল ময়দানে * পাহালওান গোস্তহাম দোছরার তরে ॥ লিয়া আইল সেথা হৈতে খোসাল অন্তরে * হাত পায়ে বান্ধা ছিল খুলিয়া তাদের ॥ আনিয়া বাদসার আগে করিল হাজের * দেখে দেলে খুসি হৈয়া খছরু নামদার ॥ রস্তমে তারিফ করে হাজারে হাজার * হোথায় ফজরে ওঠে তুরুকি সবাই ॥ কয়েদ খানার বিচে দেখিল এয়ছাই * দরওানগিয়াছে মারা রয়েছে পড়িয়া॥ কয়েদিদোহার তরে গিয়াছে লইয়া * দেখিয়া এয়ছাই হাল জত লোকজন ॥ আসিয়া বাদসার আগে কহিল তখন * শুনিয়া তুরান সাহা কহিল সবায় ॥ আলবত্তা রোস্তম মর্দ্দ আসিয়া হেথায় * লিয়া গেল আপনার ছরদার দুই জনে॥ নহে কার সাধ্য এয়ছা আসিতে এখানে * এহা বলে দেল বিচে আফছোছ করিয়া ॥ কহিতে লাগিল সাহা বরজুকে ডাকিয়া * সোন পাহালওান তুমি লইয়া লস্কর ॥ সেতাবি জাইয়া এবে ময়দান উপর * রোস্তমে মারিয়া ভাল করিয়া লড়াই ॥ তবেত হইবে ফতে ঘুচিবে বালাই * বাদসার হুকুম পেয়ে বরজু পাহালওান॥ তখনি লস্কর লিয়া আসিয়া ময়দান * হেকেবলে সুনরে ইরানিসকলেতে মর্দ্দমি জদ্যপি থাকে আইসহ লড়িতে * নহেত এখন গিয়া মারিয়া তলওার ॥ ঘড়ি একে সবাকে কয়িব ছারখার * কায়খোছরু সাহা এয়ছা শুনিতে পাইয়া ॥ তখন হুকুম কৈল রোস্তমে ডাকিয়া * জাহ মর্দ্দ নেকালিয়া করিতে লড়াই ॥ তুরুকে ধরিয়া দেহ উচিত সাজাই * বাদসার হুকুমে তবেরস্তম ছরদার ॥ কোম্মর বান্ধিয়া লিয়া ঢাল তলওার * রখস নামে ঘোড়া পরে ছওার হইয়া॥ ময়দানে বরজুর আগে পওছিল জাইয়া * দেখিয়া বরজুর তরে তাজ্জব হইল ॥ ভাবে মনে এয়ছা মর্দ্দ কোথা হইতে আইল * নবিন জওান মর্দ্দ ওম্মর থোড়াই ॥ সের পাঞ্জা মোটা তাজা হাতির এয়ছাই * বড়া পাহালওান দেখি এহার কারন ॥ তুরানেতে নাহী কেহ এহার মতন * এছাই ভাবিয়া তবে রোস্তম ছরদার ॥ বরজুকে পুছিল কহ কি নাম তোমার * বেনামে মরিবে কাহে করিয়া লড়াই ॥ কহ কিবা নাম তেরা শুনবারে চাই * রোস্তম বদলে আমি আইনু লড়িতে ॥ বুঝিনু মউত তেরা আছে মেরা হাতে * নাহিক সুনিলে তুমি মর্দ্দমি আমার ॥ দেও পরি ভাগে ডরে হইয়া বেকারার * আমি জদি জোরেতে খেচিয়া মারি গোর্জ্জ ॥ খান খান হইয়া গেরে পাহাড় আলবোর্জ্জ * এহা সুনে গোস্বা হয়ে বোরজু পাহালওান ॥ কহে তুমি নাহি কর জোরের গুমান * এখনি জাইবে জানা করিলে লড়াই ॥ মুখেতে গুমান কর কাহেক এয়ছাই * তুমি জদি হাতি [illegible] আছ পাহালওান ॥

ছিয়াব নামদার ॥ আলাও লস্কর সাতে লিয়া বেসুমার ✽ দুইতিন রোজ বাদে আসিয়া পৌছিল ॥ দেখে পাহালওান বরজু খোসাল হইল ✽ হইল হাসমত ভারি তুরুকি লস্কর ॥ কায়খোছরো সাহা হেথা পাইল খবর ✽ তবে সাহা ভাবে এবা কেয়ছা বিবরন ॥ তুরুকি মহিমে আইল লিয়া লোক জন ✽ হামলা করিত জবে ইরানি ছরদার ॥ ভাগিত তুরুকি ডরে হইয়া লাচার ✽ এবে কার পাইয়াছে কোমক এছাই আইল আমার সাতে করিতে লড়াই ✽ ভালা বুরা বুঝিতে না পারি বিবরন ॥ এবড় তাজ্জব কথা হইল এখন ✽ এহা বলে দেল বিচে ভাবিয়া গুনিয়া ॥ তুছ আর ফরিবোর্জ্জে কহেন ডাকিয়া ✽ সোন পাহালওান এবে তোমরা দোহেতে ॥ লড়িবারে জাহ আফরাসিয়াবের সাতে ✽ এহা বলে দোহাকারে করিল বিদাই ॥ তিরিস হাজার দিয়া লস্কর ছেফাই ✽ খুসি হৈয়া গেল দোহে লইয়া লস্কর ॥ জেখানে তুরুকি সব ময়দান উপর ✽ তাহাবাদে খোছরো ফের লোক জন লিয়া॥পোস্তপানা তা দোহার পওছিল জাইয়া ✽ হাসমত হইল ভারি ইরানি ফউজ ॥ নদির উপরে জেন উঠিল মউজ✽তবে ফরিবোর্জ্জ আর তুছ নামদার ॥ জঙ্গে আগুয়ান হৈল হুকুমেবাদসার✽ঘোড়া কুদাইয়া গিয়া ময়দান উপরে ॥ হেকে এহা কহে আফরাসিয়াবের তরে✽ শুনরে তুরান সাহা কি জোর পাইয়া ॥ লড়িতে আইলে ফের লোগ জন লিয়া ✽ বার২ মহিমেতে আসিয়া এয়ছাই ॥ ভেগে জাও নানামতে পাইয়া সাজাই ✽ নাহিক সরম তুঝে শুনরে বেহায়া॥এবে তুজে জিন্তা জানে না দিব ছাড়িয়া✽ সেতাবি আসিয়া এবে লড় ময়দানেতে নহেত জাইয়া সাজা দিব হাতে২ ✽ তুছ আর ফরিবোর্জ্জ দোহেতে তখন ॥ সুনাইল লান তান করিয়া এমন✽আফরাসিয়াব শুনে জলিয়া গোস্বাতে ॥ বরজু পাহালওানে তবে লাগিল কহিতে ✽ সোন মর্দ্দ ময়দানেতে সেতাবি জাইয়া ॥ এই দুই পাহালওানে ভালহ মারিয়া ✽ এছাই হুকুম জবে হইল বাদসার বরজু তবে লইয়া জে লস্কর ছরদার✽ গোস্বাতরে ঘোড়া হেকেময়দানে জাইয়া ॥ ইরানী লোকের পরে ঘেরাও করিয়া ✽ নেজা গোর্জ্জ তেগ তীর খেচিয়া জোরেতে ॥ দলে২ মস্তহালে লাগিল মারিতে ✽ দেখিয়া ইরানি লোক তুরুকের জোর ॥ ঝুকিয়া আইল সবে বান্ধিয়া কোমর ✽ দুইদলে এককালে লড়ে পাহালওান ॥ ঝনাঝন ঠনাঠন বহিল তুফান ✽ কেবা কারে মারে ধরে না হয় সুমার ॥ দুইদলে গেরে লোক হাজার হাজার ✽ নামি পাহালওান জত তাহারা সকলে ॥ দিকে২ অনুরাগে লড়ে মস্তহালে ✽ এক রাত দীন এয়ছা কৈল খুবজঙ্গ॥লহুতে ময়দান গেলহৈয়া লালরঙ্গ✽আখেরেইরানি লোক তুরুকের হাতে ॥ আজেজ হইয়া গেল না পারে লড়িতে✽ সে হাল দেখিয়া তবে বরজু পাহালওান ॥ মস্ত হৈয়া হাকে জেন বাঘের সমান ✽ তুছ আর ফরিবোর্জ্জ আছিল জেখানে ॥ ঘোড়া কুদাইয়া মর্দ্দ আইল সেখানে ✽ দেখে ফরিবোর্জ্জ আর তুছ জে তখন ॥ লড়িতে বরজুর সাতে আইল দুইজন ✽ বরজু তবে কুদে গিয়া জোরে আপনার ॥ দুইহাতে কোমর ধরিয়া দোহাকার ✽ ওঠাইয়া ঘোড়া হৈতে বগলে দাবিয়া ॥ তুরান সাহার আগে পওছিল জাইয়া ✽ দেখিয়া তুরান সাহা খোসাল হাজার ॥ বরজুকে খেলাত দিল করিয়া পিয়ার ✽নানামতে সবা হৈতে বাড়াইয়া মান ॥ সোনার কুরছির পরে লইয়া বসান ✽ তাহা বাদে তুছ আর ফরিবোর্জ্জে লিয়া ॥ রাখে দোহাকার তরে কয়েদ করিয়া ✽ বিসম বিপাকে বন্ধ পড়িয়া দোহার ॥ দুসমনের পেরেসানে করে হায়২ ✽ আফরাসিয়াব আর তুরুকি সকলে ॥ মহিমে পাইয়া ফতে রহে খুসহালে ✽ এখানেতে কায়খোছরো বাদসা জাহাগির ॥ তুছ আর ফরিবোর্জ্জ দোহার খাতির রহে বড়া দেল বিচে হৈয়া পেরেসান ॥ কহে এবে দায় হৈল বাচাইতে জান✽ কোথা হৈতে আইল এই তুরুকি বালাই ॥ লড়িয়া ওহার সাতে না দেখি ভালাই✽ বড়া জোরওার মর্দ্দ নবিন জওান ॥ রোস্তম না হবে বুঝি ওহার সমান ✽ এইরুপে ভাবাপোনা করিয়া বিস্তর ॥ সেসে রোস্তমের আগে ভেজিল খবর শুনহ রোস্তম হেথা আসিবে সেতাব॥ নহে তুরুকের হাতে হইব খারাব✽ শুনিয়া এয়ছাই বাত্ত রোস্তম ছরদার ॥ আইল ময়দানে জেথা খোছরো নামদার✽ দেখে সাহা কায়খোছরো রোস্তমে তখন ॥ বসায়ে কুরছির পরে সামনে আপন ✽ মহিমের হাল ছারা বয়ান করিয়া ॥ একে২ পাহালওানে দিল সুনাইয়া জেরুপে তুরানী এসে করিল লড়াই✽জেরুপেতে গেল মারা দুদলে ছেফাই॥ জেরুপে আসিয়া জোরে

না হবে খণ্ডন ॥ বুঝে শুঝে আখেরেতে কহিল তখন* এহা ভেবে সেখানেতে বরজুকে রাখিয়া ॥ আ পানা ঘরেতে বিবী গেলেন চলিয়া * সোনহ সে কথা বিবী গোপনে রাখিল ॥ বেটার হুজুরে নাহি প্রকাশ করিল*রোস্তম এগানাতার আছিল কেমন॥কহি এবেসোন কিছুতারবিবরন*রোস্তমের বেটা ছিল ছোহরাব ছরাদর ॥ ময়দানে সে গিয়াছিল করিতে সেকার *বিবীকে দেখিয়া মর্দ্দ আসকে মা- তিয়া ॥ ছহবত করিয়া ছিল খোসাল হইয়া * তাহা বাদে সেথা হৈতে আসিয়া মর্দ্দানা ॥ মারা গেল মাহমেতে বিধীর ঘটনা * সেইত ছহবতে বিবী আছিল বারবার ॥ বরজু হইল পয়দা উদরে তাহার এ হাতে বরজুর দাদা রোস্তম মরদানা॥বিবীর শশুর হৈত শুন সর্ব্বজনা*জানিয়া সুনিয়া বিবী না কৈল প্রচার ॥ দেখ কত ওঠাইতে হয় দুক্ষ ভার * তার পরে সোন এবে কহি বিবরিয়া ॥ বিবী জদি মাকা নেতে গেলেন চলিয়া * বরজু জাইয়া কহে তুরান সাহায় ॥ আমার আরজ এই কহি তেরা পায়*হুনুর হেকমত জত মহিমের কাম ॥ আমারে সেখাও আগে বাদসা নেকনাম * না আছি ওাকেফ আমি হোনর হেকমতে ॥ কেমনে করিব জঙ্গ রোস্তমের সাতে * এহা সুনে আফরাছিয়াব খুসি হৈয়া ॥ ছেলা ছরঞ্জাম আগে দিলেক আনিয়া * কিন্তু সেই ছেলা ছরঞ্জাম ছিল জাহা ॥ বরজুর লাএক কিছুনা হইল তাহা * শেসে ফের নয়া২ আনিয়া হাতিয়ার ॥ বরজুকে সুপিয়া দিল বাদসা নামদার*তারপরে মাঙ্গাইয়া ওস্তাদ সবায় ॥ কহিল হোনর সবে সেখাও এহায় * পাহালওানি বন্দ জত মহিমেয় কাম একে২ ভালমতে সেখাবে তামাম * এয়ছাই হুকুম পেয়ে ওস্তাদ সবায় ॥ হোনর হেকমত জত বর জুকে সেখায় * রাতদিন নানা রূপে মেহনত করিয়া ॥ তামাম হোনর জদি দিল সেখাইয়া * কামেল হইল এয়ছা বরজু পাহালওান ॥ দুনিয়াতে নাহিকেহুতাহার সমান * দসাবস পাহালওানে জোরেতে ধরিয়া ॥ জমিন উপরে মর্দ্দ দিত গেরাইয়া * আপনাকে খুব জবে হইল হুসিয়ার ॥ এক রোজ কহেমর্দ্দ হুজুরে বাদসার * শুনহ তুরান সাহা বাদসা নেকনাম ॥ সিখিয়াছি খুব আমি মহিমের কাম * কোন বন্দ বাকি নাহি আছে সিখিবারে ॥ এবে জদি কর আগে হুকুম আমারে * জে সব ওস্তাদ আছে আমার এখন ॥ জোরে ধরে আনি তাহা সবার কারন * ইহা সুনে আফরাছিয়াব তার ঠাই ॥ পাহা লওান সবাকারে পুছিল এয়ছাই * কহ সবে মোর তরে করিয়া বয়ান ॥ কেয়ছা জোরওার এই বরজু পাহালওান * আর কেয়ছা শিখিয়াছে মহিমের বন্দ ॥ কিরূপ দেখেছ তাবে করিয়া পছন্দ * সুনে সবেকহেসুনে বাদসা জাহাগির ॥ বরজু সে মানুস নহে হবে বুঝিবির*বড়া জোরয়ার মর্দ্দ কিকব বয়ান তার আগে হাতিজেন মসার সমান * জদি সেই জোর করে পাহাড় উপব ॥ ওখাড়িয়া দিতে পারে নাহিক ওজর * এছা জোরওার কভু না দেখি আমরা ॥ রোস্তম নাহিক বুঝি হবে তার পারা * এবে মোরা দেলবিচে বুঝিনু নিদান ॥ রোস্তমে করিবে জের বরজু পাহালওান*এহা শুনেখুসি হৈয়া আফরা ছিয়াব ॥ বরজুকে এনাম ফের দিয়া বেহেছাব * মান বাড়াইল জদি সবাকে চাহিয়া ॥ তখন সে বরজু কহে আরজ করিয়া * লস্কর ছেফাই মুঝে দেহ জাহাপানা ॥ হেথা হৈতেজাব এবে হইয়া রওানা*কায় খোছরু সাহা আর রোস্তম ছরদার ॥লোকজন লিয়া জেথা আছে আপনার* কেননা সে খোছরোজদি এখানে থাকিয়া ॥ ইরানে চলিয়া জায় লোক জন লিয়া * তা হইলে হবে ফের ইরানে জাইতে ॥ নানা রূপে পেরেসানি হবে ওঠাইতে * ইহা শুনে খুসি হৈয়া আফরাছিয়াব ॥ জওহরের তক্ত এক আনিয়া সেতাব * বরজুকে বসায় সেই তক্তের উপরে ॥ হুকুম করিল এয়ছা জত নামদারে * তাবেদারি সক লেতে করিবে বরজুর ॥ শুনিয়া সকলে তারা করিল মঞ্জুর * তখন হইয়া খুসি বরজু পাহালওান ॥ তৈ- য়ার করিয়া লিয়া লস্কর ছামান * আফরাছিয়াব কাছে মাঙ্গিল বিদাই ॥ হুকুম করহ সাহা মহিমেতে জাই * শুনে সাহা খুসি হৈয়া কহিল তখন ॥ জাহ মর্দ্দ মহিমেতে লিয়া লোক জন * আমিও তো মার পিছে লস্কর লইয়া ॥ দু এক রোজের বিচে পঙছিব জাইয়া * কিন্তু তুমি গিয়া সেথা রবে হুসিয়া রে ॥ ইরানিরা দাগা দিতে জেন নাহি পারে * এহা বলে হুমা আর বারেমা ছরদারে ॥ কহিল বরজুর সাতে জাইবার তরে * আর দিয়া দস হাজার জঙ্গিয়া ছেফাই ॥ ভেজিনু বজুরর তরে করিতে লড়াই * বরজু সে লস্কর সব সাতে করে লিয়া ॥ খোছরুও রোস্তম জেথা পঙছিল আসিয়া * তাবাদে আফরা

তাজতক্ত নাহিক যে লায়েক তোমার ॥ ছেলা ছরঞ্জাম তুঝে না রাখে দরকার * আফরাসিয়াব তার একথা সুনিয়া ॥ ছের ঝোকাইয়া রহে সরম পাইয়া * আখেরে লাচার হৈয়া বাদসা জাহাপানা ॥ মাগি লেন বরজু হৈতে মদত আপনা * কহিল বরজুর তরে সোন জোরওার ॥ আপনি মদতে জদি জাই আমার * রোস্তমে ময়দানে জোরে পার গাছাড়িতে ॥ তবে একারার মেরা জানিবে দেলেতে * খুসি খোসালিতে তুঝে বেটি বেহা দিয়া ॥ চিনের মুল্লকে দিব বাদসাই শুপিয়া * একথা শুনিয়া আফর ছিয়াবের ঠাই ॥ আরজ করিয়া বরজু কাহল এছাই*খোছরো ও রোস্তমে আর কাউছ সাহারে॥ জোরে তবে কএদ করিব সবাকারে * ইরান সহরে তার আগ লাগাইয়া ॥ বাদসাই হাসমোত দিবখাকে মেলা ইয়া * এহাজাদ নাহি করি স্থন নামদার ॥ পাহালওানি দাবি দাওা না করিব আর * সুনে সে বরজুর মুখে এছাই বচন ॥ আফরাসিয়াব খুসি হইয়া তখন * লিয়া সে বরজুর তরে সেখান থাকিয়া ॥ তুরানে আপনা ঘরে পৌছিল আসিয়া * তার পরে আফরাছিয়াব নামদার ॥ মালমাত্তা হাতি ঘোড়া দিয়া বেসুমার * নানারূপে বাড়াইয়া করিল খোসাল ॥ রহে পাহালওান বরজু হইয়া নেহাল * হোথায় মাতারি তার লোকের জবানি ॥ নেহাত খবর জবে সুনিল এমনি* আফরাছিয়াব সাহা আসিয়া এখানে তুয়ানেতে লিয়া গেছে বরজুর কারনে*গেছে সে তুরান দেসে এহার লাগিয়া॥ রোস্তমে ধরিবে জোরে মহিম করিয়া * একথা সুনিয়া বিবী দেল পেরেসানে ॥ তখনি বরজুর কাছে আসিয়া তুরানে * কহিল নাকর বাবা খিয়াল এমন ॥ মালের লালচে কেন কাটাবে গর্দ্দান*বড় পাহালওান সেই রোস্তম ছরদার দেও পরি ভুত ভাগে মহিমে জাহার* মাজান্দারা দেসে ছিল বড়া২ দেও ॥ তার সাতে মহিমেতে না আটীল কেও * মারিয়া সে সবাকারে কৈল ছারখার॥লড়িতে তাহার সাতে সাধ্য আছে কার * আর সে আসিয়া হেথা কএক দফায় ॥ বার২ কৈল জের তুরানি সাহায় * এত পাহালওান আছে তুরান দেসেতে॥ কেহ তারে নাহি পারে হজিমত দিতে * তুমি না হইবে এহা সবার এরছাই ॥ কি জোরে তাহার সাতে করিবে লড়াই * মহিমের বন্দ কিছু নাহি জান তুমি ॥ একারনে বার২ মানা করি আমি কেননা রোস্তম মর্দ্দ বড়া জোরওার॥বেগর হোনরেতারে পেরে ওঠাভার*লাড়কাই ওক্কর তুমি নাজান হোনর ॥ কিরূপে করিবে জঙ্গ ময়দান উপর * এইরূপে কত সত বাহানা করিয়া ॥ বেটাকে কহিল বিবী ডর দেখাইয়া * নাহিক ডরায় তবু বরজু মর্দ্দানা ॥ কহে জাব মহিমেতে নাহি কর মানা * দেখি কত জোরআছে রোস্তমের গায় ॥ জোরেতে ধরিয়া আমি পাছাড়িবতায় * একান্ত নাহিক জবে সুনিল বারন ॥ লাচার হইয়া বিবী ভাবে একারন * কেননা জানিত বিবী দেলে আপনার ॥ হকিকি এগানা খুব রোস্তম ছরদার ॥ পরিচয় জানা সোনা নাহিক বলিয়া ॥ আপসেতে রহিয়াছে বেগানা হইয়া * জানা সোনা পরিচয় হইবে জখন ॥ নেহাত এগানা বিচে মিলাবে তখন * এ কারনে ভাবা গোনা করিয়া দেলেতে ॥ কহে বড়দায় হৈল আপস বিচেতে*মহিমে জদ্যপি গেরে রোস্তম ছরদার ॥ সেহভি হইবে দর্দ্দ দেলেতে আমার * আর জদি বেটা মেরা মরে তার হাতে ॥ লাগিবে সোগের তির মেরা কলে জাতে*এহা ভেবে আর কতডর দেখাইয়া॥ বুঝাইব নানামতে বরজুরলাগিয়া* কিন্তুসে রোস্তম কেবা আছিল বিবীর ॥ সেকথা বেটাকে বিবী না কৈল জাহির * পুসিদা সে কথা রাখে এহার কারন ॥ কেন না সে বরজু বিনে আর কোন জন*বেটা বেটী বিবীর না ছিল কেহু আর ॥ ভাবল এ কথা জদি করিব প্রচার * বেটা মেরা সুনে দেলে খোসাল হইয়া ॥ মিলিবে রোস্তম সাতে আমাকে ছাড়িয়া * তা হইলে বেটা বিনে মরিব পরানে ॥ একাকিনি অভাগিনী রহিব কেমনে * এহভি মুস্কিল হৈল কি করি উপায় ভেদ কথা প্রকাসিতে হৈল মহাদায় * আর এই আফরাসিয়াব নামদার ॥ রোস্তমের সাতে রাখে দুসমনি হাজার * জদি এ ভেদের কথা পাইয়া এখন ॥ কাবু পেয়ে মেরে ডালে বরজুর কারন * সেহভি আফছোছ বড় হইবে দেলেতে ॥ গমদুক্ক পেরেসানি হবে ওঠাইতে * আর কোন হেলা ছাজি করিয়া এখন ॥ লিয়াজেতে বরজুকে নারিবে কদাচন*কেননা জে কাবুবিচে আছে এখানেতে॥ না দিবে তুরান সাহা ভাগিয়া জাইতে* কোনভাগে খুবি নাহি দেখিবারে পাই ॥ প্রকাসিলে ভেদ কথা ঘটিবে বালাই এইরূপে ভাবা গোনা বহুত করিয়া ॥ না কহে ভেদের কথা বেটার লাগিয়া * কহে জা নছিবে আছে

বুওনা হইতে আইসে সেখান হইতে ॥কায়খোছরু জাহাপানা আছে জেখানেতে॥ রোস্তমে আইবমুসে খোছরু নামদার ॥ আগু বাড়াইয়া আনে করিয়া পেয়ার॥ রোস্তম বাদসার সাতে মিলিয়া তখন॥ সোনাইল মহিমের জত বিবরন॥ মালমাত্তা লুটে এনে ছিল সব জাহা ॥ হুজুরেতে আসিয়া দিলেন সবতাহা তাবাদে বেজনে আর মনিজা বিবিরে ॥ হাজির করিয়া দিল আনিয়া হুজুরে ॥ দেখিয়া হইল খুসিবাদসা নেকনাম ॥ গেও আর গোদর্জ্জ হইয়া সাদগাম॥মনিজাবিবিরে আর বেজনে পাইয়া॥খুসি খোসালিতে লিল ছাতি লাগাইয়া ॥গম দুক্ষছিল জত হৈল নিবারন ॥ আমদে মাতিয়া রহে হইয়া মগন॥ তার পরে গুরগিনের মেটার লাগিয়া ॥ দিলেন কয়েদ হৈতে খালাছ করিয়া ॥ রোস্তমে বকসিস ফেরদিয়াক তখন নানারূপে খোসাল করিয়া তার মন ॥ মিলে জুলে সবে ফের বেজনে লইয়া ॥ করেন পিয়ালা বাজি আমদে মাতিয়া ॥ তামাম হইয়া গেল বেজনের বানি ॥ সোন এবে বরজু পাহালওানের কাহিনি ॥ মহাম্মদ খাতের কহে কেতাব কালাম ॥ বালিয়া গোবিন্দ পুর জাহার মকাম ॥

বরজু পাহালওান আফরাছিয়াবের মদতে আসিয়া রোস্তমের সহিত লড়াই করিয়া
গেরেপ্তার হয় ও রোস্তম আর কায়খোছরু বাদসা বরজু পাহাল
ওানকে তুরান হইতে কয়েদ করিয়া ইরানে কায়কাউছ
বাদসার আগে আসিবার বয়ান ॥

পয়ার ॥ রোস্তম পাইয়া ফতে বেজনে লইয়া ॥ খোছরো সাহা ছিল জেথা পৌছিল আসিয়া ॥ হোথায় আজিজি হালে আফরাছিয়াব ॥ চিনের তরফে চলে হইয়া বেতাব ॥ কতদুরে গিয়া রাহে দেখিবারে পায় ॥ বড়া এক পাহালওান রয়েছে সেথায় ॥ অজুদ তাহার জেন পাহাড় সমান ॥ জোরে জোর ওার মর্দ্দ নবিন জওান ॥ আফরাছিয়াব তারে পুছিল তখন ॥কহ মর্দ্দ কেবা তুমি হেথা কি কারন॥কি নাম কোথায় ঘর বাপ কে তোমার॥ কহ দেখি শুনিবারে চাই সমাচার॥ তবে সেই পাহালওানলাগিল কহিতে ॥ আমার বসতি এই চিনের বেশেতে॥সাহরু বলিয়া নাম মাতারি আমার ॥ নাজানি বাপের নামশুন নামদার ॥ শুনেছি খবর এছা মায়ের মুখেতে ॥ এসে ছিল এক মর্দ্দ সেকার করিতে॥পিয়াছা হইয়া সে মাঙ্গিল এসে পানি ॥ পানি পেলাইয়া তারে আমার জননি॥পানিপিয়ে মস্তহইয়া আসকি দেলেতে ॥ ছহবত করিল মেরা মাতারীরসাতে॥তাবাদেচলিয়া গেল সেই পাছওান॥রহিল মাতারিমেরা ঘরে আপনার॥ছহবত হইতে তার হুকুমে রব্বানি ॥ হামেল রহিয়া গেল আমার জননি ॥ আমি সে হামেলে পয়দা হইনু জখন॥ দেখিয়ামাতারিমেরা খুসিহইয়ামন॥বরজুবলিয়া নামরাখিলআমার॥হামেসা পালন করে করিয়া পিয়ার ॥ এইত কাহিনী মেরা কহিনু হুজুরে ॥আপনার হাল কিবা কহত আমারে আফরাছিয়াব তারে দেখি পিলতন ॥ কহে সুন নামদার দুক্ষের বিবরন ॥তুরানের সাহাআমি শুনহ জওান ॥বেসুমার আছে মেরা লস্কর সামান ॥ কিন্তুএক আছে মোর দুসমন বালাই॥হামেসা আমারসাতে করে সে লড়াই॥ রোস্তম তাহার নাম ইরানে বসাত ॥ জণ্ডা মর্দ্দ পাহালওান জেন মস্তহাতি॥এবে সে জুলুম এয়ছা করিল আসিয়া ॥ তাহার ডরেতে আমি আইনু ভাগিয়া॥ জদি সে রোস্তম নাহিথাকেলস্করেতে ॥ তাহইলে ইরানী কিবা পারে মোর সাতে ॥এবে আমি দেখি তুঝে বড়া পাহালওান ॥ রোস্তম না হবে বুঝি তোমার সমান ॥শুনে পাহালওান বরজু লাগিল কহিতে॥হাজার আফছোছমেরাহয় এই বাতে ॥ তুমি এয়ছা বাদসা হইয়া না পারীলে তায় ॥ ডরে ডরাইয়া ভেগে আইলে হেথায় ॥ আফরাছিয়াব সুনে কহিল তখন ॥ বড়া পাহালওান সেই রোস্তম পিলতন ॥ একেলা সে রাখে জোর হাজার লোকের ॥ আমা এয়ছা কত বাদসা তার হাতে জের ॥ মর্দ্দমির হদ্দ তার কিকব বয়ান॥ অজুদ মজবুত জেন পাসান সমান ॥ নেজা গোর্জ্জ তেগতির জতেক হাতীয়ার ॥ আছর না হয় কিছু অজুদে তাহার ॥সুনে পাহালওান বরজু হাসিয়া তখন ॥ কহিতে লাগিল এহা বাদসার কারন ॥ আমি জদি লড়াই করি ময়দানে জাইয়া ॥ লস্কর সহিত তারে ফেলিব কাটীয়া॥তুমি ও তোমার জত লস্করছেফাই মর্দ্দমি না আছে কার নামর্দ্দ সবাই ॥ একারনে দুক্ষ পাও রোস্তমের হাতে ॥ নহে কি সে একেলা কারতে পারে ফতে ॥জদি না হেজত রাখ করিতে লড়াই ॥ তবে তুমি মিছে কেনেকরহ বাদসাই ॥

আমি জানিবে দেলেতে ॥ বেজনেরে কুণ্ডা হৈতে খালাছ করিতে * রোস্তমেরনাম সুনে আভরা ছিয়াব ডরেতে ভাগিয়া চলে হইয়া বেতাব*রস্তম দরওজা তুড়েমহলে জাইয়া॥ আফরাছিয়াবে নাহি দেখিতে পাইয়া * গোস্বা ভরে গোর্জ্জহাতে লিয়া নামদার ॥ মারিল খেচিয়া জোরে তক্ত পরে তার* গোর্জ্জের চোটেতে তক্ত হৈল খান খান ॥ তার পরে সেথাহৈতে রোস্তম জওান * মহল ভিতরে গিয়া তুরান সাহার ॥ পাইল আওরত এক ছুরত বাহার * লইয়া তাহার তরে আইল ফিরীয়া ॥ মহল ভিতর হৈতে বাহির হইয়া*দেখিয়া সে হালজত ছরদার সকলে ॥ জনে২ গিয়া তারা বাদসার মহলে* একেক আও রতে লিয়া আইল বাহিরে ॥ পাইয়া লুটের মাল খোসাল খাতিরে * তাহা ছেওা আর জত আছিল আওরত॥ সেহাল দেখিয়া তারা করিয়া মছলত*বাহির হইয়া আইল আপনা হইতে॥খুসি খোসালিত দেলে ইরানির সাতে* তবেসে আওরত দিগে তুরান সাহার ॥ রোস্তম বেজন আরজত নামদার*সাতে কোরে লিয়া আইল খোসালিত মনে ॥ ডেরা তাম্বু লোক জন আছিল জেখানে * দেখে সবে খুসি হৈয়া কথায়২ ॥ বাকি রাত ছিল জাহা বসিয়া কাটায় * এইরূপে এখানেতে রোস্তম মর্দ্দানা॥ রহিলেন লোক জন লইয়া আপনা * আফরাছিয়াব হোতা ফজরে উঠিয়া ॥ আইল ময়দান পরে লস্কর লইয়া * রোস্তম শুনিয়া তবে বান্ধিয়া কোম্বর ॥লোকজোন লিয়া চলে ময়দান উপর*আছিল হাজার জঙ্গিরোস্ত মের সাতে ॥ গিয়া সবে চারিদিগে লাগিল কুদিতে* হেকে বলে আইস দেখিকরিতে লড়াই ॥ তুরুকি লস্করে আছে কে এয়ছা ছেফাই * মরিবার ডরজদি নাহিথাকে দেলে ॥ আসিয়া গর্দ্দান সবেরাখ তেগ তলে * সুনিয়া তুরুকি জত ডরিয়া দেলেতে ॥ মোকাবেলা হৈয়া কেহ না আইসে লড়িতে * তখন রোস্তম আর তামাম ছরদার ॥ কতক্ষন এস্তেজারিকরে তাসবার* জখন দেখিল নাহি আইসে কোনজন আফরাছিয়াবে কহে রোস্তম তখন * সুন ওরে আফরাছিয়াব দাগাদার ॥ তোমার লস্কর জদি আছে বেসুমার * মেরা সাতে লড়ে কেহ তাব নাহি রাখে ॥ এইবাতে সরম কি না হইল তোকে* বার২ কত তুই দেখিলি আমায় ॥ একেলা ভাগানু তেরা লস্কর সবায়*নানারূপে তেরা জত লস্কর ছর্দ্দার॥ পাহাল ওানি জওামর্দ্দি দেখেছ আমার * আজেজ হইয়া সবে আছে মেরা হাতে ॥ জেনে সুনে কেন মিছে আইলে লড়িতে *আফরাছিয়াব এহা শুনিয়া কখন॥ আপনারলস্করেতেকহিলতখন * সুন পাহালওান সবে কহি তোমাদেরে ॥ আরামের ঠাই নাহি ময়দান উপরে * জওা মর্দ্দ কোরে সবে সেভাবি জাইয়া তেগ তিরে রোস্তমেরে ডালহ মারিয়া * তাহা ছেওা আর জত ইরানি ছরদার ॥ ওড়াইয়া দেহ সবে মারিয়া তলওার * কেহ জেন কোনরূপে ফিরিয়া না জায় ॥ খাক খুনে মেলাইয়া দেহ সবাকায় * আফরাছিয়াব জদি কহিল এয়ছাই ॥ হুকুম পাইয়া তার তামাম ছেফাই * ঘেরাও করিয়া আইল চারিদিগে হৈতে ॥ মার মার ধর ধর হাকিয়া জোরেতে*তখন রোস্তম আর ছরদার সকলে॥ তেগলিয়া রেগা দিয়া চলে মস্তহালে * গরম হইল খুব জঙ্গের বাজার ॥ মেরে চলে দলে দলে খেচিয়া তলওার * গোর্জ্জ লিয়া রেগা দিয়া রোস্তম মর্দ্দানা ॥ মারে জোরে মস্তহালে জেমন দেওানা * জে আইল না ফিরল জান বাচাইয়া ॥ দিগে২ কত লোকে দিল গেরাইয়া * রখস ঘোড়া মারে জোড়া খেচিয়া জোরেতে ॥ কত লোকে গেরাইল লাথির চোটেতে * এইরূপে কতক্ষন কৈল খুব জঙ্গ ॥ ঘোড়া জোড়া লহুতে হইল লাল রঙ্গ *গেরাইল তুরুকেরে হাজারে হাজার ॥ লহুর দরিয়া বহে ময়দান মাঝার মার২ হাক হাকে জোরেতে কুদিয়া ॥ দফা২ ছাফ করে ঘোড়া বেড়িদিয়া * দেখিয়া তুরুকি জত ইরানির জোর ॥ লড়িবারে নাহি পারে হইয়া কাতর *পিছে হেটে ভেগে চলে হইয়া বেতাব ॥ দেখিয়াসে হাল তবে আফরাছিয়াব * জান বাচাইয়া ভাগে ডরে ডরাইয়া ॥ চিনের মুল্লক বিচে গেল পালাইয়া রোস্তম দেখিল জদিতুরুকি সকলে ॥ ভাগিল ময়দান হৈতে ডরাইয়া দেলে* তখন ছরদারসবে সাতে কোরে লিয়া ॥ পিছে২ তাসবার চলে রেগা দিয়া * ছয়কোস গিয়া মর্দ্দ তাহার বাদেতে ॥ ফতে পায়ে ফিরে আইসে খুসি খোসালিতে*সহরে আসিয়া ফের তুরান সাহার ॥ ঘর বাড়ি মাল মাল মাত্তা লুটীয়া তাহার * ডেরা কোরে ছিল জেথা আসিয়া সেখানে ॥ লিয়া সে আওরত সবে খোসালিত মনে *

হায় * কহ পাহালওয়ান এবে কেমন ছুরতে॥ বেজনেরে খালাস করিবে কুণ্ডা হৈতে*জেকিছু বাত্তাবে সেই তোমার লাগিয়া ॥ না রবে সে কামে তুমি গাফেল হইয়া * এয়ছাই কহিল জবে বেজন ছরদার সুনিয়া মানিজা বিবী খোসাল হাজার * তখনি সেখান হৈতে আসিয়া তরায় ॥ আরম্ভ করিয়া কহে রোস্তমের পায় * শোন পাহালওয়ান ভেদ সব গেল্ জানা ॥ ছালাম কহিল তুঝে বেজন মর্দ্দানা* আর তুমি কি ছুরতে বেজনের তরে ॥ খালাছ করিবে তাহা কহ না আমারে * সুনিয় রোস্তম কহে বিবীর তরেতে॥ রহগে জাইয়া সেই কুণ্ডা জেখানেতে*রাত হৈলে আমি সেথা পৌছিব জাইয়া॥ কুণ্ডা হৈতে বেজনেরে লিব ওঠাইয়া * এয়ছাই হুকুম পেয়ে মনিজা তাহার॥ আসিয়া কুণ্ডার ধারে রহে এন্তেজার গোজারিয়া গেল জবে রাত দু প্রহর ॥ উঠীয়া রোস্তম তবে বান্ধিল কোমর * আর এক জঙ্গিয়া ছওয়ার লিয়া সাতে ॥ জাইয়া পৌছিল সেই কুণ্ডা জেখানেতে * দেখিল কুণ্ডার মুখে করিয়া নজর ॥ চাপায়ে রেখেছে এক বিসম পাথর * তবে সেই পাথর লইল ওঠাইয়া ॥ এছাই জোরেতে মর্দ্দ দিলেক ফেকিয়া চিনের ময়দানে গিয়া গেরে সে পাথর॥ ধমকে কাঁপিল তার তামাম সহর * ভুমি কম্প হৈল জেন জা গিল হিলতে ॥ ডরাইয়া গেল জত লোগ সেখানেতে*রোস্তম তা বাদে রসি চালেতে বান্ধিয়া॥ বেজ নেরে কুণ্ডা হৈতে লিল ওঠাইয়া*বান্ধা ছিল হাতে পায়ে খুলিয়া তাহার॥ছাতি লাগাইয়া লিল করিয়া পিয়ার * বেজন কান্দিয়া ধরে রোস্তমের পায় ॥ কহে মুঝে বাচাইলে আসিয়া হেথায়* উম্মেদ নাহিক মেরা আছিল এয়ছাই ॥ বাচিব এ কুণ্ডা হৈতে পাইয়া রেহাই * ভরসা আছিল খালি তোমার আসার তোমা ছেওা কেবা আর করিবে উদ্ধার * আমাদের পোস্তপানা তুমি বই নাই ॥ হর২ মছিবতে আছ সব ঠাই * রোস্তম এ কথা সুনে বেজনে তখন . দেলাসা ভরসা দিয়া পুছে এবচন* গমদুক্ষ পেবেসাদি বহুত ওঠালে ॥ এবে তুমি মনিজাকে লিয়া খুসি হালে * খোছরো সাহা আছে জেথা মকাম করিয়া হেথা হৈতে তার আগে জাহনা চলিয়া* আমি এবে হেথা হৈতে . নাহিক জাইব ॥ জত দিন দাদ তোমা নাহিক লইব * আফরাসিয়াব জেথা আছে মহলেতে ॥ রাতহানা দিব আজ গিয়া সেখানেতে* তক্কেত জানিবে সেহ দেলে আপনার ॥ আসিয়া জে এখানেতে রোস্তম সবদার*বেজনেরেখালাছ করিয়া কুণ্ডা হৈতে ॥ লিয়া গেল সাতে করে আপনা জোরেতে* নতুবা তুরানী মুঝে কহিবে এমন ॥ বড় নামদারা ছিল রোস্তম পিলতন * চোরের মাফিক এসে চুরি করে লিয়া ॥ রাতারাতি কোথা হৈতে গেছে পালাইয়া * বেজন এ কথা সুনে কহিল তখন ॥ তুঝে আমি ছাড়িয়া না জাব কদাচন * সদা আছে দেল বিচে আমার এয়ছাই ॥ মারিব তুরানী লোগে করিয়া লড়াই * এবে আমি না জাইব বাদসার আগেতে ॥ চল পাহালওয়ান জাব তোমার সঙ্গেতে * রোস্তম করিল মানা বহুত এয়ছাই ॥ না সুনিয়া গেল তবু করিতে লড়াই * মনিজাকে এক ঠাই রাখিয়া সেখানে ॥ রোস্তমের সঙ্গেতে চলিল খুসি মনে রোস্তম বেজন আর কয়েক সওার ॥ জাইয়া পওছিল জদি নিকটে কেল্লার* তখন সে দুওারে জে নেগা বান ছিল ॥ রোস্তমে দেখিয়া তারা লড়িতে আইল* রোস্তম তাসবাকারে তলওার মারিয়া ॥ সেইখানে জনে জনে দিল গেরাইয়া * তার পরে গেল জবে কেল্লার ভিতর ॥ দেখিয়া লড়িতে আইল তামাম লস্কর* রোস্তম দেখিয়া সে তুরুকি সবায় ॥ গোস্বাদেলে তেগ তলে মারিয়া গেরায়*নাহি ছাড়ে পায় জারে ডাহিন বামেতে৷মারে তেগ বেদেরেগ খেচিয়া জোরেতে* বেজন সরদার আর জত পাহালওয়ান মারে জোরে তুরুকেরে করে খান২ * এইরূপে নানামতে করিয়া লড়াই ॥ গেরাইল বেশুমার তুরুকি ছেফাই*লহু নদী বহাইল কেল্লার ভিতরে৷৷ আখেরে তুরুকি লোক হইয়া কাতর*জিউ লিয়া পিঠদিয়া পালাইয়া গেল॥ আর জে লড়িতে কেহু নাহিক আইল*দেখিয়া নিদানে তবে রোস্তম সরদার ॥ আগে বেড়ে চলে জেথা মহল বাদসার * দরওাজা উপরে গিয়া কহিল হাকিয়া॥ সোনরে তুরান সাহা নাদান বেহায়া * না ছাড় হামেসা কর দাগাবাজি কাজ ॥ আইনু এখন তেরা করিতে এলাজ * বেজন কুণ্ডার বিচে কয়েদ আছিল ॥ আল্লার ফজলে আজি খালাছ পাইল * মোলাকাতে তেরা সাতে আইল এখন বাহিরে আসিয়া দেখ দামাদ আপন * সোনরে বেহায়া লাজ নাহিক তোমারে ॥ বার২ দুক্ষ দেও দামা-দের তরে * বাহির হইয়া আইস নহেতে জাইয়া ॥ আজ তোরে জম ঘরে দিব পাঠাইয়া * আইনু রস্তম

দর্জ্জ গেও না জানি খবর ॥ মিছে কেন মোর তরে বকাও বিস্তর * একথা সুনিয়া তবে মনিজা সুন্দরী জারে জার হয়ে কান্দে চক্ষে বহে বারি * কাতর হইয়া ফের কহে এ বচন ॥ দুখিনির পরে দেখ তুলিয়া নয়ন * দুনিয়ার বিচে আমি বড় অভাগিনী ॥ দুক্ষের সাগরে ভাসি দিবস রজনি * লিয়াছি পানাহি তরা আসিয়া এখন ॥ দুরনা করিবে তুমি আমার কারন * একথা সুনিয়া তবে রোস্তম ছরদার ॥ পুছিল বিবীরে কহ কি হাল তোমার * কি কারনে আছ তুমি এতেক কাতর ॥ বুঝাইয়া কহ দেখি সুনি সে খবর * কার বেটি কেবা তুমি নাম কি তোমার ॥ কেন এয়ছা আজাবেতে আছ গেরেপ্তার * জরদ ইহল কেন তোমার চেহারা ॥ কহ আপনার হাল খুলিয়া বেওরা * বিবী তবে কান্দিয়া২ কহে বানি সোন সওদাগর মেরা দুক্ষের কাহিনি * আফরাছিয়াব সাহা বাদসা নামদার ॥ মনিজা আমার নাম বেটি আ.ম তার * জামানার হাল নাহি বুঝিতে পারিয়া ॥ বেজনের মহব্বতে আছিনু ভুলিয়া * এ কারনে গজব করিয়া জাহাগির ॥ ঘর হৈতে দিল মুঝে করিয়া বাহির * আছিনু বাদসার বেটি না ছিল ভাবনা বিধাতা বৈমুখ হৈল ঘটিল যন্ত্রনা * খারাব হইয়া ফিরী ভিক্ষা মেগেখাই ॥ হায় হায় নছিবেতে আছিল এয়ছাই * এইহালে ফিরি আমি হইয়া লাচার ॥ সোন এবে বেজনের কহি সমাচার * বাপ মেরা গজব করিয়া তার তরে ॥ রেখেছে কয়েদ করে কুণ্ডা অন্ধকারে * পাথর দিয়াছে এক কুণ্ডার মুখেতে ॥ লো-হার সিকলে বান্দা আছে তার পায়েতে * হায়২ করে মর্দ্দদিবস রজনি ॥ দুক্ষ মোনে দুনয়নে বহাইয়া পানি * এইরূপে হামেহাল দুক্ষের সাগরে ॥ বিসম কয়েদে আছে কুণ্ডার ভিতরে * রোস্তম বিবীরমুখে সুনে এই কথা ॥ পুছিতে লাগিল ফের দেলে পেয়ে বেথা * কহ বিবী কুণ্ডা বিচে বেজন এহালে ॥ খানা পানি কোথা হৈতে কি ছুরাতে মেলে * বিবী বলে সুনতবে কহিজে কাহিনী ॥ সারাদিন ভিক্ষা মাগি আমি অভাগিনী * যাহা কিছু পাই তাহা খানা পাকাইয়া ॥ রাত জবে হয় সে কুণ্ডার কাছে গিয়া * আগে থোড়া তাহা হৈতে বেজনে খাওাই ॥ বাকি জাহা রহে সেশে লিয়া আমি খাই * এইরূপে হা-মেসা ওঠাই দুক্ষ ভার ॥ বিধীর ঘটনা এই নছিবে আমার * রোস্তম এ কথা সুনে বিবীর লাগিয়া ॥ নানা রূপে দেলেসা ভরসা খুবদিয়া * কহিল থোড়াছা খানা দেই জদি আমি ॥ বেজনেরে পৌছাইতে পার কিনা তুমি * বিবী বলে হয় জদি মেহের এয়ছাই ॥ খুসিতে লইয়া তাহা এখনি পৌছাই * রোস্তম সুনিয়া তবে রুটি ও কাবাব ॥ আনিয়া বিবীর তরে দিলেন সেতাব * আর লিয়া হাতের অঙ্গরি আপ-নার ॥ ছাপাইয়া দিল সেইরুটীর মাঝার * কহিল এখনি তুমি সেতাবি লইয়া ॥ বেজনের হুজুরেতে দেহ পৌছাইয়া * সুনিয়া মনিজা বিবী হৈয়া খুস মন ॥ খানা লিয়া সেথা হৈতে চলিল তখন * জাইয়া সে কুণ্ডা জেথা খোসাল অন্তরে ॥ রুটী ওকাবাব দিল বেজনের তরে * বেজন সেখানা দেখেহৈয়াখুসি মন ॥ লইয়া খাইতে সুরু করিল তখন * খাইতে২ সেই খানার বিচেতে ॥ রোস্তমের অঙ্গরি দেখেপাইল দেখিতে * তবে সে দেলের বিচে খোসাল হইয়া ॥ খলখল করে খুব উঠিল হাসিয়া * শুনিয়া সে হাসি তার মনিজা শুন্দরী ॥ কহে কেন হাস আজ বুঝিতে না পারি * দিবানিসী দুক্ষ মনে কর হায়২ আজ কেন খুসি আছ কহনা আমায় * বেজন কহিল তবে কহি বিবরীয়া ॥ জদি সেই ভেদ তুমি রাখ ছাপাইয়া * তবেত কহিতে পারি করিয়া প্রচার ॥ নহেত গরজ নাহি সে সব কথার * শুনিয়া মনিজা বিবী কহিল তখন ॥ জাত কুল গেল মেরা তোমার কারন * এখন আমাকে তুমি না কর এতবার ॥ এই বাতে দুক্ষু বড় হইল আমার * জার তরে চুরি করি সেই বলে চোর ॥ হায় বিধী ছিল এহা নছিবেতে মোর * এই রূপে খেদ জারি করিল শুন্দরি ॥ বেজন কহিল তবে সোন প্রানেস্বরি * আজ এই খানা তুমি আনিলে কাহার ॥ বয়ান করিয়া কহ সুনী সমাচার * মনিজা কহিল তবে সোন প্রান প্রিয়া আসিয়াছে সওদাগর ইরান থাকিয়া * ভিক্ষা মাগিবারে গিয়া হুজুরে তাহার ॥ তোমার আহওাল সব করিনু প্রচার * শুনিয়া সে সওদাগর দুক্ষিত হইয়া ॥ দিল এই খানা মুঝে মেহের করিয়া * বে-জন একথা সুনে খোসাল হাজার ॥ কহিল সোনগো বিবী তার সমাচার * সওদাগর নহে সে রোস্তম পাহালওান ॥ আমাকে দেখেন জেন বেটার সমান * আইল সে ছাড়াইতে আমার কারন ॥ সওদাগর ভেস বানাইয়া জে আপন * সুনবিবী এবে তুমি জাইয়া সেথায় ॥ আমার ছালাম দিয়া পুছিবে তা-

সোন বাদসা নামদার কহি জনাবেতে ॥ গুরগিনে খালাছ করে দেহ মেরা সাতে * সুনিয়া জওাব
দ্বিল বাদসা নামদার ॥ দেল বিচে আমি এহা করেছি কারার * খালাছ পাইয়া জবে আসিবে বেজন
গুরগিনের জান বকসি করিয়া তখন * নহে আমি করিয়াছি এয়ছাই কারার ॥ তেগ তলে ওড়াইব গ
র্দ্দান ওহার * রোস্তম সুনিয়া তবে কহিল এয়ছাই ॥ জামিন হইয়া আমি লিয়া ওহে জাই* জতদিন ফি
রিয়া না আসি এখানেতে॥বেটা তার বদলে রহিবে কয়েদেতে*এহা শুনে রাজি হইয়া বাদসা নামদার
গুরগিনে খালাছ দিয়া বেটাকে তাহার * রাখিল করিয়া বন্দ কয়েদ খানায় ॥রহিল সে কয়েদেতে বা
পের জাগায়* তখন গুরগিনে আর সবাকারে লিয়া ॥ চলিল রোস্তম মর্দ্দ রওানা হইয়া*সওদাগর ভে
সেতে পৌছিয়া তুরানেতে ॥ বেছার সহর একছিল সেখানেতে*মোকাম করিয়া সেথা রহে নামদার
সওদাগর আইল দেসে হইল প্রচার *কিন্তু ঐমকামে রাখিয়া সবাকারে ॥আপনি রোস্তম রহে সহর
বাহিরে* এইরুপে কিছুদিন গোজারিয়া জায় ॥ এক রোজ ময়দানেতে দেখিবারে পায় * বেছা মর্দ্দ
সাতে করে লিয়া লোক জন ॥ সেকার করিয়া ফেরে হৈয়া খুসি মন * তখন রোস্তম দেলে মতলব
করিয়া ॥তহফা বেছার আগে দিবেক বলিয়া*দুইতাজি ঘোড়া আর লেবাছসাহানা॥ জওহরের তাজ্জা
আর এয়াকুতের দানা * লিয়া এ সকল চিজ আজিজি হালেতে ॥ নজর ধরিল গিয়া বেছার আগেতে
সওদাগর দেখে বেছা খুসি হৈয়া মন ॥ তহফা নজর সব লইল তখন*কিন্তু সে রোস্তমেনাহি চিনিতে
পারিয়া ॥ পুছিতে লাগিল এহা খোসাল হইয়া * কহ মদ্দ কোথা হইতে আইলে এখানে ॥ তহফা ন
জর মুঝে দেহ কি কারনে * রোস্তম কহিল তবেসোন নামদার॥আইনু এখানে মোরা করিতে বেপার
সওদাগর জাদা মোরা ইরানে বসতি ॥ মুল্লকে মুল্লকে ফিরি করে তেজারতি * আনিয়াছি এখানে
জিনিস বেশুমার ॥ বহুত কিম্মতি চিজ লায়েক বাদসার * বেচিব সহরে তেরা বাসনা দেলেতে ॥ কি
আছে দস্তুর হেথা না পারি জানিতে * সুনিয়াছি লোক মুখে খবর এছাই ॥ তোমার সমান দাতাদুনি
য়াতে নাই * একারনে আরজ করিনু হুজুরেতে ॥হইলে হুকুম মাল বেচি সহরেতে *নহে মোরা হেথা
হৈতে গিয়া কোনখানে ॥ বেচিয়া আপন মাল জাইব মকানে * একথা সুনিয়া বেছা লাগিল কহিতে
খোসালিতে বেচ মাল মেরা সহরেতে * নাকর আন্দেসা কিছু কর বেচা কেনা ॥ বেচিতে তোমাকে
কেহু না করিবে মানা * বে আন্দেসা গিয়া এবে কর বিকীকিনি॥কোনবাতে তোমাদের না হবে নোক
ছানি * এয়ছাই কহিয়া বেছা তহফা লইয়া ॥ সেখান হইতে গেল মকামে চলিয়া * তার পরে খ
বর হইল সহরেতে ॥ আসিয়াছ সওদাগর ইরান হইতে * ছোট বড় সকলেতে শুনিয়া এয়ছাই
খরিদ করিতে মাল আইল সবাই * জমা হৈল খরিদার এসে বেশুমার ॥ কিনিতে লাগিল চিজ জার
জে দরকার * কেহু কেনে জামা জোড়া রতন কাঞ্চন ॥ এইরুপে কিনিতে লাগিল জনে জন * হরেক
চিজের সেথা ছিল খরিদার ॥ তখন গরম খুব হইল বাজার * মনিজা শুন্দার তবে লোকের জবানী ॥
নেহাত খবর জদি শুনিল এমনি * আসিয়াছে সওদাগর ইরান হইতে ॥ বেচাকেনা করে মাল বাজার
বিচেতে * তবে সে আকুল হয়ে কান্দিয়া২ ॥ রোস্তমের নিকটেতে পওছিল আসিয়া * আখে পানি
বয়ে চলে ঝারা বরিসন ॥ রোস্তম দেখিয়া পোছে কান্দ কি কারন *বিবি বলে কি কহিব দুক্ষের বয়ান
শুনিলে আমার দুক্ষ হবে পেরেসান * থাকুক সেদুক্ষ মেরা কহিবো এখন ॥ একবাত পুছিআমি তো
মার কারন * সুনিনু ইরান দেসে তোমার বসতি ॥আইলে এ মুল্লকে করিতে তেজারতি * কহ দেখি
ইরানেতে গেওয়ের বেটার ॥ গিয়াছে কি নাহিক গিয়াছে সমাচার* এতেক তল্লাসে তারকেহু নাআ
ইল ॥ বুঝিবা খবর তার নাহিক পৌছিল * খবর পাইলে কেহু এখানে আসিয়া ॥ লেজাইত তার তরে
খালাস করিয়া * বেজন তাহার নাম গেয়ের ফরজন্দ ॥আছে সে খারাবিহালেকুওাবিচে বন্দ *রোস্তম
এ ভেদ পেয়ে হৈয়া খুসি মন ॥ মক্কর করিয়া তারে কহে এ বচন * কে তুমি বকাও মোরে কিসের
লাগিয়া ॥ দুর হৈয়া জাও মেরা সামনে থাকিয়া * কভু নাহি গেছী আমি বাদসার হুজুরে ॥আর আমি
ইরানি নাহিক জানি কারে * হামেসা না থাকি দেশে ফিরি ঠাই২ ॥ একারনে কারসাতে দেখা সোনা
নাই * সওদাগর জাদা আমি নহে পাহালওান ॥ নাহক রাখীব কেন তাদের সন্ধান * কেবা সে গো

সাল হইয়া * তিনদ্দিন জসন করিয়া পাহালওান ॥ চৌঠা রোজেতে লিয়া লস্কর [illegible] * রওনা হইয়া আইসে মকাম ছাড়িয়া ॥ ইরানের কাছে জবে পওছিল আসিয়া * খবর পাইয়া তবে খছরু নামদার আগু বাড়াইয়া আনে করিয়া পিয়ার * আনিয়া ডেরার বিচে খুসি খোসালিতে ॥ বসায় রোস্তমে লিয়া সোনার তক্তেতে * তার পরে আপনি হইয়া খুসিমন ॥ আপনা তক্তের পরে বসেন তখন * ছামনা ছমনী দোহে বৈসে খোসালিতে ॥ আরকান দওলত সব বসে চারিভীতে * তখন তারিফ করে হাজারে হাজার ॥ কহিতে লাগিল এহা খছরু নামদার * সুনহ রোস্তম কহি তোমার কারন ॥ তোমা হেন দোস্ত আর নাহি কোন জন * ইরানি লোকের তুমি আছ মদদগার ॥ তোমার জোরেতে জোর আমা সবাকার * এলাহি দারাজ করে তোমারউম্মর ॥ তেরা আগে মরি জদি হাজার সোকর * কেন না জে তোমা হৈতে দুসমনের আগে ॥ সরম ভরম খুব আছে বাগে বাগে * এই রূপে তারিফ করিয়া নামদার ॥ কহে ফের রোস্তমেরে সোন সমাচার * বেজনের তরে থোড়া দুক্ষ লেহ ভাই ॥ তোমা বিনে আনে তারে কে আছে এছাই * তুমি বিনে কায়ানি আওলাদ সবাকার * নাহি কেহু মহিবতে করিতে উদ্ধার * রোস্তম একথা শুনে জমিন চুমিয়া ॥ তারিফ করিয়া কহে বাদসার লাগিয়া * সুন সাহা জাহাপানা বাদসা নামদার ॥ আমি বান্দা ছোটা এক চাকর তোমার * জেখানে হুকুম দিবে জাইতে আমায় ॥ দেল জানে আমি তাহা আনিব বজায় * ছের না হেলাব আমি হুকুমে তোমার ॥ তেরা হুকুমের পরে আছি ওস্তয়ার * এখান জাইব আমি কোমর বান্ধিয়া ॥ বেজনে আনিয়া দিব খালাছ করীয়া * শুনে সাহা কায় খছরু কহিল তখন ॥ এখানে সরদার মেরা আছে জতজন * দেল চাহে জার তরে লিয়া জাই ভাই ॥ তাহাতে নাহিক আছে আমার মানাই * রোস্তম কহিল তবে সোন নামদার ॥ জদি আমি লিয়া জাই লস্কর সর্দ্দার * কি জানি খবর পেয়ে আকরাছিয়াব ॥ বেজনে মারিয়া ডালে করিয়া খারাব তবেত আফছোছ দেলে জাইবে রহিয়া ॥ এবে এ মতলব করী সোন দেল দিয়া * সওদাগরি ভেসে আমি জাইবার চাই ॥ জাহাতে আছান হয় নাহিক বালাই * একামে দুসমন কেহ ছের না ওঠাবে সহজে মকছেদ পুরা হইয়া জাইবে * শুনিয়া খোসাল হইয়া বাদসা নামদার ॥ তেজারতি সরঞ্জাম করিল তৈয়ার * রোস্তম হইয়া খুসি লইয়া সামানা ॥ চলিল তুরান দেশে হইয়া রওানা * মহাম্মদ খাতের কহে আল্লা করি সার ॥ বেজনে আনিতে চলে রোস্তম সর্দ্দার *

পাহালওান রোস্তম সওদাগারি ভেসে তুরানে জাইয়া বেজনকে কুওা হৈতে খালাছ করিয়া ও আফরাসিয়াবের সাতে মহিম করিয়া ফতে পাইয়া কায় খোছরোর নিকটে আসিবার বয়ান *

পয়ার * রোস্তম মছলত জদি কহিল এমন ॥ সুনে সাহা কায় খছরু খুসি হৈয়া মন * লালমতি জওাহের জামা জোড়া লিয়া ॥ ঘোড়া ও উটের পরে বুঝাই করিয়া * আর কত রঙ্গ২ লইয়া কাপড় চাপাইয়া শত শত উটের উপর * তহফা নজর কত লায়েক বাদসার ॥ নানারূপে তৈয়ার করিয়া নাম দার * তাহার বাদেতে জত হাতিয়ার লইয়া ॥ সে সব চিজের বিচে দিল ছাপাইয়া * আর দিয়া চুনেন্দা হাজার পাহালওান ॥ হাসমতের সাতে খুব করিয়া ছামান * রোস্তমে কহিল এবে লইয়া ছামানা ॥ জাহ সওদাগরি ভেসে হইয়া রওানা * রোস্তম সামানা দেখে খোসাল হইয়া ॥ লোকজন সবাকারে সাতে কোরে লিয়া * সওদাগরি লেবাছ করিয়া সকলেতে ॥ একেক উটের রসি পাকাড়ীয়া হাতে * তুরানে জাইতে জবে এরাদা করীল ॥ সে ওক্তে গুরগিন এহা কহিতে লাগীল * শুন নামদার এবে আমার তরেতে ॥ খালাছ করিয়া তুমী লিয়া চল সাতে * রোস্তম সুনিয়া কহে তাহার খাতির ॥ এই খাতা তোমা হইতে হইয়াছে জাহের * তেরানাম কহি জদী বাদসার আগেতে ॥ সুনিয়া গজব হবে ভরিয়া গোস্বাতে করিলে এ সুপারিস হুজুরে বাদসার ॥ গোস্বা হবে মোর পরে হইয়া বেজার * আমাহইতে নাহিক হইবে এইকাম ॥ নাহক কিসের তরে লইব বদনাম * এহা শুনে গুরাগনের বেটা সে সময় ॥ কান্দিয়া ধরিল এসে রোস্তমের পায় * রোস্তম কাতর অতি দেখিয়া তাহারে ॥ আরজকরিলগিয়া বাদসারহুজুরে

বার না হয় জদি নজ্জমের হাতে*দেহ না তুরানে এবে জাছুছ ভেজিয়॥ আনে সেখানেতে তার সন্ধান করিয়া * আর জদি নাহি পারে আনিতে খবর ॥ তবু তুমি রহ দেলে করিয়া সবর * এক ওক্ত আছে সেহ নওরোজ পরে ॥ কেতাব দেখিয়া ঠিক কহিব তোমারে * জাম জাহা নামেতে কেতাব যাহা আছে॥নেহাত খবর পাওয়া জায় তার বিচে * নওরোজ বাদে আছে সময় তাহার ॥ সেই ওক্ত দেখিয়া কহিব সমাচার * কোনহালে কোথা আছে বেজন মর্দ্দানা ॥ ভালা বুরা তাহাতে পাইবে সব জানা একথা শুনিয়া গেও খুসি হৈয়া মনে॥ বহুত করিয়া দোওা বাদসার কারনে* কহিল এলাহি তুঝে খুসি খোসালিতে ॥ হামেসা কায়েম রাখে দুনিয়া বিচেতে * তাজতক্ত সালামত রাখে হামেহাল ॥ হরবাতে রাখে খোদা করিয়া খোসাল * এহা বলে গিয়া মর্দ্দ আপনা ডেরায় ॥ ডাকিয়া সে তখনি সর্দ্দার সবা কায় * দিকে২ পাঠাইল জানিতে সন্ধান ॥ গিয়া সবে ঢুড়ে ফেরে জঙ্গল ময়দান * কেহ কিছু নাহিক পাইয়া সমাচার ॥ ফিরীয়া আইল সবে হইয়া লাচার * দেখিয়া গমগিন হৈয়া গেও পাহালওান ॥ রহে অপনাকে দেলে হয়ে পেরেসান * তার পরে নও রোজ হইল জখন ॥ বাদসার হুজুরে গেও জাইয়া তখন * কান্দিয়া২ কহে সোন নামদার ॥ নওরোজ হইল মুঝে কহ সমাচার * বেজন কি হালে আছে দেখিয়া কেতাব ॥ খুসি কর মোর তরে কহিয়া সেতাব* বেকারার দেখে সাহা গেওের লাগিয়া॥ জাম জাহা কেতাব লইল মাঙ্গাইয়া*দেখিতে লাগিল সাহা করিয়া নজর ॥ লেখা সাত ছেতারা সে কেতাব ভিতর*তারবিচে নেঘাও করিয়া ভালমতে সাত মুল্লকের পানে লাগিল দেখিতে*কোন দেশে বেজ্ঞ নের না মেলে সন্ধান ॥ বহুত দেখিয়া সাহা হৈল পেরেসান * আখেরে তুরান বাগে নেবাও করিয়া ॥ দেখিতে লাগিল সাহা মসগুল হইয়া * জত দেস ছিল তাবে তুরান সাহার ॥ একে২ তামাম দেখিয়া নামদার * গর্গছার মুল্লকেতে করিল নজর ॥ বড় এক কুণ্ডা আছে ময়দান উপর * বেজন সে কুণ্ডা বিচে আছে গেরেপ্তার ॥ হর হর মছিবতে হইয়া লাচার * আর এক কন্যা সেথা আছে কারানির ॥ হামেহাল দাসীমত হইয়া হাজির *এছাই দেখিয়া সাহা আনন্দ অন্তর ॥ গেওকে কহিল সোন নেহাত খবর * বেটা তেরা জিতা জানে আছেত এখন ॥ গর্গছার দেশ বিচে সোন বিবরন * ময়দানে কুণ্ডার বিচে খারাবি হালেতে ॥ কয়েদ হইয়া আছে লেখে কেতাবেতে * আন্দেসা না কর তুমি সোন প হালওান ॥ ছবুরি করিয়া কর খোদাকে ধিয়ান * এহা সুনে কহে গেও হুজুরে বাদসার ॥ আমাকে হুকুম তবে দেহ নামদার * গিয়া আমি কুণ্ডা হৈতে বেজনের তরে ॥ খালাছ করিয়া আনি আপনার জোরে * শুনে সাহা কায়খোছরু লাগিল কহিতে॥ তুমি না পারিবে তারে খালাছ করিতে * রোস্তম ছেওায় কেহ সেখানে জাইয়া ॥ নারিবে আনীতে তারে খালাছ করিয়া*সবা হৈতে জোরখুব রোস্তমের গায় ॥ একেলা যাইয়া সে আনিতে পারে তায় * এবে তুমি মেরা এক লেখন লইয়া ॥ জাহ রোস্তমের আগে সিস্তানে চলিয়া * তবে সে রোস্তম মর্দ্দ আসিয়া এখানে ॥ সহজে খালাছ করে আনিবে বেজনে একথা সুনিয়া গেও খোসাল হাজার ॥ রোস্তমের আগে জেতে হইল তৈয়ার* খছরু সাহা নামা লিখে দিল তার হাতে॥চলিল সে গেও মর্দ্দ রোস্তমে আনিতে*রাতদিন চলে রাহেনা করে আরাম॥নাহিখায় খানা পানি করিয়া মোকাম*কয়রোজে সিস্তানেতে জাইয়া পৌছিল॥বাদসার লিখন লিয়া রোস্তমেরে দিল * তার পরে জত কিছু দুক্ষের কাহিনী ॥ কহে রোস্তমের আগে করিয়া জবানী * মুখেতে বয়ান করে জায় সুনাইয়া ॥ শোকে দুনয়নে বারি চলিল বহিয়া * একে২ শুনাইল জত বিবরন ॥ সুনে দেলে দর্দ্দ পেয়ে রোস্তম তখন * কহিল গেওের তরে সোন নামদার ॥ আছিল এরাদা এয়ছা দেলেতে আমার * রহিব আপন দেশে করিয়া আরাম ॥ না জাইব কোনখানে ছাড়িয়া মোকাম * ওঠাইছি নানা রুপে দুক্ষ বেসুমার ॥ কোনখানে জেতে দেল নাহি চাহে আর * কি করি সুনীয়া এবে বেজনের হাল দেলে মেরা গম দুক্ষ হইল কামাল* বেজন আছিল মেরা বেটার সমান ॥ সুনে তার বিবরন বিদরে পরান * নাহবে কাতর তুমি সোন নামদার ॥ আলবত্তা জাইব আমি তল্লাসে তাহার * জে ছুরাতে পারি তারে খালাছ করিয়া ॥ আনিয়া তোমার আগে দিব পৌছাইয়া * নাকর আন্দেসা তুমি হইয়া কাতর রহ দেল খোসালিতে করিয়া ছবর * এহা বলে সারাব কাবাব মাঙ্গাইয়া ॥ করেন পিয়ালা বাজি খে

করিলে কোন কাজ ॥ বিনা মেঘে মেরা ছেরে গেরাইলি বাজ * হায় বাবা বেহালেতে রহিলি কোথায় তালাবুরা সমাচার কে কবে আমায় * কি হইবে কোথা জাব কে দিবে আনিয়া ॥ এইরুপে ছের পিটে বহুত কান্দিয়া * আখেরে বুঝিল এহা দেলের বিচেতে ॥ পড়িয়াছে হবে কোন দৈবি আফতে * গুর গিন তাহারে সেই আফতে ডালিয়া ॥ ঘোড়া লিয়া এখানেতে আইল ভাগিয়া * ঠীক না কহিল ডরে হুজুরে আমার ॥ দাগাদারি করিয়াছে এই দাগাদার * এহা বলে চাহে খঞ্জর হাতে লিয়া ॥ মারে গুর্গিনের তবে জোরেতে খেঁচিয়া*হেনকালে গোদর্জ্জ আসিয়া সেখানেতে ॥ কহিতে লাগিল এহা গেওের তরেতে*শোন বাবা বেটা তেরা জদি বেচেথাকে॥আল্লা চাহে কীকোনখানে পাইবে তাহাকে তখন জবানী তার সুনিয়া খবর ॥জুলুম করিও তুমি উহার উপর * আর জদি নাহি মেলে উদ্দেস তাহার ॥ করিবে যা চাহে তবে বাদসা নামদার * তুমি কেন খুন দায় লইবে গর্দ্দানে ॥ লিয়া এসে দাও এবে বাদসার সামনে * একথা সুনিয়া গেও দুক্ষিত হইয়া ॥ গুরগিনের তরে কহে গজব করিয়া * সুনরে কমিনা তুই কি কাম করিলি॥আমার ফরজন্দে লিয়া হারায়ে আইলি*জওানি কুওত মেরা করিলি বরবাদ ॥ পুত্রশোকে গেল মেরা দেলের আবাদ * কেমনে ধরিব প্রাণ বোধ নাহি মানে ॥ খাওাপেওা নিন্দ আদি গেল এত দিনে*কহিতেছ তুমি যোরে ফেরেবের বাত। ঠীক কহ নহে তুঝে করিবনিপাত এখনি লেজাব তুঝে বাদসার হুজুরে॥ এসকল হকিকত কহিয়া তাহারে*তলওার মারিয়া তেরাওড়াব গর্দ্দান ॥ মরিবি আমার হাতে সোনরে নাদান * এহা সুনেগুরগিন লাগিল কহিবারে ॥ জাহাজানি ঠীক আমি কয়েছি হুজুরে * এহাতে জদ্যপি কিছু দোস থাকে মোর ॥ মার তুমি মোর তরে নাহিক ওজর এহা সুনে গোস্বা হৈয়া গেও নামদার ॥ জোরেতে ছেরের বাল ধরিয়া তাহার * নানারুপে ফজিহত করিয়া বিস্তর ॥ দুই সও কোড়া মারে তাহার উপর * খাইয়া কোড়ার মার গুরগিন তখন ॥ ধমকেতে গিরিল হইয়া অচেতন * তাহাবাদে গেও ফের ধরিয়া তাহারে ॥ লিয়া গেল কায়খোছরু সাহার হুজুরে * দুনয়নে বহে বারি কাতর হইয়া ॥ কহিতে লাগিল বাত আরজ করিয়া * সোন সাহা জাহাপানা কহি জনাবেতে ॥ গায়েবি আফত মেরা আইল ছেরেতে * বেজন মারিতে গেল জঙ্গলি শুওর আপনি ওাকেফ আছ সে সব খবর * গুরগিন জে গিয়াছিল সঙ্গেতে তাহার ॥ কি করিল তাহারে না জানি সমাচার * ঘোড়া জোড়া লিয়া তার আসিয়া এখানে ॥ মক্কার করিয়া কহে আমার সামনে হরিণ ধরিতে সেহ ময়দানে জাইয়া ॥ গেছে সে ময়দান পরে গায়েব হইয়া * এছাই কহেত মুঝে এই দাগাদার ॥ বোধ নাহি মানে জিউ নাহয় কারার*ঘোড়া বিনে কিছুতার না মেলে নেসানি॥ বুঝিনু গুর গিন আইলকরিয়া সয়তানি*বেজনে নাদেখে মেরা কলেজাজলিয়া॥শোকেরআগুনে গেলকাবাবহইয়া হায়২ কে দিবে আনিয়া সমাচার॥নিবারন কর সাহা করিয়া বিচার * দাদ মেরা দেহ নহে তল্লাস করিয়া বেজনের তরে মুঝে দেহনা আনিয়া * একথা শুনিয়া সাহা খোছরু নামদার ॥ দেল বিচে পেরেসান হৈয়া আপনার*গুরগিনের তরে ফের লাগিল পুছিতে ॥ কহমর্দ্দ ঠীক বাত আমার আগেতে*গুরগিন সুনিয়া তবে আরজ করিয়া ॥ একে২ হুজুরেতে দিল সুনাইয়া * জেরুপে কহিয়াছিল গেওের হুজুরে সেইরুপে শুনাইল বাদসার খাতিরে * সুনে সাহা জাহাপানা না করে এতবার ॥ ফজিহত করে তারে হাজার২ * গোস্বা দেল হৈয়া অতি গজব করিয়া ॥ রাখে গুরগিনের তরে বন্দখানা দিয়া * তাহাবাদে নজ্জমেরে মাঙ্গাইয়া লিল ॥ রাম্মাল দেখিতে সাহা হুকুম করিল * ফরমাইল দেখ খুব করিয়া ধেয়ান ॥ কিহালে কোথায় আছে বেজন জওান * হুকুম পাইয়া সেই নজ্জম তখন ॥ রাম্মাল দেখিয়া কহে বাদসার কারন*তুরানে জাইয়া সে হইয়া গেরেপ্তার ॥ আছে কয়েদের বিচে সোন নামদার * এর ছেওা আর কিছু দেখিতে না পাই ॥ জানাইনু রাম্মালেতে দেখিনু জেয়ছাই * এছাই শুনিয়া সাহা নজ্জম হইতে॥গেওকে কহিল তুমি না ভাব দেলেতে*কেননা এখন তার করিয়া সন্ধান ॥ কোন রুপে মাঙ্গাইয়া লইব নিদান * হুনুর হেকমতে কিবা মহিম করিয়া ॥ জাতে পারি তাহাকে আনীব ছাড়াইয়া * মেলাইয়া দিব তেরা বেটার কারন ॥ একিন জানিও তুমি আমার বচন * গেও তবু দেলবীচে না হয় কারার ॥ কহে নজ্জমের বাত না হয় এতবার * তবে সাহা কায়খোছরু লাগিল কহিতে ॥ এত

জাহাপানা রাখ মেরা বাত ॥ বেটীর উপরে নাহি করিবে বেদাত* দেল হইতে আপনারঘুচাইয়াতাপ গুনা খাতা তাহার করিয়া দেহ মাফ * সোপারিস শুনে সাহা আপনা বিবির ॥না মারিয়া জান বকসি করিয়া বেটীর * ফরমাইল ঘর হইতে দেহ নেকালিয়া ॥ জিউ জেথা চাহে সেথা জাউক চলিয়া* এম্ব ছাই হুকুম হৈল বাদসার জখন ॥গিয়া কেহ গারসিওজে কহিল তখন*তবে সে কমিনা গিধি বাগানে জাইয়া ॥ মনিজা বিবিরে দিল বাহির করিয়া * কি করে মনিজা বিবি হইয়া লাচার ॥ রাতদিন দুক্ষমনে কান্দে জার২* আখেরেতে বেজনের দরদ ভাবিয়া ॥ রাতকালে রহে সে কুওার ধারে গিয়া * দিবসে সহরে গিয়া ভিক্ষা মেঙ্গে আনে ॥ জে কিছু পাইত তাহা না খাইত দিনে*রাত হৈলে আসিয়া সে কুওার কেনারে * আগে খোড়া খাওাইত বেজনের তরে* আছিল খোড়াছা ফাক কুওার মুখেতে॥খানা পানি দিত লিয়া সেই রাহা হইতে * খেলায়ে জা বাকি খানা থাকিত বাচিয়া ॥ আপনি খাইত তাহা ছবরি করিয়া * এইরূপে কতদিন দুক্ষেতে কাটায় ॥ কেহ না উদ্ধার করে আসিয়া সেথায় * এলাহি জাহারে ডালে দুক্ষের সাগরে ॥ তার তরে কেহ এছা উদ্ধারিতেনারে * খুন হৈতে বাচাইয়া লেছে সে জখন ॥ আলবত্তা সে উদ্ধারিয়া লইবে এখন* কেবুঝিতে পারে তার মক্করের বানি ॥ দেখ কেছা উদ্ধারিয়া লেয় সে আপনি* তাহার এসারা বিনে পাত্তা নাহি হেলে ॥ সব সে করিতে পারে অধিনেতে বলে *কিছু দিন রহবিবি করিয়া ছবর ॥ রোস্তম আসিবে হেথা পাইলে খবর *তবে সে খালাছপাবে বেজন মর্দ্দানা ॥ দুর হৈয়া জাবে দুক্ষ ঘুচিবে জন্ত্রনা *

পাহালওান গেও গুরগিনের জবানি বেজনের সমাচার পাইয়া পুত্র শোকে কাতর হইয়া কায়খোছরোর নিকটে আরজ করে ও কায় খোছরো রোস্তমকে মাঙ্গাইবার বয়ান *

পয়ার * এই হালে এখানেতে বেজন সদ্দার ॥ কয়েদ হইল জদি কুওার মাঝার* মনিজা সুন্দরি তাব করে নেঘাবানি ॥ ভিক্ষা মেঙ্গে রাতজোগে দেয় খানাপানি* একথা রহিল হেথাসোনবিবরন ॥ ঘোড়া জোড়া লিয়া হোথা গুরগিন তখন * খোছরুসাহা ছিল জেথা পওছিল আসিয়া॥খালি ঘোড়া দেখে গেও কাতর হইয়া * গুরগিনের তরে গিয়া পুছিল তরায় ॥ ঘোড়া লিয়া এলে তুমি বেজন কোথায় * গুরগিন গেয়ের তরে কহিল তখন ॥ আরমান মুল্লকে গিয়া পৌছিল জখন * সুখনা জঙ্গল এক দেখি চারিওর ॥ ছিল সে জঙ্গল বিচে বহুত সুওর * জওা মর্দ্দ করে মোরা দোহেতে মিলিয়া জঙ্গলী সুওর সব ডালিনু মারিয়া * তারপরে মিলে দোহে খুসি খোসালেতে * এখানেতে আসিবারে ফিরি সেথা হইতে* কতদুরে ময়দানেতে আইনু জখন ॥ দেখিতে পাইনু এক হরিন তখন * কি কব সে হরিনে ছুবত এছাই * সেমত হরিন না দেখিণু কোন ঠাই * বেজন সে হরিনেবে ধরিবে বলিয়া ॥ চলিল মর্দ্দানা হালে ঘোড়া ওঠাইয়া * কতদুরে গিয়া জবে নিকটে পওছিল ॥ ধরিতে তখন মর্দ্দ খাহেস করিল * না মারিয়া তেগ তির কামান্দ ডালিয়া ॥ চাহে তারে বেজখমে লেয় পাকড়িয়া এমন সময় সে হরিন সেথ হইতে ॥ ভেগে পালাইয়া জায় কুদিয়া জোরেতে* বেজন হাকিয়া ঘোড়া পিছে২ জায় ॥ ধরি২ করে না ধরিতে পারে তায় * কত দুর তক জবে গেল নামদার ॥ ময়দানেতে কুওা এক হইল আস্কার * হরিন গায়েব হইল নজর হইতে ॥ কোন রূপে আমি তারে না পাই দেখিতে * আখেরে জাইয়া সেথা ঢুড়িনু বিস্তর ॥ জঙ্গল ময়দানে আর পাহাড় উপর * ঘোড়া মেরা আজেজ হইয়া সে হালেতে॥ মুখে গেজা ভাঙ্গে আর না পারে চলিতে* কিকরি তখন আমি হইয়া লাচার ॥সেথা হইতে ঘোড়া ফেরাইনু আপনার * ধুওা অন্ধকারে ঢুড়ে আসি ঠাই২॥ কোন খানে বেজনের নেসানি না পাই* এক ঠাই এসে দেখি নেঘাও করিয়া খালিপিঠে ঘোড়া সেথা আছে দাড়াইয়া ঘোড়া দেখে দেল বিচে হইনু কাতর ॥ বেজন কি হইল তার না জানী খবর*তবু সেথা ঢুড়িয়া ফিরিনু কত ঠাই॥ কোনখানে জাব কিছু দিসা নাহি পাই * কি করি তখন আর রহিয়া সেখানে॥খালী ঘোড়া লিয়া ফিরে আইনু এখানে * কিজানি কোথায় গেল বেজন সদ্দার ॥এহা ছেওা ভালা বুরা নাহীজানি আর *একথা সুনিল জবে গেওপাহালওান॥কান্দিতে লাগিল মর্দ্দ হইয়া পেরেসান*কহে হায়বেজন

মর্দ্দানা ॥ আমার তকদিরে ইহা আছিল ঘটনা * বেওফা তকদির মেরা না কৈল ওফাই ॥ দাগাদিয়া মোর তরে তোমার জামাই * নানাবাতে ভুলায়ে করিল গেরেপ্তার ॥ নহে মুঝে ধরে এছা সাদ্ধ ছিল কার * এখন জদ্যপি আমি ঘোড়া জোড়া পাই ॥ জাইয়া ময়দান পরে তামাসা দেখাই * মোকাবেলা দেহ মেরা হাজার সওার ॥ একেলা মারিয়া সবে করি ছারখার * জদি মেরা হাতে বেচে আইসে এক জন ॥ তবে না কাহিও মুঝে ইরানী বেজন * আফরাসিয়াব সাহা এ কথা শুনিয়া ॥ গোশ্বাতে আগুন হেন উঠিল জলিয়া *তখন সে গারসিওজে ডেকে ইহা বলে ॥ লিয়া এছে ময়দানেতে মার তেগতলে দের নাহি কর তুমি দুস্মনে মারিতে ॥ সেতাবী করিয়া লিয়া জাহ ময়দানেতে * গারসিওজ পেয়ে এয়ছা হুকুম বাদসার ॥ বেজনে লইয়া গেল ময়দান মাঝার * সুনে সহরের লোক তামাসা দেখিতে ধাওাধাই করে আইসে চারিদিক হৈতে * বেজন তখন দেলে ভাবিয়া অসার ॥ কহে হায় মারা জাব মেরা নাহি আর * ভাই বন্ধু বেরাদর কেহ হেথা নাই ॥ কেবল ভরসা মেরা আল্লা পাক সাই * ইহা বলে কান্দিয়া২ পাহালওান ॥ দুক্ষমনে পেরেসান আল্লাকে মানান * এলাহী সে দোওা তার কবুল করিয়া ॥ দেখহ মদত কেছা দেন পাঠাইয়া * কোনকামে বেছামর্দ্দ আসিয়া ময়দানে ॥ দেখিয়া লোকের ভিড় আইল সেখানে * পুছিল তা সবাকারে কহ সমাচার ॥ কি কারনে এত লোক ময়দান মাঝার তারা সবে বেজনের জত বিবরন ॥ একে২ শুনাইল বেছার কারন * সুনে বেছা গারসীওজে কহিল এছাই ॥ না মার ইহাকে থোড়া দের কর ভাই * একবার গিয়া আমি হুজুরে বাদসার ॥ আসিয়া কহিব ভালাবুরা সমাচার* তবে জা হুকুম দিবে বাদসা জাহাপানা ॥ করিবে সে কাম তাতে নাহি আছে মানা ইহা বলে বেছা মর্দ্দ সেখানে থাকিয়া ॥ সেতাবী বাদসার আগে পওছিল জাইয়া * ছালাম তছলিম কৈল আদবের সাতে ॥ খুসি হৈয়া বাদসা তবে কহিল বসিতে*নাহিক বসিল বেছা দেখে জাহাগির ॥ হাসিয়া২ কহে হেলাইয়া ছির*কহে কি মতলব আছে দেলেতে তোমার ॥ নাহি বৈস কি কারনে শুনি সমাচার * মালমাত্তা চাহ কিবা চাহ হাতি ঘোড়া ॥ জাহা চাহ কহ মুঝে দিব থাড়া২ * বাদসার নরম দেল দেখে এ প্রকার॥কহিতে লাগিল তবে বেছা নামদার* আগে আমি কয় দফা হুজুরের তরে॥ নছিহত করে ছিনু অনেক প্রকারে*আপে সেই নাছিহত না সুনিলে জবে॥ সেকাম হইতে হাত ওঠায়েছি তবে*কিন্তু ফের কহি এবেসোন জাহাগীর॥ সিয়াওসের গম তুমি করকি খাতির * নাহক আফতবালা ছেরে আপনার॥ কি কারনে আন ফের কহ নামদার * ছিয়াওসে মারিলে না সুনিলে মানাই॥তার দায় দেখ কত ঘটীল বালাই*এবে ফের বেজনের কহিলে মারিতে ॥ ভালাবুরা কিছুই না বুঝিলে দেলেতে সুনিয়া জওাব দিল বাদসা নামদার ॥ বেজনে না মারি জদি তা হৈলে আমার*কলঙ্ক বদনাম হবেআলম জুড়িয়া॥ দিছিএহুকুমতাই লাচার হইয়া*এবাতসুনিয়া বেছা কহে হুজুরেতে॥বাজরহ জাহাপানা একাম হইতে*আমার আরজএই সোন দেল দিয়া॥রাখ তারে কারাগারে কয়েদ করিয়া*মারিলে তাহার তরেঘটিবে বালাই ॥ আসিবে ইরান ফের কারতে লড়াই *একথা শুনিয়া সাহা ভাবিয়া গুনিয়া॥জুলুম হইতে হাত লিল ওঠাইয়া *সেতাবা ময়দানে লোক ভেজিল তখন॥কহিল দামাদে মেরা কহগে এখন*নাহি মেরে বেজনেরে ময়দান পরেতে॥কুওা বিচে বন্দ রাখ খারাবির সাতে*আর যে এক ওানদেওময়দান উপর ॥ ফেকোছল বড় এক বিসম পাথর* লিয়া সে পাথর দেয় কুওার মুখেতে॥ দের নাহি করে জেন একাম কারতে * তাহাবাদে লেজাইয়া মনিজার তরে ॥ মেরে ডাল তেগ তলে জঙ্গল মাঝারে * এছাই হুকুম সাহা করিল জখন ॥ গিয়া সেই গারসিওজ কহিল তখন * বাদসার হুকুমে সেকমীনা দুরাচার ॥ বেজনে করিল বন্ধ কুওার মাঝার * আর সে পাথর লয়ে ময়দান হইতে ॥ চাপাইয়া দিল গিধি কুওার মুখেতে* তার পরে চাহে কি সে মনিজারে লিয়া ॥ জাইয়া জঙ্গল বিচে দেয় গেরাইয়া * সেসমে আসিয়া কেহ কহিল খবর ॥ নাহি মার মনীজারে করহ ছবর* কেননা হুকুম জবে হইল বাদসার ॥ মার লিয়া মনিজাকে জঙ্গল মাঝার* কেহ সে খবর লিয়া মহলে জানায় ॥ আছিলেন মনিজার মাতারি জেথায় * শুনে সে বেটীর শোকে হয়ে জারে জার ॥ আসিয়া আরজ করে হুজুরে বাদসার * সোনসাহা

লড়িতে আইল মর্দ্দ করে বড় সোর * তবে এহা দেলেতে করিল অনুমান ॥ জানা গেল এই মর্দ্দ বড়া পাহালওান * লড়িয়া এহার সাতে না দেখি ভালাই ॥ নাহক কাটাব কেন লস্কর ছেফাই * কোনরূপে হেকমত করিয়া এর তরে ॥ লেজাব কয়েদ করে বাদসার হুজুরে * এহা ভেবে বেজনে সে লাগিল কহিতে কহ মর্দ্দ কেন তুমি আইলে লড়িতে * আমি না আইনু হেথা করিতে লড়াই ॥ পরিচয় লইতে আইনু তেরা ঠাই * কার বেটা কোথা ঘর কি নাম তোমার ॥ পরিচয় মুঝে তুমি দেহ আপনার * আলাপন দিয়া সাতে চলহ এখন ॥ ডেকেছে তুরান সাহা তোমার কারন * সুনিয়া বেজন এহা লাগিল কহিতে গেয়ের ফরজন্দ আমি ঘর ইরানেতে * দাদা মেরা পাহালওান গোদর্জ্জ সরদার ॥ বেজন বলিয়া নাম জানিবে আমার * জদি তুমি লড়িবারে চাহ মেরা সাতে ॥ আইস দোহে লড়ি তবে মর্দ্দমি হালেতে আর জদি নাহি চাহ করিতে লড়াই ॥ চাহ মেরা করিবারে নেকুই ভালাই * তবে তুমি বেল হৈতে ঘুচাইয়া বদি ॥ ছাফ দেলে এছাই কারার কর জদি * আফরাসিয়াব সাহা আমার উপরে ॥ কোন রূপে কোনবাতে জুলুম না করে * তবে আমি জাইয়া যে সঙ্গেতে তোমার ॥ খুসিতে হাজির হব হুজুরে বাদসার * এহা সুনে গারসিওজ খুসি বাগে২ ॥ কছম একবার করে বেজনের আগে * নানা বাতে ভুলাইল করিয়া মকর ॥ হাত হৈতে তাহার জে লইল খঞ্জর * খালি হাত হৈল জদি বেজন সর্দ্দার ॥ তখন সে গারসিওজ কমিনা গাওার * কওল কারার সব খেলাফ করিয়া ॥ বেজনের তরে জোরে ধরিল আসিয়া * গেরেপ্তার করিয়া জে খারাবি হালেতে ॥ লিয়া চলে খুসি দেলে বাদসার আগেতে * তবে সে বেজন মর্দ্দ কহিল তাহায় ॥ কওল কারার তেরা রহিল কোথায় * গারসিওজ কহে চোর না জান দেলেতে ॥ কওল কারার মেরা কিবা তেরা সাতে * ধরিতে চোরের তরে কারার কিসের ॥ কোন এক বাহানেতে করা চাই জের * শুনিয়া বেজন তাতে আফছোছ করিয়া ॥ কহে হায় দাগাবাজ দাগাতে ডালিয়া হাত হৈতে খঞ্জর জে লইয়া আমার ॥ কাবু পেয়ে আখেরে করিল গেরেপ্তার * নছিব হইল বুরা বিধী হয় বাম ॥ হুনুর হেকমত কিছু না আইসে কাম * এই রূপে দেলে২ আফছোছ করিয়া ॥ আল্লাকে ইয়াদ করে কাতর হইয়া * হেনকালে গারসিওজ কমিনা গাওার ॥ দাখেল করিল গিয়া হুজুরে বাদসার * দেখে সাহা বেজনেরে উঠিল জলিয়া ॥ কহিতে লাগিল এহা গজব করিয়া * কহ তুমি কি জোরেতে আসিয়া তুরানে ॥ কারবাতে গেলে তুমি বেটীর মকানে * ডর ভয় কিছু না হইল তেরা দেলে ॥ আমার গজব না সুনিলী কোনকালে * এহা সুনে কহে তবে বেজন সর্দ্দার ॥ সোন সাহা জাহাপানা আরজ আমার * আইনু আরমান দেশে বান্ধিয়া কোমর ॥ মারিবার কারনেতে জঙ্গলি শুওর * মেরে জে সুওর সব বাদেতে তাহার ॥ খুসিতে ময়দানে ফিরি করিয়া সেকার * ছাড়িয়া বহুরি বাজ পাখির উপর উড়িল সে বাজ মেরা নাহয় নজর * ঘোড়া ওঠাইয় তার পিছে২ জাই ॥ কতদুর আইনু তবু খুজিয়া না পাই * আখেরে না পেয়ে তারে পেরেসান হালে ॥ আসিয়া সুইনু এক দরক্তের তলে * হেনকালে পরি এক আসিয়া সেথায় ॥ হাওা ভরে ওঠাইয়া লিয়া মুঝে জায় * কতদুরে গিয়া দেখি করিয়া নজর তুরানি লস্কর সেথা রয়েছে বিস্তর * আম্বারি আছিল এক তার দরমিয়ানে ॥ লিয়া গেল মুঝে সেই আম্বারি জেখানে * তাবাদে সে পরি ফের গজব করিয়া ॥ আম্বারি ভিতরে মুঝে বসাইল লিয়া * তবে সে আম্বারি বিচে দেখিবারে পাই ॥ নবিন কুমারী এক রয়েছে এছাই * তাহাবাদে জাদু পোড়ে কুফিল সে পরি ॥ জাদু জোরে হাতে মোর ধরে সে কুমারী * লিয়া গেল মহল ভিতরে আপনার ॥ এহাতে তকছির কিছু নাহিক আমার * আর জে তোমার বেটি নাহি তার দোস ॥ সেহ ভি জাদুর জোরে হইল বেহুস * এনছাফ করিয়া দেলে বুঝ নামদার ॥ এ আফতে মোরে জে করিল গেরেপ্তার * কোন রূপে পরি না আছিল সেই জনা ॥ বদবক্ত আছিল সে কাজে গেল জানা * এহা শুনে কহে আফরাছিয়াব তখন ॥ সোনরে ইরানী কাহ তোমার কারন * তুমিত সে গোর্জ্জ লিয়া চড়িয়া ঘোড়াতে ॥ হাকিয়া ফিরীতে জোরে ময়দান বিচেতে * আজ কেন হাত বান্দা বেহালে এমন ॥ আজিজীতে কহ বাত দেওানা মতন * এই বাত ছাচ্ছা তেরা নহে কোনমতে ॥ এবে তুমি বেচে কোথা যাবে মেরা হাতে কাবুতলে পাইয়াছি না দিব ছাড়িয়া ॥ মারিয়া ডালীব তুঝে সুলে চড়াইয়া * শুনিয়া জওাব দিল বেজন

দুক্ষ প্রাননাথ না করিবে মনে ॥ দাসি হৈয়া আছি সদা তোমার চরনে * প্রানপনে সেবিব বাচিব যত দিন ॥ হইয়া রহিব নাথ তোমার অধিন * এতখেদ কি কারনে কর প্রানপ্রিয়া ॥ সুনিয়া তোমার খেদ বিদরিল হিয়া * বাপ মেরা জদি তুঝে কোন দুক্ষে ডালে ॥ তবে তেরা আগে জান দিব সেইকালে * মধুপান কর তুমি হৈয়া খুসি মন ॥ ডর ভয় কার হেথা নাহিক এখন* এহা বলে মিলে দোহে খোসাল খাতিরে ॥ হামেশা ডুবিয়া রহে প্রেমের সাগরে* রঙ্গ রসে রহে দোহে খোসালিত মনে ॥ দাসি বান্দি কেহ এ খবর নাহি জানে * বেজনের তরে বিবী নেরালা রাখিয়া ॥ হামেহাল রহে তার প্রেমেমত্ত হৈয়া এইরুপে কিছু দিন খুসিতে গোজারে॥ ভালা বুরা কেহ কিছু জানিতে না পারে* আখেরে নাছব টেড়া হইয়া আসিল ॥ পুসিদা আছিল কথা জাহের হইল * ঢাকা কথা চিরদিন কত থাকে আর ॥ কানা কানি জনে২ হইল প্রচার * তখন দরওান জে ছিল দুওারেতে ॥ দেলে ডরাইয়া সেহ লাগিল ভাবিতে * কহে জদি আফরাসিয়াব এহা সুনে ॥ মারিয়া ডালিবে সেহ আমার কারনে * নাহক এ কথা কেন রাখি ছাপাইয়া ॥ জান জাবে কেন মিছে পরের লাগিয়া * এহা ভেবে দেল বিচে দরওান গাওার আরজ করিল গিয়া হুজুরে বাদসার * শুন সাহা নামদার ছিলে মানে২ ॥সরম ভরম সব গেল এতদিনে বাগানেতে বেটি তেরা মনিজা নামেতে ॥ নিডর হইয়া বিবী দেলের বিচেতে * খুসি করে লিয়া এক ইরানি জওানে ॥ নাহি জানি ছাপায়ে রেখেছে কোনখানে * নেহাত জানিয়া আমি এই সমাচার ॥ আরজ করিনু এসে হুজুরে তোমার* একথা সুনিয়া সাহা গোস্বা দেল হৈয়া ॥ আগুন সমান হয়েউঠিল জ্বলিয়া * সর্দ্দার সবার তরে মাঙ্গাইয়া বলে ॥ এহার মছলত মুঝে কহনা সকলে * সুনে তারা সবে মিলে কহিল এছাই ॥ সোনা কথা এতবার করা নাহি চাই * কোন লোক তরে সেথা দেহ পাঠাইয়া গিয়া সে তহকিক করে আশুক দেখিয়া * জদি কোন অন্য লোক থাকে তার ঘরে ॥ বুঝিয়া করিবে কাম জে আইসে খাতেরে * মার কি কয়েদ রাখ দেল চাহে জাতে ॥ সাজার লায়েক সেহ হইবে তাহাতে * আফরাছিয়াব এছা সুনিয়া তখন ॥ মাঙ্গাইয়া গারসিওজে কহে এ বচন * লোক জন লিয়া তুমি বাগানে জাইয়া ॥ মনিজা বিবীর ঘর ঘেরাও করিয়া * তহকিক করিয়া দেখ জদি কেহ থাকে ॥ জিঞ্জির করিয়া হেথা ধরে আন তাকে*গারসিওজ বাদসার হুকুম এছা পেয়ে॥ বাগানেতে গেল গিধি লোক জন লিয়ে*বিবীর মহল ছারা ঘেরাও করিয়া ॥ ভাবে মনে ভিতরেতে জাইবে বলিয়া * দুওারে কপাট ছিল না পারে জাইতে॥ আখেরে দরওাজা তুড়ে গেল ভিতরেতে * চড়িয়া কোঠার পরে চারি দিকে চায় ॥ কোন খানে কার তরে দেখিতে না পায় * ঢুড়িতে২ গিয়া খাস মহলেতে ॥ বেজনের তরে সেথা পাইল দেখিতে * দেখিল মনিজা আর বেজন মর্দ্দানা ॥ একসাতে রসরঙ্গে বসে দুই জনা তিন সও দাসী ছিল জেন আর পরী ॥ চারিদিকে দাড়াইয়া আছে সারি২ * কেহ বা সারাব জাম দিতেছে ঢালিয়া ॥ কেহবা বাতাস করে পাখা হাতে লিয়া*কেহ বা বাজায় আর কেহ গায় গীত ॥ এই রূপে আছে সবে হয়ে আনন্দিত * দেখে গারসিওজ কহে হাকিয়াতখন॥ কহমর্দ্দ কেবা তুমি হেথা কি কারন*তুরান সাহার এই বাগিচা মাকান ॥ তুমি কোন কামে তার আইলে জওান * বেজন একথা তার শুনিল জখন ॥ আফছোছ করিয়া দেলে কহে এ বচন* হায় মেরা ঘোড়া জোড়া কিছু হেথা নাই কিসে দুসমনের সাতে করিব লড়াই* নছিব হইল বুরা প্রকাশিল পাপ ॥ বুঝি এবে মারা যাব নাহইবে মাফ * ভাই বন্ধু কেহ মেরা নাহিক হেথায় ॥ আসিয়া মদত জে করিবে এ সময় * আল্লা বিনে নাহি হেথা ভরসা আমার ॥ রাখা মারা সকলি তাহার এক্তেয়ার * এহা বলে এলাহীকে ইয়াদ করিয়া ॥ মোজাতে খঞ্জর ছিল লিল নেকালিয়া*কহিল তখন বিবী মনিজার তরে ॥ সোন বিবী এবে আমি যাইয়া বাহিরে ও মহিম করিব গিয়া দুসমনের সাতে ॥ আল্লা জারে জস দিবে পাইবে সে ফতে * নহেত জাইব মারা না দেখি ভালাই ॥ আইল দুসমন হেথা করিতে লড়াই * সুনিয়া মনিজা বিবী কান্দে উভরায় ॥ কহে নাথ আগে তুমি মারহ আমায় * তাহাবাদে মহিমেতে জাও প্রানপ্রিয়া ॥ তোমা বিনেরব আমি কেমনে বাচিয়া* সুনিয়া বেজন মর্দ্দ বিবীর কারনে॥নানারুপে বুঝাইয়া মধুর বচনে* খঞ্জর লইয়া আইল বাহিরে কুদিয়া॥চাহে কি দুসমনে মারে জোরেতে খেচিয়া* গারসিওজ দেখে জদি লইয়া খঞ্জর

ওহার ঘর নছলে কায়ানি * গেয়ের ফরজন্দ মর্দ্দ রাখে খুব জোর ॥ জঙ্গলে আসিয়াছিল মারিতে শুওর * সুনিয়া তোমার কথা আসিয়া হেথায় ॥ বেকারার আছে মদ্দ দেখিতে তোমায় * এক বার চাহে সে আসিয়া নিকটেতে ॥ মোলাকাত করিবারে তোমার সহিতে * সুনিয়া মনিজা বিবি কহে সে দাসিরে ॥ জাহ তারে আন ডেকে আমার হুজুরে * হুকুম পাইয়া তবে গিয়া সেই দাসি ॥ বেজনের হুজুরেতে কহে হাসি২ * শুন পাহালওান কহি তোমার কারন ॥ তলব করেছে বিবি চলত এখন * এহা শুনে খুসি হৈল বেজন সরদার ॥ জাইতে বাগান বিচে হইল তৈয়ার * তখন কহিল মর্দ্দ গুরগিনের তরে ॥ আইস দোহে জাই এবে বাগান ভিতরে * গুরগিন কহিল তুমি জাহ বাগানেতে ॥ আমি তেরা নেঘাবানি করি এখানেতে * এহা বলে বেজনেরে দিল পাঠাইয়া ॥ রহিল গুরগিন তার ঘোড়া আগুলিয়া * কিন্তু সে গুরাগন ছিল জুদ্ধের সাগর ॥ রাখিত সে হিংসাবাদ দেলের ভিতর * একারনে বাগানে না গিয়া তার সাতে ॥ ঘোড়া লিয়া রহে তারে দাগাবাজি দিতে * একিন সে জেনে ছিল দেলেতে এমন ॥ বাগানে জাইয়া বন্দ হইবে বেজন * ইহা ভেবে কিছুক্ষন রহে সেখানেতে ॥ বেজনের দেরি জবে দেখিল আসিতে * তবে সেহ দেলেতে বুঝিল আপনার ॥ বেজন হইল বন্দ বাগান মাঝার * এই ভেবে বেজনের ঘোড়া জোড়া লিয়া ॥ দাগা দিয়া সেথা হৈতে আইল চলিয়া * কায় খছরু সাহা জেথা আছিল তুরানে ॥ আসিয়া হাজির হইল তাহার ছামনে * এইরুপে গুরগিন আইল হেথা চলে ॥ বেজন কি করে হোথা সুনহ সকলে * দাসির সঙ্গেতে মর্দ্দ গিয়া খোসালেতে ॥ পঙছিল জাইয়া মদ্দ বিবির ঘরেতে * দেখে তবে শয্যাগত হইয়া সুন্দরি ॥ নেরালা ঘরের বিচে গেল ধিরি২ * সখীরা সকলে তার আসয় পাইয়া ॥ গেল সে কামরার বিচে বেজনে লইয়া * বসায় পালঙ্গ পরে সখিরা তখন ॥ বাহিরেতে চলিয়া আইল জনে জন * তখন বেজন কহে বিবির তরেতে ॥ আইনু মেহমান আমি তোমার ঘরেতে * বহুদিন ভুকা আছি সোন বীবি জান ॥ আছুদা করহ মুঝে জানিয়া মেহমান * একথা শুনিয়া বিবি মুচকিয়া হেসে ॥ আসিয়া বসিল তবে বেজনের পাসে * রঙ্গরসে কহে কথা সুন্দরি তখন ॥ সুনে বেজনের মন হইল উচাটন * সহিতে না পারে মর্দ্দ বিরহ জাতনা ॥ বিবিকে কহিল মোর পুরাও বাসনা * শুনে বিবি মত্ত হৈয়া প্রেমের অনলে ॥ কহে আসা কর পুন্যমন কুতুহলে * কিন্তু মোর সাতে তুমি করনা করার ॥ কারারে খেলাফ কর হবে গুনাগার * জত দিন দুনিয়াতে বাচিয়া রহিব ॥ বিধির ঘটনা এই কেহু না ছাড়িব * আজ হইতে একিন করিয়া আমি মনে রহিলাম দাসী হৈয়া তোমার চরনে * জান জদি জায় মোর সেহভি শিকার ॥ তোমা বিনে অন্য মন না করিব আর * বেজন এ কথা শুনে কারার করিয়া ॥ মত্ত হৈল রঙ্গরসে আমদে মাতিয়া * হাসি খেলি কৌতুকেতে মাতিয়া দুজন ॥ জলন্ত প্রেমের আগ কৈল নিবারন * তার পরে মিলে দোহে খুসি হৈয়া মনে ॥ আমদে বসিল এসে লিয়া দাসিগনে * সারাব কাবাব আদি নিল মাঙ্গাইয়া ॥ রাত দিন খায় সবে খোসাল হইয়া * এইরুপে তিন দিন রহে খুসি মনে ॥ হাস্য পরিহাস্য কথা কহে দুই জনে * চৌঠা রোজেতে মর্দ্দ নেসার খেয়ালে ॥ অচেতন হইয়া রহে বেহুস বেহালে * তখন মনিজা বিবি ভাবে এ প্রকার ॥ নেসা ছুটে গেলে জদি এ নব কুওার * আমার বাপের ডরে এখানে থাকিয়া ॥ কোনরুপে মোর তরে জায় ফাকি দিয়া * তবেত বিসম শোক হইবে আমার ॥ প্রিয়া বিনে উঠাইব কত দুক্ষ ভার * এয়ছাই ভাবিয়া বিবি দেলের বিচেতে ॥ লিয়া বেজনেরে বন্দ কৈল নিরালাতে * চেতন পাইয়া জবে বেজন মর্দ্দানা ॥ অবাক হইল দেখে বিবির কারখানা * দাসি বান্দি আর সেহ বিবি জে আছিল ॥ কার তরে জদি সেথা নাহিক দেখিল * তবে এহা দেল বিচে ভাবা গোনা করে ॥ বিবি মোরে বন্দ কৈল এনে কারাগারে * এহা ভেবে কেন্দে কহে ওঠাইয়া হাত ॥ বাচাইয়া লেহ মুঝে আপে পাকজাত * জাহের বাতুন তুঝে ছাপা কিছু নাই ॥ গুরগিন এস্কের জাদু ফুকিয়া এছাই * বদ রাহে আনে মোরে হইয়া রাহাদার ॥ এস্কের জোসেতে হুস নাছিল আমার * দাগা দিয়া আনিয়াসে আমার কারনে ॥ কয়েদ করিল এবে বিবির মকানে * এইরুপে ভাবা গোনা করে আহাজারী ॥ সুনিতে পাইয়া তাহা মনিজা সুন্দরি * তরায় করিয়া গিয়া খুলিয়া দুয়ার ॥ কহিল কি ভাবাগুনা করহ কুওার * কোন

দেখে সে ঘরের খুবি আক্কেল হয়রাম ॥ কারিগরী কিবা তার করিব বয়ান* দেখিলে আপন চক্ষে সে সব বাহার ॥ তবে তেরা দেল বিচে হইবে এতবার* আর সেই ঘরে থাকে বাদসার কুমারি ॥ জাহার রূপের কথা কহিতে না পারি * ঠোট জেন রাঙ্গা জবা নাক জেন বাশী ॥ মৃগ আখি জোড়া ভুরু মুখ জেন শশী * উঠেছে কমল কলি দিয়াছে বাহার ॥ বয়স বচ্ছ২ সোল হইবে তাহার *হাসি মুখে মধু বানী কহে সে জখন ॥ দেখিয়া আবেশে মন হয় উচাটন * আফরাছিয়াব সেই বেটীর লাগিয়া ॥ হামেসা পালন করে খোসাল হইয়া * সাদী বেহা কোনখানে না দিয়াছে তার ॥ কুমারি সে আছে আমি জানি সমাচার*হামেসা বসন্তকালে দাসীগণে লিয়া ॥ ছায়ের করিয়া ফেরে ময়দানে আসিয়া * মনিজা বলিয়া নাম সেইত বিবির ॥ আমি খুব জানি সেই বিবীর খাতির * এহা শুনে সেথাকার লোক সকলেতে ॥ বেজনের তরে এহা লাগিল কহিতে * গুরগিন কহিল জাহা ঠিক এই বানী ॥ মনিজা সুন্দরী বটে রূপের কামিনী * দাসিগনে লিয়া এবে ময়দানে আসিয়া ॥ আছে সে বাগান বিচে খোসাল হইয়া হামেসা বাহরে আসে মনের কৌতুকে ॥ বাগানে তামাসা দেখে ফেরে চারিদিকে * এইরূপে জনে২ কহিল জখন ॥ বেজন দেখিতে তবে বিবীর কারন * গুরগিনে লইয়া সাতে চলিল ময়দানে ॥ জাইয়া পঔছিল সেই বাগান জেখানে*দেখিয়া বাগান আর ঘরের বাহার॥ দেলের বিচেতে খুসি হইয়া হাজার ছায়ের করিয়া ফেরে চারি তরফেতে ॥ হেনকালে আচানক পাইল দেখিতে * সোনার বিছওানা বিছাইয়া গাছ তলে ॥ রয়েছে মনিজা বিবী বসিয়া খোসালে* দাসিগণে ঘিরিয়া রয়েছে গাছ তলে॥ বাগান হৈয়াছে আল বিবির ছুরাতে*সরাব কাবাব খায়আমদে মাতিয়া॥কেহ নাচে কেহগায় হাতেতালিদিয়া দেখিয়া বেজন মর্দ্দ হইল অস্থির ॥ লাগিল কলেজা বিচে আসকেরতীর*বিবীকে দেখিয়া মর্দ্দ আসিতে না পারে ॥ আখেরে বিবীর পানে চলে ধীরে২ * দরওাজা আছিল বন্ধ না পারে জাইতে ॥ নিকটে যাইয়া খাড়া রহে বাহিরেতে * কতক্ষন বাদে বিবী দেখে তাকাইয়া ॥ নবিন জওান এক আছে দাড়াইয়া * দেখে কুমারের তরে বিবী সে তখন ॥ আসকে মাতিয়া হৈল মন উচাটন * কিন্তু কেহ কারে কিছু না পারে কহিতে ॥ বন্দি হৈল প্রেম ফাসে আখি এসারাতে * কেহ কারে ছাড়িয়া জাইতে নাহি পারে ॥ মস্ত হৈয়া রহে দোহে প্রেমের সাগরে * কি রূপে মিলন হবে ভাবে মনে মন ॥ দুই ঠাই ভাবা গোনা করে দুইজন * মনিজা সুন্দরী ফের ভাবে এ প্রকার ॥ আফরাছিয়াব সাহা বাপ জে আমার * তাহার ডরেতে এই বাগানের বিচে ॥ আসিবার সাদ্ধ নাহি আর কার আছে * বড়ই তাজ্জব কথা এ নব কুমার * আইল এখানে ডর না করিল কার ॥ কি নাম কাহার বেটা আইল কোথা হৈতে ভালা বুরা আগে তাহা হইল জানিতে *তাহাবাদে জাহাউক হইবে আখেরে ॥ মনমত হয় জদি ভজিব ওহারে * এহা ভেবে দাসিগণে কহিল তখন ॥ সেতাবি তোমরা এবে গিয়া এক জন * জিজ্ঞসাসিয়া আইস ঐ বিদেশি কুমারে ॥ কোথা হৈতে আইল হেথা কিসের খাতেরে*কোন জাতি কার বেটা আর কিবা নাম ॥ দাড়ায়ে কিসের তরে এখানে কি কাম * একথা সুনিয়া দাসি বাগান হইতে ॥ এসে বেজনের তরে লাগিল পুছিতে*কি কামে আইলে হেথাকহ নামদার॥কার বেটা কোথা ঘর কিনাম তোমার সুনে সে দাসীর তরে কহে পাহালওান ॥ একে২ আপনার করিয়া বয়ান * কায়ানি আওলাদ ঘর ইরানে আমার ॥ বাপ মেরা পাহালওান গেও নামদার*পাহালওান বেজন বলিয়া মোর নাম ॥ হামেসা করিয়া ফিরি মহিমের কাম * মারিতে জঙ্গলি বরা আইনু হেথায় ॥ নানারূপে মারিয়া ডালিনু তাসবায় * তাহাবাদে লোক মুখে সুনিনু খবর ॥ বিবী এক আছে এই বাগান ভিতর * মনিজা নামেতে বিবী বড়ই সুন্দরি ॥ সাদি বেহা না হইল আছে সে কুমারী * একারনে দেলে সাধ হইল আমার দেখিতে আইনু হেথা বিবীকে তোমার * এহা বলে অঙ্গুরি খুলিয়া হাত হৈতে ॥ দিয়া সে দাসীর তরে লাগিল কহিতে * কোনরূপে তুমি এবে তদবির করিয়া ॥ মনিজা বিবীর আগে জাবে মুঝে লিয়া ফের আমি এহা ছেওা দিব তুঝে মাল ॥ নানারূপে হরবাক্তে করিব খোসাল * এ কথা সুনিয়া দাসি বাগানে জাইয়া ॥ বিবীর হুজুরে কহে বয়ান করিয়া * সুনগো মনিজা বিবী কহি তুঝে বানি ॥ ইরানে

আগু বাড়াইয়া সাহা আইল রাখিয়া * রোস্তম হইয়া খুসি লিয়া লোক জন ॥ রওানা হইয়া আসে ঘরেতে আপন * রহিল তুরান দেশে খছরু নামদার ॥ আলাও লস্কর সাতে লিয়া আপনার * মহাম্মদ খাতের কহে কেতাবের বানী ॥ সোন এক কহি ফের আজব কাহিনি *

বেজন পাহালওান আরমান মুল্লকে জাইয়া জঙ্গলি সুওরের সাতে লড়াই করিয়া ফতে পাইয়া আফরাসিয়াবের বেটি বিবী মনিজার উপর আসক হইয়া আফরাসিয়াবের হাতে গেরেপ্তার হইয়া কুওাতে কয়েদ হইবার বয়ান *

বিদায় হইয়া জদি রোস্তম সরদার ॥ লোক জন লিয়া সাতে আইল আপনার * ..র খোছরু সাহা লিয়া লস্কর ছেফাই ॥ রহেন তুরান দেশে গম কিছু নাই * আদল এনছাফ করে তামাম দেশের লিয়াছিল জে সকল দেশ তুরানের * এই রূপে কত দিন জায় খোসালিতে ॥ এক রোজ আরমানি আসিয়া সকলেতে * আরজ করিয়া কহে খোছরুকে এছাই ॥ সোন বাদসা নামদার জিউ আম্মা পাই * আরমান দেশের পরে মোদের বসতি ॥ এবে আমাদের পরে ঘটেছে দুগতি * নাহি জানি কোথা হৈতে আসিয়া শুওর ॥ জুলুম জে করিতেছে মোদের উপর * গাছ পালা খোত আদি জা ছিল জাহার ॥ কিছু না রাখিল সব কৈল ছার খার * ঝাকে২ লাকে২ আসে জে সমায় ॥ মেরে ডালে লোক জন জারে জেথা পায় * বেচা কেনা কাজ কাম ডরে তা সবার ॥ না পারি করিতে মোরা হইয়া কারার * জুলুমে পড়িয়া এবে আইনু হুজুরে ॥ মেহের করিবে আমা সবাকার পরে * একথা সুনিয়া সাহা তাজ্জব হইয়া ॥ সর্দ্দার সবার পানে চান তাকাইয়া * আছিল গেয়ের বেটা নামেতে বেজন ॥ বাদসার এসারা বুঝে ওঠে সে তখন * আরজ করিয়া কহে সোন জাহাঁগির ॥ হুকুম করেন জদি আমার খাতির * তবে সে আরমান দেসে একা আমি গিয়া ॥ ছারখার করি সব শুওরে মারিয়া * সুনে সাহা কায়খোছরু বেজনের তরে ॥ ফর্ম্মাইল জাইতে সুওরে মারিবারে * এছাই হুকুম জদি হইল বাসার ॥ উঠে সে সময়ে কহে গেও নামদার * মারিতে সে বুন বরা চাহি জে ফিকির ॥ নহে সে জোরের কাম সোন জাহাগির * বেজনে একেলা দিবে সেথা পাঠাইয়া ॥ একা সে জঙ্গল বিচে কি করিবে গিয়া * শুনে সে বেজন তবে লাগিল কহিতে ॥ ওস্তওার আছি আমি হুনুর হেকমতে * একেলা জাইব আমি নাহিক ডরাই ॥ লোক জন কার তরে সাতে নাহি চাই * এহা বলে ঘোড়া পরে সওার হইয়া ॥ বাদসাকে সালাম করে গেল নেকলিয়া * একেলা সে গেল জদি দেখে নামদার ॥ গুরগিনে জাইতে কহে সঙ্গেতে তাহার * বাদসার হুকুমে তবে গুরগিন মর্দ্দানা ॥ চলে বেজনের সাতে হইয়া রওানা * একসাতে চলে দোহে হয়ে খুসি মন ॥ গিয়া সে জঙ্গল বিচে পওছিল জখন * তখন সে শুওরেরা দেখিতে পাইয়া ॥ চারিদিকে পালে২ আইল ঘিরিয়া * বেজন দেখিয়া কহে গুরগনে তরে ॥ রহ তুমি একা আমি মারিব সুওরে * এহা বলে তেগ হাতে লিয়া পাহালওান ॥ কুদিয়া চালল জেন বাঘের সমান * জেখানেতে আছিল সে সুওরের পাল ॥ মারিতে লাগিল মর্দ্দ হয়ে মস্তহাল ঝাকে২ লাকে২ দেয় গেরাইয়া ॥ ঘড়ি একে লহু নদী দিল বহাইয়া * এইরূপে একেলা তলওার মেরে জায় ॥ এওক্তে সুওর এক আসিয়া তথায় * বেজনের উপরেতে হামলা করিয়া ॥ জামা জেরা পারা২ করিল ফাড়িয়া * বেজন হইয়া গোস্বা মরল তলওার ॥ মিরিল দুখান হৈয়া সেই দুরাচার * এইরূপে তেওতিরে মারিল বিস্তর ॥ মারা গেল বেসোমার জঙ্গলি সুওর * বাকি জা রহিয়া গেল তাহা সবাকারে ॥ দাওঠাহরিয়া ফেরে মারিবার তরে * দেখিল জঙ্গল সব আছে সুখাইয়া ॥ চারিদিকে দিল মর্দ্দ আগ লাগাইয়া * আছিল সুওর জত জঙ্গল মাঝার ॥ জলে তুড়ে মরিল হইয়া ছারখার * ফতে পেয়ে পাহালওান খোসাল অন্তরে ॥ গুরগিনে লইয়া সাতে আইল সহরে * দেখে সহরের লোক খোসাল খাতের রহে সবে হামেহাল খেদমতে হাজের * এইরূপে খুসিহালে রহে কিছু দিন ॥ এক রোজ বেজনেরে কহিল গুরগিন * সোন পাহালওান এই সহরে থাকিয়া ॥ উচাটন হৈয়া মন গেল ঘাবরাইয়া * চলহ ময়দানে জাই সায়ের করিতে ॥ নাকুল বাগিচা এক আছে ময়দানেতে * বেহেস্ত সমান বাগ নানারঙ্গ ফুল ডালে২ফেরে কত আন্দলিব বুলবুল * আর এক বালাখানা আছে সেবাগানে ॥ কিকব বয়ান তার কহিব জবানে

আগলিয়া সে লস্কর লিয়া সাতে ॥ জঙ্গি চার হাতি নিয়া আইল লড়িতে * মোকাবেলা হইল সে আ সিয়া জখন ॥ রোস্তম কামান তির লইয়া তখন * মারিল তা সবাপরে জোরেতে খেঁচিয়া ॥ এক তিরে কত লোকে দিল গেরাইয়া * তাহার বাদেতে ফের তেগ লিয়া হাতে ॥ মেরে চলে গোস্বা ভরে খেঁচিয়া জোরেতে * কত লোকে গেরাইয়া দিল পাহালওয়ান ॥ ঝড়েতে জেমন গেরে কেলার বাগান তেগ রেখে গোর্জ্জ ফের মারে ওঠাইয়া॥চাল্লিস জওয়ান তাথে দিল গেরাইয়া * রোস্তমের জোর দেখে তুরুকি সবাই ॥ জানবাচাইয়া ভাগে ছাড়িয়া লড়াই*রোস্তম পাইয়া ফতে খোসাল হইয়া॥ ঘোড়া আর সেই চার কালো হাতী লিয়া * আগু বেড়ে কত দুরে আসিয়া রাহায় ॥ ইরানি সর্দ্দারে এক পাইল সে থায় * কায় খছরু সাহা সেই সর্দ্দারের তরে ॥ পাঠাইয়া দিয়াছিল এহার খাতেরে * রোস্তম কিহালে কোথা করে কোন কাম ॥ সেতাবী জানিয়া আইস খবর তামাম * খবর জানিতে রাহে আসিতে সে ছিল ॥ রোস্তমের সাতে তার মোলাকাত হৈল* রোস্তম হইয়া খুসি তাহার কারন ॥ সুনাইয়া আপনার যত বিবরণ * তার পরে সেই সব হাতি ঘোড়া লিয়া ॥ তাহার কারনে মর্দ্দ হাওয়ালা করিয়া * আপনি ছওয়ার হৈয়া ঘোড়ার পরেতে॥ চলিল ময়দানে ফের দেও জেখানেতে*তালাবে একওয়ান দেও ছিল জেথায় ॥ হাকিয়া কছম দিয়া কহিল তাহায় * সুনরে একওয়ান দেও আইস নেকলিয়া ॥ লড়হ মর্দ্দমি হালে কোমর বান্ধিয়া*দাগাদারি দুক্ষ দেওা নহে ভাল কাম॥ আখেরেতে গোনাগার আলমে বদনাম পাহালওয়ান হইয়া জে এয়ছা কাম করে ॥ হাজার লানত তার মর্দ্দমি উপরে * সোওা মুওা বরাবর আলমে জাহির ॥ সোওা লোকে দুক্ষ দেহ কাহেরে বেপির * মর্দ্দমি থাকেত আইস লড় মেরা সাতে আল্লা যারে জস দিবে পাইবে সে ফতে* একথা শুনিয়া দেও গোস্বা দেল হৈয়া ॥ উঠিয়া আইল সেই তালাব থাকিয়া * রোস্তমে দেখিয়া কহে হাকিয়া জোরেতে ॥ ফের তুমি বাচিয়া আইলে কেমনেতে * ফেলে দিয়াছিনু তুঝে দরিয়া উপরে ॥ না খাইল দরিয়ার হাঙ্গর কুম্ভিরে*বাচিয়া আইলে জদ্দিকুমিরের হাতে ॥ এবে আমি ধরে তুঝে চিবাইব দাতে * এহা বলে দুরাচার দাত নেকালিয়া ॥ রোস্তমের তর ফেতে আইল ছুটীয়া * কি কব তাজ্জব সেই দেয়ের বয়ান ॥ বড়২ দাত জেন মুলার সমান * গুম্বুজের মত বড় মাথা তার গোল ॥ দুই চক্ষু জেন তার নাকারার খোল* অজুদ কুচ্ছিত কালা হাতির আকার তালের গাছের মত হাত পাও তার * রোস্তম দেখিয়া তারে তাজ্জব হইয়া ॥ দেলেতে আল্লার নাম ইয়াদ করিয়া * ফাসি নেকালিয়া জোরে ফেকে দুর হৈতে ॥ গিরিল জাইয়া ফাসি দেয়ের পরেতে * গলে না লাগিয়া ফাসি নাবিয়া পড়িল ॥ রোস্তম দেখিয়া তাহা জোরেতে খেঁচিল * হাতে ও কোমরে ফাসি লাগিল তাহার॥হাত সুদ্ধা বন্দ হৈলদেও দুরাচার*তখনি রোস্তম ফের গোর্জ্জহাতে লিয়া॥মারে সে দেয়ের ছেরে জোরেতে খেঁচিয়া * এছা জোরে গোর্জ্জ মেরে ছিল পাহালওয়ান ॥ ধমক হইল জেন কড়কে আছমান * মগজ হইয়া গান্দা দেও দুরাচার ॥ গিরীল জমিন পরে জেমন পাহাড় * তবে ঘোড়া হৈতে নেবে তেগ লিয়া ফের॥গর্দ্দানে মারিয়া তারজুদা কৈল ছের*মারা গেলদেওর্যাদরোস্তম তখন ॥ লিয়া সে দেয়ের ছের খুসি হৈয়া মন * চড়িয়া ঘোড়ার পরে সেখান থাকিয়া ॥ খছরু সাজা দার আগে পঁওছিল আসিয়া* দেখে সে দেয়ের ছের খছরু নামদার ॥ রোস্তমে তারিফ করে হাজার২ মালমাত্তা জামা জোড়া আনিয়া তখন ॥ এনাম খেলাত দিল হৈয়া খুসি মন * রোস্তম মর্দ্দানা দেলে খোসাল হইয়া ॥ বাদসার খেলাত লিল সালাম করিয়া * তাহার বাদেতে ফের বাদসা নামদার ॥ খাসর মজলিছ এক করিয়া তৈয়ার * সারাব কাবাব আদি লিল মাঙ্গাইয়া ॥ খুসিতে জসন করে রোস্তমে লইয়া * আর জত নামি২ সাহেব সর্দ্দার ॥ মিলে জুলে রহে সবে খোসাল হাজার * এইরূপে কয়দিন মিলিয়া সকলে ॥ করেন পিয়ালা বাজি খোসালিত দেলে * তাহাবাদে খুসিতে রোস্তম এক রোজ ॥ খছরু সাজাদারে কহে করিয়া আরোজ * সুন বাদসা জাহাপানা কহি জনাবেতে ॥ খাহেস হইল এবে জাইব ঘরেতে * এবে আপে বিদায় দেহনা মোর তরে ॥ খুসি হৈয়া জাই আমি আপনার ঘরে * সুনিয়া এছাই বাত খোছরু নামদার ॥ মাল মাত্তা ছরঞ্জাম করিয়া তৈয়ার * দিয়া রোস্তমের তরে এজ্জতের সাতে ॥ বিদায় করিয়া দিল সেখান হইতে * ফেরহু মঞ্জিল তক সাতে২ গিয়া ॥

রহে আরাম করিয়া* নিন্দেতে গাফেল খুব হইল জখন ॥দাগাবাজ দেও সেথা আসিয়া তখন * দাগা দিয়া রোস্তমেরে মারিবার তরে॥ দাগার ফেকের গিধি কৈল এপ্রকারে *নিন্দ জায় জেথানেতে রোস্তম সুইয়া ॥ চারিদিক হৈতে সেই জমিন খুদিয়া*মাটী শুদ্ধা উঠাইয়া রোস্তমের তবে॥ বাওভরে ওড়ে গিধি আছমান উপরে * হেলা দোলা পাইয়া জে রোস্তম সর্দ্দার॥নিন্দ হৈতে উঠে দেখে হাল আপ নার *পেরেসান হয়ে মর্দ্দ ভাবে মনে মন ॥ কহে জদি মারি হেথা এহার গর্দ্দান * তা হইলে আমি ওভি এখানে থাকিয়া ॥ মারা জাব একবারে জমিনে গিরিয়া* ইহা ভেবে আপনাকে খামসিয়া রহে ভালা বুরা কিছু সে দেয়েরে নাহি কহে * রোস্তম জাগিলদেও দেখিয়া তখন ॥কহিতে লাগিল ইহা হৈয়া খুসি মন * সোনহে রোস্তম এবে তোমার লাগিয়া ॥ হেথা হইতে ফেকে দিয়া ডালিব মারিয় পাহাড়ে ফেকিব কি ফেকিব দরিয়ায় ॥ জেখানে কহিবে সেথা ফেকিব তোমায় * রোস্তম জানিত খুব দেয়ের খাছলত॥কহে এক করে আর সয়তানিআদত*এহাভেবে রোস্তম সেকহিল দেয়েরে॥কি বুরা করেছি তাই মারিবে আমারে * তবে জদি একা এক ডালিবে মারিয়া ॥ দেহ না আমারে তুমি পা হাড়ে ডালিয়া * শুনে সে কমিনা দেও উলটা করে তার ॥ ডালিলরোস্তমে লিয়া দরিয়ার মাঝার * গিরিল রোস্তম জদি দরিয়া গম্ভিরে ॥ হামলা করিয়া আইল তামাম কুম্ভিরে *ঝাকে২ লাকে২ কুম্ভির আসিয়া ॥ রোস্তমে লইল জদি ঘেরাও করিয়া *সেহাল দেখিয়া তবে রোস্তম সর্দ্দার॥ সেতাব করিয়া হাতে লইয়া তলওার * এক হাতে পানি টেনে সাত্তারিয়া চলে । আর হাতে তেগ মারে কুমিরের দলে* ডান বামে চারিদিকে খেচে মারে তেগ ॥ হাজারে হাজার কাটে হয়ে বেদেরেগ * লাতমেরে কার ছের দেয় গেরাইয়া ॥ মারা গেল কত তাতে মগজ ফাটিয়া * জে আইল না ফিরিল কুমিরের জাত ॥ রস্তম তা সবাকারে করিল নিপাত * লালরঙ্গ হৈয়া গেল দরিয়ার পানি ॥ লহুর তুফান চলে উজান ভাটানি* এইরূপে লড়িতে২ নামদার ॥ কতক্ষন বাদে এসে পাইল কেনার * মহিমে পাইল ফতে ঘুচিল জঞ্জাল* আড়াতে উঠীল দেল হইল খোসাল * তখন সোকরানা পড়ে ওঠাইয়া হাত কহে মুঝে বাচাইল আপে পাকজাত * তাবাদে সেখান হইতে আসে কতদুরে ॥ পঙছিল আসিয়া সেই ময়দান উপরে * নেঘাও করিয়া দেখে চারি তরফেতে ॥ চরিতে আছিল ঘোড়া পাইল দে খিতে * জোরেতে হাকিল তবে রোস্তম সর্দ্দার ॥ সুনিতে পাইয়া সেই ঘোড়া ওফাদার* রোস্তমের আগে এসে হইল হাজের ॥ ছওার হইয়া মর্দ্দ খোসাল খাতের*চলিল তালাব জেথা ময়দান মাঝার জে তালাবে থাকে সেই দেওদুরাচার*দেখিল জাইয়া মর্দ্দ সেখানে এছাই॥ তুরান সাহার ঘোড়া চরে ঠাই২*তবে সে সকল ঘোড়া হাকিয়া মর্দ্দানা । চলিল খছরুর আগে হইয়া রওানা*সুনে তারাসকলে আসিয়া ধাওাধাই ॥ ঘোড়া সুদ্ধা রস্তমে ঘিরিল একঠাই*রস্তম দেখিয়া তাহা সবার লাগিয়া ॥ কহিল তোমরা কেন ঘেরিলে আসিয়া * তারা বলে ঘোড়া লিয়া জাহ আমাদের ॥ ঘেরিনু আসিয়া মোরাএ হার খাতের * ভাল চাহ ঘোড়া দিয়া জাহ আমাদেরে ॥নহেত ধরিয়া সাজা করিব তোমারে*তুমিত একেলা আছ মোরা এত জন॥হাতে হাতে ধরে লিব তোমার কারন॥রস্তম কহিল তবে শুনরে রাখাল ধরিতে আমারে দেলে করিলি খিয়াল * তোরা কি ধরিবি মোরে বাদসা জে তোদেরা॥ হামেহাল আছে সে আমার হাতে জের *লড়িয়া সে বাদসা তেরা আফরাসিয়াব ॥ হর বাতে মেরা হাতে হইল খারাব * রস্তম আমার নাম না শুনিলে কানে॥ ঘোড়া ছিনে লইবারে আইলে ময়দানে * ফিরে জাহ চাহ জদি আপনা ভালাই ॥কেন মিছে মারা জাবে করিয়া লড়াই * এহা শুনে তবু তারা ফিরিয়া না গেল ॥ লাঠী লিয়া রস্তমেরে মারিতে আইল * রাখাল গাঙার তারা কি জানে লড়িতে ॥ মার২ করে আইসে চারিদিগ হইতে*তখন রস্তম মর্দ্দ তেগ হাতে লিয়া ॥ মারে তা সবার পরে জোরেতে খেচিয়া * একদমে কত লোকে মারিল জখন॥ রোস্তমের জঙ্গ মর্দ্দ দেখিয়া তখন* বাকি জারা ছিল তারা ডরে ডরাইয়া ॥ জান লিয়া পিঠ দিয়া জায় পালাইয়া * রোস্তম পাইয়া ফতে খোসাল খাতের লিয়া সে সকল ঘোড়া আগে চলে ফের * কতদুরে গিয়া দেখ করিয়া নজর ॥আইল সেখানে ফের তুরুকি লস্কর *সেথা এক আছিল তুরানি থানাদার॥রস্তম লেজায় ঘোড়া পেয়ে সমাচার * রাহা

ডরেতে ভাগিয়া ॥ রহিল জাইয়া খালি সহর লইয়া*কায় খোছরো রহে লিয়া লস্কর সর্দ্দার॥ তুরান স হর ছাড়া বাহিরে তাহার * ডেরা করে ছিল জেথা পহেলা জাইয়া ॥ রহিলেন সেই ঠাই মকান করিয়া এই কথা এতক রহিল এই ঠাই ॥আজাএব কথা এক সোনহ সবাই*দেও আর দরিয়ার কুম্ভিরের সাতে রোস্তম লড়িয়াছিল জেমন চুরাতে * এবে আমি সেকথা করিব বিরচন ॥ সোনহ রসিক সবে হয়ে খুসি মন * হিন কাবকার কহে জনাবে সবার ॥ বালিয়া গোবিন্দ পুরে বসতী জাহার*মিছে কামে মনদিয়া বৈয়া গেল দিন ॥ দোওা দিও সবে মোরে জানিয়া আধন *

পাহালওান রোস্তম একাওন দেয়ের আর দরিয়ার কুম্ভিরের সাতে লড়াই করিয়া ফতে পাইবার বয়ান *

মাহমে পাইয়া ফতে তামাম সর্দ্দার ॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার * মজলেছ করিয়া বৈসে জসন করিতে॥ কায়খোছরু নামদার বসিলেন তক্তে * সারাব কাবাব আদি খায় খুসিহালে ॥ গম দুক্ষ নিবারণ করিয়া সকলে * হেনকালে আসিয়া ঘোড়ার নেঘাবান ॥ বাদসার হুজুরে কহে ক-রিয়া বয়ান * সোন বাদসা নামদার কহি জনাবেতে ॥ হরিণ আসিয়া এক ঘোড়ার পালেতে * দুইচারি ঘোড়াকে সে লাথে গেরাইয়া॥তাহাবাদে জায় ফের গায়েব হইয়া *নাহি জানি কোন বাগে জায় সে হ রিণ ॥ বহুত ঢুড়িয়া তার নাহি পাই চিন * এই রূপে হামেহাল আসে আর জায় ॥ কোনরূপে ধরিতে নাহিক পারি তায় * শুনে সাহা খোছরু কহে তাহার লাগিয়া ॥ এ কেছা তাজ্জব কথা কহিলে আ সিয়া * হরিনে ঘোড়ায় মত জোর নাই রাখে ॥ কেমন হরিন এসে মারিল ঘোড়াকে * এবাতে লা গিল বন্দ দেলেতে আমার ॥ ভালাবুরা বুঝিতে না পারি সমাচার * এহা বলে ফর্ম্মাইল বাদসা জা হাগির ॥ নজ্জম সবার তরে করহ হাজির * রাম্মাল দেখিয়া ভেদ কাহলে এহার ॥ তবেত দেলের ধন্দ জাইবে আমার * বাদসার হুকুম লোক চলিল ধাইয়া ॥ হাতে২ নজ্জমেরে লিল মাঙ্গাইয়া * আসিয়া ন জ্জম সবে হইল হাজির ॥ দোখয়া জে নজ্জমেরে বাদসা জাহাগীর * সুনাইয়া হরিণের বিবরন তায় ॥ কহিল এহার ভেদ কহত আমায়*বাদসার হুকুমে সব নজ্জম তখন॥ রাম্মাল দেখিয়া ভেদ কহিল এমন নামেতে একওান দেও বড় দুরাচার ॥ থাকে সে তালাব বিচে ময়দান মাঝার * সেই দেও আপনাব রুপ বদলিয়া ॥ আইল ঘোড়ার পালে হরিন হইয়া * এইরুপে সেই দেও হামেহাল আইসে ॥ দাগা দিয়া গায়েব হইয়া জায় শেষে * দেয়ের মাজেরা সুনে নজ্জমের ঠাই ॥ কহে সাহা খছরু তবে রোস্তমে এয়ছাই*সোনহ রোস্তম এই দেয়ের তরেতে ॥ তোমা ছেওা কেহ নাহি পারিবে মারিতে*এয়ছাই তা কত আর নাহি আছে কার ॥ হেম্মত করিয়া জাবে মহিমে তাহার* বাদসার হুকুম যদি হৈল এছুরতে রোস্তম হইল রাজি মহিমে জাইতে*খোদা স্বারে ওঠাইতে দেছে দুক্ষ ভার ॥ এক ঘড়ি নাহি আছে আ রাম তাহার * কমর বান্ধিয়া তবে রোস্তম জওান ॥ চড়িয়া ঘোড়ার পরে চলিল ময়দান * জাইয়া সে ময়দানেতে দেখিবারে পায় ॥ হরিণ জে সেইরূপে কুদিয়া বেড়ায়*রোস্তম সে হরিনেরে ধরিবে বলিয়া ঘোড়াকে মারিয়া কোড়া চলিল হাকিয়া * নিকটে জাইয়া মর্দ্দ ফাসি লিয়া হাতে ॥ ফেকে জোর হরি নের গলে লাগাইতে * হেনকালে হরিণ গায়েব হয়ে গেল ॥ রোস্তম দেখিয়া তাহা তাজ্জবে রহিল থোড়া ঘড়ি বাদে ফের আইল কুদিয়া ॥ দেখিয়া পোশ্বাস্তে তবে তেগ হাতে লিয়া * ঘোড়া কুদাইয়া গিয়া নিকটে তাহার ॥ চাহে কি খেচিয়া জোরে করেন ওয়ার * হেনকালে ফের সে হরিণ হোথাহতে গাএব হইয়া গেল না পায় দেখিতে*রোস্তম দেলেতে তবে বুঝিল এখন॥ দেয়ের মক্কর এহা নহে যে হরিণ * হরিণ হইত জাদ তবে এছুরতে ॥ নাহিক পারিত কভু গায়েব হইত * নেহাত বুঝিয়া দেলে রোস্তম মর্দ্দানা ॥ করিতে লাগিল ফের তাহার ঠেকানা * না পাইয়া দেলেতে হইয়া পেরেসান॥ফিরিল অনেক ঠাই কত বিরাবান * তবু সে কমিনা দেও রূপ বদলিয়া ॥ কভু আইসে কভু জায় গায়েব হইয়া তিনদিন রাতফের রোস্তম সরদার॥সন্ধান করিতে পিছেরহিল তাহার* খানা পানি নিন্দ আদিছাড়িয়া মর্দ্দানা ॥ তবু না পারিল কিছুকরিতে ঠেকানা *চৌঠা রোজেতে মর্দ্দ সেকার ধরিয়া॥ খেয়ে পিয়ে শুয়ে

মারা গেলে আর কে আছে এমন* লড়ে রোস্তমের সাতে হেক্মতকরিয়া॥ কারার হইনু এবে তোমাকে দেখিয়া * কহিল পুলাদপন্দ সুন নামদার ॥ আছিল হায়াত যেই করিনু দিদার * বাচিয়া আইনু হেথা হুনুর হেকমতে। নহে মেরা ভরসা কি আছিল বাচিতে * রোস্তম আমারে যেই মর্দ্দার বলিয়া ॥ নাহি মেরে ময়দানেতে গেল ফেলাইয়া * তাই এসে তেরা সাতে কৈনু মোলাকাত ॥ কি কব সে রোস্তমের মর্দ্দমির বাত*আদমের দায় থাক দেওকি পরিতে ॥ লড়ে জোরে না আটীবে রোস্তমের সাতে* মেরে ছিল এয়ছা জোরে মুঝে যে কাছাড় ॥ আমি বলি চুর হৈয়া গেছে মোর হাড় * এইরুপে কহা সুনা করিতে আছিল ॥ পিছে২ এসে ফের রোস্তম পঙছিল*হেকে বলে সুন ওরে পুলাদ বেহায়া ॥ ভাগিলে রাড়ের মত মক্কর করিয়া* মুখ দেখাইতে তুঝে না হৈল সরম ॥ পাহালওান হৈয়া ভাগ কিসের ভরগ লড়িয়া মর্দ্দমি হালে জান যদি যায় ॥ জওা মর্দ্দি নাম তাথে রহে দুনিয়ায়* রোস্তম এছাই যদি কৈল লানতান ॥ শুনিয়া তুরুকি জ্বলে বারুদ সমান * আপনা লস্করে কৈল হুকুম এছাই ॥ চার তরফেতে এবে ঘেরিয়া সবাই * তির মেরে রোস্তমেরে দেহ গেরাইয়া ॥ ভাগিতে না পারে যেন জান বাচাইয়া * এহা সুনে রোস্তমে ঘেরিয়া সকলেতে॥ মারিতে লাগিল তির চারিদিকে হৈতে* হেনকালে রোস্তমের তামাম সওার ॥ আসিয়া গরম কৈল জঙ্গের বাজার* তিরে তিরে দুই দলে লাগিল লড়িতে ॥ বহুত লস্কর মারা পড়িল তাহাতে*রোস্তম লইয়া তেগ কাটে খেদাড়িয়া ॥ দিগে২ কত লোক ডালিল মারিয়া রোহাম,গোদজ্জ গেও যত নামদার ॥ গোস্ব ভরে চলে সবে মারিয়া তলওার * কত লোকে গেরাইল ময়দান উপর ॥ না পেরে পুলাদঅন্দ হইয়া ফাকর * আপনা সর্দ্দার লোকে কহে বলাইয়া॥ লাভ নাহি আছে এছা মহিম করিয়া * তাজ তক্ত মুঝে কিছু না মিলিবে হেথা ॥ কেন মিছে সবাকার কাটাইব মাথা * হাছেল না আছে এয়ছা করিয়া লড়াই ॥ চল এবে আপনা মুল্লকে ফিরে জাই * এহা বলে আলাও লস্কর সব লিয়া ॥ খোতনে আপন দেশে গেল পালাইয়া * ভাগিল পুলাদ অন্দ লইয়া লস্কর সেহাল দেখিয়া বেছা হইল ফাকর* ডরে ডরাইয়া বড় দেলের বিচেতে॥ আফরাছিয়াবে গিয়া লাগিল কহিতে * শুন বাদসা নামদার কহিয়া জানাই॥ ভাগিল পুলাদ অন্দ লইয়া ছেফাই * লোকজন কেহ তার নাহি এখানেতে॥ গিয়াছে চলিয়া সবে খোতন দেশেতে* সেহাল দেখিয়া জত তুরুকি সেফাই নাহি চাহে কেহ আর করিতে লড়াই * মনাছেব নহে একা থাকা এখানেতে ॥ চল সহরেতে ফিরে না পাইব ফতে * সুনিয়া মঞ্জুর করে বাদসা নামদার ॥ বেছাকে কহিল রহ হইয়া তৈয়ার * বাদসার হুকুমে বেছা রহে তৈয়ারিতে ॥ দিন গুজারিয়া গেল বলিতে কহিতে * রাতকালে লিয়া জত আলাও লস্কর॥ভাগিল ময়দান হৈতে সহর ভিতর*বেহানে উঠিয়া হেথা রোস্তম সর্দ্দার॥ দেখে কেহনাহিআছে ময়দান মাঝার * আফরাসিয়াব সব লস্কর লইয়া ॥ ময়দাম হইতে ডরে গেছে পালাইয়া * মহিম হইল ফতে হৈল খুসি মন ॥ সাদিয়ানা বাজাইতে কহিল তখন * মালমাত্তা ছিল জাহা লুটিয়া লইল॥ দুঃখ দুবে গেল খুসি হাছেল হইল * তুরান সহর ছাড়া বাকি দেশ জাহা ॥ দখল করিয়া শেষে লিল সব তাহা*দোহাই ফিরিল দেশে খোছরু সাজাদার॥ সুনিয়া তামাম লোক খোসাল হাজার* দেশে২ জে কেহু হাকিম জেহা ছিল॥এসেরোস্তমের আগে হাজির হইল * রোস্তমমর্দ্দানা তাহা সবার লাগিয়া দিলেন মুল্লক সব বাটরা করিয়া*জার যে মুল্লক পেয়ে খুসি খোসালিতে ॥ বিদায় হইয়া গেল সেখান হইতে * তা বাদে ময়দান হৈতে রোস্তম সরদার ॥ মালমাত্তা লোকজন লিয়া আপনার * খোছরু সাহা ছিল জেথা পঙছিল আসিয়া ॥ খোসাল হইল সাহা রোস্তমে দেখিয়া* উঠীয়া মিলিল ধরে গলে রোস্তমের॥ সোনার কুরছির পরেবসাইয়া ফের* এনাম খেলাত কত আনিয়া সাহানা ॥ রোস্তমেরে নেওাজিয়া দিল জাহাপানা * এহা ছেওা আর কত লুটের মালের ॥ বক্সিস করিয়া দিল রোস্তম খাতের আর জত নামি২ আছিল সর্দ্দার ॥ রোহাম গোদজ্জ গেও তুছ নামদার॥* খোছরু সাহা আপে তাহা সবার লাগিয়া ॥ এনাম খেলাত আদি দিল নেওাজিয়া * খুসি হৈয়া মিলে জুলে রহিল সবাই ॥ দুস্মন হইল জের ঘুচিল বালাই * দেশ গাও জেথা জত সহর বাজার ॥ আছিল দখল বিচে তুরান সাহার * ছেনাইয়া লিল জোরে সে সকল ঠাই ॥ ফিরিল তামাম দেশে খছরুর দোহাই * হারিয়া তুরান সাহা

কিন্তু সে ধমকে দেখে ভুনিয়া আস্কার * টুটিল গায়ের জোর কাপিল বদন ॥ লড়িবার তাব নাহি রহিল তখন * তবু ফের গোর্জ্জ লিয়া খেচিয়া জোরেতে ॥ মারে পুলাদার পরে দেলের গোস্বাতে * না লাগিল কারি চোট পুলাদ উপর ॥ দেখিয়া রোস্তম মর্দ্দ হইয়া কাতর* আল্লার দরগায় কহে ওঠাইয়া হাত মদত করহ মুঝে আপে পাকজাত*রহিম রহমান তুমি রহম করিয়া॥বদনেতেজোর মেরা দেহবক্সাইয়া নহেত জাইব মারা ময়দান উপর ॥ এইরূপে জারি করে হইয়া কাতর * কবুল হইল দোওা জোর হৈল গায়॥ চাহে কি সে গোর্জ্জ ওঠাইয়া মারে তায়*হেনকালে আসিয়া পুলাদ অন্দ ফের॥ রোস্তমে খেচিয়া জোরে মারিল সমসের * না লাগিল কারি চোট রোস্তমে জখন ॥ তবে সে পুলাদ অন্দ কহে এ বচন হাজার আফছোছ জে আমার এই গোর্জ্জ ॥ যাহার ধমকে কাপে পাহাড় আলবোজ্জ * রোস্তম এহার চোটে রহিল ঘোড়াতে॥ আহা না করিল না পারিনু হেলাইতে* আর এই তেগ মেরা এছা তেজ ধার লোহাওপুলাদ কেটে করে দেয়পার*এছা তলওারেরচোট নালাগে জখন॥ হাতিয়ারে রোস্তমে না পারিবে কদাচন*এছাই ভাবিয়া মর্দ্দ দেলের বিচেতে॥রোস্তমেরতরে এহা লাগিলকহিতে*আইসপাহালওান এবে রাখিয়া হাতিয়ার॥ কুস্তর লড়াই করি করিয়া কারার* তাহাতে জাইবে জানা জার যত জোর লড়িব মর্দ্দমি হালে ধরিয়া কোমর * রোস্তম হইল রাজি সুনিয়া এছাই ॥ কহিল করারে জদি করিবে লড়াই * তবে তুমি কহ আফরাছিয়াবে জাইয়া ॥ জদি সে কারার এছা করেন আসিয়া * তুমি আমি লড়াই করিব দুই জনে॥কাহার মদত।জেন না পোঁছে এখানে*শুনিয়া পুলাদঅন্দ যাইয়া তখন॥আফরাছিয়াবে সুনাইল বিবরণ * রাজি হৈয়া আফরাসিয়াব নামদার ॥ এসে রোস্তমের সাতে করিল করার তখন রোস্তম ফের কহিল এয়ছাই ॥ এইখানে মোরা দোহে করিব লড়াই * দুদলে লস্কর এবে এখান থাকিয়া ॥ থাকুক জে আধ ক্রোশ তফাতে জাইয়া*তবেত লড়াই মোরা করিব দোহেতে ॥ আল্লাজারে জস দিবে পাইবে সে ফতে * একথা সুনিয়া আফরাছিয়াব তখন ॥ পুলাদে নেরালা ডেকে কহে এ বচন * শুনহ পুলাদ কহি তোমার কারনে ॥ রোস্তম গিরিয়া জবে যাইবে জমিনে * তখনি ছিনাতেওর খঞ্জর মারিয়া॥একবারে দিও ওছে তামাম করিয়া*নহে তেরা হাত হৈতে বেচে জদি জায় ॥ ফেরওছে কাবু করা হবে মহাদায় * আফরাছিয়াব তারে এছাই কহিয়া ॥ সেথা হৈতে গেল চলে ঘোড়া ওঠাইয়া * তবে সে পুলাদঅন্দ রোস্তমেরে বলে ॥ আইস দোহে লড়ি এবে মর্দ্দমির হালে* রোস্তম কহিল তবে নাম ঘোড়া হৈতে॥ কহ দেখি জোর কে করিবে পহেলাতে*কহিল পুলাদ অন্দ জা কহিবে তুমি সেই বাত মঞ্জুর করিয়া লিব আমি*রোস্তম কহিল তুমি আগে কর জোর ॥ বুঝিয়া আখেরেআমিধরিব কোমর * রোস্তম হইল খাড়া একথা কহিয়া ॥ তবে সে পুলাদ মর্দ্দ ধরিল আসিয়া * খেচাখেচি কসাকসি লাগিল করিতে ॥ কোনরূপে রোস্তমে না পারে হেলাইতে*জমিছাড়া পাওনা করিতে পারেজবে দেল বিচে কহিতে লাগিল এছা তবে*জদি এ রোস্তম মর্দ্দ হইত পাহাড়॥ উঠায়ে লিতুন জোরে দিয়া এক চাড় * পাও বুঝি গেছে এর লাগিয়া জমিনে ॥ হেলাইতে নাহি পারি এহার কারনে * এহা বলে করিতে লাগিল এছা জোর ॥ পছিনা ছুটীল গায়ে হৈল সোরবোর * লহু নেকলিয়া চলে আঙ্গুল ফাটীয়া ॥ করিল এছাই জোর কোমর ধরিয়া * ছাতি সুখাইয়া গেল গেজা ভাঙ্গে মুখে ॥ মগজগরমহৈয়া লহু গেরে চক্ষে*কোনরুপে রস্তমে নাহেলাতে পারিয়া॥আখেরেছাড়িয়া দিল নাওম্মেদ হৈয়া*তখন রোস্তম আইসে করে জোরসোর ॥ হাকিয়া হৈদরী হাক ধরিল কোমর * গোস্বা মনে পুলাদেরে জোরেতে খেচিয়া ॥ এক দমে জমি হৈতে লিল ওঠাইয়া * ঘুমাইয়া সুন্যভরে মারিল কাছাড় ॥ কহে চুর হৈয়া গেছে পুলাদের হাড়* কিন্তু সে পুলাদ অন্দ বেগম হইয়া ॥ দম বন্ধ করে রহে মক্কর করিয়া * হইল মুর্দ্দার হেন দম নাহি চলে ॥ রোস্তম দেখিয়া তাহা ভাবে দেলে২ * কহে এ পুলাদ জে হইল তামাম ॥ মুর্দ্দা পরে তেগ মারা হবে সে হারাম * এহা ভেবে তেগ না মারিয়া তার তরে ॥ ছওার হইল গিয়া ঘোড়ার উপরে * আড় চক্ষে দেখিয়া পুলাদ অন্দ তায় ॥ উঠিয়া সেতাবি এসে চড়িয়া ঘোড়ার ঘোড়াকে মারিয়া কোড়া জোরেতে খেচিয়া॥ আফরাসিয়াব জেথা গেল পালাইয়া* দেখে তারে আফরাছিয়াব এহা বলে ॥ হায়২ তুমি জবে ময়দানে গিরিলে*।ছাতি শুখাইয়া মেরা গিয়াছে জখন ॥ তুমি

উরার তার চালে ওড়াইয়া ॥ মারে তেগ বেদ্দেবেগ গোস্বাতে খেচিয়া* এয়ছা জোরে তেগ মেরেছিল জোরওয়ার॥ঢাল ঘোড়া ছেফাই কাটিয়া কৈল পাব * দেখিয়া সে হাল তার তামাম ছেফাই ॥ ডরে না আইল কেহ করিতে লড়াই* আখেরেতে জোড় হাতে সকলে আসিয়া ॥ রোস্তমের আগে কহে আরজ করিয়া * নেওাজিয়া আমা সবে রাখ নামদার ॥ রহিব জেন্দেগি ভর হইয়া তাবেদার * কোনবাতে কভু মোরা না হেলাব ছির ॥ রহিব হামেসা হৈয়া ফর্ম্মা পিজির *রোস্তম একথা শুনে তাহা সবাকায় ফর্ম্মাইল গিয়া সবে থাকহ কেল্লায় *হুকুম পাইয়া তারা গিয়া সকলেতে ॥ বে আন্দেসা কেল্লা বিচে রহে খোসালিতে *ফতে পেয়ে সেথা হৈতে রোস্তম মর্দ্দানা ॥ আগে বেড়ে চলে ফের হইয়া রওানা নজদিগেতে জাইয়া তুরান সহরের ॥ ডেরা তাম্বু ওঠাইয়া খোসাল খাতের * রহিল ময়দানে লিয়া আলাও লস্কর ॥ আফরাসিয়াব হোথা পাইল খবর * আইল রোস্তম মর্দ্দ লস্কর লইয়া ॥ আছে সে ময় দান পরে ডেরা ওঠাইয়া *এছাই সুনিয়া তবে ডাকিয়া সবায় ॥ কহিল তোমরা সবে কহত আমায় * দুস্মন পঁওছিল এসে লইয়া ছেফাই ॥ কহ কে জাইবে কাল করিতে লড়াই* তখন পুলাদ অন্দ কহিল হুজুরে ॥ রাত পোহাইয়া গেলে উঠীয়া ফজরে * লড়িব জাইয়া আমি রোস্তমের সাতে ॥ দোওা কর ঘড়ি বিচে করে লিব ফতে * এহা বলে রাতকালে রহিল শুইয়া ॥ ফজর হইতে উঠে কোমর বান্ধিয়া আলাও লস্কর সাতে লিয়া আপনার ॥ আইল ময়দান পরে হইয়া সওার * লাফ কাফ করে ফেরে ঘোড়া কোদাইয়া ॥ হাক হাকে ঘন ডাকে রোস্তম বলিয়া * কহে এবে আইস দেখি ইরানি সরদার ॥ মেরা হাতে জাও কেছা বাচিয়া এবার * সুনিতে পাইয়া এছা রোস্তম জওান ॥ জলিয়া উঠীল জেন বারুদ সমান ॥ চাহে কি কোমর বেন্দে ময়দানেতে জায় ॥ হেনকালে গেও মর্দ্দ কহে এসে তায় * আ মাকে হুকুম কর জাইতে ময়দান ॥ দেখি কেছা জঙ্গ করে তুরুকি জওান*শুনিয়া রোস্তম তারে করিল বিদাই ॥ কহিল জাইয়া দেহ তুরুকে সাজাই * এছাই হুকুম পেয়ে গেও নামদার ॥চলিল ময়দান পরে হইয়া সওার *মোকাবেলা হৈয়া কহে পুলাদে তখন ॥ কত সাট কর দেখি আইসহ এখন * সুনিয়া পুলাদ অন্দ ফাসি লিয়া হাতে ॥ কুদিয়া ডালিল ফাসি গেয়ের গলাতে* চাহে কি খেচিয়া ফাসি লিয়া জায় ধরে ॥ হেনকালে বেজন দেখিতে পেয়ে তারে * রোহামে লইয়া সাতে ফাসি হাতে লিয়া ॥ ঘোড়া কোদাইয়া দোহে ময়দানে জাইয়া*দুই দিগ হইতে ফাসি ডালিয়া দুজন ॥ পুলাদ অন্দেরে বন্ধ করিল তখন * এক ফাসি গলে আর দোছরা বাজুতে ॥ ধরিয়া দু ফাসি দোহে লাগিল খেচিতে * কিন্তু সে পুলাদ অন্দ কৈল এছা জোর ॥ টুটিল দোহার ফাসি হইল ফাফর*খালাস পাইয়া সে পুলাদ অন্দ ফের ॥ গেওকে ছাড়িয়া হাতে লইয়া সমসের *গোস্বাতে বেজন আর রোহাম উপরে ॥দুই চোট দোহারে মারিল এসে জোরে * কারা চোট দোহাকার ছেরেতে লাগিয়া *ঘাও মুখে লহু জারি উঠীল জলিয়া * ফের এক চোট মারে গেওের মাথায় ॥ ঐরূপে জখম করিয়া দিল তায় * তিন জনে জ খম হইয়া তার হাতে ॥ টুটীল গায়ের জোর না পারে লড়িতে * দেখিতে পাইয়া তাহা গোদর্জ্জ সর দার ॥ কান্দিয়া রোস্তমে কহে হৈয়া জারে জার*আপনি মদত কর সেতাবি জাইয়া ॥ বেটাও পোতা কে মেরা লেহ বাচাইয়া * কারীচোট লাগিয়াছে না পারে লড়িতে ॥ নহেত জাইবে মারা পুলাদের হাতে *এহা সুনে কোমর বান্ধিয়া নামদার ॥রখসো নামে ঘোড়া পরে হইয়া সওার * জাইয়া পুলাদ অন্দে কহিল হাকিয়া ॥ জখম করিলে মেরা লোকের লাগিয়া * কত জোর রাখ তুমি দেখিব এবার ॥ পৌছিল আসিয়া এবে মউত তোমার * এহা বলে গোস্বা ভরে ফাসি হাতে লিয়া ॥ পুলাদের উপ রেতে দিলেক ডালিয়া * দেখিয়া পুলাদ অন্দ ছের ঝোকাইল॥ রদ হইয়া গেল ফাসি নাহক লাগিল তবে সে পুলাদ মর্দ্দ গোর্জ্জ হাতে লিয়া ॥ রোস্তমের উপরেতে মারিল খেচিয়া * রোস্তম দেখিয়া তাহা ঢাল পাতে ছেরে ॥ আসিয়া জে গোর্জ্জ লাগে ঢালের উপরে * এয়ছা জোরে গোর্জ্জ মেরে ছিল দাগাবাজ॥ তামাম লস্করে তার পৌছিল আওাজ * আগুন উঠীল ঢালে বিজুলী সমান * রোস্তম সে গোর্জ্জ খেয়ে হৈল পেরেসান * খুন জারি হৈল চোট লাগিয়া মাথায় ॥ আহা নাহি করে মর্দ্দ ফিরিয়া না চায় * হুসিয়ার হইয়া রহে ঘোড়াতে ছওার ॥

গেল ছালামতে * এহা বলে তার পরে রোস্তম মর্দ্দানা ॥ হাতি আর তক্ত আদি লুটের ছামানা * মৌজুদ করিয়া আপে করে কোন কাম ॥ ভেজিল জেখানে সাহা খোছরু নেকনাম * আর সে চিজের সাতে হেফাজত করে ॥ পাঠাইয়া আপনার বেটার খাতেরে * ফারামর্জ্জ গেল সে সামানা সব লিয়া খোছরু সাজাদার আগে পঁওছিল জাইয়া * দেখে বড়া খুসি হৈল খোছরু নামদার ॥ ফারামর্জ্জে বসাইল করিয়া পিয়ার * তার পরে মাঙ্গাইয়া খেলাত জরির ॥ ফারামর্জ্জে নেওয়াজিয়া দিল জাহা গির * আর এক সাহানা খেলাত এনে ফের ॥ রোস্তমে বকসিস ভেজে করিয়া মেহের * ফরিবোর্জ্জ তুছ ও গোদর্জ্জ গেও আর ॥ রোস্তম বেজন আদি জত নামদার * এনাম খেলাত দিল সবার তরেতে পাঠাইয়া দেন ফরিবোর্জ্জের মারফতে * আর জত আলাও লস্কর তাহাদেরে ॥ খুসি কৈল মাল মাত্তা ভেজিয়া সবারে * বাদসার খেলাত এয়ছা ফরিবোর্জ্জ এনে ॥ দিলেন খয়রাত করে খুসি হৈয়া মনে * তার পরে সেথা হৈতে রোস্তম সর্দ্দার॥ এরাদা কারল দেলে আগে যাইবার * তুরান সহরে জেথা আফরাছিয়াব ॥ লড়িয়া তাহার তরে করিতে খারাব * রওানা হইল লিয়া লস্কর সামান ॥ বাজিতে লাগিল বাজা নাকারা নিশান * চলিল হাসমতে এছা লইয়া লস্কর ॥ তুরুকি ভাগিয়া গেল সোন সে খবর * রোস্তমের ডরে লিয়া লস্কর সর্দ্দার ॥ ভাগিয়া তুরানে গিয়া বেছা নামদার * আফরাসিয়াব সাহা ছিল জেখানেতে ॥ জাইয়া আরজ করে তাহার আগেতে * সোন বাদসা নামদার কহিয়া জানাই ॥ চিন ও তুরুকি আদি জতেক ছেফাই * করিল বহুত জঙ্গ হুনুর হেকমতে ॥ কোনরূপে না পারিল রোস্তমের সাতে * আখেরে খাকান চিন হৈল গেরেপ্তার ॥ ধরে লিয়া গেছে তারে রোস্তম সর্দ্দার * আর তার ছিল জত আলাও লস্কর ॥ ডরে ভেগে পালাইল চিনের সহর * সেহাল দেখিয়া জত তুরুকি সওার কারার হইয়া সেথা না রহিল আর * কি করি আখেরে আমি লাচারির হালে ॥ আসিয়া জে হাজির হইনু পানা তলে * শুনিয়া গমগিন হৈয়া আফরাসিয়াব ॥ দেল বিচে বহুতি করিয়া পেচ তাব * তলব করিয়া কহে তামাম সরদারে ॥ এহার মছলত এবে কহিবে আমারে * শুনিয়া সরদার জত কহিল এয়ছাই॥হুজুরে হাজের মোরা থাকিতে সবাই * আগু পিছু ভালা বুরা না বুঝিয়া দেলে ॥ নাহকখাকান চনে মদত মাঙ্গলে * আখেরে সে ধরা গেল রোস্তমের হাতে ॥ পেরেসানি বদনাম হৈল ওঠাইতে জওা মর্দ্দ আমাদের না বুঝ আপনি ॥ হুকুম হইলে পারি জাইতে এখান * নেমক হালাল তেরা আমরা সবাই ॥ জেখানে ভেজিবে জাব করিতে লড়াই * এবে জদি কহ গিয়া রোস্তমের সাতে ॥ মহিম করিয়া তারে মেলাই থাকেতে * সুনিয়া তুরান সাহা কহিল তখন ॥ বড় পাহালওান সেই রোস্তম পিলতন * আমি তারে আজমাইয়া দেখিনু বিস্তর ॥ বার২ নানারূপে ময়দান উপর * নেজা গোর্জ্জ তেগ তির মারিলে তাহায় ॥ বদনে তাহার কিছু আছর না হয় * ফোলাদি অজুদ তার জেমন পাষাণ ॥ কি কব তাহার আমি করিয়া বয়ান * মারিতে তাহারে আছে বড়ই কঠিন ॥ সহজে নারিবে তারে জানিবে একিন * এহা বলে ভেবে গুনে তাবাদে আখেরে ॥ নামা এক লেখে ফের খোতন সহরে * নামেতে পুলাদ অন্দ খোতনের সাহা ॥ আফরাসিয়াব তারে লিখিল জে এহা * সোনহ পুলাদ অন্দ কহি জে তোমায়॥ কায়খোছরু মহিমেতে আসিয়া হেথায় * বেছাকে আজেজ কৈল রোস্তমের হাতে ॥ আসিয়া খাকান চিন বেছার মদতে * রোস্তমের হাতে ধরা গিয়াছে আখের ॥ তাবাদে রোস্তম হেথা আসিয়াছে ফের * তোমা এয়ছা পাহালওান আর কেহ নাই ॥ আসিবে মদতে এবে লইয়া ছেফাই * পাইয়া পুলাদ অন্দ এয়ছাই লিখন ॥ তুরানি মদতে আইল লিয়া লোক জন * আফরাছিয়াব দেখে লস্কর তাহার ॥ ভরসা বান্ধিয়া দেলে হইল কারার * এখানে রোস্তম লিয়া লস্কর সামান ॥ মঞ্জিলে২ রাহা চলে পাহালওান * কত দুর গিয়া রাহে কেল্লা এক পাইল ॥ দেখে সে কেল্লাতে মর্দ্দ চড়াই করিল * ছিল সে কেল্লার বিচে লোক বেশুমার ॥ আর এক ছর্দ্দার আছিল তা সবার * কাফুর বলিয়া নাম সেই সর্দ্দারের রোস্তমে দেখিয়া সেই লইয়া সমসের * মহিম করিতে আইল বান্ধিয়া কোমর ॥ রোস্তম ডালিল ঘোড়া তাহার উপর * মোকাবেলা হইল জে দোন আছওার॥ কাফুর রেস্তামে মারে খেচিয়া তলওার * রোস্তম

যায় বেসুমার॥সোলা ভেসে জায় জেন দরিয়া মাঝার * রোস্তমের জওামর্দ্দি দেখিতে পাইয়া ॥ তবে সে খাকান চিন ডরে ডরাইয়া * নামা এক লিখিয়া ভেজিল রোস্তমেরে ॥ লিখেছিল এছা সেই নামার ভিতরে*সোনহ রোস্তম কহি তোমার কারন ॥ ঝাগড়া বিবাদে আর নাহি প্রয়োজন* আইস দোহেছাফ দেলে ছাড়িয়া লড়াই ॥ মিলে জুলে খুসিহালে ছোলে করি ভাই*রোস্তম পয়গাম এছা পাইয়া তাহার লিখিল জওাব তারে সোন নামদার * ছোলের খাহেস জদি রাখ নেকনাম ॥ তবে যাহা কহি আগে কর সেই কাম * ছোফেদ জে হাতী তেরা আছে সওারির ॥ মোরাচ্ছার তক্ত আর আতলোছ হরীর পাঠাইয়া দেহ হেথা সেসব তামাম ॥ তাহার লায়েক বটে খোছরো নেকনাম*নহেত ছোলেতে মেরা না আছে দরকার ॥ লড়িতে তোমার সাতে আছি ওস্তওার* চিনসাহা এই মত জওাব পাইয়া * বারুদ সমান হৈয়া উঠিল জলিয়া * গোশ্বা হৈয়া আপনা লস্করে এহা বলে ॥ সুন জত পাহালওান তোমরা সকলে*একবারে গিয়া এবে ঘেরাও করিয়া ॥ তির মেরে রোস্তমেরে দেহ গেরাইয়া *বাদসার হুকুম পেয়ে তামাম সেফাই ॥ তির মারে রোস্তমেরে ঘিরিয়া সবাই *বেহুদা চালায় তির চারিদিক হৈতে ॥ রোস্তম দেখিয়া তাহা দেলের গোস্বাতে* তলওার খেচিয়া জোরে জায় খেদাড়িয়া॥ দসে২ মেরে চলে মুণ্ডমালা দিয়া * পায় জারে নাহি ছাড়ে মারিয়া গেরায় ॥ রাহা ছাড়াইয়া চলে ধরিতে বাদসায় * নিকটে জাইয়া মর্দ্দ ফাসি নেকালিয়া ॥ খাকান চিনের গলে দিল লাগাইয়া *হাতির উপরে বাদসা আছিল সওার ॥ জোরেতে খেচিয়া ফাসি রোস্তম সরদার*হাতি হৈতে দিল তারে জমিনে ডালিয়া॥উছরিয়া বৈসে তার ছাতিতে দাবিয়া*হাত পাও বেন্ধে তার রোস্তম সরদার ॥ লস্করেতে সুপিয়া দিলেন আপনার * তার পরে তেগবাজি করিয়া বিস্তর ॥ লহু নদী বহাইল ময়দান উপর* আজেজ হইল যত চিনের সওার * রোস্তমের সাতে না লড়িতে পারে আর * বেছের হইল সবে বাদসা গেল ধরা ॥ আর গেল আলাও লস্কর সব মারা * নিদানেতে ভেবে গুনে সরদার সবাই ॥ পিঠ দিয়া ভেগে চলে ছাড়িয়া লড়াই * বাকি জা লস্কর ছিল সাতে করে লিয়া ॥ চিনের মুল্লক বিচে গেল পালাইয়া * তা গেল হইল জদি চিনের ছেফাই ॥ তখন ইরানি সবে ছাড়িয়া লড়াই * মালমাত্তা তক্ত হাতী চিনের সাহার॥আর ছিল সামানা আছবাব জত তার * লুটিয়া সে সব চিজ খুসি খোসালিতে ॥ ফিরিল ইরানি লোক ময়দান হইতে*দেখহ কুদরত কেছা এলাহি রবের ॥ কভু জোরওার করে কভু করে জের* ফজর হইলে ফের হইবেক সাম ॥ বাড়ানা ঘাটানা সব এলাহির কাম * একমত কভু কারে নাহি স্নেহ রাখে ॥ বাড়াইয়া পছেলাতে কিছু দিন দেখে * জেবা কেহ ঠিক থাকে সিদা রাহে জায় ॥ হামেসা কায়েম রাখে এলাহি তাহায় * জালেম জে হয় তারে জুলুমে ডালিয়া ॥ আখেরেতে দেয় খোদা পয়মাল করিয়া * চিন সাহা আছিল এয়ছাই নামদার ॥ দেখ কেছা আখেরে খারাবি হৈল তার*হাতি ও সোনার তক্ত লস্কর সামানা॥কামে না আইল কিছু সব হৈল ফানা*রোস্তম ময়দানেতারে ধরিয়া জোরেতে আইল জবে পাহালওান তুছের আগেতে* নানারূপে খারাবি করিয়া কত তায় ॥ বন্দখানা দিয়া রাখে কয়েদ খানায় * তাবাদে রোস্তম ফের কহে লস্করেতে ॥ ঘেরহ তুরুকি লোকে না দেহ জাইতে* বড় দুক্ষ দিয়াছে তুরুকি দাগাবাজ ॥ ধরিয়া উচিত মত করিব এলাজ * এছাই হুকুম পেয়ে ইরানি ছেফাই ॥ চাহে কি ময়দানে জায় করিতে লড়াই* হেনকালে দিন গেল হৈল নিমাসাম ॥ নাহি গেল রহে সব করিয়া আরাম * হেথায় তুরুকি লোক কি করে সেসেতে ॥ দেখে জবে চিনওালা ভাগিল চিনেতে ভেবে গুনে গেল বিচে ডরে ডরাইয়া ॥ রাতকালে তুরানেতে গেল পালাইয়া * অধিন খাতের কহে কেতাব বচন ॥ সোনহ রসিক সবে হৈয়া খুসি মন *

পাহালওান রোস্তম আফরাছিয়াব আর পুলাদওন্দ বাদসার সহিত মহিমে
ফতে পাইয়া কায় খোছরু বাদসার হুজুরে আসিবার বয়ান ॥

রাত পোহাইয়া গেল বেহানে উঠিয়া ॥ দেখিল তুরুকি সব গেছে পালাইয়া * তখন রোস্তম কহে ইরানি সবায় ॥ তোমরা আরাম করে রহিলে হেথায় * তুরুকি লস্কর হোথা ফোরছত পাইয়া ॥ রাতকালে তুরানেতে গেছে পালাইয়া * হাজার আফছোছ মেরা হৈল এই বাতে ॥ ভাগিয়া তুরুকি সবে

দার লোক জন ॥ রোস্তমের পোস্তপানা হৈল জে তখন* রোস্তম সরদার লোকে কহে আপনার॥ এয়ছা জঙ্গে না ডরিবে দেলের মাঝার * দুস্মনের বেসুমার দেখিয়া ছেফাই ॥ নাহি ডরাইবে কেহু করিতে লড়াই * এহা বলে হুকুম করিল সবাকারে ॥ গোর্জ্জ ওঠাইয়া মার চিনের লস্করে * মার জেথা পাবে জারে ডালহ মারিয়া॥জিতা জানে কার তরে না দেহ ছাড়িয়া*হুকুম পাইয়া জত ইরানি ছওার॥ গোর্জ্জ হাতে লিয়া ছুটে বলে মার২ * মহিম করিল সুরু দুদলে ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * মার২ ধর২ হৈল সোর সার ॥ কেবা কারে মারে ধরে না হয় সুমার * ঝনাঝন ঠনাঠন বহিল তুফান ॥ দিকে২ করে জঙ্গ জত পাহালওান * ঘুরে যেন চাক হেন ইরানি ছওার ॥ ঘোড়া বেড়ি দিয়া মারে হাজারে হাজার * রোস্তম চলিল মেরে হৈয়া বেদেরেগ ॥ এক হাতে গোর্জ্জ লিয়া আর হাতে তেগ * দাতেতে লাগাম ধরে পিঠ পরে চাল ॥ দফা২ সাফ করে হৈয়া মস্ত হাল * দিকে২ কত লোকে ডালিল চিরিয়া ॥ কত লোকে গোর্জ্জ মেরে দিল ওড়াইয়া * সুমুখ ডাহিন বামে জে কেহ আইল ॥ গোর্জ্জ মেরে সবাকারে গুড়া করে দিল * রখসো ঘোড়া মারে জোড়া জে আইসে পিছনে॥ মারা গেল জে আইল গিরিয়া ময়দানে * এই রূপে চারিদিকে লড়ে পাহালওান ॥ ময়দানেতে বহাইল লহুর তুফান * পেয়ে শোক জত লোক তুরূকি চিনের ॥ কহে হায় একি দায় হৈল আমাদের* ভেগে জাই রাহা নাই পাই কোন বাগে ॥ ইরানি লস্কর ঘিরে আছে চারিদিগে * রোস্তমেরে কেহ জোরে আটাতে নারিল ॥ দাগ চড়াইতে তারে কেহ না পারিল *চিনও তুরূক বিচে এতেক সরদার ॥ এয়ছাই জুগ্যতা নাহি হইল কাহার * এইরূপে কহে জত তুরূকি ছেফাই ॥ পাহালওান একমর্দ্দ সুনিয়া এয়ছাই * রোস্তমের বাগে চলে হইয়া সওার ॥ কাউছের দামাদ সে বড় জোরওার *ছায়া বলে নাম তার চিনের ছেফাই॥নানারূপে জানে খুব করিতে লড়াই*আসিয়া সে চাহে কি লইয়া তলওার ॥ রোস্তমের উপরেতে চালায় উয়ার * রোস্তম দেখিয়া তারে জোরেতে হাকিয়া ॥ কোমরে মারিল তার নেজা ঘুমাইয়া * এয়ছাই জোরেতে নেজা মেরে ছিল তায় ॥ জমিনে গিরিয়া সে মরিয়া গেল ঠায় * তার পরে কাকছাল নামে এক মর্দ্দ ॥ কুদিয়া আইল ফের ওড়াইয়া গর্দ্দ * নাহিক জানিয়া গিধি রোস্তমের জোর আসিয়া ময়দান পরে করে জোর সোর * রোস্তম কহেন খাড়া রহরে কমিন ॥ নেহাত বুঝিনু তেরামউতের চিন * মেরা হাতে জাবে কোথা জান বাচাইয়া ॥ জমঘরে দিব তুঝে এখনি ভেজিয়া * এহাবলে গোশ্বা ভরে গোর্জ্জ লিয়া হাতে॥ মারিল তাহার ছেরে খেচিয়া জোরেতে*এছা জোবে গোর্জ্জ মেরে ছিল পাহালপান ॥ ছিনা বিচে গেল তার ঢুকিয়া গর্দ্দান * মারা গেল কাকছাল জমিনে গিরিয়া ॥ আর নাহি আইসে কেহমহিম লাগিয়া*রোস্তম দেখিলকেহ নাআইসে জখন॥তেগ লিয়া রেগ দিয়া চলিল তখন* জাকে পায় মারে তায় গোস্বা দেল হৈয়া ॥ দিকে২ কত লোকে দেয় গেরাইয়া *ঘোড়া হেকে ঝাকে২ মারে মস্তহালে ॥ বাঘ জেন সান্ধাইল ছাগলের পালে * বাও ভরে ধরে কারে ছেরে ঘুমাইয়া ॥ তুরূকি লস্কর বিচে দেয়ত ফেকিয়া * এইরূপে ময়দানেতে লড়িয়া বিস্তর ॥ গেরাইল তুরূকের বহুত লস্কর * কেহ আর নাহি আইসে রোস্তমের বাগে॥জিউ লিয়া পিঠ দিয়া দিকে২ ভাগে * আছিল গোস্বার জোস রোস্তমের দেলে॥চিনসাহার তরফেতে ঘোড়া হেকে চলে * রোস্তম চলিল জদি ঘোড়া ওঠাইয়া ॥ ইরানি সর্দ্দার তবে দেখিতে পাইয়া * তুছ ও গোদর্জ্জ গেও রোহাম সর্দ্দার ॥ এই রূপে নামি২ হাজার ছওার* রোস্তের সাতে২ ওঠাইয়া ঘোড়া ॥ পিঠ পরে সকলেতে হৈল গিয়া খাড়া * দেখিয়া খাকান চিন রোস্তমের তরে ॥ হুকুম করিল গিধি আপনা লস্করে * সেতাবি ময়দান পরে জাইয়া সবাই ॥ ইরানি লোকেরে ধরে করনা সাজাই * নাহি ডর এক লোকে ধরে এত জোর ॥ হামলা করিয়া আইসে আমার উপর * এয়ছাই হুকুম পেয়ে চিনের ছেফাই ॥ রোস্তমের উপরেতে করিল চড়াই কেয়ামত হৈল জেন ময়দান মাঝার ॥ মার২ বলিয়া উঠিল সোরসার * জে দিকে রোস্তম ঘোড়া কুদাইয়া জায় ॥ হাজার২ লোকে মারিয়া গেরায় * বাও ভরে ধরে কারে মারে কাছাড়িয়া ॥ কত লোকে দিকে২ ডালিল চিরিয়া * বেসুমার মারা গেল লেখানে লস্কর ॥ আল্লা বিনে কেহ তার নাহি জানেওর লহুতে ডুবিয়া সেই তামাম ময়দান ॥ নহোর বহিল জেছা পানীর তুফান * কাটা লাস ভেসে জাযে

না হবে কখন * একথা শুনিয়া বেছা রোস্তমের ঠাই॥ ছালাম তছলিম করি হইল বিদাই* আছিল
খাকান চিন লস্করে জেখানে॥ আসিয়া হাজের হইল তাহার সামনে*রোস্তম কহিল জাহা বয়ানকরিয়া
একে২ বেছা তারে দিল সুনাইয়া * শুনিয়া খাকান চিন বেছার জবানি ॥ সর্দ্দার সবারে ডেকে কহে
এই বানি*শুনহ সর্দ্দার সবে কহিয়া জানাই ॥ রোস্তম বেছারে ডেকে কহিল এছাই * বুঝিয়া এবাত
সবে কহত সেতাব ॥ এবাতে কি আছে তোমা সবার জওাব * সুনিয়া সাঙ্গাল চিন জঙ্গি আছওার ॥
খাকান চিনেরে কহে শুন নামদার* মারা জাই সেহ ভাই রৈয়া জাবে নাম ॥ ছোলে করা এখানেতে
নহে ভাল কাম * দুচারি জওান জদি মরে মহিমেতে ॥ আপনি আন্দেসা কিছু না করিবে তাতে *
কেননা দস্তুর আছে করিতে লড়াই॥ মারাজায় দুইদকে লস্কর ছেফাই * হায়াত থাকিলে কেহ নাহিক
মরিবে ॥ না আছে হায়াত জার কে তারে রাখিবে* খোদার ফজল হৈতে এখানে তোমার ॥ পাহাল
ওান নামি২ আছেত হাজার * এবাতে কি ডর তেরা সোন জাহাগির ॥ না কর আন্দেসা রহ খোসাল
খাতির *দেলেতে একিন এহা জানিবে নিদান॥আলবত্তা সে রোস্তমেরে কোনপাহালওান*জোরেতে
পাছাড়ে কিম্বা তিরেতে গেরায় ॥ কোনরূপে ঘায়েল করিয়া দিবে তায়*সাঙ্গাল এ কথা জদি কহিল
বাদসারে ॥ তবে সে খাকান চিন তার বাত পরে * লস্করে কহিল কাল ফজরে উঠিয়া॥জাহ সবে ময়
দানেতে মহিম লাগিয়া *একেলা রোস্তম দেখি রাখে কত জোর॥ঘিরে সবে মার তারে ময়দান উপর
একথা শুনিয়া তবে বেছা পাহালওান ॥ রহিল দেলের বিচে হৈয়া পেরেসান *না দিল জওাব কিছু
বাদসার লাগিয়া ॥ চুপ হৈয়া এক দিকে রহিল বসিয়া * কেন না সে সময়েতে মজলিছ বাদসার॥ আ
ছিল বহুতি কড়া মেজাজ সবার*একারনে কোন কথা না কহিয়া কায়॥চুপ চাপ হইয়া রহিল সে সময়
তাবাদে দোছরা রোজে সাঙ্গাল জওান ॥ ঘোড়াতে সওার হইয়া আইল ময়দান * লাফ কাফ করে
হেকে কহে রোস্তমেরে ॥ শুনহ রোস্তম মর্দ্দ কহি জে তোমারে*খাহেস আমার আছে তোমারসহিত
লড়িব ময়দানে তুমি আইসহ তুরিত *সুনিতে পাইয়া তবে রোস্তম সর্দ্দার ॥চলিল ময়দান পরে হইয়া
ছওার * জেখানে সাঙ্গাল চিন ময়দানে আছিল ॥ জাইয়া সেখানে তার মোকাবেলা হৈল * সাঙ্গাল
দেখিয়া কহে রোস্তমে তখন ॥ কত জোর রাখ তুমি দেখিব এখন *এহা বলে কুদেআইসে জোরেতে
হাকিয়া ॥ রোস্তম উপরে মারে নেজা ঘুমাইয়া * রোস্তম সে নেজা ঢালে ওড়াইয়া তার ॥ হেকে
বলে সামালরে তুরুকি গাওার * এহা বলে গোস্বা ভরে নেজা ঘুমাইয়া ॥ মারিল কোমরে তার জো
রেতে খেচিয়া *মেরে ছিল নেজা তারে এছাই জোরেতে ॥ধমকে সে জমি পরে গেরে ঘোড়া হৈতে
রোস্তম চাহেকি ফের লইয়া তলওার ॥ছের জুদা করে তার করিয়া ওয়ার*হেনকালে সাঙ্গাল উঠিয়া
সেথা হইতে ॥ পেয়াদা হইয়া ভাগে লস্কর বিচেতে *খেদাড়িয়া রোস্তম চলিল পিচে তার ॥ দেখিয়া
সে হাল জত চিনের সওার * সেতাবি করিয়া এসে সাঙ্গালের তরে ॥ ছালামেতে লিয়া গেল লস্কর
মাঝারে *কারার পাইয়া দেলে সাঙ্গাল তখন ॥ খাকান চিনের আগে কহে এ বচন * সোন বাদসা
নামদার কহি জনাবেতে॥বেছা পাহালওান জা কহিলহুজুরেতে*রাসবটে সে সকল কাজে গেল জানা
বড় পাহালওান বটে রোস্তম মর্দ্দানা * চিন ও তুরুক বিচে জত পাহালওান ॥ জোরে না হইবে
কেহ তাহার সমান * মহিমের পরিবন্দ জানে সে এয়ছাই ॥ না আটীবে কেহ তারে করিয়া লড়াই
শুনিয়া খাকান চিন গজব করিয়া ॥ সাঙ্গালের তরে কহে গোস্বাদেল হইয়া * সোনরে নাদান তুই
মজলিস ভিতর ॥ লাফ কাফ করে এত করিলি গুমর * মুখেতে সাপট তুই করিলি জেয়ছাই ॥ জানা
গেল এবে তেরা সে সব বড়াই * সাঙ্গাল শুনিয়া কহে বাদসার হুজুরে ॥ রোস্তমের সাতে তবে
পারি লড়িবারে * জদি মেরা সাতে দেহ লস্কর ছেপাই ॥ তবেত ময়দানে ফের মহিমেতে জাই *
সুনিয়া খাকান চিন বাদসা নামদার ॥ ছয় হাজার দিয়া তারে জঙ্গি আছওার * মহিমে ভেজিয়া দিল
ময়দান উপর ॥ চলিল সাঙ্গাল ফের বান্দিয়া কোমর *রোস্তম আছিল জেথা ময়দান উপরে ॥ চারি
দিগে ঘেরাও করিয়া লিল তারে*তবে সে রোস্তম মর্দ্দ করেকোন কাম॥ইয়াদ করিয়া দেলে এলাহির
নাম *গরম করিল খুব জঙ্গের বাজার ॥ হাকিয়া হয়দরি হাক বলে মার২* হাক শুনে ইরানি ছর

হুজুরে তোমার * শুনিয়া খাকান চিন বেছাকে তখন ॥ রোস্তমের আগে জেতে করিল বারণ * তার পরে হুমাকে কহিল এছা ফের॥ তুমি রোস্তমের আগে গেলে কি খাতের*হইয়াছে ডর বুঝি দেলেতে তোলার ॥ একারনে কর গিয়া খোসামুদি তার * শুনিয়া কহিল হুমা খাকান চিনেরে ॥ শুন বাদসা নামদার কহি যে তোমারে * হেক্কত না কর আমা সবার এয়ছাই ॥ রোস্তমের সাতে গিয়া করিতে লড়াই * আর এয়ছা কেহ নাহি আছে লস্করেতে ॥ মহিম সে করে গিয়া রোস্তমের সাতে * রোস্তম সে এছা মর্দ্দ রাখে কত জোর॥জখন সে খাড়া হয় ময়দান উপর*সের নর দেও পরি দেখিয়া তাহায় ডরেতে ময়দান ছেড়ে ভাগিয়া পলায়* মাজান্দারানেতে ছিল বড়া২ দেও ॥ রোস্তমের আগে তারা না টিকিল কেও * লাখে২ গেরাইল দেয়ের লস্কর ॥ আখেরেতে দেওজাত হইয়া ফাফর* রোস্তমের হুজু-রেতে হাজের হইয়া ॥ আছে সবে তাবেদারি কবুল করিয়া * পাহালওান রোস্তম জোরে জেছা বির তেয়ছা কেহ নাহি আছে শুন জাহাগির * আফরাসিয়াব না আটীবে তার সাতে ॥ আর কেবা আছে এয়ছা তুরুকি বিচেতে * শুনিয়া খাকান চিন গোস্বাতে ভরিয়া ॥ হুমাকে হুজুর হৈতে দিল হাকাইয়া তাহা বাদে বেছা ফের হইয়া হাজির ॥ আজিজিতে কহে সাহা চিনের খাতির * আমার আরজ সোন বাদসা নেকজাত ॥ পহেলা শুনিয়া লেহ রোস্তমের বাত * কিবা সেহ কহে শুনে আসি একবার ॥ তা বাদে করিবে দেলে জা আছে তোমার * নানারূপে বেছা জদি মিনতি করিল ॥ তবে সে খাকান চিন যাইতে কহিল* হুকুম পাইয়া বেছা খাকান চিনের॥ রোস্তমের আগে আসি হইল হাজের* কিন্তু রোস্ত মের ডরে বেছা নামদার॥থর২পাওকাপে না হয় কারার*রোস্তম সেহাল তার পাইয়া দেখিতে॥ কহিল আন্দেসা তুমি না কর দেলেতে * শুনিয়া যে বেছা তবে হইয়া কারার॥ রোস্তমে তারিফ করে হা জার২ * কহিতে লাগিল ফের এয়ছাই বচন ॥ সোনহ রোস্তম কহি তোমার কারন * কায়খোছরো সাহাজাদার আমি ওফাদার ॥ খাদেমের বিচে এক খাদেম তাহার * করেছি খেদমত আমি তাহার বিস্তর ॥ বন্দেগির হক মেরা আছে বহুতর * কোন বাতে আমি তার না কৈনু বুরাই ॥ হরবাতে করি য়াছি বহুতি ভালাই * খুন হৈতে আমি তারে বাচাইয়া দিনু ॥ খেদমতের হক জাহা বজায় আনিনু * আর তার হর বাতে করেছি বেহতার ॥ সে সকল জানে ভাল তাহার মাতার * শুনিয়া রোস্তম কহে বেছার খাতিরে ॥ আমি খুব জ্ঞাত আছি সেই বাত পরে * কিন্তু তুমি হুদেলা হৈয়াছ নামদার এছববে মুছিবতে আছ গেরেপ্তার * নহে তুমি করিয়াছ বহুতি ভালাই ॥ তোমার এহছান মানা হামে হাল চাই * সুনে ফের বেছা কহে রোস্তমের তরে ॥ সোন পাহালওান কহি তোমার খাতিরে * এবে আমি করিতেছি এছাই কারার ॥ হুকুম মানিয়া রব খোসরু সাজাদার* ছের না হেলাব ফর্ম্মা বর্দ্দারি হইতে ॥ রাত দিন খেদমতে রহিব হুজুরেতে * মাফ কর পাহালওান জিউ আম্মা পাই ॥ ছোলে কর ছাফ দেলে ছাড়িয়া লড়াই * তুরানি লোকেরে নাহি কর ছারখার ॥ কবুল করহ এই আরজ আমার রোস্তম কহিল মর্দ্দ কহি জে তোমায় ॥ আমার এতবার আছে তোমার কথায় * জে কারনে মাজ্ঞা ইনু তোমার খাতির ॥ কহি সে সকল কথা করিয়া জাহির * জার দায় হয় এত ঝগড়া ফছাদ ॥ দেহ এনে তার তরে ঘুচুক বিবাদ * জদ্যপি বাসনা থাকে ছোলে করিবারে ॥ গিয়া তবে কহ আফরাছি য়াবের তরে * গারসিওজ কমিনারে জিঞ্জির করিয়া ॥ খোছরু সাহাজাদার আগে দেহ পাঠাইয়া * দুর হৈয়া জাবে তবে ঝগড়া ফছাদ ॥ মারিলে তাহারে জাবে মিটিয়া বিবাদ * বন্দি হৈতে দেল তবে ছাফ হৈয়া জাবে ॥ নহে এ বিবাদ কভু নাহিক মিটিবে * আসিয়াছে কায়খোছরু কারার করিয়া ॥ লইবে বাপের দাদ তাহাকে মারিয়া * একিন জানিও আফরাছিয়াবের সাতে ॥ ছোলে করা মঞ্জুর না হয় কোনমতে * কেননা সে আফরাছিয়াব দাগাবাজ ॥ দাগাবাজি ছেওা তার নাহি কোন কাজ * ছোলে করে কারারে সে না থাকে সদাই ॥ কত বার ছোলে সেহ করিল এছাই * আখেরে তুড়িয়া সেহ কওল করার ॥ দাগাবাজি করে জঙ্গ করে দাগাদার * কি করি খাতেরে তেরা হইল জরুর ॥ ছোলে করা তার সাতে আমাকে মঞ্জুর * কিন্তু জা কহিনু আমি তোমার কারন ॥ এহা না করিলে ছোলে

খাকান চিনেরে কহে শুন নামদার * বেদেল হইল মেরা লস্কর সেফাই ॥ কেহ নাহি চাহে এবে ক-রিতে লড়াই * আমার ভি তাব নাহি রোস্তমের সাতে ॥ মহিম করিব গিয়া ময়দান বিচেতে * চাহি এবে হেথা হৈতে লইয়া ছেফাই ॥ বাদসার হুজুরে ফিরে তুরানেতে যাই * শুনিয়া খাকান চিন কহিল বেছারে ॥ গম নাহি কর তুমি এই বাত পরে * ফজরে উঠিয়া কাল ময়দানে জাইয়া ॥ রোস্তমে আনিয়া দিব কয়েদ করিয়া * না কর আন্দেসা তুমি দেলেতে আপন ॥ হইয়া খাতের জমা রহ খুসি মন * এই রুপে কহা সোনা করিতে আছিল ॥ কহিতে২ দিন গোজারিয়া গেল * হেনকালে এক মর্দ্দ চঙ্গছ নামেতে ॥ আসিয়া সে সাট করে লাগিল কহিতে * বেহানে একেলা আমি ময়দানে যাইয়া ॥ তির মেরে রোস্তমেরে দিব গেরাইয়া * সুনিয়া খাকান চিন কহে তার তরে ॥ জদি তুমি রোস্তমে মারিতেপার তিরে * তবে তুঝে মাল মাত্তা দিব নেওাজিয়া ॥ মুল্লক জায়গীর দিব খোসাল হইয়া * শুনিয়া সে কহিল হইয়া খুসি মন ॥ রাত পোহাইয়া ছোবে হইল জখন * ঘোড়াতে চড়িয়া লিয়া তির ও কামান আসিয়া ময়দান পরে করে তান সান * হেকে বলে আইস দেখি রোস্তম সরদার ॥ আজ কেছা ফতে পাও মহিমে আমার * আমি যদি গোশ্বাতে খেচিয়া মারি তির ॥ পাছাড়িয়া দিতে পারি মহা২ বীর * মেরা আগে তুমি এবে টীকিবে কোথায় ॥ তির মেরে গেরাইয়া দিব জে তোমায় * শুনিয়া রোস্তম মর্দ্দ হাসিয়া তখন ॥ ময়দানে আসিয়া কহে তাহার কারন * সুনরে নাদান কহি তোমার লাগিয়া ॥ মউতে এখানে তুঝে আনিল টানিয়া * ফিরে জাহ নহে তুঝে কামুছের পারা ॥ তির মেরে গেরাইব করিয়া ঝাঞ্জারা * জমিন করিব লাল খুনেতে তোমার ॥ তবে তুমি জওামর্দ্দি বুঝিবে আমায় * সুনে সে চোঙ্গছ মর্দ্দ হৈয়া গোস্বামন ॥ তির ও কামান হাতে লইয়া তখন * রোস্তমের তরফেতে মারিল খেচিয়া ॥ রোস্তম মর্দ্দানা তাহা দেখিতে পাইয়া * সেতাবি করিয়া ঢাল পাতিল সামনে ॥ ঢাল ছেদে লাগে তির আসিয়া বদনে * সামালিয়া আপনাকে রোস্তম তখন ॥ তলওার লইয়া হাতে হৈয়া গোস্বা মন * কুদিয়া তাহার পানে চলে খেদাড়িয়া ॥ চোঙ্গছ দেখিয়া ভাগে ঘোড়া ওঠাইয়া * পিছে২ জায় তার রোস্তম সরদার ॥ কতদুরে নিকটেতে জাইয়া তাহার * ধরিয়া ঘোড়ার দুম জোরেতে খেচিয়া ॥ দিল তারে ঘোড়া সুদ্ধা জমিনে ডালিয়া * জমিনে গিরিল জদি চোঙ্গছ জওান ॥ তলওারে রোস্তম তারে কৈল দুইখান * মারিয়া তাহারে ফের তেগ হাতে লিয়া ॥ হাকে ঘর সের জেন বেড়ায় ঘু-মিয়া * দেখিয়া তুরুকি সবে রোস্তমের জোর ॥ পাও নাহি রাখে কেহ ময়দান উপর * পিছে হেটে ভেগে জায় ময়দান ছাড়িয়া ॥ আগে নাহি বাড়ে কেহ হেম্মত করিয়া * দেখিয়া তখন হুমা আসিয়া আখেরে ॥ কহিতে লাগিল এহা রোস্তমের তরে * সুনহ রোস্তম মর্দ্দ কহি জে তোমায় ॥ না কর বরবাদ আর তুরুকি সরায় * ছোহরাবের অছিয়ত সকলি ভুলিয়া ॥ মহিম করিতে আইলে কোম্মর বান্ধিয়া ছোহরাব মরিল জবে কহিল এছাই ॥ তুরুকের সাতে নাহি করিবে লড়াই * সেই সব বাত তুমি না করে এয়াদ ॥ আসিয়া তুরুকে দিলে করিয়া বরবাদ * রোস্তম জওাব দিল হুমাকে এয়ছাই ॥ বুঝহ জদ্দপি রাখ আক্কেল দানাই * দাগা দিয়া ছিয়াওসে না মারিতে জদি ॥ তা হইলে মেরা দেলে নাহি ছিল বদি * ছিয়াওস ছিল মেরা পিয়ারা এমন ॥ ছোহরাব ফরজন্দ মেরা না ছিল তেমন * একা রনে দেলে দর্দ্দ হইয়াছে মোর ॥ নহে কি তলওার ধরি তুরুকি উপর * সুনিয়া সে হুমা কহে রোস্তম হুজুর ॥ ছিয়াওসের বদি আপে করিয়া জে দুর * মাফ করে দিয়া আমা সবার কারন ॥ ছোলে কর মিলি সবে হৈয়া খুসি মন * রোস্তম কহিল তুমি লস্করে জাইয়া ॥ বেছা পাহালওানে হেথা দেহ পাঠাইয়া * এখানে আইলে বেছা তাহার খাতির ॥ পুসিদা জে কথা আছে করিব জাহির * এতেক সুনিয়া হুমা জাইয়া লস্করে ॥ কহিতে লাগিল মর্দ্দ বেছার খাতিরে * সোন পাহালওান বেছা কহি বিবরণ ॥ রোস্তম তলব তুঝে করিল এখন * ভাল হয় তুমি সেথা গেলে একবার ॥ জাহ রোস্তমের আগে শুন নামদার * হুমার জবানি বেছা এতেক সুনিয়া ॥ খাকান চিনের আগে গেলেন চলিয়া * আরজ করিয়া এয়ছা কহিল তাহায় ॥ না জানি রোস্তম কেন ডেকেছে আমায় * আপনি হুকুম জদি কর মোর তরে ॥ তবে হৈলে জাইতে পারি রোস্তম হুজুরে * দেখি কিবা কহে সে রোস্তম নামদার ॥ জাহের করিব এসে

এহা বেছার কারন * স্থন বেছা জা কহিলে কাজে গেল জানা ॥ বড় পাহালওান এই রোস্তম মর্দ্দানা বুঝিনু এখন আমি লস্করে আমার ॥ এছা পাহালওান কেহ নাহিক জে আর * রোস্তমের সাতে গিয়া করিবে লড়াই ॥ চিন ও তুরুক বিচে কে এয়ছা ছেফাই* এহা বলে ডরে ডরাইয়া সকলেতে ॥ রোস্তমের আগে কেহ না আসে লড়িতে * জখন না আইল কেহ করিতে লড়াই ॥ বাজিল বাছুড়ি ডঙ্কা ফিরিল ছেফাই * দিন গোজারিয়া গেল হৈল নিমাসাম ॥ রাতকালে দুদলের লস্কর তামাম * খেয়ে পিয়ে রহিল যে আরাম করিয়া ॥ কোমর বান্ধিল ফের ফজরে উঠীয়া* বাজিতে লাগিল বাজা নাকারা নিশান ॥ খাড়া হৈল দুই দলে জত পাহালওান * তখন খাকান চিন কহিল এয়ছাই ॥ কহ কে জাইবে আজ করিতে লড়াই * সুনিয়া কামুছ নামে এক পাহালওান ॥ আসিয়া কহে সে আমি জাইব ময়দান নাহিক ডরাই আমি রোস্তমের তরে ॥ দেখি সেহ লড়ে কেয়ছা আমা বরাবরে * এহা বলে ঘোড়াতে ওার হইয়া ॥ আইল ময়দান পরে গর্দ্দ ওড়াইয়া* হেকে বলে আইস দেখি রোস্তম জওান ॥ মেরা হাতে আজ কেয়ছা বাচাও পরান * সুনিয়া রোস্তম জলে আগ বরাবরে ॥ চাহে কি সওার হয় ঘোড়ার উপরে * দেখিয়া সাগরেদ এক এসে রোস্তমের ॥ কহিতে লাগিল এহা রোস্তম খাতের*আমি এয়ছা সাগরেদ থাকিতে আপনার ॥ আপনি মহিমে জাবে এ কোন বিচার * আমাকে ভেজিয়া দেহ ময়দানেতে জাই ॥ তেগ জোরে তুরুকেরে মারিয়া গেরাই *আছিল তাহার নাম আলওায় বলিয়া॥ রোস্তম ময়দানে তারে দিল পাঠাইয়া * বড় জোরওার ছিল সেই পাহালওান ॥ জঙ্গ বিনা এক ঘড়ি রহিত হয় রান * আসিয়া ময়দানে সেহ কামুছের তরে ॥ কহিতে লাগিল কত লানতান করে * সুনিয়া কামুছ মর্দ্দ গোস্বা দেল হৈয়া ॥ মারিল কোমরে তার নেজা ঘুমাইয়া * এয়ছাই জোরেতে নেজা মেরে ছিল তায় ॥ কোমর টুটীয়া মর্দ্দ মারা গেল ঠায় * দেখিয়া আফছোছ করে রোস্তম তখনি ॥ ঘোড়া ওঠাইয়া যায় ময়দানে আপনি * হেকে বলে খাড়া রহ দেখিব তোমায় ॥ মেরা লোকে মেরে ভেগে জাইবে কোথায় * সুনে সে তুরুকি কহে রোস্তমের তরে ॥ আস্কবুছ মত নাহি বুঝিবে আমারে * নাহিক ডরাই হাক সুনিয়া তোমার ॥ ডরাইবে তেরা হাকে জে হয় গাওার * জদি তুমি আসিয়াছ না দিব ছাড়িয়া ॥ আজ তুঝে পাছাড়িব জোরেতে ধরিয়া * আমার মর্দ্দমি বুঝি না শুনিলে কানে ॥ দেও পরি ভুত ভাগে আমার গর্জ্জনে * এহা বলে কুদে আইসে কামান্দ লইয়া ॥ রোস্তমের উপরেতে দিলেক ডালিয়া * রোস্তম দেখিয়া ছের ছাপাইয়া লিল ॥ ঘোড়ার গলেতে ফাসি আসিয়া লাগিল * তবে সে ধরিয়া ফাসি খেচিল জোরেতে॥রোস্তম মর্দ্দানা তাহা পাইল দেখিতে* ঘোড়ারগলেতেফাসি লাগায়ে জাছিল ॥ ধরিয়া সে ফাসি জোরে খেচিতে লাগিল * দুই জনে দুই দিকে ধরিয়া ফাসির টানাটানি করে দোহে জেন মহা বীর * কেহ কার হাত হৈতে নারে ছাড়াইতে॥ তাহাতে হইলদাগ দুহাকার হাতে * গোস্বাতে রোস্তম শেসে দিল একটান ॥দরমিয়ানে টুটে ফাসি হৈল দুই খান*কিন্তু জে রোস্তম এছা হেচকা টান দিয়া ॥ হাত হৈতে ফাসি তার লইল ছিনিয়া * সামালিতে না পারিয়া কামুছ জওান ॥ ঘোড়া হৈতে জমিনেতে গিরিল নিদান * সামালিয়া চাহে কি সওার হৈয়া ফের ॥ রোস্তমের সাতেলড়ে লইয়া সমসের*এমন সময় ফাসি রোস্তম লইয়া॥কামুছের গলাতে দিলেকলাগাইয়া * আর এক কোড়া মেরে ঘোড়াকে তাহার ॥ ভাগাইয়া সেথা হৈতে দিল নামদার * বেছওার হৈয়া তবে কামুছ জওান ॥ রোস্তমের হাতে বন্ধ হইল নিদান * তখন রোস্তম ফাসি খেচিয়া জোরেতে পাছাড়িয়া কামুছে বান্ধিয়া পাও হাতে * আপনা লস্কর বিচে আইল লইয়া ॥ দেখিয়া ইরানি সবে গোশ্বা দেল হৈয়া * মারিয়া ডালিল তারে খেচিয়া তলওার ॥ এক ঘড়ি দম লিতে নাহি দিল আর দেখিয়া সে হাল তবে তুরুকি ছেফাই ॥ আর না আইল কেহ করিতে লড়াই * মহাম্মদ খাতের কহে রোস্তমের সাতে ॥ জেরূপে খাকান চিন লড়ে ময়দানেতে * কহি সে সকল কথা বয়ান করিয়া ॥ সুনহ রসিক সবে খোসাল হইয়া *

খাকান চিন রোস্তমের হাতে ধরা যাইবার বয়ান ॥

পয়ার * রোস্তমের হাতে জদি কামুছ মরিল ॥ দেখিয়া তুরুকি সবে ডরে ডরাইল*হেন্দত করিয়া কেহ না জায় লড়িতে ॥ কহে কে জাইবে আর মউতের হাতে * এতেক দেখিয়া বেছা হইয়া লাচার

হইয়া ॥ রহে রাতকালে ডেরে আরাম করিয়া * বেহানে উঠিয়া কৈল হুকুম এয়ছাই ॥ সেতাবি কমর বান্দ তামাম ছেফাই * সুনিয়া তুরকি আর চিনের লস্কর ॥ সেতাব করিয়া সবে বান্ধিয়া কমর * জার জে ঘোড়ার পরে হইয়া ছওার ॥ তবে সাহা চিন আর বেছা নামদার * ময়দানে আইল সাতে লইয়া ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠীল মউজ * রোস্তমপাহাড়হইতে দেখিতে পাইয়া॥ তুছ পাহাল ওানে মর্দ্দ কহে বোলাইয়া * সেতাবি তৈয়ার কর লস্কর ছেফাই॥ ময়দানে আইল বেছা করিতে লড়াই সুনে তুছ লস্করেতে করিল ফম্মান ॥ তখনি তৈয়ার হৈল তামাম জওান * রোস্তম আপনি আর তামাম ছরদার ॥ কোমর বান্ধিয়া লিয়া ঢাল তলওার * ছওার হইয়া সাতে লইয়া লস্কর ॥ যহিমে আইল জদি ময়দান উপর * দুইদলে লস্কর হইল নমুদার ॥ বাজিতে লাগিল বাজা অতি শুবাহার * বাজা সুনে মস্ত হইয়া তামাম লস্কর ॥ ঘোড়া কোদাইয়া ফেরে করে জোর সোর * এতেক লস্কর খাড়া হইল ময়দানে আল্লা ছেওা কেহ সে হিসাব নাহি জানে * তখন এলাহি ভেবে রোস্তম মর্দ্দানা॥ খাড়া রহে দেখেকিছু না করে ভাবনা * হেনকালে তুরুকের লস্কর থাকিয়া ॥ আইল ছওার এক ঘোড়া কুদাইয়া * ইরানি বলিয়া সেহ ডাকে বার২ ॥ কহে আইস দেখি কেছা ইরানি ছওার * মরিবার সাধ জার থাকে দেল বিচে ॥ আসিয়া গর্দ্দান রাখ মেরা তেগ নিচে * সুনিতে পাইয়া তাহা তুছ নামদার॥ চাহে কি ময়দানে জায় হইয়া ছওার * হেনকালে পাহালওান রোহাম আসিয়া ॥ তুছরে হুজুরে কহে আরজ করিয়া * অম কে হুকুম কর ময়দানেতে জাই ॥ দেখি কত জোর রাখে তুরুকি ছেফাই * তুছ তবে শুনিয়া জে কহিল তাহায় ॥ জাহ ময়দানেতে তুঝে সুপিনু খোদায় * তুছের হুকুম পেয়ে রোহাম ছরদার ॥ চলিল ময়দান পরে হইয়া ছওার * জেখানে আছিল সেই তরুকি ছেফাই॥ রোহাম জাইয়া তারেপুছিল এছাই * কহ মর্দ্দ কেবা তুমি আইলে ময়দানে ॥ কি নাম তোমার কহ আমার ছামনে * আমি তুঝে কভুনাহি দেখিনু এছাই ॥ কোথা হৈতে আইলে আজ করিতেলড়াই * সুনে সে কহিল আইনু মদতে বেছার ॥ আস্কবুছ নাম মেরা শুনহে ছওার * এহা বলে গোস্বাতে সে নেজা হাতে লিয়া ॥ রোহামের উপরেতে মারিল খেচিয়া * রোহাম সে নেজা রদ করিয়া তাহার ॥ সামাল২ বলে করিল ওয়ার * ঢালে রদ করিয়া সে নেজা রোহামের॥ পালটীয়া নেজা সে খেচিয়া মারে ফের * এইরূপে নেজাবাজি করে দু জওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * তার পরে নেজা রাখে গোর্জ্জ লিয়া হাতে॥ দুই জনে মস্তহালে লাগিল লড়িতে * নানারূপে গোর্জ্জ বাজি করিল বিস্তর ॥ কারি চোট না হইল কাহার উপর * আখেরেতে রোহাম হইয়া গোস্বামন ॥ গোর্জ্জ এক মারে জোরে তাহার কারন * লইল ওয়ার সেহ ঢালের উপরে * ঢালেতে লাগিল গোর্জ্জ ঠিকরিয়া পেরে * না লাগিল কারি চোট তাহার উপর ॥ তবে সে তরুকি মর্দ্দ করে জোরসোর * কুদিয়া মারিল গোর্জ্জ রোহাম উপরে॥ রোহাম দেখিয়া গোর্জ্জ ঢালপাতে ছেরে * এছা জোরে গোর্জ্জ মেরে ছিল সে দেওানা ॥ ঢালের উপরে জেন গিরিল ঝনঝনা * কিন্তু সে গোর্জ্জের চোটে ঢাল ভেঙ্গে গিয়া ॥ রোহামের ছেরে গোর্জ্জ লাগিল আসিয়া * আজিজ হইয়া তবে রোহাম মর্দ্দানা ॥ ঘোড়া হেকে ফিরে আইল লস্করে আপনা * দেখে সে তুরুকি চাহে ময়দানে থাকিয়া ॥ আপনা লস্করে জায় ঘোড়া ওঠাইয়া * হেনকালে ঘোড়া হেকে রোস্তম ছর্দ্দার॥ আইল ময়দান পরে বলে মার মার * কহে খাড়া রহ দেখি তুরুকি জওান॥ মউত আসিয়া তেরা পওছিল নিদান * এখন বাচিয়া কোথা জাবে মেরা হাতে॥ আইস দেখি তেগ বাজি কর মেরা সাতে * এহা শুনে আস্কবুছ ঘোড়া ফেরাইয়া॥ মারিতে লাগিল তির রোস্তম লাগিয়া * বহুত মারিল তির কারি না হইল ॥ জখন তামাম তির নিবাড়িয়া গেল * তখন রোস্তম হাতে কামান লইয়া মারিল খেদাঙ্গ তির জোরেতে খেচিয়া * এয়ছাই জোরেতে তির মারিল তাহায় ॥ পিট পার হইয়া তির নেকলিয়া জায় * এক তিরে আস্কবুছ গিরিল ময়দানে ॥ দেখিয়া তুরুকি লোক আসিয়া সেখানে ওঠাইয়া লিল তারে ময়দান হইতে ॥ খাকান চিনের আগে গেল সকলেতে * দেখিয়া খাকান চিন করে হায়২ ॥ কহে এয়ছা পাহালওান না দেখি কোথায় * একতিরে মেরে ডালে এয়ছাই জাওানে আর কে লড়িতে এবে জাইবে ময়দানে * ইহা বলে আফছোছ সে করিয়া তখন ॥ কহিতে লাগিল

গোদর্জ্জ সেতাবি গিয়া কেল্লা করে হৈতে ॥ মোলাকাত করিয়া জে রোস্তমের সাতে * মহিমের হাল সব বয়ান করিয়া ॥ একে২ পাহালওানে দিল শুনাইয়া*তাহাবাদে কহিতে লাগিল এহা ফের ॥ পোস্ত পানা আছ তুমি ইরানি গণের * তুরুকের হাতে সবে হৈনু পেরেসান ॥ নাহি পারি কোন মতে সুনহ সন্ধান*শুনিয়া দুখিত হৈল রস্তম মর্দ্দানা॥কহে খোসালিতে রহ নাকর ভাবনা*দেখিব তুরুকি লোক রাখে কত জোর ॥ ওড়াইব সবাকারে ময়দান উপর * এহা বলে দুই জনে মিলে এক সাতে ॥ ময়দান হইতে এসে পঔছিল কেল্লাতে* তুছ পাহালওান তখন কেল্লায় থাকিয়া ॥ আইল দরওাজা তক আগু বাড়াইয়া*রোস্তমে ওজর সেহ কৈল এ ছুরতে ॥ নেঘাবান হৈয়া আমি আছিনু কেল্লাতে * এ ছববে আগু বেড়ে জাইতে নারিনু ॥ এইবাত পরে বড় বেয়াদবি কৈনু * রস্তম সেতাবি তারে কিছুনা কহিয়া নানা রূপে দেলাসা ভরসা খুব দিয়া*সেথা হইতে গিয়া ফের ভিতরে কেল্লার ॥ তক্তপরে বসিল রস্তম নামদার * পাহালওান সবে তখন সেখানে আসিয়া ॥ কহিতে লাগিল এহা রোস্তম লাগিয়া * সুনহে রোস্তম তুমি আসিতে এখানে ॥ জিউদান পাইনু আমরা জনে২ * নহেত উম্মেদ নাহি ছিল আমাদের তেরা সাতে মোলাকাত হইবেক ফের * এহা সুনে রোস্তম তা সবাকার তরে॥কহে তুরুকের দিব ছার খার করে * এহা বলে মেলে সবে খোসাল হইয়া ॥ সরাব কাবাব খায় আমোদে বসিয়া * এই রূপে এখানেতে ইরানি লস্কর ॥ রোস্তমে লইয়া রহে খোসাল অন্তর * বেছা হেথা লস্করে থাকিয়া আপনার আফরাছিয়াবে লেখে এই সমাচার * সুন বাদসা নামদার কহিয়া জানাই ॥ মহিমে হারিয়া জত ইরানি ছেফাই * হামাউন পাহাড়েতে কেল্লা বিচে গিয়া ॥ আছে সেথা সকলেতে পানাহি লইয়া * লস্কর লইয়া হেতা আমি সে পাহাড়ে ॥ ঘেরাও করিয়া রহিয়াছি চারি ধারে * বড়ই কঠীন কেল্লা পাহাড় উপর ॥ তার নাহি লড়ি গিয়া তাহার ভিতর * আপনি এখানে জদি তাকিদ করিয়া ॥ থোড়াছা ফউজ এবে দেহ পাঠাইয়া * তবেত হেস্কত করে গিয়া পাহাড়েতে ॥ ইরানি সবারে পারি কয়েদ করিতে * এয়ছাই লেখন পেয়ে আফরাছিয়াব ॥ দুই পাহালওানে দিল ভেজিয়া সেতাব * সাঙ্গল আর কামুছ নামেতে দু জওান ॥ চিন আর খোতনের নামি পাহালওান * হাতি গেবাইতে পারে এছা জোরওার ॥ মদত হইয়া তারা আইল বেছার * তাহা ছেওা আফরাছিয়াব সাহা ফের ॥ নামা লিখে পাঠাইয়া খাকান চিনেরে * লিখেছিল নামা বিচে এছাই খবর ॥ মেহের করিয়া আপে লইয়া ছওয়ার মদত করিবে সাহা সুন দেল দিয়া ॥ থোড়া এছা আপনার ফউজ ভেজিয়া * তবে সে হেস্কত পেয়ে বেছা নামদার ॥ মহিমেতে ইরানিরে করিবে লাচার * পাইয়া খাকান চিন এছাই খবর ॥ বেছার মদত পরে বান্ধিয়া কোমর * আলাও লস্কর লোক সাতে করে লিয়া ॥ বেছা জেথা ময়দানেতে পঔছিল আসিয়া * কেননা বেছার সাতে দুস্তি ছিল তার ॥ একারনে আইল আপে লইয়া সওার * বেছাপাহালওান তারে দেখিতে পাইয়া ॥ তাজিম করিয়া আনে আগু বাড়াইয়া * আনিয়া লস্কর বিচে তাম্বুর ভিতরে ॥ বসাইল লিয়া তারে তক্তরে উপরে * তার পরে বাড়াইয়া কহে বেছা ফের ॥ নেঘাবান আছ আপে তুরান দেসের* হামেহাল রাখি খুব ভরসা তোমার ॥ তোমা হেন মেহের বান কেহ নাহি আর * সুন সাহা এবে এই মহিমের বানি ॥ আসিয়া বহুত জঙ্গ করিল ইরানি * নানা রূপে আমি তাহা সবার কারন ॥ মহিমে আজিজ খুব করিনু জখন * না পারিয়া পিছে হেটে পাহাড়ে আসিয়া ॥ কেল্লা বিচে আছে সবে কারার হইয়া * বড়ই কঠীন কেল্লা দাও মেলে নাই ॥ একারনে নাহি পারি করিতে লড়াই * আর এবে মদত হইয়া তা সবার ॥ আসিয়াছে কেল্লা বিচে রোস্তম সর্দ্দার * বড় জোর ধরে সে রোস্তম পাহালওান ॥ কি কব হুজুরে তার জোরের বয়ান * দেও পরি ভেগেযায় ডরেতে তাহার ॥ পর নাহি মারে ডরে পরেন্দা জানওার * সুনিয়া খাকান চিন কহিল এছাই ॥ রোস্তমের তরে আমি নাহিক ডরাই * কত জোর ধরে সেই রোস্তম পিলতন ॥ দেখে লিব ময়দানেতে আসিবে জখন * আমি জদি তেগ ধরি মহিম ময়দানে ॥ রোস্তম টিকিবে কোথা আমার ছামনে * না করআন্দেসা তুমি রোস্তম খাতিরে ॥ একদমে গেরাইব দেখিবে নজরে* একথা সুনিয়া বেছা খোসাল

রহম করিয়া আপে রহিম রহমান ॥ বাচাইয়া লেহ আমা সবাকার জান * কি গোনা করিনু মোরা জানিতে না পারি ॥ মাফ কর গোনা খাতা আপে পাকবারি * এইরুপে সকলেতে কান্দিয়া২ ॥ করিল বহুত জারি হাত ওঠাইয়া * এলাহি আলমিন আল্লা গফুর গফ্যার ॥ কবুল করিল দোওা তাহা সবাকার * হেনকালে এক মর্দ্দ গায়েব থাকিয়া ॥ ময়দানেতে আচানক পৌছিল আসিয়া * দেখিতে পাইল তারে রোহাম ছরদার ॥ আঙ্গলের এসারাতে সেই নামদার * পাহাড়ের তরফেতে দিল দেখাইয়া ॥ রোহাম মর্দ্দানা তার এসারা বুঝিয়া * ঘোড়া হেকে তখনি জাইয়া পাহাড়েতে ॥ সেই জাদুগিরে মর্দ্দ পাইল দেখিতে * জাদু সেহ করে বসে আপনা ধিয়ানে ॥ ডর ভয় কিছু তার না ছিল সেখানে * গোশ্বা হৈয়া ধরে তারে রোহাম তখন ॥ হাত পাও সামটীয়া করিল বন্দন * কোড়া ওঠাইয়া মারে কহে এই বাত ॥ সোন ওরে জাদুগির কমিনা বজ্জাত * জাদুর বরফ এবে করে দেহ দুর ॥ নহে কোড়া মেরে তুঝে করে দিব চুর * এহা বলে কোড়া তারে মারিতে২ ॥ ময়দানে লইয়া আইসে পাহাড় হইতে * কয়েদ হইল জদি জাদুগির জাত ॥ জাদুর বরফ গেল হইয়া তফাত * তার পরে তুছ মর্দ্দ আছিল জেথায় ॥ রোহাম ধরিয়া তারে আনিল সেথায় * তুছ মর্দ্দ দেখিয়া জে হৈয়া গোস্বা মন ॥ মারিতে হুকুম দিল তাহার গর্দ্দান * রোহাম হুকুম পেয়ে হাতে লিয়া তেগ ॥ মারিল সে জাদুগিরে হৈয়া বেদেরেগ * মারা গেল জাদুগির দেখিয়া সবায় ॥ হাজার সোকর ভেজে খোদার দরগায় * তার পরে সাম হৈল ছাড়িয়া লড়াই ॥ জার জে ডেরাতে আইল দু দলে ছেফাই * খেয়ে পিয়ে রহে সবে আরাম করিয়া ॥ খোদার কুদরতে রাত গেল পোহাইয়া * বেছা পাহালওান ফের উঠিয়া ফজরে ॥ লস্কর লইয়া আইল ময়দান উপরে * তাব নাহি ছিল কিন্তু ইরানি লোকের ॥ আছিল ফউজ কত এহার খাতের * লাচার হইয়া তবু বান্দিয়া কোমর ॥ মহিমে হইল খাড়া ময়দান উপর * লড়িতে২ সেসে পিছেতে হাটিয়া ॥ হামাউন পাহাড়েতে পওছিল আসিয়া কেল্লা এক ছিল সেই পাহাড় উপরে । কারার হইয়া রহে তাহার ভিতরে * দরওাজা করিয়া বন্ধ জদি সে কেল্লার ॥ রহিল ইরানি লোক ভিতরে তাহার * তুরুকি লস্কর তবে সেখানে আসিয়া ॥ চারিদিগে রহে সেই পাহাড় ঘেরিয়া * ভিতরে হিম্মত করে না পারে জাইতে ॥ লাফ কাফ করে সবে ফেরে বাহিরেতে * তখন বেছারে কহে হুমা জোওার ॥ কেল্লা ঘেরে থাকিয়া জে কি লাভ তোমার * রাহা ছেড়ে দেহ সবে বাহির হইয়া ॥ জিউ জেথা চাহে সেথা জাউক চলিয়া * বেছা দুরাচার তাহা নাহিক শুনিল ॥ লস্কর লইয়া কেল্লা ঘেরিয়া রহিল * রহিল ইরানি লোক কেল্লার ভিতর কেল্লাতে মৌজুদ ছিল আনাজ বিস্তর * লিয়া সে আনাজ আদি জত লোক জন ॥ খেয়ে পিয়ে রহে সবে হৈয়া খুসি মন * দুস্মনের ডরে কেহ না আইসে বাহিরে ॥ অধিন খাতের কহে দুক্ষ জাবে দুরে কিছু দিন ছবুরী করিয়া রহে সবে ॥ তোমাদের মদদেতে রোস্তম আসিবে * আইলে রোস্তম তবে জাবে দুক্ষ ভার ॥ দুস্মন হইবে জের হুকুমে খোদার *

তুছের মদতে রোস্তম হামাউন জায় ও কামুছ আর মঙ্গল নামে দুই পাহালওান খাকান চিন হইতে বহুত লস্কর লিয়া বেছার মদতে আসিয়া আস্কবুছ ও কামুছ নামে পাহালওান রোস্তমের হাতে মারা জাইবার বয়ান *

বেছার মহিমে তুছ আজেজ হইয়া ॥ পিছে হেটে হামাউন পাহাড়ে জাইয়া * কারার হইয়া রহে লইয়া লস্কর ॥ কায়খোছরু হেথা তার শুনিয়া খবর * ঘেরা বিচে পড়িয়াছে তুছ নামদার ॥ আজিজ করেছে তারে তুরুকি গাওার * সুনিয়া এয়ছাই তবে রোস্তমে ডাকিয়া ॥ তুছের আহওাল জাহা তামাম কহিয়া * তাহার বাদেতে ফের কহিল এয়ছাই ॥ তুছের মদদে এবে জাহ তুমি ভাই * রোস্তম সুনিয়া বাত কবুল করিয়া ॥ তুছের মদতে চলে কোমর বান্ধিয়া * রখসো নামে ঘোড়া পরে হইয়া ছওার ॥ হামাউন পাহাড়েতে চলে নামদার * নিকটে পওছিল জবে জাইয়া সেখানে ॥ দেখিতে পাইয়া তুছ খুসি হৈয়া মনে * গোদর্জ্জকে ডেকে বলে দেখহ ময়দানে ॥ রোস্তম মদদে এসে পওছিল এখানে * সেতাবি করিয়া তুমি আগেতে বাড়িয়া ॥ আন রোস্তমের তরে আজিজ করিয়া *

ভেজিল সাহা মহিম খাতিরে * মহাম্মদ খাতের কহে ভাবিয়া খোদায় ॥ তুছ মর্দ্দ খুসি হৈয়া মহি মেতে জায় *

পাহালওান তুছ কায় খোছরোর নিকট হইতে বিদায় হইয়া
বেছার সহিত লড়াই করে তাহার বয়ান *

পয়ার * তুছ মর্দ্দ সাতে লিয়া লস্কর ছেফাই ॥ চলিল বেছার সাতে করিতে লড়াই * ময়দানে বেজন আর গেও জেথা ছিল॥জাইয়া তা দোহাকার মদদ হইল * মিলে জুলে তার পবে বান্ধিয়া কো মর ॥ আসিয়া হইল খাড়া ময়দান উপর * আর সেথা ছিল জারা ইরান ছেফাই ॥ পিঠ পরে খাড়া হৈল আসিয়া সবাই * বেছা তবে লস্কর লইয়া আপনার ॥ আইল ময়দান পরে বলে মার মার * দুই দলে মোকাবেলা হইল লস্কর ॥ মউজ্জা উঠীল জেন দরিয়া উপর * জঙ্গের তবল বাজে ভেউব করনাল ॥ ছেফাই কোদায় ঘোড়া হৈয়া মস্তহাল * মার২ ধর২ হৈল সোর সার ॥ ধুলাতে হইয়া গেল ময়দান আন্ধার * নেজা গোর্জ্জ তলওার লইয়া সবাই ॥ দুদলে ঝুকিয়া শুরু করিল লড়াই * তেগ তলে মেরে চলে জত আছওার ॥ ইরানি তুরানি গেবে হাজারে হাজার * মারে তেগ বেদেরেগ জো রেতে খেচিয়া ॥ পায় জারে নাহি ছাড়ে দেয় গেরাইয়া * মারা গেল দুই দলে বহুত লস্কর ॥ লহুর তুফান চলে ময়দাম উপর*এইরূপে জঙ্গ করে দুদলে মিলিয়া ॥ সাত দিন সাতরাত জায় গুজারিয়া * জবে কেহু লড়িতেনা ছাড়িল নিদান ॥ আটওা রোজেতে তবেহুমা পাহালওান * তুরুকি লস্কর হইতে আইল কুদিয়া ॥ ইরানি লোগের তরে মারে খেদাড়িয়া * জবে সে ইরানি লোক মারিল বিস্তর ॥ তুছ দেখে জেতে চাহে ময়দান উপর * দেখিয়া গোদজ্জ কহে তুছের কারনে ॥ তুমি এবে মহিমেতে না জাও ময়দানে * এহা বলে গেওকে সে কহিল এছাই ॥ ময়দানে হুমার সাতে করগে লড়াই * বাপের হুকুম পেয়ে গেও নামদার ॥ কোমর বান্ধিয়া লিয়া ঢাল তলওার * সবজেদ ঘোড়ার পরে ছওার হইয়া ॥ ময়দানে,হুমার আগে পওছিল জাইয়া * মোকাবেলা হৈয়া দোহে গোর্জ্জ লিয়া হাতে জোর সোর করে হেকে লাগিল লড়িতে * গেয়ের উপরে হুমা করিল উওার ॥ ঢালে ওড়াইয়া লিল গেও জোরওার * গেও ফের গোর্জ্জমারে হুমার উপরে ॥ হুমা তাহা রদ কৈল ঢাল দিয়া ছেরে * এইরূপে গোজ্জবাজি করিয়া জে ফের ॥ লড়িতে লাগিল হাতে লইয়া সমসের *লড়িতে২ তেগ হইল করাত ॥ তার পরে লড়ে দোহে নেজা লিয়া হাত * টুটীল দোহার নেজা হৈয়া খান২ ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * বহুত লড়িয়া ফতে নাহিক পাইয়া ॥ মহিম ছাড়িয়া দোহে লস্করে আসিয়া * লইয়া কামান তির লড়ে মস্তহালে ॥ তাহাতে বহুত লোক মৈল দুইদলে * কেহ কারে না পারিয়া দুদলে ছেফাই ॥ মকুফ করিল সেসে তিরের লড়াই * বেছা তবে মহিমের ফতের লাগিয়া জাদুগির ছিল এক লিল মাঙ্গাইয়া* আজর বলিয়া নাম তাহার আছিল ॥ বেছাতারে এই বাত কহিতে লাগিল * সুনহ আজর তুমি পাহাড়ে জাইয়া ॥ করিবে এয়ছাই জাদু শুন দেল দিয়া * বরফ বরসে জেন হইয়া আবর ॥ ইরানি লোকের পরে ময়দান উপর * কিন্তু জেথা রবে মেরা তুরুকি সওার ॥ এহা সবা পরে জেন না পৌছে আজার * ইরানি লস্কর খালি মারা জায় তাথে ॥ এই কাম কর তুমি গিয়া পাহাড়েতে * এহা সুনে জাদুগির পাহাড়েতে গেল ॥ ইরানি লোকের পরে জাদু চালাইল * আচানক কোথা হইতে মেঘ অন্ধকার ॥ চারি দিকে ঘিরে আইল হৈয়া নমুদার * বরফ সে মেঘ হৈতে লাগিল গিরিতে ॥ দেখিয়া ইরানি লোক পড়িল হয়রতে * না গিরিল সে বরফ আর কোন বাগে ॥ গিরিল ইরানি লোক আছিল জে দিগে * আর তার সাতে হাওা লাগিল রহিতে ॥ জাড়েতে ইরানি লোক লাগিল কাঁপিতে * হাত পাও অবশ হইল সবাকার ॥ হেন কালে বেছা লিয়া তুরুকি ছওার * ইরানি লোকের পরে হামলা করিয়া ॥ মারিতে লাগিল তেগ জোরেতে খেচিয়া * হাজার২ লোগে গেরাইয়া দিল ॥ বরফের আচ তাহা সবে না পওছিল * অবশ হইয়া জত ইরানি ছরদার লড়িতে না পারে কেহ হইল লাচার * কাবু পেয়ে মেরে ডালে বেসুমার লোক ॥ ইরানি সকলে তাহে পেয়ে মম শোক * বুড়া ও জওান সবে কাতর হইয়া ॥ এলাহির হুজুরেতে মাঙ্গে এই দোওা

জওাব লিখে বাদসার কারন ॥ পাঠাইয়া দিল বেছা হৈয়া খুসি মন * লিখনের জওাব পড়িয়া নাম দার ॥ হইল দেলের বিচে খোসাল হাজার * এইরূপে এখানেতে তুরুকি সকলে॥ মহিমে পাইয়া ফতে রহে খুসি দেলে * হেথায় পাহাড়ে ফরিবোর্জ্জ নামদার ॥ লোক জন মারা গেছে পাইল সমাচার * তুরুকি পাইয়া ফতে গিয়াছে ফিরিয়া ॥ সুনিয়া খবর এয়ছা আফছোছ করিয়া * দেল বিচে পেরেসান হইয়া তখন ॥ পাহাড় হইতে মর্দ্দ লিয়া লোকজন * গোদর্জ্জ ও গোস্তহাম ছিল জেখানেতে ॥ আসিয়া মিলিল তাহা দোহাকার সাতে * দেখিল ইরানি জত লস্কর সর্দ্দার ॥ তুরুকেরহাতে গেছে হইয়া ছারখার * তবে ফরিবোর্জ্জ দেলে ভাবিয়া গুনিয়া ॥ গোদর্জ্জ ও গোস্তহামে সাতেকরে লিয়া * ডেরা তাম্ব ওঠাইয়া সেখানহেইতে ॥ আসিয়া পঁওছিল সাহা খোছরো জেখানেতে * দেখে ফরিবোর্জ্জে সাহা খোছরু নামদার ॥ পুছিল কি হাল কহ তোমা সবাকার * ফরিবোর্জ্জ একে২ বয়ান করিয়া ॥ কায়খোছরু সাহহাকে কহেন বিবরিয়া * কালাত হোজ্জমে তুছ জেরূপে লড়িল॥ জেরূপে তুছের হাতে ফরুদ মরিল * জে রূপে নেজাদা ফের করিয়া লড়াই ॥ তুরানে ভাগিয়া জায় লইয়া ছেফাই*জেরূপে আসিয়া ফের রাহার উপর ॥ ডেরা তাম্বো করে রহে লইয়া লস্কর * জে রূপেতে বেছা ফের লইয়া ছেফাই ॥ আইল ময়দান পরে করিতে লড়াই * জেরূপে বেজনে আর গেওয়ের লাগিয়া ॥ লোক জন আলাও লস্কর সাতে লিয়া * লড়িতে বেছার সাতে ময়দানে পাঠায় ॥ জে রূপে লড়িল তারা জাইয়া সেথায় *জেমন ছুরতে ফের তুরুকি ছেফাই ॥ ডেরা তাম্বু জেথা এসে করিল লড়াই * জেরূপে আপনি গিয়া আছিল পাহাড়ে ॥ জে রুপে গোদর্জ্জ ও গোস্তহাম লড়ে * জে রুপে করিয়া জঙ্গ তুরকি সওার ॥ ইরানি লোকের তরে করে ছারখার * ফতে করে ফিরে গেল তুরান সহর ॥ পাইয়া তাহার খুব নেহাত খবর * লোক জন লিয়া ফের পাহাড় হইতে ॥ জে রূপে মিলিল এসে গোদর্জ্জের সাতে * আর হোথা জেরুপেতে ময়দান মাঝার ॥ বেজন মর্দ্দানা আর গেও নামদার * সাতে লিয়া আপনার লস্কর ছেফাই ॥ বেছার সঙ্গেতে করে হামেসা লড়াই * তার পরে ডেরা তাম্ব লিয়া জে ছুরাতে ॥ হাজের হইল জে আসিয়া হুজুরেতে * একে২ সব তাহা বয়ান করিয়া ফরিবোর্জ্জ খোছরোকে দিলেন সোনাইয়া * সুনিয়া এয়ছাই সাহা খোছরো জাহাগির ॥ পেরেসান হইয়া কান্দে সবার খাতির * কিন্তু গম হৈল বড় ভায়ের লাগিয়া ॥ হামেসা মাতম করে আছুবহাইয়া* কহে হায় হায়রে ফরুদ মোর ভাই ॥ ভাইভাইয়ে দেখা সুনা হইল জে নাই*বাপের মেছালেভাই জওানি উম্মরে ॥ মহিমে পড়িলে মারা ময়দান উপরে * বড় সাধ ছিল মনে মিলে দুই ভাই ॥ ইরান তুরানে লিয়া করিব বাদসাই * এই মতে রাত দিন বহাইয়া বারি ॥দুক্ষ মনে ভায়ের সোকেতে করে জারি*কয় রোজ গমজারি করে এ প্রকার ॥ দেখিয়া রোস্তম আর তামাম সরদার * নামামতে সকলে বুঝায় হর বাতে ॥ কহে এয়ছা গম তুমি না কর দেলেতে * ছবুরি করিয়া রহ দেলে আপনার ॥ এক্তিয়ার নাহি আছে খাহেসে খোদার *এহা বলে শোক হৈতে খোছরু সাজাদায় ॥ খুসির মজলেছ পরে আনিয়া বসায় * আজিজি আরোজ ফের করে সকলেতে॥ তুছকে খালাছ কৈল বন্দখানা হইতে তার পরে পরে সাহা খোছরো করে কোনকাম ॥রোস্তমের তরে কহেসোন নেকনাম *তুমি এবেহেথা হৈতে জাইয়া সেতাব॥বেছাকে মারিয়া ডাল করিয়া খারাব * কেন না সে বার বার করিয়া লড়াই ॥ মারিয়া ডালিল মেরা বহুত ছেফাই * এহা শুনে রোস্তম হইল তবে রাজি ॥ কহিলেন মহিমে জাইব আমি আজি *এ সময় তুছ মর্দ্দ খোছরোর আগেতে ॥ আরজ করিয়া এহা লাগিল কহিতে * মহিমে আমাকে আপে দেহ না বিদাই ॥ আমি সে বেছার সাতে করিব লড়াই * তলওার মারিয়া জোরে করিব তামাম ॥ দুনিয়া করিয়া ছাড়া দিব তার নাম *তুছের জবানী খছরো এবাত সুনিয়া ॥ রোস্তমের তরফেতে দেখে তাকাইয়া * রোস্তম এসারা বুঝে লাগিল কহিতে॥তুছপাহালওান কাফীআছে মহিমেতে * একেলা বেছার সাতে মহিম করিয়া ॥ পছাড়িতে পারে তারে জোরেতে ধরিয়া * সেখানে ভেজহ আপে তুছের কারন ॥ মহিম করিতে তুছ যাউক এখন* শুনে সাহা খোছরো এহা রোস্তমের ঠাই॥ তখনী তুছের তরে করিলবিদাই* আর তার সাতে দিয়াগোদর্জ্জের তরে॥দোহাকে

ঢাল ॥ দাতেতে লাগাম ধরে দোন আখি লাল * মেরে চলে দলে২ জারে জেথা পায় ॥ হাজার২ লোকে মারিয়া গেরায় * আর সে তুরুকি সবে মেরে তলওার ॥ ইরানি লোকেরে কেটে কৈল ছার খার * এই রূপে দুই দলে লড়ে মস্ত হৈয়া ॥ ময়দানেতে লহু নদী চলিল বহিয়া * কাটা লাস হৈল জমা পাহাড় সমান ॥ ঘোড়া না কুদিতে পারে তার দরমিয়ান * বেল হেন মাথা জেন গড়াগড়ি যায় দুই দলে তবু কেহ না ছাড়ে কাহায় * ঘোড়া জোড়া সবাকার হৈল লালরঙ্গ ॥ এইরূপে তিন রোজ কৈল খুব জঙ্গ * মারা গেল ইরানি তুরানি বেসুমার ॥ লেখা জোখা নাহি আছে হেসাব তাহার * তা-বাদে বাহুড়ি ডঙ্কা বাজিল দুদলে ॥ লড়াই মওকুফ হৈল ফিরিল সকলে * ইদিগে আইল ফিরে ইরানি ছেফাই ॥ ওদিকে রহিল গিয়া তুরকি সবাই * এইরূপে মহিম হইল এখানেতে ॥ হেথাকার বিবরন সোন সকলেতে * গোদর্জ্জ ও গোস্তহাম দোন নামদার ॥ সাতে লিয়া আপনার লস্কর সরদার * লড়ে তুরুকের সাতে করে জোরসোর ॥ জারে পায় মারে ঠায় ময়দান উপর * ঘোড়া হাকে ঝাকে২ দেয় গেরাইয়া ॥ ময়দানেতে বহাইল লহুর দরিয়া * গোর্জ্জ জারে জার পরে খেচিয়া জোরেতে ॥ গুড়া করে দেয় তারে ঘোড়ার সহিতে * গোস্বা ভরে হাকে যেন গরজে আছমান ॥ দিকে২ কত লোকে কৈল খান খান * ময়দান হইল লাল লহুতে ডুবিয়া ॥ পেয়ে দর্দ্দি জওা মর্দ্দ চলিল কাটিয়া * আর যে তুরুকি লোক তাহার, সবাই ॥ ঘিরিয়া জে চারিদিকে করেন লড়াই * ছিল জারা বড়া বড়া জঙ্গিআছ ওর ॥ ইরানি লোকেরে গেরাইল বেসুমার * এইরূপে দুই দলে করেন লড়াই ॥ মারা গেল ময়দানেতে বহুত ছেফাই * আখেরেতে দিন গেল হৈল নিমাসাম ॥ মকুফ হইয়া গেল মহিমের কাম * দুদলে লস্কর ফিরে গিয়া যে জাহার ॥ ডেরা বিচে রহে সবে হইয়া কারার * গোস্তহামর আর কাউছের নছলের ॥ সে দিনের মহিমেতে মারা গেল ঢের * গোদর্জ্জ ও গোস্তহামে আট জনে লিয়া ॥ বাচিয়া ময়দান হৈতে আইল ফিরিয়া * সত্তর জওান মারা গেল সেই দিনে ॥ গোদর্জ্জ আফছোছকরে তাদের কারনে * ও তরফে তুরুকের নামি পাহালওান ॥ মারা পেছে এক হাজার দুই সো জওান * আফরাসিয়াব আর পিরান বেছার ॥ ছিল জে তাহারা সবে ভাই বেরাদর * এহা ছেওা ইরানি ও তুরুকি লোকের ॥ মারা গেল জত তাহা না আছে জেকের*তবু কিন্তু তুরুকি ফওজ এত ছিল ॥ ইরানির উপরেতে গালেব রাহল*ইরানিরাহইল তাবা করিয়া লড়াই॥ মারা গেল বেশুমার লস্কর ছেফাই আজেজ হইয়া জে গোদর্জ্জ গোস্তহাম ॥ নারিল করিতে ফতে মহিমের কাম*তখনি সে তুরুকিলস্কর সকলেতে ॥ ফতে পেয়ে খুসি দেলে সেখান হইতে * গম হৈতে সবে কেহু খালাছ পাইয়া ॥ আফরাছিয়াব জেথা পওছিল আসিয়া * শুনে দেলে খুসি হৈয়া আফরাছিয়াব ॥তারিফ করিয়া তাহা সবারে সেতাব * এনাম খেলাত আনি দিল নেওাজিয়া ॥ জেবা জেছা তারে তেছা মান বাড়াইয়া * তাহা বাদে নামা এক লিখিয়া জে ফের ॥ পাঠাইয়া দিল সাহা বেছার খাতের * বাড়ায়ে বেছাকে এহা লিখে ছিল তায় ॥ করিলে বড়ই কাম সাবাস তোমায় * তোমা হেন পাহালওান কেবা আছে আর ॥ জওা মর্দ্দি পরে তেরা সাবাসি হাজার * আর এহা খুসির খবর সুন ভাই ॥ গোদর্জ্জ ও গোস্তহাম আছিল জেই ঠাই * লস্কর ছরদার জারা গিয়াছিল সেথা ॥ ফতে করে ফিরিয়া এসেছে তারা হেথা * তুমি এবে কোন মতে গাফেল না রবে ॥ এই ফতে পরে খুব কোসেস করিবে * আর তুঝে এই বাতে করি জে হুসিয়ার ॥ একিন জানিবে তুমি দেলে আপনার * খোছরু আর রোস্তম শুনিয়া এই বাত ॥ আসিবেক তাহারা লস্কর লিয়া সাত * মর্দ্দমি করিয়া মর্দ্দ তাদের কারনে ॥ পাছাড়িতে পার জোরে মহিম ময়দানে * তবে তেরা রৈয়া জাবে জওা-মর্দ্দি নাম ॥ বে আন্দেসা খুসি দেলে রহিবে মোদাম * কোন বাতে পেরেসানি না থাকিবে আর ॥ দুস্মন হইলে জের জাবে দুক্ষ ভার * বাদসার লিখন বেছা পাইয়া এমন ॥ লিখিল জওাব এছা বাদসার কারন * সোন বাদসা নামদার দোওা কর তুমি ॥ রোস্তম আইলে তারে দেখে লিব আমি*না রাখিব তার নাম দুনিয়ার বিচে ॥ গেরাইয়া দিব তারে তলওারের নিচে ॥ এহা জদি নাহি করি মর্দ্দমির হালে ॥ হুজুরেতে মুখ না দেখাব কোন কালে * এয়ছাই

তুরুকি ছেফাই ॥ ফরিবোর্জ্জের উপরেতে করিয়া চড়াই*ইরানি বহুত লোকে দিল গেরাইয়া॥আজেজ করিল ফরিবোর্জ্জের লাগিয়া * আখেরেতে ফরিবোর্জ্জ হৈয়া পেরেসান॥ পাহাড়ে ভাগিয়া গেল বাচাইয়া জান * দেখিয়া গোদর্জ্জ তাহা চাহে ভাগিবার ॥ কেননা আজেজ ছিল লস্কর তাহার * কিন্তু তার দেল এছা করিল মানাই ॥ জঙা মর্দ্দি কৈলে তুমি জাহানে এছাই * করিলে বহুত জঙ্গ জেখানে সেখানে ॥ এবে জদি না টীকিলে বেছার সামনে * এবাৎ লোকের মাঝে পাইবে সরম ॥ মান জাবে লাজ পাবে না রবে ভরম * মহিম করিয়া জদি কাটা জায় ছের ॥ জঙা মর্দ্দি নাম রবে আলমে জাহের নাহিক ডরাও এবে তেগ হাতে লিয়া ॥ তুরুকি সবার তরে মার খেদাড়িয়া * দেল জদি কৈল তাবে এয়ছাই বারন ॥ না ভাগিয়া দাড়াইয়া ভাবে মনে মন * হেনকালে খোছরো সাহা ছিল যেথানেতে গোস্তহাম আসিয়া পঙছিল সেথা হৈতে*একা ছিল দুই জনা হইল জখন ॥ দ্বিগুন হইল তার হেম্মত তখন * মিলিয়া দুজনে এয়ছা করিল কারার ॥ ওড়াইব তুরুকেরে করে ছারখার * জান জায় সেহ ভাল মাহম করিয়া ॥ না ভাগিব জঙ্গ হৈতে পিঠ দেখাইয়া * এহা বলে এখানে গোদর্জ্জ গোস্তহাম ॥ তুরুকের সাতে জঙ্গ করেন মোদাম*হেথায় সে গেও আর বেজন সরদার ॥ বেছার সহিতে লড়ে ময় দান উপর * রাত দিন লড়ে সবে করে জোর সোর ॥ হাজার২ গেরে দুদলে লস্কর * বহুত লড়িল ফতে নাহিক পাইয়া ॥ আখেরেতে কহে গেও বেজনে ডাকিয়া * ফরিবোর্জ্জ ডেরা বিচে জেখানেতে আছে ॥ সেতাবি করিয়া তুমি গিয়া তার কাছে * আনহ কায়ানি ঝাণ্ডা সোন সমাচার ॥ মহিম হইবে ফতে বরক্কতে তার * বেজন মর্দ্দানা তবে শুনিয়া এয়ছাই ॥ ফরিবোর্জ্জের নিকটে আইসে ধাওা ধাই * ডেরা তাম্ব বিচে জেথা ফরিবোর্জ্জ ছিল ॥ আসিয়া সেখানে মর্দ্দ এয়ছাই দেখিল * গোদর্জ্জ ও গোস্তহাম দোহেতে মিলিয়া ॥ লড়ে তুরুকের সাতে কোমর বান্ধিয়া * মারা গেছে বেসুমার॥ইরানি লস্কর ॥ বেজন দেখিয়া তাহা হইল ফাফর * লাচার হইয়া মর্দ্দ কি করে আখেরে ॥ হোথাকার জঙ্গ ছেড়ে রহিতে না পারে* তখন সে গোদর্জ্জকে কহিল এছাই॥তুমি আর গোস্তহাম দোহে এক ঠাই ॥ লড়হ মর্দ্দমি হালে তুরুকের সাতে ॥ খোদা চাহে মহিমে হইয়া জাবে ফতে * আমি এবে ময়দানেতে জাইব ত্বরায়॥লেজাব কায়ানি ঝাণ্ডা দেহ না আমায়* সুনিয়া গোদর্জ্জ কহে বেজনে এছাই ॥ না:আছে কায়ানি ঝাণ্ডা আমাদের ঠাই * ফরিবোর্জ্জ মহিমেতে আজেজ হইয়া ॥ হেথা হৈতে পাহাড়ে সে গিয়াছে ভাগিয়া * লিয়া গেছে ঝাণ্ডা সেই আপনার সাতে ॥ জদ্যাপি গরজ হয় জাহ পাহাড়েতে ॥ শুনিয়া বেজন তবে সেখান থাকিয়া ॥ পাহাড় তরফে চলে ঝাণ্ডার লাগিয়া * ফরিবোর্জ্জ জেখানেতে আছিল পাহাড়ে ॥ আসিয়া হাজের হৈল তাহার হুজুরে * ছালাম করিয়া সোনাইল সমাচার ॥ যেমতে লড়িল হেথা ময়দান মাঝার* জেরুপে দুদলে মারা গেল লোক জন ॥ জে রুপে না পারে কেহ কাহার কারন*আর ডেরা তাম্ব জেথা জেরুপে সেখানে ॥ গোদর্জ্জ ও গোস্তহাম লড়ে দুই জনে * একেএকে শুনাইয়া জত সমাচার ॥ কহিল কায়ানি ঝাণ্ডা দেহ নামদার * গেও মুঝে ভেজিয়াছে ঝাণ্ডার লাগিয়া ॥ দেহ না সে ঝাণ্ডা আমি জাইব লইয়া * এহা সুনে ফরিবোর্জ্জ কহে বেজনেরে ॥ ঝাণ্ডা আমি দিতে নাহি পারিব তোমা রে * কেননা জে এখানেতে তুরুকি লস্কর ॥ গালেব হইয়া আছে আমার উপর * একারনে ঝাণ্ডা আমি না পারিব দিতে ॥ সুনিয়া বেজন তবে ভরিয়া গোস্বাতে * ঝাণ্ডা বরদারের আগে পঙছিল জাইয়া ॥ মার পিট করে তারে ঝাণ্ডা কেড়ে লিয়া * আইল ময়দান পরে গেও জেথা ছিল ॥ গেও মর্দ্দ দেখে তারে খবর পুছিল* তবে সে গেওয়ের তরে বয়ান করিয়া॥ হেথা কার হাল সব দিল সোনাইয়া* জেরুপেতে এখানে গোদর্জ্জ গোস্তহাম॥তুরুকেয় সাতে করে মহিমের কাম * জেরুপেতে ফরিবোর্জ্জ আজেজ হইয়া ॥ কারার হইয়া আছে পাহাড়ে জাইয়া * একে২ সুনা ইল করিয়া বয়ান ॥ সুনিয়া দেলগির হৈল গেও পাহালওান * তাবাদে কায়ানি ঝাণ্ডা দিল ওঠাইয়া শুরু কৈল জঙ্গ ফের কোমর বান্দিয়া * দুইদলে খাড়া হৈল তামাম ফউজ॥ দরিয়া উপরে জেন উঠীল মউজ * ঘোড়া করে হীন২ হাতি করে সোর ॥ কেয়ামত হৈল জেন ময়দান উপর * বেজন মর্দ্দানা আর গেও পাহালওান ॥ আর জত নামি নামি ইরানি জওান*দুহাতে তলওার লিয়া পিঠপরে

সবে বান্ধিয়া কোমর॥ মহিম করিতে আইল ময়দান উপর * তুছ পাহালওান দেখে তুরূকের তরে ফর্ম্মাইল আপনার তামাম লস্করে * হুকুম পাইয়া যত ইরানি ছেফাই॥ ময়দানে হইল খাড়া করিতে লড়াই * দুদলে লস্কর জদি হৈল নমুদার॥ ধুলাতে ময়দান গেল হইয়া আন্ধার * মার২ হার ?হেকে তামাম ছেফাই॥ দলে দলে দিগে২ লাগিল লড়াই * নেজা গোর্জ্জ তেগ তিরে লড়িয়া বিস্তর॥ গেরা ইল তুরূকেরে ময়দান উপর * দেখে ইরানির জোর তুরুকি সবাই॥ দিকে২ ভেগে চলে ছাড়িয়া লড়াই * লস্কর ভাগেল দেখে জঙ্গি পালাসান॥ আপনি কোমর বেন্ধে আইল ময়দান * গোর্জ্জ হাতে লিয়া হাকে করে জোর সোর॥ কহে দেখে লিব আজ ইরানের জোর * নাহি জান মোর তরে সুনরে ইরানি॥ গোর্জ্জ মেরে সবাকারে গেরাব এখনি * আমি জদি জোরে ওঠাইয়া মারি গোর্জ্জ॥ খান২ হৈয়া গেরে পাহাড় আলবোজ্জ * এই রূপে লাফ কাফ করে পালাসান॥ শুনিতে পাইয়া তাহা তুছ পাহালওান * চাহে কি হাকিয়া ঘোড়া ময়দানেতে জ্বায়॥ হেন কালে বেজন আসিয়া কহে তায় * আপনি নাহিক জাও দেখ দাড়াইয়া॥ আমি গিয়া পালাসানে দেই গেরাইয়া * এহা বলে গোর্জ্জ লিয়া বেজন ছর্দ্দার॥ পালাসানের আগে এসে হইল তৈয়ার * মোকাবেলা হৈল জদি দোন পাহাল ওান॥ গোস্বায় খেচিয়া গোজ্জ মারে পাসালান * বেজন সে গোজ্জ তার ঢালে ওড়াইয়া॥ মারিল তাহার পরে সমসের খেচিয়া * এয়ছা জোরে তেগ মেরে ছিল পাহালওান॥ ঘোড়া সুদ্ধা কাটীয়া গিরিল পালাসান * মহিম হইল ফতে আইল ফিরিয়া॥ তুছ মর্দ্দলিল তারে ছাতি লাগাইয়া * তারিফ করিয়া তারে তুছ পাহালওান॥ এনাম খেলাত দিয়া বাড়াইল মান * তার পরে দুই চার রোজ সেথা রৈয়া॥ খেয়ে পিয়ে জানে খুব আরাম পাইয়া * লোক জন লিয়া তুছ খুসি হৈয়া দেল॥ আগেতে বাড়িয়া গেল কয়েক মঞ্জেল * আফরাছিয়াব সাহা হেথায় তখন॥ লোক মুখে সমাচার পাইল এমন আইল ইরানি লোক লইয়া লস্কর॥ পালাসানে মেরে ডালে ময়দান উপর * আর সেথা ছিল জত লস্কর ছেফাই॥ ডরে ভেগে পলাইয়া গেছে সে সবাই * ফের সে ইরানি লোক সেখান থাকিয়া॥ আইসে তুরানের পানে চড়াই করিয়া * সুনিয়া জে গোশ্বা হৈয়া আফরাছিয়াব॥ কহে ইরানিরে দিব করিয়া খারাব * এহা বলে ডাকিয়া জে উজির সবার॥ কহিল মছলত সবে কহত আমায় * ইরানি লস্কর সিয়া আইসে রাহা পরে॥ আগু বাড়াইয়া ভেজ মহিমে কাহারে * এছা পাহালওান কেবা গিয়া সে রাহায়॥ ইরানি সবার তরে মারিয়া গেরায় * উজির সকলে কহে সোন নামদার বড় পাহালওান মর্দ্দ নেজাদা সরদার * বহুত হুসিয়ার সেই মহিমের কামে॥ দেও পরি ভাগে তার মহিমের নামে * এহা সুনে আফরাছিয়াব নামদার॥ পাহালওান নামি২ তিরিস হাজার * নেজাদার সাতে দিয়া দিল পাঠাইয়া॥ চলে সে নেজাদা মর্দ্দ মহিম লাগিয়া * কত দুর তক রাহে জাইয়া এয়ছাই॥ দুইদলে মোকাবেলা হইল এক ঠাই * তুরুকি আইল দেখে ইরানি লস্কর॥ খাড়া হৈল সেই ঠাই বান্ধিয়া কোমর * জঙ্গের তবল কাড়া লাগিল বাজিতে॥ সুনে সবে মত্ত হৈল মহিম করিতে নেজাদা সরদার তবে গোজ্জ হাতে লিয়া॥ আইল ময়দান পরে ঘোড়া ওঠাইয়া * জোর সোর করে হেকে কহে সে এছাই॥ এস দেখি কেবা আছ ইরানি ছেফাই * মউতের ডর জদি নাহি রাখ দেলে॥ আসিয়া গর্দ্দান রাখ মেরা তেগ তলে * এখন ইরানে কোথা জাইবে বাচিয়া॥ আনিয়াছে তোমাসবে আজলে টানিয়া * এসে মউতের রাহে ফিরে জাবে কোথা॥ তেগ জোরে উড়াইব তোমা দের মাথা * এইরূপে লাফ কাফ করে সে আসিয়া॥ শুনিয়া বেজন মর্দ্দ গোস্বাতে ভাবিয়া * কোম্মর বান্ধিয়া লিয়া ঢাল তলওার॥ জাইয়া ময়দানে হৈল মোকাবেলা তার * নেজাদা দেখিয়া কহে বেজনে এছাই॥ কহ মর্দ্দ নাম তেরা সুনিবারে চাই * বেনামে হারাবে জান কিসের খাতির॥ সুনিবারে চাই নাম করনা জাহির * বেজন কহিল গিধি না কর বড়াই॥ এখনি জাইবে জানা করিলে লড়াই * মেরা আগে সেখি কর তুমি কোন ছার॥ তেরা এয়ছা আছে কত গোলাম আমার * নেজাদা এ কথা সুনে গোশ্বাতে ভরিয়া॥ মারে বেজনের পরে গোজ্জ ওঠাইয়া * হেকে বলে এই !গোজ্জ সামাল আমার॥ দোখ কেছা জোররাখ ইরানি ছওার * এছাই বলিয়া গোজ্জ মারিল জখন॥ ঢালে ওড়

কেল্লা বিচে ॥ মারা গেল লোগ সব জোলে তার আচে * এয়ছাই সপন দেখে ডরে ডরাইয়া ॥ জাগিয়া উঠীল বিবী নিন্দেতে থাকিয়া * ডাকিয়া বেটার তরে কহিল তখন ॥ সোনবাবা দেখিয়াছি বুরাই সপন এহা বলে সপনের বয়ান করিয়া ॥ বেটার খাতেরে বিবী দিল সোনাইয়া * সুনে সে ফরুদ মর্দ্দ সপনের বানি ॥ মায়ের হুজুরে বাত কহেন এমনি * সোনগো জননী আমি কহি জে তোমায় ॥ জানের দহসত কিছু নাহিক আমায় * কাজা এলাহির জদি বাপের এয়ছাই ॥ মারা জাই আমি তাথে চারা কিছু নাই আজ কাল মরি কিম্বা দস দিন বই ॥ মরিতে হইবে মাগো এড়াবার নই * ডরাইব কেন দেখে মহিমের কাম ॥ লড়িয়া মরিলে রবে জগু মর্দ্দি নাম * ডর নাহি করগো মা সোন দেল দিয়া ॥ জা আছে নছিবে তাহা জাবে গোজরিয়া * এই রূপে কহা সোনা করিতে২ ॥ পোহাইয়া গেল রাত খোদার কুদরতে তখন সে তুছ হোথা লস্কর লইয়া ॥ ফজরেতে কেল্লা তার ঘিরিল আসিয়া * জোরেতে ভাঙ্গিয়া ডালে কেল্লার দুয়ার ॥ হাকিয়া ভিতরে আইল খেচিয়া তলওার * ফরুদ তুছের তরে দেখিতে পা- ইয়া ॥ মোকাবেলা হৈল এসে নেজা হাতে লিয়া * গজ্জিয়া উঠীল মর্দ্দ বাঘের আকার ॥ চাহে কি তুছের পরে করে সেউয়ার * বেজন মর্দ্দানা তাহা দেখিতে পাইয়া ॥ ফরুদের আগে আইল চালা কিকরিয় তবে সে ফরুদ মর্দ্দ হৈয়া গোস্বামন ॥ খেচিয়া মারিল নেজা বেজনে তখন * বেজন সে নেজা রদ করিতে তাহার ॥ ঢাল ঝাড়ে সেতাবি হইয়া হুসিয়ার * ঢালেতে লাগিয়া নেজা খান২ হৈল ॥ বেজনের পরে চোট নাহিক লাগিল * ফরুদ চাহেকি ফের গোজ্জ হাতে লিয়া ॥ বেজনের পরে মারে গোস্বাতে খেচিয়া হেনকালে পাহালওান রোহামনামেতে ॥ ঘোড়া হেকে কুদে আইসে তেগ লিয়া হাতে * খেচিয়া মারিল জোরে ফরুদ উপরে ॥ ফরুদ দুখান হৈয়া জমিনেতে গেরে * গিরিল ফরুদ জদি রোহামের হাতে মাতম উঠিল তার লস্কর বিচেতে * কহে সবে হায় সাহা ফরুদ জাহান ॥ এমন জওানি কালে হারালি পরান * সুন্ন হৈল তাজ তক্ত এবে কে এছাই ॥ তোমা বিনে এদেসে কে করিবে বাদসাই * রায়েত প্রজার কে করিবে নেঘাবানি ॥ বাদসা আর কেবা এয়ছা হবে তার ছানি * এরূপেতে ফরুদের জত লোগ জন আহাজারি করিয়া জে করেন রোদন * ফের সে খবর সুনে ফরুদের মা ॥ কান্দিয়া আইল বিবী ছেবে মেরে ঘা * কহে হায় ফরুদ করিলি কোন কাম ॥ না সুনে মানাহি মেরা হইলি তামাম * হায় বাবা কাটা ছের দেখিয়া তোমার ॥ কলেজা জলিয়া গেল হইয়া আঙ্গার * ওঠ বাবা আইস কোলে ডাকমা বলিয়া ॥ পরান জুড়াই তেরা বচন সুনিয়া * তোমা বিনে এবে আর কে বসিবে তক্তে ॥ হায়২ হায় কি আছিল এই বক্তে * এইরুপে মাতম করিয়া সে আখেরে ॥ বেটার দেরেগ বিবী সহিতে না পেরে খঞ্জর মারিয়া পেটে আপনার কাম ॥ সেই খানে ময়দানেতে হলেন তামাম * দেখিয়া সে হাল তবে বাহরাম তখন ॥ লানতান কোরে কহে তুছের কারন * হায় এ খবর জবে খোছরু সাহা পাবে ॥ খোদা জানে তেরা পরে কি গজব হবে * খোছরো এয়ছা জাহানেতে বাদসা জাহাগির ॥ মারিয়া ডালিলে তার ভায়ের খাতির * আর সেই সোগেতে মাতারি মৈল তার ॥ বাদসার গজবে তেরা বাচা হবে ভার * আর সেই খোছর তুঝে আসিয়া সমায় ॥ মানাহি করিয়াছিল আসিতে হেথায় * বে আদবি কৈলে তুমি না সুনে মানাই ॥ এসে ফরুদের সাতে করিলে লড়াই * তবু সে ফরুদ জদি বাচিয়া রহিত ॥ খোছর সাহা খাতা তেরা মাফ করে দিত * একে তার বেহুকুমে আইলে এখানে ॥ দোছরা মারিলে তার ভাএর কারনে * এবাতে ভালাই কিছু না দেখি তোমার ॥ খোছরুর গজবে তুঝে জানে বাচা ভার * এরুপে বাহরাম মর্দ্দ লান তান করে ॥ ফজিহত কৈল কত তুছের খাতেরে * শুনিয়া সে তুছ মর্দ্দ লান তান তার ॥ দর্দ্দ দেলে কেন্দে করে আপছোছ হাজার * আপনা বেটার আর ফরুদের দায় ॥ করিয়া মাতম জারি কান্দে উভরায় * বহুত কান্দিয়া পিছে বাদেতে তাহার ॥ সেথা হৈতে লস্কর লইয়া আপনার পেরেসান হৈয়া চলে আগেতে বাড়িয়া ॥ কত দেস গাও জবে গেল এড়াইয়া * রাহা বিচে ফের এক দেখিল বন্দর ॥ বেসুমার আছে সেথা তুরানি লস্কর * পালান নামেতে জেমালেক সেথাকার ॥ রহে সে লস্কর বিচে হইয়া ছরদার * ইরানি আইল সুনে জঙ্গি পাহালওান ॥ সেতাবি আপনা লোগে করিল ফরমান * আইল ইরানি লোক মাহম খাতের ॥ নেকাল কোমর বেন্দে নাহি সহে দের * শুনিয়া তুরুকি

হুকুমেতে ॥ মারা গেল ঐরূপে গিয়া সেখানেতে * সুনিয়া তখন তুছ কান্দে জারেজার ॥ কহে আর সহিতে না পারি দুক্ষ ভার*এহা বলে চলে আপে ছওার হইয়া ॥ লস্কর ছেফাই সব সাতে করে লিয়া রাহা আগুলিয়া জেথা ফরুদ আছিল॥ তুছ জবে সেখানেতে জাইয়া পৌছিল * ফরুদ না আইল কিন্তু মোকাবেলা হৈয়া ॥ পাহাড়ে চড়িল গিয়া ময়দান ছাড়িয়া*ফের সে পাহাড় থেকে লইয়া লস্কর॥ সান্ধা ইয়া রহে গিয়া কেল্লার ভিতর*কেননা তুছের সাতে করিতে লড়াই॥মোকাবেলা হওা তার তাব ছিল নাই * একারনে লোক জন লিয়া আপনার ॥ কেল্লা বিচে রহে বন্ধ করিয়া দুওার * ফরুদে ভাগেল দেখে তুছ পাহালওান॥জাইয়া কেল্লাকে তার ঘিরিল নিদান*॥না পারে জাইতে সেই কেল্লার ভিতর ॥ চারিদিকে হৈতে জত ইরানি লস্কর * ফেকিতে লাগিল তির ভিতরে কেল্লার ॥ দেখে তবে গোস্বাতে ফরুদ নামদার*পাহালওান ছিল এক তখওার নামেতে॥ ফরমাইল॥ তার তরে জাহ বাহিরেতে*ফরুদের খালু ছিল সেই নামদার ॥ আইল সে লস্কর লিয়া খুলিয়া দুওার * মোকাবেলা হৈল জবে তুছের ছামনে ॥ লাচার করিল তুছ তাহার কারনে* নানারূপে কত এয়ছা করিয়া লড়াই॥ তেগ তিরে মেরে ডালে বহুত ছেফাই * আখেরে আজেজ হৈয়া সেই পাহালওান॥ভেগে গেল কেল্লা বিচে হৈয়া পেরে সান*তখন ফরুদমর্দ্দ কেল্লায় থাকিয়া ॥ তুছ জেথা মোকাবেলা হইল আসিয়া * ফরুদ মারিল গোজ্জ জলিয়া গোস্বাতে ॥ চাহে কি উয়ায় করে তেগ লিয়া হাতে * এমন সময় সে ফরুদ নামদার ॥ মারিল খেদঙ্গ তির ঘোড়াকে তাহার*তির খেয়ে পড়িয়া মরিল সেই ঘোড়া॥গাও পেদা তুছ জে হইল তবে খাড়া * দেখিয়া সে হাল তবে গেও পাহালওান ॥ সেতাবি সে ঘোড়া হেকে আইল ময়দান * ফরুদ তেছাই ফের গেয়ের ঘোড়ায় ॥ মারিয়া খেদঙ্গ তির গেরাইল ঠায় * সেহভি পিয়াদা পাও হইল জখন গেয়ের জে বেটা ছিল দেখে সেতখন*ঘোড়া কোদাইয়া গেল করিতে লড়াই॥ গেও দেখে মানা করে তাহাকে এয়ছাই.* সোন বাবা আগে তুমি না জাইবে আর ॥ বড়া জবরদস্ত এফরুদ নামদার *শুনিয়া জওাব দিল বেজন মর্দ্দানা ॥ সোন বাপ মুঝে তুমি না করিও মানা* ফরুদে যাবত নাহি খুনেতে ডুবাই নাহিক ফিরিব আমি খোদার দোহাই * এছাই কছম করে জায় সে চলিয়া ॥ সেইমতে তির মারে ফরুদ আসিয়া*মারা গেল ঘোড়া তার ফরুদের তিরে ॥ হৈল সে পিয়াদা পাও ময়দান উপরে*তবে সে বেজন মর্দ্দ নাহি ডরাইয়া ॥ ফরুদের তরে এহা কহে ফোকারিয়া * থোড়া দেরি কর তুমি সোন নামদার॥ লড়িতে খাহেস রাখি সঙ্গেতে তোমার*সুনে সে ফরুদ ফের গোস্বা দেল হৈয়া॥ আর এক তির মারে কামানে জুড়িয়া* বেজন সে তির দেখে ঢাল পাতে ছেরে ॥ আসিয়া লাগিল তির ঢালের উপরে * মেরে ছিল সেই তির জোরে এ প্রকার ॥ ঢাল ছেদে লাগে এসে বদনে তাহার * খুন জারি বহিয়া চলিল তার গায় ॥ তবু শে বেজন মর্দ্দ নাহিক ডরায় * খাড়া ছিল জেথা সে ফরুদ নামদার ॥ জাইয়া পওছিল মর্দ্দ নিকটে তাহার * নেজা হাতে লইয়া জে চালাকি করিয়া ॥ ফরুদের কোমরেতে মারিল খেচিয়া*ফরুদ সে নেজাতে জখম হৈয়া তার॥ ভাগিয়া গেলেন চলে কেল্লার মাঝার * দেখিয়া তখন॥ সে বেজন পাহালওান ॥ ফরুদেরে হেকে বলে করে তান সান * সোন মর্দ্দ আমি এয়ছা পিয়া দার সাতে ॥ তাব না হইল তেরা মহিম করিতে*না হৈল সরম তুঝে ভাগিতে কেল্লায় ॥ এবাতে আফ ছোছ বড় হইল আমায়* এহা বলে খাড়া রহে বেজন সরদার ॥ ফরুদ সে বাহিরেতে না আসিয়া আর কেল্লা হৈতে তির আর কতেক পাথর ॥ ফেকিয়া মারিল জোরে বেজন উপর * বেজন সে তিরে আর পাথরে তাহার ॥ টীকিতে নাহিক পারে ময়দান মাঝার * হেনকালে দিন গেল হৈল নিমাসাম ॥ মকুফ রাখিয়া তবে মহিমের কাম*ফিরে আইল খিমা বিচে বেজনসরদার॥ রহিল সে কেল্লাতে ফরুদ নামদার তুছ দেখে বেজনেরে কহিল এয়ছাই ॥ না চাহি এমন হালে করিতে লড়াই * কছম আমারে আছে উঠিয়া ফজরে ॥ হামলা করিয়া গিয়া কেল্লার ভিতরে * জেথানে পাইব জারে ডালিব মারিয়া ॥ ফতে করে তবে হেথা আসিব ফিরিয়া*এহা জদি নাহি করি করিনু কারার ॥ পাহালওানি নাম নাহি কহাইব আর * এহা বলে রাতকালে রহিল সুইয়া ॥ হেথাকার হাল কিছু সোন দেল দিয়া * সুয়ে ছিল রাতকালে বিবী গোল সেহার ॥ নিন্দের খোমারে খাব দেখে এ প্রকার * আচানক আগুন লাগিয়া

জেথায় ॥ সেইখানে এক সাতে মিলিব বসায় * গোদর্জ্জ ও গেও বেজন ছরদার ॥ জাউক হামরাও হয়ে সঙ্গেতে তোমার * কিন্তু এই বাত মেরা সোন দেল দিয়া ॥ জাউক তামাম দেস খারাব করিয়া কালাত আর হোজম নামেতে জেই ঠাই ॥ না জাইও সেই দেসে লইয়া ছেফাই * কেননা খোতন দেসে আছিনু জখন ॥ সেখানে থাকিয়া আমি সুনেছি এমন * বাপ মেরা আসিয়া জে তুরান সহরে ॥ পহেলা করিল সাদি বিবী গোলসেহারে * তারপরে সাদি করে মাতারিকে মোর ॥ আইল তুরান হৈতে খোতন সহর * সে ওক্তে হামেলা ছিল বিবী গোলসেহার ॥ খোতনে না আইসে সেহ ছববে তাহার আপনাবাপের ঘরে রহিল তুরানে॥লড়কাতাহার একহইল সেখানে* দেখে আফরাছিয়াব সেলাড়কাব লাগিয়া ॥ খুসিহালে নাতিবলে পিয়ার করিয়া * ফরুদ বলিয়া নাম রাখিল তাহার॥হামেসা পালনকবে বাদসা নামদার*এইরূপে কিছু দিন গুজারিয়া গেল॥তারপরে বাপে মেরা মারিয়া ডালিল * জেওক্তে আমার বাপে মারিয়া গেরায় ॥ মায়ের পেটেতে আমি ছিনু সেসময় * তার পরে কিছুদিন গুজারলে পরে ॥ পয়দা হইয়া আমি দুনিয়া মাঝারে* জেহালে জেসব দুক্ষে পালন হইনু॥এসে ফের জেহালেতে খোতনে আছিনু*ফের জেহালেতে গিয়া আছিনু চিনেতে ॥ গেও সেথাগিয়া মুঝে আনে জে হালেতে সুনেছ সেসব কথা কি কহিব আর ॥ সোন কহি আমার ভায়ের সমাচার * খোতনে আছিনু জবে শুনেছি এছাই ॥ ফরুদ আমার সে সতালিয়া ভাই * তার সাতে কভু মোর নাহি দেখা সুনা ॥ আমি জবে ছোটা ছিনু ছিল সে সিয়ানা * আফরাসিয়াব তারে পিয়ার করিয়া ॥ হোজম ও কালাত দেশ দিয়াছে সুপিয়া * কেল্লা বানাইয়া সেহ আছে ঠাই২ ॥ না জাইবে সেই দেশে লইয়া সেফাই * সে দেস দখল নাহি করিবে জেনহার॥ কেননা সে ভাইমেরা ফরুদ নামদার* কোন মতে সেতরফেনাহিক জাইয়া ॥ জাইবে দুসরা দিকে লস্কর লইয়া * ফরিবোর্জ্জ গোদর্জ্জ ও তুছ পাহালওানে ॥ এইরূপে কহিয়া তা সবে জনে২ * বামেতে রওানা করে খোছরু নামদার ॥ আপনি ডাহিনে চলে হইয়া সওার রোস্তম সরদার সাতে লোক জন লিয়া ॥ ডাহিনে খোছরোর সাতে চলে রেগা দিয়া * ফরিবোর্জ্জ জওা মর্দ্দ করে কোন কাম ॥ আলাও লস্কর সাতে লইয়া তামাম * ময়দান তরফে চলে গর্দ্দ ওড়াইয়া ধমকে সেসব দেশ উঠিল কাপিয়া * তুছ কিন্তু আপনা লস্কর লিয়া সাতে ॥ নাহিক সে গিয়া ফরিব জ্জের সহিতে * হোজম আর কালাতের তরফেতে জায় ॥ গেওয়েরাভি বাপ বেটা চলে সে রাহায় জবে সে হোজম আর কালাত দেশের ॥ নিকটে পওছিল গিয়া লস্কর তুছের * জাছুছ জাইয়া কহে ফরুদে খবর ॥ তুছ পাহালওান সাতে লইয়া লস্কর * মহিম করিবে বলে আইল এখানে ॥ না হইলে এ দেশেতে আসিবে সে কেনে * সুনিয়া থাকিবে আফরাছিয়াবের ঠাই ॥ আগে এক দফা তুছ লইয়া ছেফাই * এসেছিল এইরূপে মহিম করিতে ॥ সেসময় বাপ তেরা ছিল তুরানেতে* তেকারনেনাহিক হে করিয়া লড়াই ॥ ফিরিয়া ইরানে জায় লস্কর সেফাই * সেইরূপে ফেরসেহ লিয়া লোক জন ॥ মহিমে তোমার সাতে আইল এখন * এছাই সুনিয়া সেফরুদ নামদার ॥ দেল বিচে মছলত করিয়া আপনার নেকলিল কেল্লা হৈতে লোকজন লিয়া ॥ জেরাহে আইসে তুছ আগলে আসিয়া * এখানেতে তুছ তার পায় সমাচার ॥ রাহা বন্দ করেছে ফরুদ নামদার * তবে তুছ পাহালওান করে কোন কাম ॥ আপনা দামাদ জেই গেওবলে নাম * কহিল তাহাকে তুমি সেতাবিজাইয়া ॥ সাহা ফরুদের এহা কহ বিবরিয়া*তেরা সাতে আমাদের নাহিক লড়াই ॥ রাহা ছেড়ে দেহ আপে নেকলিয়া জাই* এহা সুনে গেওমর্দ্দ তখনি জাইয়া ॥ ফরুদের তরে জত কহে বুঝাইয়া * ফরুদ সে সুনে তাহা না কোরে এত বার ॥ লড়িতে গেওয়ের সাতে হইল তৈয়ার * কি করে লাচার হৈয়া গেও সে সময় ॥ জঙ্গেতে হইল খাড়া ভাবিয়া খোদায় * ফরুদ মারিল তেগ গেয়ের উপরে ॥ দেখিয়া সে গেও মর্দ্দ ঢাল পাতে ছেরে এছাই জোরেতে তেগ মেরে ছিল তায় ॥ ঢাল কেটে তেগতার বসিল মাথায়* কারিচোট ছেরে এছা লাগিল তাহার॥ মাথার জেতিন হেস্বা হৈয়া গেল পার*ঘায়ের জলনে গেও বেহুস হইয়া॥মারা গেল সেই খানে জমিনে পড়িয়া * খবর পইয়া তার তুছ পাহালওান ॥ দামাদের গমেতে হইয়া পেরেসান আপনা বেটাকে সেথা পাঠাইল ফের ॥ কহিল কাটীয়া আন ফরুদের ছের*তুছের ফরজন্দ সে বাপের

কায়খোছরু সাহাজাদা তুরানে আফরাছিয়াবের সাতে লড়িতে জায় ওজেরুপে হসমতের সাতে কায়কাউছ খোছরুকে পাঠাইয়া দেয় তাহার বয়ান *

ত্রিপদী * খোছরু জদি লড়িবারে. তুরানে জাবার তরে, দাদ লিতে আপনা বাপের ॥ লস্কর লইয়া সাতে, তৈয়ার হইল জেতে, কাউছ আসিয়া তবে ফের * তরতিব করিয়া তারে,দেয় সাহা এপ্রকারে ছিল জত নামি আছওয়ার ॥ বোলাইয়া কহে সবে, খোছরু সাজাদার তাবে, জাহ সবে হইয়া তৈয়ার গাফেলনারবে কেহু, হুসিয়ার হৈয়া জাহ, রাহাঘাটে লোকজন লিয়া ॥ জেন সেই দুস্মনেতে নাহি পারে দাগাদিতে, বড় দাগাবাজ সে বেহায়া * এহা বলে নামদার তরতিব জে প্রকার, করেন জে জাইতে রাহায় ॥ ফারিবোর্জ্জ বেটা জেই, তাহারে কহিল এই, সোন বাবা কহি জে তোমায় * তোমার এগানা জত, পাহালওান এক শত, আর দশ জওান মর্দ্দানা॥ তুমি সবাকার তরে, লইয়া জে সাতে করে, আগু দলে হওগে রওানা* এহা সুনে ফারিবোর্জ্জ, লইয়া জে ঢাল গোর্জ্জ, ঘোড়া পরে হইয়া ছওার ॥ সাতে লিয়া লোক জনে, আগু চলে খুসি মনে, তুছ চলে পোস্তপানা তার * গোদর্জ্জ ও গেও আর, বাপ বেটা দোহাকার, বেটা পোতা আটাত্তর জন ॥ কহিল তাদের তরে, ডান পাসে জাইবারে, চলে তারা হুকুম জেমন * তুছের জে ভাই ছিল, তারে সাহা ফর্ম্মাইল ,তুমি জাহ বায়ের পাশেতে ॥ গোস্তহাম নাম তার, বড় নামি নামদার. তবে সে বাদসার হুকুমেতে * মিয়াদের বেটা আর, পোতা জত ছিল তার, তা সবে সে সাতে করে লিয়া॥আর সাহা পোসাঙ্গের, আওলাদ জে কেহু ফের, তাহা সবে নিল বোলাইয়া * সাঐত্রিস জওান তারা, জোরে জোরওার বড়া, গোস্তহামের এগানা সবাই ॥ লিয়া তা সবার তরে, বামে হসমতের পরে, ঘিরে চলে গম কিছু নাই * তিন দিকে এয়ছা জবে, নামি পাহাল ওান সবে, ঘিরিয়া চলিল বেশুমার ॥ তখন কাউছসাহা, দেলেতে ঠাহরে এহা, কেবা এছা আছে নাম দার * লস্করের বিচে তারে, দেই মকরোর করে, হেফাজতে রবে সে সদাই ॥ কোন ঠাই কোনখানে রাহাঘাটে বিয়াবানে, নাহি ঘটে আফত বালাই*এহা ভেবে নামদার, দেল বিচে আপনার, আছিল যে বেরুতা নামেতে ॥ সেহ খুব জওামর্দ্দ, করে দেয় হাতি গর্দ্দ,পচাসি ছওারতার সাতে *কাহিলেন তা তরে, সুন মর্দ্দ কহি তোরে, মকরোর কৈনু জে তোমায় ॥ আপনা ছরদার লিয়া, লস্করের পিছে গিয় হেফাজতে জাইবে রাহায়*কাউছ বাদসার বাতে, লোক জন লিয়া সাতে, খুসিতে সে বেরুতা সর্দ্দার ফওজের পিছে চলে, গম দুক্ষনাহি দেলে, হুসিয়ারি হইয়া সবাকার * এছাই হসমর্ত পরে,কাউছ তা সবাকারে, তরকিব করিয়া দিয়া ফের ॥ সবাকার দরমিয়ানে, তক্তরওা আলিসানে, বসাইয়া খোছরোর খাতের* নেসান আজদাহাতাতে, ওঠাইয়া চারিভিতে, খুসিহালে বাদসা নামদার ॥ গেওয়ের জেবেটা ছিল, তারে বোলাইয়া লিল, বেজোন বলিয়া নামতার * কহিল তাহারে সাহা, সুন শাহালওান এহা কহি আমি তোমার লাগিয়া॥ হেফাজত হুসিয়ারিতে, রহিবে খছরুর সাতে, কভু না রহিবে জুদা হৈয়া এছাই খোছরুর তরে, নানা হসমতের পরে, তরকিব করিয়া জাহাগির ॥ দিলেন বিদায় করে, চলে হসমতের পরে, খোছরু সাহা খোসাল খাতির * বাজা বাজে ঠাই২, লস্করের ওর নাই, সেজে চলে তামাম ফউজ॥হইল আস্কার হেন, দরিয়া উপরে জেন, আচানক উঠীল মউজ * রোস্তম তাহার পরে লস্কর লে সাতে করে, হামরাও হইয়া চলে তার ॥ চান্দেতে পরেস জেছা, ঘিরিয়া চলিল তেছা, চারি দিগে খোছরু সাজাদার * চলে সাহাতুরানেতে, লড়ে তুরুকের সাতে, দাদ লিতে গোস্বাতে এয় ছাই ॥ হিন কবিকার কহে, চলিল জঙ্গের রাহে, ফের দেখ বাদিল লড়াই *

কায়কাউছ বাদসা হইতে খোছরো বিদায় হইয়া তুরানে লড়িতে জায় তাহার বয়ান *

পয়ার * কায়খোছরু আলাওলস্কর সাতে লিয়া ॥ কাউছ বাদসার ঠাই বিদায় হইয়া * রওানা হইয়া চলে হসমতের সাতে ॥ ধাওাসা নাকারা কাড়া লাগিল বাজিতে * মাঞ্জিল২ রাহা নেকলিয়া জায় ॥ কত দুরে জৈহুন দরিয়া ধার পায় * নাও কিস্তি জাহাজ তলবে মাঙ্গাইয়া ॥ দরিয়া হইল পার লোক জন লিয়া * তুরানের ছরহদ্দেতে পওছিল জখন ॥ ফরিবোর্জ্জে কায়খোছরো কহিল এমন * লস্কর লইয়া তুমিবামেতে জাইয়া ॥ তুরুকের দেশসব খারাব করিয়া * পওছিবে জাইয়া আফরাছিয়াব

মার বাদসাই * এহা বলে জাল আর রস্তম তখন ॥ লালমতি জওাহের লিয়া কত ধন * নজর ধরিল আগে খোছরো সাজাদার ॥ দেখিয়া হইল খোছরো খোসাল হাজার * এইরূপে সেই দিন জায় খুসি হালে ॥ খেয়ে পিয়ে আরামেতে রহে রাতকালে * দুছরা রোজেতে ফের খোছরো নামদার ॥ পাহালওান জাল আর রস্তম সরদার * তিনজনে একসাতে মিলিয়া জুলিয়া ॥ কাউছ বাদসার আগে পাওছিল জাইয়া * ছালাম করিয়া খাড়া হইল হুজুরে ॥ দেখে সাহা জাল আর রস্তমের তরে * বসায় তাজিম করে আপনা সামনে ॥ খুসি হয়ে কুরছি পরে বৈসে তিন জনে * বামেতে রোস্তম বৈসে ডাহিনেতে জাল ॥ দরমিয়ানে বৈসে খোছরো হইয়া খোসাল * তখন কাউছ সাহা বাদসা জাহাগির তুরিত করিল এক মজলিছ খুসির * সাহানা মছলন্দ বিছাইয়া জাহাপানা ॥ মাঙ্গাইয়া রাখে কত খুসির ছামানা * রবাব তাম্বরা আদি সারাবের জাম ॥ তর২ ঠাই২ রাখিল তামাম * জবে সে মজলেছ খুব করিল গোলজার ॥ উজির আরকান আদি জত নামদার * সুনিয়া সকলে সেথা আসিয়া তখন ॥ মজলিছের খুবি দেখে হইয়া মগন * মিলে জুলে মস্তহাল হইয়া সকলে ॥ করেন পিয়ালা বাজি খোসালিতে দেলে*পাহালওান জাল আররস্তম সর্দ্দার॥গেও আর তুছওগোদর্জ্জ নামদার*আরজারা নামি২ আছিল সবাই ॥ মিলিয়া সকলে খুসি করেন এছাই * কিন্তু সাহাজাদা খছরো সেই সময়েতে দেলের মতলব কহে বাদসারসাক্ষাতে*শুনবাদসা নামদার কহিয়া জানাই ॥ এসকল কিছু মুজে ভাল লাগে নাই * কেননা হামেসা মেরা দেলে আছে দুখ ॥দুখ দেলে কখন কি হয়ে থাকে শুখ * বাদসা বলে কহ ভাই কি দুক্ষ তোমার ॥ খুসি কর মেটাইয়া সেই দুক্ষভার* খোছরো কহে সুন সাহা কহি জনাবেতে ॥ এই দুক্ষ আছে মেরা দেলের বিচেতে*নাহক তুরান সাহা জুলুম করিয়া ॥ আমার বাপের তরে ডালিল মারিয়া*জবতক আমি সে তুরান সাহা হৈতে॥নালিব বাপেরদাদ আপনার হাতে* তত দিন এই সব আয়েস আরাম ॥ দেলের বিচেতে আমি করেছি হারাম * তাজ তক্ত মালমাত্তা জত কারবার॥কিছুই নালাগে ভাল দেলেতে আমার * শুনিয়া কাউছসাহা এছাইবচন ॥ খছরো সাজাদার তরে কহিল তখন*আপনা বাপের দাদজদি লিবে ভাই ॥ জাহতাথে নাহি আছে আমার মানাই* এহা বলে কহে ফের বাদসা জাহাগির ॥ পাহালওান জালে আর রস্তম খাতির * শুন পাহালওান কহি তোমাদের তরে ॥ মদদ করিবে খছরো সাজাদার পরে * তোমরা দুহেতে আছ নামিয়া ছেফাই ॥ তোমরা থাকিতে মেরা গম কিছু নাই * তোমাদের জোরে এই ইরানের তক্তে ॥ বেআন্দেসা সাহি করি দেল খোসালেতে * এরূপে কাউছসাহা বাদসা জাহাগির॥ বাড়াইয়া কহে জাল রোস্তম খাতির * শুনিয়া এছাই তবে রোস্তম সর্দ্দার ॥ আরজ করিয়া কহে হুজুরে বাদসার * সোন বাদসা নামদার তোমার ফরমানে ॥ একদফা গিয়া সেই সহর তুরানে * লড়াই;করিয়া আফরাসিয়াবের সাতে ॥ খারাব করিয়া তারে হর২ বাতে * সহর হইতে তারেদিনু হাকাইয়া ॥ সাত সাল মেরা ডরে রহে সে ভাগিয়া * এবে জদি কায়খোছরো জাইয়া তুরানে ॥ লইবে বাপের দাদ সাদ আছে মনে * আমা হৈতে কোন বাতে না হবে কছুর ॥ জাইব তুরানে ফের করিনু মঞ্জুর * এহা শুনে জাহাপানা খুসি হয়ে মনে ॥ ফরিবোর্জ্জ গেয়ে আর তুছের কারনে * আর জত নামি২ ছিল পাহালওান ॥ সবাকার তরে কহে করিয়া বয়ান*তোমরা এবাতে এবে কিকহ সবাই ॥ দেলের এরাদা কহ শুনিবারে চাই * শুনিয়া সকলে কহে বাদসার খাতির ॥ হুকুম মাফিক মোরা আছিত হাজির * জেয়ছাই হুকুম আপে করিবে মোদেরে রাজি আছি মোরা সেই হুকুমের পরে * এছাই সুনিয়া তবে তামাম সর্দ্দার ॥ শুনিয়া তখন সে কাউছ নামদার * খছরো সাজাদার তরে করিল ফরমান ॥ জাহ তুরানেতে লিয়া লস্কর ছামান * মহিম করিয়া আফরাছিয়াবের সাতে ॥ আপনা বাপের দাদ লেহ নিজ হাতে * বাদসার হুকুম খছরো পাইয়া এছাই ॥ জাইতে তুরান দেশে করিতে লড়াই * হুকুম করিল সব সর্দ্দারের তরে ॥ চলহ কোমর বেন্ধে মহিম খাতেরে* খোছরো সাজাদার বাতে সরদার সকলে ॥ জার জে কোমর বান্ধে খুসি হৈয়া দেলে সাজ২ রন সিঙ্গা বাজে ঠাই২ ॥ সুনিয়া তৈয়ার হৈল তামাম ছেফাই * অধিন খাক্তের কহে এলাহি ভাবিয়া ॥ মহিমে চলিল খোছরো লস্কর লইয়া *

কহিতে লাগিল এই বাত * শুন পাহালওান আর দের নাহি চাই ॥ তির বরিসন কর মিলিয়া সবাই এহা সুনে পাহালওান চারি দিক হৈতে॥ পাহাড় উপরে তির লাগিল ফেকিতে * এই রূপে ঘড়ি চার তির মেরে ছিল ॥ হাজার২ দেওয়ে গেরাইয়া দিল * জত দেও ছিল সেই কেল্লার ভিতর ॥ মারা গেল কত তার না আছে খবর * তাবাদে দেখিতে পাইল কেল্লার দুওার॥ ভিতরে জাইয়া তবে খোছরো নামদার * মারিতে লাগিল তেগ এছম পড়িয়া॥ বড়া২ দেওয়ে কত দিল গেরাইয়া॥* ডরে ডরাইয়া সব দেও জে তখন॥ খোছরোর সাম্নে নাহি আইসে কোন জন * ভাগিতে লাগিল সবে জান বাচাইয়া ॥ আড়ে ওড়ে ঝোড়ে২ রহে লুকাইয়া * তখন সরদার দেও করে কোন কাম ॥ আসিয়া খোছরোর পায়ে করিল ছালাম * জান বকসি করে তারে খোছরো নামদার ॥ নেওাজিয়া রাখিল করিয়া তাবেদার * ফতে মন্দি হৈল জদি খোসাল অন্তরে ॥ মাল মাত্তা ছিল জত কেল্লার ভিতরে * লিয়া সে সকল মাত্তা খোছরো নামদার ॥ বানাইল গোম্বজ এক উপরে কেল্লার * তাহা বাদে সেথা হৈতে খোছরো নেকনাম॥ সাতে লিয়া আপনার লস্কর তামাম * রওানা হইয়া আইসে আজর দেশেতে। সেখানে আসিয়া মর্দ্দ করিলেন ফতে * এক সাল থেকে সেথা তাহা বাদে ফের ॥ আসিয়া বাদসার আগে হইল হাজের * দেখিয়ে কাউছ সাহা খোসাল হইয়া॥ খোছরো সাজাদারে লিল ছাতি লাগাইয়া * কহিল মর্দ্দমি তেরা বুঝিনু এখন॥ তোমা এয়ছা জওামর্দ্দ নাহি কোন জন * তক্তের লায়েক কেহু তোমা ছেওা নাই॥ এখন খুসিতে তুঝে শুপিব বাদসাই * হিন কবিকার কহে খোদা সখা জার ॥ হর বাতে সব ঠাই নেকনামি তার *

কায় কাউছ বাদসা খো ছরকে তাজ তক্ত সুপিবার বয়ান *

জওামর্দ্দি দেখিয়া জে খোছরো সাজাদার॥ হইয়া কাউছ সাহা খোসাল হাজার * তক্তের লায়েক তারে দেলেতে বুঝিয়া॥ সুপে দিল তাজ তক্ত খোসাল হইয়া ॥ সাহি তাজ ছেরে দিয়া খোছরো নামদার ॥ বাদসার হুকুম পেয়ে তক্তে দিল বার * তখন হুকুম কৈল কাউছ জাহান॥খোছরো সাজাদার এবে মানিয়া ফরমান * রাত দিন সকলেতে থাকিবে হাজির ॥ কোন বাতে কদাচিত না হেলাবে ছির*এয়ছাই হইল জদি বাদসার ফরমান ॥ তবে ফরিবোর্জ্জ আর তুছ পাহালওান* তাবেদারি হইতে জে খোছরো সাজাদার॥নাহি ফেরাইল ছের রহিল কারার*হামেসা হাজের থাকে ছোবে আর সাম ॥ হুকুম মাফিক করে জত কাজ কাম*খছরো সাহাজাদা আপে বসিয়া জে তক্তে ॥ আদল এনছাফ খুব লাগিল করিতে * লস্কর সর্দ্দার আর রায়েত তামাম ॥ রাজি রহে খছরো পরে সকলে মোদাম * এইরূপে এখানেতে ইরান সহরে ॥ হামেসা তামাম লোক খুসিতে গোজারে * হেথায় রোস্তম আর পাহালওান জাল॥ শুনিয়া খবর তারা হইল খোসাল * তখনি পাহালওান দুই ছিস্তান থাকিয়া॥ ইরানসহরে আইসে রওানা হইয়া * সহরেতে জবে দোহে আসিয়া পওছিল ॥ খছরো সাহাজাদা তার খবর পাইল * সর্দ্দার সবার তরে দিল পাঠাইয়া॥ আনিতে দোহার তরে আগু বাড়াইয়া * জখন আইল দোহে দরবারে বিচেতে॥ খোছরো সাহাজাদা খাড়া হৈল তক্ত হৈতে * আক্কেল দানাই খুব দেখে সাজাদার ॥ জালওরস্তম খুসি হইয়া হাজার* আদাবতছলিম আগে আনিল বজায়॥ সাহাজাদা দেখে খুসি হয় তা দোহায় * ধরে রস্তমের হাত পাসে আপনার ॥ বসাইল তক্ত পরে করিয়া পিয়ার আনিয়া সোনার কুরছি আপনা সামনে॥ তাহে বসাইল সাহা জালের কারনে * কহিতে লাগিল ফের রোস্তমে এমন॥ আমার বাপেরে তুমি করিলে পালন * তুমিত বোজরগো মেরা সুন নেকবক্ত তোমা হৈতে ইরানে পাইনু তাজতক্ত * জদি মুঝে আপনি নাহিক আনাইতে॥ দুক্ষ পাইতুন আফরাসিয়াবের হাতে * আপনি মদদ এবে করিবে আমারে॥ লইব বাপের দাদ মেরে তুর্কিরে * এহা শুনে রোস্তম ধরিয়া গলে তার ॥ কান্দিয়া কহিল সুন খোছরো নামদার *তামাম বাদসার বাদসা জাহা নেতে তুমি ॥ জাহা ফরমাইবে তাথে রাজি আছি আমি * এহা বলে দোহে খুব মিলিয়া জুলিয়া॥ খোছরো সাহাজাদা ফের খোসাল হইয়া * উঠিয়া জালের সাতে মিলিল বিস্তর॥ কহিল আপনি মেরা বোজরগ বরতর * জালসাহা দোওা দিল খোসরোকে এয়ছাই॥ এলাহি কায়েম রাখে তো-

দুই জনা ॥ শুনে তবে কহে দোহে ফিরঙ্গ মর্দ্দানা * আপসে ঝগড়া এয়ছা নাহি কর আর ॥ খামসিয়া রহ শুন মানাহি আমার*সুনিয়া তাহার বাত গোদর্জ্জ পাহালওান॥ খামস হইল নাহি খুলিল জবান * তাবাদে গোদর্জ্জ ফের কহে কাউছেরে॥শুহ বাদসা নামদার কহি যে তোমারে * খোছরো আর ফার বোর্জ্জে লেহ যাঙ্গাইয়া ॥ লায়েক দেখিবে আপে জাহার লাগিয়া*হুনুর হেকমতে খুব জে হইবে দানা তাজ তক্ত সুপে তারে দেহ আলম্পানা * এহা শুনে কহে তবে কাউছ জাহান ॥ যেরা আগে দুই জনা একই সমান * জদি আমি মর্ত্তবা বাড়াই একের ॥ দোছরা তাহাতে গোস্বা হইবে আখের * এবে এ তদবির আমি করিবারে চাই ॥ জে কাম সুনিলে খুসি হইবে সবাই * এহা বলে বাদসা তাহা দোহা কার তরে॥তলব করিয়া লিল আপনা হুজুরে*দুইজনে হুজুরেতে আইল জখন ॥ কহিল কাউছ সাহা তাদের কারন*নিলদরিয়ার ধারেপাহাড় উপর॥কেল্লা এক আছে এছা সুনে সে খবর*হামেসা আগুন জলে দরমিয়ানে তার॥ দেয়ের মকাম সেথা আছে বেসুমার* গিয়া সেইকেল্লা ফতে করিবে যেজন॥ইরানের সাহি দিব তাহার কারন*এছাই কহিল জবে কাউছজাহান॥সুনে তবে তুছ ও গোদর্জ্জ পাহালওান কহিল এ হৈতে আর না আছে তদবির॥ফর্ম্মাইলে আপে জাহা বাদসা জাহাগির* জখন এবাতে বাজি হইল সবাই ॥ ফরিবোর্জ্জ কহে তবে বাদসাকে এছাই * আমাকে হুকুম হয় পহেলা জাইতে ॥ আমি গিয়া পহেলা সে কেল্লা করি ফতে*শুনে তবে ফরমাইল কাউছ জাহান॥জাহ তুমি সাতে লিয়া লস্কর ছামান*এছাই হুকুম জবে হইল বাদসার ॥ চলে সে লস্কর লিয়া সাতে আপনার * তুছ পাহালওান চলে হামরাও হইয়া ॥ জবে সে কেল্লার কাছে পঁওছিল জাইয়া * দেখিল সে কেল্লা আছে পাহাড় উপরে ॥ জলিতেছে আগুন তাহার চারিধারে * দেখে সে আগুন তবু লস্কর লে সাতে ॥ গেল জবে জাইবে বলিয়া উপরেতে * তখন গিরিল সেই আগুন এছাই ॥ জলিয়া মরিল তাতে বহুত ছেফাই আখেরেতে পেরেসান হইয়া সবায় ॥ চারিদিকে সাত রোজ ঢুড়িয়া বেড়ায় * কোনরূপে না পাইল কেল্লার দুয়ার ॥ মারা গেল লোক জন হইয়া লাচার * তুছ আর ফরিবোর্জ্জ কি করে তখন ॥ কহে এসে না হক মরিল লোক জন * জাদু তেলেছমাত এই পাহাড় উপরে ॥ না আছে দরওাজা এর জা ইতে ভিতরে * কেন মিছে মারা জাব হৈয়া পেরেসান ॥ ইরানেতে চল জাই বাচাইয়া জান * এহা বলি সেথা হৈতে লোক জন লিয়া ॥ কাউছ বাদসার আগে আইল ফিরিয়া * দেখিয়া কাউছ সাহা ফরিবোর্জ্জে বলে ॥ ফিরিয়া আইলে ফতে করিতে নারিলে * রহ এবে দেখি আমি খোছরকে পাঠাই ॥ সেহ জদি ফিরে আইসে তোমার এছাই*তবে আমি ভালা বুরা করিয়া বিচার ॥ করিব জাহয় আইসে দেলেতে আমার * এহা বলে খোছরো আর গেওকে ডাকিয়া ॥ লস্কর সহিত দিল পাহাড়ে ভেজিয়া খুসি হৈয়া সাহাজাদা খোছরো নামদার ॥ পাহাড় তরফে চলে হইয়া সওার * নিকটে জাইয়া সেথা দেখিয়া ময়দান॥ রাতকালে রহে সবে করিয়া মকান * আল্লার মেহের ছিল সাজাদার পরে ॥ কেহ আইসে খাবে এহা কহে তার তরে * সুন সাহাজাদা দেলে না করিবে গম॥ সেখাইয়া তুঝে এ ছম আজম * তুমি এই এছমেরে কাগজে লিখিয়া ॥ নেজার ছেরেতে বেন্ধে নেসান করিয়া * কেল্লার তরফে লিয়া রাখ মেহেরবান ॥ না রবে মুস্কিল তবে হইবে আছান * আর তুমি হামেহাল পড়িবে এছাই ॥ দুর হৈয়া জাবে জত আফত বালাই * দেখিয়া এছাই খাব নিন্দেতে থাকিয়া ॥ চেতন পাইয়া মর্দ্দ উঠীল জাগিয়া * তখন কাগজ লিয়া লিখিয়া তাহাতে ॥ নেসান করিয়া বেন্ধে নেজার ছেরেতে * কহিল গেওয়ের তরে সুন মেহেরবান ॥ কেল্লার তরফে লিয়া রাখ এ নিসান * এছম আজম এই গায়েবের বানি ॥ এহার বরকতে হবে মুস্কিলে আছানি * স্বপনেতে আজ কেহ আমার লাগিয়া ॥ মেহের করিয়া এহা গেল শিখাইয়া * একথা শুনিয়া গেও হৈয়া খুসি মন ॥ এছম আজম লিয়া চলিল তখন * কেল্লার তরফে লিয়া রাখে সেথাকার ॥ সেই সময়েতে দেশে ফজলে খোদার * কালা এক মেঘ আইল করিয়া গর্জ্জন ॥ আওাজ বোলন্দ তাতে হইল এমন * বিজলি কড়কে জেয়ছা হইল আন্ধার ॥ জাদু তেলেছমাত জত ধমকে তাহার * ভাঙ্গিয়া পড়িল সব উপর থাকিয়া ॥ আগুন জলিতেছিল গেল সে নিবিয়া * দেখে খুসি হৈয়া তবে খোছরো নেকজাত ॥ গোদর্জ্জকে

দোহে মানিয়া জে হুকুম আমার * এছাই লিখিয়া সাহা ভেজিল যখন ॥ পড়ে তাহা গোদর্জ্জ হইয়া খুসি মন * তুছকে লইয়া সাতে মিলিয়া দোহায় ॥ আসিয়া হাজের হৈল বাদসার দরগায় * তখন সে তুছ মর্দ্দ হুজুরে বাদসার ॥ আরজ করিয়া কহে সোন নামদার * আপনি আছুদা জদি হৈলে বাদসা হিতে ॥ লাজেম জে ফরিবোর্জ্জে বাদসাহি সুপিতে * কেন না সে বেটা আর ওারেছ তোমার ॥ তোমা বাদে হক বটে বাদসাই তাহার * বেটার সামনে সাহি পোতাকে যে দেওা ॥ মনাছেব নহে সাহা দেখহ বুঝিয়া * বেটাকে মহরুম কর কিসের খাতেরে ॥ কিবা এছা গোনা সেহ করেছে হুজুরে * এছাই শুনিয়া সাহা খামসিয়া রহে ॥ ভালা বুরা কিছুই জবাব নাহি কহে * তখন গোদর্জ্জ মর্দ্দ কহে এ প্রকার ছিয়াওস বড় বেটা আছিল বাদসার * দুস্মনে দুস্মনি করে কাবুতে পাইয়া ॥ নাহক তাহার তরে ডালিল মারিয়া * একারনে মনাছেব চাহি জে বাদসায় ॥ সাহি তাজ শুপে দিয়া তাহার বেটায় * খোসাল করিয়া রাখে রুহুকে তাহার ॥ কেন না এতাজ সাহি হক ছিল তার * আওলাদ যদ্যপি তার নাহিক থাকিত ॥ তা হইলে ফরিবোর্জ্জ বাদসাই পাইত * আর সেই খোছরো আছে হেম্মতে মর্দ্দানা ॥ তার মত দুনিয়াতে নাহি কোন জনা * জেয়ছা মর্দ্দ রাখে তেয়ছা আক্যেল দানাই ॥ তাহার লাএক বটে তক্তের বাদসাই * ফেরেদু সমান হবে হেম্মত তাহার ॥ দেখ সে হেম্মত কেছা করে আপনার * জৈহুন দরিয়া পরে ঘোড়াকে ডালিয়া ॥ ডর না করিয়া দেলে আইল সাতারিয়া * ফরিবোর্জ্জ রাখে কোথা হেম্মত এছাই ॥ আর তার কোথা এছা আক্কেল দানাই * হেম্মত না আছে জার কেমন করিয়া ॥ বাদসাই করিবে সেই তক্তে বার দিয়া * হেম্মত দানাই দেখে খোছরোকে এখন ॥ তাজ সাহি সুপে সাহা দিয়াছে আপন * বাদসার হুকুম মত তামাম সরদার ॥ তাবেদার হইল জে খোছরো সাজাদার তুমি সে হুকুম নাহি মঞ্জুর করিলে ॥ দেওানা হইলে বুঝি আপনার দেলে * আছিল নওদর সাহা বাপ যে তোমার ॥ এছাই খেয়াল বদ আছিল তাহার * রাখিবারে চাহ তুমি বাপের খাছলত ॥ সে জন্য দেওানা এছা তোমার আদত * এবাত সুনিয়া তুছ জলিয়া গোস্বাতে ॥ গোদর্জ্জের তরে এহা লাগিল কহিতে * সুনরে কমবক্ত তুই আপনা ভুলিয়া ॥ কহিলী এছাই বাত আমার লাগিয়া * জাহা মুখে আইল তাহা কহিলি আমারে ॥ আমি কি কহিতে কিছু না পারি তোমারে * তোমার আয়েব জাহা ছাপা নাহি মুঝে প্রকাশিয়া কহিতে হইল এবে তুঝে * না কহিলে রহিকত করিয়া বরদাস্ত ॥ তুমি মুঝে সুনা সে বড়সত২ আছিল গরিব হেন বাপ জে তোমার ॥ এস্পেহানে ঘর তার ছিল সে কামার * না ছিল সর্দ্দারি তার না ছিল বাদসাই ॥ আর না মর্ত্তবাওালা আছিল এছাই * তাবেদারি করিয়া সে ফেরেদু সাহার ॥ এজ্জত হুরমত বাড়াইল আপনার * শুনিয়া গোদর্জ্জ তবে গোস্বাদেল হৈয়া ॥ কহে তুছ রহ তুমি জবান দাবিয়া না কর সামনে মেরা আপনা বড়াই ॥ পেসা কাম করিতে আএব কিছু নাই * কামার সে ছিল বলে না বুঝিবে হিন ॥ দেলের বিচেতে এহা জানিবে একিন * মানুসের খুবি খালি জওা মর্দ্দি চাই ॥ মর্দ্দমি না আছে জার নাহক বাদসাই * করিয়া সে পেসা কাম হইল কামার ॥ নছিবেতে নাহি ছিল তোমা সবাকার * তুমি আমি এক জর্দ্দ ভিন্ন কেহ নাই ॥ সরম না হৈল তুঝে কহিতে এছাই * একিন জানিও তুমি কায়ানি সকলে ॥ হইতে জে কেউমাস বাদসার নছলে * আজহার কায়ানি ছিল বাপ যে আমার ॥ তার তলওারের জোরে সাহি জে সবার * জোহাক বাদসার জে আহাদ নামা ছিল ॥ ফাড়িয়া ডালিল জোরে নাহি ডরাইল আখেরে জে জোরেতে ভাগায়ে জোহাকেরে ॥ ফেরেদুকে বসাইল তক্তের উপরে * তোমা সবাকার সাহি বাপ হৈতে মেরা ॥ না হৈল সরম তুঝে কহ তারে বুরা * বাপ মেরা ছিল এক নামি পাহালওান ॥ জাহেরা এ দেখ তার কায়ানি নিশান * তার ঝাণ্ডা নেশানের বরকত হইতে ॥ মহিমেতে তোমাদের হর ঠাই ফত্তে * তাহার ফরজন্দ আমি এছা জওা মর্দ্দ ॥ হাতি এছা পাহালওানে করে দেই গর্দ্দ * মেরা সাতে লড়িতে তাকত কোথা তোর ॥ জোর নাহি মুখে খালি করহ গুমর * শুনিয়া তখন তুছ লাগিল কহিতে ॥ নাহি বুঝ তুমি এছা দেলের বিচেতে * জদি তুমি জওা মর্দ্দ হও পাহালওান ॥ তবু আমি তেরা আগে বাঘের সমান * মেরা আগে তুমি এছা না কর বড়াই ॥ উচা নিচা তুমি আমি বহুত এছাই হাজার জোর বদনে তোমার ॥ তবু না হইবে তুমি সমান আমার * এছাই তকরার জবে হৈল

সমায় * তুছ মর্দ্দ ফরিবোর্জ্জে ছালাম করিয়া ॥ আইল আপনা ডেরে খোসাল হইয়া * এই রূপে সেই দিন গোজারিয়া গেল ॥ দোছরা রোজেতে জবে ফজর হইল * গোদজ্জ মর্দ্দানা হেথা ঘরে আপনার ॥ খুসির মজলিছ এক করিয়া তৈয়ার * নানারূপে কত চিজ আনিয়া ছামান ॥ দরমিয়ানে রাখে এনে তক্ত আলিসান * হিরা মতি লাল জওাহের কত তায় ॥ বয়ান করিয়া তাহা কহা নাহি জায় * সাহাজাদা কায়খোছরো দেলাখোসালিতে ॥ জে সময় বসিল আসিয়া সেই তক্তে * ইরানের জত কেহু ছিল নামদার ॥ হুকুম মাফিক সবে কাউছ সাহার * আসিয়া তখন সেথা হাজের হইল ॥ তুছ পাহালওান কিন্তু নাহিক আইল * জদি সে না আইল দেখে গোদজ্জ তখন ॥ গেওকে ভেজিল সেথা কহিয়া এমন * সোন মর্দ্দ জাহ তুমি সেতাবি করিয়া ॥ তুছ পাহালওানে হেথা আন বোলাইয়া * এহা সুনে গেও গিয়া তুছকে কহিল ॥ তুছ মর্দ্দ তাহাকে জওাব এয়ছা দিল * সোন গেও বাপ তেরা মস্কারামি কোরে ॥ খোছরোকে আনিয়া বসায়েছে তক্ত পরে * আমি সে জঙ্গলির আগে নাহিক জাইব ॥ আর তার তাবেদারি নাহিক করিব * নাহি আছে তার কিছু আক্কেল দানাই তাহার লাএক নহে ইরানে বাদসাই * নাহক আনিলে তুমি নাদানের তরে ॥ মছিবত ওঠাইয়া আপনার পরে * দেখ ভাই দেল বিচে করিয়া বিচার ॥ ফরিবোজ্জ বেটা এয়ছা কাউছ সাহার * দানাও আক্কেল মন্দ চালাক জেমন ॥ জওা মর্দ্দ পাহালওান আছে ভি তেমন * তক্তের লায়েক সেহ ইরান দেসের ॥ নাহিক সুপিয়া তক্ত তাহার খাতের * সুঁপিল জঙ্গলির তরে বাদসাই যাদার ॥ আমা সবে কহিল হইতে তাবেদার * সোন ভাই আমি না জাইব সেখানেতে ॥ তাবেদারি তার না কারব কোনমতে * ফরিবোজ্জ তক্ত পরে বসিবে জখন ॥ হাজের হইব গিয়া জাইয়া তখন * ফরিবোজ্জ বেটা হয় কাউছ সাহার ॥ হাজের হইয়া আছি হুজুরে তাহার * কহগে ছালাম মেরা গোদর্জ্জের তরে ॥ আমি এবে জাইতে না পারিব হুজুরে * এহা সুনে গেও মর্দ্দ তুছের লাগিয়া ॥ কহিতে লাগিল এহা বয়ান করিয়া * সোন পাহালওান তুছ কহিয়া জানাই ॥ খোছরো সাজাদার খুব আক্কেল দানাই * আর সেহ পাহালওান বড়া জওা মর্দ্দ ॥ কিতক জানাব তার মর্দ্দমির হর্দ্দ * ফরিবোজ্জ তার মত না হবে জওান ॥ জওা মর্দ্দি দেখে তার আক্কেল হয়রান * এইরূপে গেও জত তারিফ করিল ॥ তুছ তবু লানতান করিতে লাগিল * আখেরেতে গোস্বা হৈয়া গেও পাহালওান ॥ ফিরে আইসে সেতা হৈতে হইয়া পেরেসান * আপনা বাপের আগে পওছিল তখন ॥ সোনাইল তুছের তামাম বিবরন * সুনিয়া গোদজ্জ মর্দ্দ জলিয়া গোস্বায় ॥ কহিতে লাগিল এহা ছরদার সবায় এয়ছা বেয়াদবি করে তুছ পাহালওান ॥ মেটাইয়া দিব তার নামের নেসান * এহাবলে ঘোড়া পরে ছওার হইয়া তুছের তরফ মর্দ্দ চলে রেগা দিয়া * বেটা আর পোতা তারআটাত্তর জন ॥ দেখে তারা পিছে২ চলিল তখন * এর ছেওা দুই হাজার জঙ্গিয়া ছেফাই ॥ তাবেদার ছিল তারা চলিল সবাই * এয়ছাই আসিয়া জদি পওছিল ময়দানে ॥ তুছ পাহালওান তাহা সুনিয়া নিদানে * সাতে লিয়া আপনার লস্কর ছেফাই ॥ আইল ময়দান পরে করিতে লড়াই * দুইদলে মোকাবেলা হইল জখন তুছ কিন্তু দেলে এহা ভাবিল তখন * আপসে বিবাদ করে করিব লড়াই ॥ নাহক জাইবে মারা ইরানি ছেফাই * ফায়েদা এহাতে কিছু না হবে আমার ॥ লোকসান হইবে খালি কাউছ সহার * আর এই সমাচার তুরানেতে গেলে ॥ আফরাছিয়াব সুনে খুসি হবে দেলে * এহা ভেবে গোদজ্জকে কহিল এছাই ॥ থোড়া ঘড়ি লড়াই মকুফ রাখ ভাই * আগেতে খবর করি কাউছ সাহারে ॥ জাহা সেকহিবে তোমা আমার খাতেরে * মানিয়া লইব রায় মেনে লিবে তুমি ॥ সে হুকুমে কেহ না করিব বেসিকমি এছাই কহিয়া জঙ্গ মকুফ রাখিয়া ॥ বাদসার হুজুরে দিল খবর ভেজিয়া * সুনিল কাউছ সাহা তখন এছাই ॥ গোদর্জ্জ তুছের পরে কারল চড়াই * তবে সে কাউছ সাহা ভাবিয়া অন্তরে ॥ লিখিয়া ভেজিল এহা গোদজ্জের তরে * সুনহ গোদজ্জ তুমি কি জন্নে এয়ছাই ॥ গিয়াছ তুছের সাতে করিতে লড়াই কোমর বান্ধিলে কেন খারাবি করিতে ॥ বেওাফাই কাম এয়ছা কিসের তরেতে * মোনাছেব হয় এবে তোমরা দুজনে ॥ মছিম না কর আইস আমার এখানে * জা হয় উচিত আমি করিব বিচার ॥ লেছ

দরিয়া পারে সোন জাহাগির॥ বার২ মানা করি তোমার খাতির * কেননা দরিয়া পারে ইরানি ছেফাই বেসুমার কত সত আছে ঠাই২* নাহক্ক জাইয়া কেন হবে পেরেসান॥ আখেরেতে দায় হবে বাচাইতে জান*নেগাবানি কর তুমি আপনা দেসের॥ নাহিক এরাদা আরকর ইরানের * এহা সুনে আফ্‌রাছিয়াব তার বাতে॥সেথা হৈতে ফিরিয়া জে গেল তুরানেতে* এখানেতে গেও আর খছরো নামদার॥ দেখে তবে ঘোড়া পরে হইয়া ছওয়ার * ফিরিঙ্গিছ বিবীকে লইয়া সাতে করে॥ ইরান তরফে চলে খোসাল অন্তরে * কত দুর তক জবে পৌছিল আসিয়া॥ কোন জমিদারে সেথা তলব করিয়া*নামা একলিখে মর্দ্দ খোসাল খাতেরে॥ ভেজিল তাহার হাতে বাদসার হুজুরে * নামা সে লইয়া এসে সেতাব করিয়া কাউছ বাদসার আগে দিল পওছাইয়া * পড়িয়া কাউছ সাহা জানিয়া খবর॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর*খুসি হৈয়া গোদজ্জওতুছকে ডাকিয়া॥ কহিলখোছরকে আন আগেবাড়াইয়া* সুনে তারা সাতে করে লিয়া লোকজন॥ খোছরোকে আনিতে গেল হৈয়া খুসিমন * এখানে হইয়া খুসি বাদসা নামদার॥ আরাস্তা করিল খুব সহর বাজার * তার পরে খোছরো জবে পওছিল আসিয়া॥ পোতাকে দেখিয়া সাহা আছু বহাইয়া * ওতরিয়া তক্ত হৈতে গলে ধরে তার॥ ছেরে মুখে বুছা দিয়া কান্দে জারে জার * কহে ছিনু বেকারার শুনে তেরা দুখ॥ খুসি হৈনু নয়নে দেখিয়া চাদ মুখ * এহা বলে কোলে লিয়া খোছরকে তখন॥ তক্তের উপরে সাহা বসায়ে আপন * আপনি সোনার কো-রছি লিল মাঙ্গাইয়া॥ বসিল ছামনে তার খোসাল হইয়া * কহিল এতাজতক্ত সকলি তোমার॥এলাহি মোকছেদ পুরা করিল আমার*বাদসার হুকুমে খোছরো বসে তক্ত পরে॥ দেখিয়া সকলে খুসিহইল অন্তরে * আরকান দৌলত খুসি হইয়া সবায়॥ ছালাম তছলিম কৈল খোছরু সাজাদায় * তাহাবাদে জাহাপানা বাদসা নামদার॥ গেও পাহালওানে করে তারিফ হাজার*এনাম খেলাত কত দিল নেওা জিয়া॥ কহিল মর্দ্দমি কৈলে খোছরোকে আনিয়া * সাবাস হেম্মত তেরা সাবাস মর্দ্দমি॥ আনিতে খোছরোর তরে না করিলে কমি * সেসে ফের ফিরিঙ্গিছ বিবীর কারন॥ পিয়ার করিয়া সাহা হৈয়া খুসি মন * অন্দর মহলে আগে দিল পাঠাইয়া॥ রহিল সকলে এয়ছা খোসাল হইয়া * মহাম্মদ খাতের কহে নিভাইয়া দুক্ষ॥ ইরানের তক্তে খোছরো কর এবে সুখ * জন্মকালাবধি ওঠাইয়া দুক্ষু ভার॥ দুক্ষ পরে সুখ আছে হুকুম খোদার* জেকেহু ওঠায় দুক্ষ ছবুরি করিয়া॥ মজুরি তাহারে খোদা দেয় মিলাইয়া * পুরা করে আল্লাতালা সবাকার আস॥ কার তরে কভু নাহি করে সে নৈরাস রচিনু কেতাব মত চলিত ভাসায়॥ খাতা পাইলে আতা ভাই করিবে আমায় *

কায়কাউছ বাদসার হুকুমে ইরানের পাহালওান সকলে কায় খোছরো সাজাদার তাবেদারি করে ও তুছ পাহালওান না ফরমানি করিবার বয়ান॥

পয়ার * খোছরো সাহাজাদা জবে আইল ইরানে॥ কাউছ পিয়ার করে তাহার কারনে * বসাইয়া আপনার তক্তের উপরে॥ ফরমাইল ইরানের তামাম ছরদারে * সোন পাহালওান সবে আমার বচন॥ ছোট বড় সকলেতে তোমরা এখন * তাবেদারি কর মিলে খোছরো সাজাদার॥ হর হালে হৈয়া রহ হুকুম বরবাদ*খোছরো সাহাজাদার মেরা বেটার সন্তান॥ আখের পুথলি মেরা জানের সমান * এহা সুনে ইরানের তামাম ছরদার॥ তাবেদার হইয়া রহে খোছরো সাজাদার * কিন্তু পাহালওান তুছ কবুল না কৈল॥ বাদসার হুকুম মর্দ্দ নাহিক মানিল * আর এক বেটা ছিল কাউছ সাহার॥ ফরিবোজ্জ বোলে নাম আছিল তাহার * আসিয়া তাহার আগে তুছ পাহালওান কহিতে লাগিল এহা করিয়া বয়ান * সোন সাহাজাদা তুঝে কহিয়া জানাই॥ বাদসার ফরজন্দ তুমি থাকিতে এয়ছাই * তাজ তক্ত বাদসা নাহি তোমাকে শুপিয়া॥ পোতাকে সুপিয়া দিল পিয়ার করিয়া * বড় নাদানির কাম কৈল জাহাগির॥ নারাজ হইয়াছি আমি এহার খাতির * আইনু হুজুরে তেরা সোন নামদার॥ তাবেদারি কোন রুপে না করিব তার * তেরা তাবেদারি আমি করিব সদাই॥ এইবাতে হুজুরেতে জিউ আজ্ঞা পাই * এহা সুনে ফরিবোজ্জ তুছের লাগিয়া॥ খুসি হইয়া মাল মাত্তা দিল নেওাজিয়া * আপনা জানিয়া খুব ফরিবোজ্জ তায়॥ খুসিতে বিদায় করে দিল সে

মাচারে নদিতে মোরা নাবিয়া আখেরে * সাতারিয়া পার হৈয়া জাইব সবাই ॥ নাওকিস্তি জদি তুমি নাহি দিলে ভাই * নরমেতে গেও তারে কহে জত বাত ॥ মগরুর হইয়া রহে ঘাটি কমজাত * কেননা লাজেম সেথা কহিবা নরম ॥ এ কারনে গেও মর্দ্দ না কহে গরম * নহে পাহালওান গেও মারিয়া তলওার ॥ ওড়াইয়া দিত তারে করে ছারখার * তবু ফের গেও কহে মিনতী বচন ॥ পার করে দেহ ভাই মোদের কারন * নহে মোরা নিদানেতে নদিতে নাবিয়া ॥ কি করিব আখেরে জাইব সাতারিয়া * বেরহম জুতাখোর ঘাটওালা গাওার ॥ জুতা লাগাইলে তবে করে দিত পার * সুনিয়া গেওয়ের কথা নাকারা বুঝিয়া ॥ কহিতে লাগিল এহা হাসিয়া২ * সাতারিয়া জায় এই দরিয়া হৈয়া পার ॥ দুনিয়াতে এছাই তাকত আছে কার * মউজা তুফান জাতে পাহাড় সমান ॥ হাতে সাতারিয়া জায় কার এছা জান * তুফানের চোটে জত পানির জানওার ॥ ডরে না করিতে পারে চলিয়া আহার * এয়ছাই কহিল জদি ঘাটওালা কমজাত ॥ গেও মর্দ্দ কিছু না কহিয়া তার সাত * আসিয়া কহিল মর্দ্দ খোছরুকে এছাই ॥ দেরি করে হেথা আর থাকা নাহি চাই * কি জানি সে আফরাছিয়াব দুরাচার ॥ লস্কর লইয়া জদি আইসে আপনার * তাহলে ঘটিবে ফের আফত বালাই ॥ হইবে তাহার সাতে করিতে লড়াই * ভাল নহে দের করা সুন দেল দিয়া ॥ সাতারিয়া জাই চল এলাহি ভাবিয়া * নাহি ডরাইবে দেলে সুন নামদার ॥ পার হৈয়া জাব নদি মদতে খোদার * জে কেহু মুস্কিলে পড়ে তাহার উপর ॥ খোদার মদত হয় কেতাবে খবর * হইলে জুলুম কার আছে ত মসহুর ॥ খোদার রহম হৈতে থাকিবে সে দুর * সুন সাহাজাদা তুমি কহি সমাচার ॥ বেলগা সাহার বেটী দাদি জে তোমার * গারসিওজ বলে নাম জানিবে বিবীর ॥ ছুরাত জামাল বিবী ছিল বেনজির * বাপের উপরে বিবী বেদেল হইয়া ॥ ঘর হৈতে দুক্ষ মনে আইল চলিয়া * এই দরিয়ার ধারে আসিয়া পঁওছিল ॥ নাও কিস্তি কিছু নাহি ঢুড়িয়া পাইল * আখেরে নাবিয়া সেই এই দরিয়াতে ॥ পার হৈল সাতারিয়া খোদার মদতে * দেখ সে একেলা কেয়ছা হেক্কত করিয়া ॥ সাতারিয়া পার হৈল এমন দরিয়া * আর এহা সুনিয়াছি বাপের জবানি ॥ এক সময়েতে সাহা ফেরেদু এমনি * নাও কিস্তি কোন খানে নাহিক পাইয়া ॥ পার হৈয়া গিয়াছিল নদিতে নাবিয়া * চল এবে সাতারিয়া জাইব আমরা ॥ হায়াত থাকিলে বাকি পাইব কেনারা নহেত হায়াত পুরা হইলে মোদের ॥ জেখানে থাকিব মারা জাইব আখের * একথা সুনিয়া খোছরো গেওয়ের মুখেতে ॥ হেক্কত করিয়া ঘোড়া ডালে দরিয়াতে * ফিরিঙ্গিছ বিবী আর গেও পাহালওান তখন দোহেতে ঘোড়া ডালিল নিদান * তিনজনে সাতারিয়া দরিয়াতে জায় ॥ ঘাটওালা গিধি বসে দেখে কেনারায় * হেক্কত দেখিয়া সেই ঘাটওালের জাত ॥ তাজ্জব হইয়া থাকে গালে দিয়া হাত কহে এছা হেক্কত না দেখেছি কাহার ॥ সাতারিয়া এমন দরিয়া হয় পার * এহা বলে ঘাটওালা রহে তাকাইয়া ॥ খোছরো আর গেও গোতা জায় সাতারিয়া * আল্লার মদত হইতে কতক্ষন পরে * তিন জনে সাতারিয়া উঠিল কেনারে * উঠিয়া ভরসা দেলে হইল বিস্তর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * তাহাবাদে আপনারা আর তিন ঘোড়া ॥ সেই খানে রহিয়া আরাম লিল থোড়া * গেও কহে সাহাজাদা ঘুচিল বালাই ॥ চল এবে খুসি হালে ইরানেতে জাই * এহা বলে চাহে কিছওার হয় গিয়া হেনকালে চেয়ে দেখে নেঘাও করিয়া * আফরাছিয়াব হোথা বান্ধিয়া কোমর ॥ আইল নদীর ধারে লইয়া লস্কর * দেখিয়া তখন নাহ হইল ছওার ॥ কহে দেখি কিবা করে বাদসা নামদার * এহা বলে সেথা রহে না আইসে তখন ॥ বসিয়া তামাসা দেখে হৈয়া খুসি মন * আফরাছিয়াব হোতা লস্কর লইয়া ॥ দরিয়া কেনারে জবে পঁওছিল আসিয়া * দেখিয়া সে গেও আর খোছরু নামদার ফিরিঙ্গিছ বিবী সুদ্দা হয়ে গেছে পরে * আফছোছ করিয়া কহে তাজ্জব এবাতে ॥ সাতারিয়া এছা নদি গেল কি ছুরাতে * হাজার সাবাসি এছা হেক্কত উপরে ॥ দুনিয়াতে এছাকাম কেকরিতে পারে * এহা বলে হুকুম করিল এছা ফের ॥ সেতাব আনহ কিস্তি নাহিকর দের * ঘাটওালা সুনে ফের হুকুম বাদসার তখনি আনিয়া কিস্তি করিল তৈয়ার * চাহে কি ছওার হয় কিস্তির উপরে ॥ হেনকালে হুমা এসে মানা কৈল তারে * সুন বাদসা নামদার আরজ আমার ॥ নেহাত লস্কর কম সাতেতে তোমার * না জাও

মার ॥ কছম করেছি আমি এমন প্রকার * জাবত জমিনে ওর খুন না বহাই ॥ আমার উপরে আছে খোদার দোহাই * শুনিয়া কহিল তবে খোছরো নেকনাম ॥ কছমে খালাছ পাবে কর এই কাম * বেছার অজুদে জারা খঞ্জর মারিয়া ॥ তাহে খোড়া দেহ তুমি খুন বহাইয়া * বহিয়া সে খুন জবে জমিনে পড়িবে ॥ কছম হইতে তুমি খালাছ পাইবে * তাহাবাদে দেহ এসে খালাছ করিয়া ॥ জাউক আপন দেশে জান বাচাইয়া * এহা সুনে রাজি হৈয়া গেও পাহালওান ॥ খোড়া এছা খুন জারি করিল নি দান * জে রুপেতে খোছরো তারে বাতাইয়া ছিল ॥ সেইরুপে খোড়া খুন বহাইয়া দিল * তাবাদে খালাছ করে দিল আখেরেতে ॥ খালাছ পাইয়া বেছা সেখান হইতে * লস্করে আসিয়া সবে সাতে করে লিয়া ॥ তুরান সহর বিচে পওছিল আসিয়া * ছিল জেথা ছাফরাছিয়াব নামদার ॥ গিয়া তারে কহিল তামাম সমাচার * খবর সুনিয়া আফরাছিয়াব তখন ॥ বেটী ও নাতির গমে করিয়া রোদন * আহা জারী করে দেলে আফছোছ করিয়া ॥ কহে হায় বেগোনাতে বেটির লাগিয়া * জুলুম করিয়া দিনু নানারূপে দুখ ॥ আর কভু নাহিক দেখিতে পাব মুখ * এহা বলে লোক পাঠাইয়া দিল ফের ॥ কহিল সেতাবী জাহ নাহি কর দের * জৈহুন দরিয়া ধারে ঘাটওালে কবে ॥ আওরত এক দুই মর্দ্দ আসবেক জবে * পার না করিয়া দিবে তাদের লাগিয়া ॥ পার জদি কোনরূপ ডালিবে মারিয়া * এছাই হুকুম জদি কৈল দুরাচার ॥ সুনিয়া কয়েক লোক হুকুমে তাহার * জৈগুন দরিয়া ধারে সেতাবী আসিয়া ॥ কহে ঘাটওালার তরে হুসিয়ার করিয়া * সুনিয়া সে ঘাটওালা হুকুমে বাদসার ॥ আপ নাকে রহিল হইয়া হুসিয়ার * তারপরে আফরাছিয়াব হেথা হৈতে ॥ লস্কর সরদার লিয়া আপনার সাতে * জৈহুন দরিয়া পানে চলে দুরাচার ॥ রাহা আগুলিবে বলে খোছরো সাজাদার * তিন সও ক্রোশ এসে হৈল নিমাসাম ॥ রাতকালে এক ঠাই করিল মোকাম * এখানেতে গেও আর খোছরো সাহাজাদা ॥ চলে আইসে রাহাপরে দেলে ভেবে খোদা * জৈহুন দরিয়া ধারে দেখিল আসিয়া ॥ মউজ তুফান খুব চলেছে বহিয়া * বিপাক দেখিয়া গেও কোনকাম করে ॥ একঠাই বিবী আর সাজাদার তরে বসাইয়া রেখে মর্দ্দ ঘাটে গিয়া তবে ॥ ঘাটওালায় কহে পার কর আমা সবে * ঘাটওলা সুনে তাহা কহিল এছাই ॥ বেগর সনদে পার না করিব ভাই * বাদসার হুকুম আছে সনদ ছেওায় ॥ পার করে দিতে নাহি পারব কাহায় * জদ্যপি সনদ কিছু রাখ তুমি সাতে ॥ পার হৈয়া জাও নদ খুসি খোসালিতে * নতুবা করিতে পার না পারিব ভাই ॥ বাদসার মানাহি আছে হুকুম এছাই * সুনিয়া সে গেও মর্দ্দ লাগিল কহিতে ॥ সনদ হারায়ে মেরা গিয়াছে রাহাতে * ঘাটওালা কহে তবে সুন নেকনাম ॥ পার হৈয়া জাবে জদি কর এই কাম * সনদের বদলে সবুজ ঘোড়া দিয়া ॥ পার হৈয়া জাও নদী খোসাল হইয়া * গেও কহে ঘোড়া তুঝে নাহি পারি দিতে ॥ আমার ছাহেব জাদা ছওার ওহাতে ॥ * দিব আমি ঐ ঘোড়া কেমন করিয়া ॥ এক্তিয়ার নাহ মেরা সুন দেল দিয়া * ঘাটওালা কহে জদি ঘোড়া দিবে নাই ॥ তবে ঐ আওরতেরে দিয়া জাও ভাই * গেও বলে বাত এছা না কহ জেনহার ॥ বিবী যে মাতারি ঐ সাহেব জাদার * হুকুমের তাবেদার আমি ঐ বিবীর ॥ কহিতে কি পারি এয়ছা বিবীর খাতির * ঘাটওালা কহে ফের এছাই বচন ॥ জদি না পারিবে দিতে বিবীর কারন * তবে জেই তাজ আছে জওানের ছেরে ॥ ঐ তাজ দিয়া জাহ আমার খাতেরে * গেও কহে তাজ আছে কিম্মতি বিস্তর ॥ লালমতি হীরা জড়া পরেশ পাথর * এহা ছেওা আছে ওর জর্দ্দের নেসানি ॥ মিরাছ চিজের জেদ না কর আপনি * তখন কহিল এহা ঘাটওালা ফের ॥ সোন পাহালওান কহি তোমার খাতের * এ সকল কিছু জদি দিতে না পারিবে ॥ আপনা গায়ের জেরা খুলে দেহ তবে * গেও কহে আমি তুঝে কেমন করিয়া ॥ আপনা গায়ের জেরা দেজাব খুলিয়া * এই কথা ভালনহে সোন কহি ভাই ॥ চাহতো দোছরা জেরা দিয়া তুঝে জাই * ঘাটওালা সুনে তবে লাগিল কহিতে ॥ চাহিরাছি জেই চার চিজ তোমা হৈতে * কোন চিজ দিতে পার জদ্যপি এহার ॥ তবে তুঝে খুসিতে করিয়া দেই পার * নহে পার করে দিতে না পারিব আমি ॥ মোর তরে জেদ আর না করিবে তুমি * ঘাটওালা দিল জদি জওাব এমন ॥ গেও তবে নরমেতে কহে এ বচন * যদি তুমি পার কোরে না দিবে মোদেরে

উড়িল ডরে বেছার পরান * তখন সে আপনাকে নাউম্মেদ হৈয়া ॥ কহিতে লাগিল ইহা গেওয়ের লাগিয়া * শুন পাহালওান গেও জাহ এবে তুমি ॥ রেহাই করিয়া তুঝে ছেড়ে দিনু আমি * জোটের মাফিক তুমি না হবে আমার ॥ লড়িয়া তোমার সাতে নাহিক দরকার * জদি তুমি মারা জাও লাভনাহি তাতে ॥ খুবি কিবা আছে লড়ে একেলার সাতে * না আছে লস্কর তেরা না আছে ছেফাই ॥ ভালনহে তেরা লাতে করিতে লড়াই * এয়ছা জঙ্গ করা নহে মর্দ্দমির সান ॥ ছেড়ে দিনু জাহ তুমি বাচাইয়া জান জদি আমি তেরা সাতে করিব লড়াই ॥ জেথা সেথা শুনে লোগহাসিবে সবাই * একারনে ভেবেগুনে ছাড়িনু তোমায় ॥ নাহক্ক বদনাম কেন লিব তেরা দায় * গেও সুনে কহে তারে সোনরে বেহায়া ॥ না কহ আমার আগে বড়াই করিয়া * পতঙ্গ সমান তুমি ছামনে আমার ॥ ফিরে জায় তেরা বাতে কে-এয়ছা গাওার * তুমিত ছাড়িয়া দিলে আমারে এখন ॥ আমি তুঝে নাহিক ছাড়িব কদাচন * ইহা বলে গেও মর্দ্দ তেগ হাতে লিয়া ॥ চলে দুস্মনের পানে হামেলা করিয়া * বিপাক দেখিয়া বেছা হইয়া ফাফর ॥ ভেগে চলে সেথা হৈতে লইয়া লস্কর * ভাগেল হইল বেছা গেও তা দেখিয়া ॥ ধরিতে চালল তারে ফাসি হাতে লিয়া * নিকটে জাইয়া ফাসি ডালিয়া জোরেতে ॥ লাগাইয়া দিল মর্দ্দ বেছার গলেতে * সে হাল দেখিয়া জত লস্কর তাহার ॥ চারিদিগে ঘিরে আইল বলে মার২ * নেজা গোর্জ্জ তেগ আদি লিয়া সকলেতে ॥ মারিতে লাগিল কত গেওয়ের পরেতে * কিন্তু সেই চোট জত গেএর উপর ॥ কুন রকমেতে নাহি হইল আছর * জওা মর্দ্দি করিয়া জে গেও পাহালওান ॥ একহাতে ফাসি খেচে ধরিয়া নিদান * আর হাতে লিয়া মর্দ্দ তেগ আবদার ॥ মেরে চলে ডান বামে হাজারে হাজার জে কেহ ছামনে আর আইল ডান বায় ॥ জওামর্দ্দি করে মর্দ্দ মেরে তা সবায় * কায়খছরো সাহা জাদা আছিল জেখানে ॥ বেছাকে হাজের কৈল লিয়া সেই খানে * ফাসিশুদ্ধা বেছারে সুপিয়া সাজ্জাদায় গোস্বা ভরে ফের মর্দ্দ ময়দানেতে জায় * মারিতে লাগিল তেগ তুরুকের পরে ॥ জেকেহ আইল নাহি ছাড়িল তাহারে * মস্তহালে চারিদিগে কুদিয়া বেড়ায় ॥ দিকে২ কত লোকে মারিয়া গেরায় * ময়দানেতে বহাইল লহুর তুফান ॥ গিরিল তুরুকি জেন কলার বাগান * ডরে ডরাইয়া জত তুরুকি ছেফাই পিট দিয়া ভাগে সবে ছাড়িয়া লড়াই * জখন দেখিল কেহ নাহি আইসে আর ॥ ভাগেল হইল সব তুরুকি সওার * তখন সে গেও মর্দ্দ খোসাল হইয়া ॥ মহিমে পাইয়া ফতে আইল ফিরিয়া * জেখানে আছিল সাহা খোছরো নামদার ॥ আসিয়া কহিল এহা হুজুরে সাহার * সুন সাহাজাদা খোছরো কহি জনাবেতে ॥ বেছাকে মারিয়া ডাল আপনার হাতে * নহেত আমারে দেহ মারিয়া গেরাই ॥ দুসমনে রাখিয়া দের করা নাহি চাই * একথা শুনিয়া বেছা জানের ডরেতে ॥ করিয়া মিনতি জারি লাগিল ক-হিতে * নাহি মার সাহাজাদা জিউ আম্মাপাই ॥ আমি কভুনা করিনু তোমার বুরাই * কিকরি জামিন আছি বাদসার হুজুরে ॥ একারনে লিয়া জেতে আইনু তোমারে * আমি তেরা হামেহাল আছি দোস্ত দার ॥ দুস্তির সরত তুমি রাখ আপনার * এইরূপে বার২ মিনতি করিয়া ॥ কহে বেছা সাজ্জাদারে কাতর হইয়া * মিনতি দেখিয়া খোছরো বেছার এমনি ॥ কহিল তখন এয়ছা মোবারক বানি * সুন পাহাল ওান গেও কহি সমাচার ॥ এই জে তুরুকি মেরা বড় দোস্তদার * হর২ বাতে মেরা করিল ভালাই ॥ কোন বাতে কভু নাহি করেছে বুরাই * ফিরিঙ্গিছ বিবী ফের কহে এইবাত ॥ এই জে তুরুকি মর্দ্দবড়া নেকজাত * হরবাতে করিয়াছে নেকই আমার ॥ বিপদের কালে হইয়াছিল দোস্তদার * খছরোকে জে রাখালের ঘরেতে রাখিয়া ॥ পালন করিল সেথা দাই পাঠাইয়া * আর মুঝে বাচাইয়া দিলখুন হইতে নতুবা তুরান সাহা আমার তরেতে * মারিয়া ডালিত সে ছাড়িয়া দিত নাই ॥ এহার মেহের হৈতে পাইনু রেহাই * ফের মুঝে লিয়া রাখে ঘরেতে আপন ॥ বেটার মাফিক কৈল হামেসা পালন * হরহালে করিয়াছে বহুতি মেহের ॥ কোনবাতে বুরা না করিল আমাদের * করিল হাজার নেকিজদপি এছাই এক খাতা পেয়ে মারিতে নাহি চাই * জান বকসি করা চাই এখন এহার ॥ নাহি মার এর তরে খা তেরে আমার * নেকির সরত নাহি আদায় করিলে ॥ নারাজ হইবে খোদা আমাদের হালে * এহাশুনে গেওমর্দ্দ আরজ করিয়া ॥ কহে তবে ফিরিঙ্গিছ বিবীর লাগিয়া * সোন বিবি ছাহেবানি আরজ আ-

মহিমের কাম * নাহি দেখিয়াছ কভু করিতে লড়াই ॥ কেমনে তোমাকে আমি ময়দানে পাঠাই * কি জানি জখম জদি পৌছে কিছু তোরে ॥ তা হইলে মুস্কিল হবে রাহার উপরে * তুমি থাক জাই আমি ময়দান মাঝার ॥ একেলা করিব ফতে মদদে খোদার * অজুদেতে জান মেরা আছে জতক্ষন ॥ না ভেজিব মহিমেতে তোমার কারন * আমি জবে মারা জাব ময়দান উপরে ॥ আপনি করিবে কাম জা আইসে খাতেরে * এহা শুনে কহে তবে খোছরো নামদার ॥ রব আমি পিঠ পরে মদদে তোমার * তুমিত একেলা আছ সোন পাহালওান ॥ দুস্মন লস্কর আছে ভরিয়া ময়দান * একেলা কেমনে গিয়া করিবে লড়াই ॥ পিঠ পরে পোস্তপানা আর কেহু নাই* এহা শুনে গেওমর্দ্দ কহিল তখন ॥ শুন সাহাজাদা কহি তোমার কারন*রোস্তমের মত আমি লড়িতে কোথাই ॥ খোদা ছেওা কার তরে মদদনা চাই * কমি নাহি আছি আমি রোস্তম হইতে ॥ মহিমের বন্দ আর হুনুর হেকমতে * বহুত রূপেতে সে রোস্তম নামদার ॥ জোর আজমাইয়া মুঝে করিয়া পেয়ার * শুপিল আপনা বেটী খোসাল হইয়া আমি তার বেটিকে করেছি সাদি বিয়া * এর ছেওা আর সে রোস্তম নামদার ॥ সাদি করিয়াছে এক বহিনে আমার * এহা বলে গেও ফের লাগিল কহিতে ॥ না কর আন্দেসা তুমি দেলের বিচেতে * দেখহ তামাসা তুমি বসে এই ঠাই ॥ কি রূপে ময়দানে আমি করিগে লড়াই * এহা বোলে ঘোড়া হেকে গেও পাহালওান ॥ একেলা মহিমে গেল চলিয়া ময়দান* হাকিয়া কহিল মর্দ্দ তুরুকে এছাই ॥ আইস দেখি মহিমেতে কে আছ ছেফাই * ইহা শুনে তুরুকের লস্কর হইতে ॥ পাহালওান ছিল এক পোসন নামেতে * বড় পাহালওান সে রাখিত বড় জোর ॥ ঘোড়া কুদাইয়া আইল ময়দান উপর গেও দেখে তার তরে পুছিল এমন ॥ কে তুমি বাতাও দেখি শুনি বিবরণ * বেনামেতে পাহালওান মারা জাবে কেনে ॥ কহ আপনার নাম আমার ছামনে * একথা শুনিয়া সে গেয়ের আগেকয় ॥ পসন আমার নাম জানিবে নিশ্চয় * আমি এই লস্করের সাহেব সর্দ্দার ॥ সোনরে ইরানি জোর না জান আমার * আমি জদি জোরে ওঠাইয়া মারি গোর্জ্জ ॥ খান২ হৈয়া পড়ে পাহাড় আলবোর্জ্জ * এবে আমি দেখে লিব তোমার লাগিয়া ॥ ইরান হইতে কেয়ছা তুরানে আসিয়া * চুরি করেলিয়া জাও খোছর সাজাদায় ॥ চুরির সাজাই আজ করিব তোমায় * এছাই করিয়া চুরি ভেগে জাবে কোথা ॥ গোর্জ্জ মেরে গুড়া করে দিব তোর মাথা * ইহা বলে গোর্জ্জ সেহ উঠাইয়া মারে ॥ গেও পাহালওান দেখে ঢাল পাতে ছেরে * লাগিল গোর্জ্জের চোট গেয়ের মাথায় ॥ ধমকেতে খুনজারি হইল তাহায় * তবু নাহি গেরে গেও ঘোড়ায় থাকিয়া ॥ সাবুদ হইয়া মর্দ্দ রহিল বসিয়া*সামালিয়া আপনাকে নেজা লিয়া হাতে ॥ গোস্বাভরে মারে গেও তাহার পরেতে * কারি চোট লেগে সে পোসন পাহালওান॥গিরিয়া জমিন পরে মরিল নিদান * আর কত তুরুকেরে দিল গেরাইয়া ॥ দেখে বেছা পাহালওান গোস্বাতে ভরিয়া*তখনি কোম্মর বেন্ধে লইয়া হাতিয়ার ॥ ময়দানে আইল হৈয়া ঘোড়াতে ছওার* গেও পাহালওান খাড়া আছিল জেথায় ॥ এসে সেথা হেকে এছা কহিল গোস্বায় * শুনরে ইরানি তুমি রাখ কত জোর ॥ একেলা মারিলে মেরা এতেক লস্কর * গেরাইয়া দিলে বড়২ পাহালওান ॥ দেখিব এখন তুমি কেছাই জওান * বুঝিনু আমার হাতে আজল তোমার ॥ এখন বাচিয়া তুমি জাবে কোথা আর * লিব পোসনেরদাদ মারিয়া তোমায় ॥ মেরা হাতে এবে আর বাচিবে কোথায় * এইরূপে লাফ কাপ করে সে আইল ॥ গেও সুনে তাহাকে জওাব এহা দিল * সুনরে তুরুকি মুঝে নাহি জান তুমি ॥ চিন হতে তেরা দু আওরতে ধরে আমি* লিয়া গিয়াছিনু জোরে ইরান দেশেতে ॥ সেইপাহালওান আমি জানহ দেলেতে * সেখি কর মেরা আগে করিয়া গুমর ॥ লড়িতে আমার সাতে তাব কোথা তোর * রস্তমের ছেওা কেহু দুনিয়া বিচেতে ॥ মেরা সাতে বরাবর না পারে লড়িতে * দেখ কেছা একেলা সে রস্তম জাইয়া ॥ কতবার তুরানেতে মহিম করিয়া* মারিয়া ডালিল কত তুরানি লস্কর ॥ নাহিক আটীলে কেহু তাহার গোচর * রোস্তমের ছানি আমি নাহিক ডরাই ॥ একেলা মারিব তেরা তামাম সেফাই আর তুঝে জিতা জানে লইব ধরিয়া ॥ লিয়া জাব ইরানেতে গলে রসি দিয়া * তুঝেনা ধরিব জদি মর্দ্দ মিয় হালে ॥ পাহালওানি আর না করিব কুনকালে * এছাই কহিল জবে গেও পাহালওান ॥ শুনিয়া

করিব জখন*তখনি আনিয়া দিবে হাজির করিয়া ॥ না আনিলে সাজা পাবে এহার লাগিয়া* একারনে দেল বিচে হইয়া পেরেসান ॥ আখেরেতে ভাবা গুনা করিয়া নিদান * কোলবাদ নামেতে এক আছিল ছরদার॥তার তরে পিছে২ ভেজে সাজাদার * লিয়া সে আপন সাতে তিনসো ছেফাই ॥ ধরিতে আছ রোর তরে করিল চড়াই * কত দুর হেথা এসে খোছরো নামদার॥ দিন গুজারিয়া গেল হৈল নিমা সাম*রাত কালে শুয়ে রহে খোসাল অন্তর ॥ পিছেতে কোলবাদ আইসে না জানে খবর* ফজর হইয়া আইল এমন সমায় ॥ কোলবাদ লস্কর লিয়া আইল সেথায় * গেও পাহালওান তাহা দেখিতে পাইয়া সেতাবি ঘোড়ার পরে ছওার হইয়া * গিয়া কোলবাদের আগে করিয়া হামেলা ॥ লড়াই করিল শুরু হৈয়া মোকাবেলা*এক হাতে গোজ্জ লিয়া আর হাতে তেগ ॥ দাতেতে লাগাম ধরে মারে বেদেরেগ কেয়ামত ওঠাইল ময়দান মাঝার ॥ তুরুকেবে মারিয়া করিল ছারখার * গেবাইল ঝড়ে জেম্নছাকলার বাগান ॥ লহুতে হইল লাল তামাম ময়দান * শুনেছিল গেও মর্দ্দ নজুমের ঠাই ॥ কায় খোছরো তাজ দার হইবে এয়ছাই * খোদার মদদে আর ফজল হইতে ॥ আমান থাকিবে সব আফত বালাতে * এ জন্য নিডর হৈয়া গেও নামদার ॥ একেলা হেম্মত করে মারে তলওার * চারিদিগে ঘোড়া বেড়ি তা সবারে দিয়া । মেরে তেগ বেদেরেগ জায় গেরাইয়া * বিপাক দেখিয়া জত তুরকি জওান ॥ জান বাচা ইয়া ভাগে হৈয়া পেরেসান*বাকি জারা মোকাবেলা হইল আসিয়া॥ গেএর তেগের নিচে গেল পোস্ত হৈয়া * কোন রূপে না পারিয়া কোলবাদ গাওার ॥ জান বাচাইয়া ভাগে হইয়া লাচার * ফতে পেয়ে ফিরে এসে গেও পাহালওান ॥ খোছরোকে জাগায়ে কহে করিয়া বয়ান * জে রূপে লড়িতে আইল কোলবাদ গাওার ॥ জেরূপে তা সবা পরে মারিয়া তলওার * ভাগাইয়া দিল মর্দ্দ ময়দান থাকিয়া ॥ কহিল তামাম হাল বয়ান করিয়া* সুনিয়া আফছোছ কোরে খোছরো এহা বলে ॥ কেন তুমি আমারে নাহিক জাগাইলে * গেও বলে তাব এয়ছা না হৈল আমায় ॥ নিন্দ হৈতে বেচাইন করিতে তোমায় মদদ হইতে সাহা তেরা নছিবের ॥ তেগ মেরে একেলা দুস্মনে কৈনু জের * এহা সুনে খুসি হৈয়া খোছরো নামদার ॥ গেওকে তারিফ করে হাজারে হাজার* সাবাস হেম্মত তেরা সাবাস মর্দ্দমি॥ মেরা তরে কোনবাতে না করিলে কমি * এহা বলে তার পরে সেথায় থাকিয়া ॥ রাহা ছেড়ে জে রাহেতে আইসে নেকলিয়া * তথায় হাবেল হৈয়া কোলবাদ গাওার ॥ গিয়া সে হাজের হইল হুজুরে বেছার পুছিল তাহারে বেছা দেখে পেরেসানি ॥ কি হাল বেওরা কেছাকহ দেখিসুন * তখন কোলবাদকহে বেছার লাগিয়া ॥ গেওয়ের জঙ্গের হাল বয়ান করিয়া * শুনে বেছা গোস্বা হৈয়া কহে কোলবাদেরে হাজার লানত তেরা মর্দ্দমি উপরে*তিনসো ছেফাই লিয়া গিয়া মহিমেতে॥ হেরে আইলি একপাহাল ওানের সহিতে * কোলবাদ কহিল সুন বেছা পাহালওান ॥ রোস্তম হইতে কমি নহে সে জওান * রোস্তমের মত জোর হইবে তাহার ॥ মহিমে তাহার সাতে পেরে ওঠা ভার * এতবার না কৈল বেছা তাহার কথায় ॥ আগ হেন জলিয়া সে দেলের গোস্বায় *তখনি লইয়া সাতে তুরানি লস্কর ॥ আপনি চলিল ফের বান্ধিয়া কোমর * হোতা সাহাজাদা খছরো রাহার উপরে ॥ খুসিহালে বে আন্দেসা জায় ধীরে২ * ছিল ফিরিঙ্গিছ বিবী জেমন মাহতাব ॥ রাহে চলিবার নাহি ছিল তার তাব * একারনে এক ঠাই ডেরা পাকড়িয়া ॥ খেয়ে পিয়ে রহে সেথা আরাম করিয়া * হেন কালে ঢুড়িতে২ সেই ঠাই॥ পৌ ছিল আসিয়া বেছা লইয়া ছেপাই * ফিরিঙ্গিছ বিবী একা জাগিতে আছিল ॥ পওছিল আসিয়া বেছা দেখিতে পাইল * তখন বুঝিল বিবী আপনা দেলেতে ॥ বেছাহেথা আইল মুঝেধরে লেজাইতে*এহা ভেবে গেও আর খছরোর লাগিয়া॥ জাগাইল দোহে তারা আছিল সুইয়া * কহিল সেতাবি ওঠ দেখ ময়দানেতে ॥ বেছা ফের এখানেতে আইল মহিমেতে*এহা সুনে গেও আর খছরো নামদার॥জাগিয়া উঠিল দোহে হইয়া হুসিয়ার * দেখিলময়দান পরে করিয়া নজর॥বেছা পাহালওান আইল লইয়া লস্কর বিপাক দেখিয়া দোহে কোমর বান্ধিয়া ॥ ঘোড়াতে ছওার হৈল তেগ হাতে লিয়া * কহিতে লাগিল তবে খছরো নামদার ॥ সোন পাহালওান গেও আমি এইবার * মহিম করিতে জাই তুরানির সাতে কত লোগে পাঠাইয়া দেইজমালাতে * গেও কহে সুন সাহা খছরো নেকনাম॥তুমি নাহি জান খুব

তুমি আমি নাহি হেনকালে॥* খোছরো বলে সোন মর্দ্দ কহি সে জেকের ॥ বালাখানা আছে এক আ
মার বাপের * গোলেস্তান সে ঘরের বাহার দেখিয়া॥ সরম পাইয়া থাকে ছের ঝুকাইয়া * বাপ মেরা
সেই ঘরে করিয়া ফিকির ॥ রাখিয়াছে পাহালওান সবার তছবির * বাতাইয়া মোর তরে মাতারি আ
মার ॥ একে২তছবির দেখাল সবাকার * কহিল চিনিয়া লিবে আসিলে জে কেও ॥পাহালওান রোস্তম
গোদজ্জ আর গেও* দেখিয়া ওাকেফ আছি আমি সে তছবির॥ এজন্যে চিনিনু দেখে তোমারখাতির
কহ তুমি মোর তরে কেমনে চিনিলে ॥ আমার নেসানি কভু নানিক দেখিলে * গেও কহে সাহাজাদা
কহি জে সন্ধান ॥ পেসানি উপরে তেরা বাদসাই নেসান*আর তেরা সান দেখে চিনিনু এমত ॥ সাহা
জাদা খোছরো তুমি হইবে আলবত * এখন আরজ এই করি পানাতলে ॥ একবার আমারে দেখাও
বাজু খুলে * কায়ানি নেসান থাকে বাজুতে তোমার ॥ তবেত কারার হয় দেলেতে আমার * হইবেক
জেবা কেহ কায়ানি ছোলতাব ॥ বাজু পরে রবে তার ছেয়াহি নেসান * কেননা আওলাদ জত কায়
কোবাদের ॥ এ দলিল খাছ জে মিরাছ তা সবের*তাহার আওলাদ ছেওা না হইবে কার ॥নেহাত জা
নিবে সাহা এই সমাচার * শুনিয়া একথা সাহা গেওয়ের জবানি ॥ খুলিয়া আপনা বাজু দেখায় তখনি
দেখে সেই কালা দাগ গেও নেক নাম ॥ খুসি হৈয়া আদবেতে করিল সালাম * তাবাদে তুরান আর
ইরান দেসের ॥ হাল হকিকত সব করিয়া জাহের * আপনা ঘোড়ার পরে খোছরো নামদারে॥ ছওার
করিয়া লিয়া খোসাল অন্তরে*লাগাম ধরিয়া গেও আপনার হাতে॥হইয়া পিয়াদা পাওচলিল রাহেতে
সেথা হৈতে খাস হালে আসিয়া দুজনে ॥ হাজের হইল জবে সহর খোতনে * দেখে ফিরিঙ্গিছ বিবা
আপনা বেটায়॥ ছেরে বোছা দিয়া ছাতি লাগাইল তায় * তারিফ করিল কত গেওর লাগিয়া ॥ কহে
জান বাচাইলে খোছরোকে আনিয়া * নহেত উম্মেদ এছা না ছিল দেলেতে ॥ খোছরু ফের ফিরিয়া
আসিবে সেথা হৈতে * করিলে বহুত নেকি খোছরোকে আনিয়া ॥ না ভুলিব জত দিন রহিব বাচিয়া
এইরূপে কহা সোনা করেন হেথায় ॥ বেছা হেথা পাঠাইয়া দিল জে সবায় * তারা সবে গিয়া যবে
সকলে মিলিয়া ॥ সেই সহরের ধারে পৌছিল জাইয়া * সুনিল লোকের মুখে খবর এছাই ॥ আসিয়া
এখানে এক ইরানি ছেফাই*খোছরোকে ছওার করে আপনা ঘোড়াতে ॥ লিয়া গেছে সেই মর্দ্দ এখান
হইতে * এহা শুনে তারা সবে নাওম্মেদ হৈয়া ॥ তুরানে বেছার আগে আইল ফিরিয়া * সুনাইল
একে২ জত বিবরন ॥ জেরূপে আনিল সাহাজাদার কারন * শুনিয়া তাদের মুখে বেছা সেই বাত ॥
আফছোছ করিয়া মর্দ্দ হাতে মারে হাত * এই রূপে বেছা হেথা ভাবে মনে২ ॥ কহে কি জওাব দিব
বাদসার সামনে*ফিরিঙ্গিছ বিবী হোথা বুঝিয়া দেলেতে॥ গেও পাহালওানে এহা লাগিল কহিতে *
সোন পাহালওান গেও কহিয়া জানাই ॥ ইরানি লস্কর কেহ তুরানেতে নাই * ফারামজ্জ আছিল যে
লইয়া লস্কর ॥ সুনিয়াছি গেছে সেহ ইরান সহর *এবে জদি ঘটে কোন আসিয়াবালাই॥মদত করিতে
এয়ছা কেহ আর নাই * চল এবে ইরানেতে সেতাবি করিয়া ॥ দের নাহি করা চাই এখানে থাকিয়া *
কি জানি দুস্মন জদি পাইয়া খবর ॥ এখানে আসিয়া পৌছে লইয়া লস্কর * তবেত ঘটীবে ফের
আফত বালাই ॥ হবে দুস্মনের সাতে করিতে লড়াই * সোন গেও এবে তুমি সেতাবি জাইয়া ॥
ময়দানেতে চরে ঘোড়া আন পাকড়িয়া * বেহজাদ নামেতে তার আছে এক ঘোড়া ॥ সবুজ
তাহার রঙ্গ তেজদার বড়া * খাছ আস্তাবলের সে ঘোড়া সাজাদার ॥ ছিয়াওস সে ঘোড়াতে হইত
ছওার*এহা সুনে গেও মর্দ্দ বিবীর জবানি ॥ ঘোড়া ধরিবারে গেল ময়দানে তখনি * কামান্দ ডালিয়া
সেই ঘোড়াকে ধরিল ॥ আর এক তাজি ঘোড়া ধরে সে আনিল * তিন জনে চড়ে তিন ঘোড়ার
পরেতে ॥ সেতাবি চলিয়া আইসে সেখান হইতে* আল্লার মেহের ছিল উপরে তাদের ॥ বে আন্দেসা
চলে আইসে নাহি করে দের * দেখা দেখি চলাচলি আইসে নেকলিয়া ॥ কএক মঞ্জিল জবে আইল
ছাড়িয়া* তখন সে বেছা হোথা পাইল খবর॥ খোছরো সাহাজাদা গেল ইরান সহর* সুনিয়া ভাবিতে
হৈল দেলের মাঝার ॥ কেননা জামিন সে আছিল সাজাদার * আফরাসিয়াব সেই বেছার লাগিয়া ॥
ফিরিঙ্গিছ বিবী আর খোছরোর লাগিয়া * শুপে দিয়াছিল লিয়া জামিন এমন ॥ তলব এদের তরে

রাহা বিচে গেওকে ঢুড়িয়া ঠাই২ * কোন খানে না পাইয়া গেয়ের খবর ॥ আখেরে আইল ফিরে হৈয়া ফাপর * গেও পাহালওান হোথা হৈয়া পেরেসান ॥ রাত দিন ঢুড়ে চলে জত বিয়াবান * ভুকা হৈলে কোনখানে সেকার করিয়া ॥ খাইত কাবাব কোরে আছুদা হইয়া * পিন্দিত করিয়া জামা লিয়া সেই চাম ॥ রাত দিন কোন খানে না করে আরাম * এইরূপে কত দিন রাহা পরে গিয়া ॥ পার হৈয়া গেল ফের চিনের দরিয়া * তবুনা হাছেল হৈল মোরাদ তাহার ॥ ভাবে মনে হেথা হৈতে কোথা জাবআর কোন খানে গেলে পাব খোছরোর সন্ধান ॥ এছাই ঢুড়িয়া কতহব পেরেসান * সাতসাল হৈল আজ মেহনত ওঠাই ॥ কত দেশ ঢুড়িয়া আইনু ঠাই২ * মেহনত করিনু জত গেল সে বরবাদ॥ এত দুক্ষে হাছেল না হইল মোরাদ॥* এহা বলে আজেজ হইয়া পাহালওান ॥ দেল বিচেভাবে কত বসিয়া নিদান কহে আর ঢুড়িব জাইয়া কোথা কারে ॥ ফিরে জাই হেথা হৈতে ইরান সহরে * কিন্তু ফিরিল দিল জওামর্দ্দি তার ॥ পেরেসানি ওঠাইতে করিল আরবার*ভাবে দেলে এত দিন ওঠাইনু দুখ॥ফিরেগিয়া কেমনেতে দেখাইব মুখ * এবাতেসরমবড় হইবে আমার ॥ দেখি ফের কোথা আছে খোছরো নামদার এহা বলে উঠে ফের চলিল তরায় ॥ দুই চারি লোক সেথা মিলিল রাহায় * কথায়২ সবে চলে এক সাতে ॥ কত দুরে এড়াইয়া গেল এছুরাতে*গেওকে তখন তারা পুছিল এয়ছাই ॥ কহ মর্দ্দ কেবাতুমি জাবে কোন ঠাই * একেলা এহালে ফের কিসের কারনে ॥ হাসি খুসি নাই মুখে আছ পেরেসানে স্থনে পাহালওান গেও তাদের তরেতে॥তুরকি জবানে এহা লাগিল কহিতে*সেকারের খাহেস জে বড়ই আমার ॥ এসেছিনু ময়দানেতে করিতে সেকার * কতদুর চলে আইসি ময়দানে২ ॥ না মেলে সেকার কিছু কেছমতেরগুনে* দিসাহারা হৈয়া শেসে রাহা ভুলে গিয়া॥আচানক এই দেসে পৌছিনু আসিয়া * একারনে ফিরি আমি পেরেসান হালে ॥ কহ এবে কোথা হৈতে তোমরা আইলে * কি কামে কোথায় জাবে কেয়ছা সমাচার ॥ এই দেসে আইলে দেন কি আছে দরকার * স্থনিয়া তখন তারা কহিল এয়ছাই ॥ আইনু তুরান হৈতে আমরা সবাই * বেছা পাহালওান দিল ভেজিয়া হেথায় খোছরো নামদার আছেফলানাজাগায়*জাই মোরা ঘবর লইতে সেথা তার॥ কি হালেতে আছে সেই কেছা সমাচার * এহা স্থনে গেও মর্দ্দ হৈয়া খুসি মন ॥ তাহা সবাকার সাতে চলিল তখন * দেলে২ কহে মর্দ্দ গেল দুক্ষ ভার ॥এতদিনে মেহের করিয়া কর তার * খোছরো নামদার বুঝি মেলাইয়া দিল দেলের মোকছেদ মেরা হাছেল করিল * এয়ছাই ভাবিয়া দেলে চলে রাহাপরে ॥ হেম্মত দিগুন হৈল দুক্ষ গেল দুরে * কত দুর গিয়া জবে হৈল নিমাসাম ॥ এক ঠাই রহে সবে করিয়া মোকাম * কতদ্দিন হৈতে গেও আরাম না করে ॥ খাবের লস্কর এসে ঘেরিল তাহারে * নিন্দ জায় পাহালওান স্থয়ে সেহ ঠাই ॥ দেখিয়া গেয়ের তরে তাহারা সবাই* দেলে ডরাইয়া কহে পাছে এজওান ॥ কোন বাতে আমা সবে করে পেরেসান * নাহক কিসের তরে আফত বালাই ॥ বেফাএদা মোরাসবে সাতে লিয়া জাই এহা ভেবে সব তারা গেওকে ছাড়িয়া ॥ চলে গেল সেথা হৈতে আপসে মিলিয়া*গেও হেথা নিন্দ হইতে জাগিল তখন ॥ দেখে রাহাগির লোক নাহি কোন জন* ভাবে মনে ভাল ছিল জাগিয়া থাকায় জাগিলে ছাড়িয়া তারানা জাইত আমায়* কিন্তু গেওখোছরো সাহাজাদার নিসানি॥স্থনেছিল জেরূপে তা সবার জবানি * ধরে সে নেসানি মর্দ্দ চলিল রাহায় ॥ এইরূপে কত দুর ছাড়াইয়া জায় * পওছিল জাইয়া একনহরের ধারে॥দেখে সেই নহরের ঘাটের উপরে* নবিন জওান একরয়েছে বসিয়া॥সোনার পিয়ালা এক হাতে করে লিয়া * ছেরেতে সোনার তাজদিয়া আপনার॥ পেসানীতে বাদসাই নেসানি নমুদার * দেখে গেও দেলে এয়ছা বুঝিল আপন ॥ সাহাজাদা কায়খোছরো হবে এইজন * এয়ছাই বুঝিয়া দেলে নিকটে জাইয়া॥ ছালাম তছলিম কৈল ছের ঝোকাইয়া॥* আরজ করিয়া ফেরতারে এহা কয় ॥ তুমি বুঝি হবেছিয়াওসের তনয় * কায়খোছরো নাম জার আলমে জাহির ॥ নেহাত করিয়া কহ আমার খাতির * স্থনিয়া সে খোছরো কহে হাসিয়া২ ॥ মালুম করিনু আমি তোমাকে দেখিয়া * গোদজের বেটাতুমিগেও পাহালওান॥কহ কিকারনে হেথা আইলে জওান*স্থনেগেওঘোড়া হইতে [illegible] নাবিয়া ॥ করিলকদম বুছি আদব রাখিয়া*কহিল আমারে তুমি কেমনে চিনিলে॥ দেখা স্থনা

লইয়া*এইরূপে আফরাছিয়াব দাগাবাজ॥মহিমে ছারিয়া হোথা করে এইকাজ*এখানেতে পাহালওান রোস্তম সরদার॥ আলাও লস্কর সাতে লিয়া আপনার* তুরান সহরে এসে তক্তে বার দিয়া॥হুকুমতি করে মর্দ্দ খোসাল হইয়া*তারপরে তুরানের কত ঠাই২॥ দখল করিয়া লিল ভেজিয়া ছেফাই * তুরূকি লোকেরে জারে পাইল জেথায়॥নারাখিল কার তরে রাএত ছেওায় *জদি কেহ লিত আফরাছিয়াবের নাম॥ রোস্তম মারিয়া তারে করিত তামাম*এইরূপে সাত সাল রোস্তম সরদার॥ থাকিয়া তুরান দেশে তক্তে দিয়া বার * আদল এনছাফ করে খুঁসিতে মোদাম॥ আরামে গোজরান করে রায়েত তামাম * আর সেই আফরাছিয়াব জেথা ভাগে॥রোস্তম লস্কর জত ভেজে সেই বাগে*আছিল জে বাদসা জেথা লস্কর লইয়া॥ ইরানী লস্কর সেথা নিকটে জাইয়া * আগুলিয়া রহে সবে রাহার উপর॥ আফরাছিয়াব তার জানিয়া খবর*সহরে আসিতে নারে ডরে ডরাইয়া॥ রহে দুরে আপনার লস্কর লইয়া*এইরূপে কিছুদিন গোজারিয়া গেল॥ ঝগড়া লড়াই জবে নাহিক রহিল*তবে সে এরাদা কৈল রোস্তম সরদার আসিতে ইরান দেশে হুজুরে বাদসার*ডাকিয়া কহেন মর্দ্দ গেও পাহালওানে॥ কহিতে লাগিল এহা তাহার কারনে*সোন মর্দ্দ তুমি এবে হেথা হৈতে গিয়া॥ খোছরো সাজাদার তরে আন তল্লাসিয়া * এহা বলে গেওকে বিদায় করে দিল॥ খোছরোর তল্লাসে গেও রওানা হইল * তখন রোস্তম মর্দ্দ করে কোনকাম॥ ফারামোজ্জে শুপে দিয়া লস্কর তামাম * আপনি ইরানে আইসে হইয়া রওানা॥ মালমাত্তা আর কত লইয়া ছামানা * আছিল ইরানে জেথা বাদসা জাহাগির॥ আসিয়া হুজুরে তার হইল হাজির * দেখিয়া কাউছ সাহা রোস্তমের তরে॥হইয়া হাজার খুসি আপনা অন্তরে*সোনারকুর ছির পরে বসায়ে সামনে॥ পুছিল জঙ্গের হাল রোস্তম জওানে * রোস্তম বাদসা আগে বয়ান করিয়া॥ মহিমেরহাল ছারাকহে বিবরিয়া*জেরূপেহারেলহৈয়াআফরাছিয়াব॥তুরানছাড়িয়া ভাগে হইয়া বেতাব জেরূপে খোছরোরতরে ঢুড়িয়া আনিতে॥গেওকে ভেজিয়া দিল তুরান হইতে*জেরূপেতেফারামজ্জে তুরানে রাখিয়া॥আপনি ইরান দেশে আইল চলিয়া*একে২ সুনাইল হুজুরে বাদসার॥ সুনিয়া হইল খুসি বাদসা নামদার * মহাঙ্কদ খাতের কহে ভাবিয়া ছোবহান॥ খোছরোর তল্লাসে জায় গেও পাহালওন

পাহলওান গেও কায় খোছরোর তল্লাসে জাইয়া চিন হৈতে খোছরোকে লিয়া আসি
বার সমায় কোলবাদ আর পাহালওান বেছার সহিত রাহাতে মহিম করিয়া ফতে
পাইয়া খোছরোকে লইয়া কাউছ সাহার নিকট ইরানে পৌছিবার বয়ান॥

পয়ার * রোস্তমের হুকুমেতে গেও নামদার॥ সবজেদ ঘোড়ার পরে হইয়া ছওার * লোক জন কার তরে সাতে না লইয়া॥ চিনের তরফে একা জায় নেকলিয়া * ঘাটে ঘাটে ঢুড়ে ফিরে জেখানে সেখানে॥খোছরোর সন্ধান নাহি পায়ে কোনখানে*পেরেসান হৈয়া এছা তল্লাসিয়া ফেরে॥ কারে নাহি পোছে আফরাছিয়াবের ডরে * জদি রাহি লোকেরে পুছিত সমাচার॥ নাহি বাতাইলে জান মারিত তাহার*কেননা সে জদিশ্বাত খবর এছাই॥ কহে সে বাদসাকে তবে ঘটিবে বালাই*এহা ভেবে গেও মর্দ্দ মারিত তাহায়॥মারিলে খবর নাহি পৌছিবে বাদসায়*এইরূপে কত লোকেপুছিল জওান॥ কেহ নাহি বাতাইতে পারিল সন্ধান*মারা গেলকত লোক জেখানে সেখানে॥কেমারে খবর তার কেহ নাহি জানে॥ কএক সহর এছা তল্লাসিয়া জায়॥ কোনখানে নেহাত খবর নাহি পায় * এখানে গোদজ্জ মর্দ্দ গেয়ের কারনে॥ রহে আপনাকে বড় দেল পেরেসানে* কেননা জে গেও কারে সাতে না লইয়া একেলা চলিয়া গেল রওানা হইয়া* একারনে গোদজ্জ আছিল আন্দেসায়॥ কিন্তু জে দিনেতে গেও নেকালিয়া জায়*খাবেতে গোদজ্জ এছা দেখে সেই রাতে॥ খোছরো সাহাজাদা এসে কহে এছুরাতে ফলানা সহরে আছি ফলানা মকানে॥ বাতাইয়া দিবে তাহা গেও পাহালওানে * দেখিয়া এছাই খাব গোদজ্জ মর্দ্দানা॥বেহানেকয়েকলোকে করিল রওানা* কহিল সেতাব গিয়া তোমরা সবা২॥ গেওকে খাবের বাত কহিয়া এছাই * সাতে করে লিয়া জাবে রাহা দেখাইয়া॥ হামেসা রহিবে সাতে মদদ হইয়া * চিনের দরিয়া পারে জজিরা বিচেস্তে॥ সাহাজাদা কারখোসরো আছে খোসালিতে * চিনের সরহদবিচে সেইতজজিরা॥গেওকে লইয়া সেথা জাইবে তোমরা*এয়ছাইশুনিয়া তারা চলে ধাওাধাই

ওড়াইব তোর * মেরা হাতে জাবে কোথা জান বাচাইয়া ॥ পাহালওান নাম তেরা দিব ঘুচাইয়া * এসে আজলের রাহে পওছিলে হেথায় ॥ ইরানে যাইতে ফিরে নাদিব তোমায় * রস্তম শুনিয়া কহে হাসিয়া২ খোদাচাহে দাদ লিব তোমাকে মারিয়া * ছিয়াওসে মার জেছা করিরা জুলুম ॥ এবে সে জুলুম তুমি করিবে মালুম * কহিয়া এছাই বাত হইয়া ছওার ॥ ময়দানে জাইয়া হৈল মোকাবেলা তার, * আফরাছিয়াব দেখে করে কোন কাজ ॥ তফাতে থাকিয়া তির মারে দাগাবাজ * রোস্তম সে তির তার ঢালে ওড়াইয়া ॥ নিকটে জাইয়া নেজা মারে ঘুমাইয়া * আফরাসিয়াব নেজা বদ করে তাব ॥ রোস্তম উপরে নেজা মারে আরবার * রোস্তম সে নেজা তার ঢালেতে ওড়ায় ॥ এইরূপে নেজাবাজি করেন দোহায় করিয়া বহুত এছা নেজার লড়াই ॥ শেসে গিধি এক নেজা মারিল এছাই * ধমকের চোটে তার আগুন উঠীল ॥ কিন্তু সেই চোট নাহি রস্তমে পওছিল * তখন হইয়া গোস্বা রস্তম সরদার ॥ নেজা এক মারে জোরে কোমরে তাহার * আফরাছিয়াব ঢাল পাতিল তাহায় ॥ ঢালে লেপে গেরে নেজা ঘোড়ার মাথায় * ধমকে সে ঘোড়াগিরে মারিল সেতাব ॥ হইল পেয়াদাপাও আফরাছিয়াব * রোস্তম চাহে কি ফের নেজা মারে তায় ॥ ঘোড়ার সামিল করি জমিনে গেরায় * হেনকালে হুমা তার কোমক হইয়া পিছে হৈতে কুদে এসে গোজ্জ হাতেলিয়া * মারে জোরে রোস্তমের ঘোড়ার পায়েতে ॥ গোর্জ্জের চোটেতে ঘোড়া লাগিল কাপিতে * কিন্তু নাগিরিল সেই ঘোড়াওফাদার ॥ সামালিয়া গেলনাহি ডালিল সওার * এছাই ফোরছত পেয়ে আফরাসিয়াব ॥ দুছরা ঘোড়ার পরে চাড়িয়া সেতাব * ময়দান হইতে ভাগে জান বাচাইয়া ॥ রোস্তম সরদার তাহা দেখিতে পাইয়া * ঘোড়াওঠাইয়া চলে ধরিতে হুমার বিপাক দেখিয়া হুমাভাগিয়া পালায় * দেখিয়া সেহাল তবেরস্তম সর্দ্দার ॥ চলে তা দোহার পিছে বলে মার২ * তখন আসিয়া জত ইরানি সেফাই ॥ রোস্তমের সাতে মিলে চলিল সবাই * জেখানে লস্কর আফরাছিয়াবের ছিল ॥ তাহাসবে পেয়ে তেগ মারিতে লাগিল * গোস্বাভরে বেদেরেগ মারে তলওার কেটে চলে দলে২ হাজার হাজার * তুরুকি লস্কর দেখে ইরানির জোর ॥ টীকিতে না পারে সবে হইল ফাকর * দিগে২ জায় ভেগে জান বাচাইয়া ॥ ইরানি তা সবাকারে মারে খেদাড়িয়া * রোস্তম আর ফারামজ্জ গেও নামদার ॥ তুছ আর নামি২ জত আছওার * গোস্বাদেল হৈয়া সবে হাতে লিয়া তেগ তুরুকে ঘিরিয়া মারে হয়ে বেদেরেগ * এইরূপে ঘড়িচার করিল লড়াই ॥ মারিল এতেক লোক লেখা জোখানাই * লহুর তুফান চলে ময়দানে বহিয়া ॥ মরালাশ ভেসে তাতেজায় নেকালিয়া * তখন তুরুকি আর না পারে টিকিতে ॥ জান বাচাইয়া ভাগে ময়দান হইতে * রোস্তম লইয়া সাতে লস্কর সরদার পিছে২ খেদাড়িয়া জায় তা সবার * এইমতে নয়কোস পিছে২ গিয়া ॥ কতলোক রাহা বিচে ডালিল মারিয়া * জাহাকে পাইল জেথা নাহিক ছাড়িল ॥ গোস্বাভরে তেগ মেরে গেরাইয়া দিল * ছাড়াকরে তুরুকেরে সহর তুরান ॥ তখন খামস হইল রোস্তম জওান * আফরাছিয়াবে নাহি ধরিতে পাবিযা ॥ আখেরে ছাড়িয়াপিছাআইল ফিরিয়া * মহিমে হাকিয়া আফরাছিয়াব তখন ॥ দেলের বিচেতে মুজি ভাবিল এমন * সাহাজাদা কায়খোছরো আছে খোতনেতে ॥ রোস্তমের হাতে সেহ না পড়ে জাহাতে * এহা ভেবে লোক সেথাদিল পাঠাইয়া ॥ কহিল খোছরোকে আন সেতাবি জাইয়া * বাদসার হুকুমে লোক জাইয়া সেথায় ॥ খোছরো সাজাদার তরে আনিল ত্বরায় * দেখিয়া খোছরোকে আফরাসিয়াব তখন বেছা পাহালওানে ডেকে কহিল এমন * শুন পাহালওান বেছা কহিজে তোমায় ॥ ফিরিঙ্গিছ বিবি আর খেছরো সাজ্জাদায় * জামিন হইয়া তুমি লেহ মেরা ঠাই ॥ রাখ এনে কোনখানে বুঝিয়া ভালাই * তলব করিবজবে এহারখাতিরে ॥ আনিয়া তখন তুমি করিবে হাজির * একথা শুনিয়া বেছা কহিল বাদসায় ॥ এইবাতে আমাকে ঠেকালে তুমি দায় * এছা কোন ঠাই আছে কহ নামদার ॥ না পারে জাইতে জেথা রোস্তম সরদার * সেইখানে লিয়া রাখি এহার কারন ॥ এহা বলে ভাবা গুনা করে মনে মন * কহিল বাদসার তরে সুন নামদার ॥ ভেজি এছে চিনের দরিয়া করে পার * সেখানে রাখিলে পরে ডরনা থাকিবে ॥ রোস্তম সেদেশে কভু নাহিক জাইবে * সুনে তাহা রাজি হৈল বাদসা নামদার ॥ লোক জন সাতে দিল খোছরু সাজাদার * চিনেরদরিয়া পারে দিল পাঠাইয়া ॥ চিনদেশে গেলতারা খোছরুকে

রিয়া তলওার ॥ কলম করিয়া দিল নেজাকে তাহার*নেজাজদি তেগমেরেদিল তারাসিয়া ॥ ফেরে সে তুরুকি আইল তেগহাতে লিয়া * গোস্বাভরে দুই চোট মারিল দোহায় ॥ দুই পাহালওান হৈল যখম তাহায় * দেখিতে পাইয়া তাহা রোস্তম সর্দ্দার ॥ সেতাবি মদদ করে গিয়া তা সবার * হাকিয়া কহিল এছা পিলছামে তখন ॥ মেরা সাতে আইস দেখি লড়িতে এখন * কতজোর রাখ তুমি তুরুকি ছেফাই ॥ দেখাইব তেগবাজি শেখাব লড়াই* পিলছাম রস্তমের এবাত সুনিয়া ॥ ফেরায় ঘোড়ার বাগ আইল কুদিয়া * কহিতে লাগিল এহা রোস্তমে তখন ॥ মহিমেতে জদি তুমি আইলে এখন * মোর তরে দেহ আগে কারার এছাই ॥ তুমি আমি দুহে খালি করিব লড়াই * এই দুই পাহালওান না রহে এখানে ॥ লস্করে ভেজিয়া দেহ এদের কারনে * রোস্তম কহিল আমি খোদার ছেওায় ॥ নাচাহি মদত কভু দুছরা কাহায় * এয়ছাই কহিয়া তাহা দোহার লাগিয়া ॥ কহিল তোমরা জাহ লস্করে চলিয়া গেও আর ফারামজ্জ সুনিয়া তখন ॥ সেতাবী আইল চলে লস্করে আপন * তখন পিলছামে কহে রোস্তম এছাই ॥ আইস এবে মোর সাতে করহ লড়াই * সুনে সে তুরুকি জঙ্গি তেগ হাতে লিয়া ॥ রস্তমের ছেরে মারে জোরেতে খেচিয়া * রস্তম পাতিল ছেরে ঢাল আপনার ॥ ঢালেতে লাগিয়া তার টুটিল তলওার * কিন্তু ঢাল কেটে খোড়া ছেরেতে লাগিল ॥ তাহে রোস্তমের কিছু দরদ পওছিল তখন রস্তম দেলে বুঝিল এছাই ॥ বড় পাহালওান এই তুরুকি ছেফাই*হাতির সমান জোর হবে এর গায় ॥ তাইতে এহার চোট পওছিল আমায় * এহা ভেবে গোস্বাভরে নেজা ঘুমাইয়া ॥ মারিল রস্তম তার কোমরে খোঁচিয়া * খেয়ে সে নেজার চোট হইল বেতাব॥ রোস্তম কমরে তার ধরিয়া সেতাব ঘোড়া হৈতে উঠাইয়া ঘুমাইয়া ছেরে ॥ পটকান মারিয়া ডালে জমিন উ .র * দম নেকালিয়া গেল মরিল পিলছাম ॥ পাহাড় গিরিল জেন হইয়া তামাম * তখনি হাকিয়া কহে রোস্তম ছর্দ্দার ॥ সুন বাদসা আফরাছিয়াব নামদার*তেরা আগে এই মর্দ্দ করিয়া বড়াই॥ আইল আমার সাতে করিতে লড়াই এবে এসে বেটী বেহা দিয়া আপনার॥তাজসাহি ছেরেদেহ করিয়া পিয়ার*লানত তোমার পরে সুনরে বেহায়া॥কত লোকে বেটীর উচ্ছেদ দেলাইয়া * পেরেসান করে ডাল আখেরে এছাই ॥জেকথা সুনিয়া দেয় লানত সবাই * ছিয়াওসে বেটী দিয়া কি দোস পাইলি ॥ জুলুম করিয়া তারে মারিয়া ডালিলি সুনরে বেহায়া লাজ নাহিক তোমার ॥ দুছরার তরে বেটি দিতে চাহ আর * এই রূপে ফজিহত বহুত করিয়া ॥ রস্তম ময়দান হৈতে আইল ফিরিয়া * নাহিক তাকত কার হইল এছাই ॥ আইসে রস্তমেরসাতে করিতে লড়াই * তুরুকি লস্কর জত ময়দানে আছিল ॥ দেখে রস্তমের জোর দেলে ডরাইল এইরূপে সেইদিন গেল গুজারিয়া॥ নিমাসাম হৈল রাত পওছিল আসিয়া *ময়দান হইতে তবে দুদলে ছেফাই ॥ জার জে ফিরিয়া ডেরে আইল সবাই * খানা পানি খেয়ে রহে করিয়া আরাম ॥রাত পোহাইয়া গেল এলাহির কাম * আফরাছিয়াব তবে উঠিয়া ফজরে ॥ কহিতে লাগিল ডেকে সর্দ্দার সবারে বড়া পাহালওান দেখি রোস্তম সর্দ্দার ॥ কহ আজ কে জাইবে মাহমে তাহার * এহা সুনে ছিল যত নামি পাহালওান ॥ খামসিয়া রহে কেহ না খুলে জবান * আফরাসিয়াব কহে চুপ হৈলে কেনে ॥ কহ কে লড়িতে আজজাইবে ময়দানে * স্থনিয়া সর্দ্দার লোক মিলিয়া সবাই ॥ আফরাছিয়াবে দিল জওাব এছাই * পিলছাম ছিল তেরা সাহেব সর্দ্দার ॥ মোরা সবে ছিনু তার হৈয়া তাবেদার* জখন সে পিলছামে রোস্তম জওান ॥ ওঠাইল ঘোড়া হৈতে ঘাসের সমান * তবে আর সাদ্ধ আছে কাহার এছাই ॥ রোস্তমের সাতে গিয়া করিবে লড়াই*মউত মঞ্জুর এবে জে কেহ করিবে ॥ গিয়া মউতের আগে ছের বাড়াইবে * সুন বাদসা চাহ জদি মোদেরে মারিতে ॥ মারতবে একে২ আপনার হাতে * আমা সব হৈতে কিন্তু না হবে এয়ছাই॥গিয়া আজদাহার সাতে করিব লড়াই* সর্দ্দার সকলে জবেদিল এ জওাব লাচার হইয়া তবে আফরাছিয়াব * আপনি কোমর বেন্ধে চলিল ময়দানে ॥ পাহালওান রস্তম আছিল জেই খানে * দেখিয়া সে হাল জত লস্কর সরদার ॥ খাড়া হৈল পিঠ পরে জাইয়া বাদসার* তখন সে আফরাছিয়াব গোস্বাভরে ॥ হাকিয়া কহিল এহা রোস্তমের তরে * সুনহ রস্তম তুমি আইস নেকলিয়া লড়হ আমার সাতে কোমর বান্ধিয়া * দেখি কেছা পাহালওান রাখকত জোর ॥ তলওার মারিয়া ছের

মারা গেল গজবে বাদসার॥ সেই হৈতে গমেতার আছি জারেজার❀ সাজাদার তছদ্দক হইতে আমায় মাফ কর খুন হৈতে কহি তেরা পায় ❀ এহা শুনে সে সময় তুছের দেলেতে॥ রহম আইল তার আজিজি হইতে ❀ তবে তুছ এসে কহে রোস্তমের তরে॥ সুনহ রোস্তম কহি তোমার খাতেরে ❀ এ মর্দ্দ মিন্নতি জারি করে বার২॥ কহ জদি খুন মাফ করিয়া এহার ❀ জিঞ্জির করিয়া রাখি কয়েদ করিয়া জা হয় করিবে সেসে বুঝিয়া সুজিয়া ❀ রোস্তম সুনিয়া কহে তুছের খাতের॥ নাচাহ ভালাই তুমি তুরানি লোকের ❀ না ছাড়িব কারতরে শুন কহিভাই॥ বাদসার কছম মুজে খোদার দোহাই ❀ জেখানে জাহাকে পাব না দিব ছাড়িয়া॥এক বারে জান সুদ্দা ডালিব মারিয়া❀ রোস্তমের মুখে তুছ সুনে এ বচন তখনি কাটিয়া ডালে ছোরখার গর্দ্দান❀রস্তম লইয়া ফের কাটা ছের তার॥লাঠাইয়া দিল আগে কাউছ সাহার❀বাদসা সেইছের লিয়া কেল্লার দুওারে॥ টাঙ্গাইয়া দিল লিয়া খোসাল খাতেরে❀ এরূপে রোস্তম হেথা ধরিয়া ছোরখায়॥ মারিয়া ডালিল জদি দেলের গোস্বায় ❀ আফরাছিয়াব তার খবর সুনিয়া হায়২ বলে কান্দে মাথায় মারিয়া ❀ সেই লাড়কা বাদসার পিয়ারা বড় ছিল॥ গমেতে মাতম জারি বহুত করিল❀পুত্রশোকে বহুত কান্দিয়া নামদার॥ তার পরে জমাইয়া লোক বেশুমার❀চলিল ময়দান পরে করিতে লড়াই॥ জেখানে আছিল সব ইরানি ছেফাই❀ দুইদলে মোকাবেলা হইল ফউজ॥দরিয়া উপরে জেন উঠীল মউজ❀ঘোড়া কুদাইয়া ফেরে জত পাহালওান॥ধুলা উড়ে অন্ধকার হইল ময়দান মস্ত হৈয়া ইরানের সরদার ছেফাই॥ গালি দিয়া হেকে বলে তুরুকে এয়ছাই ❀ শুনরে তুরুকি লোক আইস নেকলিয়া॥দেখি কেয়ছাজাও ফিরে জানবাচাইয়া❀মহিমেআইলেজদি দেরকর কেনে॥সে তাবি আসিয়া জঙ্গ করহ ময়দানে ❀ জদি নাহি রাখ জোর করিতে লড়াই॥ রোস্তমের পায়ে ধর আসিরা সবাই ❀ ইরানি ছর্দ্দার সবে এছাই প্রকারে॥ লানতান কৈল জদি তুরুকের তরে ❀ শুনে তাহা বেছার আছিল এক ভাই॥ পিলছাম নামে মর্দ্দ বড়ই ছেফাই ❀ গোস্বাতে জলিয়া সে বাদসার আগে গিয়া॥ কহিতে লাগিল এহা ছালাম করিয়া ❀ ইরানি সাপটি করে না পারি সহিতে॥ আমাকে হুকুম কর মহিমে জাইতে ❀ দেখি কেয়ছা জোর ধরে রোস্তম পিলতন॥ খাক খুনে মেলাইব তাহার কারন ❀ এহা জদি নাহি করি মর্দ্দমির হালে॥ হুজুরেতে মুখ না দেখাব কোন কালে❀সাট সুনে কহে তারে আফরাছিয়াব॥ জাহ মর্দ্দ ময়দানেতে চলিয়া সেতাব ❀ জদি তুমি মারিতেপারহ রোস্তমেরে॥ অর্দ্ধেক মুল্লক দিব তোমার খাতেরে❀আর এক বেটীদিব করিনু করার॥ খেলাফ করিলে তবে হব গোনাগার❀ এহা সুনে পিলছাম খোসাল হইয়া॥ মহিমে জাইতে চাহে কোমর বান্দিয়া ❀ তখন বাদসার আগে বেছা পাহালওান॥ কহিতে লাগিল এয়ছা করিয়া বয়ান ❀ সুন বাদসা আফরাছিয়াব নামদার॥ বড় পাহালওান সেই রোস্তম ছরদার ❀ মজান্দারানেতে ছিলবড়২ দেও॥ রোস্তমের ছামনেতে নাটিকিল কেও লড়িয়া পিলছাম কভু রোস্তমের সাতে॥ ফতে করিবারে না পারিবে কোন মতে❀সুনিয়া বেছারে কহে আফরাছিয়াব॥ পিলছামে আছে খুব লড়িবার তাব ❀ পিলছাম জওয়ার্মর্দ্দ জেয়ছা পাহালওান॥ রোস্তম নাহিক হবে এহারসমান❀একিন জেহয় মেরা দেলের ভিতরে॥ পিছলাম রোস্তমেরেপাছাড়িবে জোরে এহা বলে ঘোড়া জোড়ালিয়া আপনার॥ পিল ছামে সুপে দিল বাদসা নামদার ❀ তখন সেপিলছাম খুসি হইয়া মনে॥ বাদসাকে ছালাম করে চলিল ময়দানে ❀ আছিল ময়দানে জেথা ইরানি সেফাই॥ জাইয়া সেখানে হেকে কহিল এরছাই ❀ আইস দেখি নেকলিয়া রোস্তম পিলতোন॥ মহিম করিছে মেরা সঙ্গেতে এখন ❀ কত জোর রাখ তুমি দেখি পাহালওান॥ মেরা হাতে জাওকেছা বাচাইয়াজান গেও পাহালওান তাহা সুনিতে পাইয়া॥ ঘোড়া হেকে ময়দানেতে পওছিল জাইয়া ❀ পিলছাম কহে আমি তুঝে না বোলাই॥ চাহি রোস্তমের সাতে করিতে লড়াই॥ গেও বলে এছা একতুরুকের সাতে নাহি সে রোস্তম আইসে মহিম করিতে❀ এহা বলে লেও মর্দ্দ হাতে লিয়া তেগ॥ চাহেকি পিলছামে খেছে মারে বেদেরেগ❀ পিলছাম দেখেতাহা জোরেতে হাকিয়া॥আইল গেওয়ের পরে নেজা ঘোমাইয়া❀চাহে কি মারিয়া নেজা গেওয়ের কোমরে॥ ঘোড়া হইতে গেরাইয়া দেয় জমি পরে ❀ ফারামরজ দেখিতে পাইয়া সেতাবেতে॥ কুদে জোরে আসিয়া সে গেওয়ের মদতে ❀ পিলছামের নেজা পায়ে মা

ওসের দাদ লেহ হাতে আপনার ॥ তবেত খোসাল দেল হইবে আমার * এহা শুনে রোস্তম কহিল লস্করেতে ॥ সেতাবী কমর বান্দ জাব মহিমেতে * হুকুম পাইয়া জত ইরানি ছরদার ॥ কোম্মর বান্ধিয়া সবে হইল তৈয়ার * বাজিতে লাগিল কাড়া ধাওসা নিসান ॥ নেকালিল মস্ত হালে তামাম জওান * রোস্তম কোমর বেন্ধে হইয়া ছওার ॥ ঢাল গোর্জ্জ তির তেগ লইয়া কাটার *বাদসার হুজুর হইতে বিদায় হইয়া ॥ তুরান তরফে চলে লস্কর লইয়া*ছোটবড় ছিল যত ইরানি ছেফাই ॥ সাজিয়া চলিল সবে করিতে লড়াই * মঞ্জেল২ রাহা নেকালিয়া জায় ॥ কতদিনে তুরান সহর গিয়া পায় * আছিল বন্দর এক ছঞ্জাব বলিয়া ॥ সেখানে লস্কর যবে পৌছিল জাইয়া *ছিল সেবন্দরে এক তুরান ছর্দ্দার ॥ পাহালওাম আজাদ বলিয়া নামতার *] ছাঞ্জাবের লোক জত তাবে তার ছিল ॥ দেখে সে ইরানি লোকে লড়িতে আইল * ইরানি ছরদার তবে তুরুকে দেখিয়া ॥ মোকাবেলা হৈয়া লড়ে তেগ হাতে লিয়া দুইদলে এক কালে ঝুকিয়া আইল ॥ মার২ ধর২ সোর গোল হৈল * কে কোথা তলওার মারে হৈয়া মস্তহাল ॥ ঘড়ি একে জেয়ছাই হইল ভুইচাল * এরূপে ইরানি লোক লড়ে গোস্বা হইয়া ॥ ময়দানেতে বহাইল লহুর দরিয়া * মারা গেল ছিল জত ছঞ্জাবের লোক ॥ দেখিয়া আজাদ মর্দ্দ পেয়ে মন সোক মহিম করিতে আইল তেগ হাতে লিয়া॥ইরানি লস্কর তারে লইল ঘেরিয়া* গেরাইল তির মেরে চারি দিগ হৈতে ॥ আখেরে সে মরিল গিরিয়া ময়দানেতে *জখন দেখিল সব তুরানি ছেফাই ॥ মারা গেল ময়দানেতে আর কেহু নাই* তখনি ইরানি লোক খোসাল হইয়া ॥ জমা হৈল এক ঠাই মহিম ছাড়িয়া এই সমাচার গিয়া তুরানে পৌছিল ॥ আফরাসিয়াব শুনে গোশ্বায় জলিল * কহিতে লাগিল এহা গর্জ্জিয়া তখন ॥ দেখিব ইরানি হেথা আসিবে জখন * এহা বলে আপনাকে হইয়া হুসিয়ার ॥ লস্কর সেফাই রাখে করিয়া তৈয়ার * এখানে রোস্তম মর্দ্দ করে কোন কাম ॥ আপনার লোক জন লইয়া তামাম * খোসালিত হৈয়া চলে ছাঞ্জাব ছাড়িয়া ॥ তুরানে ময়দান পরে পৌছিল জাইয়া * আফরাছিয়াব তার পাইল খবর ॥ আইল ময়দান পরে ইরানি লস্কর * তখন সে ভাবে মনে কি করি উপায় ॥ লড়িতে ময়দানে এবে ভেজিব কাহায় * এছাই ভাবিয়া দেলে তাবাদে আখেরে॥ কহে ডেকে আপনার বেটার খাতেরে * মহিম করিতে তুমি জাহ ময়দানেতে ॥ সাজা দেহ ইরানিরে আপনার হাতে * এহা শুনে লিয়া কত লস্কর ছেফাই ॥আইল ময়দান পরে করিতে লড়াই * ছোরখা বলিয়া নাম আছিল তাহার দেখিয়া তাহার তরে রোস্তম ছরদার*আপনা বেটাকে ডেকে কহেন এছাই ॥ জাইয়া তুরুকে ধরেদেহ না সাজাই * সুনে রোস্তমের বেটা ফারামোর্জ্জ নামে ॥ আইল ময়দান পরে মহিমের কামে * গোস্বা দেলে মোকাবেলা হইয়া ছোরখার ॥ হাকিয়া হৈদরি হাক বলে মার২ * ছোরখা সেহাক সুনে উঠীল গোর্জ্জিয়া ॥ ফারা মোর্জ্জ পরে গোর্জ্জ মারিল খেচিয়া * সেই গোর্জ্জ ফারামোর্জ্জ রদ করে ঢালে ॥ কামানের গুন তার লাগাইয়া গলে * খেচে জোরে জমি পরে দিলেক ডালিয়া ॥ উতরিয়া সেতাবিতে ঘোড়ায় থাকিয়া * ছাতি পরে বসে তারে বেন্ধে হাত পায় ॥ কয়েদের করিল গিয়া রোস্তম জেথায় * দেখিয়া ছোরখার হাল তুরানি লস্কর ॥ হায়২ করে সবে হইয়া কাতর * কহে কি কহিব গিয়া বাদসার হুজুরে ॥ শুনে বাদসা কি কহিবে আমা সবাকারে* নাহি আছে লস্করেতে এয়ছা কোনজন ॥ লড়েইরানির সাতে জাইয়া এখন*বড়া পাহালওান দেখি ইরানি ছেফাই॥ নাআটীব কেহ মোরা করিতে লড়াই এইরূপে ভাবে হেথাতুরানি লস্কর ॥ কহে কি কহিব গিয়া বাদসাকে খবর * হেথায় রোস্তম মর্দ্দ খুসি হইয়া মনে ॥ কহিতে লাগিল এহাতুছপাহালওানে * আফরাসিয়াব গিধি বড়া দাগাবাজ ॥ দাগাবাজি বিহনে নাহিক তার কাজ * বেটি দিয়াছিয়াওসে তাবাদে আখেরে ॥ বেগোনা মারিয়া ডালে দাগাবাজি কোরে * ধরা গেছে বেটাতার এহাকে লইয়া॥ তলওয়ার মারিয়া ছেরদেহ ওড়াইয়া* এক ঘড়ি নাহি রাখ সুম পাহালওান ॥ সেতাবি মারিয়া ডাল এহার গর্দ্দান * রোস্তম এয়ছাই জদি দিল ফরমাইয়া ॥ তুছ পাহালান তবে তেগ হাতে লিয়া * চাহেকি খেচিয়া মারে ছোরখার পরেতে ॥ বিপাক দেখিয়া ছোরখা লাগিল কহিতে * নাহি মার পাহালওান জিউআক্ষা পাই ॥ বেগুনা কাহেক মুঝে মারিবে এছাই * আমি নাহি গুনাগার আছি কোন বাতে ॥ তুস্তি মেরা ছিল বড় সাজাদার সাতে * জখন সে

ছিল কেল্লা বানাইয়া ॥ আফরাছিয়াব ফের বেদেল হইয়া * আসিয়া খোতন দেশে লইয়া ছেফাই ॥ মেরে ডালে ছিয়াওসে করিয়া লড়াই * কিন্তু জেই সময়েতে ছিয়াওস মৈল ॥ সে সময়ে বিবি তার হামেলা আছিল * বেটা এক হইয়াছে বিবীর হামেলে ॥ রাখিয়াছে নাম তার কায়খোছরো বলে * এবে সেই বেটা তার হৈয়াছে সিয়ানা ॥ খোতনেতে মায়ে বেটা আছে দুই জনা * আর জে সকল হাল গুজারিয়া ছিল ॥ সে সব আহওাল সাহা তামাম সুনিল * তখন পাইয়া দর্দ্দ কাউছ জাহান ॥ কান্দেন বেটার সোকে হৈয়া পেরেসান * কহে হায় ছিয়াওস কি কাম করিলি ॥ জাইয়া তুরান দেশে জান হারাইলি * এইরূপে জারি করে বাদসা নামদার ॥ মহাম্মদ খাতের কহে কলম খোদার * জার নছিবেতে খোদা লিখিয়াছে জাহা ॥ কোনরূপে রদ না হইতে চাহে তাহা *

কায়কাউছ বাদসা ছিয়াওসের মরিবার খবর শুনিয়া রোস্তমকে তাহার বদলা লইতে
পাঠায় ও রোস্তম তুরানে আসিয়া আফরাছিয়াবের সাতে মহিম করিয়া
ফতে পাইয়া তুরানে সাত সাল বাদসাই করিবার বয়ান *

বেটার খবর শুনে কাউছ জাহান ॥ বহুত কান্দিয়া দেলে হৈয়া পেরেসান * আখেরে কাছেদ এক দিল পাঠাইয়া ॥ কহিল রোস্তম আন সেতাবী করিয়া * বাদসার হুকুম পেয়ে কাছেম তখন ॥ জা বলে রোস্তম জেথা করিল গমন * গিয়া সেরোস্তমে কহে সালাম করিয়া ॥ শুন পাহালওান কহি তোমার লাগিয়া * আইনু বাদসার ভেজা লইতে তোমায় ॥ আপনি বাদসার আগে চলহ ত্বরায় * কেয়ছাই খবর কিছু না পারি কহিতে ॥ কহিয়াছে বাদসা কিন্তু সেতাবী জাইতে * একথা সুনিয়া তবে রোস্তম মর্দ্দানা ॥ আইল চলিয়া জেথা বাদসা আলম্পানা * হুজুরে হইল খাড়া সালাম করিয়া ॥ কান্দিতে লাগিল বাদসা রোস্তমে দেখিয়া * রোস্তম দেখিয়া পুছে বাদসার খাতির ॥ কান্দহ কিসের তরে কহ জাহাগির তখন সে নামদার কাউছ জাহান ॥ কহে রোস্তমের তরে করিয়া বয়ান * জেরূপেতে ছিয়াওস তুরানে যা ইয়া ॥ বাদসার বেটীর তরে করে সাদি বিয়া * জেরুপে জুলুম করে আফরাছিয়াব ॥ মেরে ডালে ছিয়া ওসে করিয়া খারাব * জেরূপেতে বেটা তার হইয়া সেখানে ॥ খোতনেতে মায়ে বেটা আছে দুইজনে একে২ হাল সব বয়ান করিয়া ॥ রোস্তমের তরে সাহা দিল সুনাইয়া * সুনিয়া রোস্তম মর্দ্দ এছা সমা চার ॥ কান্দিতে লাগিল দেলে হৈয়া জারে জার * রোস্তমের গম এয়ছা হইল সেবাতে ॥ তাহার বয়ান করে না পারি লিখিতে * বহুত কান্দিয়া মর্দ্দ তাবাদে আখের ॥ কহিতে লাগিল এহা বাদসার খাতের সুন বাদসা নামদার কহি জে তোমায় ॥ ছিয়াওস মৈল খালি ছুদাবার দায় * ছুদাবা বিবীর তরে ছেড়ে সে ইরান ॥ গেল আজলের রাহে হৈয়া পেরেসান * ছুদাবা তহমত জদি না দিত এছাই ॥ না ঘটীত তার পরে এতেক বালাই * ছুদাবা হইল তার জানের দুস্মন ॥ তাইতে সেখানে পিণ্ণ হইল সে খুন * এহা সুনে কহে বাদসা রোস্তমে এবাত ॥ ছুদাবা কমবক্ত বড় বেহায়া বজ্জাত * আছি আমি তাহা হৈতে হৈয়া পেরেসান ॥ নাপাই তদবির কিছু সুন মেহেরবান * সুনিয়া রোস্তম মর্দ্দ কহে এপ্রকার ॥ কিকারনে তাবেদারি কর তুমিতার * জে কেহ চর্দ্দারি করে তাহাকে না চাই ॥ আওরতের তাবেদারী করিতে এয় ছাই * জানের দুস্মন হয় এছা জে আওরত ॥ লাজেম তাহার তরে করিতে খারত * এহা সুনে রহে বাদসা খামস হইয়া ॥ রোস্তম সে গোস্বা নাহি সহিতে পারিয়া * বাদসার মহলে জায় হাতে লিয়া তেগ দেলের খেদেতে মর্দ্দ হৈয়া বেদেরেগ * আছিল ছুদাবা বিবী মহলে জেথায় ॥ পর্দ্দানেমারিয়া তেগ গেরা ইল তায় * মরিল সে বিবী যদি রোস্তমের হাতে ॥ বাদসা আলম্পানা কিছু না কহিল তাতে * আপ নাকে দেল বিচে বুঝিল এছাই ॥ এতদিনে গেল মারা আফত বালাই * এহা বলে ভালা বুরা কোন এয়ছা বাত ॥ না কহিল জাহাপানা রোস্তমের সাত * তখন রোস্তম ফের থামিয়া গোস্বায় ॥ আরজ ক রিয়া এছা কহেন বাদসায় * শুন বাদসা এবে এই এরাদা আমার ॥ এহাতে হুকুম কিবা হয় আপনার * জাইব তুরানে লিয়া লস্কর ছেফাই ॥ আফরাসিয়াবে ধরে করিব জবাই * মারিয়া তাহার জত লস্কর ছর দার ॥ মেটাইয়া দিব নাম তুরান সাহার * তবেত দেলের গোস্বা হবে মেরাদুর ॥ আপনি এবাতে কিবা করেন মঞ্জুর * সুনে বাদসা জাহাপানা কহিল এছাই ॥ জাহ মহিমেতে লিয়া লস্কর সেফাই * ছিয়া

চেয়ে রহে ভেল২ নাহিকহে বাত*লেবাছ পোসাগ আর রঙ্গ ঢঙ্গ তার॥দেখিয়া সরমেন্দা হৈল বাদসা নামদার* আখেরে পুছিল তারে বাদসা জাহাগির॥ কহ মর্দ্দ কেবা তুমি আইলে কি খাতির* কাহার ফরজন্দ তুমি কি নাম তোমার ॥ বয়ান কহিয়া কহ সামনে আমার * শুনিয়া মক্কর করে বাদসার তরেতে॥ পাগলের মত খোছরো লাগিল কহিতে * হামেহাল দালরুটী খোরাক আমার॥ খাটা মিঠা খাইবার নাহিক দরকার*আসিয়াছি এথানেতে জা দিবে খাইতে॥খাইব এখন তাহা দেল খোসালিতে বাদসা বলে খাটা মিঠা না পুছি তোমায়॥ জে কথা পুছিনু দেহ জওাব আমায় * খোছরো বলে কোথা পাব লেবাছ সাহানা॥ নাহিক মা বাপ মেরা শুন আলম্পানা * রাখালের ঘরে আমি হইনু পালন॥ নাহি জানি আমার মা বাপ কোন জন * কেন মুখে ধরে এনে কর জরিবানা॥ কি গোনা করেছি॥মাফ কর আলম্পানা*এয়ছাই পুছিল জত আফরাছিয়াব॥ দেওানার মত খোছরো দিল সে জওান * দেখে শুনে হেসেবাদসা লাগিল কহিতে॥ বেসক দেওানা এই বুঝিনু দেলেতে*নাহিক এহার কিছু আক্কেল দানাই॥ দেওানা দানান ভেকা পশুর এয়ছাই*তখন সে বেছা কহে হুজুরে বাদসায়॥জে কেহজঙ্গলে থাকে সুন নামদার * জঙ্গলের লোক তারে করেত পালন॥ এ জন্য আক্কেল হয় পশুর মতন * বাদসা বলে এই লাড়কা দেওানা এছাই॥নাহি আছে হোস গোস আক্কেলদানাই* এহা হৈতে ডর এবে নাহি আছে মোর॥ নিডর হইনু আমি দেলের ভিতর * তুমি জদি চাহ এসে লইয়া এখন॥ দেহ গিয়া ফিরিঙ্গিছ বিবীর কারন * খোরাক পোসাক জাহা হইবে দরকার॥ সরকার হইতে তাহা পাইবে আমার * আর এবে এহাকে ও এহার মায়েরে॥ ছিয়াওসের ঘর যেথা খোতন সহরে* রেখে আইস সেখানেতে দোহার লাগিয়া॥রহুক সেখানে বিবী বেটাকে লইয়া * খোরাক পোসাক বসে পাইবে সেখানে॥ আর নাহি থাকা চাই বেগানা মাকানে * রহুক যাইয়া সেথা আপনার ঘরে॥ বেটা লিয়া খোসালিত হইয়া অন্তরে*বেছা এহুকুম পেয়ে খোছরোকে লইয়া॥ বাদসার হুজুর হৈতে আইল চলিয়া*ফিরিঙ্গিছ বিবী জেথা ঘরেতে আছিল॥ লইয়া খোছরোর তরে সুপে তারে দিল*বেটাকে পাইয়া বিবী ধরিয়া গলায়॥ ছেরে মুখে বোছা দিয়া কান্দে উভরায় * খুসির কান্দনা বিবী কান্দিয়া এছাই॥ খামসিয়া রহে শেষে বুঝিয়া ভালাই * তার পরে বেছা মর্দ্দ বিবীর কারন॥একে২ বাদসার তামাম বিবরন * ভালমতে বুঝাইয়া করিয়া হুসিয়ার॥ লোক জন সাতে দিয়া হামরাও তাহার * পাঠাইয়া দিল মর্দ্দ খোতন সহরে॥ কহিল যাইয়া রহ আপনার ঘরে*যখন দরকারহবে জে চিজ তোমার॥ ঘরেতে বসিয়া পাবে সক নাহি তার* এহা বলে দিল মর্দ্দ বিদায় করিয়া॥ বিবী সে লাড়কারে লিয়া চলে খুসি হৈয়া * যাইয়া খোতন দেশে দেখিল এছাই॥ ছিয়াওসে ময়দানে মারিয়া জেহ ঠাই* ছের কেটে লটকাইয়া দিয়াছিল তার॥ লহু টপকে তাহাতে সে জমিন মাঝার * গাছ এক হইয়াছে বেশুমার ডাল॥লাল রঙ্গ পাতা তার লহুর মেছাল * ফিরিঙ্গিছ বিবী সেই দরক্ত দেখিয়া॥ জার২ হৈয়া কান্দে আছু বহাইয়া * বেটাকে লইয়া বিবী গিয়া গাছতলে॥ বসিয়া রোদন করে পেরেসান দেলে * দেখিয়া তামাম লোক সে হাল তখন নানারূপে বুঝাইয়া বিবীর কারন * সেথা হৈতে সাতে লিয়া সহরেতে গেল॥ দেখে সব ঘর বাড়ী যেখানে জা ছিল*বিরান হইয়া গেছে লোক জন নাই॥পড়িয়া রয়েছে সব জঙ্গল এয়ছাই* ভেঙ্গে চুরে গেছে কত নাহিক সুমার॥ লোকজন বিনে নাহি আছে গুলজার * বিবী তাহা দেখে খেদে কান্দিয়া২॥ কেল্লার দুওার খোলে ভিতরে জাইয়া*হামেসা যে মকানেতে করিত গোজরান॥ গিয়া সেঘরের বিচে দেখিবারে পান * পালঙ্গ বিছওানা সব রয়েছে পড়িয়া॥ খাক ধুলা পড়ে গেছে খারাব হইয়া * জেথা জে ছামানা ছিল ধরা সব আছে॥ কিন্তু সব ভেঙ্গে চুরে কাজে হৈতে গেছে * কি করে আখেরে বিবী লাচার হালেতে॥লোক জন জে সকল গিয়াছিল সাতে*ফরমাইল তাহাদিকে তোমরা সবাই॥ একেক মকান লিয়া রহ ঠাই২ * আর এই ঘর মেরা দোরস্ত করিয়া॥ দেহ আমি রহি হেথা বেটাকে লইয়া এছাই সুনিয়া সবে বিবীর ফরমান॥সাজাইয়া দিল সেইঘরআলিসান*মায়ে বেটা দুইজনে রহিল সেথায় এইহালে কিছুদিন গোজারিয়া জায় * তাহাবাদে ইরানেতে কাউছ আপনি॥ শুনিল খবরএছা লোকের জবানি* তুরানেতে আফরাসিয়াব নামদার॥ পিয়াওস সাদী করে বেটীকে তাহার * আসিয়া খোতনে

জাহের হৈলে ঘটীবে বালাই॥এহাভেবে দেল বিচে করিয়া ফিকির॥বাদসার হুজুরে মর্দ্দ করিল জাহির॥ তখন কহিল বাদসা বেছার খাত্তিরে॥ আন সে লাড়কার তরে আমার হুজুরে॥ শুনিয়া সে বেছা মর্দ্দ কহিল এছাই॥ সোন বাদসা নামদার জিউ আম্মা পাই॥ জখন সে লাড়কা পয়দা হইল বিবীর॥ ঘরে না রাখিনু আমি তাহার খাতির॥ ফেকে দিনু ময়দানেতে শুন নামদার॥ কি হইল নাহি জানি তার সমাচার॥ আফরাছিয়াব সুনে কহিল তখন॥ এখানে নাদিলে তারে কিসের কারন॥ ফেকে দিলে কি ছববে কহত আমায়॥ সুনে বেছা এ জওাব কহিল বাদসায়॥ সে সময় ডর এছা হইল আমার॥ কি জানি আনিলে জদি সামনে তোমার॥ মেরে ডাল তারতরে দেলের গোশ্বাতে॥ ছিয়াওসেয়ার জেহ্ বেগর গুনাতে॥ বুঝিনু তা হইলে হবে জোলম বিস্তর॥ পাছে এ জুলুমে খোদা তোমার উপর॥ না রাজ হইয়াবালা দেয়পওছাইয়া॥পেরেসান হবতবে তোমার লাগিয়া॥হামেসা দরগাতে মাঙ্গি তোমার ভালাই॥ নাঘটে তোমার পরে আফত বালাই॥ এছাই ভাবিয়াডর হৈল মোর দেলে॥ কেনন। আপনি জেয়ছা জুলুম করিলে॥ না করিল কোন বাদসা জুলুম এয়ছাই॥ নাহক জুলুম তুমি করিলে জেছাই না আনিনু একারনে লাড়কার লাগিয়া॥ জীতা জানে ময়দানেতে দিনু ফেলাইয়া॥ মারা জাবে সেখানেতে খোরাক বিহনে॥ খুন হৈতে এড়াইনু খোদার ছামনে॥ এহা সুনে আফরাসিয়াব দুরাচার বেছার লাগিয়া কিছু নাকহিল আর॥কিন্তু যবে ছিয়াওসে মাবে ময়দানেতে॥ আফরাসিয়াব মুজি সেই দিন হৈতে॥দেলে পেরেসান হৈয়া আছিল মোদাম॥ আর সে দেখিয়া খাবভাবে ছোবে সাম॥ বেছা হৈতে জখন সুনিল সমাচার॥ ভাবনা আন্দেসা গম দূরে গেল তার॥ আর না বেছারে কিছু পুছিল খবর॥ খামস হইয়া রহে খোসাল অন্তর॥ বেছা ফের চলে আইল আপন ডেরায়॥ এই রূপে কিছু দিন গোজারিয়া জায়॥ হোথা জঙ্গলের বিচে দাই দাসিগনে॥ হামেসা পালন করে লাড়কার কারনে॥ দিনে২ বাড়ে লাড়কা ফজলে খোদার॥ দশ সাল হৈল জবে উম্মর তাহার॥ তখন সে বেছা মর্দ্দ করে কোন কাম॥ সেখায়ে খোছরোর তরে হুনুর তামাম॥ ওস্তাদ হুনুর মন্দ লোক সবাকায়॥ মাল মাত্তা দিয়া কত জঙ্গলে পাঠায়॥ গিয়া তারা জঙ্গলেতে ছোবে আর সাম॥ এলেম হুনুর আর মহিমের কাম॥ সেখায় খোছরোর তরে খুসি হৈয়া দেল॥ সিখে সে হুনুর সব হইল কামেল॥ বাকি না রহিল কিছু হুনুরের কাম॥ কুস্তিগিরী বাহাদুরি সিখীল তামাম॥ তখন সে বেছা মর্দ্দ পেয়ে সমাচার॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার॥ ঘোড়া যোড়া মাল মাত্তা আর নিয়ামত॥ পাঠাইয়া দিল ফের সেখানে বহুত॥ এইরুপে কিছু দিন জায় গুজারিয়া॥ এক দিন বেছা এহা দে লেতে ভাবিয়া॥ মক্কর করিয়া গিয়া বাদসার আগেতে॥ হাত জুড়ে দাড়াইয়া লাগিল কহিতে॥ সোন বাদসা জাহাপানা আমার গরজ॥ আইনু জনাবে ইহা করিতে আরজ॥ ফিরিঙ্গীছ বিবী জে আছিল বারদার॥ বেটা এক হৈয়া ছিল হামেলে তাহার॥ ডরে আমি লিয়া সেই লাড়কার লাগিয়া জিতা জানে ময়দানেতে দিলাম ফেলিয়া॥ কিন্তু এখবর আমি পাইনু এখন॥ লিয়া সেই লাড়কায় রাখাল এক জন॥ খেলায়ে গরুর দুধ পালন করিল॥ এবে সে তাহার ঘরে সিয়ানা হইল॥ নেহাত শুনিনু এহা সুন নামদার॥ দেওানার মত সে আক্কেল নাহী তার॥ এবাতে একিন কিন্তু হয় জে এয়ছাই॥ আকেল সে পাবে কোথা রাখালের ঠাই॥ শুনিয়া এয়ছাই বাত আফরাছিয়াব॥ কহিল দেখিব তারে মাঙ্গাও সেতাব॥ বাদসার হুকুমে বেছা খোছরো জেথায়॥ আপনার এক লোক সে তাবি পাঠায়॥ কহিল তাহাকে এহা হুসিয়ার করিয়া॥ এই কথা কবে তুমি খোছরোকে জাইয়া॥ খবর পেয়েছে তেরা বাদসা এখানেতে॥ তলব করেছে তোরে হইবে আসিতে॥ কিন্তু এজাহের হৈল ছামনে বাদসার॥ দেওানার মত সে আক্কেল নাহি তার॥ জেন সে দেওানা রূপ করে আপনার॥ আসিয়া হাজের হয় বাদসার দরবার॥ ইহাবলে জঙ্গলে সে লোকের লাগিয়া॥ খোছরোকে আনিতে বেছা দিল পাঠাইয়া॥ গিয়া জঙ্গলের বিচে খোছরোর কারন॥ সোনাইল হেথাকার জত বিবরন॥ সুনিয়া সে খোছরো মর্দ্দ করে কোন কাজ॥আপনাকে বানাইয়া দেওানারসাজ॥ আইল তাহার সাথে বাদসার দরগায়॥ ভেকা পাগলের মত সামনে দাড়ায়॥ গলায় কাপড় দিয়া ছাতি পরে হাত॥

করে মনস্তাপ * আখেরে গজব করে হুজুরে থাকিয়া॥ গারসিওজ তুরাচারে দিল নেকালিয়া * সাজা ম্বার তরে বাদসা পেয়ে মন দুখ ॥ নাহিক দেখিয়া কোটনের কালা মুখ* অধিন আরজ করে সুন সর্ব্ব জন ॥ কোটনের বাতে না ভুলিবে কদাচন * এইরূপে কোটনেতে ছু দিগে ভাঙ্গায় ॥ লাগানি ভাঙ্গানি করে বিবাদ ঘটায়*কোটন দুসমন জেই দোস্ত জদি হয় ॥ তাহার কথায় কভু না কর প্রত্যয়*দুসমনের দুস্তি খালি জানিবে মুখেতে ॥ বদি কভু নাহি যায় তার দেল হৈতে * পড়িয়াছে জার দেলে সয়তানি আঙ্গার॥কোনমতে দেলসাফ না হইবেতার*কভু সেলোকের নাহি ভালাই ঢুড়িবে॥বুরাই পয়দাস তার বুরাতে সে জাবে*যেহবে দানেসমন্দ রবে হুসিয়ার ॥ এসব লোকের বাতে না জাবে এতবার*জাহেরা সয়তানি এরা দুনিয়ার বিচে॥সয়তানের জন্ম কিহইয়া থাকে গাছে*মানুসে সয়তান হয়মানুসেতে পিরা এইমত লিখিয়াছে কেতাবে জিকীর* যে করে বুরাই লিয়া যায় বুরাইতে ॥ সয়তান তাহার নাম লেখে কেতাবেতে * নাহিক ভুলিবে কেহ সয়তানের ফেরে ॥ জে ভুলিবে পস্তাইতে হইবে আখেরে* ভালা বুরা দেল বিচে গওর করিয়া॥ আখেরে করিবে কাম বুঝিয়া শুঝিয়া*একথা বিস্তর হেথা নাহি প্রয়জন কায়খোছরোর পয়দাসের সুন বিবরণ * অধিন নাপাক কহে ভরসা খোদার ॥ বালিয়া গোবিন্দপুরে বসতি যাহার *

কায়খোছরো পয়দা হইবার ও আফরাছিয়াবের খাব দেখিবার বয়ান *

ফিরিঙ্গিছ বিবী জদি ডেরেতে বেছার॥ আসিয়া রহিল দেলে হইয়া কারার * জেমন রহিল বেটি বাপের ঘরেতে ॥ খওফ আন্দেসা কিছু নাহিক দেলেতে* গোজারিয়া কিছুদীন গেল এছা তবে দশ মাস দশ দিন পুরা হৈল জবে* লাড়কা এক পয়দা হৈল ছুরাত জামাল ॥ কোসাদা পেসানি আর সের পাঞ্জা তার * পুর্ণিমার চাঁদ জেন ছুরাত জামাল ॥ দেখে ফিরিঙ্গীছ বিবী হইল খোসাল * গম দুখ ছিল জত দেলের ভিতরে ॥ নিবারণ হৈল দেখে বেটার খাতিরে* খুসিতে ভরিয়া বিবী করিয়া পিয়ার ॥ কায়খোছরো বলে নাম রাখিল বেটার * রাত দিন করে তারে খুসিতে পালন ॥ এয়ছাই কয়েক রোজ গুজারে যখন * বেছা পাহালওান তবে ভাবিল এছাই॥যদি এ লাড়কারে লিয়া বাদসারে দেখাই দেলে বদি আছে তার নাহিক ছাড়িবে ॥ নাহক বেগুনা এছে মারিয়া ডালীবে* তা হইলে পুত্র শোকে আফছোছ করিয়া ॥ ফিরিঙ্গীছ বিবী তবে জাইবে মরিয়া * আমার দেলেতে হবে আফছোছ হাজার নাহিলিয়া জাব এরেহুজুরে বাদসার*এতেক ভাবিয়া মর্দ্দ দেলেমর্দ্দ পায়॥বাদসার হুজুরে তারে নাহীক লেজায় * ভাবিয়া গুনিয়া দেলে আখেরে তখন ॥ ফিরীঙ্গিছ বিবীকে সুনায় বিবরণ * মছলত করিয়া দেলে লাড়কাকে লইয়া ॥ বড় এক জঙ্গলেতে দিল পাঠাইয়া * দাই দাসি চাকর গোলাম কত জন ভেজিল তাহার সাতে খেদমত কারণ * মাল মাত্তা নিয়ামত বহুত এয়ছাই ॥ দিয়া সে জঙ্গলে সবে করিল বিদাই * খুসিতে লাড়কায় লিয়া তাহারা সকলে ॥ পালন করিতে রহে জাইয়া জঙ্গলে * এই রূপে ছাপাইল লাড়কার কারণ ॥ এহার খবর নাহি জানে কোন জন * হামেহাল আইসে দাই লিয়া সম্বাচার ॥ যায় সেথা লিয়া ফিরে জে কিছু দরকার * ফিরীঙ্গিছ বিবী হেথা বেছার মহলে॥ হামেসা খবর পায় খুসি থাকে দেলে * এই হালে কিছু দিন গোজারে সেখানে॥ আফরাসিয়াব তার খবর না জানে॥ এক রাত ছিল বাদসা ঘরেতে শুইয়া॥ দেখিল এছাই খাব নিন্দেতে থাকিয়া * জেন কেঁহ চেরাগ লইয়া আইসে হাতে ॥ সিয়াওস পিছে তার আইসে সাতে২* সমসের লইয়া হাতে ওড়াইয়া গর্দ্দ ॥ দেখিয়া সে হাল বাদসা দেলে পেয়ে দর্দ্দ* চমকিয়া জাগিয়া উঠিল নিন্দ হৈতে॥থর২ করে ডরে লাগিল কাপিতে * তখন বুঝিল বাদসা দেলে আপনার ॥ ফিরিঙ্গীছ বিবী জে আছিল বারদার হবে বুঝি লাড়কা হইয়াছে তাহা হতে ॥ দেখিনু এ বুরা খাব সেই ছববেতে * এহা বুঝে দেল বিচে ভাবিয়া গুনিয়া ॥মাঙ্গায় বেছার তরে লোক পাঠাইয়া * তখনি আইল বেছা বাদসার হুজুরে ॥ খাবের বয়ান বাদসা সুনাইল তারে * কহিল হামেলা ছিল ফিরিঙ্গীছ বিবী ॥ বুঝাইয়া কহ দেখি সুনি তার খুবি*বেটা হইয়াছে কিবা হইয়াছে বেটী॥ঝুট না কহিবে মর্দ্দ কহ খাটী২ * একথা সুনিয়া বেছা নাহয় মোনকের ॥ বেটা হইয়াছে বলে করিল জাহের * কেননা দেলেতে বেছা ভাবিল এছাই ॥ আখের

করে অতি দেলেপেয়ে সোগ*কহে হেথা আর কেহ নাহবে এমন॥সাহাজাদা সিয়াওস আছিল যেমন
আরামে আছিনু কিছু নাহি ছিল দুখ॥ আর কি খোতন দেসে হবে এছা সুখ * এই রূপে সকলেতে
দেখে সাজাদায়॥ আহাজারী করে কান্দে বলে হায়২ * তারপরে সোন ফের কহিয়া জানাই॥ সাজা
দার গর্দ্দান কাটিল জেইঠাই * জমীনে পড়িয়া খুন তাহাতে থাকিয়া॥ ঘাস পয়দা হৈল এক এলাহির
কিয়া * ছিয়াওস হইল সে ঘাসের জে নাম॥ ফায়দা ওঠায় জাতে আলম তামাম * তাহা বাদে
ফিরিঙ্গিছ বিবী জে সময়॥ সাহাজাদা মারা গেছে সমাচার পায়*হায় বলে দর্দ্দ দেলে গিরীস জমিনে
ছের ঠোকে জারী করে অঝর নয়নে * বহুত কান্দিয়া শেষে হইয়া কাতর॥ ছিয়াওসে মারে জেথা
ময়দান উপর * সেখানে আসিয়া বিবী কান্দিয়া২॥ আপনা বাপেরে কহে লানত করিয়া * সুনরে
জালেম দেলে দর্দ্দ নাহি তোর॥ হউক তোমার পরে খোদার কহর * ছিয়াওসে মেরে জেছা
সাতাইলি মোরে॥ এর শতগুন খোদা সাতাইবে তোরে * দর্দ্দ দেলে বিবী এছা লানত করিয়া॥ ফুকা
রিয়া কহে আফরাছিয়াব লাগিয়া * সুনিতে পাইয়া আফরাছীয়াব তখন॥ জলিল বিবীর পরে হৈয়া
গোস্বা মন * কহে মুঝে বেটী হৈয়া কহে এছা বাত॥ থাক কেহ গিয়া ওছে মার হাতে হাত * এহা
বোলে ডান বামে দেখে তাকাইয়া॥ গারসিওজ দুরাচার ছিল দাড়াইয়া * হুকুম করিল বাদসা তাহারে
এমন॥ জাইয়া সাজাই দেহ বিবীর কারন * মারিয়া হামেল ওর দেহ গেরাইয়া॥ নহে ওর জান সুদ্ধা
ডালহ মারিয়া * জাহাতে না রহে ছিয়াওসের নিশান॥সেই কাম কর তুমি সোন পাহালওান* এছাই
হুকুম জদি দিল ফরমাইয়া॥ শুনিয়া তামাম লোক জারেজার হৈয়া * বাদসাকে লানত করে দেলের
ভিতরে॥ কেহ কিছু সামনেতে কহিতে না পারে * নাহিক আছিল কার তাকত এছাই॥ জাইয়া বাদ
সার আগে করিবে মানাই * বেছা নামে দোস্ত এক ছিল সাজাদার॥ সুনে সে জাইয়া কহে সামনেবাদ
সার * শুনবাদসা আলম্পানা কহি জনাবেতে॥ উচিত না হয় তুঝে একাম করিতে * আওরতের দুখ
দেওয়া না হয় এনছাফ॥এইবাতে আপনি করিয়া দেহ মাফ* মর্দ্দমির সান এহা নহে নামদার॥ এবাতে
বদনাম হবে দুনিয়া মাঝার * করিলে জুলুম এহা বেটীর উপরে॥ জে সুনিবে দিবেক সে লানত তো
মারে * না মেরে বিবীর তরে সোন নামদার॥ এবে ওরে ভেজে দেহ ঘরেতে আমার * জে হালেথা
কিবে বিবী আমার ডেরায়॥হামেসা খবর আমি পওছাব তোমায় * একথা সুনিয়া আফরাছিয়াব তখন
কহিতে লাগিল এহা বেছার কারন * সোন পাহালওান বেছা তোমার লাগিয়া॥ দিনু এবে ফিরিঙ্গিছ
বিবীকে সুপিয়া*জাহ ওরে লিয়া তুমি আপনার ঘরে॥কিন্তু এইকারার জে দেহ মোর তরে* বেটাবেটি
জা হইবে হামেলে বিবীর॥আনিয়া সামনে মেরা করিবে হাজির* এছাই কহিল জদি বাদসা নামদার॥
বেছা সে বাদসাকে দিয়া কওল কারার*জাইয়া বিবীর আগে কহিল তখন॥ সোন বিবী চল মেরা ডে-
রেতে এখন * রহিবে আমার ডেরে হইয়া কারার॥ আমি নহি কোনমতে দুসমন তোমার * সিয়াওস
সাহাজাদা এখানে আসিতে॥ সেই হৈতে দুস্তি মেরা ছিল তার সাতে * কি করি এ বাতে আমিহইয়া
লাচার॥ জোর নাহি চলে মেরা উপরে বাদসার * ফের এবে গজব করিয়া জাহাগীর॥ মারিতে হুকুম
কৈল তোমার খাতির * নানামতে বুঝাইয়া বাদসার কারন॥ মাফ করাইনু খুন তোমার এখন * ফের
এ হুকুম লিনু খোলাসা করিয়া॥ আমার ডেরেতে তুমি রহিবে জাইয়া * চল বিবী মেরা সাতে লিয়া
তুঝে জাই॥ নারবে সেখানে কিছু আফত বালাই * ফিরিঙ্গিছ বিবী এহা সুনে সমাচার॥ জাইতে হ-
ইল রাজি ডেরেতে বেছার * তবে তারে বেছা মর্দ্দ লিয়া সাতে করে॥ আইল সেখান হৈতে আপনার
ডেরে * আসিয়া বেছার ডেরে হাল পেরেসান॥ কারার হইয়া বিবী রহিল নিদান * এইহালে বিবী
হেথা রহীল আসিয়া॥ আফরাছিয়াব হোথা লোক জন লিয়া * লুট পাট করে লিয়া কেল্লা খোতনের
আইল আপন ডেরে খোসাল খাতের * তার পরে কিছুদিন গোজরিয়া গেল॥ আখেরেতে এই বাত
জাহের হইল * গারসিওজ বদবক্ত কমীনা বজ্জাত॥ দুসমনি রাখিত দেলে সাজাদার সাত* সয়তানি
করিয়া মুজি ডালীয়া দাগায়॥ সাজাদার সাতে এছা ফছাদ ঘটায়* বেগর কছুরে মারা গেল ছিয়াওস
কোনবাতে নাহিক আছিল তার দোস* নেহাত জানিয়া তাহা আফরাছিয়াব॥ পেরেসান হৈয়া দেলে

জাইতে ॥ ভালাবুরা দুই নাম রহিবে জগতে * সোন বাপ এ কাম নাকর দুনিয়ায় ॥ জাহাতে লান্নত দিবে সুনিয়া সবায় * এছা কামকর জাতে হবে নেকনাম ॥ হেথা সেথা দোজাহানে পাবে পরিনাম জাল ও রোস্তম আদি কত বাদসা আর ॥ দেখ কেছা নেকনামি তাহা সবাকার*আল্লার মেহের আছে তাদের উপর ॥ কোনরূপে কেহুনা করিতে পারে জোর* জালেমি করিবে জেই জুলুমে পড়িয়া ॥ জান মালে জাবে সেশে পয়মাল হইয়া * কিছু দিন আল্লাতালা জালেমের তরে ॥ জুলুমের সাহি দিবে দুনিয়ার পরে * জখন আমল সে করিবে জুলুমের ॥ জালেমি দেখিয়া তার আপনি কাদের * পয়মাল করিবে এছা তাহাকে নিদান॥নাহিক রাখিবে কিছুনামের নিশান * কেতাবে খবর এছা জানিবে একিন জালেমের দুনিয়াতে ভাল কিছু দিন*সেশেতে পয়মাল হয় নারহে নিশান ॥ ভালাবুরা বুঝে কাম কর বাবাজান * এইরূপে নানামতে বুঝায় বিস্তর ॥ কহে ফিরিঙ্গিছ বিবী হইয়া কাতর * আফরাছিয়াব কিন্তু বেটার লাগিয়া॥ রহম না কৈল কিছু বেদেল হইয়া*ফর্ম্মাইল ছিয়াওসে মারিবার তরে॥নাউম্মেদ হৈয়া বিবী কান্দিয়া আখেরে * ছিয়াওসের আগে গিয়া হৈয়া জার২॥ কান্দিয়া২ কৈল আখেরি দিদার দুইচক্ষে বহে বারি সিয়া হৈলমুখ ॥ কহে হায় কেমনে সহিব এইদুখ * আপনার দেশ ছেড়ে আইলে হেথায় ॥ বেটার মাফিক বাদসা রাখিয়া তোমায় * সাদিদিয়া মোর সাতে করিয়া আপনা ॥ খোতন মুলুক শুপে দিল জাহাপানা*এতযে মেহের ছিল গেল সে কোথায় ॥ খোদা জানে বাদসা এবে কাহার কথায় * তোমার উপরে এয়ছা বেদেল হইয়া ॥ ফিরে গেল আপনার কারার থাকিয়া * আফছোছ না কৈল কিছু মারিতে তোমায়॥দেলবিচে ডরনাহি করিল খোদায়* বাপ হৈতে ছিল মেরা উম্মেদ এমন গমেরআগুনে ॥ না হইব জালাতন* এলাহি মদদ করে তোমার মুস্কিলে ॥ ডর পয়দা করে দেয় দুস্মনের দেলে * এইরূপে কান্দিয়া২ কতবাত ॥ কহে ফিরিঙ্গিছ বিবী সাজাদার সাত * সাহাজাদা ছিয়াওস বিবীকে তখন ॥ বুঝাইয়া কহে বিবী না কর রোদন * এছাই লীখন ছিল আমার নছিবে ॥ এসে হেথা এই হালে মউত হইবে * নাছিবের লেখা জাহা না হয় খণ্ডন ॥ খোদার কলম রদ করে কোনজন কিছুদিন রহ বিবী করিয়া ছবর ॥ না কান্দ আমার তরে হইয়া কাতর * এইরূপে আগে পিছে জাইবে সবাই ॥ জম্মিলে মউত আছে ছাড়াছাড়ি নাই * লিখীয়া এছাই দোহে হয়ে জারেজার ॥ করিল জম্মের মত আখেরি দিদার * এয়ছা ভাতে দিনসব গেল গোজারিয়া ॥ কুদরত এলাহি রাত্ত পঙছিল আসিয়া * ফিরিঙ্গীছ বিবী তখন কান্দিতে২ ॥ সেখান থাকিয়া ফিরে আইল ঘরেতে * জারি করে ছেরে মারে বলে হায়২ ॥ কহে হায় এলাহি কি ঘটাইলে দায়* আরকি নছিবে আছে না পারি বুঝিতে॥পানা দেহ আপনার কুদরত হইতে * এইরূপে কান্দে বিবী আপনার ঘরে ॥ আফরাছিয়াব হেথা কোন কাম করে*লোহার জিঞ্জির দিয়া বেন্ধে সাজাদায় ॥ ময়দানে জেখানে ডেরা লইয়া সেথায়*হেফাজতে এক ঠাই দিলেক রাখিয়া॥ বলিতে কহিতে রাত গেল গুজারিয়া * ফজর হইতে ফের করিল ফর্ম্মান॥মারিয়া ডালহ সিয়াওসের গর্দ্দান * এছাই হুকুম পেয়ে জল্লাদ তখন ॥ আসিয়া ধরিল সিয়াওসের কারন * গর্দ্দান মারিতে তারে জায় জবে লিয়া ॥ পিলছাম দেখে তাহা কাতর হইয়া * কান্দিয়া২ মর্দ্দ সাতে২ জায় ॥ নয়নে বহায় বারি করে হায়২ * তুরান দেশের বিচে সেই নেকজাত॥রাখিত বড়ইদুস্তি সাজাদার সাত* একারনে দেলে সেহ হইয়া কাতর ॥ সাজাদার তরে জারি করিল বিস্তর * সাহাজাদা ছিয়াওস মউত সমায় ॥ এইরূপে জারি করে খোদার দরগায় * সুন আল্লা পাকজাত হক্কের হাকিম ॥ জারাকে পাহাড় কর কুদরত আজিম * ফরজন্দ বকসহ এক আমার নোতফায় ॥ সের পাঞ্জা জোরওার করিয়া জে তায় * বদলা সে লেয় মেরা দুস্মনে মারিয়া ॥ কবুল করহ আল্লা অধিনের দোওা * এহাবলে হায় মেরে লাগল কান্দিতে ॥ জাল্লাদ বেদেল গিধী সেই সমায়েতে * সাজাদার গর্দ্দানেতে মারিল তলওার ॥ এক চোটে ধড় ছের জুদা কৈল তার * খুন বাহাইয়া দিল জমিন উপরে॥ কাটা ছেরলিয়া দিল বাদসার হুজুরে*এছা ছঙ্গ দেল আফরাছীয়াব গাওার ॥ আহা না করিল দেখে কাটা ছের তার ফরমাইল লটকাইয়া দেহ এই ছের ॥ এছাই জালেম গিধী ছঙ্গ বেমেহের * জল্লাদ হুকুমে ফের ছের লিয়া তার ॥ লটকাইয়া দিল সেই ময়দান মাঝার*সেহাল দেখিয়া জত খোতনের লোক ॥ আহাজারি

বিবিকে ডাকিয়া ॥ কহিতে লাগিল এহা কান্দিয়া২ * শুন বিবী বেটা হৈলে হামেলে তোমার ॥ রাম খোছরো বলে নাম রাখিবে তাহার * আর জদি বেটি হয়কি কহিব বানি ॥ জা আইসে খাতেরে নাম রাখিবে আপনি * এহা বলে বিদায় হইয়া সাহাজাদা ॥ নেকালিয়া চলে রাহে দেলে ভেবে খোদা * ন ছিবে জা আছে জার নাহয়খণ্ডন॥কোনরুপে হৈতে চাহে বিধির লিখিন* সাহাজাদা জায়রাহে খোতন থাকিয়া ॥ আফরাসিয়াবে কেহ কহিল জাইয়া * সুনিয়া জে আফরাছিয়াব সে খবর ॥ ছিয়াওছে ঘেরে গিয়া লইয়া লস্কর * গরম হইল তবে জঙ্গের ময়দান॥নেজাগোর্জ্জ তেগলিয়া জত পাহালওান*মহিম করিল সুরু বলে মার২ ॥ কে কোথা তলওার মারে না হয় শুমার * এইরুপে ঘড়ি চার হৈল খুব জঙ্গ খুনেতে ময়দাম ছারা হৈল লালরঙ্গ*খোত্তাই লস্করছিল সাজাদার সাতে ॥ মারা গেল সবে তারা তুরু কির হাতে * ছিয়াওস দেখে জদি আর কেহ নাই ॥ পিঠপরে পোস্তপানা হইতে এয়ছাই * বিপাক ভাবিয়া দেলে তেগ লিয়া হাতে ॥ ঝাকে২ লাকে২ লাগিল কাটিতে * তুরুকি বহুত লোকে গেরাইয়া দিল ॥ ময়দানেতে লহু নদী বহিয়া চলিল* মহিমের বন্দতার দেখিয়া এয়ছাই ॥ ডরাইল দেল বিচে তু রুকি সবাই * আগে নাহি বাড়ে কেহ হেম্মত করিয়া ॥ ছিয়াওস চলে তবু মুণ্ডমালা দিয়া * এইরুপে বহুত লড়িয়া ছিয়াওস॥মহিমেতে ফতে বুঝেদেলহৈল খোস*বিধির ঘটন জাহানাহয় এড়ান॥লড়িতে লড়িতে ঘোড়া হৈল পেরেসান*মুখে গেজাভাঙ্গে আরকুদিতে না পারে॥জমিনে গিরিয়া মারা পড়িল আখেরে*হইলপিয়াদা পাওছিয়াওসএবে॥ আফরাসিয়াব দেখেকহে লোক সবে*সাহাজাদা ছিয়াওস বড় পাহালওান ॥ না আছে জাহানে কেহ ওহার সমান * ছামনে ওহার কেহ জাইতে নারিবে ॥ জে জাইবে আপনারজান খোওাইবে * এক্ষনে মছলত এই সকলে জাইয়া ॥ চারিদিগ হইতে ওছে ঘেরাও করিয়া * তির মেরে গেরাইয়া দেহ ময়দানেতে ॥ এহা ছেওা কেহ ওছে নারিবে আটিতে * সুনে আফরাছিয়াবের তামাম ছেপাই ॥ রহম দেলেতে সবে কহেন এছাই * সুন সাহা আলম্পানা বাদসা নামদার॥ ছিয়াওস নহে অন্য দামাদ তোমার * মারিতে তাহার তরে জিউ নাহিমানে ॥ বেগুনাওহাকে মোরা মারিব কেমনে * নাহিক মারিয়া ওছে সুন জাহাগির ॥ কোনরুপে পাকড়িয়া করিয়া জিঞ্জির জিতা জানে বন্ধ রাখ কয়েদ করিয়া ॥ জাহয় হইবে শেসে বুঝিয়া শুজিয়া * এহাবলে গিয়াসেসে জত পাহালওান॥ঘিরে সাজাদার তরে ধরিল নিদান*মহিমে পাইয়া ফতে আফরাছিয়াব॥ কহে সাজাদারে এবে লইয়া সেতাব * তলওার মারিয়া ছের দেহ ওড়াইয়া ॥ এতবার না হয় দেলে দুসমনে রাখিয়া * আফরাছিয়াব জদি কহিল এছাই ॥ সুনিয়া দরদ দেলে তামাম ছেপাই * কেহ না মারিতে চাহে গর্দ্দান তাহার ॥ কহে মাফকর সাহা বাদসা নামদার *পিলছাম নামে একছিল পাহালওান॥ কহে সে বাদসার আগে করিয়া বয়ান * সুন বাদসা নামদার কহি জনাবেতে ॥ সাহাজাদাগনে জলদি না চাই মারিতে এনছাফে নাহয় এহা সুন দেলদিয়া ॥ জাহয় করিবে শেসে বুঝিয়া সুঝিয়া * আফরাছিয়াব সাহা সুনে তার বাত॥সেইঘড়ি নামারিয়া করিয়া রেয়াত*বেন্ধে তারে সেথা হৈতে সাতে করে লিয়া॥কেল্লা ছিল জেথা তার পওছিল জাইয়া * দেখিয়া তাজ্জব তার কেল্লার বাহার ॥ কহে এহা কেল্লা নাহি দুনিয়া মাঝার * নাহিক দেখিনু কভু এছাই মকান ॥ জারে দেখে সরমেতে রহে গোলেস্তান * এইরুপে ঘর ছারা দেখিয়া বেড়ায় ॥ ফিরিঙ্গিছ বিবী সুন এমন সময় * আসিয়া কাতর হৈয়া কান্দিয়া২ ॥ গিরিল বাপের পায় কাছাড় খাইয়া * কহে হায় বাপ তুমি আমার খাতের ॥ বেদেল হইলে কেন নাকর মেহের আমিত তোমার বেটী তুমি মোর বাপ ॥ মাফ কর এইবাতে ঘুচাইয়া তাপ * ছিয়াওসে ছেড়ে দেহ মেহের করিয়া ॥ নহে রাখ জিতাজানে বন্দখানা দিয়া * আখেরেতে ভালাবুরা করিয়া বিচার ॥ রাখ মারজাহয় করিবে নামদার * ছিয়াওস আইল জবে ইরান থাকিয়া ॥ পানাহি লইল তেরা হুজুরে জাইয়া মেহের করিয়াওছে করিয়া দামাদ ॥ এখন ঘটাও কেন এতেক বিবাদ * বেগুনা কিসের তরে মারিয়া ওহায় ॥ নাকর জোলম এহা ডরহ খোদায় * জোলম করিলে নাম জালেম রহিবে ॥ হাসরে আল্লার আগে কি জওাব দিবে * না কর জলিল মুঝে সোন নামদার ॥ মাফ কর ছিয়াওসে ওাস্তে খোদার * সু নিয়ামিরাছনহে বুঝেদেখ দেলে॥জেন্দেগি আখের ফানা সবাকারহালে* কেহ আগু কেহ পিছু হইবে

আফতের মুখে না জাইবে কদাচ * ছিয়াওস তবু এছা কহেন তাহায় ॥ বাদসার ওজওজা কিছু নাহিক আমায়* এখনি জাইয়া আমি হুজুরে বাদসার॥খুসিতে জনাব বুঝি করিব তাহার * এই রুপে ছিয়াওস জতেক কহিল॥হরবাতে গারসিওজ ওজর ডালিল * কেননা দুসমন সে আছিল সাজাদার। একারনে কোনবাতে নাদিল কারার * আখেরে মছলত এছা দিল সাজাদায় ॥ জাবার ওজর কিছু লেখহ বাদসায় * ছিয়ওাস দুসমনের ফেরেবে পড়িয়া ॥ লিখিল বাদসারে এহা ওজর করিয়া * শুন সাহা এসময় জাইতে না পারি ॥ কিকরি মুস্কিল মুঝে হইয়াছে ভারি*ফিরিঙ্গিছ বিবী হেথা হৈয়াছে বিমার ॥ এহার ছবেবে আমি হইনু লাচার * এবাতে আমারে মাফ করিবে আপনি ॥ বিবীর বিমার কিছু হইলে আছানি * জাইয়া হাজের হব হুজুরে তোমার ॥ করিব কদম বুছি শুন নামদার * এইরুপে ছিয়াওস জওাব লিখিয়া॥ গারসিওজেদিল লেখা হাওালাকরিয়া*গারসিওজ বদবক্ত লিয়া সেজওাব॥সেথাহৈতে আইসে মুজি চলিয়া সেতাব * আফ্রাসিয়াব জেথা আছিল তুরানে ॥ আসিয়া সে লেখা দিয়া বাদসার সামনে * কহিতে লাগিল এহা ছালাম করিয়া ॥ বাদসা আলম্পানা আপে শুন মনদিয়া * সিয়াওস সাহাজাদা হৈয়াছে মগরুর ॥ দেমাগ এছাই তার কি কব হুজুর * বড় অপমান সেহ করেছে আমায় কহিয়া সে কথা কিবা জানাব তোমায়* না কহিলে আপনি জানিবে কি প্রকারে ॥ কহিতে হইল মুঝে সরমে কি করে* এহা বলে মক্কর করিয়া দাগাদার॥ফেরেব করিয়া কহে সামনে বাদসার * শুন সাহা গেনু জবে তেরা নামা লিয়া ॥ হুজুরেতে দিনু নামা হাজির করিয়া* নাহিক সেনামা হাতে লিল আপনার ॥ আরনা পড়িল খুলে করিয়া এঙ্কার * বাকি জা জবানি আমি কহিনু তাহায় ॥ নাহি লাগাইলকান আমার কথায় * আপনা তক্তের বিচে বসিবার তরে ॥ চৌকি এক দেলাইল কতক্ষন পরে * কি করিগিয়াছে সেথা হইয়া লাচার ॥ বসিনু তক্তের নিচে জাইয়া তাহার * কতক্ষন বসে থাকি কিছু না কহিয়া ॥ আখেরে কহিল এহা আমার লাগিয়া * বেটি দিয়া আফ্রাসিয়াব বুঝি মোরে ॥ তাবেদার জানিয়াছে দেলের ভিতরে * লিখেছে গুমান করে জাইতে আমায় ॥ আমি নাহি কোনমতে জাইব সেথায় এসেছি এখানে বলে গিয়াছে কিমান ॥ বাপ মেরা বাদসা এছা কাউছজাহান * সাহাজাদা হৈয়া আমি মান খোওাইয়া ॥ রব কি তাহার আগে তাবেদার হৈয়া * এছাই কহিয়া মুঝে তাহাবাদে ফের। নামা বিচে কিবা এয়ছা লিখিল আখের * কহিতে না পারি কিছু তাহার বেওরা ॥ দেল চাহে পোড়ে আপে দেখ ভালা বুরা * আমার কথায় জদি নাজাও এতবার ॥ নামা সে লিখেছে পোড়ে বুঝ নামদার * আফ্রাছিয়াব এহা সুনিল জখন ॥ গোস্বাতে উঠিল জলে আগুন জেমন * নাহিক সেনামা খুলে পড়িয়া তাহার। লস্করে হুকুম কৈল হইতে তৈয়ার * সেতাবি কমর বান্ধ তামাম সেফাই ॥ জাইব খোতনে এবে করিতে লড়াই * দেখি ছিয়াওসে কত করেছে ছামান ॥ ওড়াইব কেল্লা তার মারিয়া গর্দ্দান এহা বলে সাতে লিয়া লস্কর সেফাই ॥ চলে সাজাদার সাতে করিতে লড়াই * আসিয়া খোতন দেশে ময়দান উপর ॥ ডেরা তাম্ব করে রহে লইয়া লস্কর * হেথা ছিয়াওস তার পায় সমাচার ॥ মহিমে আইল সেজে বাদসা নামদার * তখন সে দেল বিচে বুঝিল নেহাত॥ গারসিওজ কহিল জা ঝুট নহেবাত জদি আমি নাহি সুনে মানাহি তাহার ॥ জাইতুন তুরানেতে হুজুরে বাদসার * তা হইলে সেখানেতে কাবুতে পাইয়া ॥ দাগা দিয়া মোর তরে ডালিত মারিয়া * এহা বলে ফিরিঙ্গিছ বিবীকে তখন ॥ সুনাইল বাদসার তামাম বিবরণ * সুনে ফিরিঙ্গিছ বিবী কান্দিতে২ ॥ সাহাজাদা ছিয়াওসে লাগিল কহিতে সুন সাহাজাদা তুমি এখান থাকিয়া ॥ জাহ এবে ইরানেতে জান বাচাইয়া * নাহক এখানে কেন হবে পেরেসান ॥ দায় হবে আখেরেতে বাচাইতে জান * এহা সুনে ছিয়াওস লাগিল কহিতে ॥ সুন বিবী তুমিহ চলহ মেরা সাতে * সুনে বিবী ফিরিঙ্গিছ কহে সাজাদায় ॥ আমি তেরা সাতে জাব কিরুপে রাহায় * পাচ মাহিনার আছে হামেল আমার॥জাইতে নারিব আমি সঙ্গেতে তোমার * হেথা হৈতেজাহ তুমি আমাকে ছাড়িয়া ॥ ছালামতে আপনার জান বাচাইয়া * থাকি আমি এখানেতে এলাহি জা করে নাহক ভাবিও তুমি আমার খাতেরে * ছিয়াওস সুনে এছা বিবীর বচন ॥ জাইতে ইরানে রাজি হইল তখন* এক হাজার জঙ্গি আছওার লিয়া সাতে ॥ ইরানে করিল কুচ খোতন হইতে * জাবার সময়মর্দ্দ

কেননা দোছুছ কেহ শুনিয়া এছাই ॥ খবর কহিলে তারে ঘটিবে বালাই * এইসমে মাঙ্গাইয়া কাবু করে তায় ॥বন্দখানা দিয়া রাখ কয়েদ খানায়*সুনে গারিসিওজে কহে আফরাছিয়াব ॥ফের তুমিখোতনেতে জাইয়া সেতাব*দেলাসা ভরসা তারে দিয়া কুনমতে ॥ লিয়া আইস ভুলাইয়া আপনার সাতে * এহা বলেনামা এক তৈয়ার করিয়া ॥ গারসিওজে খোতনেতে দিল পাঠাইয়া * গারসিওজ নামা লিয়া খোসাল অন্তরে ॥ খোতনে জাইয়া সাহাজাদারহুজুরে *হাজের করিয়া দিল বাদসার লিখন॥ পড়িয়া সে ছিয়াওস খুসি হৈয়া মন * কহিল জাইয়া আমি হুজুরে বাদসার ॥ খুসিতে কদম বুঝি করিব তাহার * রহিয়াকএক রোজ তাহার বাদেতে॥আসিবচলিয়া ফের খোতনদেশেতে*কতদিন হইতেএই দেলেতে আমার ॥দেখিতে বাসনা আছে বাদসার দিদার*আর সে আমারে এবে বাদসা জাহাগির ॥ লিখেছে স্নেহের করে জাবার খাতির * হইনু বহুত খুসি দের না করিব ॥ চলহ বাদসার আগে সেতাবি জাইব এহা সুনে গারসিওজ বর্জ্জাত পাঙার ॥ দেল বিচে ভাবাগোনা করে আপনার * কহে জদি এখনি জাইবে ছিয়াওস॥তাহইলে বাদসা না পাইবে কিছু দোস *নির্দ্দোস জানিয়া এরে পিয়ার করিবে ॥ তবে মেরা সব কথা বাতেল হইবে *এহা ভেবে ফেকেরসে করিয়া তখন ॥ বলিতে লাগিল ছিয়াওসের কারন* শুন ভাই কহি আমি তোমার লাগিয়া ॥ জাইবে বাদসার আগে বুঝিয়া সুজিয়া * মনাছেব নহে তেরা জাইবা সেখানে ॥ কি কব বয়ান তার তোমার ছামনে * এহা বলে গারসিওজ চুপ হৈয়া রহে ভালাবুরা কিছুই খুলিয়া নাহিকহে * তখন সেছিয়াওস তাহার কারন॥ কহিল কছম দিয়া কহ বিবরন ভালাবুরা বুঝিতে না পারি সমাচার ॥ বয়ান;করিয়া কহ হকিকত তার * খামস হইলে তুমি কিসের কারনে ॥ এইবাতে আন্দেসা হইল মোর মান * "এহাশুনে গারসিওজ মক্কর করিয়া ॥ কহিতে লাগিল ছিয়াওসের লাগিয়া * সোন ভাই তুমি এয়ছা ছাহেব ছুলতান॥ আমি তুঝে ভাল বাসি জানের সমান * তেরা পরে মছিবত না পৌছে জাহাতে ॥ হামেসা বাসনা এই আমার দেলেতে * তুমি এ খোতনে এসে করিলে গুলজার ॥ সুনিয়া হাসমত তেরা বাদসা নামদার* খাপা আছে তোমাপরে বুঝিনু দেলেতে ॥ কোনরুপে তুঝে সে ডালিবে মছিবতে * এয়ছাই এরাদা আমি দেখিয়া তাহার ॥ দুক্ষিত হইনু বড়া দেলের মাঝার * তেকারনে নামা লিয়া আসি আমি ফের ॥ ভালাবুরা জাহা জানি করিনু জাহের*বুঝে সুঝে কর কাম হুসিয়ার হৈয়া ॥ দুসি হৈতে এড়াইনু কহিনু খুলিয়া * এহাস্থনে বলিতে লাগিল ছিয়াওস ॥ এবাতে কি জন্যে বাদসা হইল নাখোস * আমি জবে কেল্লা হেতা করিনু তৈয়ার শুনে দেলে খুসি হৈয়া বাদসা নামদার*মালগঞ্জ কতমুজে দিল পাঠাইয়া ॥ খরচ করিনু আমি খোসাল হইয়া * আর স্নেহ মুঝে এত করিয়া পিয়ার ॥ দামাদকরিয়া দিল বেটি আপনার * পছন্দ নাহয় মেরা দেলেতে এছাই ॥ আমার উপরে বাদসা করিবে বুরাই * গারসিওজ কহিতে লাগিল এহা সুনে॥তুমি বুঝি কার ঠাই না স্থনিলে কানে * অগরিছ নামে তার ছিল ছোট ভাই ॥ মারিল তাহার তরে করিয়া কেয়ছাই * এলাহির ডর কিছু না করিয়া দেলে ॥ আপনার ভাইকে মারিল তেগতলে * ভাই হইতে তুমি কি পিয়ারা এত তার ॥ করিয়াছ দেল বিচে এয়ছাই এতবার * শুন ভাই আমি তুজে ভালবাসি জেই ॥ খুলিয়া এ সব কথা সুনাইনু তেই * কেননা এখানে তুমি কেল্লা বানাইয়া ॥ আহসেমতের সাতে লস্কর লইয়া * একারনেখাপা সেই হৈয়াছে দেলেতে ॥ বাপ তেরা আদাওতি রাখে তার সাতে *তুমি পাছে জমাইয়া লস্কর ছেফাই॥লেহএ তুরান দেশ করিয়া লড়াই * এইবাতে দেলে সন্দ করে নামদার ॥ জুলুম করিতে চাহে উপরে তোমার * দেখিনু তোমার পরে হৈয়া বেদেরেগ ॥' খচিল"বেদেল হৈয়া জুলুমের তেগ * তুঝে আমি ভালবাসি এহার লাগিয়া ॥ কহিনু পুসিদা কথা জাহের করিয়া * তুমি কিন্তু এইকথা পুসিদা রাখিবে॥ কোনমতে কারে নাহিজাহের করিবে * এহাসুনে ছিয়াওস তার তরে বলে ॥ বুরাই খিয়াল কভু নাহি মেরা দেলে* বাদসা জাহাপানা আপে কি জন্য এছাই ॥ নাহক আমার পরে করিবে বুরাই *এবাতে বেদেল জদি আছে সেআমায় ॥ জাইয়া হুজুরে আমি কহিব তাহায়*দওলতহসমত মাল লস্কর ছেফাই ॥ লেহ আপে আমার গরজ কিছুনাই * গারসিওজ সুনে তবেলাগিল কহিতে ॥ সুন ছিয়াওস কহি তোমার তরেতে * না কর জাহেলি তুমি মানহ বচন

সাজাইয়া তক্ত আলিসান ॥ চারিদিকে সাজাইয়া ফুলের বাগান ✱ তারপরে ফিরিঙ্গিহ বিবীকে আনিয়া
রহে সে কেল্লার বিচে খোসাল হইয়া ✱ বাড়ির চৌদিকে রহে লস্কর সেফাই ॥বেআন্দেসা খুসি দেলে
গম কিছু নাই ✱ এইরূপে ছিয়াওস কেল্লা বানাইয়া ॥ রহেন খোতন দেশে খোসাল হইয়া:✱ শুনএবে
তুরানের কহি সমাচার ॥ পহেলার বিবী যে আছিল সাজাদার ✱ গোলসেহার নামেতে আছিল সেই
বিবী ॥ কি হালে গোজরে সেথা সোন তার খুবি ✱ সাহাজাদা আইল জবে খোতন দেশেতে॥ তারেনা
আনিয়া ছিল আপনার সাতে ✱ হামেলা আছিল বলে তাহার খাতিরে ॥ রেখে এসে ছিল তারে
মা বাপের ঘরে✱দশমাস দশ দিন পুরা হৈল তার॥ লাড়কা এক পয়দা হৈল ছুরত বাহার✱ চান্দের স
মান রূপ রহে তার গায় ॥ দেখিলে তাহার তরে পরি লাজ পায় ✱ আফরাসিয়াব তার পেয়ে সমাচার
দেলের বিচেতে খুস হইয়া হাজার✱বিবীর বাপের ডেরে যাইয়া তখন ॥ মোহ গেল দেখিয়া সে লাড়
কার কারন✱খুসিতে লইয়া কোলে পিয়ার করিয়া॥রাখিল তাহার নাম ফরুদ বলিয়া✱হাতের তলাতে
তার লাগায় জাফরান॥ কাগজেতে তুলে লিল পাঞ্জার নিশান✱ছিয়াওস খোতনেতে আছিল জেথায়
খুসির খবর পাঠাইয়া দিতে তায়✱আর এক নামা লিখে বাদসা জাহাপানা ॥ গারসিওজ পাহালওানে
করিল রওানা ✱ নামা আর পাঞ্জার নেসানি সে লাড়কার ॥ লিয়া চলে গারসিওজ আগে সাজাদার
কিন্তু সেই গারসিওজ সাজাদার সাতে॥বোগজ দেলের বিচে রাখিত এ বাতে✱কেননা সে সিয়াওস তু
রানে আসিয়া ॥ বাদসার বেটীর তরে করে সাদী বিয়া✱বাদসার পিয়ারা হৈয়াছিল সেবিস্তর॥ বাড়াইল
বাদসা তারে সবার উপর ✱ একারনে বদি ভরা দেলে ছিল তার॥হামেসা বুরাই সে চুড়িত সাজাদার
কোনরূপে ছিয়াওস তুরান থাকিয়া ॥ মেকলিয়া চলে জায় বেদেল হইয়া✱ এইবাতে বদি ভরা ছিল
তার দেলে ॥ কিন্তু ছিয়াওসে না পাইত কাবুতলে ✱ জখন সে নামা আর খবর খুসির ॥ ছিয়াওসে
আগে লিয়া হইল হাজির✱ছিয়াওস নামা আর বেটার খবর ॥পাইয়া হইল বড় খোসাল অন্তর ✱ খুসি
হৈয়া লোটাইয়া দিল কত মাল ॥ গরিব কাঙ্গাল জারা হইল নেহাল✱ কিন্তু গারসিওজে ছিয়াওস সে
সময় ॥ বড় জেনে না আনিল আদব বজায় ✱একারনে গারসিওজ গোস্বাতে জ্বলিল ॥ বোগজের আগ
দেলে জ্বলিয়া উঠিল✱তখনি সে নামার জওাবতার লিয়া॥আফরাসিয়াবজেথা পৌছিলআসিয়া✱ কিনা
দেলে ফেরেব সে করিয়া এমনি॥বাদসার হুজুরে এহা কহেন জবানী✱সুনবাদসানামদার আরজ আমার
ছিয়াওসহইতে আগে রবে হুসিয়ার✱এখানেতে ছিয়াওস আছিল জেমন ॥এবে সে খোতনে গিয়া না
আছে তেমন✱দেমাগ বাড়িল তারদেখিনু বিস্তর॥ওমানে তাজিম নাই কৈল কিছু মোর✱জমাইল এবে
সেই বহুতছেফাই ॥ রাখিয়াছে দেলবিচে খিয়াল এছাই✱তাবেদারি আরনাহি করিবে তোমার॥আপনা
সে হবে এবে বাদসা নামদার✱ছামানা আছবাব তার দেখিয়া এখন ॥পছন্দ হইল মেরা দেলেতে এমন
বাপ তার ইরানেতে বাদসা জাহাগির॥তাবেদারিকরিবে সেকিসের খাতির✱আদাওতিহামেসা রাখিত
তেরা সাত॥ ছলুকে মুল্লক তেরা করিবে সেহাত ✱ মালুম করিনু এয়ছা দেখে তাররঙ্গ॥ কোন ঘড়ি তু
রানে সে ওঠাইবে জঙ্গ✱জেছাই দেখিনু সাহা কহিনু হুজুরে॥ঝুঝে শুঝে কর কাম জে আইসেখাতিরে
আফরাসিয়াব শুনে ঝুট বাত তার ॥ দেল বিচে ভাবা গোনা করে আপনার ✱ কহে এবে সিয়াওসে
খোতন থাকিয়া ॥ বাহানা করিয়া কিছু দিব মেকালিয়া✱ মারিতে লাজেম তারে না হয় আমার ॥ বেটি
দিয়া তারে আমি হইয়াছি লাচার ✱ যদি আমি বদি এবে করতার সনে ॥ হাসিবে শুনিয়া লোগ জে
খানে সেখানে ✱ কহিবে আমারে সব জালেম নাদান ॥ মনাছেব নহে তারে করা পেরেসান ✱ এবে
তারে কোনরূপে বলিয়া কহিয়া ॥কাউছ বাদসার আগে দিব পাঠাইয়া ✱ এর ছেওা পছন্দ না আইসে
কোনবাত ॥ ফছাদ করিয়া কাম নহে তার সাত ✱আফরাছিয়াব জদি কহিল এমন ॥ গারসিওজ শুনে
তারে কহে এ বচন✱শুন বাদসা নামদার কহিয়া জানাই ॥ সিয়াওস তুরানে দেখিল সব ঠাই ✱ হেতা
কার হাল কিছু ছাপা নাই তারে ॥ আর জে হইল গোস্বা এইবাত পরে✱রোস্তমে লইয়া সাতেআসিয়া
হেথায় ॥ লইবে তুরান দেশ মারিয়া তোমায়✱একবে মসলত এই সোন জাহাপানা ॥ সিয়াওসে রাখ
আগে দীয়া বন্দখানা✱কোন বাহানাতে তারে দেহ মাঙ্গাইয়া ॥ [illegible]

মানাহ না সুনিয়া আমার * গিয়া দুস্মনের আগে কি কাম করিলে ॥ এবাতে আফছোছ বড় হৈল মেরা দেলে * কেননা সে আফরাছিয়াব জারনাম ॥দাগা বাজি বিনে তার নাহিকোনকাম * কি জানি সে আপনার কাবুতে পাইয়া॥মেরে ডালে কোন রূপে জদি দাগাদিয়া*তাহৈলেআফছোছ বড় হইবে আমার॥রহিবে জেন্দেগিভর এইদুক্ষ ভার*এইরুপে হামেহাল বাদসা জাহাগির ॥ আফছোছ করিতে রহে বেটার খাত্তির * রোস্তম দেখিয়া কহে বাদসার কারন ॥ হামেহাল আহা জারি না কর এমন * তোমা হইতে হইয়াছে এইদুক্ষ ভার ॥ আফছোছ করিলে এবে কি হইবে আর*জদি তার বাত আগে মঞ্জুর করিতে ॥ তা হইলে এখন নাহি হইত ভাবিতে*জা হবার হইয়াছে শুন দেলদিয়া॥ছবর করিয়া রহ খামস হইয়া * রোস্তমের মানাহি না সুনে জাহাগির ॥ হামেসা আফছোছ করে বেটার খাতির বার বার জত তারে রোস্তম বুঝায় ॥ না বুঝে হামেসা তবু করে হায়২ * আখেরে রোস্তম মর্দ্দ হইয়া বেজার ॥ লোকজন সাতে করে লিয়া আপনার * আইল ইরান হৈতে জাবলে চলিয়া ॥ তখন কাউছ সাহা ভাবিয়া গুনিয়া * মহিম করিতে আফরাসিয়াবের সাতে ॥ এরাদা আছিল জত দেলের বিচেতে মৌকুফ রাখিয়া সেই মহিমের কাম ॥ তুছ পাহালওানে এই লিখিল পয়গাম * না কর মহিম আফ রাছিয়াবেরসাতে॥লস্কর লইয়া ফিরেআইস এখানেতে* এছাই লিখন পেয়েতুছ পাহালওান ॥ লোক জন লিয়া ফিরে আইল ইরান * অধিন খাতের কহে কেতাব বচন ॥ জার জে নছিবে লেখা না হয় খণ্ডন * ছিয়াওস সাহাজাদা তুরান হইতে ॥ খোতন সহরে জায় দেল খোসালিতে *

ছিয়াওস সাহাজাদা তুরান হইতে খোতন সহরে জাইয়া দরিয়ার কেনারে কেল্লা
তৈয়ার করিয়া তাহাতে রঙ্গ বিরঙ্গ মহল বানাইয়া আখেরে
আফরাছিয়াবের হুকুমে মারা জাইবার বয়ান ॥

পয়ার * সাহাজাদা ছিয়াওস সাদি বেহা করে ॥ কিছুদিন থেকে আরাছিয়াবের ডেরে * তা বাদে এরাদা কৈল দেলের বিচেতে॥জাব এবে হেথাহৈতে খোতন দেশেতে*এহাভেবে বাদসাহৈতে লইয়া বিদাই ॥ সাতে লিয়া আপনার লস্কর সেফাই * আর লিয়া ফিরিঙ্গিছ বিবীর খাতেরে ॥ রওানা হইয়া চলে খোতন সহরে * কয়েক মঞ্জিল গিয়া পৌছিল জখন ॥ সুনে সেখানেতে জত ছিল লোক জন * লিয়া গেল সাজাদারে আগু বাড়াইয়া ॥ খুসিতে সহর বিচে রহিল জাইয়া * কিছুদিন থাকিয়া সে সহর বিচেতে ॥ আবহাওা ভাল নাহি লাগিল দেলেতে * তখন হুকুম সেহ করিল এয়ছাই॥ চারি দিগে তল্লাসিয়ে দেখহ সবাই * আবহাওা জেখানেতে বহুতি বেহতের ॥ খবর আনিয়া দেহ আমার খাতের * কেল্লা বানাইয়ে সেথা লিয়া লোকজন ॥ রব সে কেল্লার বিচে হৈয়া খুসি মন * এহা শুনে চারি দিকে সকলে জাইয়া ॥ আবহাওাভাল ঠাই ফেরে তল্লাসিয়া * ফিরে আইসে এক লোক তার দর মিয়ানে ॥ কহিতে লাগিল সাহাজাদার সামনে * দরিয়া কেনারে দেখে আইনু এক ঠাই ॥ আবহাওা তেছা আর এ দেশেতে নাই * বড়ই মাকুল ঠাই দেখিতে বাহার॥কেল্লা বানাইলে সেথা হইবে গোল জার *এহা সুনে সাহাজাদা জাইয়া সেখানে ॥ আবহাওা ভাল দেখে খুসি হৈয়া মনে * হুকুম করিল সেথা কেল্লাবানাবার ॥সুনে সবে ছরঞ্জাম করিয়া তৈয়ার * কারিগর মাঙ্গাইয়া থোড়াই দিনেতে ॥তৈ য়ার করিল কেল্লা হেকমতের সাতে * তার বিচে তর২ ঘর বানাইয়া ॥ সাজাইল দেওারেতে তছবির খেচিয়া * কেউমাস ফেরেদু ও জামসেদ সাহার॥মনুচেহেরা ও কোবাদ কাউছ নামদার * আফরাছি য়াব ও পোসাঙ্গ পাহালওান ॥ সাম আরজাল আদি রোস্তম জওান * এইরূপে নামি পাহালওান জত ছিল ॥ সবার তছবির সেই দেওারে খেচিল * বাহার হইল এছা সে সব মকান॥জারে দেখে সরমেন্তে রহে গেলেমান * আফরাছিয়াব এছা শুনে সমাচার ॥ কারিগর ফের সে ভেজিল বেসুমার * আর কত মালগঞ্জ দিল পাঠাইয়া ॥ খুসি হইয়া দামাদের খাহেস লাগিয়া * সাহাজাদা ছিয়াওস পেয়েমাল গঞ্জ ॥ খুসি হৈয়া দেল বিচে না করিয়ে রঞ্জ * খরচ করিল কত ফের সে কেল্লাতে ॥ তাহার বয়ান করে না পারি লিখিতে * দেখিতে জে কেল্লা এয়ছা বাহার হইল ॥ রাতদিন রহে জেছা দীপকের আল * দেখিয়ে সে কেল্লার বাহার ছিয়াওস ॥ আপনাকে দেল বিচে হইল বড়া খোস * নানারূপে

তরে বাদসা নামদার ॥ হামেসা পালন করে মাফিক বেটার * তাহার মেহেরে আমি খোসাল হ-ইহা ॥ আছিনু তুরান দেশে মা বাপ ছাড়িয়া * জদি সে মেহের নাহি করিত এয়ছাই ॥ তা হইলে জাইতুন অন্য কোন ঠাই * লোক মুখে এবে এই পাইনু খবর ॥ সুনিয়া হইনু বড় খোসাল অন্তর * ফিরিঙ্গিছ নামে এক বেটী আছে তার ॥ রূপে গুনে দেখিতে সে অতি শুবাহার * এবে জদি মেহের করিয়া খোসালিতে ॥ দেয় সে বিবীর সাদি আমার সহিতে * তা হইলে মোরাতেবা বাড়িবে আমার ॥ জদি এ মেহের মুঝে করে নামদার * মেরা এ দরখাস্ত লিয়া কহগে হুজুরে॥ নেওাজিব খুসি হালে তো মার খাতিরে * উকীল একথা শুনে খোসাল হইয়া ॥ চলিল বাদসার আগে পয়গাম লইয়া * অধিন খাতের কহে খোদা রাজি জাতে ॥ তামাম আলম রাজি আছে সেই বাতে * এলাহি জাহার জোড়া করিয়াছে জায় ॥ কোন রকমেতে সেই মেলাইবে তায় *

সাহাজাদা ছিয়াওস দোছরা বার তুরানে আফরাছিয়াবের বেটিকে
সাদি করিয়া খোতন মুলুক পাইবার বয়ান *

পয়ার ॥ সাদির খিয়াল জদি কৈল ছিয়াওস॥ উজির সুনিয়া তাহা দেলে হৈয়া খোস*চলিল পয়গাম লিয়া হুজুরে বাদসার ॥ পঙছিল জাইয়া জেথা ছিল নামদার * আরজ করিয়া খাড়া হইয়া তখন একে২ শুনাইল জত বিবরন* সুনে সাহা কবুল করিল খুসিহৈয়া ॥ উকিলে এনাম খুব দিল নেওাজিয়া তবেসে উকিল ফিরে আসিয়া তরায়॥সাহাজাদা ছিয়াওসেখবরশুনায়*সুনে সাহাজাদা হৈয়া খোসাল অন্তর ॥ সেতাবউঠীয়া জানমহল ভিতর*জেখানেতে আছিলসেবিবীগোলসেহার॥শুনাইয়া তাহাকে তামাম সমাচার*কহিল এবাতে দেহ এজাজত জদি ॥ বাদসার বেটীরতরে করি আমিসাদি*সুনে বিবী গোলসেহার কহে সাজাদায় ॥সাদি তারেকর জদি রাজি আছি তায় *কেননা মর্ত্তবা এতেবাড়িবেতো মার॥দামাদহইবে তুমিতুরান সাহার * আরভি মর্ত্তবা মেরাতাহার ছববে॥আওরত সবারআগেজিয়াদা হইবে *খুসিতে রহিব তার খেদমতে হাজির ॥ রাতদিন হুকুমেতে মাফিক লেঙগির * এহা বলে খুসিহৈয়া বিবীগোলসেহার॥সাদির ছামানা জত করিয়া তৈয়ার * বাদসার মহলবিচে গেলেন লইয়া বেগম দেখিয়া তারে খোসাল হইয়া * বসাইল নিকটেতে করিয়া খাতির ॥ জেছাই পিয়ার করে আপনা বেটির * গোলসেহার মেহের করিয়া বেগমের ॥ রহেন খেদমতে তার হইয়া হাজের*বেগম সে গোলসেহার বিবীর লাগিয়া ॥ রাখিয়া কয়েক রোজপিয়ার করিয়া * আপনা বেটীর দোস্ত জানিয়া তাহারে ॥ খেলান পেলান খুব খোসালঅন্তরে*তাবাদে হুকুম কৈল বাদসা জাহাগির॥তৈয়ার করিতে সব ছামানা সাদির * সুনে দেলে খুসি হইয়া জত খাছআম ॥ আনিয়া মওজুদ করে ছামানা তামাম * নাচ বাজা মেরাসিন লিল মাঙ্গাইয়া॥ নাচগান করে তারা আমদে মাতিয়া* খুসিতে মহিত হৈল অন্দর বাহির ॥তখন মাঙ্গায়ে সাহাজাদার খাতির * আপন বেটিরসাতে সাদী দেলাইল॥ দেশেতে জেছাই তার চলন আছিল * তার পরে মালমাত্তা আনিয়া বিস্তর ॥ বেটী দামাদেরে দিল ধরিয়া নজর * এহা ছেওাখুসি হইয়া বাদসা নামদার ॥ সাহাজাদা ছিয়াওসে করিয়া পিয়ার * খোতন মুল্লক দিল ছোপর্দ্দ করিয়া ॥ সাহাজাদা খুসিহৈল মেহের দেখিয়া * তার পরে আফরাছিয়াব জাহাগির ॥ নিবাড়িয়া সাদি কাম আপনা বেটীর * আসিয়া দরবার বিচে তক্তে বার দিয়া ॥ আদল এনছাফ করে খোসাল হইয়া সাহাজাদা ছিয়াওস জাইয়া মহলে ॥ মিলিয়া বিবীর সাতে রহে খুসি দেলে*এইরূপে এখানেতে বিবী দুহে লিয়া ॥ রহিলেন ছিয়াওস আমদে মাতিয়া * হেথায় কাউছসাহা ভাবে মনে২ ॥ কহে সিয়াওস এতদের কৈলকেনে * লিখেছি তাহারে হেথা আসিতে ত্বরায় ॥ ভালাবুরাহাল কিছু বোঝা নাহি জায় এহা বলে জাহাপনা ভাবিয়া গুনিয়া ॥ রহে পেরেসান হালে রাহা তাকাইয়া * ছিয়াওস জে সময় বলখ হইতে ॥ গোশ্বা দেলে চলে আইলতুরান দেশেতে * নামা এক লিখে সেহ জাবার সময় ॥পাঠাইয়া দিয়াছিল কাউছ সাহায় * কাছেদ সে নামা লিয়া রাহার বিচেতে ॥ দের হৈয়া ছিল কোন ছবব হইতে*জখন সে নামা লিয়া আসিয়া ইরানে ॥ হাজেরকরিয়া দিল বাদসার ছামনে * পড়িয়া কাউছ সাহা জানিয়া খবর ॥ হইয়া বেটারতরে চুস্কিত অন্তর * ঘড়ি২ আহাজারি করে নামদার ॥ কহে হায়

তুমি করিলে গুলজার ॥ উজালা হইল ঘর সহর বাজার *রহ আপে দেলবিচে খোসাল হইয়া॥পিয়ারা হইলে মেয়া বেটাকে চাহিয়া * এহাবলে জসন করিতে নামদার ॥ খুসির মজলেছ এক করিয়া তৈয়ার সরাব কাবাব আর হরেকছামানা॥মাঙ্গাইল মজলিসেতে বাদসাজাহাপানা * আপনি সরাব জাম লিয়া দেল খোসে ॥ পিয়ার করিয়া জে খেলায় সিয়াওসে * এছাই পিয়ালা বাজি করে দুই জন ॥ রাগরঙ্গ বাজা বাজে হইল মগন *জসন করিতে হয় জেমন ছুরাতে॥করিল জসন খুব দেল খোসালেতে*ফের আফরাসিয়াব কহিল সাজাদায় ॥ বড় জস্তামর্দ্দ আমি তুমি বুঝিনু তোমায় *নেকুই খছলত আর ইমান জেছাই ॥ তোমা হেন দুজাহানে আর কেহনাই *সাহাজাদা দেখিয়া মেহেরবানি তার ॥হইয়া দেলের বিচে খোসাল হাজার * আদবে হুজুরে তার ছের ঝুকাইয়া ॥ কহে আমি রব তেরা তাবেদার হৈয়া জে কিছু হুকুম আপে করিবে আমায় ॥ দেল জান হৈতে তাহা আনিব বজায় * কহিয়া এছাই বাত রহিল হুজুরে ॥ আফরাসিয়াব খুসি হৈয়া সাজাদারে * ঘোরাতেবা বাড়াইল সবাকে চাহিয়া ॥ অধিন খাতের কহে কেতাব দেখিয়া*দুসমন হইল দোস্তমেহেরে খোদার॥সাদির বয়ান এবে সুন সাজাদার*

সাহাজাদা সিয়াওস তুরানে পাহালওান হারিরার বেটীকে সাদি করিবার বয়ান *

তুরানে জাইয়া সাহাজাদা সিয়াওস ॥ কারার হইয়া থাকে দেলে হৈয়া খোস * আফরাছিয়াব তারে পিয়ার করিয়া ॥ না করে নজর ছাড়া দরবার থাকিয়া * এইরূপে কিছু দিন তুরান সহরে॥ সাহা জাদা ছিয়াওস খুসিতে গোজারে * বেছা নামে এক মর্দ্দ আছিল সেথায় ॥ একরোজ সৈহ এহা কহে সাজাদায় * সুন ছিয়াওস তুমি আসিতে হেথায় ॥ আফরাসিয়াব সাহা পাইয়া তোমায় * হইয়া বহুত খুসি থাকে সর্ব্বক্ষন ॥দেলজানে ভাল বাসে তোমার কারন * বড়ই পিয়ারা তুমি হইলে বাদসার ॥এক ঘড়ি তুঝে না দেখিলে নামদার *পেরেসান হৈয়া থাকে হাসি খুসি নাই ॥মহব্বত দেলে তার হৈয়াছে এয়ছাই * এখন মতলব এহা বাদসার দেলেতে॥ খুসি খোসালেতে তুমি রহ এখানেতে * সাদি বেহা কর হেথা সোন দেল দিয়া ॥ আয়েস আরাম কর বিবীকে লইয়া * জখন মরিয়া জাবে কাউছ জাহান॥ তখন লইয়া তুমি লস্কর ছামান * জাইয়া ইরান দেশে তক্তে বার দিয়া ॥ বাদসাই করিবে তুমি খোসাল হইয়া * ইরান নিকটে খুব সোন নামদার ॥ হামেহাল ইরানের পাবে সমাচার * হেথা হৈতে দুরে জদি জাও কোন ঠাই ॥ ইরানের খবর হামেসা পাবে নাই * এয়ছাই শুনিয়া সাহাজাদা ছিয়াওস ॥ কহিতে লাগিল এহা দেলে হইয়া খোস * সোন পাহালওান বেছা জা কহিলে তুমি ॥ তেরা বাত কবুল করিয়া লিমু আমি * সাদির পয়গাম তুমি করহ এখন ॥ সাদি বেহা করিব হৈয়াছে মোর মন * এছাই হুকুম পেয়ে বেছা পাহালওান ॥ সেতাবি করেন তার সাদীর সন্ধান * তুরানেতে আছিল হারিরা নামদার ॥ গোলসেহার নাম এক বেটিছিল তার * ছুরতজামাল বিবী নবীন কিশরী দেখিলে তাহার রূপ লাজ পায় পরি *আছিল বচ্ছর সোল বয়েস তাহার ॥ তার সাতে পয়গাম করিয়া সাজাদার * সাদি বেহা দেলাইল দেলেহৈয়া খোস ॥ বিবীকে দেখিয়া সাহাজাদা সিয়াওস *আমদে ভুলিয়া রহে মহব্বতে তার ॥ না করে ইয়াদ কভু কাউছ সাহার* এইরূপে কিছু দিন আমদে কাটায় ॥ কেছু ফেরএছাই কহিল সাজাদায় * শুন সাহাজাদা কহি তোমার লাগিয়া ॥ হারিরার বেটিকে করিলে কাহে বিয়া * আফরাছিয়াব সাহা বাদসা নামদার ॥ জান বরাবর তুঝে করেন পিয়ার * ফিরিঙ্গছনামে এক আছে তার বেটি ॥নবীন কুমারী সেই রূপে পরিপাটি *কিকব তাহার রূপ কহা নাহি জায়॥ জারে দেখে চন্দ্রসুর্জ্জ মেঘেতে লুকায় * জদি সেবিবীর জন্য দরখাস্ত করিতে॥ আফরাছিয়াব রাজি হইয়া খুসিতে * তোমার সহিতে সাদি দীত সে বিবীর ॥ তেরা বাতে কভু সেহ না হেলাত ছির * কেননা তোমাকে সেহ মেহের করিয়া ॥ হামেসা পীয়ার করে দেল জান দিয়া * ছিয়াওস শুনে কহে তাহার খাতির ॥ না জানি খবর আমি বাদসার বেটির * আগে এই হাল আমি নাহিক জানিয়া ॥ হারিরার বেটিকে করিনু সাদী বিয়া * এহা বোলে ভাবা গুনা করিয়া দেলেতে॥ বাদসার উকিল এক ছিল সেখানেতে*ডাকিয়া তাহার তরে সাজাদা তখন ॥ বয়ান করিয়া কহে এই বীবরন * সোন মর্দ্দ মোর

এছা কোন ঠাই আছে বাস্তাবে আমায় ॥ কারার হইয়া আমি রহিগে সেথায় * আর জে এখানে তেরা হুতেক সর্দ্দার ॥ হাজের হইয়া আছে হুজুরে আমার * এবে আমি তাহা সবে খোসাল হইয়া ॥ বিদায় করিয়া দিব এখান থাকিয়া *গিয়া তারা তেরা আগে রহুক সবাই॥জার যে লইয়া সাতে লস্কর সেফাই পড়িয়া সে নামা আফরাসিয়াব তখন॥সাহাজাদার উপরে হইয়া খুসি মন *লিখিল কারারে তুমি আছ আপনার ॥ এবাতে হইনু আমি খোসাল হাজার* ছোলে করিয়াছি আমি তোমার সহিতে ॥ বদিকিন্তু আছে মেরা কাউছের সাতে*যদি তেরা ছোলে সে মঞ্জুর না করিয়া ॥তুছকে মহিমে হেথা দিলপাঠা ইয়া * তুছ পাহালওানে কোথা তাকত এছাই ॥ আসিয়া সে মেরা সাতে করিবে লড়াই * তুমি জদি ঠিক আছ আপনা করারে ॥ বাপ হৈতে জুদা হৈলে আমার খাতেরে * তবে আমি তেরা তরেপিয়ার করিয়া ॥পালিব বেটার মত দেল জান দিয়া * হামেসা খেদমতে তেরা রব খোসালিতে ॥আইস তুমি মেরা আগে না ভাব দেলেতে * তাজ তক্ত মালমাত্তা জা হবে দরকার ॥ সকলি মৌজুদ আছে সুননাম দার * এহা বাদে কাউছ মরিয়া গেলে পরে ॥ইরানের তাজ সাহী দেলাব তোমারে * এছাই বয়ান কোরে আফরাছিয়াব ॥ লিখে সাজাদারে ভেজে নামার জওাব * পড়িয়া সে ছিয়াওস খুসি হৈয়া মনে এরাদা করিল দেলে জাইতে তুরানে * তবে এক নামা এছা কাউছ সাহায় ॥ লিখিয়া সেতাবী মর্দ্দ ইরানে পাঠায় *সুন বাদসা জাহাপানা কহিজনাবেতে ॥আপে তুমিছুদাবার তহমত হইতে *দেলেতে হইয়া গোস্বা না করি বিচার ॥ মারিতে চাহিয়াছিলে গর্দ্দান আমার* খোদারতরফ হৈতে নজুমসবায় রাম্মাল দেখিয়া ভেদ কহিল তোমায় * তবু তেরা দেলে নাহি হইল এত্তবার ॥আগুনে জালাতে মুঝে হৈলে ওস্তওার * ভুলে আওরতের বাতে আমার লাগিয়া ॥ বেটা বলে দেল বিচে না করিলে দয়া * তহমত হইতে তার পাক ছিনু বলে ॥ বাচিয়া রহিনু তাই আল্লার ফজলে * নহেত আগুনে জলে হৈয়া ছারখার ॥ মারা জাইতাম আমি গজবে তোমার * আখেরে এলাহী মুঝে মেহের করিয়া ॥ নেকালিল ছুদাবার মক্কর থাকিয়া*আইনু লস্কর লিয়া বলখ দেশেতে॥এলাহীর মদতে মহিম হৈল ফতে*আফরা ছিয়াব সেসে আজেজ হইয়া॥কয়েক মুল্লক মুঝে দিল সে ছাড়িয়া*খুসি হৈয়া ছোলে সে করিল মেরা সাত ॥আপনি মঞ্জুর করিলে সেইবাত *গোস্বা হৈলে মেরা পরে না কৈলে মেহের ॥তুছকে ভেজিয়া দিলে মহিম খাতের * কি করি এখন আমি লাচার হইয়া ॥ না উম্মেদ হৈয়া তুঝে চলিনু ছাড়িয়া * দুসমনের কাছে গিয়া পানা লিয়া রহি ॥ হইবে নছিবে জাহা লিখেছে এলাহি * এইরুপে খেদকরে লিখিয়া বিস্তর ॥রওানা করিয়া নামা বাদসার গোচর *বাহরামে ডাকিয়া এহা কহিল তখন ॥মেরাএই লস্কর সর্দ্দার জত জন * রহিল এখন সব হাওালে তোমার ॥ নেঘাবানী কর তুমি হইয়া সর্দ্দার * তুছ পাহালওান ফিরে আসিবে জখন ॥ সুপিবে এ সব তুমি তাহার কারন * এহা বলে সাতে লিয়া নওস জওান ॥ রওানা হইয়া মর্দ্দ চলিল তুরান * জৈহুন দরিয়া পার হৈয়া সাহাজাদা ॥ মঞ্জেল২ চলে দেলে ভেবে খোদা * আফরা সিয়াব জেথাতুরানে আছিল ॥সহর নিকটে জবে জাইয়া পওছিল *সাহাজাদা আইল সুনে আফরা সিয়াব ॥আগে বেড়ে আনিবারে চলীল সেতাব *নিকটে হইল জবে দেখিতে পা ইয়া॥পাওপেয়াদা হৈয়া চলে তাজিম লাগিয়া *আফরাসিয়াব আসে দেখে ছিয়াওস॥ওতরিল ঘোড়া হৈতে দেলে হৈয়া খোস*মেলে দোহে ধরাধরি করিয়া গলায়॥ছাতি লাগাইয়া আফরাছিয়াব তাহায় কহে সাহাজাদা তুমি আসিয়া এখানে ॥ সরফরাজ করিলে জে আমার কারনে * এহা বোলে কোত ওালেরে দিল ফরমাইয়া ॥ সহর আরাস্তা কর সেতাবী জাইয়া* কোতওাল হুকুম এছা পাইয়া বাদসার বালাখানা ঘরবাড়ী দোকান বাজার * আরাস্তা করিল খুব হাসমতের সাতে॥ ঠাই২ সাদীয়ানা লাগিল বাজিতে *সহরের লোক সব সুনে হৈল খোস ॥তুরানে আইল সাহাজাদা ছিয়াওস * আগু বাড়াইল সবে করিয়া তাজিম ॥হাতজুড়ে খাড়া রহে হইয়া খাদিম*খুসি হৈল সাহাজাদা মেহের দেখিয়া ॥হাত ধরাধরি করে হাসিয়া২ * আসিয়া পওছিল আফরাছিয়াবের ডেরে ॥ আফরাসীয়াব তক্তে বসাইয়া তারে * আপনী হাজির থাকে হইয়া খাদিম ॥ বাড়াইয়া কহে বাত করিয়া তাজিম * আসিয়া তুরানে

বাদসার-লেখা দিয়া কহিল এছাই॥ লিয়া তুমি আপনার লস্কর ছেফাই * জাহ এবেইরানেতেনাহি কর দের ॥ তলব করিল বাদসা তোমার খাতের * মহাম্মদ খাতের কহে শুনে ছিয়াওস ॥ ইরানে জাবার নামে হইয়া নাখোস * ভাবাগোনা করিতে লাগিল মনে২ ॥ কহে হেথা মরি ভাল না জাব ইরানে * এলাহি নছিবে জদি লিখে থাকে দুখ ॥ জেথা জাই কোন খানে না হইবে সুখ*এহা বলে বলখে রহিল সাহাজাদা ॥ লোক জন লিয়া সাতে দেলে ভেবে খোদা *

সাহাজাদা সিয়াওস কায় কাউছ বাদসার উপর নাখোস হইয়া বলখ হইতে আফরাছিয়াবের নিকট তুরানে জাইবার বয়ান ॥

পয়ার * কাউছ বাদসার লেখা পড়ে ছিয়াওস ॥ দেলের বিচেতে বড় হইয়া নাখোস * ছরদার সবার তরেকহে বোলাইয়া॥লিখিয়াছে বাদসা এহা আমার লাগিয়া* সাতে লিয়া লস্কর সর্দ্দার লোক জনে ॥ সেতাবি করিয়া ফিরে আসিবে ইরানে*কিন্তু এখানেতে আফরাসিয়াবের সাতে ॥ ছোলে করি য়াছি আমি জেমন ছুরাতে*মঞ্জুরনা কৈল তাহাবাদসাজাহাপানা॥তুছ পাহালওানেদিয়া লস্করছামানা ভেজিয়াছে এবে সে আইল এখানেতে॥ মহিমে জাইবে আফরাসিয়াবের সাতে * আমি নাহি মানাহি করিতে পারি তায়॥ বাদসার হুকুমে সেহ মহিমেতে জায় * এহাতে মছলতকিবা কহনা সবাই ॥ শুনিয়া কহিল সবে জওাব এছাই * বাদসার হুকুমজাহা আনিয়া বজায়॥ ভালা হবে জাওা সেথালাজেম তোমায়*এহা শুনে সাহাজাদা কহে তাসবারে॥ আফরাছিয়াব জতসর্দ্দারের তরে* ভেজিয়াছে মেরা আগে তাহারা এখন ॥ হুজুরে হাজির হৈয়া আছে জনে জন* জদি তাহা সবে আমি লিয়া জাই সাতে বদি ভরা আছে বড় বাদসার দেলেতে* মারিয়াডালিবে সেহ সবার কারন॥কার তরে নাহিক ছাড়িবে কদাচন *সে হইলে পরে বড়া গজব হইবে॥দাগাবাজ বলে মুঝেসকলে কহিবে * আর জদি দেই সবে বিদায় করিয়া ॥ জার জে মুলুকে তারা জাইবে চলিয়া *ফের এ মুলুকসব জাবে হাত হইতে ॥তা হৈলে আফছোছ বড় হইবে দেলেতে * আর মেরা কারারে এতবার নাহি হবে॥ঝুটা বলে মোর তরে সকলে কহিবে *কেননা করেছি ছোলে করিয়া কারার॥ কারারে খেলাফ হৈলে হব গুনাগার * এহার ছেওায় সেই ছুদাবা বজ্জাত ॥ হামেহাল আদওত রাখে মেরা সাত * খোদাকে মালুম আছে জুলুম তাহার ॥ কতবালা আনে সেই উপরে আমার*এতেক বাখেড়া জেথা দেখিবারে পাই॥কহ দেখিকেমনে বাপের আগে জাই *দেল মেরা চাহে এবে হেথা হইতে গিয়া ॥ তুরানে বাদসার আগে থাকি পানা লিয়া সেখানেতে মরি জদি সেহবি ভালাই ॥ এসব আফত হৈতে এড়াইয়া জাই *সুনিয়া গোদর্জ্জআর বাহরাম তখন ॥ সাজাদার তরে কহে নাহক এমন*আফরাছিয়াবজে দুসমন আছে তের॥ জেতে চাহতার আগে ইবা কেমছা ধারা*দুস্মন এগানা কার হৈয়াছেকখন॥ বুঝিয়া দেলের বিচে দেখহ আপন*সাহাজাদা কহে জদি দুসমনি করিয়া ॥ আফরাসিয়াব:মুঝে মারে পাকড়িয়া * সেহভি আমার হক্কে বহুত্তি ভালাই ॥ ছুদাবার দাগা হৈতে এড়াইয়া জাই* বাপের হুজুরে গেলে লাভ এই তায় ॥ মারা জাব লাজ পাব ছুদাবার দায় * সব হৈতে ভাল এবে এখানে থাকিয়া ॥ তুরান সাহার আগে থাকি পানালিয়া * জা আছে নছিবে তাহা হইবে আমার ॥ উপায় না দেখি কিছু ছেওায় এহার * এহা বলে হাল সব লিখিয়া আপন ॥ তুরানে বাদসার আগে ভেজিল তখন * লিখে ছিল নামা বিচে এই সমাচার ॥ সুন বাদসা আফরাছিয়াব নামদার *ছোলেজা করিনু আমি তোমার সহিতে॥ বাপমেরা রাজি নাহি হইল তাহাতে*আমার বদলে এবে কাউছ জাহান ॥তুছপাহালওানে দিয়ালস্করছামান * ভেজিয়াছে তেরা সাতে মহিমের তরে ॥ আমি নাহি মানাহি করিতে পারি তারে * কিন্তু জেকওল আমি কৈনু তেরাসাত ছের জাদ জায় মেরা না হবে তফাত *কারার হইতে কভুছের নাহেলাব ॥ কওল কারারে ঠীকহামেসা রহিব * জাদ সেকাউছ সাহা বাদসা নামদার ॥ নাহিক মঞ্জুর কৈল কওল আমার * কওল থাকিয়া মুঝে ঝুটা বানাইতে ॥ তুছকে ভেজিল ফের মহিম করিতে * এবে আমি কারারেতে রহিনু আপন॥ বাপের সহিতে কিছু নাহি প্রয়োজন * হইয়াছে বড় দুক্ক আমার মনেতে ॥ না জাব জেন্দিগি ভোর ইরান দেশেতে *অন্য কোন মুলুকেতে থাকি গিয়া দূরে॥ জেখানে কাউছ সাহা জাইতে না পারে *

হইয়া কারার * কাছেদের হাতে তুমি দেহ এজওাব॥মঞ্জুর করিয়া জদি আফরাসিয়াব * ইরানের এলা
কাতে জেটাইসকল॥জৈহুনের এপারেতে তাহার দখল *হাত ওঠাইয়া সেইসব ঠাই হৈতে ॥ জেকেহ
হাকেম আছে সেসব দেশেতে*তাহা সবাকায় হেথাদেয় সেভেজিয়া॥রহেতারা তেরা আগে হাজের
হইয়া *তবে তুমি মঞ্জুর করিয়া ছোলে তার ॥ ছোলেনামা লিখে দিবে করিয়া কারার *জদি সে এসব
কথা কবুল না করে॥তাহইলে ছোলে হৈতে থাকুকসে দুরে*এইরূপে ছিয়াওসে রোস্তম কহিয়া॥বাত
শেস হৈল গিয়া রহিল শুইয়া*তাহাবাদে গারসিওজ উঠীয়া ফজরে॥আইল জখন সিয়াওসের হুজুরে
ছিয়াওস তার তরে বয়ান করিয়া ॥ একে২ হাল সব দিল সুনাইয়া * সুনিয়া সে খোসালিত হইয়া অ
ন্তরে ॥ নামা এক লেখে আফরাসিয়াবের তরে * ছিয়াওস কৈল জাহা ছোলের লাগিয়া ॥ লিখিয়া সে
নামা বিচে বয়ান করিয়া*কুলুফ করিয়া দিয়া কাছেদের হাতে ॥ সেতাবি ভেজিয়া দিল তুরান বিচেতে
আফরাসিয়াব সাহা জেখানে আছিল॥কাছেদ সে নামা লিয়া হাজের করিল*পড়িয়া সেনামা আফরা
সিয়াব তখন ॥ কবুল করিয়া লিল হৈয়া খুসি মন * ফের এহা লিখিয়া সে নামার জওাব ॥ সাহাজাদা
ছিয়াওসে ভেজিল সেতাব * লিখিল জওাবে এহা শুন ছিয়াওস ॥ সুনিয়া তোমার কথা হৈনু বড়
খোস * এবে আমি জাজও সমরকন্দ আর ॥ বোখারা খরজম আদি জৈহুনের পার * হাত উঠাইয়া
লিনু সব ঠাই হৈতে ॥ জে কেহ হাকেম আছে সে সব দেশেতে*ভেজিতেছি তাহা সবে লস্কর সহিত
য়াখ সবে হুজুরেতে হৈয়া খোসালিত * এহা বলে তাহা সবে আফরাছিয়াব ॥ ছিয়াওসের হুজুরেতে
পাঠায় সেতাব * বড়২ পাহালওান ছিল সে সবাই॥আইল বলখে জবে লইয়া সেফাই* তখন কাছেদ
সেই লেখার জওাব ॥ সাজাদার আগে গিয়া দিলেন সেতাব * পড়ে সে নামার ভেদ বুঝিয়া দেলেতে
খুসি হৈয়া সিয়াওস লাগিল কহিতে * আইল সর্দ্দার জারা লস্কর লইয়া ॥ হুজুরে তা সবাকারে আন
বোলাইয়া *এছাই হুকুম পেয়ে গিয়া কোনজন॥বোলাইয়া আনে তাহা সবার কারন * ছিয়াওস দে
খিয়া তা সবাকার তরে ॥ তাজিমেতে বসাইল কুরসির উপরে * এইরূপে ছোলে হৈল দুহেতে জখন
সাহাজাদা দেলে খুসি হইয়া তখন*ছোলের আহওাল সব লিখিয়া নামাতে॥ রোস্তমে ভেজিয়া দিল
বাদসার আগেতে * হোথায় ইরানে সাহা কাউছ আপনি॥ লোকমুখে সুনেছিল খবর এমনি *আফরা
সিয়াব খাবে দেখেছে এমছাই ॥ ইরানি লস্কর এসে করিয়া লড়াই * ফতে করে তাজ তক্ত হসমত
সকল ॥ছিনাইয়া লিল জোরে করিয়া দখল *এইবুরা খাব দেখে ডরে ডরাইয়া॥ ছিয়াওসে নামা লেখে
ছোলের লাগিয়া *জানিতে এহার ভেদ কাউছ তখন ॥ ডাকিয়া কহিল সব নর্জ্জুম কারন* কহত আ
মারে সবে রাম্মাল দেখিয়া ॥ মহিমে কাহার ফতে বয়ান করিয়া * শুনিয়া গনক সবে দেখিয়া রাম্মাল
বাদসার হুজুরে কহে মহিমের হাল * শুনহ কাউছ সাহা মহিমের বাবে ॥ ফতে দিবে আল্লা তুম্বে দে
খিনু কেতাবে*জের হবে তেরা হাতে আফরাসিয়াব ॥ গেরেপ্তার হইয়া সে ওঠাবে আজাব* এইরূপে
কহা সুনা করিতে আছিল ॥ হেনকালে নামা লিয়া রোস্তমপওছিল * ছালাম করিয়া নামা কাউছেরে
দিয়া ॥ ছোলের মাজেরা ফেরকহে বিবরিয়া*সুনিয়া ছোলের হাল বাদসা নামাদার ॥ কহিল এছোলে
নহে মঞ্জুর আমার * মহিম করিব আফরাসিয়াবের সাতে ॥ নাহিক ছাড়িব তারে কোন রকমেতে* সু
নিয়া কহিল এহা রোস্তম সরদার ॥ জঙ্গ হৈতে ছোলে ভাল শুন নামদার * তখন কাউছসাহা কহে
রোস্তমেরে ॥ সুনহ রোস্তম কহি তোমার খাতেরে * এবাতে ওজর জদি রাখ কিছু তুমি ॥ তবে তুম্বে
মহিমে না জেতে কহি আমি* থাক এখানেতে তুমি খোসাল হইয়া ॥ দুছরাকে আমি সেথা দিই পাঠা
ইয়া *রোস্তম সুনিয়া কহে বাদসার খাতির ॥ রহিব হুজুরে সদা হইয়া হাজির * এখানে হুকুম জাহা
করিবে আমায়॥মানিব ওজর কিছু নাহি আছে তায়*একথা সুনিয়া সাহা রোস্তমের ঠাই॥ তুছ পাহাল
ওানে কৈল হুকুম এছাই *লস্কর সরদার লিয়া জাহমহিমেতে ॥ তুরান মুল্লুকে আফরাসিয়াবের সাতে
কিন্তু ছিয়াওসে নাহি জাবে সাতে লিয়া ॥ সেতাবী তাহারে হেথা দিবে পাঠাইয়া * লহা বলে নামা
এক লিখে দিল ফের॥কহিলসেতাবি জাহ নাহি কর দের* এছাই হুকুম পেয়ে তুছ পাহালওান ॥ তৈ
য়ার করিয়া লিয়া লস্কর ছামান*রওানাহইয়া চলে ইরানথাকিয়া॥সাজাদা বলখ জেথা পওছিল জাইয়া

ছামনে * আছিল জওান এক বসিয়া সেথায় ॥ উঠে সে গজব করে ধরিয়া আমায় * কারে কিছু না কহিয়া হাতে লিয়া তেগ॥ পেটচাক কৈল মেরা হৈয়া বেদেরেগ*আমি সেই ডরেতে হইয়া বেকারার চমকিয়া উঠিনু করিয়া সোরসার * শুনিয়া সে গারসিওজ লাগিল কহিতে॥আন্দেসা না কর তুমি এই খাব হৈতে * দেখিলে খাবেতে জাহা শুন জাহাগির ॥ কদাচিত ঠীক নাহি হইবে তাবির * আলবত্তা হইবে উলটা জানিবে দেলেতে॥খোদা চাহে যহিমে পাইবে তুমি ফতে*কেন না পহেলা তুমি আকাব দেখিলে ॥ হাওাভরে উড়িয়া আইল পালে২ * ফের সে আকাব সব হইয়া লস্কর॥ হামলা করিল এসে তোমার উপর * কোথা এছা হইয়াছে কে সুনেছে কবে॥ পরেন্দা জানওার এসে মানুস হইবে * এই আলামত হৈতে খাব জে তোমার ॥ আলবত্তা খেলাফ হবে শুন নামদার * আফরাসিয়াব তবু তাহার কথায়॥ দেল বিচে কোনরূপে কারার না হয়*খওফ আন্দেসা দেলে রহিল ভরিয়া ॥ ভেবেগুনে দেল বিচে ডরে ডরাইয়া* তলব করিল ফের নজ্জুম সবারে ॥ খাবের বয়ান সুনাইল তাহাদেরে*কহিল তা-বির কেয়ছা হইবে ইহার ॥ সেতাব করিয়া মুঝে কহ সমাচার * শুনিয়া খাবের হাল ভাবেন নজ্জুম ॥ সেকেত্তি খওফ তাতে করিয়া মালুম*কহিল সকলে তারা বাদসার খাতির॥ খওফের আলামত ইহার তাবির * কিন্তু সাহা মোরা এই কহি পানাতলে॥ মহিমের কস্ত আপে না করিবে দেলে * সাহাজাদা সিয়াওস আইসে লড়িবারে॥আছে সেলস্করলিয়া জৈহুনেরপারে*ছোলের ফেকের এবেকরতারসাতে কারার হইয়া আপে রহিবে জাহাতে*নহেত খারাবি বড় দেখিবারে পাই ॥ কোন রূপে তারসাতে না কর লড়াই *কিজানি পড়িলে মারা লস্কর ছরদার । তুমি তার হাতে জদি হও গেরেপ্তার *তাহইলে পেরেসানী হবে ওঠাইতে ॥ মস্কেল হইবে শেষে জান বাচাইতে * এয়ছাই কহিল জবে নজ্জুম সকলে পছন্দ হইল আফরাসিয়াবের দেলে* বখসেস এনাম দিয়া নর্জ্জুম সবারে॥বিদায় করিল সাহা খোসাল অন্তরে*ছোলে করিবারে দেলে এরাদা করিয়া ॥ আপন দামাদে সাহা দিল পাঠাইয়া *অধিন খাতের কহে দেখিয়া কেতাব॥ ছোলে কর ছাফ দেলে মিলীয়া সেতাব * বহুত বেহেতের আছে বদি মে টাবায় ॥ নেকনামি হয় তাতে খোদার দরগায় *

আফরাসিয়াব খাব দেখিয়া ছিয়াওসের নিকটে ছোলে করিবার খবর পাঠায় ও সিয়াওস
ওকায়উছ বাদসার আগে আফরাসিয়াবের ছোলের খবর পাঠাইয়া দেয়
কায়কাউছ বাদসা আফরাসিয়াবের ছোলে হৈতে নাখোস
হইয়া সিয়াওসকে তলব করিবার বয়ান *

পয়ার * আফরাসিয়াব সাহা নর্জ্জুমের বাতে ॥ ছোলে করিবার কস্ত করিয়া দেলেতে * গার সিওজ নামে জে দামাদ ছিল তার ॥ মালমাত্তা গঞ্জ তারে দিয়া বেশুমার * ছোলে নামা লিখে এক দিয়া তার হাতে॥বলখে ভেজিল ছিয়াওসের কাছেতে*সাহার হুকুমে সেহ ছোলে নামা লিয়া ॥ বলখ সহর বিচে পঁওছিল আসিয়া * সিয়াওসের হুজুরেতে আইল জখন ॥ দেখে সিয়াওস তারে হয়ে খুসি মন * আপনি উঠিয়া তারে তাজিম করিয়া॥সোনার কুরছির পরে বসায় আনিয়া*তখনসে গারসিওজ করে কোন কাম॥এনেছিল মালমাত্তা জত ছরঞ্জাম* সিয়াওসের ছামনেতে ধরিলনজর॥দেখে সিয়াওস হৈল খোসাল অন্তর * তারপরে গারওসিওজ ছোলের জেকের॥সিয়াওস সামনেতে ধরিল জেকের * সুনে সাহা সিয়াওস খোসাল হইয়া ॥ খুসির মজলেছ এক তৈয়ার করিয়া * গারসিওজে লিয়া সেই মজলিছে তখন ॥ সরাব কাবাব খায় করিয়া জসন*খুসিতে অর্দ্ধেক রাত গোজারিয়া গেল॥ গারসিওজ নিন্দে বড় কাতর হইয়া * মজলেছ হইতে মর্দ্দ উঠীয়া তখন॥জাইয়া পালঙ্গ পরে করিল শয়ন* তখন বিরলে বসে রোস্তমের সাত ॥ সিয়াওস সাহাজাদা কহে এই বাত *আফরাছিয়াব এছে কাছেদ করিয়া পাঠায়েছে মেরা আগে ছোলের লাগিয়া * এহাতে মতলব কিবা কহিবে আমায় ॥ তুমি জা কহিবে আমি রাজি আছি তায়*রোস্তম সুনিয়া দিল জওাব এমন ॥ দুসমন আজেজ জদি হইয়া এখন * ছোলে করিবার তরে করিল এরাদা ॥ বহুত বেহতের এই সোন সাহাজাদা * কিন্তু সে আফরাছিয়াব জারনাম ছোলে করে ঠিক নাহি রহে সে মোদাম * কওল কারারে তার নাহিক এতবার॥ না রহে কওলে সেহ

হাজের * সিয়াওস সাহাজাদা তাদের কারন॥নেওাজিল জনে২ হয়ে খুসি মন * সিয়াওসের দোহাই ফিরিল বলখেতে॥আদল এনছাফ খুব লাগিল করিতে * তার পরে কহে মর্দ্দ ছোহরাব সবায়॥এখনযে আমার দেলেতে ইহা চায়*ছাড়িয়া বলখ দেশ লস্কর লইয়া ॥ পার হৈয়া গিয়া এবে জৈহুন দরিয়া * তুরান মুল্লক বিচে করিয়া লড়াই॥তুরুকি লস্করে সবমারিয়া গেরাই * শুনিয়া মানাহি করে তামাম ছর দার॥কোনকাম সেতাব না কর নামদার*রোস্তম কহেন ফের স্থন সাহাজাদা ॥ করিলে দেলেতে জদি এছাই এরাদা * নামা এক লেখ তুমি কাউছ সাহায় ॥ দেখ কি হুকুম সেহ করেন তোমায়*ভালাবুরা যাহা হয় করিবে আখের ॥ বুঝে দেখ এইবাত বড়ই বেহেতের * শুনিয়া এছাই বাত কাউছ সাহায় নামা এক ছিয়াওস লেখিয়া পাঠায় * লিখেছিল নামা বিচে এই সমাচার ॥ শুন বাদসা জাহাপানা আরজ আমার * বলখ সহরে ছিল হাকেম জে জন ॥ হারেল হইয়া সেহ ভাগিল এখন*দখল করিয়া লিছি সহর বাজার ॥ লোক জন সকলে হয়েছে তাবেদার*দেলবিচে রাখি এবে খাহেস এমন ॥ জৈহুন দরিয়া পার জাইয়া এখন * তুরুকি লোকের সাতে লড়াই করিয়া ॥ তুরানী মুল্লক সব লেই ছেনাইয়া আপনি হুকুম মুঝে কর নামদার ॥ আছি তেরা হুকুমের হয়ে এন্তেজার * পাইয়া কাউছ সাহা এছাই লিখন ॥ লিখিল জওাবে তার এই বিবরন * আফরাসিয়াব সে বড় দাগাবাজ॥ দাগাদারী বিহনে নাহিক তার কাজ*বার২ কৈল কত কারার একবার ॥ কারারে বাহাল নাহি থাকে সে গাঙার * যদি সে জৈহুন পারে না আইল এখন ॥ সেখানেতে জাইয়া নাহিক প্রয়োজন * এছাই মানাহি জদি হ ইল বাদসার ॥ সিয়াওস সাহাজাদা মানাহিতে তার*না কৈল এরাদা সেথা জাবার লাগিয়া ॥ রহিল বলখ দেশে করার হইয়া *অধিন খাতের কহে ভরসা খোদার ॥ বালিয়া গোবিন্দ পুরে বসতি জাহার মিছে কামে বয়ে গেল এছার জেন্দেগি ॥ করে হেলা গেল বেলা না হৈল বন্দেগি *

* আফরাসিয়াবের খাব দেখিবার বয়ান *

আফরাসিয়াব হেথা আছিল তুরানে ॥ বারেমা ও গারসিওজ জাইয়া সেখানে * সাজাদার হাল সব সুনাইয়া তায়॥কহে ফের মহিমে সে আসিবে হেথায়* আছে জৈহুনের পারে লইয়া লস্কর ॥ কোন ঘড়ি আইসে তার না জানি খবর*আফরাছিয়াব এহা শুনিয়া তখন॥দাপট করিয়া কহে তাদের কারন নাহি ডর রহ এবে খোসাল অন্তরে ॥ জবে সে আসিবে হেথা দেখিবে নজরে * কোন হাল করি সেই ইরানি সবার ॥ খাকখুনে মেলাইব মারিয়া তলওার* মোর আগে টেকে কোথা ইরানী সেফাই ॥ আমি জবে তেগ ধরে করিব লড়াই* এইরূপে মুখে খালি সাপট করিয়া ॥ তাহাদের সামনে কহিল সুনাইয়া কিন্তু দেলবিচে ডর হইল এমনি ॥ ভাবনাতে বদনের খুন হৈল পানি * ভাবে মনে সিয়াওস আর সে রোস্তম ॥ আইলে তুরান দেশে পড়িবে মাতম * না আটীব তার সাতে করিয়া লড়াই ॥ নাহক জাইবে মারা তুরানী সেফাহ*মারিবে আমাকে সেহ জোরেতে ধরিয়া॥ লইবে মুল্লক মেরা দখল করিয়া * এই রূপে ভাবা গোনা করে রাত দিন॥ ভেবে গুনে দিনে২ তনু হৈল ক্ষীন*একরাতে পালঙ্গে সুইয়া আপ নার ॥ নিন্দের খুমারে থাকে হয়ে বেকারার * সপন দেখিয়া দেলে ডরে ডরাইয়া ॥ সোর সার করে বড়া ওঠে চেল্লাইয়া*গারসিওজ নামে জে দামাদ ছিল তার॥সোর গোল সুনিতে জে পাইয়া বাদসার সেতাব আসিয়া পুছে বাদসাকে তখন ॥ সোর কর এত রাতে কিসের কারন * বেচেইন হয়ে কেন রয়েছ বসিয়া ॥ কহ কি বেওরা মুঝে বয়ান করিয়া * শুনে তারে কহে তবে আফরাসিয়াব ॥ চমকিয়া উঠিয়াছি দেখে বুরা খাব * সুন সে খাবের কথা করিয়া ধেয়ান ॥ দেখিতে পাইনু এক বেবাহা ময় দান*জাই সে ময়দানে লিয়া লস্কর সেফাই ॥ আচানক হেনকালে দেখিবারে পাই * বেশুমার সাপ সেই ময়দান উপর ॥ দেখে সে সাপের তরে ডর হৈল মোর*ফের এক হাওা আইল করিয়া আস্কার ॥ ধুলাতে ময়দান গেল হইয়া আন্ধার ॥ আকাবের ঝাক সেই হাওার সহিতে॥ উড়ে আসে পালে২ ইরান হইতে*কতক্ষন বাদে দেখি করিয়া নজর॥হৈল সে আকাব সব ইরানি লস্কর* আমি আর মেরা সাতে লস্কর জা ছিল ॥ আমা সবাপরে তারা হামলা করিল* মারিয়া ডালিল মেরা লস্কর সবায় ॥ আ খেরে আমার তরে ধরিয়া লেজায়*ইরানে কাউছসাহা আছিল জেখানে॥ হাজের করিল লিয়া তাহার

ঢালেতে * মেরেছিল এছা গোর্জ্জ ইরানি মর্দ্দানা॥ আছমান হইতে জেন গিরিল বাজনা * না হেলে অজুদে তার এছা পাহালওান॥ এইরূপে গোর্জ্জ বাজি করে দুজওান * লড়িল বহুত কেহ কারে না পারিল॥ গোর্জ্জের মহিমে দুহে সমান হইল * আখেরে রাখিয়া গোর্জ্জ তেগ লিয়া হাতে॥ মস্তহামে দুই জনে লাগিল লড়িতে * বহুত করিল জঙ্গ দোন পাহালওান॥কেহ কারে নাই পারে সমানে সমান তলওার হইল জেন করাতের ধার॥ তবু লড়ে নাই ছাড়ে বলে মার২ * আখেরে রাখিয়া তেগনেজা লিয়া হাতে॥ দুই জনে গোস্বা মনে লাগিল লড়িতে * এরূপে তামাম দিন লড়ীল দুজন॥ নিমাসাম হয়ে আইল দেখিল জখন * কহে দোহে আজ আর লড়ে কাম নাই॥ সাম হৈল জার জে ডেরেতে চল জাই * এহা বলি মহিম ছাড়িয়া দুইজনে॥ জার জে লস্করে ফিরে আইল খুসি মনে * রোস্তম আর ছিয়াওস আছিল জেথায়॥ইরানি সর্দ্দারএসে ছালাম জানায় * দোওাদিয়া তার তরে সাহাজাদা কেয় এনাম খেলাত দিল করিয়া মেহের * রোস্তম তখন তারে পুছিল এছাই॥ কহ মর্দ্দ গারসিওজ কেমন সেফাই * কহিল সে তোমা হেন হবে পাহালওান॥ বড় জোর রাখে মর্দ্দ তুরুকি জওান* এহা বলে রাতে সব খেয়ে খানাপানি॥ খুসি হালে রহে কিছু নাহি পেরেসানি * হেথায় বারেমা আর গারসি ওজ দোহে॥ এক সাতে মিলে তারা এইবাত কহে * বড় পাহালওান দেখি ইরানি সর্দ্দার॥ লোকে এহাদের সাতে ফতে পাওয়া ভার * এইত সর্দ্দার এক ধরে এত জোর॥ রোস্তম সে কেমন্ন মর্দ্দ না জানি খবর * একে২ এইরূপে করিলে লড়াই॥ মহীমেতে ফতে পাওা না দেখি ভালাই * একেবারে লড়া ভাল এহাকে চাহিয়া॥ কোনরূপে দাওপেলে ডালিব মারিয়া *রস্তম পড়িলে মারা ঘুচিবে বালাই তবে আর কেবা এছা করিবে লড়াই * এক দমে মেরেলিব ইরানি সবায়॥ রোস্তম ছেওায়ডর নারাখি কাহায় * এছাই মছলত করি রহে দুইজন॥ ফজরে উঠীয়া কৈল হুকুম এমন * একবারে চল সবে কমর বান্ধিয়া॥ ইরানি সবার তরে ডালহ মারিয়া * এহা বলে একেবারে লইয়া ফওজ॥ আইল ময় দানে জেন উঠীল মওজ * ধাওসা নাকারা কত বাজে ঠাই২॥ ঘোড়া কুদাইয়া ফেরে তামাম সেফাই দেখিয়া রোস্তম সাহা লইয়া লস্কর॥ সওার হইয়া আইল ময়দান উপর * দুইদলে মোকাবেলা হইল জখন। লড়াই করিল শুরু হৈয়া গোস্বা মন * মার ২ হাক হাকে তামাম সর্দ্দার॥ কেবা কারে মারে ধরে নাহয় শুমার *রোস্তম হাকিয়া ঘোড়া খেচে মারে তেগ॥ জারে পায়মারে ঠায় না করে দেরেগ দিগে২ লড়ে সবে গোস্বার খাতের॥ বেল হেন গেরে জেন তুরুকের ছের*এইরূপে জঙ্গ করে দুদলে ছেফাই॥ গিরিল বহুত লোক লেখা জোখানাই * ময়দানেতে লহু নদী বহীল তুফান॥ লস্কর গিরিল জেন কলার বাগান * মস্ত হয়ে লড়ে জত ইরানি সওার॥ তুরুকি লস্কর না টিকিতে পারে আর * ডরেতে না জায় কেহ রোস্তমের আগে॥ জান লিয়া পিঠ দিয়া দিগে২ ভাগে * ভাগেল হইল জদি তুরুকি ছেফাই॥ বারেমান গারসিওজ দেখিয়া এয়ছাই * কহে ইরানির হাতে বাচা হৈল ভার॥ ইহা বোলে দুইজনে হইয়া লাচার * ঘোড়া হেকে জায় ভেগে ডরে ডরাইয়া॥ ছাড়িয়া বলখ দেশ জায় পালাইয়া * জৈহুন দরিয়া পার হইয়া সেতাব॥ তুরানেতে গেল জেথা আফরাসিয়াব* দেখে এ দোহারে আফরাসিয়াব গাওার॥ পুছিল এ হাল কেন তোমা সবাকার *বয়ান করিয়া দোহে লাগিল কহিতে॥ সিয়াওস সাহাজাদা ইরান হইতে * রোস্তম আর বড়২ পাহালওানে লীয়া॥ করিল বহুত জঙ্গ বলখে আসিয়া * হারেল হইল আমা দোহার লস্কর॥ মারা গেল কত তাহা নাহি আছে ওর * আখেরে আমরা দোহে হয়ে পেরিসান॥ ভেগে আইনু হুজুরেতে বাচাইয়া জান * আফরা সিয়াব তবে কহেতা দোহায়॥ দেখিব সে সিরাওস আইলে হেথায়* আর সে রোস্তম মর্দ্দ রাখে কত জোর॥ আটীবে আসয়া হেথা ছামনেতে মোর * তোমরা খাতের জমা রহ এখানেতে॥ভালা বুরা জাহা হয় বুঝিব পরেতে * এহা বলে দেলাসা ভরসা দোহে দিয়া॥ রাখিল আপন কাছে তছল্লি করিয়া * এখানেতে সিয়াওস বলখ সহরে॥ মহিমে পাইয়া ফতে খোসাল অন্তরে* তক্তেবার দিয়া বৈসে হয়ে জাহাগির॥ আরকান দওলত সব হইল হাজির *বলখে মালেক জদি হৈল সিয়াওস॥ তা মাম মুলুক সুনি হৈল বড় খোর্স * তারপরে জত লোক বলখ দেশের॥ একে২ এসে সবে হইল

আছে ময়দান উপর * সুনিয়া সে কহিল লস্করে আপনার ॥ দুসমন গালেব হইল চারা নাহি আর * সেতাব করিয়া এবে বান্দয়া কোম্মর ॥ নেকালিয়া চলে সবে ময়দান উপর * বারেমা হুকুম জদি করিল এছাই ॥ সুনিয়া কোমর বেন্দে তামাম সেফাই * জার জে ছওার হৈয়া চলিল ময়দানে ॥ ইরানি লস্কর সব আছিল জেখানে * দেখিয়া সে তুরুকেরা ইরানী লোকেরে ॥ ঘোড়া কুদাইয়া আসে লড়িবার তরে মকাবেলা দুইদলে হইল জখন ॥ উঠিল ময়দান পরে তুফান জেমন * হাকাহাকি ডাকাডাকি হৈল সোরসার ॥ কেবাকারে মারেধরে নাহয় শুমার * মস্তহালে দুইদলে ছেফাই২ ॥ নেজা গোর্জ্জ তেগলিয়া করেন লড়াই * আছিল ইরানি লোগ জঙ্গি আছওার ॥ গেরাইল তুরুকের হাজার২ * ঘোড়া জোড়া লহুতে হইয়া গেল লাল ॥ ঘিরে মারে তেগ জোরে হয়ে মস্তহাল * রোস্তম আছযানি হাক হাকিল জোরেতে ॥ ডরেতে তুরুক সব লাগিল কাপিতে * টিকিতে না পারে কেহ ইরানির আগে ॥ ডরাইয়া জান লিয়া দিকে২ ভাগে * লস্কর ভাগেল হৈল দেখে বারেমান ॥ আগে নাহি বাড়ে দেলে হয়ে পেরে সান * বিপাক দেখিয়া লিয়া সর্দ্দার ছেফাই ॥ ভেগেচলে কেল্লা বিচে ছাড়িয়া লড়াই * জাইয়া করিল বন্দ কেল্লার দুওার ॥ পানি ভরা গড়খাই চারিদিকে তার * ইরানি ফওজ সব পিছে২ গিয়া ॥ বেদাও দেখিয়া হেথা আইল ফিরিয়া * মকুফহইল জঙ্গ ছাড়িয়া ময়দান ॥ ডেরেতে আসিয়া সব ইরানি জওান খুস হালে খানা পানি পাকাইয়া খায় ॥ দুই চারি রোজ এয়ছা গোজারিয়া জায় * বারেমা রহিল বন্দ কেল্লার মাঝার ॥ কোনজন লইয়া তাহার সমাচার * দামাদ আছিল আফরাসিয়াবের জেথা ॥ খবর সে লইয়া দাখেল হল সেথা * সুনাইয়া দিলতারে বারেমার হাল ॥ সুনিয়া সে গোশ্বাতে জলিয়া হল লাল * গারসিওজ বলিয়া আছিল নাম তার ॥ বড় পাহলওান মর্দ্দ জোরে জোরওার * বলে হায় আগে এ খবর নাই জানি ॥ দেখিতুন সেই ওক্তে কেয়ছা সে ইরানি * তবু সে এখন কোথা বলখ থাকিয়া ॥ জাইবে আমার হাতে জান বাচাইয়া * ইহা বলে ফরমাইল আপন লস্করে ॥ সেতাব তৈয়ার হও জাব লড়িবারে * দেখি কেছা জোর ধরে ইরানি ছেফাই ॥ মারিব তা সবাকারে করিয়া লড়াই * জিতাজানে একজনে না দিব ছাড়িয়া ॥ এত বলি চলে মর্দ্দ লস্কর লইয়া * বলখ সহর বিচে জাইয়া পওছিল ॥ বারেমা সুনিয়া বাত বাড়াইয়া লিল * তাজিম তর্কারিম তারে করিয়া বিস্তর ॥ লিয়া আইল সাতে করে কেল্লার ভিতর * কোমক পাইয়া তার বারেমা তখন ॥ দেলেতে বুঝিল ফতে হইবে এখন এহা বলে মিলে দোহে মছলত করিয়া ॥ নেকালিল কেল্লা হৈতে লস্কর লইয়া * রোস্তম আর সিয়াওস আছিল জেখানে ॥ মহিম তলব রাখে আসিয়া সেখানে * ঘোড়া কোদাইয়া ফেরে করে জোরসোর হেকেবলে আইস দেখি ইরানী লস্কর * মহিমেতে ফতে পাও কেমন করিয়া ॥ আজ সবে তেগ জোরে দিব ওড়াইয়া * আমার মর্দ্দমি বুঝি না সুনিলে কানে ॥ দেও পরি ভাগে ডরে আমার মহিমে * আমি জদি গোশ্বাভরে তলওার চালাই ॥ লড়িতে আমার সাতে কে আছে এয়ছাই * এইরুপে লাফ কাফ করিতে আছিল ॥ রোস্তম সুনিয়া তাহা গোশ্বায় জলীল * চাহে কি কমর বেন্দে জায় ময়দানেতে দেখিয়া সর্দ্দার এক লাগিল কহিতে * আমরা সর্দ্দার সব থাকিতে এয়ছাই ॥ পহেলা আপনি জাবে করিতে লড়াই * মনাছেব নহে এয়ছা শুন নামদার ॥ হুকুম করহ মুঝে দেখি একবার * লাফ কাফ করে কেছা তুরুকী সেফাই ॥ দেখাইব তেগবাজী সেখাব লড়াই * আপনি করহ দোওা বসিয়াএখানে একেলা করিবজঙ্গ জাইয়া ময়দানে * রোস্তম সুনিয়া এহা কহিল তাহায় ॥ জাহ মহিমেতে তুঝে সুপিনু খোদায় * হুকুম পাইয়া মর্দ্দ রোস্তমের ঠাই ॥ ছালাম করিয়া চলে হইয়া বিদাই * ঢাল গোর্জ্জতীর তেগ নেজাফলা লিয়া ॥ তুরুকি ময়দানে জেথা পওছিল জাইয়া * গারসীওজ দেখেতারে গোর্জ্জ লিয়াহাতে মার২ করে হেকে আইল জোরেতে * কহে কেয়ছা জোর রাখ ইরানি সর্দ্দার ॥ পহেলা এগোর্জ্জতুমি সামাল আমার * এহা বলে জোরেতে খেচিয়া মারে তায় ॥ দেখিয়া সে ঢাল পাতে আপন মাথায় * জাইয়া বসিল গোর্জ্জ ঢালের উপরে ॥ আওাজ পওছিল তার তামাম লস্করে * এছাই জোরেতে গোর্জ্জ মেরেছিল তায় ॥ ধমকেতে পড়িলা ছুটিল তার গায় * বহুত কোসেসে রদ করে সে ওয়ার ॥ হাকিয়া উঠিল মর্দ্দ বলে মার২ * গোর্জ্জ ওঠাইয়া খেচে মারিল জোরেতে ॥ গারসিওজ গোর্জ্জ তার ধরিল

তহমত দিয়াছিল তোমার উপরে * এখন একিন খুব হইল আমার ॥ নাহিক তোমার কিছু পাপের সঞ্চার * এত বলি গোস্বা ভরে কাউছ জাহান ॥ বলে আজ ছুদাবা মারিব গরদান * তখন সে সিয়াওস বিপাক দেখিয়া ॥ করিয়া মিনতি জারি বাদসার লাগিয়া * সাফাত করিয়া দিল ছুদাবার গুনা ॥ খুন হৈতে মাফ তারে কৈল জাহাপানা *মেহের করিয়া ফের ছুদাবার তরেতে॥ রাখিল কাউছ সাহা আপন খেদমতে * এছাই কয়েক রোজ জায় গোজারিয়া ॥ কহে হিন কবিকার কেতাব দেখিয়া * বদি কৈলে বদি ফলে না হয় খণ্ডন ॥ জার বদি তারে খায় হুকুম এমন *

সিয়াওস সাহাজাদা আফরাসিয়াবের সাতে লড়াই করে ও পহেলা

বলখ মুল্লক ফতে করিবার বয়ান *

সিয়াওসে কোন রূপে নাহিক পারিয়া ॥ রহিল ছুদাবা তার দাও ঠাহরিয়া * রাত দিন ঢোড়ে এছা ফেকের তাহার ॥ জে রূপে গরদান মারা জায় সাজাদার*কিন্তু তারে কোন রূপে কাবুতেনাপায় হামেসা তদবির এছা ঢুড়িয়া বেড়ায় * সিয়াওস দাগাবাজি হইতে তাহার ॥ ডবে ডরাইয়া মর্দ্দ দেলে আপনার * হামেসা আল্লার আগে কাতর হইয়া॥করিত এ দোওাজারি হাত ওঠাইয়া *মেহের করিয় আল্লা আপন কুদরতে॥নেকালিয়া দেহ মুঝে এখান হইতে * হামেসাএ দোওা মাঙ্গে হৈয়া বেকারার কবুল হইল দোওা দরগাতে খোদার*আচানক পওছিল আসিয়া এখবর ॥ আফরাসিয়াব আসে লইয়া লস্কর * সাতে লিয়া আপনার লস্কর ছেফাই॥আসিয়া এখানে ফের করিবেলড়াই*একথা শুনিয়াসাহা কাউছ তখন ॥ কহিতে লাগিল বাত হয়ে গোস্বা মন * আফরাসিয়াব গিধি না থাকে কারারে ॥ কভু ছোলে করে কভু আইসে লড়িবারে * দেল হইতে বুরাই নাহিক জায় তার ॥ কারারেতে ঠীক নাই থাকে দুরাচার* না জাব এতবার এবে তাহার কওলে ॥ সাজাই করিব তার জাহা আছে দেলে * হামেসা ইরানে আসে করিতে লড়াই ॥ মোরা কভু তুরানেতে না করি চড়াই * বড় দুরাচার সেই আফরাসিয়াব ॥ নাছাড়িব এবে তারে করিব খারাব * ইহা বলে ফরমাইল সরদার সবারে ॥ লস্কর তৈয়ার কর মহিম খাতেরে* বলখ মুল্লক বিচে পহেলা জাইয়া ॥ লইব সে দেশ আগে দখল করিয়া * তাবাদে তুরানে জেথা আফরাসিয়াব ॥ যাইয়া সেখানে তারে করিব খারাব * এছাই হুকুম জদি কৈল জাহাগির সিয়াওস শুনে তাহা হইয়া হাজির*জোড়হাতে বলে মর্দ্দ আরজ করিয়া॥মহিমে সে দেশে মুঝে দেহ পাঠাইয়া*দেখি সেতুরানি কেয়ছা আফরাসিয়াব॥খোদা চাহে তারে আমিকরিব খারাব*ইহাসে বলিল এই এরাদার পরে ॥ কোনরুপে হেতা হতে থাকি গিয়া দুরে*সুনিয়া কাউছসাহা বলিল তখন॥ তুঝে সেথা পাঠাইতে নাহি চাহে মন * বড় জবরদস্ত সে আফরাছিয়াব॥ তার আগে টেক তুমি কোথা এস্থাব*তুমি থাক আমি লিয়া লস্কর ছেফাই ॥ দুস্মনের সাতে গিয়া করিব লড়াই * সিয়াওস কহে সুন বাদসা নেকনাম ॥ হুনুর হেকমত জত লড়াইর কাম*কম নাহি আছি আমি তাহাকে চাহিয়া ॥নাহিক আটীব তারে কিসের লাগিয়া*জঙ্গেতে মজবুত মেরা তামাম সেফাই॥তুরানি উপরে তারা গালেব সদাই সিয়াওস এইরূপে বলিতে আছিল ॥ হেনকালে এসে সেথা রোস্তম পওছিল * সুনে সে আবক্ষ করে বাদসার লাগিয়া ॥ সিয়াওসের সাতে মুঝে দেহ পাঠাইয়া * খুসিতে বসিয়া থাক তক্তে দিয়া বাস ॥ হইয়া খাতেরজমা দেলে আপনার * আপনি কছেল্লা আর না লিবে এখন ॥ আমরা থাকতে নহে উচিত এমন*আমি আর ছিয়াওস দোহে জদি জাই॥তুরুকি লোকের সাতে করিতে লড়াই* টিকিতে পারিবে কোথা তুরানি লস্কর ॥ ওড়াইব সবাকারে ময়দান উপর* এবাত সুনিয়া তবে কাউছ জাহান সেতাব তৈয়ার করে লস্কর ছামান * রোস্তম আর সিয়াওসে দোহার লাগিয়া ॥ মহিমে তুরানে দিল রওানা করিয়া*সাহাজাদা খুসি দেলে হইয়া ছওার॥ বলে মুঝে নেকালিল পরওার দেগার* এহা বলে খুসি দেলে লস্কর লইয়া ॥ মঞ্জেলং রাহা জায় নেকলিয়া* নাকারা নেসান বাজে চলিল ফওজ ॥ দরীয়া উপরে জেন উঠিল মউজ * ইরান সরহর্দ্দ ছেড়ে গিয়া কত দুরে ॥ পওছিল জাইয়া সবে বলখ সহরে ডেরা ঝাণ্ডা খাড়া কৈল ময়দান উপর॥আইল ইরানি লোক হইল খবর*হাকিমআছিল সেথা বারেমা সামেতে ॥ লোক মুখে খবর সে পাইল শুনিতে*আইল ইরানি লোক লইয়া লস্কর ॥ ডেরা তাম্বু ডালি

আনিয়া হাজের কৈল বাদসার হুজুরে* দেখিয়া তাহারে [illegible] বাদসা নামদার ॥ ডেকে সেই খাওাসনে পুছে সমাচার * কহ এই লাড়কা তেরা হইল কেমনে ॥ ঠিক২ বাতাইবে আমার সামনে * শুনে সে বদবক্ত ইহা লাগিল কহিতে॥ এই লাড়কা পয়দা হৈল ছিয়াওস হৈতে* বরাজুরি করিয়া সে সঙ্গেতে আমার ॥ ছহবত করিয়া ছিল সোন নামদার* কিকরি সেহালে মেরা নাহি চলেজোর॥তাহার ছহবতে পেট হইয়াছে মোর * শুনিয়া ছুদাবা বিবী এয়ছাই বচন ॥ কহিতে লাগিল কত বাদসার কারন * আ মার কথায় সাহা না কৈলে এতবার ॥ চক্ষেতে দেখহ সব কাম জেছা তার * তখন কাউছ সাহা হয়ে পেরেসান ॥ দেল বিচে ভাবাগোনা করিয়া নিদান *মহল হইতে উঠে বাহিরে আসিয়া ॥ নজ্জুম সবার তরে কহে বোলাইয়া * এই দুই মরা ছেলে কাহার নোতফায় ॥ রাম্মাল দেখিয়া সবে কহত আমায় সুনিয়া নজ্জুম সবে গওর করিয়া ॥ তালেনামা দেখে তারা কেতাব খুলিয়া*এইরূপে একহপ্তা দেখিয়া কেতাব ॥ কহিল বাদসাকে তারা এছাই জওাব * কায়ানির নছলেতে কোন লোক হৈতে ॥ না হৈল এলাড়কা পয়দা দেখি কেতাবেতে * নেহাত জানিল তবে বাদসা নামদার॥ তহমত করিয়া এইছুদাবা বদকার * ফেরেব করিল এয়ছা করিয়া মক্কর ॥ ইহা বলে গিয়া সাহা মহল ভিতর * ছুদাবা বিবীর তরে লাগিল কহিতে ॥ এতবার নাহয় তোমাসবাকার বাতে * কেননা নজ্জুম লোকে দেখিয়া রাম্মাল নেহাত কহিল এই ছেলের আহওাল*কায়ানির আওলাদের কোন লোক হৈতে ॥ না হৈল এ ছেলে পয়দা দেখে কেতাবেতে * সুনিয়া ছুদাবা বিবী বলেন এছাই ॥ আপনি বুঝিয়া দেখ রাখত দানাই নজ্জুমেরা সকলেতে তোমার খাতির ॥ভাড়াইয়া কহিয়াছে সোন জাহাগির * কেননা জে ছিয়াওস ফরজন্দ তোমার ॥ ডরেতে এ কথা তারা না করে প্রচার * মরমের কথা ইহা নাহিক কহিয়া ॥ ঝুট বাতাইয়া তুজে দিল বুঝাইয়া*এইবাতে এতবার না কর তুমি দেলে ॥ ভালা বুরা কিছু নাহি খেয়াল করিলে * বুঝিয়া দেখহ সাহা দেলে আপনার ॥ সিয়াওস খাতা এয়ছা কৈল বার২ * বেটা বলে জদি নাহি এনছাফ করিবে॥ আখেরে আল্লার আগে কি জওাব দিবে * জে করে এমন খাতা তাহার কারন মারিতে ওাজেব হয় বিচার মতন * সুনিয়া এছাই বাত বাদসা নামদার ॥ ভালা বুরা জওাব না দিয়া কিছু তার * খামস হইয়া আপে রহে জাহাগির ॥ ভাবে মনে সাজাদার না পাই তকছির * ছাবেত না পেয়েসাজা কেমনে করিব ॥ বেএনছাফ কৈলে তাতে জালেম হইব * এইরূপে ভাবাগুনা করে দেলে দেলে ॥ ফের ইহা ছুদাবা বাদসার আগে বলে * গোমান বাড়ায়ে তুমি আপন বেটার ॥ বার২ কহি কিছু না কর বিচার * খারাবি করেছে আর করিবেক ফের ॥ অপমান কি কারনে হইব আখের * এখন মরিবা ভাল জান বাচাইয়া ॥ মান গেলে তার আর কি লাভ বাচিয়া * এহা বলে জহর লইয়া হাতে করে ॥ বলে এ জহর খেয়ে জাব আজ মোরে * তখন কাউছ সাহা হইয়া লাচার ॥ বলিল খা মস রহ করিব বিচার * ইহা বলে ভাবাগোনা করিয়া দেলেতে ॥ পছন্দ করিল তাতে আজমাস ক রিতে * বলে জদি সিয়াওস আগুনে পড়িয়া ॥ ছহি ছালামতে ফের আইসে নেকলিয়া * তবেত বেগুনা তারে জানিতে নেহাত ॥ তোমা সবাকার জত তহমতের বাত * আর জদি গোনাগার হয় সেহ তবে ॥ আগুনেতে জোলেপুড়ে ছারখার হবে * ইহা বলে সেইখানে বাদসা নামদার ॥ আগুনের কুণ্ডএক করিয়া তৈয়ার * ছিয়াওসে ডেকে তবে লাগিল বলিতে॥ তুমি জদি গোনাগার হও এইবাতে তবেত আগুনে পুড়ে ছারখার হবে ॥ পাক থাক ছালামতে ফিরিয়া আসিবে * সুনিয়া সে সিয়াওস কহিল এয়ছাই ॥ এবাতে বেগুনা আমি ডর কিছু নাই * এলাহি মদত মেরা এই বাত পরে ॥ জাহের পুসিদা সব মালুম তাহারে *কেতাবেতে লিখিয়াছে সোনহ খবর ॥ হামেসা আগুন জলে দোজখ ভি তর * নেকপাক জেবা কৈল হবে লাকালাম ॥ সে আগ তাহার হক্কে হইবে হারাম *আমি জদি পাক থাক এইবাত পরে ॥ মেহের করিয়া খোদা বাচাবে আমারে * এত বলি বিছমেল্লা বলিয়া তখন ॥ গিরিল সে আগুনে হইয়া খুসিমন* নেকপাক ছিল মর্দ্দ ফজলে খোদার॥না জলিল পশম সে আগুনে তাহার * ছহি ছালামেতে মর্দ্দ আইল নেকালিয়া ॥ দেখিয়া কাউছ সাহা খোসাল হইয়া *ছেরেমুখে বোছাদিয়া সিয়াওসেকয়॥এবাতে বেগোনা তুমি জানিনু নিশ্চয় * ছুদাবা বজ্জাত এই আদাওতিকরে

সোরসার ॥ শুনিতে পাইয়া তাহা বাদসা নামদার * আসিয়া মহল বিচে বিবীর লাগিয়া॥পুছিল এহাল
কেন কহ বুঝাইয়া*মক্কর করিয়া বিবী কহে কাউছেরে ॥ কি কব সেসব কথা তোমার হুজুরে * শু-
নিলে হইবে তুমি হাল পেরেসান ॥ ছিয়াওস বেটা তেরা এয়ছাই নাদান * জোরেতে ডালিয়া মুঝে
জমীন উপর ॥ উলঙ্গ করিল মেরা খুলিয়া ছতর * নিডর হইয়া এয়ছা চাহিল জখন ॥ নাপাকি করিতে
মেরা পাকির দামন * তখন কি করি আমি হইয়া লাচার ॥ হুনুর হেকমত করে হাত হৈতে তার *
আপনা হুরমত জে লইনু বাচাইয়া ॥ ছাড়িয়া সে মোর তরে গেল পালাইয়া * এ কথা শুনিয়া সাহা
ভরিল গোস্বাতে ॥ থর থর করিয়া জে লাগিল কাপিতে * তখনি সে মাঙ্গাইয়া ছিয়াওসে কয় ॥ভেদ
কথা মোরে তুমি কহ না নিশ্চয়* ঠীক ছেওা ঝুটা না কহিবে কদাচন॥ ছিয়াওস সুনে কহে বাদসাকে
তখন * সুন বাদসা জাহাপানা তুমি মোর বাপ॥ঠিক বাত হুজুরে কহিব ছাফ২ * এহা বলে পুসিদার
জত বিবরন ॥ একে২ সুনাইল বাদসার কারন * সুনিয়া ছুদাবা তাহা মক্কর করিয়া ॥ কহিতে লাগিল
ইহা বাদসার লাগিয়া * সুন সাহা ছিয়াওস কহিল জে বাত ॥ ছরাছর ঝুট তাহা জানিবে নেহাত *
তখন কাউছ সাহা ভাবিয়া গুনিয়া ॥ দোহাকার লেবাছ জে দেখেন সুঙ্গিয়া * বিবীর পোসাকে বোয়
আতরের ছিল ॥ সুঙ্গিতে খোসবয় তার নাকেতে পঙছিল*ছিয়াওসের জামাকে শুঙ্গিয়া দেখে ফের ॥
তাহাতে খোসবুই কিছু না হৈল জাহের * তখন হইয়া গোস্বা দেলের ভিতরে ॥ মালামত কৈল কত
ছুদাবা বিবীরে * চাহে কি তলওার মেরে দেয় গেরাইয়া ॥ খামসিল ফের এহা দেলেতে ভাবিয়া *
ছুদাবার বাপ জে বড়ই পাহালওান ॥জদি এ খবর সেহ সুনিয়া নিদান * আসিয়া আমার সাতে করেন
লড়াই॥তবেত মুল্লকে ফের ঘটীবে বালাই * আর কয় ছেলে আছে ছোট২ তারা ॥ কি জানি ইহার
তরে জায় জদি মারা * তা হইলে মছিবত হবে ওঠাইতে ॥ পেরেসান হব বেটা বেটির শোকেতে *
এছাই ভাবিয়া দেলে বাদসা জাহাগীর ॥ মাফ করে দিল খুন ছুদাবা বিবীর * ফের ইহা বুঝাইয়া
কহে জাহাপানা ॥ সিয়াওসে তুমি নাহি জানিও বেগানা * এছাই নাদানি বাতে রহ খামসীয়া ॥ হা-
সিবে তামাম লোক একথা সুনিয়া*এইরূপে বুঝাইয়া বিবীর খাতের ॥ মহল হইতেসাহা হইল বাহের
তবু সেই সাহেবানী কিছু নাহিক বুঝিয়া ॥ হামেহাল কহে এহা বাদসার লাগিয়া* ছিয়াওস বেওফাই
করিল এছাই ॥ বিচার করিয়া তার দেহনা সাজাই * সুনিয়া বিবীর কথা কাউছ জাহান ॥ না করে
খিয়াল কিছু লাগাইয়া কান * কিন্তু সে ছুদাবা বিবী রহে এ খেয়ালে ॥ কিরূপে তহমত দিয়া মারিব
এহারে * এইরূপে কিছু দিন গোজারিয়া জায় ॥ তহমত ফেরেব কিছু ঢুড়িয়া না পায় * খাওাছিন
ছিল এক মহলে বাদসার ॥ আচানক হামেল হইয়া গেল তার * সুনিয়া এছাই বাত ছুদাবা বৈতাল ॥
কহে এবে ছিয়াওসে করিব পয়মাল * এছাই ভাবিয়া দেলে খোসাল হইয়া ॥ সেই খাওাছিন তরে
লিল মাঙ্গাইয়া * মালমাত্তা দিয়া তারে করে খুসি মন ॥ কহিল ডাকিনু তুঝে এহার কারন *
আপনা হামেল তুমি দেহ গেরাইয়া ॥ ফের তুঝে নেওাজিব খোসাল করিয়া * কিন্তু জে সময় তুমি
হামেল গেরাবে॥ দাসীগন হৈতে মুঝে খবর করিবে * আর খুব সোর গোল করিবে তখন ॥ সুনে
বাদসা ডেকে তুঝে পুছিবে জখন * সেই সময়েতে তুমি কহিবে বাদসায় ॥ ছিয়াওস বালাজুরি করিয়া
আমায় * করিল এছাই কাম সুন নামদার ॥ নিশ্চয় বলিনু এই হুজুরে তোমার * এইরূপে সেখাইয়া
বহুত তাহায় ॥ দিল তারে সেথা হৈতে করিয়া বিদায় * মালমাত্তা পেয়ে সেই খুসি হয়ে দেল ॥
রাজী হৈল আপনার গেরাতে হামেল * এক দিন খুসি দেলে বাদসা জাহাগির ॥ সুইয়া ছিলেন ঘরে
ছুদাবা বিবীর*নিন্দের খুমারে সাহা বেখবর ছিল ॥ হেনকালে আচানক সোর গোল হৈল * চেল্লা
ইয়া বলে সবে দোহাই বাদসার॥সুনিয়া জাগিয়া ওঠে বাদসানামদার * কহে এ কিসের গোল সুনিবারে
পাই॥কিকারনে কহে সবে বাদসার দোহাই * হেনকালে দাসিগন পঙছিল আসিয়া ॥ বাদসার জনাবে
কহে আরজ করিয়া * দেল দিয়া সোন আপে বাদসা জাহাপানা ॥ খাওাছিন আছিল জে নামেতে
ফুলা না*দুই লাড়কা মরা পয়দা হইল তাহার ॥ সুনিয়া হয়রতে রহে বাদসা নামদার * কহে কেছা
লাড়কা দেখি আনহ তরায়॥তখন সেতাব গিয়া দাসিয়া সবায়* রাখিয়া তক্তের পরে মরা দুলাড়কারে

তার হাতে✽মুখে বোছা দিল তার ধরিয়া গলায় ॥ মিনতি করিয়া এনে পালঙ্গে বসায় ✽ নানারূপে বুঝাইয়া কহে কত ছলে॥ছিয়াওসশুনে তাহাভাবে দেলে২✽কহে জদি জোরকরে উঠীয়া পালাই ॥ তাহে এ বজ্জাত জদি ঘটায় বালাই ✽ মক্কর ফেরেব করে কহিয়া বাদসায় ॥ গোস্বা হৈয়া কোন এছা বিপদ ঘটায় ✽ এখন লাজেম হয় আমাকে এছাই॥ আজিজি বেগর আর চারা দেখি নাই ✽ এহা ভেবে আজিজিতে লাচার হইয়া ॥ কহিতে লাগিল মর্দ্দ বিবির লাগিয়া ✽ সুন বিবি সাহেবানী কহি জে তোমাবে ॥ কবুল করিনু তেরা পালক বেটীরে ✽ আপনি না কর দেলে খেয়াল এছাই ॥ এইরাত ভাল নহে বহুত বুরাই ✽ বাদসার বেগম তুমি বিমাতা আমার ॥ তোমার পায়েতে মেরা সালাম হাজার✽ আদব করিনু আমি তোমার কারনে ॥ এছা বাত কভু নাহি আনিবে জবানে✽ছিয়াওস এই কথা কহিল জখন ॥ শুনে বিবী দেলে ইহা বুঝিল তখন✽কোনরূপে হাত করা চাহি এর তরে ॥ জা হয় হইবে তাহা বুঝিব আখেরে✽হইল খাতেরজমা বুঝিয়া এছাই॥খুসি হৈয়া॥ছিয়াওসে করিল বিদাই ✽ তখন সে সাহাজাদা আইল চলিয়া ॥ কহে বাচাইলে খোদা গজবে থাকিয়া✽তারপরে বাদসা জবে রাতের সময়॥ মহলেতে। গেল বিবি ছুদাবা জেথায় ✽ কহিতে লাগিল বিবি বাদসাকে তখন॥ সুন বাদসা ছিয়াওস হয়ে খুসি মন✽পালক বেটিরে মেরা সাদি করিবারে ॥ কবুল করিল মর্দ্দ খোসাল অন্তরে ✽ সুনিয়া কহেন বাদসা বিবির খাতির ॥ ফজরে উঠিয়া কাল সামানা সাদির ✽ দিব জে তোমার তরে করিয়া তৈয়ার ॥ মাল মাত্তা জাহা কিছু সাদির দরকার✽ইহা বলে রাত কালে রহিল সুইয়া ॥ ফজরে উঠিয়া সাহা দরবারে আসিয়া✽তৈয়ার করিয়া সব সাদির সামান॥ ছুদাবা বিবির আগে মহলে পাঠান ✽ তখন ছুদাবা বিবি খোসাল অন্তরে॥পয়গাম ভেজিল সাহাজাদীর খাতেরে ✽ সেতাবি মহলে আইস দের নাহি আর ॥ সাদির সামানা সব হইল তৈয়ার ✽ মালমাত্তা বেসুমার লিল মাঙ্গাইয়া ॥ সকলি মৌজুদ আছে তোমার লাগিয়া ✽ সাহাজাদা ছিয়াওস সুনে এ খবর ॥ না গেল এঙ্কার করে মহল ভিতর ✽ তখন ছুদাবা বিবী লোক পাঠাইয়া॥খবর করিল ইহা বাদসার লাগিয়া✽ছিয়াওস নাই আসে কিসের সববে॥ আপনি তাহারে এবে পাঠাইয়া দিবে ✽ ইহা শুনে বাদসা তবে খুসি হয়ে দেলে ॥ ছিয়াওসে ডেকে কহে জাইতে মহলে✽কি করে বাদসার বাতে লাচার হইয়া ॥ অন্দর মহলে মর্দ্দ গেলেন চলিয়া ✽ দেখে ছিয়াওসে বিবী ছুদাবা তখন ॥আসিয়া ধরিল হাত হয়ে খুসি মন ✽ সেইরূপে গলে ধরে মুখে বোছা দিয়া বসায় পালঙ্গ পরে খোসাল হইয়া ✽ কহিতে লাগিল দেলে হইয়া কাতর ॥ সোন সিয়াওস তুমি করিয়া গওর ✽ কত দিন হৈল আজি তোমার কারনে ॥ ছারখার হৈনু পুড়ে আসক আগুনে ✽ এবে তুমি মেরা সাতে করিয়া মিলন ॥ আসক আগুন মোর কর নিবারন ✽ ছিয়াওস সুনে তবে, লাগিল কহিতে ॥ এয়ছাই খেয়াল বিবী না কর দেলেতে ✽ বাদসার বেগম তুমি বিমাতা আমার ॥ কেমনে তোমার সাতে করি এ বেভার✽কত দিন দুনিয়াতে রহিব বাচিয়া ॥ কোন ঘড়ি মোরে জাব থাকেতে মিলীয়া✽ কেমনে দেখাব মুখ হাসরের দিনে ॥ মরদুদ করিবে খোদা আমার কারনে ✽ মাফ কর সাহেবানী মুঝে এই বাতে ॥ এছা কাম কভু না হইবে আমা হৈতে ✽ এয়ছাই এঙ্কার জদি কৈল ছিয়াওস ॥ তখন সে দুরাচার হইয়া নাখোস ✽ গোস্বাতে ভরিয়া লাল হৈয়া সাহেবানী ॥ উঠিয়া পালঙ্গ হতে করিয়া শয়তানি ✽ সিয়াওসের দামনেতে ধরিল আসিয়া ॥ সাহাজাদা দেখে তাহা লাচার হইয়া ✽ দামন ছাড়ায়ে লিল আপন জোরেতে ॥ সেখান হইতে ভেগে আইসে বাহিরেতে ✽ তখন হাকিয়া কহে ছুদাবা বজ্জাত ॥ সোন ছিয়াওস না রাখিলে মেরা বাত✽এখন আফতে তুঝে ডালিব এছাই ॥ জাহাতে হইবে তেরা উচিত সাজাই ✽তবেত ছুদাবা নাম জানিবে আমার ॥ মক্কর ফেরেবে মেরা হবি ছারখার ✽ এহা বলে সোর সার করে চেল্লাইয়া ॥ গেরেবান খান২ করিল ফাড়িয়া ॥ নুচিল মাথার চুল হইয়া বেহাল॥ মুখ ছারা নাখুনে নুচিয়া কৈললাল✽ জমিনে পড়িয়া কান্দে দিয়া গড়াগড়ি ॥ কহে মুঝে ছিয়াওস কৈল বারাজুরি✽সুনিতে পাইয়া তাহা লেউণ্ডী সবাই ॥ বিবী জেথা কান্দে সবে এসে ধাওাধাই ✽ বেহাল দেখিয়া তারা বিবীর কারনে ॥ সোর করে কহিতে লাগিল জনে২ ✽ বেটা হয়ে কেবা কোথা করে এছা কাম ॥ এ বড় লজ্জার কথা আলমে বদনাম✽ এইরূপে মহলেহইল

সেখাইল আর * সিখিয়া হুসিয়ার খুব হইল জখন ॥ বাদসা ইহা দেলবিচে বুঝিল তখন * সিয়াওস হৈল খুব চালাক মর্দ্দানা ॥ এবে এছে দিয়া আমি লস্কর সামানা * শুপিয়া কএক দেশ দেই পাঠাইয়া বাদসাই করুক মর্দ্দ সেখানে জাইয়া * একথা সুনিয়া জত লস্কর বাদসার ॥ দেল বিচে হৈল সবে খোসাল হাজার * কিন্তু জে বেগম ছিল ছুদাবা নামেতে ॥ বাদসা জরে সাদী করে ছিল পহেলাতে একথা শুনিয়া তার দুক্ষ হৈল মনে ॥ কহিতে লাগিল বিবী বাদসার কারনে* সোন বাদসা আলম্পানা কহি জনাবেতে ॥ বাসনা এ দেলে মেরা কত দিন হৈতে * কএক লাড়কিরে আমি করেছি পালন রুপ তা সবার জেন চান্দের মতন * জে হবে রুপসি তাহা সবার মাঝার ॥ ছিয়াওসের সাতে সাদি দেলাইব তার * শুনিয়া কাউছ সাহা বলিল বিবিরে ॥ নারাজ নাহিক আমি এইবাত পরে*কিন্তু সিয়াওসে লেহ রাজি করে তুমি ॥ তাহার রাজির পরে রাজি আছি আমি * বিবী এহা সুনে সাহাজাদির কারনে ॥ তলব করিয়া লিল আপন ছামনে * সাহাজাদা গেল জবে বিবীর হুজুরে ॥ দেখিয়া শুদাবা বিবী খোসাল অন্তরে*আবেসে মাতিয়া তার গলায় ধরিয়া ॥ লইল কএক বোছামুখে মুখ দিয়া* ছিয়াওস নাজানে সে ভেদের খবর ॥ বিবী জে আসক তার জামাল উপর * বুঝিল এমহব্বত করিয়া আমায় বোছা লিল বেটা বলে ধরিয়া গলায় * এয়ছাই বুঝিয়া দেলে খোসাল খাতেরে ॥ বসিলেন সিয়াওস বিবীর হুজুরে * তখন শুদাবা আর হয়ে খুসি মন ॥ মাঙ্গাইল সেই সব লাড়কির কারন * আসিয়া তাহারা সবে খোসালিত মনে ॥ বসিলেন ছাহেবানী বিবীর ছামনে * তখন সুদাবা বিবী ছিয়াওসে কয় ॥ সুন সিয়াওস আমি কহিজে তোমায় * একদিন আমি সব নজ্জুমের তরে ॥ তেরা ওাস্তে কহিনু রাম্মাল দেখবারে*রাম্মাল দেখিয়া তারা কহিল সবাই॥ বেটা একহবে ছিয়াওসের এছাই* তাজআর তক্তের সে হইবে মক্তার ॥ কত বাদসা হইবেক তার তাবেদার * এহা শুনে বাসনা হইল মোর মনে আইল এ কন্যা জত দেখহ ছামনে*রুপে রুপবানঅতি ছুরত মেহেরি॥ হীনজাতি নহে সবে বাদসার কুমারি*পালন করিনু আমি ইহা সবাকার॥ এখন বাসনা এই দেলেতে আমার * এক জনার সাতে এর সাদীদিব তেরা ॥পছন্দ জেহয় কহ ছামনেতে মেরা *কেননা জেলাড়কা তেরাহবে বক্তওার ॥ পালক বেটির পেটে হইলেআমার*তা হইলে হবে মেরা মরাদ হাছেল॥বাদসাই সুপিব তারে হয়ে খুসি দেল এহা সুনে সিয়াওস জওাব না দিয়া ॥ সরম পাইয়া মর্দ্দ রহে খামসিয়া* দেলে২ ভাবে মর্দ্দ এ আর কেমন ॥ এই বিবী নহে মেরা মাতারি আপন*কি কারনে এত মেরা করে মহব্বত॥ ভালা বুরা বুঝিতে না পারি হকিকত * কি জানি এ মোর তরে জদ্যপী এয়ছাই ॥ কহিয়া ঘটায় কিছু আফত বালাই * এহা ছেওা সুনিয়াছি লোকের জবানি ॥ জাদুগির আছে বড় সেই সাহেবানি * এখন উচিত হয় মুঝে এহা হতে ॥ পরহেজ হইয়া থাকা কোন রকমেতে * এহা বুঝে দেল বিচে ভাবিয়া গুনিয়া ॥ কিছু নাই কহে মর্দ্দ রহিল বসিয়া * দেখিয়া ছুদাবা বিবী পুছিল তাহায় ॥ জওাব এহার তুমি দেহনা আমায় * এই রুপে বিবী জত পোছে বার২ ॥ সাহাজাদা জওাব না দেয় কিছু তার * তখন সুদাবা বিবী ঠাহরিল দেলে ॥ সরম খাতেরে বুজি কিছু নাইবলে*এহা ভেবে সেই সব মেহেরির তরে॥ বিদায় করিয়া বিবী খোসাল অন্তরে* একেলা রহিল সেথা নাহি কোনজন॥হেসে২ সিয়াওসে বলিল তখন * সোন ছিয়াওস বলি তোমার লাগিয়া ॥ জখন আইলে তুমি জাবল থাকিয়া * সেই হতে সাতসালউপরে তোমার আসক হইয়া আমি আছি বেকারার * মোকছেদ হাছেল মেরা করহ সেতাব ॥ আসক আগুনে আমি হইনু কাবাব * দেখা আগুনেতে আর জলিতে না পারি ॥ নেভাও মনের দুক্ষ ছাড়িয়া চাতুরি * তবেত দেলেতে মেরা হইবে আরাম॥ খুসিতে রহিব তেরা খেদমতে যোদাম * কাউছ বাদসার বাদে তোমার লাগিয়া ॥ তাজতক্ত মাল মাত্তা দিব জে সুপিয়া*খুসিতে বসিয়া তুমি করিবে বাদসাই॥ রহিবে তোমার তাবে লস্কর ছেফাই * নাহি জদি রাখ তুমি এই কথা মোর ॥ তাহলে মস্কেল হবে তোমার উপর *জখন ছুদাবা বিবী নিলর্জ্জা হইয়া ॥ একথা কহিল সাহাজাদার লাগিয়া*সিয়াওস শুনে তাহা গালে দিয়া হাত ॥ভাবে দেলে ইবা কেয়ছা গজবের বাত * কিকরি উপায় মুজে ঘটীল বালাই ॥ জান বাচাইয়া এবে উঠিয়া পালাই*ইহা ভেবে উঠে জবে চাহে সে ভাগিতে ॥ দেখিয়া শুদাবা জেয়ে ধরে

বাদসার কুমারি ॥ বাদসার ছেওায় কারে দিতে নাহি পারি ❋ কিম্বা জদি দেই তোমা দোহার একেরে সে হৈলে ফছাদ হবে এহার খাতেরে ❋ এ জন্য না দিব দোহে রহ খামসিয়া ॥ আমি এসে আপনা খেদমতে রাখি লিয়া ❋ এহা বলে দেশের চলন জেয়ছা ছিল॥বিবির খাতেরে সাহা নেকাতে আনিল গেও আর তুছ তবে না ওম্মেদ হৈয়া ॥ ফছাদ মেটায়ে রহে আপসে মিলিয়া ❋ তার পরে জাহাপানা দেল খোসালিতে ॥ আয়েস আরাম করে বিবির সহিতে ❋ কিছু দিন খুসি হালে গোজরিয়া গেল এলাহির চাহা বিবি হামেলা হইল ❋ দশমাস দশদিন রহিয়া কারার ॥ চান্দের ছুরত এক বেটা হৈল তার ❋ দেখিয়া বেটার তরে বাদসা জাহাগির ॥ হইয়া দেলের বিচে খোসাল খাতির ❋ নজ্জুমে ডাকিয়া সাহা কহিল তখন ॥ তালেনামা দেখিয়া তোমরা জনে জন❋।কহ এ লাড়কার বক্তে কি আছে এয়ছাই ॥ বাদসার হুকুমে তবে নজ্জুম সবাই ❋ তালেনামা দেখিয়া কহিল এইবাত ॥ মন দিয়া শুন এবে বাদসা নেকজাত ❋ দেখিনু আমরা এয়ছা গায়েবের বানি ॥ লাড়কার কেছমতে বড় আছে পেরেসানি ❋ একথা স্থনিয়া বাদসা দেলে আপনার ॥ পেরেসান হালে থাকে হৈয়া বেকারার ❋ কারে কিছু নাহি কহে রহে খামসিয়া ॥ এইরূপে কিছু দিন জায় গোজরিয়া ❋ সিয়াওস বলিয়া রাখিয়া নাম তার॥নানা নিয়ামতে করে পালন বেটার ❋ কিছু পেরেসানি নাহি দেল হৈতে জায় ॥ এজন্য তালিম কিছু নাহি করে তায় ❋ কত দিন বাদে সেথা রোস্তম সর্দ্দার ॥ এলেন বাদসার সাতে করিতে দিদার সাহাজাদা সিয়াওসে দেখিয়া রোস্তম ॥ খুসি হৈল দেল হৈতে দুরে গেল গম ❋ তখন কহিল এহা বাদসার লাগিয়া ॥ কহ জদি সিয়াওসে জাই আমি লিয়া ❋ আরামে থাকিবে সেথা খোসাল অন্তরে বাদসাই হুনুর জত সেখাব ওহারে ❋ একথা সুনিয়া সাহা দেল খোসালেতে ॥ সিয়াওসে শুপে দিল রোস্তমের হাতে ❋ রোস্তম লইয়া সাতে তাহার কারনে॥ আইল জাবল দেশে আপন মকানে❋আছিল ওস্তাদ জত জাবল দেশেতে॥ রোস্তম ডাকিয়া তাহা সবার তরেতে❋ কহেন হুনুর জত সেখাবে এহায় এহা বলে হাওালা করিল তা সবায় ❋ মসগুল হইয়া তারা সিয়াওসে লিয়া ॥ হুনুর হেকমত ছারা দিল সেখাইয়া ❋ মহিমের বন্দ আর সেকারের কাম ॥ একে২ সেখাইয়া দিলেন তামাম ❋ থোড়াই দিনেতে মর্দ্দ হইয়া তৈয়ার ॥ আপনাকে হৈল খুব চালাক হুসিয়ার ❋ নাহিক হইবে কেহ তাহার মতন ছিয়াওস জঙা মর্দ্দ হইল জেমন ❋ তাজ্জব হইল লোক দেখিয়া তাহারে ॥ কহো কে হইবে এয়ছা লাড়কাই উম্মরে ❋ সিয়াওস পাহালওান হইল জেয়ছাই ॥ এয়ছা জঙামর্দ্দ নাহি দেখি কোন ঠাই কেননা সে পাঞ্জা কভু ধরিলে কাহার ॥ ছাড়াইতে নাহিক পারিত সেসওার ❋ এইরূপে নামি পাহালপান জত ছিল ॥ সিয়াওস সবাকার জোর আজমাইল ❋ খুসি হয়ে তারা সবে কহিত এছাই ॥ সিয়াওস পাহালওান বড়ই ছেফাই ❋ এইরূপে কিছু দিন থাকিয়া সেখানে ॥ এক রোজ কহে মর্দ্দ রোস্তম কারনে ❋ দেল মেরা চাহে এবে গিয়া ইরানেতে ॥ হামেসা মসগুল থাকি বাপের খেদমতে ❋ রোস্তম একথা সুনে খোসাল হইয়া ❋ লস্কর ছামানা সব তৈয়ার করিয়া❋ সাহাজাদা সিয়াওসে কহিল এছাই তেয়ার হইল সব লস্কর ছেফাই ❋ আপে এবে খুসি দেলে এখান হইতে ॥ লস্কর সর্দ্দার লিয়া জাহ ইরানেতে ❋ এহা সুনে সিয়াওস রোস্তমেরে কয় ॥ নাহিক জাইব আমি ছাড়িয়া তোমায় ❋ তুমিহ আমারসাতে চলহ ইরানে ॥ তোমারে ছাড়িয়া জেতে জিউনাই মানে ❋ রোস্তম এ কথা শুনে খাতেরে তাহার ॥ সাতে করে লিয়া চলে হইয়া ছওার ❋ মঞ্জেলে২ রাহা নেকলিয়া জান ॥ পঙছিল জাইয়া তবেসহর ইরান❋খবর হইল তার কাউছ সাহায়॥ সিয়াওস বেটা তেরা আইল হেথায়❋সুনিয়া কাউছ সাহা খবর বেটার ॥ হইয়া হাজার খুসি জানে আপনার ❋ পাহালওান সবাকারে দিল ফরমাইয়া ॥ রোস্তম ও ছিয়াওসে আন বাড়াইয়া ❋ শুনিয়া এয়ছাই বাত তামাম সর্দ্দার ॥ আগু বাড়াইয়া আনে হুজুরে বাদসার ❋ বেটাকে দেখিয়া বাদসা খোসাল হইয়া ॥ ছেরে মুখে বোছা দিল ছাতি লাগাইয়া ওাকেফ হইয়া তার হুনুর হেকমত ॥ তারিফ করিল সাহা রোস্তমে বহুত ❋ তার পরে কয় রোজ রোস্তমে রাখিয়া ॥ খানাপানি খেলাইল মেহমানি করিয়া ❋ সেসেতে রোস্তম আইল আপনার দেসে বাদসা জাহাপানা ফের লিয়া সিয়াওসে ❋ সাত সাল নিকটে রাখিয়া আপনার ॥ হুনুর হেকমত কত

খোদা চাহে এবে সেসকল সমাচার॥ লিখিয়া পয়ার ছন্দে করিব প্রচার * আধন খাতের কহে কেতাব বচন ॥ জার জে কপালে লেখা না হয় খণ্ডন * রোস্তম আর ছোহরাবের তকদিরে জা ছিল॥ এলাহির চাহা সব গোজারিয়া গেল *তকদিরে আছিল লেখা সববে ইহার ॥হইল বাপের হাতে মউত বেটার মা হইলে কেবা কোথা শুনেছ এমন ॥ বাপ হৈয়া মেরে ডালে বেটার কারন * সব সে করিতে পারে পরওার দেগার ॥ ভাঙ্গা গড়া রাখা মারা সব কাম তার *

* ছিয়াওস সাহাজাদা পয়দা হইবার ও সকল আহওালের বিবরন *

পয়ার * ইরানের বিচে এক আছিল জঙ্গল ॥ মেওার দরক্ত সেই জঙ্গলেসকল * নানাজাতি মেওা আর ফুলের বাহার ॥ হামেসা আছিল বন হইয়া গুলজার * কত শত পক্ষ গিয়া খাইয়া সে মেওা ॥ রহিত জঙ্গল বিচে আরাম পাইয়া * এক দিন তুছ আর গেও নামদার॥গেলেন সে জঙ্গলেতে করিতে সেকার * চারিদিকে ফেরে দোহে সেকার ঢুড়িয়া ॥ আচানক এক ঠাই পওছিল জাইয়া * দেখে এক কন্যা সেথা ছুরত জামাল ॥বসিয়া রয়েছে করে জঙ্গল উজাল * সাহানা লেবাছ পিন্দে নাজুক বদন॥ দেখিলে তাহারে হয় মন উচাটন * হুরপরি জিনে রূপ তাহাকে দেখিয়া ॥ আসকে মাতিয়া দোহে নিকটে জাইয়া * পুছিল বিবির তরে কহ বিবরন॥কেতুমি আইলে হেথা কিসের কারন * শুনিয়া কহিল বিবি কি কব বয়ান ॥ সুনিলে আমার কথা হবে পেরেসান* খাহেস করিলে জদি সোন সে কাহিনি ॥ বেলগা সাহার বেটী আমি অভাগিনি * গারসিওজ বলিয়া জানিবে মেরা দাদা॥ মসহুর আমার নাম আলমে তামাম*ফেরেদুর আওলাদেতে পয়দাস আমার ॥ মোর জন্য বড়২ বাদসা নামদার * সাদির পয়গাম লিখে পাঠাইয়া ছিল ॥ বাপ মেরা কার তরে রাজি না হইল* কিন্তু এমছলত কৈল দেলেআপনার তুরানে পোসাঙ্গ সাহা বড় নামদার*তার সাতে সাদি মেরা দেলাবে বলিয়া ॥ পয়গাম লিখিয়া সেথা দিল পাঠাইয়া*সুনিয়া সে খুসি হয়ে করিয়া মঞ্জুর॥নামাপাঠাইল মেরা বাপের হুজুর* বাপমেরা কবুল করিয়া খোসালেতে ॥ সাদি দেলাইতে রাজি হৈল তার সাতে* কিন্তু আমি সুনিনু এমছাই সমাচার ॥ বড় বদছুরত সে পোসাঙ্গ নামদার*একারনে আমি তারে রাজিনা হইনু ॥ এনকারকরিয়া ছাফ বাপেরে কহিনু * শুনে মেরা বাপ তবে গোস্বা হয়ে মনে ॥ মার পিট কৈল বড় আমার কারনে* মারখেয়ে খেদ হৈল দেলেতে আমার ॥নেকালিনু ঘর হৈতে হইয়া সওার * ভাগিয়া আইনু চলে সে দেশ থাকিয়া কতদুরে পাইনু এসে জৈহুন দরিয়া* না করি জানের আসা মনের খেদেতে ॥ ঘোড়া সুদ্ধা গিরিনু সে দরিয়া বিচেতে * সাতারিয়া ঘোড়া মেরা আইল কেনারে ॥ দরিয়া হইনু পার খোদার মেহেরে* কিন্তু সেহালেতে ঘোড়া পেরেসান হৈল॥আজেজ হইয়া আর চলিতে নারিল * নাচার হইয়া আমি ঘোড়া ছেড়ে দিয়া ॥ হইয়া পেয়াদা পাও সেখান থাকিয়া * কএক মঞ্জেল চলে আসিয়া এখানে ॥ ছাপাইয়া আপনাকে থাকি এই বনে * বিবির মুখেতে দোহে এ কথা সুনিয়া ॥ খাহেসে দেওানা হৈল আসকে মাতিয়া * তুছ বলে বিবি বটে লায়েক আমার ॥ লিয়া জাব আমি এছে ঘরে আপনার * গেও কহে বিবি আমি না দিব তোমায় ॥ খুসিহালে আমি এছে আনিব নেকায় * এইরূপে কথায়২ দুই জন ॥ বাড়িল বিবাদ খুব হৈয়া গোস্বা মন * আখেরেতে দুইজনে গোর্জ্জ লিয়া হাতে ॥ বিবির লাগিয়া সেথা লাগিল লড়িতে * বহুত করিল জঙ্গ দোন পাহালওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান সেসেতে করিল জুক্তি দোহেতে মিলিয়া॥চলহ বাদসার আগে বিবিকে লইয়া * নাহক আপসে হেথা লড়িয়া দুজন॥পরান হারাব কেন বিবির কারন*এনছাফ করিবে জাহা বাদসা নামদার ॥ দুই জনে মেলে লিব হুকুম বাদসার * এহা বলে সাতে লিয়া বিবির কারন ॥ কাউছ বাদসার আগে আইল তখন ॥ দেখিয়া কাউছ সাহা বিবির লাগিয়া॥ আসকেতে দেল বিচে মোবতেলা হইয়া * বিচার করিয়া সাহা ভাবে মনে মন ॥ কহে কারে নাহি দিব বিবির কারন* কেননা এহাকে দিলে তুছ পাহালওানে ॥ গেও পাহালওান তাতে দুক্ষু পাবে মনে * আর জদি দেই এছে গেওয়ের লাগিয়া ॥ তুছ পাহালওান জাবে বেদেল হইয়া * নাহক আপসে রবে বড়ই ফছাদ ॥ কোন ওক্তে জাবে মারা করিয়া বিবাদ এহা বলে কহিল তা দোহাকার তরে ॥ কেহ না পাইবে এই বিবির খাতেরে * কেন না জে এই বিবি

হার কারনে*জাইয়া কহিবে তুমি রোস্তমে এছাই ॥ আইল তহমিনা বিবি করিতে লড়াই * নেকলিয়া আইস তুমি ময়দান উপরে॥লিবে সে বেটার দাদ মারিয়া তোমারে * নহে সে তোমার হাতে মরিবে নিদানে ॥ছাড়িয়া জানের আসা আইল এখানে *সুনিয়া এছাই বাত বিবী তহমিনার॥ রোস্তম আছিল জেথা গিয়া সে সওার * বিবির কাহিনি সব বয়ান করিয়া ॥ একে২ পাহালওানে দিল শুনাইয়া * সুনিয়া রোস্তম মর্দ্দ এই সমাচার ॥ দেল বিচে আপনাকে হৈয়া জারে জার * জাইয়া বাপের আগে ক ছিল তখন ॥ শুন বাপ কহিয়া জানাই বিবরণ* ছোহরাবের মাতারি লস্কর সাতে লিয়া ॥ ছোহরাবের দাদ লিতে পওছিল আসিয়া*চল এবে ময়দানেতে জাইয়া এখন ॥ মানাইয়া আনি এবে বিবির কারন ইহা বোলে গিয়া ফের মায়ের কাছেতে॥ কহিল বিবীর বাত তাহার সাক্ষাতে * শুনিয়া মাতারি তার আকুল হইয়া॥জালসাহা ছিল জেথা পওছিল আসিয়া * মিলে জুলে সকলেতে চলিল ময়দানে॥ পওছিল তহমিনা বিবি আছিল জেখানে * ডেরার নিকটে জবে পওছিল সবাই ॥ তখন তহমিনা বিবি দেখিয়া এছাই*ডেরা হৈতে নেকলিয়া হৈয়া জারেজার॥গিরিল জালের পায়ে খাইয়া কাছাড়*কহিল সকলে হেথা পওছিলে আসিয়া॥আমার ছোহরাবে কোথা আইলে রাখিয়া * এনে দেহ ছোহরাবেরে কোলেতে আমার॥না দেখে ছোহরাবে হৈল কলেজা আঙ্গার*হায়রে ছোহরাব গিয়া রহিলে কোথায় তোমা বিনে মা বলে কে ডাকিবে আমায় *একেলা আছিলে বাবা আখের পুৎলি ॥ হায় মোরে আন্ধা করে কোথায় রহিলি*এইরূপে কান্দে বিবি গড়াগড়ি জায়॥দেখিয়া রূদাবা বিবি কোলে লিয়া তায় * ছেরে মুখে বোছা দিয়া করেন রোদন॥জাল ও রোস্তম কান্দে অঝর নয়ন* করিয়া মাতমজারিআখেরে সকলে॥খামসিয়া আফছোছ করিয়া রহে দেলে * তার পরে জাল সাহা কহেন বিবিরে॥মেহের করিয়া তুমি চল মেরা ডেরে * বিবী বলে রোস্তম দিয়াছে মুঝে দুখ॥ কেমনে জাইব ঘরে সোকে ফাটে বুক রোস্তমে আসিতে বল সামনে আমার ॥ পুছি তারে কিকারনে ঘর আপনার * খারাব করিল এছা কি দোস পাইয়া ॥ মারিল বেটার তরে খঞ্জর খেচিয়া*সুনিয়া এয়ছাই বাত রোস্তম জওান॥ আসিয়া বিবির আগে করেন বয়ান * সোন বিবি জেনে শুনে নাহৈল এয়ছাই ॥ বেটার দরদ কি আমার দেলে নাই কোনরূপে ছোহরাব না দিল আলাপন ॥ জানাজানি কার না হইল কদাচন * একারনে মহিম করিয়া বহুতর ॥ আখেরে পড়িল মারা খাইয়া খঞ্জর*কি করি কপালে লেখা আছিল এছাই॥নহে কি এয়ছাই কভু হয় কোন ঠাই*ইহা সুনে তবু বিবি লস্কর লইয়া॥ কহে আজ দাদ লিব তোমাকে মারিয়া * এহা বোলে চাহে কি সে খেচিয়া খঙ্গর ॥ ওয়ার করিয়া ডালে রোস্তম উপর* দেখিতে পাইয়া তাহা জাল নেকজাত॥সেতাবী সে জাইয়া ধরিল তার হাত* বুঝাইয়া কহে ফের বিবির কারন ॥ এই হালে ছিল তার তকদিরে লিখন * তকদিরের উপরে না চলে এক্তেয়ার ॥ জার জে তকদিরে আছে হৈতে চাহে তার॥ জদি সেই ছোহরাব বাচিয়া আসে ফের ॥ তবে তুমি ছেরজুদা কর রোস্তমের * জা হবার হয়ে গেছে করহ সবুরি ॥ সবর করিলে আল্লা দিবেক মজুরি * এহা বলে জাল সাহা তহমিনা বিবিরে॥ নানামতে বুঝাইয়া লিয়া আইল ঘরে * কিছু দিন থেকে সেথা শোক পাসরিয়া ॥ তহমিনা রোস্তম ফের দোহেতে মিলিয়া * খুসিতে গোজরান করে হইয়া কারার ॥ কিছু দিন গোজারিয়া গেলে পরে তার*হামেলা হইল ফের তহমিনা সুন্দরি ॥ দিনে২ হামেল হইয়া আইল ভারি * দস মাস দস দিন গোজারিয়া গেল ॥ ছুরত জামাল এক বেটা ফের হৈল *দেখিয়া তাহার তবে জত ছিল দুখ॥ সকলি ভুলিয়া গেল বাড়িল কৌতুক*রোস্তম বেটাকে দেখে হয়ে সাদগাম ॥ ফারামর্জ্জ বলিয়া রাখিল তার নাম*দাই মাঙ্গাইয়া ফের লাড়কার কারন॥ সোপরদ করিয়া দিল করিতেপালন * তবু বিবী তহমিনার ছোহরাবের গম॥দেলে হৈতে কদাচিত না হইল কম * হামেসা করিত জারি হইয়া অস্থির ॥ দুই চক্ষে দিন রাত বহাইত নির*ছোহরাবের বাদে বিবি বেচে এক সাল ॥ গম দুক্ষে আপনাকে হইয়া বেহাল শেসেতে মরিয়া গেল কাজা এলাহির ॥ বিবির গমেতে ফের রোস্তম অস্থির * কিছু দিন পেরেসানি খেচিয়া তাহার ॥ আখেরে ভাবিয়া দেলে হৈল হুসিয়ার * এই তক ছোহরাবের হৈল বিবরণ ॥ ছিয়াওসের কথা এবে সোন সর্বজন*জেরূপেতে ছিয়াওস ইরান সহরে॥পয়দা হইল সাহা কাউছের ঘরে

না মিটিবে জত দিন রব তুনিয়াতে * এই রূপে সকলেতে ছোহরাব খাতির ॥ জারি করে ছের পিটে অন্দর বাহির * বহুত কান্দিয়া সবে তা বাদে আখেরে ॥ ফাফন দফন কোরে ছোহরাবের তরে * গম দুখে দেল বিচে হৈয়া জারে জার ॥ রহে সবে এখানেতে হাল বেকারার * হোথায় লস্কর ফিরে গিয়া ছোহরাবের ॥ সামগা সহর বিচে হইল হাজের * জাইয়া ছরদার লোক বিবী তহমিনায় ॥ ছোহরাবের হাল সারা কহিয়া সোনায় * জেরূপেতে বাপ বেটা লড়িল দুজন॥জেরূপেতে নাহিক হইল আলাপন জে রূপে রোস্তম তায় খঞ্জর মারিল ॥ জে রূপেতে বাপ বেটা আলাপন হইল * জে রূপে ছোহরাব ফের গেলেন মরিয়া ॥ জেরূপে রোস্তম তার মাতম করিয়া * তাবুত করিয়া লাস লিয়া গেল তার ॥ একে২ সোনাইল সব সোমাচার * শুনিয়া তহমিনা বিবী বেটার সোকেতে ॥ ছের পিটে জারে জার লাগিল কান্দিতে * কহে হায় সোহরাব রহিলী কোথা গিয়া॥ ঘরে আইস অভাগিরে ডাক মা বলিয়া কত দিন হৈল নাহি শুনি মধু বানী॥কোলে আইস মা২ বলে ওরে জাদুমনী * তোমার বিহনেবাবা সব অন্ধকার ॥ দেখিতে না পাই চক্ষে হইনু বেকার * আখের পুতলি তুমি ঘরের রওসন ॥ ধড়ের পরান আর কাঙ্গালির ধোন * তুঝে না দেখিয়া বাবা রহিব কেমনে ॥ হুতাস ছাড়িয়া আমি মরীব পরানে * কলেজা হইল কালি সোগেতে তোমার ॥ হায় রে সোহরাব কোথা রহিলি আমার * হায়২ হায় বাবা করিলি কি কাজ ॥ বিনী মেঘে ছেরে কে ডালিল মেরা বাজ * কার কি করিয়া ছিনু এমনি বুরাই ॥ কি দোস পাইয়া তুঝে করিল জবাই*হায়রে সোহরাব তুই নাশুনে বারন ॥ বিদেশে জাইয়া বাবা হারালি জিবন * কলেজা জলিয়া গেল আইস করি কোলে॥একবার অভাগিরে ডাক না মা বলে*এইরূপেপুত্র সোগে বিনয় করিয়া ॥ছের পিটে কান্দে বিবী ধুলায় পড়িয়া* কান্দনা সুনিয়া তার সকলেতখন॥নানা রূপে বুঝাইয়া কহে জনে জন * জা ছিল নছিবে তাহা গেল গোজরিয়া ॥ নাহি কান্দ রহ দেলেছবর করিয়া *বিবী বলে ছাতি জলে সোগেতে বেটার॥কত দিন ওঠাইব এই দুক্ষু ভার * এহা বলে খেদে বিবী আগ জালাইয়া। পুত্র সোগে গেরে সেই আগুনে জাইয়া *কহে এই পাপী জান রাখিব জে নাই হইব বেটার সাতী পুড়ে হব ছাই * এহা বলে আগুনেতে গিরিল জখন॥দেখে তার সেখানে আছিল জত জন * সেতাবী জাইয়া তারা সকলে মিলিয়া॥ বিবীকে আগুন হইতে লিল ওঠাইয়া * জলিল ছেরের চুল তামাম বদন ॥ বেহুস হইয়া বিবী গিরিল তখন* ফোলা পড়ে দাগহইল গোল আন্দাযেতে ছট ফট করে বিবী পড়ে জমিনেতে * কিছু দিন বাদে ফের হুস হইল তার ॥ কেন্দে কহে হায় কোথা ছোহরাব আমার * এহা বলে কান্দিয়া২বিবী ফের ॥ গিরীল পায়েতে গিয়া আপনা বাপের * দেখিয়া বিবীকে তবে সামগা তখন ॥ দুই চক্ষে বহাইয়া ধারা বরিসন * বুঝাইয়া কহে ফের বিবাকে এয়ছাই জা ছিল কপালে হৈল চারা কিছু নাই *ছবর করিয়া রহ দেলে আপনার॥ কান্দিলে কিহবে এছা হয়ে জারে জার * ইহা সুনে কহে বিবী বাপের জনাবে ॥ রোস্তম কি দোস পেয়ে মারিল সোহরাবে * সুন বাপ এবে তুমি সিস্তানে জাইয়া ॥ সোহরাবের দাদ লেহ রোস্তমে মারিয়া * সুনিয়া জওাব এয়ছা দিল সামদার ॥ রোস্তমে মারীতে এয়ছা সাদ্ধ আছে কার * বড়া পাহালওান সেই রোস্তম ছেফাই॥তারমত আমার লস্করে কেহ নাই * আপনা বেটাকে সেই মারিল আপনি ॥ নাহি মারিয়াছে কিছু করিয়া দুসমনি*পরিচয় না পাইয়া করিয়া লড়াই॥মারা গেছে এতে তার দোস কিছু নাই*নাহক জাইয়া সেথা কিসের কারনে ॥ পেরেসানি ওঠাইব আপনার জানে * দোছরা হইলে কেহু সেখানে জাইয়া॥ লিতুন নাতিরদাদ মাহম করিয়া*জার সে মারিল জদি কি করিব আমি॥এবাতে আমারে কিছু না কহিবে তুমি একথা সুনিয়া বিবী বাপের মুখেতে ॥ দেল পেরেসান হৈল আসিয়া ঘরেতে * লস্কর ছরদার সাতে লিয়া আপনার ॥ গোস্বা ভরে জায় বিবী হইয়া সওার * কহে আমি নিজে গিয়া করিব লড়াই ॥ লইব বেটার দাদ রোস্তমের ঠাই*নহে রোস্তমের হাতে মরিব নিদান ॥ মায়ে বেটা এক রাহে হারাব পরান বাচাবার আসা আমি না রাখি জানের ॥ এহালেতে মরী জদি সেহভী বেহেতের * এহা বলে মঞ্জেল মঞ্জেল রাহা গিয়া ॥ সিস্তান সহর বিচে পওছিল জাইয়া * ডেরা খাড়া করিয়া সে ময়দান উপর ॥ রহিল সেখানে লীয়া আপন লস্কর * এক লোকে পাঠাইল রোস্তম জেখানে ॥ কহিয়া এছাই বাত তা

করিবে এবাতে * [illegible] ছোহরাবের লস্করের তরে ॥ না কারবে পেরেসানি আমার খাতেরে * ইজ্জত ছুরমতে তাহা সবার লাগিয়া ॥ দেহ সাহা হেথা হৈতে বিদায় করিয়া* একথা শুনিয়া সাহা বু-ঝিয়া দেলেতে ॥ রোস্তমের তরে ইহা লাগিল কহিতে* এবেজদি গম দুক্ষ হইল তোমার ॥ তেয়াগমে গম দেলে হইল আমার * জে কিছু কহিবে তুমি আমার লাগিয়া ॥ কবুল করিব সব বদি মেটাইয়া * চাহিয়া তোমার মুখ তাহা সবাকায় ॥ করিতে দামনগির হইল আমায় * তুরুক এখন জদি আমার-সঙ্গেতে॥ছেরকসি বারাজুরি করে কোন বাতে*তবু আমি কিনা দেলে সঙ্গেতো সবার ॥ লড়াই ঝগড়া নাহি করিব জেনহার * রোস্তম এয়ছাই বাত শুনিয়া তখন॥বোলাইয়া আপনার ভায়ের কারন * কহি লেন ছোহরাবের লস্কর সবায় ॥ থোড়া দুর পওছাইয়া আইসহ ত্বরায় * সুনিয়া এয়ছাই বাত জাওয়ারা তখন ॥ তুরকি লস্করে লিয়া করিল গমন * ইরান সরহদ্দ তক সাতে২ লিয়া ॥ পার কোরে দিয়া সবে জৈহুন দরিয়া * ফিরে আইল কেন্দে২ করিয়া মাতম ॥ আইল ময়দানে জেথা আছিল রোস্তম*অধিন খাতের কহে এলাহি ভাবিয়া ॥ ছোহরাবের হাল সব বয়ান করিয়া * কি তক লেখিব আর ফেলে দর্দ্দ পায় ॥ খেদেতে কলমে মেরা কালি না জোগায় *

কায়কাউছ বাদসা ইরানে জায় আর রোস্তম ছোহরাবের তাবুত লইয়া
সিস্তানে জায়ও ছোহরাবের মাতারি ছোহরাবের খবর শুনিয়া
সামগা হইতে সিস্তানে আসিবার বয়ান *

পয়ার * লস্কর সর্দ্দার লিয়া কাউছ জাহান ॥ এরাদা করিল জবে আসিতে ইরান* নানামতে বুঝা ইয়া রোস্তম খাতির ॥ রওানা হইয়া আইসে আপে জাহাগীর * কএক মঞ্জেল পরে ইরানে আসিয়া ॥ খুসিতে জসন করে তক্তে বার দিয়া * হোথায় রোস্তম মর্দ্দ করে কোন কাম ॥ লস্কর সর্দ্দার সাতে ল ইয়া তামাম * করিয়া মাতমজারি দেল পেরেসানে ॥ ছোহরাবের লাস লিয়া চলিল সিস্তানে * আরাম না করে রাহে রাত দিন গিয়া ॥ সিস্তান সহর বিচে পওছিল জাইয়া * জাল সাহা লোক মুখে পাইল খবর ॥ আইল রোস্তম মর্দ্দ লইয়া লস্কর * কিন্তু এক তাবুত লিয়া এল পাহালওান ॥ আহা মারে জারি করে হয়ে পেরেসান * কার সে তাবুত কিছু বুঝা নাহি জায় ॥ কার তরে কান্দে সবে করে হায়২ * জাল সাহা সুনিয়া এছাই সমাচার ॥ পাও লাঙ্গা ছের খালি হৈয়া বেকারার * জাইয়া লস্কর বিচে পু-ছিল তখন ॥ আনিলে তাবুত কার কহ বিবরন * কার তরে কান্দ সবে হয়ে পেরেসান ॥ বুঝাইয়া কহ মুখে করিয়া বয়ান * সুনিয়া রোস্তম মর্দ্দ কান্দিতে২ ॥ ছোহরাবের হাল ছারা লাগিল কহিতে * জে রূপেতে সামগায়ে কোরে ছিল বিয়া ॥ জে রূপে বিবীকে সেথা আইল রাখিয়া * জে রূপে সোহরাব পয়দা হইল সেথায় ॥ জেই রূপে বেটী বলে খবর পাঠায় * জে রূপে সোহরাব ফের হইয়া সেয়ানা ॥ লস্কর সর্দ্দার সাতে লইয়া আপনা * জেরূপে লড়িতে আইল সাতে কাউছের ॥ জে রূপে কবজ কৈল কেল্লা মতানের * জে রূপেতে জঙ্গ কৈল সোহরাব সর্দ্দার ॥ জে রূপেতে রোস্তম লড়িল সাতে তার পাছাড়িয়া জে রূপেতে জমিন উপর ॥ নিসারউপরে তার মারিল খঞ্জর * জে রূপে সোহরাব ফের পরিচয় দিয়া ॥ জখমে কাতর হয়ে গেলেন মারিয়া * একে২ বয়ান করিয়া সব তার ॥ কহিল জালের আগে রোস্তম সর্দ্দার* সুনিয়া এয়ছাই বাত পাহালওান জাল ॥ হায় বলে গিরে গেল হইয়া বেহাল * মাথায় মারিয়া কান্দে করিয়া মাতম ॥ কহে হায়২ কিবা বাত সোনালি রোস্তম * কেমন সোহরাব নাই দেখিনু নয়নে ॥ এই দুক্ষ রহিবে হাসর তক মনে * হৈয়া ছিল পোতা নাহি জানিনু খবর ॥ আচানক হৈল বুকে সোকের কবর* এইরূপে বহুত কান্দিয়া সাহাজাল ॥ হইয়া পোতার সোকে বেহুস বেহাল তখন জাইয়া সে তাবুত লিয়া কোলে ॥ হায় মারেজারি করে আহা২ বোলে * আখেরে সেখান হক্তে তাবুত লইয়া ॥ কান্দিতে২ ঘরে পওছিল আসিয়া * দেখিয়া রুদাবা বিবী রোস্তমের মা ॥ হায় বোলে জারি করে ছেরে মারে ঘা * গড়াগাড় জায় বিবী করিয়া রোদন ॥ কহে হায় কোলে আইল ওরে জাদু ধন * বেটার ফরজন্দ তুমি দেখি চান্দ মুখ ॥ আখি খোল কথা কও দুরে জাক দুখ * এই কি আছিল লেখা নছিবে আমার ॥ দেখিতে হইল চক্ষে মওত তোমার * রবে এ সোকের দাগ দেলের বিচেতে

তের* শুনিয়া থাকিবে তুমি সেদিনের কথা॥ পাহালওান রোস্তম আইল জবে হেথা* আদব নারাখিল গায়ের জোরেতে॥ কটু বাত কয়ে গেল জা আইল মুখেতে * ইরানে তাহারে নাহি আটে কোন জন ॥ বারাজুরি করে গেল এহার কারন * আর জে তাহার ছেওা লোকের সামনে॥ সোহরাব কহিল কত আমার কারনে * শুনিয়া থাকিবে তুমি সে কথা সকল ॥ জোরে সে হামেসা জাগা করিত নকল কহিত মারিয়া এবে কাউছ বাদসারে॥ তক্তে বসাইব এনে রোস্তমের তরে * তুমিত দানাই রাখ বুঝহ দেলেতে॥ উচা নিচা হয় কত এই সব বাতে * বাপ বেটা দোহে জবে এছা পাহালওান* জার সাতে নাহি আটে তামাম জাহান * তাজতক্ত মেরা সেহ জোরে আপনার॥ ছিনিয়া লইতে পারে সক নাহি তার * এজন্য ছোহরাবে আমি না দিব দাওাই॥ কেননা চুড়িত সেহ আমার বুরাই * এহা সুনে সেথা হৈতে গোদর্জ্জ আসিয়া॥ রোস্তমে কহিল সব বয়ান করিয়া* সুনিয়া রোস্তম বড় হৈয়া পেরেসান আপনি বাদসার আগে গেলেন নিদান * আছিল খিমার বিচে বাদসা জাহাগির॥ রোস্তম আইল সুনে হইয়া বাহির * হাল হকিকত পুছে রোস্তমের তরে॥ রোস্তম তামাম হাল কহেন বাদসারে * সুনে সে আফছোছ করে রোস্তমের সাত॥ দেলে বদি মুখে আহা কহে এইবাত * নাহি কান্দ রহ দেলে সবর করিয়া॥ নছিবে আছিল জাহা গেল গোজারিয়া* এই রূপেকছা সোনা করিতে আছিল॥ হেন-কালে এক মর্দ্দ আসিয়া পঙছিল* কহিল সে রোস্তমেরে ছোহরাবেরনাম॥ দুনিয়া থাকিয়া গেল হইয়া তামাম * রোস্তম খবর এয়ছা সুনিয়া তখন॥ হায় বলে গিরে গেল খাইয়া পটকন * মাথায় মারিয়া কান্দে হইয়া বেতাব॥ কহে কোথা ছেড়ে গেলি হায়রে ছোহরাব * এইরূপে জারি করে রোস্তম সর দার॥ সুনিয়া তামাম লোক হয়ে জারেজার * নানারূপে বুঝাইয়া রোস্তম কারন॥ কহে আর কান্দিলে কি হইবে এখন * নাহি কান্দ রহ দেলে ছবর করিয়া॥ আছিল নছিবে জাহা গেল গুজারিয়া * এ রূপে বুঝাইয়া সবে জনে২॥ প্রবোধ করিল কিছু রোস্তম কারনে * তারপরে সেথা হৈতে রোস্তম সে তাব॥ আইল ময়দানে জেথা আছিল ছোহরাব*দেখিয়া বেটার লাস কান্দে জারে জার॥ বলে কোথা গেলি বাছা ছোহরাব আমার * আখি খুলে মুখে বল মধুর বচন॥ সুনে তোর মিঠা বানি জুড়াক জিবন কলেজা জলিয়া গেল হইয়া আঙ্গার॥ তোমা হেন মিঠা বানি কে সুনাবে আর * কেমনে বাচিয়া রব পরান ধরিয়া॥ এ দুক্ষ না জাবে রব জাবত বাচিয়া * মারিনু আপন হাতে বেটার কারন॥ দুনিয়াতে কেবা কোথা করেছে এমন * এ দুক্ষ না জাবে মৈলে রহিবে সদাই॥ এখন উচিত হয় আমারে এয়-ছাই * জেহাতে মেরেছি বাবা তোমার কারন॥ তারাসিয়া দিব সেই হাতকে আপন * আর এখবর শুনে মাতারি তোমার॥ পুত্রশোকে মরিবে হইয়া জার২ * নিদয়া জালেম সেহ কহিবে আমায়॥ কহিলে এ কথা তার না হবে বেজায় * কেননা এয়ছাই কেবা দুনিয়া জাহানে॥ মারে আপনার হাতে বেটার কারনে* এইমত নানা রূপে করে কতজারি॥ কলমে সেসব হাল লিখিতে না পারি * আখেরে আছিল সেথা জত লোকজন॥ নানা রূপে বুঝাইয়া রোস্তম কারন * ছোহরাবের লাস লিয়া তাবুতে করিয়া॥ ডেরা তাম্বু বিচে সব গেলেন চলিয়া*বেটার সোগেতে তবে রোস্তম মর্দ্দানা॥আছিল খিমার বিচে জে কিছু সামানা * আগ লাগাইয়া সব দিল জালাইয়া॥ ছারখার হৈয়া গেল জলিয়া পুড়িয়া * কান্দে আর ছের ঠোকে জমিন উপরে॥ হায়২ জারি করে ছোহরাবের তরে * দেখে তায় সে সময় জে কেহ আছিল॥মাতম করিয়া সবে কান্দিতে লাগিল*শুনিতে পাইয়া তাহা কাউছ জাহান॥আইল জেখানে কান্দে রোস্তম জওান * দেখিল রোস্তম আছে হয়ে বেকারার॥ নানারূপে বুঝাইয়া কহে নামদার* কি করিবে ছিল এর কপালে এছাই॥ হইল ইহাতে আর চারা কিছু নাই * একদিন সবাকে ছাড়িয়া এজাহান॥ নিজঘরে জেতে হবে নাহিক এড়ান * কেহ আগে কেহ পাছে জেতে হবে ভাই দেলেতে বুঝিয়া দেখ ছাড়াছাড়ি নাই * কিছুদিন সবর করিয়া রহ এবে॥ সবুরি না কোরে এছা কা ন্দিলে কি হবে * শুনিয়া রোস্তম কহে আরজ করিয়া॥ কিকরি নছিবে ছিল গেল গোজারিয়া* কিন্তু এই ওছিয়ত ছোহরাব আমায়॥ বার২ কৈয়া গেছে মওত সমায় * রহিল লস্কর মেরা দেখিবে আপনি আপনা বলিয়া জে করিবে নেঘাবানি * সোন বাদসা নামদার কহি জনাবেতে॥ আপনি মেহের মুক্কে

ছোহরাবে লইয়া কোলেকরেন রোদন*জাওয়ারা নামেতে ছিল রোস্তমের ভাই॥ সোহরাবের হাল সেই দেখিয়া এছাই * গড়াগড়ি দিয়া কান্দে ধুলাতে পড়িয়া ॥ গেরেবান খান২ করিল ফাড়িয়া * মাথায় মারিয়া হাত কান্দিতে২ ॥ ছোহরাবের তরেইহা লাগিল কহিতে * হায়২ হায়রে ছোহরাব পাহালওান বিনা আলাপেতে বাবা হারাইলি জান * জতদিন বেচে রব নাজাবে এদুখ ॥ কেমনেতে পাসরির তেরা চাঁদ মুখ * সেয়ানা হইলে এত না কৈনু পালন ॥ আইস বাবা কোলে কবি জন্মের মতন * ইহা বলে কোলে লিয়া কান্দিতে২ ॥ সোহরাবের তরে মর্দ্দ লাগিল পুছিতে * কহ বাবা এ সময় কি হাল তোমার ॥ সোহরাব কহেন চাচ্চা কি কহিব আর * জখম হয়েছে কারি কলেজা বিচেতে॥ দরদে তাহার আমি না পারি হেলিতে* বাচিবার আশা কিছু নাহিক আমার ॥ নেহাত বুঝিনু এবে জেন্দেগি অসার নছিবে মওত মেরা আছিল এছাই॥ সকলি আল্লার খেলা দোস কারনাই * জাছিল নছিবে হৈল এড়াবার নয় ॥ না হইলে এয়ছা হাল কার কোথা হয় * জখন আইনু হেথা সামগা থাকিয়া ॥ রোস্তমের নেসানি জে বয়ান করিয়া * বাতাইয়া দিয়াছিল মাতারি আমারে ॥ হামেসা আছিনু সেই খেয়ালের পরে কোনরূপে নাহিক হইল আলাপন ॥ নছিবে আছিল জাহা নাহয় খণ্ডন*তবুআমি পাহছানিতে রোস্তমের তরে ॥ জারে তারে পুছি কেহ না কহিল মোরে * আখেরেতে পাহালওান হাজিরাকে লিয়া ॥ পাহাড়ে কেল্লার পরে উঠীনু জাইয়া * ডেরা তাম্বু জত সব আছিল ময়দানে ॥ একে২ পুছি আমি তাহার কারনে * সবাকার নাম সেহ দিল বাতাইয়া॥ রোস্তমের নাম মুঝে কহে ভাড়াইয়া * কহিল সবুজ ডেরা নহে রোস্তমের ॥ আইল সর্দ্দার এক খাকান চিনের * গাফেল করিল মুঝে কহিয়া এছাই ॥ না হইলে এত কেন ঘটীত বালাই * ফের জবে মকাবেলা হইনু ময়দানে ॥ ঘড়ি২ পুছি আমি রোস্তম কারনে * আপনার নাম তবু নাহি বাতাইল ॥ ভাড়ায়ে দোছরা নাম আমারে কহিল * আল্লার কুদরত বিচে এক্তেয়ার নাই ॥ তা হইল কেন এয়ছা ঘটিবে বালাই * নছিবে এছাই লেখা আছিল আমার ॥ [illegible]রিব বাপের হাতে ময়দান মাঝার * জাহা ছিল গোজারিল নছিবে লেখন ॥ তদবিরে তকদিব নাহি [illegible]ফরে কদাচন* রোস্তম আর জাওারা শুনিয়া এই বাত ॥ জার জার হৈয়া কান্দে ছেরে মারে হাত [illegible]য় হায় বাছা তুঝে নাহক মারিনু ॥ আপনার হাতে জেছা জহর খাইনু *এহালে মওত আগে হইলে আমার ॥ তাহইলে মিটে জায় সব দুক্ষভার * সোহরাব শুনিয়া ফের লাগিল কহিতে॥ হামেসা বাচিয়া [illegible]ক রহিবে দুনিয়াতে * আজকাল মরি কিম্বা দশ রোজ বই ॥ জন্মিলে মউত আছে এড়াবার নই [illegible]ন বাপ মোর তরে নাই কান্দ আর ॥ সবর করিয়া রহ দেলে আপনার * আর জেখুনের দাবি আমার এখন ॥ বকসাইয়া দিনু তাহা তোমার কারন * দু এক আরজ মেরা সুন বাবা জান ॥ ইয়াদ রাখিবে দেলে করিয়া খেয়ান * লোকজন জত মেরা লস্কর বাদসার ॥ কোনরূপে কাবে নাহি পওছাবে আজার [illegible]র তুমি আমাবাদে তুরুকের সাতে ॥ কিনা দেলে নাহিক লড়িবে কোনমতে* লস্কর লইয়া নাহি জাইবে তুরান॥লড়িয়া সে দেশ নাই করিবে বিরান* কেননা তুরান দেশে পয়দাস জে মোর॥ইহার কারনে সেই সহর উপর * মেহের করিতে কাহি তোমার কারন ॥ সেখানে জুলুম না করিবে কদাচন * বেচে [illegible]দি থাকিতুন তা হইলে পরে ॥ মেহের করিয়া আমিতাহা সবাকারে * হামেহাল থাকিতুন নেঘাবান হয়া ॥ আমাবাদে আপনি তা সবার লাগিয়া * মেহের নজর করে দেখিবে হামেসা ॥ দেল বিচে নাহক রাখিয়া বদি গোস্বা* জেকিছু সোহরাব কৈল করিয়া বয়ান ॥ রোস্তম কবুল কৈল ভাবিয়া নিদান [illegible]র পরে গোদর্জ্জকে রোস্তম ডাকিয়া ॥ কহিল বাদসার আগে সেতাব জাইয়া * হোস দারু আছে [illegible]ছ কাউছের ঠাই ॥ আনিয়া সে দারু থোড়া দেহ মুঝে ভাই * তার ছেওা উপায় না দেখি কোন [illegible]নে ॥ চলিল গোদর্জ্জ মর্দ্দ এই কথা শুনে * জাইয়া বাদসার আগে বয়ান করিয়া ॥ রোস্তমের হাল [illegible]ব দিল সুনাইয়া * জেরূপেতে পাছাড়িয়া ছোহরাবের তরে ॥ খঞ্জর মারিল তার সিনার উপরে জরূপেতে বাপ বেটা হৈল আলাপন ॥ একে২ সুনাইল সব বিবরন * তাবাদে কহিল ফের বাদসাকে [illegible]ছাই ॥ হোস দারু রোস্তম মাঙ্গিল তেরা ঠাই * সুনিয়া কাউছ সাহা কহিল তাহারে ॥ আমি সে [illegible]ওাই নাহি দিবরোস্তমেরে*কেননা আরাম জাতেহবে সোহরাবের॥ নাহিক জেদিব তারে ইহার খা-

খোলে আপনার হাতে * সামের মোহরা দেখে বাজু পরে তার ॥ হায় বলে গিরে গেল রোস্তম সর
দার * জমিনে গিরিয়া গেল বেহাল হইয়া ॥ ছেব ঠোকে ঘন ডাকে ছোহরাব বলিয়া * কহে হায়
হায়রে ছোহরাব কি করিনু॥বিনা দোসে আমি তুঝে খঞ্জর মারিনু * জেগের কাটীয়া তেরা কৈনু পারা২
সোকের খঞ্জরে ছিনা চাক হৈল মারা * জত দিন বেচে রব ছিনা হৈতে মোর ॥ বাহির নাহিক হবে
সোগের খঞ্জর * কেয়ামত তক ছিনা জলিবে আমার ॥ নাহিক হইবে ঠাণ্ডা শোকেতে তোমার *
ছিনা চাক দেখে তেরা ছাতি মোর জলে ॥ হায়রে ছোহরাব এই আছিল কপালে * এহালে যউত
তেরা চক্ষেতে দেখিয়া ॥ কেমনে রহিব বাবা পরান ধরিয়া * তুঝে মেরে মোর পরে হইল কহর ॥
চাহি তেরা আগে মরি গলে দে খঞ্জর* নহেত কাটিয়া হাত থাকি লুলা হৈয়া ॥ জেহাতে মারিনু বাবা
তোমার লাগিয়া * এইরূপে জারি করে রোস্তম সরদার ॥ নয়নে বহায়ে বারি কান্দে অনিবার *
ছোহরাবেরে জমি পরে বেহালেতে দেখে ॥ হায় বলে লিয়া কোলে বোছা দেয় মুখে* কহে হায় এছা
কেবা করে কোনখানে ॥ বাপ হৈয়া মেরে ডালে বেটার কারনে * এ দুক্ষ সহিব কত বেচে দুনিয়ায়
খঞ্জর মারিয়া মরি আপনা ছিনায় * তখন ছোহরাব কহে সোন বাবাজান ॥ নাকান্দ আমার তরে হৈয়া
পেরেসান*বিধির ঘটনা ছিল এহার কারন॥ তাই তেরা হাতে মোর হইল মরন*নছিবের লেখা যাহা
কে ঘুচাতে পারে ॥ জা ছিল নছিবে লেখা হইল আখেরে*নাকান্দ২ আর হৈয়া পেরেসান॥ কোনঘড়ি
নেকালিয়া জাবে মেরা জান*ছোহরাবের মুখে ইহা শুনিয়া রোস্তম ॥ কান্দিতে লাগিল আরো করিয়া
মাতম*এইরূপে ময়দানেতে রোস্তম ছোহরাব॥বাপ বেটা দুহে রহে হইয়া বেতাব* ছোহরাব গিরিয়া
ছিল জখমে ছিনার ॥ রোস্তম বেহালে রহে সোগেতে বেটার* দেখিতে পাইল তাহা দুদিগে লস্কর ॥
গিরিয়াছে দুই জনে জমিন উপর*খালি পিঠে খাড়া আছে ঘোড়া দোহাকার ॥কেহ নাহি ঘোড়া পরে
হইয়া সওার * তখন ইরানি লোক লাগিল কহিতে ॥ মরিল রোস্তম বুঝি ছোহরাবের হাতে * এহা
বোলে হুস হারা হইয়া সবাই ॥ বাদসার হুজুরে গিয়া কহে ধাওা ধাই * সুন বাদসা আলম্পানা কহি
বিবরন ॥ ময়দানে রোস্তম বুঝি মরিল এখন*এতদিনে মিটে গেল রোস্তমের নাম ॥ ছোহরাবের হাতে
মর্দ্দ হইল তামাম * এছাই খবর সাহা কাউছ সুনিয়া ॥ কহিল সেতাবি কেহ ময়দানে জাইয়া * খবর
আনিয়া মুঝে দেহ না সেতাব ॥ রোস্তম মরিল কিম্বা মরিল ছোহরাব * নেহাত খবর মুঝে দেহ না
আনিয়া ॥ জাহয় তদবির তার করিব বুঝিয়া * কেননা রোস্তম মত নাহিক ছেফাই ॥ ছোহরাবেসাতে
গিয়া করিবে লড়াই * একথা সুনিয়া তবে জত পাহালওান ॥ ঘোড়াতে সওার হৈয়া চলিল ময়দান
দেখে গিয়া জমি পরে রোস্তম পড়িয়া ॥ জারি করে দুই চক্ষে আছু বহাইয়া * ছোহরাব তড়পে পড়ে
জখমের জোরে ॥ কারি চোট লাগিয়াছে ছিনার উপরে* তখন দেলেতে এয়ছা বুঝিল সবায়॥হবেবুঝি
কারি চোট লেগেছে দোহায় * এয়ছাই বুঝিয়া সবে রোস্তমে তখন ॥ ছের ধরে ওঠাইয়া পোছে জনে
জন * কহ পাহালওান তুমি কিসের কারনে ॥ কান্দ পড়ে জমি পরে দেল পেরেসানে * জামা জোড়া
পারা২ কোরে আপনার ॥ হায় মার জারি কর কেয়ছা সমাচার * রোস্তম তা সবে কহে কি কহিব
ভাই ॥ এত দিনে মেরা বক্ত জলে হৈল ছাই* কত দেশ তেগ জোরে কবজ্ঞ করিনু ॥ কত শত পাহাল
ওানে মারিয়া ডালিনু * সেই দোসে লাগিল ছিনাতে মোর তির ॥ রহিবে হাসর তক না হবে বাহির
মোর মত পাপী কেহ দুনিয়াতে নাই ॥ জে কেহু সুনিবে মোর মুখে দিবে ছাই * কি কহিব তোমাদের
না পারি কহিতে॥ মারিনু বেটার তরে আপনার হাতে* ছোহরাব ফরজন্দ মেরা না জেনে খবর॥ মারি
য়াছি আমি এর ছিনাতে খঞ্জর*এহা বলে কহে মর্দ্দ হায়রে ছোহরাব ॥ তুঝে মেরে হৈল মোর কলেজা
কাবাব * না রাখিব পাপ জান দুনিয়া ভিতর ॥ মরিব আপনা গলে চালায়ে খঞ্জর * এহা বোলে
খঞ্জর লইয়া পাহালওান॥ চাহেকি দুখান করে আপনা গর্দ্দান* এছাই দেখিয়া সবে কান্দিয়া কান্দিয়া
রোস্তমের হাতে ধরে সেতাবি জাইয়া * কহে এয়ছা কাম নাহি কর নামদার ॥ ছবর করিয়া রহ দেলে
আপনার * এখন তদবির কর করে দাওা পানি ॥ ভাল হবে ঘুচিয়া জাইবে পেরেসানি * এই রূপে
বুঝাইয়া কহে জনেজনে॥ রোস্তমের দেলে তবু বোধ নাহি মানে* আখে পানি বয়েচলে ঝারা ঝরিসন.

সাদ রহিল জে মনে* দেলের মকসেদ পুরা না হৈল আমার ॥ জান গেল না মিলিল বাপের দিদার * জদি সে দিদার দেখে আপন নয়নে ॥ মরিতাম দুক্ষ না রহিত মোর মনে * রহিল এ দুখ মেরা হাসর লাগাত ॥ বাপ বেটা দোহে না হইল মোলাকাত * এবে মেরা দেহ ছেড়ে চলিল পরান॥ আইস বাপ দেখা দেহ জুড়াক নয়ান*তুমি এছা পাহালওান জাহানের বিচে ॥ জের আছে কত দেশ তেরা তেগ নিচে * আমি হেথা মারা জাই না জান খবর ॥ সেতাব আসিয়া বাপ দাদ লেহ মোর * এহা বোলে কেন্দে কহে রোস্তমের তরে ॥ সোন পাহালওান তুমি মারিলে আমারে * দরিয়াতে থাক কিম্বা থাক আকাসেতে॥বাপ মেরা এ খবর পাইলে শুনিতে* জেখানেতে থাক তুমি মারিয়া তোমারে ॥ লিবে সে আমার দাদ বুঝিবে আখেরে*কলেজাতেমেরা জেছা করিলে ওয়ার॥ খান২ হবে এছা কলেজা তোমার এহা বলে হায় মেরে আফছোছ করিয়া ॥ কহে কোথা আছ বাপ দেখহ আসিয়া * মোলাকাতে এসে তেরা পরান হারাই ॥ হায়২ নছিবেতে আছিল এছাই * শুনিয়া এছাই বাত রোস্তম সর্দ্দার ॥ ছোহরাবে পুছিল কহ বাপ কে তোমার * করিলে জাহার তুমি এতেক বড়াই ॥ কি নাম তাহার কহ শুনি বারে চাই * কোন দেশে ঘর তেরা বাপ কে তোমার ॥ কি কারনে চাহ তুমি করিতে দিদার * ছোহরাব কাহল জদি করিলে খেয়াল ॥ সোন তবে একে২ কহি সব হাল*সামগা সাহের বেটী মাতারি আমার ॥ আমি বিনে বেটা বেটি নাহিক তাহার*আমার পয়দাস জমি সামগা দেশেতে ॥ জালসাহা দাদা মেরা আছে জাবলেতে * রোস্তম আমার বাপ বড় পাহালওান॥ জার হাকে জমি কাপে আলম হয়রান দেয়ের মুল্লক তুড়ে কৈল ছারখার॥কত দেও কত বাদসা হৈল তাবেদার* তাহার সমান কেহু নাহিক ছেফাই॥ কত দেশ ফতে কৈল করিয়া লড়াই * বাপ সে রোস্তম মেরা আমি বেটা তার॥ সামগা বাদ সার বেটি মাতারি আমার* মায়ের পেটেতে আমি আছিনু জখন॥ রোস্তম সেখান হৈতে আইল তখন এত দিন হৈল আমি হইনু সেয়ান॥নাহি গেল সামগায় রোস্তম মর্দ্দানা* একারনে মোর সাতে দেখা সোনা নাই ॥ এক দিন পুছি আমি মাতারির ঠাই* বাপ মেরা কোথা আছে কিনাম তাহার ॥ বাতাইয়া দেহ জাব করিতে দিদার * শুনিয়া মাতারি মেরা বয়ান করিয়া ॥ রোস্তমের হাল সব দিল বাতাইয়া * নাম গাও নেসানি পাইয়া সব তার ॥ আইনু বাপের সাতে করিতে দিদার * হায়২ আফছোছ জেরহিল এছাই ॥ না পাইনু দেখা তার পরান হারাই * এহা বলে ছেরে হাত মারিয়া ছোহরাব॥ কহে দেখা দেহ বাপ আসিয়া সেতাব * নিজবাসে জেতে রাহে করেছি গমন ॥ মিলি আইস বাপ বেটা জন্মের মতন * রহিল মনের সাদ মনেতে আমার ॥ মারা গেনু না পাইনু তোমার দিদার * এহা বোলে হায় মেরে উঠিল কান্দিয়া॥ দুই চক্ষে বারি তার চলিল বহিয়া * রোস্তম শুনিল জদি এছাই খবর॥ হায় বলে গিরে গেল জমিন উপর * কান্দিয়া২ মর্দ্দ ছেরে মারে হাত ॥ কহে হায় ছোহরাব সোনালি কোন বাত ইহা বলে হুস হারা হইল পাহালওান ॥ গিরিল সোগেতে জেন মরন সমান * কিছুক্ষন বাদে ফের হু সেতে আসিয়া ॥ ছোহরাবের তরে কহে কান্দিয়া২ * সামগার বেটি জদি তোমার জননি ॥ দেখাও আমারে তুমি তাহার নেসানি * আমি সে রোস্তম মেরা কপালেতে ছাই ॥ আপনা খাইয়া বাবা করিনু বুরাই * হায়২ কি করিনু হায়রে ছোহরাব ॥ ছাতি ফেটে জায় তুঝে দেখিয়া বেতাব * কলেজা হইল কালি আখি হৈল ঘোর ॥ দুনিয়া আন্ধার দেখি আলাপনে তোর * এছা কাম কেবা কোথা করে দুনিয়াতে॥বেটাকে খঞ্জর মারে আপনার হাতে* হায়২ না বুঝিয়া কি কাম করিনু ॥ এয়ছা পাহালওান বেটা মারিয়া ডালিনু * হায়রে ছোহরাব তোর দেখে চান্দ মুখ ॥ কলেজা উঠিল জলে ফেটে জায় বুক নেসানি দেখাও মুঝে সেতাবি করিয়া॥ দেলের আন্দেসা মেরা জাউক মিটিয়া* ছোহরাব একথা সুনে কহে রোস্তমেরে॥ সোন পাহালওান কহি তোমার খাতেরে* দেখিয়া তোমারে আমি পাইয়া নেসান ॥ হামেসা খেয়ালে ছিনু করিতে সন্ধান * হাজার আফছোছ এ রহিল মেরা দেলে ॥ আপনার নাম তুমি নাহি বাতাইলে * জেরাকে খুলিয়া তুমি দেখহ নজরে ॥ সামের মোহরা মেরা বাজুর উপরে * জখমে কাতর আছি জোর নাহি গায়॥ কেমনে খুলিয়া জেরা দেখাব তোমায় * আপনি খুলিয়া জেরা দেখহ মোহরা ॥ হেলিবার তাব নাই বদনেতে মেরা * রোস্তম এ কথা সুনে কান্দিতে২॥ ছোহরাবের জেরা

াহ তে সরম না পাই * মাফ কর গোনা খাতা না দেহ সরম ॥ এবে এ মহিমে মেরা বাচাও ভরম * পহেলা এয়ছাই জোর আছিল আমার॥ কম হৈয়া গেছে এবে অৰ্দ্ধেক তাহার*এবে আপে মেরা পরে রহম করিয়া ॥ বদনে সে জোর মেরা দেহ বকসাইয়া * এইরূপে আপনাকে হৈয়া জারে জার ॥ রোস্তম মাঙ্গেন দোওা দরগাতে খোদার*আল্লাতালা কবুল করিয়া তার দোওা॥ বদনেতে জোর খুব দিল বকসাইয়া*সব সে করিতে পারে পাক মিরাঞ্জন॥জার জে নছিবে লেখা না হয় খণ্ডন * জে হালে জেমত লেখা তকদিরে জাহার ॥ না ছাড়িবে সে হাল হৈতে চাহে তার*অধিন ফকির কহে ভরসা রৰ্ব্বানা॥ ছোহরাব জে রূপে মরে সোন সৰ্ব্বজনা *

রোস্তমের আর ছোহরাবের তেছরা দিনের লড়াই ও ছোহরাব রোস্তমের হাতে মারা জাইবার বয়ান ॥

পয়ার * রাত পোহাইয়া গেল হইল ফজর ॥ রোস্তম মালুম কৈল আপনার জোর * আছিল হেস্কত জেয়ছা ছিল জানা সোনা ॥ দেলে আজমাসিল তার হইয়াছে দুনা* তখন হইয়া খুসি দেলের মাঝার॥খোদার দরগাতে ভেজে সোকর হাজার*কহে মুঝে জোর বকসাইলে পাকজাতে॥ ফতে জেন পাই তেরা মদদ হইতে * এহা বলে খোসালিতে কোমর বান্দিয়া॥ রখসো নামে ঘোড়া পরে সওার হইয়া*চলিল ময়দান পরে করিতে লড়াই ॥ হেথায় ছোহরাব মৰ্দ্দ দেখিয়া এয়ছাই * আখেরি লেবাছ করে খোসাল হইয়া॥ জামা জোড়া পিন্দে লিল কোমর বান্দিয়া * চড়িয়া ঘোড়ার পরে চলে খুসি মানে ॥ রোস্তম ময়দানে খাড়া আছিল জেখানে * মোকাবেলা হইয়া এহা কহে রোস্তমেরে॥ মক্কর ফেরেবে কাল ডালিয়া আমারে * লইলে আমার হাতে বাচাইয়া জান॥ আজ তুঝে দেখিব কেয়ছা পাহালওান* ফেরজদি আইলে তুমি লড়িতে ময়দানে ॥ এবে আর না ছাড়িব তোমার কারনে* মক্কর ফেরেবে নাহি ভুলিব এবার॥পাছাড়িয়া ছের কেটে লইব তোমার* না চাহ জানের আসা সোন পাহালাওান ॥ ঘটিল এখন তেরা মউত নিদান*রোস্তম এ কথা শুনে লাগিল কহিতে॥ জতক্ষন জান মেরা আছে কালেবেতে* না ছাড়িব তেরা সাতে করিতে লড়াই ॥ এতে জদি জান জায় সেহভি ভালাই * এহা বলে কুদে আইসে হৈয়া গোস্বামন॥ ছোহরাবের কোম্মরেতে ধরিল তখন * ছোহরাব কোম্মর তার ধরিল খোঁচিয়া॥দুইজনে কসাকসি করে দাড়াইয়া * মস্তহালে করে জঙ্গ দোম পাহালওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * ছোহরাব রোস্তমে ধরে চাহে ওঠাইতে॥ খেচাখেচি করে জঙ্গ নারে হেলাইতে*ভাবে মনে কাজ দেখি এহার কারন॥ হেলাতে না পারি জোরে এ আর কেমন*রোস্তম ধরিয়া ফের করে জোর সোর॥ খেচে জোরে ছোহরাবের না ছাড়ে কোমর * এই রূপে কুস্তি করে দোন পাহালওান॥ লড়িয়া বহুতরূপে হৈল পেরেসান* পছিনা বহিয়া চলে আখি হইল ঘোর ছাতি শুখাইয়া দোহে হৈল কমজোর*নাহি ছাড়েতবু লড়ে করিয়া ভরসা॥না রহিল দোহাকার বাচিবার আশা * তখন রোস্তম কহে হইয়া কাতর ॥ মদোদ করহ আল্লা আমার উপর * মহিমেতে ফত্তে দেহ মেহের করিয়া॥ছোহরাবের হাতে মুঝে লেহ বাচাইয়া* তোমা বিনে ফরিয়াদ করিব কাকে আর রাখ মার সৰ্ব্বি তোমার এক্তিয়ার * আজেজিতে কহে এয়ছা হইয়া কাতর॥ আল্লার মেহের হৈল রোস্তম উপর*ছাতি তর হৈল খুব জোর হৈল গায় ॥ ছোহরাবের কোম্মর ধরিয়া সে সময় * হাকিয়া আছমানিহাক জোরেতে খোচয়া॥ জমি হৈতে শুন্যভরে লিল ওঠাইয়া* ঘোমাইয়া ছের পরে দেলের গোস্বায় ॥ কাছাড়িয়া জমি পরে ডালিল তাহায় * সেতাবি বাসল মৰ্দ্দ ছাতি দাবাইয়া ॥ ভাবে এছে জিতা জানে না দিব ছাড়িয়া * কাবুতলে পাইয়াছি ছাড়লে এহায়॥ উঠিলে আমার পরে ঘটাইবেদায় কোনরূপে এছে আর নারিব ধরিতে ॥ জান বাচাইবা ভার হবে এর হাতে * এছাই ভাবিয়া দেলেখঞ্জর লইয়া ॥ মারে ছোহরাবের পরে বেদেল হইয়া * কারি চোট ছিনাতে লাগিল এয়ছা তার॥ কলেজা কাটীয়া গেল হইয়া উয়ার*তখন ছোহরাব মৰ্দ্দ কান্দিয়া২ ॥ কহিতে লাগিল এহা মাথায় মারিয়া * হায় এছা নছিবেতে আছিল আমায় ॥ এখানে আইনু জার করিতে দিদার* দেখা না হইল সাদ রহিল দেলেতে ॥ হায়২ এই কি আছিল মেরা বক্তে * মোকছেদ করিয়া জার আইনু এখানে॥ দেখা না হইল

সিবে দেখিয়া তবে দুদলে সেফাই * কহিবে মহিমে না পারিয়া পাহালওান॥ দেলের ডরেতে ছোলে
করিল নদান*এবাতে বদনাম হবে তোমার আমার ॥ মহিম করিব ছোলে না আছে দরকার * এছাই
কহিল জদি রোস্তম মর্দ্দানা ॥ ছোহরাব দেলেতে তবে বুঝিল আপনা * না জানিল কিনা বদিএই
পাহালওান॥কিকরি লড়িতে এবে হইল নিদান * এছাই ভাবিয়া দেলে লাচার হইয়া ॥ কহিল লড়িবে
অব দের কি লাগিয়া * আমিত হাজের আছি কিন্তু মেরা দেল ॥ লড়িবার তরফেতে না আছে মা
য়েল * তুমি জদি লড়িবারে আইসহ বাড়িয়া ॥ আমি না জাইব আগে মহিম লাগিয়া * মর্দ্দমি বুঝিয়া
তেরা লড়িব শেষেতে ॥ কোন রুপে আগে আমি না জাব লড়িতে * রোস্তম এ কথা স্নুনে করে আ-
ইসে জোর॥গোস্বাভরে ছোহরাবের ধরিয়া কোমর * খেচাখেচি কসাকসি করে মস্ত হৈয়া ॥ ছোহরাব
জমীনে পরে রহে দাড়াইয়া*করিল বহুত জোর জত ছিল পায়॥কোনরুপে হেলাইতে নাহি পারে তার
পছিনা ছুটিল গায়ে আখি হৈল লাল ॥ জোর করে তুলিবারে হৈয়া মস্তহাল * নাহিক পারিয়া সেসে
লাগিল কহিতে ॥ এত জোর কৈনু তুঝে নারি হেলাইতে * বুঝি তেরা পাও গেছে জমীনে লাগিয়া
তেকারনে ভারি হৈল পাহাড় চাহিয়া * কি জোর করিনু আমি উপরে তোমার ॥ করিলে এয়ছাই
জোর হেলিত পাহাড় * রোস্তম এ কথা বলে সরমেন্দা হইয়া ॥ খাড়া হৈল ছোহরাবের কোমর ছা
ড়িয়া * তখন ছোহরাব মর্দ্দ কুদে গিয়া জোরে ॥ রোস্তমের কোমর ধরিয়া বাওভরে * হাকিয়া আছ
মানি হাক খেচিল জোরেতে॥রোস্তম গিরিয়া গেল নারে সামালিতে * ছোহরাব দেখিল জদি গিরিল
সওার ॥ কুদে গিয়া ছাতি পরে বসিল তাহার * জবে করিবার তরে খঞ্জর নেকালে ॥ রোস্তম দেখিয়া
তাহা ডরাইয়া দেলে * জান বাচাইতে মর্দ্দ মক্কর করিয়া ॥ ছোহরাবের তরে এহা কহে বুঝাইয়া * এ
ছাই দস্তুর নহে মরদের সান ॥ একবার মাহমে হারিলে পাহালওান * দাওতে পাইয়া তার ছের
কেটে লেওা ॥ নহে মর্দ্দমির সান দেখনা বুঝিয়া * কেননা বেদাওে জদি হৈয়া পেরেসান ॥ কোন
রুপে মহিমেতে গেরে পাহালওান * কদাচিত ছেরকাটা নাহি চাই তার॥ জাবত সে মহিমে না হারে
আরবার*কাবু পেয়ে মুঝে তেয়ছা মার জদি তুমি॥ দেলে বুঝে দেখ এতে কিসের মর্দ্দমি * ফের জদি
জোরে তুমি পাছাড় আমায় ॥ জাহা চাহ কর আমি রাজি আছি তায় * আরবার জদি মুঝে পাছাড় এ
ছাই ॥ তবেত মর্দ্দমি তেরা জানিবে সবাই * কেননা মহিমে এয়ছা গিরিলে জওান ॥ হঠাৎ না মারা
চাই তাহার গর্দ্দান* বার২ আজমাসিয়া তাহার খাতের ॥ রাখে মারে জাহা চায় লায়েক মর্দ্দের * ছোহ
রাব এ কথা স্নুনে ছাতি হৈতে তার॥ জমি পরে ওতরিল হইয়া হুসিয়ার * কহিল জাহনা তুমি আপনা
লস্করে ॥ আমিও চলিয়া জাই আপনার ডেরে * ফজরে আসিয়া ফের লড়িব দোহাতে॥ আল্লা জারে
জস দিবে পাইবে সে ফতে * এহা বলে ঘোড়া পরে চড়িয়া সেতাব॥ আপনা লস্করে চলে আসিয়া
ছোহরাব*হুমা পাহালওানে ডেকে বয়ান করিয়া ॥ মহিমের হাল ছারা দিল সোনাইয়া*শুনিয়া আফ
ছোছ করে বলে দুরাচার ॥ ছাড়িয়া নাদানী কাম হৈয়াছে তোমার * এতবার না করা চাই দুস্মনের
বাতে ॥ দাওে পেলে কোন রুপে না চাহি ছাড়িতে* দুসমনে মারিতে চাহি জে ছুরতে হয় ॥ এতবার
না করা চাহি তাহার কথায় * ভুলায়ে তোমার তরে মক্কর করিয়া ॥ ভাগিল সে আপনার জান বাচা-
ইয়া * জমানার ভালা বুরা না বুঝিয়া দেলে ॥ সিকারি সিকার ধরে ছাড়িয়া আইলে * সেরনর ফান্দে
পড়ে হৈয়া ছিল বন্দ " ভাগে সেকারির তরে লাগাইয়া ধন্দ * বেকুফি হাছেল এতে হইল তোমার ॥
তার হাতে রেহাই পাইবা তুঝে ভার* ছোহরাব শুনিয়া কহে হুমাকে তখন ॥ এবাতে আন্দেসা মেরা
নাহিক এখন * কেননা তাহার জোর লিয়াছি বুঝিয়া ॥ পাছাড়িব ফের তারে ফজরে জাইয়া * বলিয়া
এয়ছাই বাত ছোহরাব সরদার ॥ লস্করের বিচে হেথা রহে আপনার * হোথায় রোস্তম গিয়া আপনা
ডেরায় ॥ কাতরেতে জারি করে খোদার দরগায় * কান্দিয়া২ কহে ওঠাইয়া হাত ॥ কবুল করহ দোওা
আপে পাক জাত * তোমা ছেওা ভরসা নাহিক রাখি কার ॥ মুস্কিলে পড়েছি মুঝে করিবে উদ্ধার
এয়ছা২ দেয়ের মহিমে মোর তরে ॥ উদ্ধারিলে আপনার করমের পরে * ঘটিয়াছে এবে মুঝে মুস্কিল
আজিম ॥ মদত করহ মুঝে কাদের করিম * তোমার মদদ পরে আছি কত ঠাই ॥ কোন রুপে কার

দেলেতে আমার ॥ সেই পাহালওয়ান হবে রোস্তম ছরদার * না হইলে এয়ছাই হেক্কত কেবা রাখে মকাবেলা হয় এসে আমার সমুখে * একথা শুনিয়া হুমা বজ্জাত গাণ্ডার ॥ ছোহরাবের তরে কহে শুন নামদার * পাহালওান রোস্তমেরে আমি খুব জানি ॥ এই পাহালওান কিন্তু ঠিক তার ছানি * ঘোড়া জোড়া তেয়ছাই ছুরত ছবি তার ॥ সেই মত হুবাহুব জানিবে এহার * কিন্তু এ রোস্তম নহে খুব জানি আমি ॥ দেলেতে আন্দেসা কিছু না করিও তুমি * ছোহরাব একথা শুনে বুঝিল তখন ॥ হুমা পাহাল ওান ঝুট না কবে কখন * কেননা জে হুমা মোর বড় দোস্তদার ॥ ঝুট কভু না কহিবে ছামনে আমার কহিয়াছে ঠিক বাত কাজে পেল জানা ॥ নাম ছাপাইবে কেন রোস্তম মর্দ্দানা * এবাতে এতবার খুব হইল আমার॥ঠিক বটে নহে এ রোস্তম নামদার * এয়ছাই ভাবিয়া মর্দ্দ হুমার কথায় ॥ ভুলিল আখেরে দেখ ঘটে কোন দায় * দেলে বদি মুখে আহা হুমা দুরাচার ॥ মক্কর ফেরেবে দাগা দিলদাগাদার * দোস্ত কি দুসমন তাহা নাহিক জানিয়া ॥ ছোহরাব তাহার বাতে রহিল ভুলিয়া * জে কেহ দুসমন হয় জদি সেই জন॥ খুসি করে বেটি দিয়া হয় সে আপন*তবু কেহ তার বাতে নাহিক ভুলিবে॥জে ভুলিবে আখেরে সে মালুম করিবে * দুসমন না হয় দোস্ত নিম নহে মিঠা ॥ তেতুলেতে গুড় দিলে নাহি জায় খাটা * তাহার দৃষ্টান্ত কহি সোনহ সবায় ॥হামাউন বেটি দিয়া কাউছ সাহায় * আপনা বলিয়া তারে ডেরে মাঙ্গাইয়া ॥ কএদ করিয়া ছিল কাবুতে পাইয়া॥ভুলনা২ কেহ দুসমনের বাতে॥ দুসমনের দুষমনি মাজায় দেল হতে * অধিন খাতের কহে শুন সর্ব্বজন ॥ দুসমনের বাতে না ভুলিবে কদাচন*জদ্যপি ভুলিবে তাহে পাইবে সাজাই ॥ কাবু পেলে কোন রূপে ছাড়িবেক নাই *

রোস্তম আর ছোহরাবের দোছরা দিনের লড়ায়ের বয়ান ॥

পয়ার * রাত গোজরিয়া গেল হইল ফজর ॥ উঠিয়া ছোহরাব মর্দ্দ বান্ধিয়াকমর*নেজা গোর্জ্জ তির তেগ লিয়া আপনার ॥ আইল ময়দান পরে হইয়া ছওার * হোথায় রোস্তম মর্দ্দ লস্কর থাকিয়া ॥ ছোরহাব ময়দানে আইল দেখিতে পাইয়া * কমর বান্ধিয়া লিয়া ঢাল তলওার ॥ রখসোনামে ঘোড়া পরে হইয়া সওার * ছোহরাব ময়দান পরে জেখানে আছিল॥ আসিয়া তাহার আগে মকাবেলা হইল দেখে রোস্তমেব তরে ছোহরাব তখন ॥ তবু ইহা ভাবাগোনা করে মনে মন* বলে মেরা মাতারি জ কয়েছে আমায়॥সে সকল আলমত দেখি জে ইহায়* কিন্তু এ আপন নাম না করে প্রচার ॥ এই বাতে সন্দ হয় দেলেতে আমার * কি জানি রোস্তম জদি হয় এই মর্দ্দ॥তা হইলে আখেরে ওঠাতে হবে দর্দ্দ মনাছেব হয় এবে না করে লড়াই ॥কোন রূপে এর সাতে ছোলে করা চাই* জেহয় জাইবে জানা সে সেতে এহার ॥ এয়ছাই ভাবিয়া দেলে ছোহরাব সর্দ্দার* কহিতে লাগিল ইহা রোস্তমের সাত॥ সোন পাহালওান তুঝে কহি এক বাত * দেলজাহা চাহে শুনে কহিবে আমায়॥ তুমি রাজি হবে জাতেরাজি আমি তায় * ইহা বলে কহে মর্দ্দ রোস্তমে এছাই॥আইস দোহে ছোলে করি নাকরে লড়াই* এবাতে বেহেতেরি আছে সোন পাহালওান॥ছাফ দেলেমিলি দোহে ঘুচাইয়া আন*দেলেনারাখিয়া বদিকরার কয়িয়া ॥ মেলা ভাল তুমি আমি খোসাল হইয়া * বদি রাখা ভাল নহে বোঝহ দেলেতে॥ বদি কৈলে বদি ফলে লেখে কেতাবেতে * এবে মুঝে বদি হৈতে আইলসরম॥ বুঝিয়া সুঝিয়া দেলে হইনু নরম আপনি চলিয়া জাহছাড়িয়া ময়দান ॥ মহিমে আসুক আর কোন পাহালওান * একারনে তেরা সাতে মিলিবারে চাই ॥ কেননা নেসানি তেরা দেখিনু জেয়ছাই*তাহাতে আমার দেলে হয় এই সন্দ॥বুঝিনু রোস্তম তুমি জালের ফরজন্দ* কিন্তু তুমিনা কহিলে নাম আপনার॥ এবাতে আমার দেলে আফছোচ হাজার*জাহয় হইবে তাহা সেসে জাবে জানা ॥ ছাফদেলে আইস এবে মিলি দুইজনা* এরূপে ছোহ রাব জত ছোলের লাগিয়া ॥ পাহালওান রোস্তমে কহিল বুঝাইয়া* রোস্তম একিন তাহা না করে দে লেতে ॥ কহে মেরা এতবার না হয় এইবাতে*কেন না তোমার এয়ছা দেখেছি বিস্তর ॥ মক্করের ফন্দ নাহি ডাল মেরা পর * ভুলিবে তোমার বাতে জে হয় গাণ্ডার ॥ গরজ নাহিক মেরা ছোলে করিবার আইস এবে দুই জনে কোমর বান্ধিয়া ॥ জড়ি মর্দ্দমির হালে মকাবেলা হৈয়া * মনাছেব চাহো এবে মহিম করিতে ॥ আল্লা জারে জয় দিবে পাইবে সে কতে * নহে দোহে মিলিজদি না করে লড়াই॥ছা-

জাহ লস্করে ফিরিয়া * এছা জঙ্গ করা নহে মরদের সান ॥ নাহক সেফাইগনে করা পেরেসান * জো
টের মাফিক হৈলে লড় তার সাতে ॥ নহে এছা জঙ্গ করা লাভকি তাহাতে * সবুর করিয়া আজ থাক
পাহালওান ॥ লড়িব দুজনে ফের হইলে বেহান * নহে জদি থাকে সাদ লড়িতে এখন॥মকাবেলা হয়ে
আইস লড়ি দুইজন * ছোহরাব একথা শুনে রোস্তমের ঠাই ॥ ফেরায় ঘোড়ার বাগ ছাড়িয়া লড়াই
তাহার ভি তাব নাই আছিল লড়িতে ॥ সারাদিন করে জঙ্গ ভুক পেয়াসেতে * একারনে ভেবে গুনে
ছোহরাব মর্দ্দানা॥ ঘোড়া হেকে ফিরে আইল লস্করে আপনা* রোস্তম দেখিল জদি ফিরিল ছোহরাব
তবে সে আপন ডেরে আসিয়া সেতাব * কোমর খুলিয়া কিছু খায় খানা পানি ॥ ভুক পেয়াসেতে
ছিল দেল পেরেসানি*তাবাদে কাউছ সাহা রোস্তম খাতের ॥ তলব করিয়া হাল পুছে ছোহরাবের ॥
কহ ভাই ছোহরাব কেমন পাহালওান ॥ বুঝাইয়া কহ তার জোরের বয়ান* রোস্তন কহিল সুন বাদসা
নামদার ॥ জোরের বয়ান আমি কি কহিব তার * অজুদ এমন শক্ত লোহা বরাবর ॥ নেজা গোর্জ্জ তির
তেগ না করে আছর * মহিম করিনু আমি কত ঠাই২ ॥ এয়ছা পাহালওান আমি কভু দেখি নাই *
জেরুপ করিনু জোর এহার সহিতে ॥ কভু এত জোর না করিনু কার সাতে * কোনরুপে হেলাইতে
নাহিক পারিনু ॥ আজেজ হইয়া সেস কোমর ছাড়িনু * কিন্তু এ ভাবনা মেরা দেলের বিচেতে ॥ মহি-
মেতে পারি কি না পারি এর সাতে*একথা শুনিয়া বাদসা রোস্তমের ঠাই॥দেলাসা ভরসা দিয়া কহেন
এছাই * ডর না করিবে দেলে সোন পাহালওান ॥ ফতে দিবে আল্লা তুঝে কাহে পেরেসান* লড়িবে
মর্দ্দমি হালে না কর আন্দেসা॥ভালা বুরা সব বাতে এলাহি ভরসা * এইরুপে বুঝাইয়া রোস্তমখাতির
বিদায় করিয়া দিল বাদসা জাহাগির * রোস্তম বিদায় হৈয়া আসিয়া খিমাতে ॥ ভাবা গুনা করিয়া জে
দেলের বিচেতে * জাওারা বলিয়া জে আছিল ছোটা ভাই ॥ ডাকিয়া তাহার তরে কহেন এয়ছাই ॥
সুন ভাই বলি আমি তোমার কারনে ॥ আজ বড় আন্দেসা হয়েছে মোর মনে * কেননা বহুত জঙ্গ
কৈনু ঠাই২ ॥ কেহু মুঝে না পারিল জোরেতে এয়ছাই * বড় পাহালওান দেখি ছোহরাবের তরে ॥
আজেজ করিল আজ আমার খাতেরে * কি জানি কপালে কাল কি আছে আমার ॥ ভালাবুরা বুঝিতে
না পারি সমাচার * ফতে হইবার কিছু না দেখি ওম্মেদ ॥ এ জন্যে ডাকিনু তুঝে হৈল দেলে খেদ
আচানক মাহমেতে জদি মারা জাই॥তবে তুমি ওর সাতে না লড়িও ভাই * কেননা ছোহরাব মর্দ্দ বড়
জোর ধরে ॥ লড়িয়া তাহার সাতে না আটীবে জোরে * সাতে করে লিয়াতুমি আপন লস্কর ॥ হেথা
হতে ফিরে জাবে জাবল সহর * আপন মা বাপে ইহা কবে বুঝাইয়া ॥ কপালে আছিল জাহা গেল
গোজারিয়া* জখন আসিবে কাজা চারা কি তাহাতে ॥ তলব আইলে তার কে পারে রাখিতে * আগু
পিছু জেতে হবে সবার কারনে ॥ হামেসা রহিতে কেহ নারিবে জাহানে * জখন তলব সে করিবে যার
তরে॥ ছাড়িয়া সফর জেতে হবে নিজঘরে * এইরুপে বুঝাইয়া মা বাপে আপন ॥ রাখিবে তছাল্ল করে
তাহাদের মন * কোনরুপে আহাজারি নাই করে জাতে ॥ বুঝাইবে হামেহাল মিঠা২ বাতে * কহিয়
এছাই বাত রোস্তম সর্দ্দার ॥ ধরিয়া ভায়ের গলে কান্দে জারজার* জাওারা কান্দিয়া কহে কি কহিলে
ভাই ॥ তুমি মারা গেলে আমি বাচিব জে নাই* তোমার কোমকে ফিরি দেল খোসালিতে॥ কেহকিছু
কহিতে না পারে কোন বাতে*তুমি মারা গেলে জাবে কোমক টুটিয়া॥ তোমা বিনে কেহ নাই পুছিবে
ডাকিয়া* এইরূপে দুই ভায়ে কান্দিয়া বিস্তর ॥ তাহাতে রোস্তম মর্দ্দ হইয়া কাতর * খোদার দরগায়
কহে ওঠাইয়া হাত॥মহিমেতে ফতে দেও আল্লা পাক জাত * তেরা আছানের পরে আছি ওম্মেদওার
তোমা বিনে ফরিয়াদ করিবকাকে আর * এ ইরূপে এখানেতে রোস্তম সরদার ॥ জারি করে মন দুখে
দরগাতে খোদার * হোথায় ছোহরাব গিয়া লস্করে আপন ॥ হুমা পাহালওানে ডেকে কহে বিবরন
সোন পাহালওান আমি কহিয়া জানাই ॥ আজ আমি জার সাতে করিনু লড়াই * বড় পাহালওান মর্দ্দ
জেন সেরানর ॥ দুনিয়াতে নাহি হবে তার বরাবর * ছারা গা দেখিনু তার করিয়া খেয়াল ॥ মালুম জে
হয় ঠিক রোস্তম নেছাল * কেননা মাতারি মুঝে কহিল জেছাই ॥ ভেদাভেদ কিছু এছা তাহাতে জে
নাই * ওজুদে পাইনু তার নেসানি তামাম॥ কিন্তু সে আমার তরে না কহিল নাম * একিন হইল ইহা

বহুত লড়িয়া॥ জার জতভিড় ছিল গেল নেবড়িয়া ✱ তখন রোস্তম কহে ছোহরাবের তরে দরওাজা পাঃয় জঙ্গ বেগর হাত্তিয়ারে ✱ আছিল হাতিয়ার জত হইল তামাম ॥ কিরূপে হইবে বল মহিমে ফিতুর ॥ ছোহরাব কহিল তবে সোনহ জওান॥ জঙ্গেভঙ্গ দেহ কেন হৈয়া পাহালওান ✱ এক বন্দ বাকি আছে কহিয়া জানাই ॥ আইস এবে করি দোহে কুস্তির লড়াই ✱ ধরাধরি করি দোহে দোহার কোমর ॥ লড়ি এস জানাজাবে জার জতজোর ✱ রোস্তম একথাশুনে হইয়া খোসাল ॥ ধরিলেন ছোহরাবের কোমরের দেওাল ✱ ছোহরাব কোমর তার ধরিয়া জোরেতে ॥ দুই জনে খেচা খেচি লাগিল করিতে ✱ পহেলা করিল জোর রোস্তম ছরদার ॥ রহিল ছোহরাব মর্দ্দ ঘোড়াতে ছওার ✱ এয়ছাই করিল জোর রোস্তম মর্দ্দানা॥ জামা জোড়া তর হৈল ছুটিয়া পছিনা ✱ ওজুদের রগ সব সিহরিয়া গেল ॥ আঙ্গুলের মাথা ফেটে লহু নেকালিল ✱ তবুনা হেলাতে পারে ছোহরাবের তরে ॥ সাবুদ রহিল মর্দ্দ ঘোড়ার উপরে রোস্তম ভাবেন কৈনু বহুত লড়াই ॥ কভু এয়ছা জোর না করিনু কারঠাই ✱ জদিএ ছোহরাব মর্দ্দ হইত পাহাড় ॥ হেলাতুন এক দমে দিয়া একচাড় ✱ এহা বলে খেচাখেচি করিয়া বিস্তর ॥ আখেরে লাচার হৈয়া ছাড়িল কোমর ✱ ছোহরাব কহিল জোর বুঝিনু তোমার ॥ আমি এবে জোর করি হও হুসিয়ার এহা বলে রোস্তমের ধরিয়া কোমর॥ ওঠাইতে ছোহরাব করিল খুব জোর ✱ খেচাখেচি করে মর্দ্দ হৈয়া মস্তহাল ॥ পছিনা ছুটীয়া গায়ে আখি হৈল লাল ✱ জোরের ধমকে ঘোড়া লাগিল কাঁপিতে॥ জমিনে পাঁতিল হাটু নাপারে দাড়াতে ✱ এয়ছাই করিয়া জোর ছোহরাব তখন ॥ আখেরে ছাড়িয়া দিল হৈয়া গোস্বা মন ✱ গোর্জ্জ এক লিয়া হাতে জোরেতে কুদিয়া ॥ রোস্তমের ছের পরে মারিল খেচিয়া ✱ রোস্তম সে গোর্জ্জ ঢালে না পারে ধরিতে ॥ কারি চোট আসিয়া জে লাগিল মাথাতে ✱ তখন ছোহরাব কহে রোস্তমে এয়ছাই ॥ আর তুঝে তাব আছে করিতে লড়াই ✱ রোস্তম কহিল এতে কি হবে আমার আর এয়ছা দশ গোর্জ্জ করিলে ওয়ার ✱ তবু কে পারিবে মুঝে বেতাব করিতে ॥ কি হইবে এছা এক গোর্জ্জের চোটেতে ✱ এহা বলে কহে আজ হৈয়া আইল সাম ॥ মকুফ করিয়া এবে মহিমের কাম ✱ জায় জে লস্করে গিয়া রহি রাত কালে॥ মহিম করিব কাল আসিয়া সকালে ✱ ছোহরাব কহিল আমি করেছি কারার ॥ জতক্ষন নাহি ধরি বাদসাকে তোমার ✱ কদাচিত লস্করেতে না জাব ফিরিয়া ॥ এহা বলে চলে মর্দ্দ তেগ হাতে লিয়া ✱ লস্করে কাউছ সাহা আছিল জেথায় ॥ হাকিয়া জোরেতে মর্দ্দ জাইয়া সেথায় মারিতে লাগিল তেগ ইরানি লস্করে ॥ জারে পায় মারে ঠায় তলওারের জোরে ✱ ঘড়ি একে কত লোকে দিল গেরাইয়া ॥ ময়দানেতে লহু নদি চলিল বহিয়া ✱ টিকিতে না পারে কেহ ছোহরাবের আগে ॥ ড রেতে ইরানি লোক পিছে হেটে ভাগে ✱ এইরূপে লড়ে হেথা ছোহরাব মর্দ্দানা॥ রোস্তম কি করে তথা সোন সর্ব্বজনা ✱ ছোহরাব আইল জবে লড়িতে ইদিগে ॥ রোস্তম জাইয়া তথা তুরকের আগে ✱ জেথা নেতে ছোহরাবের আছিল লস্কর॥ তেগ মেরে চলে তাহাসবার উপর ✱ গোস্বাভরে তেগ জোরে মারিয়া গেরায় ॥ দলে দলে মেরে চলে নাহি ছাড়ে কায় ✱ দফা২ ছাফ করে ঘোড়া বেড়ি দিয়া ॥ জে আইল না ফিরিল জান বাচাইয়া ✱ কারেধরে বাওভরে ফেকে দেয় দুরে॥ মারে লাথি পেরে হাতি জমিন উপরে রুখসো ঘোড়া মারে জোড়াজে আইসে পিছেতে॥ মারা গেল কত লোক ঘোড়ার লাথিতে ✱ চাক হেন ঘোরে জেন রোস্তম সর্দ্দার॥ দেখে ছন্দ লাগে ধন্দ তুরকি সবার ✱ এইরূপে দুই দলে দোন পাহালওান গেরাইল কত লোগে না হয় বয়ান ✱ মারা গেল বেশুমার দুদলে লস্কর ॥ আল্লা বিনে কেহ তার নাহি জানে ওর ✱ তখন রোস্তম মর্দ্দ ভাবে মনে২ ॥ দুইদলে এয়ছা জদি লড়ি দুইজনে ✱ তা হইলে মারা জাবে তামাম ছেফাই ॥ গিধড় মারিলে তাথে লাভ কিছু নাই ✱ কিম্বা এয়ছা লড়ি জদি তা হইলে পরে ছোহরাব লড়িবে হোথা ইরানি লস্করে ✱ নাহক সবায় দিবে হয়রান করিয়া ॥ আমি নাহি গেলে সে না আসিবে ফিরিয়া ✱ কি জানি জাইয়া জাদ কাউছের সাতে ॥ মাহম তলব রাখে দেলের গোস্বাতে ✱ জদি সে কাউছ সাহা সরম পাইয়া ॥ লড়ে ছোহরাবের সাতে ময়দানে আসিয়া ✱ তবেত সে না আটীবে ছোহরাবের সাতে॥ আখেরেতে পেরেসানি হবে ওঠাইতে ✱ এয়ছাই ভাবিয়া দেলে রোস্তম ছর্দ্দার ॥ ঘোড়া হেকে লস্করে আইল আপনার ✱ ছোহরাব লড়িতেছিল কহিল হাকিয়া ॥ আর নাহি লড়

াহ লস্করে ফিরিয়া * ...
টের মাফক হৈ...এই বাত ভাল ॥ হেথা হৈতে ময়দানের দরমিয়ানে চল * এহা বলে দুই জনে
পাহাল...য়া ॥ ময়দানের দরমিয়ানে পৌছিল জাইয়া* দুইদিগে খাড়া হৈলদুদলে সেফাই ॥ তামাসা
দেখিতে তাহা দোহার লড়াই * তখন রোস্তম কহে ছোহরাবের তরে ॥ মেরা সাতে লড়িতে আইলে
কোন জোরে * আমি বলি আমা বিনে দুনিয়া মাঝার ॥ পাহালওান জওা মর্দ্দ কেহ নাহি আর *
হেম্মত করিয়া জদি আইলে পাহালওান ॥ মেরা হাতে জাবে কোথা বাচাইয়া জান * আমার মর্দ্দমি
বুঝিনাশুনিলে কানে ॥ সেরনর ভাগে ডরে মেরা নাম সুনে * জদি আমি গোর্জ্জ মারি পাহাড় উপর
খান খান হৈয়া গেরে তামাম পাথর * তুমি জদি আশা ছেড়ে আপনা জানের ॥ বাসনা করেছ মনে
ধরিবারে সের * তবে আইস রাখ যদি হেম্মত এয়ছাই ॥ মহিম কাহার নাম তোমাকে দেখাই * রো
স্তম একথা সুনে জ্বলিয়া গোস্বায় ॥ কহিল পতঙ্গ হেন দেখি জে তোমায় * লাড়কাই উম্মর তেরা কি
জান লড়াই ॥ মহিমের বন্দ আগে সেখ মেরা ঠাই * না কর বড়াই তুমি আমার ছামনে ॥ গেরাইনু
তোমা এয়ছা কত পাহালওানে * নাহিক শুনিলে দুঝি মর্দ্দমি আমার ॥ বড়বড় দেও তুড়ে কৈনু ছার
খার * মারিনু ছফেদ দেও জেন মস্ত সের ॥ আর কত দেও হৈল মেরা হাতে জের * সুনিয়া এছাই
বাত ছোহরাব জওান ॥ কহিল বুঝিনু তুমি রোস্তম পাহালওান ॥ আপনার নাম নাহি ভাড়াবে আমায়
জদ্যপি রোস্তম তও কহিবে নিশ্চয়*রোস্তম কহিল আমি নাম না ভাড়াই ॥ নাম ভাড়াইয়া কাহে করিব
লড়াই * আমিত হেম্মত খুব রাখি আপনাকে ॥ নাম ভাড়াইব কাহে তোমার সমুকে * আমার গা
য়েতে জদি না থাকিত জোর॥ভাড়াইয়া করিতুন নামের গুমর* আমা হৈতে রোস্তম বড়ই পাহালওান
তার আগে এয়ছা কেহ না আছে জওান*রাস্তবাত কহিতে কি সরম আমার॥ আমি এক গোলাম জে
জানিবে তাহার * ছোহরাব একথা সুনে না ওম্মেদ হৈয়া ॥ কহে এবে লাড় আইস দোহাতে মিলিয়া
এহা বলেমস্ত হালে দোন আছওার ॥ মহিম করিল সুরু বলে মার২ * পহেলা ছোহরাব মর্দ্দ তেগ
লিয়া হাতে॥ রোস্তম উপরে খেচে মারিল জোরেতে * রোস্তম সে তেগ তার ঢালে ওড়াইয়া ॥ ওয়ার
করিল একজোরেতে খেচিয়া*বাওভরে ছোহরাব সেওয়ারতাহার॥রদ কৈল ঢালদিয়া ছেরে আপনার
এইরূপে তেগবাজি করে দু জওান ॥ কেহু কারে নাহি পারে সমানে সমান * ঘড়ি চার তেগ বাজি
করিল এয়ছা ॥ হইল দোহার তেগ করাত জেয়ছাই * তার পরে নেজা লিয়া লড়িতে লাগিল ॥ টু
টিয়া দোহার নেজা খান২ হৈল * নেজা টুটে গেল জদি গোর্জ্জ লিয়া ফের ॥ লড়িতে লাগিল দোহে
জেনমস্ত সের* গোর্জ্জ মারে ঢাল পরে গেরে জেন বাজ ॥ দু দলে লস্কর তক পৌছায় আওাজ * এই
রূপে গোর্জ্জ বাজি করিল বিস্তর ॥ কারিনা হইল চোট কাহার উপর * নেজা গোর্জ্জ তেগ জদি গেল
নির্বাড়িয়া ॥ তখন দু পাহালওান ফাঁসি নেকালিয়া ॥ গলে লাগাইয়া খেচে দেয় খুবটান॥ টুটিল দোহার
ফাসি হৈয়া খান২ * এয়ছাই করিল জোর দোন আছওার ॥ পারা২ হৈয়া গেল জেরা দোহাকার * ধম
কের চোটে ঘোড়া না পারে দাড়াতে ॥ আজেজ হইয়া হাটু পাতে জমিনেতে * পছিনা ছুটীল গায়ে
হৈল সোরবোর॥পিয়াছে সুকায়ে ছাত কম হইল জোর*তখন রোস্তম কহে ছোহরাব লাগিয়া॥থোড়া
এয়ছা দম লেহ মহিম ছাড়িয়া*না হইলে ঘোড়া জদি মরে দোহাকার ॥ পেরেসানি হবে বড়া তোমার
আমার*এহা বলে দুইজনে মহিম ছাড়িয়া॥ খাড়া হৈল জুদা২ তফাতে জাইয়া*ঘোড়া হৈতে ওতরিয়া
দুইপাহালওানে॥টহলিয়া ফিরিতে লাগিল সেইখানে*মহিমের পরিবন্দ দেখিয়া সবাই॥ কহে কভুনাহি
দেখিএমন লড়াই*রোস্তম আপনা দেলেকহে এইবাত॥কভু এয়ছাজোরনা করেছি কারসাত*করিনু ব
হুতজঙ্গ গিয়া ঠাই২॥কোনখানেনাদেখিনু এমন সেফাই*বড়া পাহালওান এই ছোহরাব সর্দ্দার॥আমার
দ্বিগুন জোর গায়েতে ইহার*লাড়কাই ওম্মরমর্দ্দ এয়ছা জোরধরে॥নাজানি হইবে কিবা জওানি ওম্মরে
মহিমে ইহার হাতে ফতে পাওা ভার॥না হৈলে সরম হবে লোকের মাঝার*এইরূপেদেলবিচে রোস্তম
মর্দ্দান॥ফতের লাগিয়া ছিল করিতে ভাবনা * হেনকালে কহে ফের ছোহরাব এয়ছাই ॥ আইস এবে
তিরে২ করিব লড়াই * ইহা বলে মোকাবেলা হৈয়া দুজওান ॥ জুড়িল তিরের জঙ্গ লইয়া কামান
ঝাকে২ মারে তির খেচিয়া জোরেতে ॥ কেহু কারে নাহি পারে জখম করিতে * এইরূপে দুই জনে

তলে আছি তেরা ভালহ মারিয়া ॥ এতেক ওজর কর কিসের লাগিয়া * ইহা—স্বার দর ওাজ্ঞা প:য় আরবার ॥ বড়া পাহালওান সেই রোস্তম সর্দ্দার * ওজুদ তাহার এয়ছা কিকব বয়ান ॥ ।৬ ভিতুর ॥ লাগে জেমন পাসান*দেও পরি বাঘ ভাল জোর এত ধরে ॥ মহিমে তাহার সাতে নাহি আটে ।— মাজেন্দারনেতে ছিল বড়া২ দেও ॥ মহিমে তাহার সাতে না আটীল কেও * জাদুর মুল্লক দিল করে ছারখার ॥ দেওজাত সবাকে করিল তাবেদার * কভু সেহ কোন খানে মহিম করিয়া ॥ নাহিক আইল ফিরে হারেল হইয়া * মর্দ্দমি নেসামি এই শুনিয়াছি তার ॥ হুজুরেতে জানাইনু সোননামদার * নাহি কিছু জানি আর ইহার ছেওায় ॥ জাহা জানিতুম আমি কহিনু তোমায় * এবে তুমি রাখ মার দেল চাহে জাতে॥মানা নাহি করি আমি রাজি আছি তাতে * শুনিয়া এছাই বাত ছোহরাব মর্দ্দানা ॥ আপ নার দেল বিচে করে ভাবা গোনা * ভালা বুরা কিছু নাহি কহিয়া তাহায় ॥ কেল্লা হতে নিচে নেবে আইল থিমায় * কারে কিছু না বলিয়া বান্দিয়া কোমর ॥ হাতিয়ার লইয়া চড়ে ঘোড়ার উপর * চলিল ময়দান পরে করিতে লড়াই ॥ পিছে২ চলে জত লস্কর সেফাই * জেখানে কাউছ সাহা আছিল লস্করে॥ছোহরাব হাকিয়া এয়ছা কহিল তাহারে * সোনহ কাউছসাহা কহি জে তোমায় ॥ আজরাতে দাগা তুমি দিয়াছ আমায় * তোমার তরফ হতে জাছুছ জাইয়া ॥ আমা সবাকার তরে গাফেল পাইয়া জেন্দা পাহালওান মেরা বাহিরে আছিল ॥ একেলা পাইয়া তারে মারিয়া ডালিল * আমি জদি জানি তুন সেই সময়েতে ॥ ধরে সেই জাছুরেরে আপনার হাতে * সাজা করিতুন এয়ছা দেখিতে নজরে ॥ জাছুছি কাহারে বলে শিখাতুন তারে*কছম করেছি আমি না পাইয়া তায়॥ লইব জেন্দার দাদ মারিয়া তোমায় * আর জত আছে তেরা ইরানি সর্দ্দার ॥ খাক খুনে মেলাইব মারিয়া তলওার * জদ্যপি হে- ম্মত রাখ আইস নেকলিয়া ॥ লড়হ আমার সাতে মোকাবেলা হৈয়া* নহে এয়ছা থাকে কেহ দোছরা ছেফাই ॥ ভেজে দেহ মেরা আগে করিতে লড়াই * না এলে লস্করে গিয়া মারিবা সবসের ॥ গেরা ইয়া দিব সবে বুঝিবে আখের * এইরূপে ময়দানেতে ছোহরাব সর্দ্দার ॥ সেফাই তলব রাখে হাকে বারবার * সুনিয়া ইরানি সাহা ডরে ডরাইয়া ॥ ছোহরাব সামনে কেহ না আসে বাড়িয়া * তখন ছোহরাব কহে হাকিয়া এছাই॥মহিম করিতে কেন নাভেজ সেফাই * যদি না হেম্মত রাখ বাস লিয়া দাতে ॥ পাও প্যাদা হয়ে এসে মেল মেরা সাতে * নহেত এখন তুমি আপনি আসিয়া ॥ লড়হ আমার সাতে মোকাবেলা হৈয়া*লাজেম তোমাকে এই বাচাইতে মান ॥ বিনা জঙ্গে কাহেক হইবে পেরেসান মহিম করিতে জদি দেলে ডর কর ॥ তবে কেন কাউছ বলিয়া নামধর * এছাই কহিল জবে ছোহরাব সরদার ॥ আগ হেন জ্বলিয়া কাউছ নামদার* ইরানি সবার তরে দিল ফরমাইয়া ॥ সেতাবি খবর দেও রোস্তমে জাইয়া * ডরাইয়া গেছে মেরা জত পাহালওান ॥ সাহস না হয়কার জাইতে ময়দান * ছে- ফাই তলব রাখে তুরুকি সওার॥ রোস্তম জাইয়া হয় মকাবেলা তার * এয়ছাই হুকুম পেয়ে তুস পাহা- লওান॥রোস্তমের আগেগিয়াকরিল বয়ান * সোনহ রোস্তম তুঝে কহিয়া জানাই ॥ ছোহরাবে দেখিয়া জত ইরানি সেফাই * হেম্মত করিয়া কেহ না জায় ময়দানে ॥ পিছে হেটে ভাগে সবে ডরাইয়া জানে হুকুম করিল তুঝে কাউছ জাহান * কম্মর বান্ধিয়া তুমি জাইয়া ময়দান * মকাবেলা হয়ে লড় ছোহ রাবের সাতে ॥ আজ জদি রাজি থাকে হইবেক ফতে * রোস্তম সুনিয়া কহে তুছের কারন ॥ আজ আমি করিয়াছি করার এমন ॥ না করিব কোনমতে পহেলা লড়াই * মহিমে ভেজিয়া দেহ দোছরা সেফাই * গিয়া সে করুক জঙ্গ দুসমনের সাতে ॥ না পারিলে তবে আমি জাইব শেষেতে * তুছ বলে পাহালওান না করিবে আন ॥ লস্করেতে নাহি কেহ তোমার সমান।* সাহেব সর্দ্দার তুমি ইরানি লো কের ॥ তোমার কোমক হতে হেম্মত সবের * তুমি জদি আন কর সোন নামদার॥ আর কে জাইবে এছা সাদ্ধ আছে কার * রোস্তম একথা সুনে লাচার হইয়া ॥ চলিল ময়দান পরে কমর বান্ধিয়া * ছোহ রাব আছিল জেথা ঘোড়াতে সওার ॥ রোস্তম জাইয়া হৈল মকাবেলা তার* সোহরাব কহিল তবে রো স্তমে এছাই ॥ মর্দ্দমির হালে জদি করিবে লড়াই * লস্কর হইতে তবে তফাতে জাইয়া ॥ দুইজনে লড়ি এস মকাবেলা হৈয়া * চারিদিগে দাড়াইয়া সকল সেফাই ॥ তামাসা দেখুক তারা দোহার লড়াই *

জাহ লস্করে ফিরিয়া * ...॥ লস্করে খবর দেহ হইতে তৈয়ার*দের নাহি সহে আর করিব লড়াই ॥ দেখি
টের মাফিক তৈয়ার থরে ইরানি সেফাই* এহা সুনে হুমা আর বারেমা সর্দ্দার ॥ লস্করে কহিল গিয়া হইতে
পাহুদার * বাজিল সওয়ারি ডঙ্কা কেল্লার ভিতর ॥ সুনিয়া তামাম লোক বান্ধিয়া কোমর * ছোহরা
খিমার বিচে আছিল জেথায় ॥ হাজের হইল সবে আসিয়া সেথায় * তখন ছোহরাব মর্দ্দ করে কো
কাম ॥ পাহালওান হাজিরা বলিয়া জার নাম * রেখেছিল তাহাকে জে কয়েদ করিয়া ॥ বন্দখানা হতে
মর্দ্দ লিল মাঙ্গাইয়া * কহিল তখন তারে সোনরে হাজিরা ॥ ঠীক বাত কহ জদি সামনেতে মেরা *
তবে আমি জান বকসি করিব তোমার ॥ নহে গেরাইয়া দিব মারিয়া তলওার * হাজিরা সুনিয়া কহে
ছোহরাবের তরে ॥ ঝুটা বাত কব কেন তোমার হুজুরে * জে কিছু পুছিবে ঠিক বাতাইব তাই ॥ ঝু
জদি কহি তবে খোদারদোহাই* হাজিরা করিল জদি এয়ছাই কারার ॥ সুনিয়া ছোহরাব দেলে করিয়
এতবার*তখন সে হাজিরার বন্ধন খুলিয়া ॥ সাতে লিয়া কেল্লা পরে চড়িল জাইয়া * কহিল জা পুছি
এবে তোমার কারন ॥ বাতাইয়া দেহ দেখি আমারে এখন * হাজিরা কহিল জা পুছিবে নামদার ॥ ঠীক
বাতাইব তাহা হুজুরে তোমার * ছোহরাব কহিল তবে পুছি জে তোমায় ॥ বাদসার লস্করে জত খিম
দেখা জায় * কার কোন খিমা তাহা দেহ বাতাইয়া ॥ একে২ পুছি জাহা তোমার লাগিয়া * ঐ জে
আজদাহা খিমা বাঘের আকার ॥ বড়২ মস্ত হাতি সামনে তাহার * ওঠাইয়া চারিদিগে দিয়াছে নি
সান॥কার ঐ খিমা মুঝে কহত সন্ধান*হাজিরা কহিল তবে শুন নামদার ॥ ঐ খিমা জানিবে জেকাউছ
সাহার * তাহাবাদে পুছে ফের ছোহরাব জওান ॥ ডাহিন বামের দুই খিমার সন্ধান* কহিল হাজির
তবে সোন সমাচার ॥ ডাহিনের খিমা বিচে তুছ নামদার * পাহালওান গোদর্জ্জ বলিয়া জার নাম ।
লাল রঙ্গ খিমা বামে তাহার তামাম * ফের এহা পুছিল ছোহরাব নামদার ॥ সবুজ রঙ্গের খিমা কহত
কাহার* তক্ত আলিসান ঐ খিমার বিচেতে ॥ বড়া২ তাজি ঘোড়া আছে সামনেতে * শুনিয়া এয়ছাই
বাত হাজিরা তখন ॥ ভাবা গোনা করিতে লাগিল মনেমন * দেলে ভাবে জানি এই খিমা রোস্তমের
কিন্তু না বাতাব আমি এহার খাতের*কেননা এশুনে জদি রোস্তমের নাম॥আচানক গিয়া করেমহিমের
কাম*খিমা বিচে আছে মর্দ্দ গাফেল হইয়া ॥ মরে জদি ছোহরাবের দাগাতে পড়িয় * তা হইলে আব্ব
ছোছ হইবে সবাকার॥কোমক টুটিয়া জাবে কাউছ সাহার* এই ছলা হয় এবে ইহার কারন॥রোস্তমের
নাম না কহিব কদাচন * ভাড়ায়ে দুছরা নাম কহিব ইহারে ॥ এহা ভেবে কহে মর্দ্দ ছোহরাবের তরে
দেখ ঐ খিমা জাহা সবুজ রঙ্গের॥আইল সর্দ্দার এক খাকান চিনের * চিন সাহা সাতে দিয়া লস্কর সর
দার॥ মদতে ভেজিল ওছে কাউছ সাহার * ছোহরাব কহিল জদি চিনের ছেফাই ॥ কিনাম ওহার কহ
সুনিবারে চাই * হাজিরা কহিল তবে ছোহরাবের তরে ॥ না আছে ওহার নাম মালুম আমারে * ইহ
সুনে সন্দ মনে ছোহরাব সরদার ॥ ভাবা গোনা দেল বিচে করে আপনার*কহে মেরা বাতারি জা আ
মার লাগিয়া ॥ রোস্তমের নেসানি দিয়াছে বাতাইয়া * দেখি সে নেসানি ঐ সবুজ খিমায় ॥ ভালা বুর
হাল কিছু বোঝা নাহি জায় * আর ঐ খিমা জদি হৈত রোস্তমের ॥ হাজিরা ভাড়াবে কেন আমার খা
তের*এহা বলে কহে ফের হাজিরার তরে ॥ রোস্তমের খিমা কোথা বাতাও আমারে* হাজিরা কহিল
সোন ছোহরাব সর্দ্দার ॥ লোক মুখে শুনেছি এয়ছাই বযাচার * রোস্তম বাদসার পরে বেদেল হইয়া ।
নাহিক আইল হেথা জাবল থাকিয়া * ছোহরাব তাহাকে ফের কহিল এয়ছাই ॥ চাও জদি আপনার জা
নের ভালাই * রোস্তমের নেসানি কি দেহ বাতাইয়া ॥ খুসি হয়ে দেই তুঝে খালাছ করিয়া * হাজির
সুনিয়া ফের কহে এই মতে॥রোস্তমনা আইল হেথা জাবলহইতে*কিরুপে নেসানি তার দিববা তাইয়
ছোহরাব এ কথা সুনে কহে গোস্বা হৈয়া*সোনরে হাজিরা কহি তোমার কারনে॥ ঠিক বাত বল তুমি
আমার সামনে*তেরা এই বাত মুঝে না হয় এতবার ॥ ভাড়াইয়া কহ কেন সামনে আমার* রোস্তমের
খিমা ঐ হইবে আলবত ॥ না হইলে এয়ছা কেন হইবে হাসমত * ঠীক বাত কহ মুঝে কহি বার২ ।
নহে ওড়াইব তুঝে মারিয়া তলওার * ইহা সুনে কহে তবু হাজীরা গাওার ॥ নাহক কেমন এই গজব
তোমার * সাদ জদি থাকে তেরা মারতে আমারে ॥ মিছে এ বাহানা কর কিসের খাতের * কা

এয়ছাই হুকুম জদি করিল ছোহরাব ॥ হুমা পাহালওান তবে আসিয়া সেতাব * কেল্লার দরওাজা পরে খিমা খাড়া কৈল ॥ আজদাহা নিসান তাতে ওঠাইয়া দিল * রাখিয়া বাদসাই তক্ত খিমার ভিতর ॥ কুরছি ডালিল তার ঘিরে চারিধারে*তখন ছোহরাব মর্দ্দ হইয়া বাহির॥ বসিল সে তক্তপরে খোসাল খাতির*তা বাদে আসিয়া সব ছাহেব ছরদার ॥ বসিল সে কুরছি পরে ঘিরে চারিধার * মজলিছ রওসন খুব দেখিয়া ছোহরাব ॥ মাঙ্গাইয়া খায়বসে সরাব কাবাব * দুওারে দরওান বৈসে হইয়া প্রহরি ॥ সেই সময়েতে খুব রাত হৈল ভারি * হোথায় রোস্তম মর্দ্দ পায় সমাচার ॥ খিমাতে বসিল এসে ছোহরাব ছরদার*তখন দেলেতে মর্দ্দ করিল খেয়াল॥ জানা চাই মুঝে এবে ছোহরাবেরহাল * এহা ভেবে আপনাকে চলে ছাপাইয়া ॥ ছোহরাবের খিমা জেখা পওছিল জাইয়া * দেখিল ছোহরাব বসে আছে তক্ত পরে ॥ তামাম ছরদার ঘিরে আছে চারি ধারে * মজলিছ গোলজার খুব করেছে রওসোন ॥ খুসিতে পিয়ালা বাজি করে জনে জন * এইরুপে আছে সবে নেসাতে মাতিয়া ॥ রোস্তম ছোহরাবে খুব দেখে নিরখিয়া * হাত পাও নাক মুখ ছুরত বদন ॥ লাড়কাই উন্দর শিসু চান্দের রওসন * পোলাদি ওজুদ হেন বড়া উচাসান ॥ জেয়ছাকদ তেয়ছা মর্দ্দ তেয়ছাই জওান* এইরুপে রোস্তম ছাপিয়া আপনারে ॥ দাড়ায়ে দেখিতে ছিল ছোহরাবের তরে*হেন কালে একমর্দ্দ জেন্দা নামতার॥ খিমায় থাকিয়া আইসে হইয়া বাহার*রোস্তম রয়েছে খাড়া দেখে সে তখন ॥ পুছিল কেতুমি হেথা কিসের কারন * জাছুছি করিতে বুঝি আইলে এথায় ॥ এখনি ধরিয়া সাজা করিব তোমায় * এহা বলে রোস্তমে সে চলিল ধরিতে॥ রোস্তম হইয়া গোস্বা তাহার পরেতে * এছাই জোরেতে মুক্কি মারিল খেচিয়া ॥ মারা গেল পাহালওান জমিনে গিরিয়া* তখন রোস্তম আর না রহিয়া সেথা ॥ ফিরে আইল আপনা লস্কর ছিল জেথা*হোথায় ছোহরাবমর্দ্দ না জানে সন্ধান ॥ মারা গেছে বাহিরেতে জেন্দা পাহালওান*কতক্ষন বাদেতে দোছরা এক জন॥বাহিরেতে আইল সে হাজতে আপন * আচানক আসিয়া সে দেখিল এয়ছাই ॥ পড়ে আছে এক মর্দ্দ হেলা দোলা নাই * তবে সে মসাল এক আনিয়া সেখানে ॥ নাড়িয়া চাড়িয়া দেখে জেন্দা পাহালওানে*মরিয়া গিয়াছে মর্দ্দদম নাহি বহে॥ সেহাল দেখিয়া সেছোহরাবে গিয়া কহে * সোনহ ছোহরাব মর্দ্দ ছাহেব জাহান॥ বাহিরেতে মারা গেছে জেন্দা পাহালওান*মরা লাস আছে পোড়ে দেখনা আসিয়া ॥ কি জানি কেমন রুপে গিয়াছে মরিয়া * ভালা বুরা বুজিতে না পারি বিবরন ॥ নাহক পড়িল মারা কিসের কারন * ছোহরাব সুনিয়া তাহা লাগিল কহিতে ॥ হাজার আফছোছ মেরা রহিল এবাতে*হইবে জাছুছ কেহ কাউছ সাহার॥ আসিয়া সে জোর দেখাইল আপনার * আমি জদি জানিতুন সেই সমএতে ॥ লিতুন জেন্দার দাদ আপনার হাতে * এবে কি করিব রহ করিয়া ছবর ॥ লইব এহার দাদ হইলে ফজর * মেটাব দেলের গোস্বা কাউছে মারিয়া ॥ ইরানি সবাকে দিব খাকে মিলাইয়া * এহা বলি ফরমাইল ছোহরাব তখন ॥ জেন্দার লাসেরে গিয়া করহে দফন * এইরুপে হেথা সবে রহে পেরেসান ॥ হোথায় লস্করে গিয়া রোস্তম জওান* কাউছ বাদসার আগে লাগিল কহিতে॥ সোন বাদসা নামদার কহি জনাবেতে *ছোহরাবের বয়ান কি কহিব তোমায় বড়া পাহালওান দেখে আইনু তাহায়* সামনরিমান জেয়ছা ছিল পাহালওান ॥ ছোহরাব হইবে বুজি তাহার সমান * সামের ছুরাত ছবি আছিল জেয়ছাই ॥ মেলাইল তাথে এতে ভেদাভেদ নাই * জোরেতে কেয়ছাই হয়না পারি বুঝিতে॥মালুম হইবে কাল ময়দান বিচেতে * এহা শুনেকহে সাহা কাউছ তখন ॥ লোকের জবানি আমি সুনেছি এমন * বড়া জোর ধরে সেই ছোহরাব ছরদার ॥ লড়িবে তাহার সাতে হৈয়া হুসিয়ার*এহাবলে কহে বাদসা রোস্তমের তরে ॥ মহিম করহ সুরু জাইয়া ফজরে অধিন খাতের কহে ঘটীল বালাই ॥ বাপ বেটা দোহাকার সোনহ লড়াই * সকলি আল্লার চাহা বুঝে দেখ দেলে ॥ না হইলে এরুপ হৈয়াছে কোন কালে*সব সে করিতে পারে কুদরতে আপন॥ জারজে নছিবে আছে না হয় খণ্ডন *

রোস্তম আর ছোহরাবের পহেলা লড়ায়ের বয়ান ॥

রাত পোহাইয়া গেল হইল বিহান ॥ নিন্দ হৈতে উঠিয়া ছোহরাব পাহালওান * হুমা আর

মেরা রহিল সদাই ॥ না জায় খাছলত মেরা কি করিব ভাই * হামেহাল জান তুমি খছলত আমার ॥ এই বাতে দেল বিচে না হবে বেজার * আসিতে করিলে দেরি এহার লাগিয়া ॥ কহিনু এ কথা তুঝে গোশ্বা দেল হইয়া*তুমি জবে হেথা হৈতে গেলে পাহালওান ॥ গোস্বা মেরা গেল সেসে হৈনু পেরেসান * পাহালওান গোর্জ্জকে পাঠাইনু ফের ॥ মানাইয়া আনিবারে তোমার খাতের * তোমা এয়ছা কেবা মেরা আছে মেহের বান॥হরবাতে তুমি জেয়ছা করিলে এহছান*তলব করিনু আমিতুঝে এখাতির॥দুসমন আইল ফের করনা তদবির*পাহালওান কাজদাহাম আসিয়া হেথায় ॥ বয়ান করিয়া এয়ছা কহিল আমায় * ছোহরাব নামেতে মর্দ্দ বড়া পাহালওান ॥ জোরে জোরওার খুবতুরুকি জওান লাড়কাই উম্মর সেহ এয়ছা জোর ধরে॥ধরিয়া হাতির শুড় ফেকে দেয়দুরে*কাজদাহাম কেল্লা ছেড়ে ডরেতে তাহার॥ ভাগিয়া আইল হেথা হৈয়া বেকারার*এবে জা তদবির হয় বুঝিয়া সুঝিয়া॥ কর ভাই আমি কি কহিব বুঝাইয়া*রোস্তম শুনিয়া কহে বাদসার খাতির॥আমি তেরাতাবেদার হামেসা হাজির আপনি হুকুম জাহা করিবে আমায় ॥ দেল জানে আমি তাহা করিব বজায়* তখন কাউছ সাহা কহিল এয়ছাই॥ আইস আজ মিলে সবে খুসি করি ভাই*মজলিছ তৈয়ার কর সেতাব করিয়া॥ আয়েসকরিয়া আজ সকলে মিলিয়া*বেহানে উঠিয়া কাল লইয়া ছেপাই॥ দুস্মনের উপরেতে করিব চড়াই * রোস্তম এ কথা সুনে মঞ্জুর করিয়া ॥ মজলিস তৈয়ার কবে খুসির লাগিয়া * মহাম্মদ খাতের কহে না জেনে খবর ॥ মহিম করিতে জাবে লইয়া লস্কর* রোস্তমের ছিনাতে লাগিবে এয়ছা তির ॥ রহিবে জেন্দিগি ভর না হবে বাহির *

কায়কাউছ বাদসা ও রোস্তম লস্কর লইয়া কেল্লা মতিনে ছোহরাবের সাতে লড়াই করিতে জায় তাহার বয়ান ॥

পয়ার * বাদসার হুকুম পরে রোস্তম ছরদার ॥ খুসির মজলিস এক করিয়া তৈয়ার * সারাব কাবাব আনি করিল হাজির ॥ মজলিছে বসিল গিয়া বাদসা জাহাগির*মিলে জুলে ছরদার সবারে সাতে লিয়া ॥ করেন পিয়ালা বাজি খোসাল হইয়া* কেহু ঢালে কেহু খায় দেয় হাতে২ ॥ এইরূপে মস্তহালে রহে সকলেতে*রাত গোজারিয়া গেল হইল বেহান ॥ তখন কাউছসাহা করিল ফরমান* বাজাও ছওারি ডঙ্কা নেকাল ছেফাই ॥ দের নাহি সহে জাব করিতে লড়াই * এয়ছাই হুকুম জদি কৈল নামদার বাজিতে লাগিল বাজা লস্কর মাঝার * বাজা শুনে সকলেতে মালুম করিয়া ॥ জার জে তৈয়ার হৈল কোমর বান্দিয়া * তার পরে নামি২ জত আছওার ॥ রোস্তম গোদর্জ্জ গেও তুছ নামদার*কোমর বান্ধিয়া সবে ঢাল গোর্জ্জ লিয়া॥নেকলিল ঘোড়া পরে ছওার হইয়া* আখেরে আপনি সাহা বাদসানামদার ॥ কোমর বান্ধিয়া আইল হইয়া ছওার*মিলে সবে এক সাতে লস্কর লইয়া॥কেল্লা মতিনেতে চলে রওানা হইয়া * পায়২ পায়২ চলিল ফউজ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ * আগু পিছু বাজা বাজে জায় মস্তহালে ॥ চলিয়া তামান দিন নিমাসাম কালে * কেল্লা মতিনের কাছে পৌছিল জাইয়া ডেরা ঝাণ্ডা উতারিল ময়দান দেখিয়া * তার পরে খিমা খাড়া কৈল ঠাই২ ॥ জার জে খিমার বিচে রহিল বসাই* বিচখানে হৈল ডেরা কাউছ সাহার ॥ ছরদার সবার ডেরা চারিদিগে তার * তর২ রঙ্গ২ গাড়িল নেসান॥ দেখিতে গোলজার খুব হইল ময়দান*এইরূপে রহে সবে ময়দান উপরে॥ডেরা তাম্ব ওঠাইয়া খোসাল অন্তরে* হেথায় ছোহরাব মর্দ্দ কেল্লায় থাকিয়া॥ময়দানে লস্কর আইল দেখিতে পাইয়া * হুমা পাহালওানে মর্দ্দ কহিল তখন ॥ দেখহ ময়দান কেছা হৈয়াছে রওসন * ইরানি লস্কর আইল করিতে লড়াই ॥ ডেরা তাম্ব উঠাএছে কত ঠাই২ * তবে সে লস্কর দেখে হুমা পাহালওান ডরে হৈল হোস হারা উড়িল পরান * ছোহরাব হুমার হাল দেখিতে পাইয়া ॥ কহিল ডরহ তুমি কিসের লাগিয়া * দেখ এলস্কর জত কাউছ সাহার ॥ কোথায় লাগিবে এরা ছামনে আমার* জেমন কাগের ঝাক বাটুল দেখিয়া ॥ ডরেতে উড়িয়া ভাগে জীউ বাচাইয়া*তেয়ছাই মাফিক আমি ওহা সবাকারে ॥ এক দমে গেরাইব দেখিবে নজরে*না কর আন্দেসা এবে সোন দেল দিয়া॥ কেল্লার দরওাজা পরে বাহিরে জাইয়া*খিমা খাড়া কর এক ওঠাও নিসান ॥ রবসে খিমাতে গিয়া সোন পাহালওান *

আমার * খোদা ছেওা আমি নাহি কাহাকে ডরাই ॥ জোরেতে ধরিবে মুঝে কে আছে এছাই * মেরা আগে কত শত বড়২ দেও ॥ ছারখার হয়ে গেল না আটিল কেও * ইহা বলে গোস্বা হৈয়া রোস্তম তখন ॥ কহিতে লাগিল মর্দ্দ বাদসার কারন*গোস্বা না হইও তুমি সোন নামদার॥ এ বড় নাদানি এই গজব তোমার * জে হয় দুস্মন তেরা তাহাকে ধরিয়া ॥ শুলে চড়াইয়া মার খারাবি করিয়া * আপনা তাবাই তুমি কৈলে এক্তিয়ার॥এছাই হুকুম নহে লায়েক তোমার * তেরা পরে বে আদবি করিতে না পারি ॥ কেননা জখন তেরা কৈনু তাবেদারি * বে আদবি কৈলে তাথে হব গোনাগার ॥ নহে তো আমার আগে তুমি কোনছার*ঘড়ি এক বিচে এই সহর ইরান ॥ ওড়াইয়া দিতে পারি না রহে নেসান বড়২ পাহালওান জাহারা সবায় ॥ বার২ কত তারা কহিল আমায়*ইরানের তক্তে তুমি করহ বাদসাই হুকুম মাফিক তেরা আমরা সবাই * হামেহাল হইয়া রহিব তাবেদার॥তুমি আমা সবাকার সাহেব সর্দ্দার *আমি তাহা কবুল না করি কোনকালে॥তেরা তাবেদারি ছেওানাহি মেরাদেলে*সেকথা কবুল জদি করিতুন আমি॥ তা হইলে তাজ তক্ত না পাইতে তুমি * জেয়ছাই আক্কেল যেবা পাইনু সাজাই নছিবে জা ছিল মেরা দোস তেরা নাই*এহা বলে ঘোড়া পরে সওার হইয়া॥ গোস্বা ভবে আইল মর্দ্দ জাবলে চলিয়া*বেদেল হইয়া জদি রোস্তম সর্দ্দার॥ জাবলে চলিয়া আইল দেশে আপনার * আর জাবলের জত লস্কর সেফাই ॥ রোস্তমের পিছে ফিরে আইল সবাই * দেখিয়া শুনিয়া তবে গোদর্জ্জ সরদার ॥ কহিল জাইয়া আগে কাউছ সাহার* কি কাম করিলে সাহা বুঝিতে নারিলে ॥ রোস্তমের তরে আপে বেদেল করিলে * মনাছেব নহে তুঝে সোন নামদার ॥ পাহালওান রোস্তমেরে করিয়া বেজার বাদসাই কায়েম তেরা রোস্তমের জোরে॥কিবলে বেজার তুমি করিলে তাহারে* জদি সে রোস্তম ফের না আইসে এখানে ॥ ঘড়িতে বাদসাই তেরা লইবে দুস্মনে * এহা সুনে সরমেন্দা হইয়া জাহাপানা গোদর্জ্জের তরে কহে করিয়া বাহানা*জখন রোস্তম হেথা আসিয়া পওছিল ॥ সে সমে মেজাজ মেরা ভাল নাহি ছিল * বুঝিতে না পেরে আমি গোস্বার খাতিরে ॥ বেদেল করিয়া দিনু রোস্তমের তরে এবে তুমি জাহ ভাই সেতাব করিয়া ॥ কোনরুপে রোস্তমেরে আন বুঝাইয়া* এহা শুনে জাইয়া গোদর্জ্জ পাহালওান॥রোস্তমের আগে কহে করিয়া বয়ান * সুনহ রোস্তম মর্দ্দ কহি জে তোমায়॥ কাউছ একথা কৈয়া ভেজিল আমায়*জেওক্তে রোস্তম হেথা আসিয়া পৌছিল ॥ মেজাজ তখন মেরা নাহি ছিল ভাল *তেকারনে ভালা বুরা নাহিক বুঝিয়া ॥ হুকুম করিয়া ছিনু গোস্বা দেল হৈয়া* এবে সেই কথা কিছু না রাখিবে মনে ॥ মাফ করে দিয়া মুঝে আসিবে এখানে * সুন ভাই তোমাকে কি বুঝাইব আমি ॥ বাদসার দানাই জত জ্ঞাত আছ তুমি* জাহা মুখে আইসে কহে নাকরে তমিজ॥ আখেরে কথার দোসে হয় জে আজিজ * এবে সে ওজর কত করিয়া আমার ॥ ভেজিল এখানে লিয়া জাইতে তোমায় * তুমি জদি বেদেল হইবে নামদার॥ তা হৈলে ইরান দেশ হবে ছারখার* কেননা এছাই জে কহিল কাজদাহাম ॥ বড়া পাহালওান জে ছোহরাব জার নাম*তোমা ছেওা পাহালওান নাহি কোন খানে ॥ মোকাবেলা হয় তার জাইয়া ময়দানে * এহা সুনে ইরানের তামাম সর্দ্দার ॥ বে তাকত হৈয়া সবে আছে বেকারার * তুমি জদি নাহিক করিবে মেহেরবানী ॥ ইরানী লোকের বড় হবে পেরেসানি তুমি আমা সবাকার আছ পোস্তপানা ॥ তেরা জোরে আমাদের নাহিক ভাবনা * চল এবে দেলহতে গোস্বা কর দুর ॥ মাফ করে দেহ আমা সবার কছুর * নহেত ইরানে এসে তুরুকি সওার ॥ খারাব করিয়া দিবে সহর বাজার* আমা সবে ওঠাইতে হবে পেরেসানি॥আখেরে মোদের দায় পস্তাবে আপনি আর এহা সুনিয়া কহিবে সকলেতে ॥ পাহালওান রোস্তম জে ছোহরাবের সাতে * লড়িতে নাহিক পেরে দেলে ডরাইয়া ॥ বেগর জঙ্গেতে মর্দ্দ গেছে পালাইয়া * এ বড় লজ্জার কথা ভেবে দেখ মনে ॥ নাহক বদনাম হবে জেখানে সেখানে * একথা সুনিয়া তবে রোস্তম সরদার ॥ দেল হৈতে গোস্বা দুর করে আপনার * লোক জন লিয়া ফিরে আইল ইরানে ॥ হাজের হইল সাহা কাউছ জেখানে * রোস্তমে দেখিয়া সাহা কাউছ তখন ॥ গলে ধরে মিলিল হইয়া খুসি মন তার পরে কহে সাহা রোস্তমের তরে ॥ বেজার করিনু আমি তোমার খাতেরে * গোস্বার বাছলত

বাদে জখন সে হইবে জওান ॥ কবজ করিবে জোরে তামাম জাহান * এইরূপে লেখা পড়ি তৈয়ার ক-রিয়া ॥ গেও পাহালওানে সাহা দিল পাঠাইয়া* নামা লিয়া গেও মর্দ্দ গিয়া সেতাবিতে ॥ ছালাম ক-রিয়া দিল রোস্তমের হাতে * পড়িয়া সে নামা তবে রোস্তম সর্দ্দানা ॥ দেলেতে হইল সন্দ করে ভাবা গোনা*কহে কিছু ভালা বুরা না পারি বুঝিতে ॥ সামের ছুরত লাড়কা আইল কোথা হৈতে * ইহার কারন কিছু বোঝা নাহি জায় ॥ কি জানি আখেরে পাছে ঘটে মহা দায় * সামের মেছাল লাড়কা সুনে হয় সন্দ ॥ কি জানি সে হয় জদি আমার ফরজন্দ * তা হইলে ওঠাইতে হবে দুক্ষ ভার ॥ রহিবে দেলের বিচে আফছোছ হাজার * কেননা সে সামগায় করেছিনু বিয়া ॥ জবে আমি সেথা হৈতে আ-ইনু চলিয়া * হামেসা আছিল বিবী আমার ছহবতে ॥ নাহি জানি বেটা জদি হইয়া তাহাতে * পাই য়াছে আপনার জদ্দের আকার ॥ ভালা বুরা বুঝিতে না পারি সমাচার * আল্লাকে মালুম আছে গায়ে বের বাতে॥তার ছেওা গায়েব কেপারিবে জানিতে*কেননা জদিচ বেটা হইত তাহায়॥বেটী হইয়াছে কেন লিখিল আমায় * বেটা জদি হৈত তবে মাতারি তাহার ॥ কিজন্যে লিখিবে মুঝে ঝুট সমাচার আরভি করিত খুসি লিখিয়া আমায় ॥ বেটা ভাড়াইয়া বেটি লিখিবে কি দায় * এই রূপে ভাবা গোনা করে দেলে২ ॥ খামসিয়া রহে কারে কিছু নাহি বলে * আসিবে কি না আসিবে ইরান দেশেতে ॥ কিছু না কহিল জবে গেওয়ের তরেতে * তখন সে গেও মর্দ্দ কহিল এছাই ॥ সোনহ রোস্তম তুঝে কহিয়া জানাই * বাদসা এহা কহিয়াছে আমার লাগিয়া ॥ রোস্তমে লইয়া সাতে সেতাব করিয়া * পওছিবে আসিয়া হেথা দের না করিবে ॥ তবেত আমার দেলে কারার হইবে * তুমি হেথা দেরি কর কিসের খাতির॥ দের হৈলে গোস্বা পাছে হয় জাহাগির*রোস্তম শুনিয়া কহে গেও পাহালওানে॥এত বেকা রার বাদসা কিসের কারনে * জদি সে ছোহরাব মর্দ্দ পওছিল আসিয়া ॥ তাহইলে জাইতুন সেতাবি করিয়া * দের করা এ ছববে সোন মেহেরবান ॥ দেল মেরা আজ কিছু আছে পেরেসান * এস ভাই মিলে সবে মজলেছ করিয়া ॥ দেলকে চেইন করি সারাব খাইয়া * কহিয়া এছাই বাত রোস্তম সর্দ্দার ॥ খুসির মজলেছ মর্দ্দ করিল তৈয়ার * তার পরে সারাব কাবাব মাঙ্গাইয়া ॥ মিলে জুলে খায় সবে খো-সাল হইয়া * নেসাতে হইল মস্ত রোস্তম মর্দ্দানা॥দুর হৈয়া গেল সব দেলের ভাবনা* এই রূপে সাত রোজ জায় গোজারিয়া ॥ খুসির মজলেছে রহে খোসাল হইয়া * আটওা রোজেতে ফের গেও পাহাল ওান ॥ রোস্তমের তরে কহে করিয়া বয়ান * সোন ভাই আর হেথা নাহি কর দের ॥ রাহা তাকাইয়া বাদসা আছে আমাদের* চল এবে ইরানেতে সোন নামদার ॥ দেরি হৈলে বাদসা জে হইবে বেকারার রোস্তম কহিল তুমি নাকর ভাবনা॥ আমার মর্দ্দমিজাহা জানে সবজনা * ছোহরাবের সাধ্য কিবা হইবে চড়াই ॥ আসিবে ইরান দেশে করিতে লড়াই * আমি জদি তেগ ধরি গোস্বা দেল হৈয়া ॥ ঘড়ি একে ছোহরাবেরে দিবে গেরাইয়া*ইহা বলে দুই দিন রহিয়া জে আর॥দশ দিন বাদে তবে রোস্তম সরদার ছামানা তৈয়ার করে লইয়া লস্কর ॥ চলিল রওানা হৈয়া ইরান সহর * খুসি হৈয়া চলে লিয়া লোক জন সাতে ॥ কাউছ বাদসার পরে মদদ করিতে*আর এক ছোট ভাই রোস্তম সাহার ॥ জাওারা বলিয়া নাম আছিল তাহার * সেহবি চলিল সাতে ছওার হইয়া ॥ মঞ্জেলে২ রাহা জায় নেকলিয়া * ছাড়িয়া জাবল দেশ জাইয়া ইরানে ॥ হাজের হইল সাহা কাউছ জেখানে * গেও আর রোস্তমে দেখিয়া জাহা গির॥গোস্বা হৈয়া ফরমাইল তুছের খাতির * এই দুই পাহালওানে মার শুলি দিয়া ॥ এত দের হৈল সেথা কিসের লাগিয়া * আমার হুকুম নাহি আনিয়া বজায় ॥ অপনা মতলব মত আইল হেথায় * এ বড় গজব কথা না মানে ফরমান ॥ মোর আগে দেখায় কি জোরের গুমান * সুন তুছ ভাল যদিচাহ আপনার ॥ এখনি ধরিয়া সাজা দেহ দোহাকার * কি করে লাচার হৈয়া তুছ নামদার॥রোস্তমে ধরিতে চলে হুকুমে বাদসার * দেখিয়া তুছের তরে রোস্তম তখন ॥ জোরেতে হাকিয়া কহে হয়ে গোস্বামন এছাই কলেজা কার আমাকে ধরিয়া ॥ চড়াইয়া সুলি পরে ডালিবে মারিয়া * নাদানি করিয়া সাহা কাউছ জাহান॥মারিতে আমার তরে করিলে ফর্ম্মান*ধরিতে এখানে ফের ভেজিল তোমায়॥ তুমি এসে মোর আগে লাগিবে কোথায়*জত দেশ আছে সবে কাউছসাহায়॥ সবে মিলে আইলে তবু কি করে

এত জোর ॥ তখন চলিল মর্দ্দ কেল্লার ভিতর * দেখে গিয়া চারিদিকে নাই লোক জন ॥ ঢুড়িতে লাগিল ফের বিবীর কারন * কোনখানে নাহি কিছু পাইয়া সন্ধান ॥ মাসুক লাগিয়া মর্দ্দ হৈল পেরেসান *কহে এয়ছা ছওগন্দ করিয়া বিবী জানি ॥ দাগা দিল আখেরেতে করিয়া সয়তানি* আল্লা চাহে-দেখা জদি পাই কোনকালে ॥ করিব এলাজ এর জাহা আছে দেলে * এহা বলে গিয়া ফের ময়দান বিচেতে ॥ আপনা লস্কর সব লিয়া আইসে সাতে * রহিল কেল্লার বিচে জাইয়া সবাই ॥ মহিম হইল ফতে ঘুচিল বালাই * মালমাত্তা কেল্লা বিচে ছিল জে সকল ॥ লইল সে সব মাল করিয়া দখল* ফতে নামা বাজা বাজে কেল্লার মাঝার ॥ দেলেতে হইয়া খুসি ছোহরাব ছরদার * রহিল কেল্লারবিচে লইয়া লস্কর ॥ কাজদাহাম ভেগে জায় শুন সে খবর * লোক জন লিয়া সাতে চলে রাহা বিচে ॥ মছলত করিল জাব কাউছের কাছে*ইরানে কাউছ সাহা বড় নামদার ॥ সেখানেতে গিয়া সবে হইয়া কারার এয়ছাই মছলত করে চলিল নিদান ॥ পঁওছিল ইরানে জেথা কাউছ জাহান * জাইয়া বাদসার আগে করিয়া ছালাম ॥ বিবরিয়া কহিতে লাগিল কাজদাহাম * সুন বাদসা নামদার কহি জোনাবেতে ॥ পাহালওান আইল এক কেল্লা মতিনেতে * তাহার জোরের কথা কি কব বয়ান ॥ তার ডরে ভেগে আইনু বাচাইয়া জান * সাম নুরিমান ছিল জেয়ছা জোরওার ॥ সেই মর্দ্দ হবে ঠীক তার বরাবর* আর সেই সাম জেয়ছা ছিল পিলতন ॥ সেহবি পিলতন বটে তাহার মতন * চৌদা বরছ ছেন হইবে তা-হার ॥ বড়ই চালাক মর্দ্দ জোরে জোরওার * জবে সে ছওার হৈয়া ময়দানে আইল ॥ হাজির যাইয়া তার মোকাবেলা কৈল * এয়ছাই জোরেতে মর্দ্দ চালাকি করিয়া ॥ পাহালওান হাজিরাকে লইল ধ-রিয়া * দেখিয়া লাগিল ধন্দ আমা সবাকায় ॥ মহিমের বন্দ এয়ছা না দেখি কোথায় * তাহা বাদে গ্রেদ আফরিদ বিবী গিয়া ॥ কামানে জুড়িল তির তফাতে থাকিয়া * কোনরূপে কারি না হইল সেই তির ॥ আসিয়া ধরিল মর্দ্দ বিবীর খাতির * বিপাক দেখিয়া বিবী হুনুর হেকমতে ॥ জান বাচাইয়া ফিরে আইল সেথা হৈতে * আখেরে কি করি আমি লাচার হইয়া ॥ রাতকালে কেল্লা হৈতে আইনু ভাগিয়া * পানাহি লইনু এবে আসিয়া তোমার ॥ এখন বুঝিয়া কাম কর নামদার * এবাতে গাফেল না রহিবে জাহাগির ॥ ভাল জাতে হয় আপে কর সে তদবির * এয়ছাই শুনিয়া সাহা কাউছ তবে ভাবা গোনা করিতে লাগিল মনে মন * কহে কি উপায় করি এহার তদবির ॥ মাঙ্গাইতে হইল এবে রোস্তম খাতির * এহা বলে নামা লিখে বাদসা জাহাপানা ॥ অধিন খাতের কহে ঘটীল যন্ত্রনা * আসিয়া রোস্তম সাহা পড়িবে জখন ॥ ফতে হবে মারা জাবে ছোহরাব পিলতন * তখন আখেরে হবে হায়২ সার ॥ ছিনাতে পাইবে চোট রোস্তম সরদার * বুঝিয়া করিলে কাম না হবে পস্তাতে ॥ জা আছে নছিবে লেখা কে পারে খণ্ডাতে *

কায় কাউছ বাদসা ছোহরাবের খবর সুনিয়া রোস্তমকে জাবল
হৈতে মাঙ্গাইবার বয়ান *

কাউছ লিখিল নামা রোস্তমের তরে ॥ সুনহে রোস্তম মর্দ্দ কহি জে তোমারে * পোস্ত পানা আছ তুমি ইরানি লোকের ॥ তেরা হাতে তামাম মুল্লুক আছে জের * তোমার জোরেতে করি খুসিতে বাদসাই ॥ কোনবাতে গম দুক্ষ দেল বিচে নাই * নামি২ পাহালওান আছে জতজনা ॥ সবার সরদার তুমি সাহেব মর্দ্দানা* তেরা তলওারের জোরে সবার বড়াই ॥ তোমা বিনে কাহার জুগ্যতা কিছু নাই এতদিন ছিনু ভাল দেল খোসালেতে ॥ লড়িতে হইল ফের দুসমনের সাতে * আপান সেতাবি হেথা আসিবে চলিয়া ॥ তুরকি সওার এক পৌছিল আসিয়া * তার সাতে মিলিয়াছে তুরানি সেফাই ॥ মি-লিয়া আইল সবে করিতে লড়াই * বড় পাহালওান সে ছোহরাব তারনাম ॥ তার মত নাহি কেহ আলমে তামাম * বয়ান করিব কত তাহার জোরের ॥ বড়২ পাহালওান তার হাতে জের * লড়িতে তাহার সাতে তোমার ছেওায় ॥ কার তরে এছা আর না দেখি কোথায় * শুনিয়াছি আমি তার এয়-ছাই বয়ান ॥ আছিল জেমন রূপ সাম নুরিমান * আকার প্রকার তার সামের মতন ॥ ভেদাভেদ নাহি কিছু আর পিলতন*চৌদা বচ্ছরের ছেন থোড়াই উম্মর ॥ এরি মধ্যে লড়ে সে করিয়া এত জোর*এহি

কোহ্মরে ॥ ধমকে সে ঘোড়া হৈতে গেরে জমিপরে * ছোহরাব দেখিয়া তাহা নেবে ঘোড়া হৈতে ছাতি পরে বৈসে তার বেন্ধে পাও হাতে * আপনা লস্কর বিচে দিল পাঠাইয়া ॥ রাখিল সর্দ্দার সব কয়েদ করিয়া*হাজিরা পড়িল ধরা দেড়িয়া তাহায়॥গড়ের সরদার জত করে হায়২* কাজদাহামনামে এক ছিল পাহালওান ॥ চাহে সে সওার হৈয়া জাইতে ময়দান * বেটী এক ছিল তার বড জোরওার ॥ ছুরত জামাল বিবী জওানি বাহার * এছাই ছুরত আল্লা দিয়াছিল তায় ॥ হুর পরি তাহাকে দেখিয়া লাজ পায়*গ্রেদো আফরিদ নাম আছিল তাহার॥জঙ্গের হুনুরে বিবী ছিল ওস্তওার* কহিল সে আপ নার বাপের কারনে ॥ লড়িতে নাহিক তুমি জাইবে ময়দানে * আমি গিয়া ময়দানে করিব তেগবাজি ফতে হবে জার বাবে আল্লা আছে রাজি * আপনি তামাসা দেখ রহিয়া এ ঠাই ॥ দেখি কেছা জঙ্গ করে বিদেশী সেফাই * এহা বলে মর্দ্দানা লেবাছ পিন্ধে বিবী ॥ ঘোড়াতে সওার হৈয়া চলিল সে তাবি*ছোহরাব ময়দানে খাড়া আছিল যেখানে ॥ যাইয়া পওছিল বিবী তাহার সামনে * মুখের গঠন তার ছোহরাব দেখিয়া ॥ পাছানিয়া লিল মর্দ্দ আওরত বলিয়া * কহে এ মরদ নাহি হইবে কখন॥ তাহইলে নাহইত নাজনি বদন*আলবত্তা আওরত হবে বুঝিনু এহায়॥ ধরিব এহার তরে জেকরে খো দায়*এহা বলে চাহে মর্দ্দ ঘোড়া ওঠাইতে॥ দেখে বিবী সেতাব কামান লিয়া হাতে * খেচিয়া মারিল তির ছোহরাবের পরে॥ দোহরাব সে তির তার ঢালে বদ করে * মারিতে লাগিল তির বেহুদা এছাই ছোহরাব নিকটে তার জেতে পারে নাই * একে২ তির জত চালাইল বিবী ॥ ছোহরাব ঢালেতে রদ করিয়া বাখুবি*কুদিয়া নিকটে তার পওছিল জাইয়া ॥ গেরাইল জমি পরে নেজাতে গাথিয়া* জমিনে গিরিয়া বিবী খেচিয়া সমসের ॥ নেজা কেটে খান২ কৈল ছোহরাবের* হেম্মত করিয়া ফের উঠিল কু- দিয়া ॥ ছওার হইয়া আসে তেগ হাতে গিয়া * জওা মর্দ্দি দেখে তার ছোহরাব সর্দ্দার ॥ দেল বিচে হেকমত করিয়া আপনার * কামানের গুন তার গলে লাগাইয়া ॥ ঘোড়া হৈতে জমি পরে দিলেক ডালিয়া* জখন গিরিল বিবি জমিন উপরে ॥ ছেরেতে আছিল তাজ পড়ে গিয়া দুরে * খুলিল মাথার কেশ লাঙ্গা হৈল ছের ॥ আওরত বলিয়া খুব হইল জাহের*রওসন হইল মুখ চান্দের সমান ॥ দেখিয়া আসক হৈল ছোহরাব জওান * কয়েদ করিল ধরে বিবীর কারন ॥ বিপাক দেখিয়া বিবী কহিল তখন খালাছ করিয়া মুঝে দেহ নামদার ॥ লেউণ্ডি হইয়া আমি রহিব তোমার * হুকুম করিবে যাহা আমার খাতির ॥ কোনবাতে কদাচিত না হেলাব ছির * আর জত মালগঞ্জ কেল্লার মাঝার ॥ সে সকল মেরা হাতে আছে এক্তেয়ার*দিব তা তোমার তরে করিনু কবুল॥ আমার কারার এই না হবে ওহুল* দাগা দারি করি জদি কছম খোদার ॥ খালাছ করিয়া মুঝে দেহ নামদার * এয়ছাই কারার লিয়া ছোহরাব তখন ॥ খালাছ করিয়া দিল বিবীর কারন * খুসি হৈয়া গেল বিবী কেল্লাতে চলিয়া ॥ আপনা বাপের আগে কহে বিবরিয়া * সুন বাপ এই মর্দ্দ বড় পাহালওান ॥ জোরে না আটীবে ওছে কাউহ্ জাহান এই বেলা চাহ জদি আপনা ভালাই॥মেল গিয়া খুসি দেলে নাকরে লড়াই* নহেত উহার হাতে বাচা হবে ভার ॥ তেগজোরে ওড়াইবে গর্দ্দান সবার * বাচিয়া আইনু আমি হুনুর হেকমতে ॥ দেখা শুনা হৈল তাই তোমার সহিতে*নহে মেরা উম্মেদ না ছিল বাচিবার ॥ বাচায়ে আনিল মুঝে পাক পরওার এহা সুনে কাজদাহাম বেটির মুখেতে ॥ দেল বিচে ভাবা শুনা লাগিল করিতে * কহে কি উপায় করি বাঁচাইতে জান ॥ থাকিলে কেল্লার বিচে হব পেরেসান * খুবি নাহি দেখি এবে থাকিয়া কেল্লাতে ॥ জান বাচাইয়া ভাগি এখান হইতে * এয়ছাই মছলত করে লোক জন লিয়া ॥ রাত জোগে কেল্লা হৈতে জায় পালাইয়া * কেহ না রহিল সেই কেল্লার বিচেতে ॥ ভাগিল তামাম লোক জানের দহসতে রাত পোহাইয়া গেল ফজর সময় ॥ ছোহরাব কেল্লার পানে তাকাইয়া চায় * গমাগম আর কিছু না পায় শুনিতে ॥ ভালা বুরা হাল তার দরিয়াপ্ত করিতে * পায়২ গিয়া মর্দ্দ কেল্লার দুয়ারে ॥ তাকাইয়া দেখিতে লাগিল চারিধারে * লোক জন কেহ নাহি কেল্লার বিচেতে ॥ তখন বুঝিল মর্দ্দ আপনা দে লেতে * ভাগিয়া গিয়াছে জত ছিল লোকজন ॥ জানা গেল খালি কেল্লা হৈয়াছে এখন * এহা বলি জোরেতে হাকিয়া পাহালওান ॥ কেল্লার দরওাজা ধরে দিল এক টান * কেওাড় ভাঙ্গিয়া গেল কৈল

হৈনু আমি শুনিয়া খবর * এবে আমি হেথা হৈতে কোমকে তোমার ॥ পাঠাইয়া দিতেছি লস্কর বে শুমার * এইরূপে নামা লিখে ভেজিয়া আগেতে॥ আপনা লস্করে কহে তৈয়ার হইতে * সুনিয়া আইল সবে কোমর বান্ধিয়া ॥ ছোহরাবের মদদেতে জাইবে বলিয়া * তখন সে আফরাছিয়াব দুরাচার ॥ দুই জনা ছরদারে ডাকিয়া আপনার * লস্করেতে দিল দোহে ছরদার করিয়া ॥ চলিল দুজনে তারা লস্কর লইয়া * সুন বলি নাম সে ছরদার দুজনার ॥ হুমা পাহালওান আর বারেমা ছরদার * জখন দুজনে তারা লস্কর লেসাতে॥রওানা হইল জেতে তুরান হইতে * আফরাছিয়াব গিধি কমিনা বজ্জাত ॥ বেলে বদি মুখে ভাল কহে এইবাত * তোমরা দুজনে সদা হইয়া হুসিয়ার ॥ এইবাত ইয়াদ জে রাখিবে আমার * ছোহরাব না চেনে জেন রোস্তমের তরে॥রোস্তম নাহিক জাতে জানে ছোহরাবেরে * বাপ বেটা দোহে জেন না পারে মিলিতে ॥ হামেসা কোসেস তুমি করিবে এবাতে * জে ছুরাতে জঙ্গ হয় বাপ ও বেটায় ॥ তাহার ফিকির সদা করিবে দোহায় * বহুত তাকত গায়ে আছে ছোহরাবের ॥ আলবত্তাসে রোস্তমে করিতে পারে জের * ছোহরাবের মহিমে রোস্তম জদি মরে ॥ তা হইলে ডর নাহি করি কার তরে * কোন রূপে ছোহরাবেরে ডালব মারিয়া॥ আফত বালাই সব জাইবে ঘুচিয়া * এইদুই পাহালওান জদি মারা জায় ॥ তা হইলে কেবা আর পারিবে আমায় * সহজে ইরান দেস করে লিব ফতে ॥ দুস্মন সকলে জের হবে মেরা হাতে * এয়ছাই মতলব করে আফরাছিয়াব ॥ দাগাদিয়া রোস্তমেরে করিতে খারাব * লস্কর সঙ্গেতে দিয়া ছরদার দুজনে॥ পাঠাইল পাহালওান ছোহরাব জেখানে * কত দুরে এসে সব তুরানি লস্কর ॥ মেলে ছোহরাবের সাতেরাহার উপর * লস্কর দেখিয়া মর্দ্দ ছোহরাব সরদার ॥ হইল দেলের বিচে খোসাল হাজার * আর কত মাল গঞ্জ আফরাছিয়াব॥ পাঠাইয়া ছিল তাহা দেখিয়া ছোহরাব * আফরাছিয়াবের খুব জেনে মেহেরবান ॥ লিয়া তার মালগঞ্জ জে কিছু ছামান * মিলে জুলে এক সাতে তামাম ফউজ ॥ চলিল ইরানে জেন উঠিল মউজ * মঞ্জেলং রাহা নেকালিয়া জায় ॥ কয় রোজ গিয়া রাহে কেল্লা এক পায় * ছোহরাব হুকুম কৈল আপনা লস্করে ॥ ছাড়িয়া নাজাব কেল্লা রাহার উপর * ময়দানে ডালহ ডেরা তামাম ছেপাই ॥ পহেলা এ কেল্লা বিচে করিব লড়াই এহা বলে নামা এক লিখিয়া ছোহরাব ॥ কেল্লার ছর্দ্দারে দিল ভেজিয়া জওাব * হাজিরা বলিয়া সেই ছরদারের নাম ॥ ছোহরাব লিখিল তারে এয়ছাই পয়গাম * সোনরে হাজিরা চাহ ভাল আপনার ॥ মেল এসে মেরা সাতে হৈয়া তাবেদার * নহে জাবে মেরাহাতে খারাব হইয়া॥জালাইব কেল্লা তেরা আগলাগাইয়া * মারিয়া ডালিব তেরা তামাম ছেফাই ॥ এখন করহ কাম বুঝিয়া ভালাই * হাজিরা পাইল জবে এয়ছাই লিখন ॥ জলিয়া উঠীল মর্দ্দ হৈয়া গোস্বামন * জওাবা নাদিল কিছু ছোহরাবের তরে একেলা কোমর বেন্দে আইল বাহিরে * ছেফাই তলব রাখে করিতে লড়াই ॥ কহে আইস নেকলিয়া তুরকি ছেফাই * দোখ কেছা জোর রাখ আইস নেকালিয়া॥ খাকখুনে মেলাইব তলওার মারিয়া * মরিবার সাধ জার আছে দেল বিচে ॥ আসিয়া গরদান রাখ মেরা তেগ নিচে * এইরূপে লাফ কাফ করে সে আসিয়া ॥ছোহরাব সুনিয়া তাহা গোস্বাতে ভরিয়া * কোমর বান্ধিয়া মর্দ্দ হইয়া ছওার ॥ মোকাবেলা হৈল গিয়া ছামনে তাহার * দেখিয়া ছোহরাবে সেহ কহিল এছাই ॥ লাড়কাই ওমর তুঝেদেখিবারে পাই * কি জোরে আইলে তুমি মহিম করিতে ॥ নাহক এখনি মারা জাবে মেরা হাতে * ফিরে জাহ আপনাকে বাচাইয়া জান॥পাঠাইয়া দেহ একদুছরা জওান * তবে জদি ডর নাহি রাখহ দেলেতে হেম্মত করিয়া আইস লড় মেরা সাতে * আর কিবা নাম তেরা কহ পাহালওান॥ বেনামেহারাবে কেন আপনার জান * সুনিয়া ছোহরাব মর্দ্দ ভরিয়া গোস্বায় ॥ আপনার নাম দিল বাতাইয়া তায় * তখন সে নেজা লিয়া হাতে আপনার ॥ কুদে আইসে কহে নেজা সামাল আমায় * এহা বলে মারে নেজা খেচিয়া জোরেতে ॥ জিন হৈতে ছোহরাবে না পারে হেলাইতে * রহিল সাবুদ মর্দ্দ ঘোড়াতে ছওার দেখে সে তারিফ করে হাজারে হাজার * সাবাসং মর্দ্দ ছোহরাব জওান ॥ সহিলে এয়ছাই নেজা সাবাস পরান * জদি নেজা মারিতুন হাতের উপর ॥ গিরিয়া জাইত হাতি টুটীয়া কোমর * তখন ছোহরাব বলে বুঝিনু মর্দ্দমি ॥ সামালিয়া রহ এক নেজা মারি আমি * এহা বলে নেজা তার মারিল

পেরেসানি ॥ মরিব তোমার সোগে আমি অভাগিনী* ছোহরাব মায়ের মুখে এবাত সুনিয়া ॥ কহিতে লাগিল মর্দ্দ। গোস্বা দেল হইয়া * সুনগো মা জাহা তুমি কহিলে আমায়॥ এবাত আমার দেলে পছন্দ না হয় * আপনা বাপের নাম দুস্মনের ডরে ॥ পুসিদা রাখিব আমি কিসের খাতেরে * বাপ মেরা পাহালওয়ান রোস্তম ছরদার ॥ তার বেটা হৈয়া আমি ডর রাখি কার * এবে আমি তুরকি ছওার লিয়া সাতে ॥ জাইব ইরান দেসে মহিম করিতে*কাউছ বাদসার তক্ত ছেনাইয়া লিব॥আপনা বাপেরে সেই তক্তে বসাইব*তুছ পাহালওয়ান আর জে কেছু সর্দ্দার ॥ মেটাইয়া দিব নাম তাহা সবাকার * তুরানের বিচে আছে আফ্রাছিয়াব ॥ সেখানে জাইয়া তারে করিব খারাব * দুস্মনি সে রাখে মেরা বাপের সঙ্গেতে॥তাহারে মারিয়া তক্ত লইব জোরেতে*আমি আরবাপ মেরা রোস্তম ছরদার॥ দুইজনে মোরা জদি ধরি তলওার * তা হইলে জত বাদসা দুনিয়া বিচেতে ॥ বাকি না রহিবে কেহ আমাদের হাতে আমি কি ডরাই দেখে দুস্মনের তরে ॥ এ কথা কহিলে কোন দানাইর পরে * আপনা বাপের নাম করিব জাহের॥মহিমে জাইব এবে নাহি সহে দের*সুনিয়া তহমিনা বিবী ছোহরাবের বানি॥ কান্দিতে২ কহে সুন জাদুমনি * খেয়াল নাকর তুমি মহিমে জাবার ॥ মোর মাথা খাও তুঝে দোহাই আল্লার * তুমি গেলে মহিমেতে আমি অভাগিনী ॥ মরিব তোমার শোকে খেচে পেরেসানি * তোমা বিনে হবে মোর ঘর অন্ধকার ॥ মুঝে সাতাইয়া লাভ কি হবে তোমার * এরূপে তহমিনা বিবী কান্দিয়া২ ছোহরাবের তরে কত কহে বুঝাইয়া * না সুনে ছোহরাব তবু মায়ের বচন ॥ কহে নাহি মানাকর আমার কারন * একান্ত জাইব আমি করিতে লড়াই ॥ সাতে লিয়া আপনার লস্কর ছেফাই * এহা বলি তলব করিল এক ঘোড়া ॥ ঢাল গোর্জ্জ তির তেগ আর জামা জোড়া * একথা সুনিয়া বিবী লাচার হইয়া ॥ বেটার খাতিরে আখে আছু বহাইয়া * মাঙ্গাইয়া দিল সেশে ছেলাছরঞ্জাম ॥ ঢাল গোর্জ্জতির তেগ হাতিয়ার তামাম * ছোহরাব হইয়া খুসি কোমর বান্ধিয়া ॥ ঢাল গোর্জ্জ তির তেগ নেজা ফল লিয়া * ছালাম করিয়া কহে মায়ের পায়েতে ॥ দোওা কর ফতে জেন হয় মহিমেতে* বিবী বলে জাহ বাবা শুাপন্ন খোদায়॥এলাহি মহিমে ফতে দিবেক তোমায় * তখন ছোহরাব মর্দ্দবিদায় হইয়া ॥ ঘোড়া জেথা আস্তাবলে পৌছিল জাইয়া * আছিল বহুত ঘোড়া বান্দা ঠাই২॥ কোন ঘোড়া ছোহরাব পছন্দ করে নাই*একে২ হাত মেরে সবার পিঠেতে ॥ পছন্দ করিয়া খুব লাগিল দেখিতে* হাত রেখেদেখে মর্দ্দ পিঠেতে জাহার ॥ পিঠ গিয়া জমিনে ঝুলিয়া পড়ে তার * কোন ঘোড়া নাহি হয় সওারির মত একে২ দেখিতে আছিল ঘোড়া জত*আখেরে বাছেড়া এক ছিল তেজদার ॥ রখসের পয়দাস ঘোড়া বড় জোরওার*জাইয়া পওছিল মর্দ্দ তাহার কাছেতে॥হাত লাগাইতে পিঠে লাগিল কুদিতে* দেখে সে ঘোড়ার তরে পছন্দ হইল ॥ কেননা সে ঘোড়া খুব চালাক আছিল * তখন হইয়া খুসি ছোহরাব ছরদার ॥ জিনওঠাইয়া দিল পিঠেতে তাহার * হানাতে বান্দিয়া দিল ছেলা ছরঞ্জাম ॥ কুদিয়া ছওার হৈল ধরিয়া লাগাম * মহাম্মদ খাতের বলে না সুনিয়া মানা ॥ চলিল ইরান দেসে ছোহরাব মর্দ্দানা.

ছোহরাব আপন লস্কর লিয়া কাউছ বাদসার সাতে লড়াই করিতে জায়
ও রাহা বিচে কেল্লা মতিনকে ফতে করিবার বয়ান *

পয়ার * জাইতে ইরান দেসে মহিম লাগিয়া ॥ ছোহরাব মায়ের আগে বিদায় হইয়া * লস্কর লইয়া সাতে হাজারে হাজার ॥ আপনি ঘোড়ার পরে হইয়া ছওার * সর্দ্দার সবার তরে লাগিল কহিতে মহিম করিয়া সাহা কাউছের সাতে * তাজ তক্ত ছিনাইয়া লইয়া জেতার ॥ বসাব সে তক্তপরে বাপে আপনার * বাপ মেরা সর্দ্দারি করিবে ইরানেতে॥ আর জত বাদসা তার রহিবে খেদমতে* এহা শুনে কহে জত তুরকি সর্দ্দার ॥ মছলত করেছ খুব ওহে নামদার * এবাতে আমরা খুব কোসেস করিব * কাউছ বাদসার তরে জিতা না ছাড়িব*এহা বলে চলে সবে হইয়া রওানা ॥ এড়াইল সামগার জতেক সিমানা * তখন খবর সুনে আফরাছিয়াব ॥ পয়গাম লিখিয়া এয়ছা ভেজিল সেতাব * হামেসা আখেজ মেরা কাউছের সাতে॥কোনমতে আমি তারে নাপারি আটীতে * এইবাতে আমার দেলেতে বড় সাদ॥ জেরূপে কাউছে পার করিতে বর্ব্বাদ * আপনি ইরানে জেতে বান্দিলে কোমর ॥ বড় খুসি

হামেসা বেজায়*হোথায় আপনা দেশে রোস্তম সরদার॥ভালা বুরা কিছুইনা জানে সমাচার* লাড়কা হইল কিম্বা লাড়কি হইল ॥ জখন খবর কিছু নাহিক পাইল * পেরেসান হৈয়া মর্দ্দ দেলের বিচেতে এক লোকে পাঠাইল খবর জানিতে* দুই লাল আর তিন এয়াকুতের দানা ॥ দিয়া সে লোকের হাতে রোস্তম মর্দ্দানা* কহিল সেতাবি গিয়া সামগা সহরে ॥ এই লাল দিয়া বিবি তহমিনার তরে * আমার ছালাম দিয়া কহিবে তাহায় ॥ রোস্তম খবর লিতে ভেজিল আমায়*আর এক নামা লিখে দিয়া তাকে ফের ॥ কহিল সেতাবি জাহ নাহি কর দের * এহা বলে দিল তারে বিদায় করিয়া ॥ সামগা সহর বিচে গেল সে চলিয়া*॥আছিল তহমিনা বিবী মহলে জেখানে ॥ নামা আর লাল দিয়া তাহার ছামনে কহিল জওাব লিখে দেহনা তরায় ॥ সেতাবি জাইবদের না সহে আমায় * একথা সুনিয়া বিবী নামা লিয়া হাতে ॥ ছালাম করিয়া লেখা লাগিল পড়িতে * লিখে ছিল নামা বিচে রোস্তম ছরদার ॥ বেটা কিম্বা বেটী হৈল হামেলে তোমার*এতক খবর মুঝে নাহি পাঠাইলে ॥ রাত দিন থাকি আমি পেরে সান দেলে * কি হালেতে আছ আর এই বিবরন ॥ লিখিয়া করিবে খুসি আমার কারন * পড়িয়া তহ মিনা বিবি লিখিল এয়ছাই ॥ ভাবে মনে কি জওাব লিখিয়া পাঠাই * জদি লিখি বেটা পয়দা হৈয়াছে আমার ॥ তা হৈলে তলব জদি রাখে নামদার * তখন রাখিতে নাহি পারিব হেথায় ॥ ছোহরাবেরে পাঠাইতে হইবে সেথায়*কেমনে বেটাকে ছেড়ে রব একাকিনি ॥ হামেহাল ওঠাইতে হবে পেরেসানি এয়ছাই ভাবিয়া বিবি আপনা অন্তরে ॥ লিখিল জওাব এহা রোস্তমের তরে * সোন পাহালওান কহি তোমা বরাবরি॥ হইয়াছে বেটি এক ছুরত মেহেরি * একারনে নাহিক ভেজিনু সমাচার ॥ পাছে নাকি রঞ্জ হয় দেলেতে তোমার * এইরূপে জওাব লিখিয়া বিবিজান ॥ দিয়া সেই কাছেদেরে ভেজিল নি-দান * জওাব লইয়া তবে কাছেদ আসিয়া ॥ রোস্তম হুজুরে দিল হাজের করিয়া * রোস্তম সে লেখা পড়ে পাইয়া খবর ॥ হইল খাতের জমা খোসাল অন্তর * তার পরে সোন হেথা ছোহরাবের বানি এক রোজ দেলে মর্দ্দ হৈয়া পেরেসানি * আসিয়া পুছিল এহা আপনার মায় ॥ সোন২ মা জননি কহি জে তোমায় * এখানেতে লোক মুঝে পোছে সমাচার ॥ কাহার ফরজন্দ তুমি বাপ কে তোমার * না জানি বাপের নাম কহিব কেমনে॥ এবাতে সরম হয় লোকের সামনে * কি নাম আমার বাপ থাকে সে কোথায় ॥ নাম গাও দেহ তুমি কহিয়া আমায় * এহা সুনে কহে বিবি বেটাকে তখন ॥ তোমার বাপের নাম রোস্তম পিলতন*জাল সাহা দাদা তেরা তার বাপ সাম ॥ পাহালওানি নাম জার আলমে তামাম * বাপ তেরা পাহালওান বড় জঙা মর্দ্দ ॥ কত সত দেও তুড়ে করে দিল গর্দ্দ * সুনিলে তা হার নাম ভাগে সের নর ॥ পরেন্দা জানওার ডরে নাহি মারে পর * দেশে২ বড়২ জত পাহালওান তাহার তলওার জোরে আছে পেরেসান* ছিস্তান দেশের বিচে বাদসাই তাহার॥ সোন বাবা নেহাত কহিনু সমাচার * ছোহরাব এ কথা সুনে হৈয়া খুসি মন ॥ আপনা মায়ের তরে কহিল তখন * এবে আমি আপনার খবর লিখিয়া ॥ বাপের নিকটে লোক দিব পাঠাইয়া * ফের সে আনিব হেথা বাপের খবর * সুনিয়া রহিবে খুসি দোহার অন্তর ॥ হামেহাল দুই তরফের সমাচার ॥ শুনিলে দোহার দেল রহিবে কারার* নহে আমি হেথা হৈতে জাইয়া সেখানে ॥ বাপ বেটা খুসি হৈয়া মিলি দুইজনে একথা শুনিয়া বিবি ছোহরাবে তখন ॥ কহিল না কর বাবা খিয়াল এমন * শুনিলে তোমার নাম রো স্তম ছরদার ॥ তলব করিবে তুঝে কাছে আপনার * কিম্বা জদি জাও সেথা তা হৈলে তোমায় ॥ রোস্তম আসিতে আর না দিবে হেথায়*সে হইলে দুখ বড় হবে মোর মনে॥না দেখে তোমারে আমি মরিব পরানে * দোছরা এ ডর আছে রাহার উপর ॥ সোন বাবা কহি তুঝে তাহার খবর * আফরা ছিয়াব গিধি বড় দাগাদার ॥ তোমার বাপের সাতে দুসমনি তাহার *বাপ তেরা মহিম করিয়া তারা সাতে ॥ রেখেছে আজেজ করে হর হর বাতে * দুসমনি সে রাখে তেরা বাপের উপর ॥ কোন রূপে সোনে জদি তোমার খবর * তা হৈলে সে দুরাচার না দিবে ছাড়িয়া ॥ দুখ দিবে রাহে তুঝে একেলা পাইয়া* সোন বাবা কহি আমি তোমার খাতের ॥ আপনা বাপের নাম না কর জাহের * কিজানি দুস মনে জদি সুনে এই বাত ॥ কোন রুপে আদাওতি রাখে তেরা সাত * তা হইলে ওঠাইতে হবে

সাতে॥হাস্য পরিহাস কথা লাগিল কহিতে*আনিয়া ধরিল বিবী সারাবের জাম ॥ রোস্তম খাইয়া কহে পাইনু আরাম*পান বানাইয়া ফের মুখে দিয়া তুলে ॥ হাস্যমনে হাওলা করে আপনা অঞ্চলে*এইরূপে মস্ত হৈয়া মিলে দুই জনে ॥ আমদে মাতিয়া রহে খোসালিত মনে * হাসি খেলি নানারূপে করে কত রঙ্গ ॥ খুসিতে রসের নদি হইল তরঙ্গ * তখন সহিতে কেহ নাহি পারে আর ॥ মিলিয়া করিল দোহে খুসির বেভার * জত দুখ ছিল মনে মিলিয়া দুজন ॥ নিভাইল সব দুখ হৈল নিবারন* তাবাদে রহিল শুয়ে খোসাল অন্তর॥রাত পোহাইয়া গেল হইল ফজর* সেই রাতে ফজল হইতে এলাহির ॥ হামেল রহিয়া গেল তহমিনা বিবীর * তার পরে কিছু দিন খুসি খোসালিতে॥ রোস্তম রহিয়া সেথা বিবির মহব্বতে*এরাদা করিল দেশে জাবার জখন॥কহিল তহমিনা বিবী রোস্তমে তখন* সোন সাহা যাবে তুমি দেসে আপনার ॥ রহিনু এখানে আমি হইয়া বারদার * হামেসা আসিয়া তত্ত লইবে এখানে ॥ না আইলে পেরেসানি হবে মেরা জানে*রোস্তম একথা শুনে খোসাল হাজার॥ আছিল মোহরা একসাম সুরিমার * তহমিনা বিবীকে মর্দ্দ দিয়া সেমহরা ॥ বুঝাইয়া একে২ কহিল বেওরা * সোন বিবী বেটা হৈলে হামেলে তোমার ॥ এ মহরা বেন্দে দিবে বাজুতে তাহার*আর জদি বেটী হয় সোন দেল দিয়া মাথার চুলেতে তার দিবেক বান্ধিয়া* শুনিয়া তহমিনা বিবী পুছিল তখন ॥ এহাতে ফায়দা কিবা কহ বিবরন * বয়ান করিয়া তার রোস্তম ছরদার ॥ কহিল বিবীর তরে সোন সমাচার * রহিবে এ মোহরা জাহার নিকটেতে ॥ সের নর তার সাতে নারিবে আটীতে*দেও পরি মোকাবেলা হইতে তাহার ॥ না পারিবে কোনমতে সোন সমাচার* একথা কহিয়া মর্দ্দ বিবীর কারন ॥ বিদায় মাঙ্গিল দেশে আসিতে আপন*তখন তহমিনা বিবী কান্দিয়া২ ॥ রোস্তম হুতুরে কহে আছু বহাইয়া * আমাকে রাখিয়া সাহা জাইবে আপনি ॥ মরিব না দেখে তুঝে আমি অভাগিনি * কেমনে রহিব ঘরে তোমার বিহনে ॥ হাস্য পরিহাস কথা কব কার সনে * লইয়া খেলাব কারে সারাবের জাম ॥ তোমাবিনে রব সদা হৈয়া বেয়া- রাম * এসে জবে মোর সাতে করিলে মিলন ॥ খুসি হৈয়া ছিনু জেন পেয়ে কত ধন * এখন জাইবে তুমি ঘরে আপনার ॥ তোমা বিনে দেখি জেন দুনিয়া আন্ধার * এইরূপে কহে বিবি কান্দিয়া কান্দিয়া রোস্তম মর্দ্দানা তার কান্দনা সুনিয়া * বুঝাইয়া নানারূপে তাহার কারন ॥ গলে ধরে মিলে জুলে খুসি করে মন*বিদায় হইল লিয়া ঘোড়া আপনার॥খুসিতে ঘোড়ার পরে হইয়া সওার* সেথা হৈতে এসে ফের কহিয়া বাদসায় ॥ মিলিয়া বাদসার সাতে ধরিয়া গলায় * আইল আপনা দেশে ছিস্তান সহরে হেথায় রহিয়া বিবি মা বাপের ঘরে*রোস্তমে না দেখে রহে দেল পেরেসানে ॥ খানা পিনা কিছু নাহি ভাল লাগে মনে * হামেহাল রহে বিবী পেরেসান হৈয়া ॥ এই রূপে কত দিন জায় গোজারিয়া * অধিন খাতের কহে ভাবিয়া জালাল ॥ সোন সবে ছোহরাবের পয়দাসের হাল *

ছোহরাবের পয়দাসের বয়ান ॥

পয়ার * রোস্তম আইল জদি আপনার ঘরে ॥ রহিল তহমিনা বিবি মা বাপের ডেরে * নয় মাস গোজারিলে বাদেতে তাহার ॥ খালাছ হইল বিবী ফজলে খোদার * লাড়কা পয়দা হৈল এক ছুরাত জামাল॥আকার প্রকার তার সামের মেছাল * দেখে সে লাড়কার তরে অন্দর বাহির ॥ দাই দাসি গন আদি খোসাল খাতির*বাদসাও বেগম দেখে খোসালঅন্তর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর দেখিয়া তহমিনা বিবি বেটার ছুরত ॥ নেকলিয়া গেল সব দেলের কুলফত* হামেসা পালনকরে দেল জান দিয়া রাখিল বেটার নাম ছোহরাব বলিয়া * জখন হইল লাড়কা মাহিনা রোজের॥ মালুম হইল জেন এক বরছের* কোলে কাকে লিয়া সদা ফেরে জনে জন॥তিন বরছের সেন হইল জখন * খেলা করে ফেরে সব ছেলেদের সাতে॥ ঝগড়া ফছাদ জদি হয় কোন বাতে*তখন দেলের বিচে গোস্বাতে ভরিয়া ॥মার পিট করে সবে দেয় ভাগাইয়া * তাবাদে হইল জবে পাচ বরছের॥ ময়দানে ফিরিতে যায় খোসাল খাতের* কভু২ তির ও কামান হাতে লিয়া ॥ হরিন জানওার আনে সেকার করিয়া*তাবাদে হইল দশ বচ্ছর জখন ॥ বড়া২ পাহালওান দেখিয়া তখন * ডরে ডরাইয়া সবে ছোহরাবের তরে কেহ কিছু জোর করে কহিতে না পারে * এইরূপে এখানেতে নানার ডেরায় ॥ খুসিতে ছোহরাব মর্দ্দ

সান ॥ আখেরে পাইনু তার পায়ের নিসান * জেরাহে আইল ঘোড়া নেস্কান করিয়া ॥ পাগুপেদা হৈয়া হেথা পঙছিনু আসিয়া * ভাল চাহ ঘোড়া মেরা জে আনিল ধরে ॥ সেতাবি আনিয়া দেহ আমার হু জুরে *নহেত্ত ঘোড়ার দায় আফতে পড়িবে॥ নাহক আমার হাতে খারাব হইবে* একথা শুনিয়া সাহা কহে রোস্তমেরে॥ঘোড়ার লাগিয়া তুমি না ভাব অন্তরে*গোস্বা না হইবে বাবা সোন দেল দিয়া॥আজ মেরা ডেরে চল মেহমান হইয়া * খেয়ে পিয়ে আজ রাতে রহ খুসি মনে ॥ জেথা থাকে ঘোড়া কাল পাইবে বেহানে*এহা সুনে খুসি হৈয়া রোস্তম সরদার॥দাওত কবুল করেছামগা সাহার*হইয়া বহুত খুসি সেখানে থাকিয়া ॥ বাদসার মহল বিচে পৌছিল জাইয়া * তাজিম করিয়া বাদসা রোস্তম কারন সাহানা মছলন্দ পরে বসায়ে তখন * রোবাব তাম্বুরা আর সরাব কাবাব ॥ আনিয়া মৌজুদ সব করিল সেতাব *খুসিতে পিয়ালা বাজিকরেন বাসয়া ॥নেসাতে হইয়া মস্তবাজা হাতে লিয়া* কেহুগায় কেহু নাচে কেহুবা বাজায় ॥ এইরূপে আধা রাত গোজারিয়া জায় * তার পরে খানা পানি লিল মাঙ্গাইয়া ॥ খেয়ে পিয়ে দেল বিচে খোসাল হইয়া * রোস্তমের তরে সেই ঘরের ভিতর॥ সোওায়ে রাখিয়া বাদসা পালঙ্গ উপর * আপনি সুইল গিয়া দোছরা ঘরেতে ॥ রোস্তম একেলা সুয়ে রহে এখানেতে*শুয়ে২ দেল খোসে রোস্তম ছরদার॥ দেখিতে আছিল সেই ঘরের বাহার * হেন কালে আচানক পায় দেখি বারে ॥ নাজনি কুওারি এক পর্দ্দার ভিতরে * ছুরাত জামাল বিবী নবিন মেহেরি ॥ রূপ রঙ্গ দেখিতে জিনিয়া হুরপরি * মতির মাফিক ঠিক ছুরাত তাহার ॥ উঠেছে কমলদুটী দিয়াছে বাহার* ঠোট জেন রাঙ্গা জবা মাথা ভরা কেশ ॥ নানাঅলঙ্কারে ধরি করিয়াছে বেশ * পুর্ণিমার চন্দ্র জেন উদয় হইয়া ॥ আল করে পালঙ্গেতে রয়েছে বসিয়া*দেখিয়া রোস্তম তার ছুরাত জামাল॥হইয়া দেলের বিচে আসক খিয়াল * পুছিল কে বটে তুমিকহ দেখি সুনি ॥ এত রাত হৈল বসে জাগ একাকিনি * সুনিয়া সে বিবীকহে রোস্তমের তরে ॥ আমার দুখের কথা কি কব তোমারে * তবে জদি সুনিবারে করিলে খে য়াল ॥সোনাই তোমার তরে আমার জে হাল * ছামগা সাহার বেটি আমি অভাগিনী ॥ না হইল সাদি মেরা থাকি একাকিনী * তহমিনা আমারনাম সোন পাহালওান॥সুনিলে আমার হাল হবে পেরেসান মুদ্দত হইতে নাম শুনিয়া তোমার॥ দেলবিচে থাকি সদা হৈয়া বেকারার * এয়ছাই কারার করিয়াছি দেল জানে ॥ সাদি বেহা না করিব তোমার বিহনে*রাত দিন থাকি তেরারাহা তাকাইয়া ॥ বাপ মেরা এইহাল দেখিয়া শুনিয়া * আনিবারে এখানেতে তোমার খাতির ॥ কোন রুপে ঠাহরিতে না পায় তদবির * আখেরেতে জাছুছ ভেজিল ঠাই২॥ দাগু ঠাহরিয়া গিয়া তাহারা সবাই * ঘোড়াকে পাইয়া তেরা ধরিয়া জোরেতে ॥আনিয়া হাজের করে দিল এখানেতে*তুমি সেই ওছিলাতে আইলে হেথায় না হইলে দিদার তেরা পওা হৈত দায় * জদি আসিয়াছ মেরা নছিবের গুনে ॥ কহিনু তামাম হাল তোমার ছামনে*মেহের করিয়া কাল উঠিয়া ফজরে॥করিবে দরখাস্ত মেরা বাপের হুজুরে*বাপ মেরা খুবি চাহে তোমার কারন ॥ এই বাতে ছেরনা হেলাবে কদাচন * একথা কহিয়া বিবী সেখান হইতে আরাম করিল গিয়া মহল বিচেতে * রোস্তম সুনিয়া বাত খোসাল অন্তরে ॥ আরাম করিয়া রহে পালঙ্গ উপরে *রাত গোজারিয়া গেল হইল ফজর ॥উঠিয়া রোস্তম মর্দ্দ বাদসার গোচর* সাদির পয় গাম কৈল তহমিনা বিবীর ॥ শুনে সাহা রাজি হইয়া খোসাল খাতির * হুকুম করিয়া দিল উজিরে ডা কিয়া ॥ সাদির ছামানা কর সেতাবী জাইয়া * বাদসার হুকুম পেয়ে উজির সবায়॥ সাদির ছামানা সব করিয়া তরায়*আসিয়া বাদসার আগে কহিল খবর॥সুনিয়া করিল সাগা দিনমকরর * সাদিয়ানা বাজা বাজেঅন্দর বাহির॥সুনিয়া তামাম লোক খোসাল খাতির*তারপরে দেসের চলনজেছুরতে॥রোস্তমের সাদি দিল তহমিনার সাতে*সাদি দিয়া দেল খোস বাদসা জাহাপনা॥খেস কুড়মাসবাকারে খেলাইল খানা*খানাপিনা খেয়ে সবে হৈয়া খুসিমন॥এনাম খেলাত দিল রোস্তম কারন * জনে২ মিনতি করিয়া এহা কয়॥সোন বাবা এ চিজ লায়েক তেরা নয়*রোস্তম হইয়া খুসি তা সবার সাত॥মিলিল দোস্তরমত পাকড়িয়া হাত * মিলে জুলে গেল সবে বিদায় হইয়া॥ রোস্তম বিবীর ডেরে আইল চলিয়া * বাদসা হইয়া খুসি নিবড়িয়া কাম ॥ জাইয়া আপন ডেরে করিল আরাম * মিলিয়া তহমিনা বিবী রোস্তমের

সাতে॥আসিয়া পৌছিল দেশে ইরান বিচেতে * খুসি হৈয়া জাহাপানা কাউছ তখন ॥ তক্ত পরে বার দিয়া বসিল আপন * দুর হৈয়া গেল দুখ খোস্হাল অন্তর ॥ খোদাব দরগায় ভেজে হাজার সোকর * তাবাদে গোদর্জ্জ আর রোস্তম সরদার ॥ উজির আরকান আদি জত ছলাদার * আসিয়া দরবার বিচে আফছোছ করিয়া ॥ মালামত করিয়া কহে বাদসার লাগিয়া * একিবারে গেল তেরা আক্কেল দানাই ॥ নাহি বোঝ কিসে ভাল কিসেতে বুরাই * কমিনা লোকের বাতে ভুল বার বার ॥ হামেসা ওঠাও দুখ হইয়া লাচার * এইরূপে তিনবার পড়িলে আফতে॥ তবু না খেয়াল কিছু করিলে দেলেতে * এ কথা সুনিয়া সাহা সরম পাইয়া ॥ কিছু না কহিয়া রহেছের ঝোকাইয়া *তাবাদে রোস্তম আর ছরদার সবায় ছালামতছলিম সবে করিয়া বাদসায় * জার জে চলিয়া আইল হইয়া বিদাই॥ খুসিতে কাউছ সাহা করেন বাদসাই*আদল এনছাফ আর খয়রাত জাকাত ॥ হামেহাল করে সাহা বাদসা নেকজাত* রাজি হৈয়া খুসি রহে রায়েত সবাই ॥ কত দিন খুসি হালে গোজারে এছাই * দেওপরি জেনআদি এনছান সবার॥হইয়া রাহেন আপে সাহেব সরদার*দুনিয়া বিচেতে আর বাদসা সব জত॥ কেহ না হইল সাহা কাউছের মত*বড় নেকবক্ত সাহাকাউছ জাহান॥হৈয়াছে নাহবে কেহ তাহার সমান*আদল এনছাফ সাহা করিলজেছাই ॥ নৌসেরওা তার মত হইবেক নাই*এছা নেকবক্ত বাদসা হইবে জেহ্নন ॥ কায়েম রাখেন আল্লা তাহার কারন*কলম আমার এবে ছেড়ে এ খিয়াল ॥ লিখিতে খাহেস কৈল ছোহরাবের হাল * অধিন খাতের কহে কেতাব বচন ॥ ছোহরাবের পয়দাসের সোন বিবরণ * কি রূপে হইল পয়দা ছোহরাব মর্দ্দানা ॥ কার বেটা কোন দেশে তাহার ঠেকানা *

তহমিনা বিবীর সাতে রোস্তমের সাদি ও ছোহরাবের পয়দাসের বয়ান ॥

পয়ার ॥ এক দিন খুসি হৈয়া রোস্তম সর্দ্দার ॥ গেলেন ময়দান পরে করিতে সেকার * হরিন ধরিয়া এক করিয়া তকবির ॥ কাবাব করিয়া খায় খোসাল খাতির*খেয়ে পিয়ে জানে খুব আরামপাইয়া এক ঠাই সেখানেতে রহিল সুইয়া * ঘোড়াকে ছাড়িয়া দিল ময়দান উপরে ॥ কতদুরে গেল ঘোড়া ঘাসের খাতেরে*আচানক কতজনা তুরুকি সওার ॥ ঘোড়া জেথা চরে এসে হইল তৈয়ার* ঘোড়াকে দেখিয়া তারা হৈয়া খুসিমন ॥ ধরিবার তরে কৈল এরাদা তখন * চারিদিকে ঘিরে সবে কামান্দ ডালিয়া ॥ ঘোড়ার গলাতে ফাসি দিল লাগাইয়া * কুদিতে লাগিল তবে ঘোড়া জোরওার ॥ নজদিগে জাইতে কেহ না পারে তাহার*জে কেহ হেক্মত করে নিকটেতে গেল॥ লাত মেরে তাহাসবে মারিয়া ডালিল*মারা গেল কত লোক ঘোড়াকে ধরিতে ॥ তবু তারে ছাড়িয়া না দিল কোনমতে * আখেরে হেকমত করে রসি দিয়া পায় ॥ কএদ করিয়া ধরে লিয়া গেল তায় * জেখানে আছিল ঘোড়া তাহা-সবাকার॥সেথা এই ঘোড়া লিয়া হইল তৈয়ার*জোপ্ত দেলাইয়া এক ঘুড়ির সহিতে ॥ বান্ধিয়া রাখিল ফের তাহার কাছেতে * এখানে রোস্তম সাহা নিন্দেতে থাকিয়া ॥ কতক্ষন বাদে মর্দ্দ উঠিল জাগিয়া ময়দানে ঘোড়ার তরে দেখিতে না পায় ॥ চারি তরফেতে মর্দ্দ ঢুড়িয়া বেড়ায় * কোন খানে না পাইয়া ঘোড়ার সন্ধান ॥ দেলের বিচেতে বড় হৈল পেরেসান * আখেরেতে কতদুর গিয়া নাগদার ॥ দেখিল পায়ের দাগ আপনা ঘোড়ার* সেই রাহে চলে মর্দ্দ তল্লাস করিয়া ॥ পাও পেদা দেল বিচে পেরেসান হৈয়া * দেখাদেখি চলাচলি কতদুর জায় ॥ ছামনে সহর এক দেখিবারে পায় * সামগা বলিয়া নাম সেই সহরের ॥ রোস্তম সে দেস দেখে খোসাল খাতের * পায়ে২ জায় মর্দ্দ সহর ভিতর ॥ ছামগার সাহা তার পাইল খবর * গিয়া কোন লোক এহা কহিল বাদসায়॥রোস্তম মর্দ্দানা এসে পৌছিল হেথায় * শুনে বাদসা দেল বিচে খোসাল হইয়া ॥ পাও পেয়াদা হৈয়া চলে আগু বাড়াইয়া * জাইয়া পৌছিল সাহা রোস্তম জেথায়॥ আদব কানুন মত ছালাম জানায় * মিলিয়া তাবাদে ফের বাদসা সাহাগীর ॥ কহিতে লাগিল এহা রোস্তম খাতির*তোমার খায়ের খবি খোদার দরগাতে॥ হামেহাল মাঙ্গি আমি দেল খোসালেতে*কহ আপেএখানেতে কিসেরলাগিয়া॥ বেছওারী পাওপেয়াদা আইলেচলিয়া শুনিয়া রোস্তম কহে হৈয়া গোস্বা মন ॥ দুখ দিল মেরা তরে তেরা লোকজন * ঘোড়া মেরা ময়দানেতে চরিতে আছিল॥তোমার লোকেতে তারে ধরিয়া আনিল* আমি সেই ঘোড়া বুঝে হৈয়া পেরে

খাতাইয়া দিল সব দেয়ের সাতির* সুনিয়া দেয়েরা সবে বাজারেতে গিয়া ॥ আকাব জানওার চাব আনিল কিনিয়া * হামেসা খেলায় গোস্ত তাহা সবাকায় ॥ এইরুপে কিছুদিন গোজারিয়া জায় * জখন শকুন চার হৈল জোরওার ॥ কুওত হইল খুব বাজুতে সবার * নাহিক ডরায় দেখে মানুসেব তরে ॥ হামেহাল মানুসের নিকটেতে ফেরে * তখন সে পাখি দিগে বান্ধিয়া রাখিল ॥ দুই এক রোজ কিছু খেতে নাহি দিলে * তার পরে তক্ত এনে হেকমত করিয়া ॥ চারি পাখি দিল চার পায়াতে বান্ধিয়া * উপরে গাড়িয়া সিক চারিদিকে তার ॥ গোস্ত খেতে দিল সেই সিকের মাথায়* তখন যাইয়া সবদেও দুরাচার ॥ কহিল বাদসার আগে সোন নামদার * তৈয়ার হইল তক্ত সেতাবি আসিয়া ॥ খুসি হৈয়া আপনি সে তক্তে বার দিয়া*হাওাভরে আলগেতে জাইয়া আছমানে ॥ মালুম করিয়া ভেদ খুসি হৈয়া মোনে * ফের সেতক্তের পরে বসে আলগেতে ॥ হাওা ভরে আসিয়া পৌছিবে এ খানেতে * এ কথা শুনিয়া সাহা খোসাল অন্তরে ॥ বসিলেন গিয়া সেই তক্তের উপরে * দেও সব তক্ত ছেড়ে দিল সে সমায় ॥ পাখিরা লইয়া তক্ত উড়িল হাওায় * ভুকা ফাকা ছিল পাখি খেতে না পাইয়া ॥ গোস্ত দেখে উচা পানে চলিল উড়িয়া* খাবার লালচে পাখি উড়ে২ জায় ॥ জত ওড়ে গোস্ত নাহি নিকটেতে পায় এই রুপে কত দেশ গেল এড়াইয়া ॥ কমজোর হইল বাজু খেতে না পাইয়া * আখেরে লাচার হৈয়া না পারে উড়িতে॥তক্ত শুদ্ধা নীচে পড়ে চিনের দেশেতে*বেবাহা জঙ্গল এক আছিল সেথায়॥ গেরে সে জঙ্গল বিচে লইয়া বাদসায় * কিন্তু জে সময় বাদসা গিরিল সে বনে ॥ জখম না আইল কিছু তাহার বদনে * কেন না সে তক্ত পরে বাদসা নামদার ॥ বসে ছিল আপনাকে হইয়া হুসিয়ার * পাখিরা পড়িয়া নিচে তক্তের চাপনে ॥ হাড় গুড়া হৈয়া মারা পড়িল পরানে * বিপাকে পড়িয়া সাহা কাউছ তখন ॥ ভাবা গোনা করিতে লাগিল মনে মন * কহে এবে মারা যাব জঙ্গল ভিতর ॥ এবা কোন দেশ তাহা না জানি খবর * কতদুর কোন ভাগে সহর এহার ॥ কোন দিকে জাব নাহি জানি সমাচার * কি খাইব কেমনেতে রহিব বাচিয়া ॥ মরিব ভোকেরদায় খেতে না পাইয়া*এইরূপে ভেবে গুনে বাদসা জাহাপানা ॥ হেম্মত করিয়া দেলে ভাবিয়া রবানা*এক তরফেতে সাহা চলে রেগা দিয়া ॥ মোন দুখে দুই চক্ষে আছু বহাইয়া*কত দুরে গেল জবে দেখিবারে পান ॥ জঙ্গল নাহিক আর বেবাহা ময়দান * ভরসা হইল কিছু ময়দান দেখিয়া ॥ ছাঙাতলে এক ঠাই বসিল জাইয়া * কোথাও না জায় সাহা রহে সেইখানে ॥ ভুকা হৈলে মেওাফল খায় গিয়া বনে * এয়ছাই চাল্লিস দিন গোজারিয়া জায় ॥ রাত দিন কান্দে সাহা করে হায়২ * হামেসা আরজ করে দরগাতে খোদার ॥ দুখ মোনে করে জারি হৈয়া জারে জার* কহে মুখে আল্লাতালা মেহের করিয়া ॥ কোনমতে দেশ বিচে দেহ পৌছাইয়া * রাহিম রহমান তুমি রহমে আপনা ॥ মাফ কর আমি বান্দা অধিনের গোনা * এই রুপে দোওা জারি করে নামদার কবুল হইল দোওা দরগাতে খোদার*বাদসার উপরে আল্লা মেহেরকরিয়া॥ গায়েবি আওাজ এহাদিল সোনাইয়া * ইয়াদ করিয়া দেলে আল্লা পাকজাতে ॥ রহিবে খাতের জমা না ভাব দেলেতে * তল্লাসে আসিবে তেরা লস্কর সরদার ॥ খুসিতে পৌছিবে গিয়া দেশে আপনার * এয়ছাই শুনিয়া বাদসা চারিদিকে চায়॥কোনখানে কাহাকে দেখিতে নাহি পায়* মালুম করিল সাহা গাএবের বানি ॥ ভরসা হইল ঘুচে গেল পেরেসানি * এলাহি ভাবিয়া সাহা রহে সেই ঠাই ॥ হেথাকার হাল সোন কহিয়া জানাই দেয়ের ফেরেবে পড়ে দেখিতে আছমান ॥ জখন গেলেন সাহা কাউছ জাহান * উজির নাজির আর জতেক সরদার ॥ কেহ কিছু নাহি জানে তার সমাচার* বাদসাও কাহার তরে কিছু না কহিয়া॥ ভুলিয়া দেয়ের বাতে গেলেন চলিয়া * একারনে সবে হেথা বাদসার কারনে ॥ না দেখিয়া চারিদিকে ঢোড়ে জনে২ * কোনখানে তারা সবে না পেয়ে বাদসায় ॥ দেলে পেরেসান হৈয়া করে হায়২ * আখেরেতে দেও সবে দিল পাঠাইয়া॥চারিদিকে ফেরে তারা তল্লাস করিয়া * এক দেও চিন দেশে জাইয়া ময়দানে দেখিতে পাইয়া সেথা বাদসার কারনে * আসিয়া সেতাবি সে কহিল সমাচার॥ চীনের ময়দানে আছে বাদসা নামদার * সুনিয়া উজির আর সরদার সবাই ॥ চলে সবে সাতে লিয়া লস্কর ছেফাই * চীনের ময়দান পরে জাইয়া তখন ॥ মিলিয়া বাদসার সাতে হৈয়া খুস মন * ঘোড়া পরে সওার করিয়া আনে

তার কত ঠাই॥কত ঘর বানাইল লেখা জোখা নাই*লিখে সেঘরের খুবি জানাইব কত ॥ সে দেশেতে কোন ঘর নাহি তার মত * এই রূপে হামেহাল দেয়েরা সবায় ॥ বানাতে সে সব ঘর মেহনত উঠায় লাচার হইয়া গেল না পারে খাটিতে॥ ভাগিতে না পারে কেহ বাদসার ডরেতে * আখেরে মছলত করে মিলে সব দেও ॥ এয়ছাই মেহনতে মোরা না বাচিব কেও*রাত দিন জদি এয়ছা মেহনত করিব বরদাস্ত নাহিক হবে জান হারাইব * এক ঘাড়ি এয়ছাই ফোরছত নাই পাই॥ আরাম করিতে কিম্বা জাই কোন ঠাই* তবে জদি কোনরূপে বাদসা মারা জায় ॥ তা হৈলে খালাছ পাব আমরা সবায় নহে এয়ছা রাত দিন মেহনত করিয়া ॥ বেচইন হইয়া সবে জাইব মরিয়া * এহা বলে ভেবে গুনে মিলিয়া সবায়॥একওক্তে ইবলিছের নিকটেতে জায় * কহিল আমরা সবে জত দেওজাত ॥ জোরে না আটিতে পারি কাউছের সাত * লাচার হৈয়া তার করি তাবেদারি ॥ হর বাতে হামেহাল দুখ পাই ভারি * মছলেহাত দেহ তুমি আমা সবাকায় ॥ কি করি ফিকির এবে মারিতে বাদসায় * শুনিয়া ইবলিছ পাপি হৈয়া খুসি মন ॥ কহিল মারিবে জদি বাদসার কারন * মক্কর করিয়া তবে তোমরা সবায়॥এই বাত কহ গিয়া কাউছ সাহায় * বহুত মুল্লক জোরে ছেনাইয়া লিলে ॥ আছমান উপরে কভু ছাএর না কৈলে*আছমান উপরে আছে তারা গন জত ॥ খুবির বয়ান তার সোনাইব কত * দেখিলে সে সব ঠাই বাড়িবেক সাদ॥দেলের কুলফং জাবে হইয়া আবাদ * এইবাত সুনাইয়া বাদসার তরেতে গোমরা করিয়াসবে দেহপহেলাতে*বুদ্ধিহারা হৈয়া বাদসা জাইবে জখন॥ তাহার তদবির দিবখাতায়ে তখন* এয়ছাই মছলত লিয়া ইবলিছের ঠাই ॥ আইল বাদসার আগে দেয়েরা সবাই * আরম্ভ করিয়া সবে লাগিল কহিতে॥সোন বাদসা জাহাপানা কহি জনাবেতে * জত বাদসা আছে এই দুনিয়া মাঝার আপনি তা সবাকার সাহেব সরদার*দেও পরি জেন আদি জে আছে জেঠাই ॥ তেরা তাবেদারি কৈল কবুল সবাই * কিন্তু এই বাত পরে আফছোছ মোদের ॥ ভেদ আপে নাহিক পাইলে আছমানের * আপ্তাব মাহতাব আর জত ছেতারার ॥ কোন ঠাই কিরুপে গৰ্দ্দেশ হয় কার * আছমান উপরে সাহা জদি আপে জাও ॥ তা হইলে আলবত্তা এ সব ভেদ পাও * জাবার এরাদা জদি হয় আপনার ॥ হুকুম পাইলে করি তদবির তাহার*দেয়ের ফেরের সাহা নাহিক বুঝিয়া॥ শুনিয়া এয়ছাই বাতরহে গুমহৈয়া ভাবা গোনা দেল বিচে করিয়া বিস্তর ॥ বাসনা হইল জেতে আছমান উপর * তখন কহিল সাহা দেয়ের খাতিরে॥জদি মুঝে লিয়া জাও আছমান উপরে*ফিরে এসে খুসি হৈয়া তোমা সবাকায় ॥ এনাম বকসিস দিয়া করিব বিদায়* সবাকে চাহিয়া খুব বাড়াইবমান ॥ এহিত কারার মেরা জানিবে নিদান*এ কথা শুনিয়া দেও খুসি হৈয়া মনে॥ কহিতে লাগিল এহা বাদসার কারনে* কতদিন ছবর করিবে যাহা গির॥করে আনি মোরা সবে তাহার তদবির*তবে তুঝে আছমান উপরে জাব লিয়া ॥ এহা বলে দেও সব গেলেক চলিয়া * অধিন খাতের কহে দুসমনের বাতে ॥ এতবার জেকরে শেষে পড়িবে আফতে

কায়কাউছ বাদসা দেয়ের ফেরেবে পড়িয়া আছমানের ভেদ জানিতে জাইয়া চিনের
জঙ্গলে পড়িয়া পেরেসান হয় ও ছরদার লোক দেও নিকটে খবর পাইয়া
সেখান হইতে বাদসাকে ইরানে আনিবার বয়ান ॥

পয়ার ॥ মক্কর ফেরেবে রাজি করিয়া বাদসায় ॥ ইবলিছের আগে গিয়া দেয়েরা সবার * কহিল করেছি রাজি বাদসার খাতির ॥ এবে তুমি বাতাইয়া দেহনা তদবির * কিরূপে বাদসার তরে আমরা সবাই ॥ আলগেতে আছমান তরফে লিয়া জাই * শুনিয়া ইবলিছ পাপি দিল বাতাইয়া ॥ আকাব জান ওার চার আন মাঙ্গাইয়া * গোস্ত খেলাইয়া তারে করহ পান ॥ জোরওার খুব তারা হইবে জখন * তক্ত এক এনে চার পায়াতে তাহার ॥ বান্ধিয়া যে এ চার আকাব জানওার * উপরে গোস্তের টুকরা দিবে টাঙ্গাইয়া॥খাবার লালোচে তারা উড়িবে কুদিয়া * বাদসাকে সে তক্ত পরে বসাইয়া দিবে ॥ পাখীরা লইয়া উড়ে চলিয়া জাইবে * উড়িতে২শকুন হৈয়া পেরেসান ॥ আখেরেতে কোনখানে গিরিবে নিদান*পাহাড় জঙ্গলে কিবা দরিয়া বিচেতে ॥ বেঠেকানা পড়ে মারা জাইবে শেশেতে * তখন তোমরা সবে খোসাল হইয়া ॥ আপনা২ দেশে জাইবে চলিয়া * এয়ছাই মছলত জদি ইবলিছ বেপীর ॥

মার২ ধর২ হইল আস্কার॥কে কোথা তলওার মারে নাহিক শুমার * রোস্তম ছরদার আর জত পাহাল ওান ॥ তেগতলে মেরে চলে জেমন তুফান* ঘোড়া বেড়িদিয়া ঘেরে হাজাবে হাজাব॥দফা২ছাফ করে মারিয়া তলওার*এইরূপে কাউছের ছরদার ছেফাই॥দিগে২ সকলেতে করেন লড়াই*বেসুমার মেরে ডালে তুরানি লস্কর ॥আফরাছিয়াব দেখে হইল ফাফর* আপনা ছরদার লোগে কহিল হাকিয়া॥রোস্তমের তরে জেবাদিবেক ধরিয়া * নতুবা কাটীয়া জোরে রোস্তমের ছের॥ জে এনে ছামনে মেরা করিবে হাজের*বেটী বেহা দিয়া তারে খোসাল করিয়া ॥ বাদসাই শুপিব ছেরে সাহি তাজ দিয়া* এহা সুনে বড়া খুসি তুরানি ছরদার॥রোস্তমের আগে চলে বলে মাব২* রোস্তম তা সবাকাবে ঘোড়া বেড়ি দিয়া মারে তেগ বেদেরেগ দেয় গেরাইয়া*মারা গেল এনেছিল জত পাহালওান॥আফরাছিয়াব দেখেহৈল পেরেসান* এইরূপে জে কেহু আইল একে২ ॥ তেগ জোরে গেরাইল রোস্তম সবাকে* আফরাছিয়াব দেখে রোস্তমের জোর ॥গোস্বাতে জলিয়া গিধি করে জোর সোর * তেগ লিয়া ঘোড়া হেকে আইল কুদিয়া ॥রোস্তম উপরে তেগ মারিবে বলিয়া * রোস্তম দেখিয়া আফরাছিয়াবেব তবে॥ গোর্জ্জ হাতে লিয়া মর্দ্দ কুদে আইসে জোরে * রোস্তমের জোর দেখে কমিনা গাওার ॥ ভাগিয়া পলায় ডবে হৈয়া বেকারার* আপনার লস্কবের পিছা না করিয়া॥একেলা পলায় গিধিজান বাচাইয়া * দেখিয়া বাদসার হাল লস্কর ছেফাই॥তাকত না হয় কার করিতে লড়াই*একে একে দিকে২ ভাগে জিউ লিয়া ॥ ইরানি লস্কর তাহা দেখিতে পাইয়া*পিছে২ খেদাড়িয়া খেচে মারে তেগ॥জারেপায়মারে ঠায় নাকরেদেরেগ লাখে২ ঝাকে২ মারিয়া গেরায় ॥ কত লোক জান লিয়া ভাগিয়া পালায় * এত লোগ মারা গেল ময়দান উপর ॥আল্লা বিনে কেহ নাহি জানে সে খবর* বহিল ময়দান বিচে লহুব তুফান॥ মরা লাস জড় হৈল পাহাড় সমান * রোস্তম দেখিল জদি আফরাছিয়াব ॥ জান লিয়া পালাইল হইয়া বেতাব * এসে ছিল জত তার লস্কর ছেফাই ॥ মারা গেল ময়দানেতে করিয়া লড়াই * বাচিয়া জা ছিল বাকি ডরেতে তাহারা ॥ জার জে ভাগিয়া সবে লইল কেনারা * জখন দেখিল কেহ ময়দানেতে নাই॥তখন রোস্তম কৈল মকুফ লড়াই * মহিমে পাইয়া ফতে খোসাল হইয়া ॥ কাউছ বাদসার আগে পৌছিল আসিয়া *রোস্তম ছরদারে আরছরদার সবায় ॥ বখসিস এনাম সাহা দিল সবাকায় * বাকি জাসর্দ্দার লোগ মারা গিয়াছিল ॥ তাদের লাগিয়া বাদসা আফছোছ করিল * তাবাদে ময়দান হৈতে আসিয়া সহরে॥বসিল কাউছসাহা তক্তের উপরে*লস্কর ছেফাই এসে জার জে ডেরায়॥খুসি খোসালিতহৈয়া রহিল সবায় * ঘুচিল দেলের কালি গেল দুখ ভার ॥খুসিতে সোকর ভেজে বাদসা নামদার * উজির নাজির আর ছরদার সবায় ॥ চারি তরফেতে ঘিরে বসিল বাদসায় * সোনার কুরছির পরে রোস্তম খাতির ॥ ছামনেতে বসাইল বাদসা জাহাগির * দরবার হইল ভারি হসমতের সাতে ॥ নামুওাব লোক সবে আইল মোলাকাতে *ছালাম করিয়া সবে বাদসার কারন ॥ জার জে বিদায় হৈল হৈয়া খুসি মন তার পরে জাহাপনা ইরান দেসেতে ॥ আদল এনছাফ খুব লাগিল করিতে * রোস্তম তখন লিয়া আপনা লস্কর॥খুসিতে আইল ফিরে হিস্তান সহর * কিছুদিন বাদে বাদসা ফের নামদার ॥ দেল বিচে খিয়াল করিল আপনার* মাজেন্দারা দেশ হৈতে দেও সবাকায়॥আওলাদের সেথা হৈতে ইরানেমাঙ্গায় আসিয়া তামাম দেও ইরান সহরে ॥ গোলাম হইয়া রহে বাদসার হুজুরে * তখন দেলের বিচে বাদসা জাহাপানা॥খিয়াল করিল বানাইতে বালাখানা * ডাকিয়া হুকুম কৈল দেও সবাকায় ॥ পছন্দ করিয়া খুব তোমরা সবায় * ঠাই২ তর২ ঘর বালাখানা॥ তৈয়ার করহ খুব স্থান আমিরানা * নানারূপে কারিগিরি করিবে ঘরেতে॥জার জে পছন্দ মত মানা নাহি তাতে*আলবুরজ পাহাড়তক ইরান থাকিয়া ॥ জার জেথা দেল চাহে বানাও জাইয়া * এয়ছাই হুকুম পেয়ে জত দেও জাত ॥ চলে সবে জার জে কাফেলা লিয়া সাত * আনিয়া পাথর ইট জত কারীগর ॥ সুরু কৈল ঠাই২ বানাইতে ঘব * আলবুরুজ পাহাড় তকইরান হইতে ॥বারিক মাফিক সুরু কৈল বানাইতে*লাগালাগি পাসাপাসি বানায় তামাম বারাণ্ডা ওদরওাজাতে কারিগরি কাম*আয়না গেলাস কত দরীচাতে তাব॥বসাইল নানারঙ্গ দেখিতে বাহার * এইরূপে হুকুম মাফিক দেওজাত ॥ মিলে সবে বানাইতে ছিল দিন রাত * আর সহরেতে

পরে বসায় ছামনে * তা বাদে কাউছে আর ছরদার সবায় ॥ খালাছ করিয়া আনে রোস্তম জেথায় * তক্ত পরে বসাইয়া খুসি খোসালিতে ॥ হামাউন কহিতে লাগিল জোড় হাতে * কছুর করেছি বাবা তোমার ছামনে ॥ মাফ কোরে দেহ তুমি আমার কারনে*খুসিতে রহিব তেরা হৈয়া তাবেদার ॥ কোন বাতে ছের নাহি হেলাইব আর * তুমি জদি মোর তরে না করিবে মাফ ॥ দেল বিচে হামেসা রহিয়া জাবে তাপ * এবাতে কছুর এয়ছা হইয়াছে মোর ॥ আপনার হাতে জেন খাইনু জহর * পড়িয়া সয়তানি ফেরে কৈনু বলা জুরি ॥ ঘাও জাবে দাগ রহে হামেহাল জারি * বেটি বেহা দিছি তুঝে তুমিত দামাদ ॥ নাহক তোমার সাতে করিনু বিবাদ * জত দিন দুনিয়াতে রহিব বাচিয়া ॥ রহিনু তোমার আগে সরম পাইয়া*বুঝিতে না পেরে বাবা করেছি বুরাই ॥ মাফ কর গোনা খাতা জিউ আন্ধা পাই* এইরূপে হামাউন কাতর হইয়া॥ নানারূপে কাউছেরে কহে বুঝাইয়া* বাদসার আজিজি দেখে কাউছ তখন ॥ সব দুখ নিবাইল হৈয়া খুসি মন * উঠে হামাউনে মিল ছাতি লাগাইয়া ॥ হামাউন মেলে খোসে গলায় ধরিয়া*দেল বিচে বদি ছিল জাহার জেয়ছাই ॥ মিলে জুলে খুসি হৈয়া শশুর জামাই * বসিল তক্তের পরে খোসাল অন্তর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * হামাউন দোওা কৈল ওঠাইয়া হাত॥ছরদারি কাএম তেরা রাখে পাকজত * তখন রোস্তম মর্দ্দ খোসাল অন্তরে ॥ মেছেরের বাদসা আরবরবরি সাহারে*কাউছ সাহার আগে করিয়া হাজির॥ খালাছ করিয়া দেল খুলিয়া জিঞ্জির আর তা দোহার জত ছরদার ছেফাই॥ ছেড়ে দিল সবাকারে করিয়া রেহাই * খালাছ পাইয়া তারা হৈয়া খুসিমন ॥ ছালাম তছলিম কৈল বাদসার কারন * কাউছ মিলিল ফের সাতে সাবাকার ॥ খুসি হৈয়া তারা সবে হৈল তাবেদার * তাবাদে কাউছ সাহা তাহা দোহা কায় ॥ লস্কর সহিত দিল করিয়া বিদায় * নছিহত কোরে দিল দোহার কারনে ॥ দেলে না রাখিও বদি থাকিও ইমানে * সুনিয়া দু বাদসা তারা খোসাল হইয়া ॥ কাউছ বাদসার পায় ছালাম করিয়া * তাবাদে মিলিয়া ফের রোস্তমের সাতে ॥ বিদায় হইয়া চলে আপনা দেসেতে*মেছেরের বাদসা লিয়া আপনা লস্কর॥খুসিতে পৌছল গিয়া মেছের সহর * বরবরি লস্কর সাতে লইয়া আপন ॥ জাইয়া পৌছিল দেসে হৈয়া খুসি মন * দুই বাদসা জে জার দেসেতে চলে জায় ॥ তখন কাউছ সাহা কহিল সবায় * ডেরা ঝাণ্ডা ওঠাইয়া বান্দহ কোঙ্কর ॥ এখন জাইব দেশে ইরান সহর*সুনিয়া লস্কর সব তৈয়ার হইল ॥ ফতেনামা সাদিয়ানা বাজিতে লাগিল * রোস্তম ছরদার আরজত পাহালওান ॥ সবাকারে সাতে লিয়া কাউছ জাহান আসিতে আপন দেশে হলেন রওা ন ॥ ঘুচিল দেলের কাল ছুটিল ভাবনা * গায়ে২ পায়ে২ চলিল ফউজ॥দরিয়া উপরে জেন উঠীল মউজ * হিছাবেতে ছয়লাক হইল দে গাই ॥ আগু পিছে রাজাবাজে চালল সবাই * হামাউন আপনা লস্কর লিয়া সাতে ॥ কত দুর পিছে২ আইল রাখিতে * তা বাদে ছালাম কোরে বাদসার কারন ॥ ফিরে আইসে সেথা হৈতে দেসেতে আপন * কাউছ বিদায় কৈল বাদসার কারনে ॥ কহিল থাকও খুব আপনা ইমানে * এহা বোলে বাদসাকে বিদায় করে দিয়া ॥ আইল কাউছ সাহা দেসেতে চলিয়া * অধিন খাতের কহে ইরান সহরে ॥ আফরাছিয়াব তক্তে বসিয়াছে জোরে * আগে গিয়া তার সাতে লড় নামদার ॥ তবেত সহরে গিয়া তক্তে দিবে বার *

কায়কাউছ বাদসার সাতে আফরাছিয়াব লড়াই করিয়া হারেল হইয়া তুরানে
ভাগিয়া পালায় ও কায়কাউছ বাদসা ফতে পাইয়া ইরানের
তক্তে বার দিয়া ঠাই২ বালাখানা ঘর বানাইবার বয়ান ॥

পয়ার*লোক জন সাতে লিয়া কাউছ জাহান ॥আসিয়া পৌছিল জবে সহর ইরান * আফরাছিয়াব সুনে খবর তাহার॥লস্করে হুকুম কৈল হইতে তৈয়ার * হুকুম পাইয়া জত তুরানি লস্কর ॥ জার জে তৈয়ার হৈল বান্ধিয়া কোমর * আফরাছিয়াব সেসে কোঙ্কর বান্দিয়া ॥ ঢাল গোর্জ্জ তেগ লিয়া ছওার হইয়া*লস্কর লইয়া সাতে আইল ময়দানে ॥ কাউছ লস্কর লিয়া আছিল জেখানে * দুদলে হইল খাড়া বহুত ছেফাই॥ময়দান হইল তঙ্গ নাহি মেলে ঠাই* মহিম নাকারা বাজে ধাওসা নিসান ॥ সুনিয়া হইল মস্ত জত পাহালওান * মোকাবেলা করে সবে করে জোর সোর ॥ মহিম করিল শুরু ময়দান উপর

কারনে জানা জাবে বোসিক মি*এয়ছাই শুনিয়া সবে ডরে ডরাইয়া॥ লড়িতে নাজায় কেহ আগেতে বাড়িয়া*হামাউন দেখে জদি লস্কর ছেফাই॥ আগেতে নাবাড়ে কেহু করিতে লড়াই*গস্বা করিয়া কহে সবার কারনে ॥ কেমনে দেখাবে মুখ লোকের ছামনে* পাহালওানী দাবি কর কোম্মর বান্ধিয়া ॥ দেল বিচে ডর কর মহিম দেখিয়া * এহা সুনে লাচারিতে কএক জওান ॥ ঘোড়া ওঠাইয়া কুদে আইল ময়দান*লড়িতে খাহেস কৈল রোস্তমের সাতে ॥ রোস্তম তা সবে দেখে হাকিল জোরেতে* হাকশুনে তারা সবে হয়ে পেরেসান ॥ লস্করে ভাগিয়া গেল ছাড়িয়া ময়দান * আর কেহু নাহি আইসে লড়াই করিতে॥রোস্তমের ডর হৈল সবার দেলেতে*তখন রোস্তম কহে হাকিয়া এয়ছাই ॥ কেহ নাহি আইস কেন করিতে লড়াই * ভাল চাহ সেতাব আইসহ নেকলিয়া ॥ নহেত মারিয়া তেগ দিব ওড়াইয়া * লিখিলে জওাব মুজে করিয়া বড়াই ॥ এখন না আইস কেন করিতে লড়াই* জদিনা হেম্মত রাখ করে জোড় হাত ॥ পাও পেদা হয়ে এসে মেল মেরা সাত*ইহা সুনে মেছেরের বাদসা নামদার ॥ ডানবামে তাকাইয়া দেখে আপনার * বেহেম্মত হইয়াছে তামাম ছেফাই॥ নাচাহে জাইতে কেহ করিতে লড়াই সরমে পড়িয়া সেসে হইয়া লাচার ॥ আইল ময়দানে জেথা রোস্তম সর্দ্দার * সের নর মত হেকে পোর্জ্জ হাতেলিয়া ॥ রোস্তম উপরে মারে জোরেতে খেচিয়া*রোস্তম ঢালেতে গোজ্জ ওড়াইয়া তার কহিল মর্দ্দমি তেরা বুঝিনু এবার * এহা বলে গোজ্জ লিয়া রোস্তম তরায় ॥ ছের তাকাইয়া মারে মেছের সাহায়*দেখিয়া মেছের সাহা সেতাব করিয়া ॥ লইল গোজ্জের চোট ছেরে ঢালদিয়া* মেরেছিল গোজ্জ তারে এছাই জোরেতে॥ আগুন উঠিল তার ঢালের পরেতে*ধমকে মেছের সাহা কাপে থর২ ॥ পছিনাতে বদন হইয়া গেল তর*বাচিয়া গোজ্জের চোটে ডর পেয়ে দেলে॥ ঘোড়া হেকে ময়দান হৈতে ভেগে চলে * রোস্তম দেখিয়া পিছে ঘোড়া হেকে জায় ॥ জিউতা ধরিবে বোলে মেছের সাহায় * পিছে হৈতে কামানের গুন গলে দিয়া॥ ঘোড়া হতে দিল তারে জমিনে ডালিয়া * বান্ধিয়া মজবুত করেহাতে পায়ে তার॥ হাওালা করিয়া দিল লোকে আপনার*লস্কর সরদার ফের সাতে করে লিয়া॥বরবরি বাদসার আগে চলে রেগা দিয়া * বরবরি বাদসার জত লস্কর ছেফাই ॥ রোস্তমে দেখিয়া ডরে তাহারা সবাই * দিকে২ ঘোড়া হেকে জায় পালাইয়া ॥ না টেকে ময়দানে কেহ হেম্মত করিয়া বরবরি দেখিল জদি ভাগিল লস্কর ॥ হেম্মত টুটীর গেল হইল ফাফর*লাচার হইয়া সেসে তেগলিয়া হাতে ॥ মহিম করিতে আইল রোস্তমের সাতে*রোস্তম দেখিয়া তারে কুদিয়া আইল ॥ বরবরি রোস্তম তেগ খেচিয়া মারিল * রোস্তম দেখিয়া চাল ঝাড়িল জোরেতে॥তেগ টুটে গেল ও মুট রহে হাতে গোস্বা হৈয়া মুট ফেকে মারিল সে ফিরে ॥ রোস্তম চাবুক মেরে রদ কৈল তারে* তখন রোস্তম জোর বুঝিয়া তাহার ॥ জোরেতে হাকিয়া বলে সামাল এবার * এহা বলে কুদে গিয়া ধরিয়া কোমর ॥ খেচে ওঠাইয়া তারে ছেরের উপর * ঘোমাইয়া জমি পরে কাছাড় মারিয়া ॥ দুহাতে বান্দিল তার ছাতিতে বসিয়া * আপন লস্কর বিচে সুপে দিয়া তায় ॥ ছরদার সবাকে ফের ধরিবারে জায় * আইল তাহারা সবে লড়াই করিতে ॥ রোস্তম তা সবাকারে ধরিল জোরেতে * একে২ ধরা গেল চাল্লিস জওান॥বাকি লোক পালাইল হৈয়া পেরেসান * বর বরি কএদ জদি হইল এয়ছাই ॥ ধরা গেল তার সাতে চাল্লিস ছেফাই*দেখে হামাউন সাহা করে হায়২॥নিদানেতে ভেবে গুনে না দেখে উপায়* রোস্তমের আগে এসে আজেজির সাতে॥জোড় হাতেদাড়াইয়া লাগিল কহিতে*মাফ কর পাহালওান জিউ আম্মা পাই তেরা সাতে আমি নাহি করিব লড়াই * বাচাইয়া রাখ মেরা লস্কর সর্দ্দার॥ অয়রান না হয় জেন সহর বাজার * গোনা খাতা মাফ কর আমি কমিনায় ॥ খালাছ করিয়া ছিব কাউছ সাহায় * খুসি হালে হইয়া রহিব তাবেদার ॥ কোন বাতে ছের নাহি হেলাইব আর* হামাউন কৈল জদি এয়ছাই কারার ॥ মেহের করিয়া তারে রোস্তম সর্দ্দার * মানাহি করিয়া দিল লস্করে আপন ॥ আর কেহ নাহিক লাড়বে কদাচন * রোস্তমের মানা সুনে তামাম সর্দ্দার ॥ হইয়া দেলের বিচে খোসাল হাজার * লড়াই মকুফ কোরে ফিরিয়া চলিল ॥ জার জে ডেরেতে গিয়া কমর খুলিল * হামাউন তখন রোস্তমে লিয়া হাতে খুসি হৈয়া চলে গেল আপন ডেরাতে * তাজিম তকরিম করে খোসালিত মনে ॥ সোনার কুরছির

তোমরা খাতের জমা হইয়া সবাই ॥ আন্দেসা না কর এবে রহ এই ঠাই * এহা বোলে সবাকাবে তছল্লি করিয়া ॥ হামাউনে নামা এক ভেজেন লিখিয়া * লিখিল নামার বিচে এই বিবরন ॥ সোন হামা উন কহি তোমার কারন * সুনিয়া থাকিবে হাল মাজন্দারানের ॥ জেরূপে মারিনু সব দেয়ের খাতের মাজন্দারানের সাহে জেরূপে মারিয়া ॥ জেরূপে মুলুক তার কবজ করিয়া * জাদু তেলেছমাত সব তুড়ে ঠাই২ ॥ জেরূপে আওলাদে সেথা সুপিনু বাদসাই * জদি না সুনিয়া থাক কহি জে তোমায় সেহবি হইয়া ছিল কাউছের দায় * এইরূপে কাউছে জে জোরেতে ধরিয়া ॥ রেখেছিল পাহাড়েতে কএদ করিয়া * আখেরে আমার হাতে হয়ে ছারখার ॥ খাকেতে মিলিয়া গেল বাদসাই তাহার * সোন এবে কহি আমি তোমার লাগিয়া ॥ কাউছ বাদসার তরে দেহনা ছাড়িয়া * কাউছ সমান এছা বাদসা কেবা আর ॥ তামাম মুলুক জার হৈল তাবেদার * তুমি তারে বেটি দিলে দেল খোসালেতে দাগাবাজি কর ফের দামাদের সাতে*এবড় জবুন কথা জেকেহ সুনিবে ॥ সকলে তোমার তরে জালেম কহিবে * এখন লাজেম তুঝে কাউছ সাহায় ॥ তাজিম তকরিম করে ভেজিবে হেথায় * নহেত ভেজিয়া আমি লস্কর সর্দ্দার ॥ ছার খার করে দিব মুলুক তোমার * এইরূপে লেখা পড়ি তৈয়ার করিয়া ॥ হামাউনের আগে নামা দিল পাঠাইয়া * হামাউন লেখন পড়িয়া রোস্তমের ॥ জওাব লিখিল এহা সোন সে জেকের * কাউছ খালাছ ফের পাইয়া এখন । ইরানে করিবে সাহি করিয়াছ মন * এমন নছিব ফের কবে হবে তার॥ বাদসাই করিবে বসে তক্তে দিয়া বার*লেখেছ আমারে তুমি করিয়া বড়াই ॥ আমি তেরা জোর দেখে নাহিক ডরাই * পতঙ্গ সমান তুমি ছামনে আমার ॥ আমি কি ডরাই শুনে বড়াই তোমার * তুমি জদি আইস হেথা লস্কর লইয়া ॥ ঘড়ি একে লিব তুঝে কএদ করিয়া * আমার মর্দ্দমি বুঝি না সুনিলে কানে ॥ সেরনর দেও ভাগে মেরা নাম সুনে* এইরূপে হামাউন জওাব লিখিয়া ॥ সিস্তানে রোস্তম জেথা দিল পাঠাইয়া* রোস্তম জওাব পড়ে জলিয়া উঠিল ॥ শুখানা জঙ্গলে জেন আগুন লাগিল * হীন কবিকার কহে ঘটিল বালাই ॥ ফের দেখ বেদে আইল ঝগড়া লড়াই *

রোস্তম হামাউন বাদসার দেসে জাইয়া হামাউন বাদসার সাতে লড়াই
কোরে মহিমে ফতে পাইয়া কায়কাউছ বাদসাকে বন্দখানা
হইতে খালাছ করিয়া ইরানে আসিবার বয়ান *

নামার জওাব পেয়ে হামাউন হৈতে ॥ রোস্তম জলিয়া ওঠে ভরিয়া গোস্বাতে * আপনা লস্করে জবে কহিল এয়ছাই ॥ সেতাব নেকল জাব করিতে লড়াই * হামাউন সেখি করে নাপারি সহিতে জাইব সে দেসে আমি মহিম করিতে*এবাত সুনিয়া জত লস্কর সর্দ্দার॥জার জে কমরবেন্দে হইত তৈয়ার*রোস্তম কমর বেন্দে ঢাল গোর্জ্জ লিয়া॥রখস নামে ঘোড়া পরে সওার হইয়া* রওানা হইয়া চলে লইয়া লস্কর ॥ মওজ উঠীল জেন দরিয়া উপর*ইরানি সিস্তানি আর জাবল দেসের॥ পাহালওান কত সত খোসাল খাতের*আগু পিছু বাজাবাজে চলে পায়২॥কএক রোজেতে গিয়া পঁওছিল সেথায়*ডেরা তাম্ব ডালে গিয়া ময়দান উপর ॥ হামাউন রোস্তমের পাইয়া খবর * মেছের সাহাকে আর বরবরি সাহায়॥পয়গাম লিখিয়া এক সেতাব পাঠায়*লিখিল নামার বিচে খবর এয়ছাই॥ রোস্তম লড়িতে আইল লইয়াছেএাই * তোমরা আসিয়া হেথা লইয়া লস্কর ॥ মদত করিবে সাহা আমার উপর * কিজানি রোস্তম পাছে মহিম করিয়া ॥ জোরেতে মুল্লক সব লেয় ছেনাইয়া * তা হইলে সহর জে তোমার আমার ॥ খারাব করিয়া দিবে কোরে ছারখার * লেখনেতে হকিকত পাইয়া এয়ছাই ॥ আইল দু বাদসা তারা লইয়া ছেফাই* মিলিল জখন হামাউনের সহিত ॥ দেখে হামাউন দেলে হয়ে খোসালিত*সোনার কুরছির পরে দোহাকে বসায় ॥ কহে এবে রোস্তমের নাহি রাখি ভয় * জদ্দপি রোস্তম সে হাজার জোরধরে ॥ তবু সে এখন আর কি করিতে পারে * এহা বলে তিন বাদসা মিলে একসাতে ॥ আইল ময়দান পরে মহিম করিতে * দুই দলে মকাবেলা হইল ফওজ ॥ দরিয়ার পরে জেন উঠিল মওজ * রোস্তমের ছিল জত নামি পাহালওান॥ ঘোড়া কুদাইয়া ফেরে দেখিয়া ময়দান * হেকে বলে জওামর্দ্দ থাক কোন জন ॥ লড়িবারে নেকলিয়া আইসহ এখন * মকাবেলা হইয়া লড় থাকেত মর্দ্দমি ॥ মহিম

মগন ॥ হামাউনে নেহাএত জানিয়া আপন*করিয়া মেহেরবানি কাউছ জাহান ॥ লড়াই না করে আর জানিয়া আপন * কিছু দিন খুসি হালে গোজারে এয়ছাই ॥ কোন খানে কার সাতে না করে লড়াই দেখ না আল্লার চাহা ফের কি ছুরতে॥ঝগড়া ফছাদ জঙ্গ বাদে আপসেতে*এক রোজ হামাউন করে কোন কাম ॥ কাউছ সাহাকে ভেজে লিখিয়া পয়গাম * সোন বাবা কাউছ আরজ এই মেরা ॥ লাএক দামাদ তুমি জানের পেয়ারা * বেটি বেহা দিয়া তুঝে খুসি হৈনু মনে ॥ এজ্জত বাড়িল মেরা সবার ছামনে * এবে মেরা কেল্লা বিচে আসিয়া আপনি॥ দাওত কবুল কোরে খাইবে মেহমানি*তাহে ছর ফরাজি খুব হইবে আমার ॥ মোরতবা বাড়িবে ছামনেতে সবাকার * এয়ছাই পয়গাম পেয়ে কাউছ তখন ॥ কবুল করিল জেতে হয়ে খুসি মন * তার পরে কহে এসে বিবীর খাতেরে॥ বাপ তেরা ভেজি য়াছে দাওত আমারে*জাইব দাওত খেতে কেল্লা বিচে তার ॥ নাহি গেলে বাপ তেরা হইবে বেজার শুনিয়া ছুদাবা বিবী লাগিল কহিতে ॥ সোন বাদসা নামদার কহি জনাবেতে * নাহিক জাইবে সেথা কহি জে তোমায় ॥ এতবার না হয় মেরা বাপের কথায়*কেননা সে দাগাবাজ বড়ই পাওার ॥ তেছাই জালেম নাহি দুনিয়া মাঝার* ভাল নাহি জাও৷ তার কেল্লার ভিতরে॥ বুঝে শুঝে করকাম জে আইসে খাতেরে* না শুনে বিবীর মানা বাদসা নামদার ॥ মেহমানি খাইতে গেল কেল্লা বিচে তার * হিনকবি কার কহে শুনিয়া মানাই ॥ খামস না হয় জেবা পাইবে সাজাই *

কায়কাউছ বাদসা মেহমানি খাইতে হামাউন বাদসার কেল্লা বিচে জাইয়া
গেরেপ্তার হয় তাহার খবর আফরাসিয়াব সুনিয়া তুফান হইতে
আসিয়া ইরান দখল করে তাহার বয়ান *

পয়ার * হামাউন বাদসার জে দাওত পাইয়া ॥ চলিল কাউছ সাহা মেহমান হইয়া * সাতে লিয়া আপনার ছরদার লোকজন ॥ কেল্লা বিচে গেল তার হয়ে খুসি মন * সাত দিন গোজারিয়া জায় খুসি হালে ॥ ভাবনা আন্দেসা গম নাহি কিছু দেলে * চায়েন করিয়া ফের খেয়ে খানাপানি ॥ নাহি জানে হামাউন করিবে সয়তানি*দেলে বদি মুখে আহা হামাউন গিদ্ধি। জাহেরা খেদমত করে দেলে ভরা বদি * মনে মনে করে বাঞ্ছা পুরাব এবার ॥ পেয়েছি কাউছে এবে ঘরে আপনার * এহা ভেবে দুরা চার দেলের বিচেতে ॥ রাতদিন রুজু হয়ে রহিল খেদমতে * খেদমত দেখিয়া খুসি কাউছের দেল ফেরেবের জালে ঘেরে করিয়া গাফেল* একদিন কাবু পেয়ে জোরেতে ধরিয়া ॥ বন্ধ কৈল হাত পাও জিঞ্জির করিয়া * তুছ ও গোদজ্জ আর জে কেহ সর্দ্দার ॥ একে২ ধরে সবে কৈল গেরেপ্তার * সর্দ্দার সহিত জবে কাউছের তরে॥ হামাউন কএদ করিল ধোরে জোরে*বাকিজ্ঞা লস্কর ছিল কাউছ সাহার এহাল দেখিল জবে আপন বাদসার* ডরে ডরাইয়া তারা না পারে লড়িতে ॥ আখেরে ফিরিয়া আইল ইরান দেসেতে * ওজীর নাজির আদি ইরানের লোগ ॥ বাদসার খবর সুনে মনে পায় সোগ * কহে সবে কি হইবে কেমন করিয়া ॥ বাদসা কাউছ এবে আসিবে ফিরিয়া * এইরুপে ভাবাগোনা করে জনে জন ॥ কহে ফের দায় হৈল বাদসার কারন*তাহাবাদে দেসে দেসে খবর হইল ॥ কাউছেরে হামাউন কএদ করিল * আফরাছিয়াব এয়ছা সুনে সমাচার ॥ দেলের বিচেতে খুসি হইয়া হাজার * আপনা লস্কর লিয়া তুফান থাকিয়া॥ইরান সহরবিচে পৌছিল আসিয়া * দখল করিল দেস আপনা জোরেতে ডরেতে ইরানি লোক না পারে লড়িতে* কবজ করিয়া লিয়া সহর বাজার ॥ বসিল তক্তের পরে হৈয়া নামদার * লোক জন জতো কেহ ইরানি দেসের ॥ লাচারিতে তাবেদার হইল তাখের * কিন্তু নামি নামি জত ছাহেব ছরদার ॥ তারা সবে তাবেদারি না করে তাহার * বাদসার গমেতে সবে পেরেসান হৈয়া ॥ ছাড়িয়া ইরান দেল আইল চলিয়া* জাবল সিস্তান দুই সহর মাঝার॥ জে দেসে বাদসাই করে রোস্তম ছরদার * জখন সহর বিচে আসিয়া পৌছিল ॥ রোস্তম তা সবাকার খবর পাইল * লোক পাঠাইয়া সবে লিল মাঙ্গাইয়া ॥ রোস্তমের আগে সবে পৌছিল আসিয়া* ছালাম করিয়া সবে রোস্তম খাতির ॥ একে একে হাল সব করিল জাহির * করিল তদবির কিছু কর পাহাওান ॥ নহে এবে মারা জাবে কাউছ জাহান * সুনিয়া রোস্তম কহে তাদের তরেতে॥ আলবত্তা করিব জাহাহবে আমা হৈতে

মাজেন্দারানেতে * বাদসা হইয়া খুসি লস্কর লইয়া ॥ মঞ্জেলং২ রাহা জায় নেকলিয়া * ছাড়িয়া দেয়ের
দেস খুসি খোসালিতে ॥ কত দিনে আসিয়া পঁওছিল ইরানেতে * উজির নাজির জত ইরানে আছিল
সুনে সবে আগে বেড়ে বাদসাকে আনিল * আসিয়া কাউছ সাহা তক্তে দিল বার ॥ দেসে২ পঁওছিল
বাদসার সমাচার * আইল কাউছ সাহা ইরানে ফিরিয়া ॥দেয়ের মুলুক সব কবজ করিয়া * মাজেন্দা
রানের তাবে জত দেসছিল ॥ কাউছ বাদসার তাবে সব দেস হৈল* এহা সুনে দেসেং বাদসা লোক
জারা ॥ কাউছের তারিফ্ফ করিল বড় তারা * কহে সবে বক্ত খুব কাউছ সাহার ॥ দেয়ের মুলুক জার
হৈল তাবেদার * এয়ছাই জাদুর দেস মাজেন্দারানের ॥ তুড়িল সে সব দেস মারিয়া সমসের * এবে
কাউছের তাবে হৈল জত দেও ॥ কাউছ সমান বাদসা না হইবে কেও * এইরূপে জত বাদসা ছিল
ঠাই২ ॥ কাউছ বাদসার ডরে উহারা সবাই*সের জেন ছিল জারা সুনিয়া খবর॥হইল গিধড় মত টুটে
গেল জোর*বড় বড় বাদসা জারা নাহি ডরাইয়া॥ছিল সবে আপনাকে হেম্মতবান্দিয়া* তারা সবে ডর
পেঁয়ে কাউছ সাহার ॥ খুসিতে আপনি এসে হৈল তাবেদার * কেহবা ভেজিয়া দিল জওহরের তাজ
কেহ কেহ হুজুরেতে ভেজিল খেরাজ*তাবেদারি জে কেহ না করিল আসিয়া॥আছিল আপন জোরে
গুমান করিয়া * ভেজিয়া সেসব দেসে লস্কর সর্দ্দার ॥ ছেনাইয়া লিল দেস করে ছারখার* জালেম স
বার তরে তাবেতে আনিয়া ॥ তুরানের দেস কত লিল ছেনাইয়া*তাবেদারিজে কেহ না কবুল করিল
তেগ জোরে সাহা সবে ওড়াইয়া দিল* কিন্তু এক বাদসা সে বড়ই নামদার॥হামাউন বলিয়া আছিল
নাম তার * তুরান সরহদ্দ বিচে তাহার বাদসাই ॥ করিয়া সে আপনার জোরের বড়াই * হেমাকত
করিয়া রহিল জে সমায় ॥ তখন কাউছ সাহা দেলের গোস্বায় * লস্কর সর্দ্দার সব গিয়া সে দেসেতে
করিয়া বহুত জঙ্গ তাহার সহিতে * বেশুমার লোক তার মারিয়া ডালিল ॥ নানারূপে দুখ দিয়া আ
জেজ করিল * তবু সে বড়াই কোরে আপন জোরের ॥ তাবেদারি কবুল না করে কাউছের * রহিল
সে আপনাকে করিয়া গুমর ॥ সোন সবে কহি এবে দোছরা খবর* বেটী এক ছিল তার ছুরত ...
রূপে গুনে পরিপাটী অতি চমৎকার * জুদাবা বলিয়া জে আছিল তার নাম ॥ দেখিয়া আসক তারে
আলম তামাম * বএস বচ্ছর বারো নবীন কুমারি ॥ পুন্নিমার চন্দ্র হেন রুপের মুরারি * সোনার বরন
তনু মাজাখানি সরু ॥ উঠেছে কমল কলি জেন কলপতরু * চঞ্চল নয়ন জেন মৃগের চাহনি ॥ মুখের
বচন জেন কোকিলের বানি * জে দেখে তাহার মুখ না ভোলে সে জন ॥ সুনিয়া আসক লোকে হয় উচা
টন * এই সমাচার কেহ বয়ান করিয়া ॥ কাউছ বাদসার তরে দিল সোনাইয়া * সুনিয়া কাউছ সাহা
বিবীর খাতির ॥ আসক হইয়া দেলে হইল অস্থির* আসকের কারিতীর লাগিয়া ছিনায় ॥টুটিয়া রহিল
ফলি বাহির না হয়* বেতাব হইয়া সাহা উকীল পাঠায় ॥ হামাউন সুনিয়া জে রাজী হৈয়া তায়*আর
কান উজীর সবে লৌয়া আপনার ॥ সুনাইল পয়গাম জে কাউছ সাহার * সকলে হইয়া রাজি খোসাল
অন্তরে ॥জওাব ভেজিল সাহা কাউছের তরে*উকীল আইল ফিরে জওাব লইয়া॥সুনিয়া কাউছ সাহা
খোসাল হইয়া * বকসিস এনাম দিয়া উকীলের তরে ॥ ফরমাইল সাদীর সামানা করিবারে *দেখিয়া
ছাএত নেক লোক জন লিয়া ॥ ইরান হইতে চলে রওানা হইয়া * খুসি খোসালেতে গিয়া কয়
রোজ পরে ॥ দাখেল হইল হামাউনের সহরে * হামাউন কাউছের খবর পাইয়া॥ আগু বাড়াইয়া লিল
লস্কর ভেজিয়া * তাজিম তকরিম কোরে কাউছ সাহায় ॥ জরির মছলন্দ পরে লইয়া বসায় * সাতে
গিয়া ছিল জত লস্কর সর্দ্দার ॥ তাজিমে তা সবাকে বসায় নামদার * খানা পানি খেলাইয়া হৈয়া খুসি
মন ॥ আছিল দেশেতে তার জেমন চলন * সেই চলনের মত আপন বেটীর ॥ কাউছের সাতে সাদি
দিল জাহাগির * খুসি হৈয়া খয়রাত করিল কত ধন ॥ দামাদে বকসেস কৈল রতন কাঞ্চন *
তাবাদে কাউছ সাহা খোসাল অন্তরে॥ইরানে আইল ফিরে আপনার ঘরে*মিলীয়া বিবীর সাতে হয়ে
খুসি মন ॥ দেলের এস্কের আগ কৈল নিবারন * রহিয়া কএক রোজ মহব্বতে তার ॥ হইয়া হাজার
খুসি বাদসা নামদার * আখী ছাড়া নাহি করে বিবীর কারন ॥ হামেসা হুজরার বিচে রহে দুই জন
এই রূপে কিছু দিন গোজারিয়া গেল॥দুস্তি মহব্বত খুব বাড়িতে লাগিল * বিবীর দুস্তিতে সাহা হইয়া

খেলাত লিল ছালাম করিয়া ॥ বাদসা করিল দোওা হাত ওঠাইয়া*আর জত ছিল সব ছাহেব ছর্দ্দার
এনাম খেলাত সবে দিল নামদার * জেবা জেয়ছা তারে তেয়ছা দিল নেওাজিয়া ॥ সকলে হইল খুসি
খেলাত পাইয়া * তাবাদে উজির জত মাজেন্দারানের ॥ কাউছ সাহার আগে হইয়া হাজের * তাবে
দারি কবুল করিয়া খোসালিতে ॥ হাজের হইয়া সবে রহিল খেদমতে * একে২ এসে ফের তামাম
ছেফাই ॥ খেদমতে হাজের হৈয়া রহিল সবাই * তার পরে খুসি হৈয়া কাউছ জাহান ॥ গেলেনমহল
বিচে ছাড়িয়া ময়দান*জাদুটোনা কারখানা জেখানে জা ছিল ॥ ভেঙ্গে চুরে সব তাহা মেটাইয়া দিল
সাহি তাজ ছেরে দিয়া তক্তে বার দিল ॥ দেওপরি নরনারি জেখানে জে ছিল* একে২সকলে আসিয়া
জনে জনে ॥ তাবেদার হৈয়া রহে খেসালিত মনে * মাল গঞ্জ জেখানে আছিল জত ধন ॥ পাইয়া
কাউছ সাহা খুসি হৈয়া মন * আলাও লস্করে কত দিল বিলাইয়া ॥সকেলে হইল খুসি দওলত পাইয়া
তার পরে সিক্কাজারি কৈল ঠাই২ ॥ ফিরিল মুল্লক জুড়ে বাদসার দোহাই * জাদু তেলেছমাত জত
ঠাই২ ছিল ॥ সেসব আফতবালা তুড়িয়া ডালিল*কিছু দিন সহরে থাকিয়া নামদার ॥ আদল এনছাফ
করে রাএত প্রজার * খুসি কোরে সবাকারে তাহার বাদেতে ॥ এরাদা করিল দেলে ইরানে আসিতে
তখন বোলাইয়ে সাহা আওলাদের তেব ॥ মাজেন্দারানের তক্তে বসাইয়া তারে* কহিল আদল মেরা
বাহাল রাখিয়া ॥ হামেহাল দিবে মুঝে খেরাজ ভেজিয়া * আর জত ছিল সব আরকান উজির॥ কহিল
কাউছসাহা সবার খাতির*আওলাদের বাতে কেহ ছেরনা হেলাবে॥ হরবাতে তাবেদার হইয়া রহিবে
জদি কেহ কোন বাতে করিবে বুরাই ॥ আসিয়া উচিত মত করিব সাজাই * এইরূপে জনে২ কহিয়া
বিস্তর ॥ আসিতে আপন দেশে বান্দিল কোমর * অধীন খাতের কহে আল্লা কার ছাজ ॥ কাকে মারে
কাকে ফের দেয়ে তক্ত তাজ*সব সে করিতে পারে আপনা কোদরতে॥ হাতিকে কয়েদ করে মচ্ছরের
হাতে * দেও এয়ছা পাহালওান হাজারে হাজার ॥ একা রোস্তমের হাতে কৈল ছারখার*ভাঙ্গা গড়া
জত কিছু সব তার কাম ॥ কিন্তু সে বাড়ায় জারে হয় তার নাম *

মাজেন্দারা সহর আওলাদে সুপিয়া কায়কাউছ সাহা ইরানে আসিয়া হামাউন
বাদসার সাতে লড়াই করিয়া তাহার বেটীকে সাদি করিবার বয়ান *

পয়ার * মহিমে পাইয়া ফতে মাজন্দারানের॥ রহিয়া কাউছ সাহা খোসাল খাতের *ফের আপে
দেলবিচে করিয়া খাহেস ॥ মাজেন্দারানের তাবে ছিল জত দেস * একে২ সবঠাই লস্কর ভেজিয়া *
লইল তামাম দেস কবজ করিয়া * মুলুকে২ নাম হইল জাহির ॥ বাদসার নামে কেহ নাহি তোলে
ছির * দেসে২ জেখানে জেছিল নামদার ॥ সবে এসে কাউছের হইল তাবেদার * খেরাজ কবুল করে
মানিয়া ফরমান॥ জার জে মুল্লক লিয়া রহিল নিদান * জাদুর মুল্লকে জত দেয়ের বাদসাই ॥ হাত হৈল
বাকি না রহিল কোনঠাই * তখন ডাকিয়া সাহা আওলাদের তরে॥ কহিল থাকিবে খুব ইমানের পরে
দাগাবাজী কর জদি শুনিবারে পাই ॥ রোস্তমের হাতে তবে পাইবে সাজাই * আওলাদশুনিয়া কহে
বাদসার খাতিরে ॥ আমিতো গোলাম তেরা আউওল আখেরে * জান বাচাইয়া মুজে মেহের করিয়া
নেহাল করিলে আপে বাদসাই সুপিয়া * কেবা কোথা করে এয়ছা গোলামের পরে ॥ আপনি মেহের
জেয়ছা করিলে আমারে*জত দিন তক আমি বাচিয়া রহিব ॥ মানিব এহছান তেরা নাহিক ভুলিব *
হামেসা রহিব হৈয়া খেরাজ গোজার ॥ খাতা জদি করি এতে দোহাই খোদার * আওলাদ করিলজদি
কারার এমন ॥ কাউছ হইয়া খুসি কহিল তখন * সেতাবি তৈয়ার কর লস্কর ছামান ॥ দের নাহি সহে
আর জাইব ইরান * আওলাদ হুকুম পেয়ে কহিল জাইয়া॥সেতাবি নেকলসবে তৈয়ার হইয়া * সুনিয়া
তৈয়ার হইয়া লস্কর সরদার॥তোসা ছরঞ্জাম লিয়া হৈল রাহাদার *খুসিতে চলিল দেশে তামাম জওান
আগুদলে নেকলিল ঝাণ্ডা ও নিসান*পিছে২ চলে জত নামি আছওার॥ দোস্তম গোদজ্জ গেওছাহেব
ছর্দ্দার * বিচখানে চলে আপে বাদসা জাহাগির ॥ সাতে লিয়া আপনার উজির নাজির * চারি দিগে
ঘিরে চলে তামাম ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠীল মউজ * আওলাদ লস্কর লিয়া পিছে২ আইল ॥
দুই রোজ রাহাতক পৌছাইয়া দিল * তার পরে বিদায় হইয়া সেথা হইতে ॥ আওলাদ ফিরিয়া আইল

হৈয়া মোনে ॥ জঙ্গি হাতি লিয়া গিধী আইল ময়দানে * বড়২ মস্ত হাতি ছিল বেসুমার ॥ খাড়া কৈল ঘেরিয়া আপনা চারি ধার*তখন হুকুম কৈল দেও সবাকারে ॥ একুবারে মার ঘিরে রোস্তমের তরে * বাদসার হুকুম পেয়ে দেয়ের লস্কর ॥ একুবারে টুটে আইসে রোস্তম উপর * মার২ হাক হেকে আইল কুদিয়া ॥ রোস্তম দেখিয়া চলে তেগ হাতে লিয়া* নাহি ডরে তেগ মেরে দেয়ের মাথায় ॥ দিগে২ কত দেয়ে কাটীয়া গেরায় * হাকে ঘন সের জেন কুদে পড়ে জোরে ॥ বাওভরে ওঠাইয়া ফেকে কার তরে জঙ্গি হাতি ময়দানেতে এসেছিল যত॥ তেগ জোর গেরাইয়া দিল কত সত* ঘোড়া হেকে তেগলিয়া জেই দিগে জায়॥ডর পেয়ে দেওজাত ভাগিয়া পলায় * দেওানার মত হৈয়া রোস্তম ছর্দ্দার॥ ময়দানে কুদিয়া ফেরে বোলে মার২ * বেসুমার মারাগেল দেয়ের লস্কর ॥ ময়দান ভরিয়া গেল নাহি তার ওর লহু নদি বয়ে চলে জেমন তুফান ॥ মরা লাস ভাসে তাথে সোলার সমান * এই রূপে সাত দিন লড়ে পাহালওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * রোস্তম হইয়া গোস্বা না আসে ফিরিয়া ॥ রাত দিন জঙ্গকরে ময়দানে থাকিয়া * দেখিয়া কাউছ সাহা উঠাইয়া হাত ॥ কাতরে আল্লার আগে করে মোনাজাত * এলাহি মদদ করো অধিনের পরে ॥ তোমা বিনে ফরিয়াদ করিব কার তরে * তেরা মদদের আসে কোমর বান্ধিয়া ॥ মহিমে আইনু হেথা লস্কর লইয়া * তুমিনা মদদ জদি করিবে আমায় মরিব দেয়ের হাতে নাহিক উপায় * জদি এ মহিমে মেরা নাহি হয় ফতে ॥ মারা জাবে বান্দা তেরা কাফেরের হাতে * এইরূপে কান্দিয়া কাউছ নামদার ॥ হাত ওঠাইয়া কহে দরগাতে খোদার * কবুল হইল দোওা খোদার দরগাতে॥গায়েবি আওাজ এহা পাইল শুনিতে*সোনহ কাউছ সাহা নাহি ভাব আর ॥ দেয়ের মহিমে ফতে হইবে তোমার * হাতেফে আওয়াজ এয়ছা সুনিতে পাইয়া ॥ খুসি হৈয়া রোস্তমেরে কহে বোলাইয়া * সুনিয়া রোস্তম মর্দ্দ হইল খোসাল॥ গাএবি খাজানা জেন পাইল কাঙ্গাল দ্বিগুন বাড়িল জোর রোস্তমের গায় ॥ মেরে চলে তেগ তলে জারে জেথা পায় * ঘোড়া হাকে লাখে২ দেয় গেরাইয়া ॥ ঘোরে ফেরে চারি ধারে কাটে খেদাড়িয়া * মেরে চলে দলে২ জাকে জেথা পায় ॥ হাজার হাজার দেয়ে কাটীয়া গেরায় * জে আইল না ফিরিল কুফরের জাত ॥ রোস্তম তা সবাকারে করিল নিপাত * লহু নদি ময়দানেতে দিল বহাইয়া ॥ সোলা হেন কাটা ধড় চলিল ভসিয়া * দেয়ের লস্কর দেখে রোস্তমের জোর ॥ টীকিতে না পারে কেহ ময়দান উপরে * মাজেন্দারানের সাহা দেখিয়া নিদানে॥জঙ্গি হাতি লিয়া গিধীআইল ময়দানে*গোস্বাভরে হেকে বলে রোস্তমের তরে॥দেখি কেছা জোর ধর আইস লড়িবারে*রোস্তম শুনিয়া হাকে গোর্জ্জ হাতে লিয়া ॥ মাজেন্দারানের আগে পৌছিল জাইয়া*এনে ছিল জত হাতী সঙ্গেতে তাহার ॥ গোর্জ্জ মেরে ছেরগুড়া করে তাসবার*মারা গেল জঙ্গিহাতীএসে ছিল জত॥মাজেন্দারানের সাহাদেখেহৈল হত*রাহা খালি করে মর্দ্দ নেজালিয়া জোরে ॥ ঘোমাইয়া মারে কুদে বাদসার কোম্মরে * এয়ছা জোরে নেজা খেচে মেরে ছিল তায় ॥ হাতে না রহিল নেজা নেকালিয়া জায়*তখন রোস্তম কহে হাকিয়া লস্করে॥সেতাবি আনিয়া এক নেজা দেহ মোরে*গেও পাহালওান মর্দ্দ সুনিতে পাইয়া॥ নেজা এক সেতাবি রোস্তমে দিল গিয়া* নেজা পেয়ে রোস্তম কুদিয়া আইসে জোরে॥খেচিয়া মারিল ফের বাদসার কন্ধরে * কারি চোট লেগে ভারি টুটীল কম্মর ॥ গিরিল জমিন পরে কমিন কুফর * দেখিয়া রোস্তম মর্দ্দ সেতাবি করিয়া ॥ মারিল গর্দ্দানে তাঁর তলওার খেচিয়া * মারা গেল দুরাচার কমিনা কুফর ॥ জান নেকলিয়া গেল দোজখ ভিতর * দেখে ডরে সেফাই ছর্দ্দার জত তার ॥ মহিম করিতে কেহ নাহি আইসে আর * বুঝিল মহিমে এবে রোস্তমের হাতে॥কোন মতে কদাচীত না পাইবে ফতে * কেন মীছে এবে আর খোওাইব জান ॥ এহা ভেবে ভাগে সবে ছাড়িয়া ময়দান * দিকে২ পালাইয়া গেল সব দেও ॥ ময়দান হইল খালি নাটিকিল কেওু * রোস্তম দেখিয়া তাহা হৈয়া খুসি মন ॥ আইল ময়দান হৈতে ফিরিয়া তখন * মহিম হইল ফতে ঘুচিল বালাই ॥ ফতে নামা সাদীয়ানা বাজে ঠাই২*খুসিতে কাউছসাহা দরগাতে খোদার॥ হাত ওঠাইয়া ভেজে সোকর হাজার*রোস্তম সোকর ভেজে দেল খোসালিতে ॥ কহে বাচাইলে খোদা দুস মনের হাতে * তারপরে খুসি হইয়া বাদসা জাহাগীর ॥ এনাম খেলাত দিল রোস্তম খাতির * রোস্তম

করিব ছারখার * এলাহি দিয়াছে জোর আমার বদনে ॥ নাহিক ডরাই আমি দেয়ের কারনে *
কহিয়া এয়ছাই বাত ছালাম করিয়া ॥ বাদসার খেলাত লিল খোসাল হইয়া * তার পরে খানা পানি
খেয়ে খুসি মোনে ॥ আরাম করিয়া সবে রহে জোনে২ * রাত গোজারিয়া গেল হইল ফজর ॥ বাজিল
ছওারি ডঙ্কা নেকলে লস্কর * সাজ২ বাজা বাজে নাকারা নিসান ॥ শুনিয়া তৈয়ার হৈল তামাম জওান
ময়দান উপরে সবে পৌছিল জাইয়া ॥ মার২ কোরে ফেরে ঘোড়া কোদাইয়া * হোথা মাজেন্দারানের
বাদসা নামদার ॥ উজির সবার তরে কহে আপনার * বড়া জোরওার দেখি রোস্তম ইরানি ॥ আমার
লস্করে কেহু নাহি তারছানি * একে২ আজ ফের করিলে লড়াই ॥ ফতে হইবার কিছুনা দেখি ভালাই
একুবারে সেজে সবে জাহ ময়দানেতে॥চারিদিগে ঘিরেমার আদমের জাতে* এয়ছাই মছলত করে কা
ফের সয়তান॥আপনা লস্কর সবে করিল ফরমান*বাদসার হুকুম পেয়েদেয়ের ছেফাই॥একুবারে সেজে.
আইসে করিতে লড়াই*দলে২ ঘিরে চলে বোলে মার২ ॥ গর্দ্দ উড়ে হৈয়া গেল ময়দান আন্ধার* চারি
দিগে ঝাকে২ ঘিরিল আসিয়া॥ রোস্তম ছরদার তাহা দেখিতে পাইয়া * এয়াদ করিয়া দেলে এলাহির
নাম ॥ দুহাতে তলওার ধরে দাতেতে লাগাম * ঘোড়াকে করিল কোড়া চলিল কুদিয়া ॥ মারে তেগ
বেদেরেগ দুহাতে খেচিয়া* ঝাকে২ লাকে২ দেয়ের লস্কর॥তেগ তলে মেরে চলে কোরে জোর সোর
ঘোড়া বেড়ি দিয়া ঘেরে হাজারে হাজার॥নাহি ছাড়ে পায়জারে মারে তলওার * রখসো ঘোড়া মারে
জোড়া জে আইসে পিছেতে ॥ দেওজাত খেয়েলাত গেরে ময়দানেতে * দিগে২ আর জত ইরানিছর
দার ॥ মস্ত হালে লড়ে সবে বোলে মার২*দেও সবে গোস্বা ভরে চারিদিগ হৈতে ॥ কুদে জোরে জঙ্গ
করে ইরানির সাতে * মার মার ধর ধর হৈল সোরসার ॥ কে কোথা তলওার মারে নাহিক শুমার
রোস্তম হইয়া গোস্বা দেওকে ধরিয়া ॥ ফেকে দেয় লস্করেতে ছেরে ঘুমাইয়া * চাপানেতে পড়ে তার
কত দেওজাত ॥ জমি পরে জায় গিরে হইয়া নিপাত* এই রূপে দুই দলে করিয়া লড়াই ॥ মারা গেল
কত তাহা লেখাজোখা নাই* লহুতে ময়দান পরে মরা লাস জত॥ ঠাই ঠাই ভাসিয়া চলিল কত শত
এইরূপে দুইদলে বহুত লড়িল ॥ দিন গোজারিয়া গেল নিমাসাম হৈল * বাজিল বাছড়ি ডঙ্কা ফিরিল
লস্কর॥জার জে ডেরাতে গিয়া খুলিল কোমর* খানাপানি খেয়েরহে আরাম করিয়া ॥ খুসিতে তামাম
রাতগেল গুজারিয়া* ফজরে উঠীয়া ফেরদুদলে লস্কর॥ লড়িতে আইল শেজে ময়দান উপর * দুই
দলে মোকাবেলা ছেফাই২ ॥ পহেলা করিল সুরু তিরের লড়াই * দেও দুরাচারসবে চারিদিগে ঘিরে
মারিতে লাগিল তির ইরানি উপরে * ইরানিছরদার সবে জোরেতে খেচিয়া ॥ তির মেরে দেওজাতে
দেয় গেরাইয়া * এইরূপে ঘড়ি চার দুদলে ছেফাই ॥ নানারূপে তিরে২ করিল লড়াই * গিরিল বহুত
তাতে জখম হইয়া ॥ জান শুদ্দা কতসত গেল জে মরিয়া * রোস্তম সে জঙ্গ দেখে না পারে সহিতে ॥
ঘোড়া কোদাইয়া চলে তেগ লিয়া হাতে* মেরে চলে দেওপরে জোরেতে খেচিয়া ॥ দলে দলে কেটে
ফেলে মুণ্ডমালা দিয়া * কারতরে বাও ভরে ধরিয়া জোরেতে ॥ ফেকে দেয় ঘোমাইয়া লস্কর বিচেতে
ডান বাম সুমুখেতে জারে জেথা পায় ॥ নাহি ছাড়ে তেগ জোরে মেরে ডালে ঠায় * মাজেন্দারানের
সাহা দেখিতে পাইয়া ॥ আপনা লস্কর লোগে কহে ফোকারিয়া * একেলা আদমজাত রাখে এতজোর
মেরে ডালে একবারে দেয়ের লস্কর* একুবারে ঘিরেলিয়া তামাম ছেফাই॥ ধরে রোস্তমের তরে করনা
সাজাই*বাদসার হুকুম পেয়ে দেয়ের লস্কর । রোস্তমে ঘিরিল এসে কোরে জোরসোর * নেজা গোর্জ্জ
তির তেগ চারিদিগ হইতে ॥ রোস্তম উপরে সবে লাগিল মারিতে* রোস্তম বিপাক দেখে জোরেতে
কুদিয়া ॥ রদকরে চোট সব ঢালেতে আড়িয়া * গোস্বা হৈয়া মারে তেগ ওঠাইয়া ঘোড়া ॥ মেরে চলে
এক দম নাহি হয় খাড়া * আর জত পাহালওান ইরানি ছর্দ্দার ॥ দিগে২ মারে সবে বলে মার২ *
হাতি পরে তেগমারে রোস্তম জওান ॥ মাহুত সমেত কেটে করে দুইখান * এইরূপে মস্তহালে বহুত
লড়িয়া ॥ঘেরা ছিল ছাড়াইল দেওকে মারিয়া * লড়িয়া তামাম দিন দুদলে ছেফাই ॥ দিন গেলসাম
হৈল মকুফ লড়াই * দুদলে ফিরিয়া আইল লস্কর তামাম ॥ খানা পানি খেয়ে রহে করিয়া আরাম *
রাত গোজারিয়া গেল হইল ফজর ॥ ময়দানে আইল ফের দুদলে লস্কর* মাজেন্দারানের সাহা গোস্বা

উজায় ধরিয়া উপরে জেন উঠিল যউঙ্ক*মাজেন্দারানেতে গিয়া ময়দান উপর ॥ কাউছ পৌছিল জাদ লইয়া লস্কর*মাজেন্দারানের সাহা পেয়ে সমাচার ॥ লস্করে হুকুম কৈল হইতে তৈয়ার*বাদসার হুকুম পেয়ে দেয়ের লস্কর॥তৈয়ার হইল সবে বান্ধিয়া কোম্মর*বাদসা কোম্মর বেন্ধে লইয়া ছেফাই॥ আইল ময়দান পরে করিতে লড়াই*দুদিগে হইল খাড়া দুদলে লস্কর ॥ তুফান চলিল জেন ময়দান উপর*না মেতে বেদারজঙ্গ দেয়ের ছেফাই॥পহেলা আইল কুদে করিতে লড়াই*হাকিতে লাগিল গিধী রোস্তম বলিয়া ॥ কহে কেয়ছা জোর রাখ আইস নেকলিয়া*শুনিয়াছি তুমি খুব ইরানি ছরদার ॥ এখনি ধরিয়া সাজা করিব তোমার * এইরূপে লাফ কাফ করে দাগাবাজ ॥ রোস্তম সুনিতে পেয়ে তাহার আওাজ ছওার হইয়া গিয়া ময়দান উপর ॥ দেওকে হাকিয়া বলে সোনরে কুফর* কতজোর রাখ দেখি আইস বেপির॥দোজখে ভেজিব আজ তোমার খাতির* একথা শুনিয়াদেও গোস্বাতে ভরিয়া॥আইল রোস্তম পরে নেজা ঘোমাইয়া * জোরেতে খোঁচয়া মারে কমিনা বজ্জাত ॥ বাওভরে রোস্তম ধরিল তার হাত নেজা ছেনাইয়া লিয়া গোস্বা হৈয়া মনে॥খোচয়া মারিল তেগ দেয়ের গর্দ্দানে*ধড়ছের একুবারে হইয়া দুথান ॥ জমিনে গিরিল গিধি পাহাড় সমান * মাজেন্দারানের সাহা সেহাল দেখিয়া ॥ দোছরা জঙ্গির তরে দিল পাঠাইয়া * কাহল সেতাবি ধরে রোস্তমের তরে ॥ হাজের করহ এনে আমার হুজুরে * সুনিয়া সেজঙ্গি দেও নেজা হাতে লিয়া॥ রোস্তম আছিল জেথা আইল কুদিয়া* হাকিয়া মারিল নেজা রোস্তম উপরে ॥ রোস্তম তাহার নেজা ঢালে রদ করে* এছাই জোরেতে নেজামারে দাগাবাজ॥তামায লস্করে তার পৌছিল আওাজ* নেজা মেরে ফিরিয়া চলিল জে সমায় ॥ রোস্তম কুদিয়া গোর্জ্জ মারিল তাহায়* এয়ছাই জোরেতে গোর্জ্জ মারে তার ছেরে ॥ গর্দ্দান টুটিয়া গিধি গেরে জমি পরে * রোস্তম সেতাবি তার মাথা কেটে লিয়া॥ দেয়ের লস্কর বিচে দিলেক ফেকিয়া * দেখে সে জঙ্গির ছের গোস্বা হৈয়া মনে॥আর এক দেও কুদে আইল ময়দানে*হেকে জোরে গোস্বা ভরে করে তানসান॥ কহে এবে আইস দেখি ইরানি জওান * বড়া বদ ছুরত দেও কুচ্ছিত আকার ॥ জেন পরি ভুত ভাগে ডরেতে তাহার * অজুদ আছিল উচা পাহাড় জেমন ॥ মাথা তার ছিল ঠীক গোম্বজ মতন* দুই চক্ষু বড়া২ মসালের মত ॥ হাতির দাতের এয়ছা দাত ছিল জত * বড়া পাহালওান গিধি জোরে জোরওার ॥ জমিন কাঁপিয়া ওঠে হাকেতে তাহার* রোস্তম দেখিয়া তারে জোরেতে হাকিয়া ॥ নেজা গোর্জ্জ তেগলিয়া চলিল কুদিয়া * মোকাবেলা হৈল জবে রোস্তম ছরদার ॥ জোরেতে হাকিয়া দেও বলে মার২ * রোস্তম উপরে গোর্জ্জমারে ঘোমাইয়া ॥ রোস্তম লইল গোর্জ্জ ঢালে ওড়াইয়া * এয়ছাই জোরেতে গিধি গোর্জ্জ মেরে ছিল॥ধমকে ঢালের পরে আগুন উঠিল* তবু সে গোর্জ্জের চোটে রোস্তম ছরদার ॥ সাবুদ রহিল খোসে ঘোড়াতে ছওার* দেখিয়া কাহিল দেও রোস্তমের তরে ॥ হাজার তারফ তেরা দস্ত বাজু পরে * আমি জদি মারিতুন লইয়া এ গোর্জ্জ॥ধমকে পড়িত ভেঙ্গে পাহাড় আলবোর্জ্জ* সাবাস২ মর্দ্দ রোস্তম ছরদার ॥ লইলে ঢালের পরে এয়ছাই ওয়ার * দেওজাত এহা বলে চাহোক তখন ॥ ফের এক চোট করে রোস্তম কারন * রোস্তম দেখিতে পেয়ে দেওয়ের খাতিব ॥ হেকে বলে সামালোরে কমিনা কাফির * এহা বোলে গোস্বাভরে তেগলিয়া হাতে ॥ খেচিয়া মারিল জোরে দেয়ের পিঠেতে ভুড়ি নেকলিয়া দেও পড়ে জমীপরে ॥ জান নেকলিয়া গেল দোজখ ভিতরে * মাজেন্দারানের সাহা দেখিয়া তাহায় ॥ আফছোছ করিয়া দেলে করে হায়২ * কহে আর কেবা এয়ছা আছে লস্করেতে ॥ একেলা জাইবে ফের মহিম করিতে * এহাবলে তাকাইয়া দেখে ডান বায় ॥ দোছরা জঙ্গিকে ফের মহীমে পাঠায়*সেহ ফের ঐরূপে রোস্তমের হাতে ॥ মারা গেল মহিমে গিরিয়া ময়দানেতে * এইরূপে একে২ আইল জত জন ॥ রোস্তম দোজখে ভেজে সবার কারন * লড়িতে২ দিন হৈল নিমাসাম ॥ সেদিনে মকুফ হৈল মহিমের কাম * বাজিল বাছড়ি ডঙ্কা ফিরিল লস্কর ॥ জার জে ডেরেতে গিয়া খুলিল কোমর * রোস্তম আসিয়া কৈল বাদসাকে ছালাম ॥ বাদসা রোস্তমে দিল বখসেস এনাম * তারিফ করিয়া কহে রোস্তমের তরে ॥ হাজার সাবাস তেরা দস্ত বাজু পরে * একেলা দেয়ের সাতে মহিম করিলে ॥ বড়া২ দেও দেখে নাহি ডরাইলে * রোস্তম কহিল দোওা কর নামদার ॥ দেও মেরে একেলা

ভালাই * দেখিনু জেয়ছাই আম কহিনু হুজুরে ॥ বুঝে সুজে কর কাম জে আইসে খাতেরে * মাজে ন্দারানের সাহা এয়ছা বিবরন ॥ কালাপু দেয়ের মুখে সুনিল জখন * গজব করিয়া গিদ্ধি লোক পাঠা ইয়া ॥ রোস্তম খাতিরে তবে লিল বোলাইয়া * রোস্তম সামনে এসে পৌছিল জখন॥ কহিতে লাগিল বাদসা দেখিয়া তখন * জানা গেল তুমি বটে রোস্তম ছরদার॥ আইলে ইরান হৈতে মদোদে বাদসার তোমার তারিফ কোরে বাদসা জাহাগির ॥ লিখে ছিল লেখা এক আমার খাতির * রোস্তম সুনিয়া কহে বাদসার কারন॥ আমি সে রোস্তম নহি সোন বিবরন * আমিত নফর তার ফিরি সাতে২ ॥ জেথা ভেজে জাই সেথা নারি এড়াইতে*আমার মাফিক এয়ছা কতজন আর॥তাবে হৈয়া আছে তার হুকুম বর্দ্দার* এহা বোলে পাহালওান রোস্তম তখন ॥ দিলেন তাহার তরে বাদসার লিখন * পরে সে বাদ সার লেখা ওাকেফ হইয়া॥দু আখি করিল লাল গোস্বাতে ভরিয়া*রোস্তম দেখিয়া গোস্বা বাদসার খা তের॥কহে মুঝে লেখা দেহ নাহি সহেদের* শুনে বাদসা আপনাকে হৈয়া গোশ্বামন॥ লেখার জওাব এয়ছা লিখিল তখন * সোনহ কাউছ সাহা কহি জে তোমায় ॥ মহিমের ডর কিবা দেখাও আমায় মহিম করিতে আমি নাহিক ডরাই ॥ কমি নহে আছে মেরা লস্কর ছেপাই * কি কারনে তাবেদারি ক রিব তোমার ॥ ডরাইবে তেরা বাতে সে কেয়ছা গাওার* একবার মেরা সাতে করিয়া লড়াই॥ উচিত্ত মাফিক তুমি পাইলে সাজাই*জদি এবে কোন রুপে হোনর হেকমতে॥ জান বকসি পাইয়াছ বন্দখানা হৈতে*আপনা ভালাই চাহ আসিয়া এখন॥ তাবেদারি কর মেরা লিয়া লোক জন * তা হইলে আপ নার জান বাচাইয়া॥ইরান দেসেতে তবে জাইবে ফিরিয়া*তবে তেরা তাজ তক্ত রহিবে বজায় ॥ নহেত্ত খারাব হবে কহিনু নিশ্চয়*দেয়ের লস্কর মেরা আছে বেশুমার॥ওড়াইয়া দিব তুঝে করেছারখার*কত বাদসা তেরা আগে গোজরিয়া গেল॥ মাজেন্দারানেতে কেহ লড়িতে না আইল*ডরাইয়া তারা সবে দেয়ের কারন॥এদেসের নাম না লইত কদাচন * কি জোরে আমার সাতে করিতে লড়াই ॥ ইরান ছা ড়িয়া তুমি আইলে এঠাই * ভালা চাহ মেল এসে হৈয়া তাবে দার ॥ নহেত উচিত ছাজা করিব তো মার * রোস্তম একথা সুনে কহিল এয়ছাই ॥ এইবাতে আমি তুঝে করিনু রেহাই * কি করি নেমক খাই হামেসা বাদসার ॥ লড়িতে নাহিক পারি বে হুকুমে তার * নহেত মর্দ্দমি মেরা দেখিতে এখন ॥ ধরিয়া দিতুন সাজা তোমার কারন* রোস্তমের দায় থাক আমার সঙ্গেতে ॥ দেখিতুন লড়িয়া পাইতে কেয়ছা ফতে * একথা কহিয়া লিয়া নামার জওাব ॥ সেখান হইতে ফিরে আইল সেতাব * আছিল পাহাড়ে জেথা কাউছ জাহান॥নামার জওাব দিয়া রোস্তম জওান*বাকি জা জবানি কথা বয়ান করিয়া একে একে তামাম দিলেন সোনাইয়া*তার পরে কহে মর্দ্দ বাদসার খাতির ॥ জঙ্গের ছামানা এবে কর জাহাগির*মহিম করিতে আর নাহি সহে দের॥মারিব দুসমন পরে খেচিয়া সমসের* দুসমনে রাখিয়া না আরাম করা চাই ॥ অধিন খাতের কহে বাদিল লড়াই *

মাজেন্দারানের বাদসা কাউছ বাদসার সাতে লড়াই করিয়া রোস্তমের হাতে মারা জায় তাহার বয়ান *

পয়ার * নামার জওাব লিয়া রোস্তম ছরদার ॥ গোস্বা ভরে ঘোড়া পরে হইয়া ছওার * পাহাড়ে কা উছ সাহা জেখানে আছিল ॥ আসিয়া ছামনে তার হাজের হইল* নামার জওাব দিয়া বাদসার খাতির বাকি জা জবানি কথা করিয়া জাহির * কহিল এখন আর দের নাহি চাই॥ সেতাবি জাইব চল করিতে লড়াই * লেহ না তৈয়ার করে লস্কর ছামানা ॥ হেথা হৈতে চল সাহা হইয়া রওানা* এয়ছাই শুনিয়া সাহা কাউছ জওান ॥ ছরদার সবার তরে করিল ফরমান*সেতাবি লস্করে গিয়া দেহ সমাচার॥কোমর বান্দিয়া সবে হইতে তৈয়ার * বাদসার হুকুম তারা ফরমাইয়া দিল ॥ ঠাই২ রনসিঙ্গা বাজিতে লাগিল সাজ সাজ বাজা বাজে সুনিয়া লস্কর॥ তৈয়ার হইল সবে বান্দিয়া কোমর *ঝাণ্ডাও নিসান লিয়া হইল বাহির ॥ দেখিয়া রোস্তম মর্দ্দ খোসাল খাতির * কোমর বান্ধিয়া লিয়া ঢাল তলওার ॥ রখসো নামে ঘোড়া পরে হইল ছওার * আপনি কাউছ সাহা বান্ধিয়া কোমর ॥ সওার হইয়া চলে ঘোড়ার উপর ভেউর করনাল কাড়া বাজে ঠাই ঠাই ॥ মহিমে চলিল লিয়া তামাম ছেপাই * দলে২ রাহে চলে ইরান

জাহাগির * রোস্তমের তরে ফের দিল সুনাইয়া ॥ রোস্তম সুনিয়া কহে বাদসার লাগিয়া * নামা ফের লিখে এক দেহ না আমায় ॥ কাছেদ ছুরতে আমি জাইব সেথায় * দেখি সে কমিনা গিধি আমার ত রেতে॥নামার জওাব দেয় কেমন ছুরতে * শুনিয়া কাউছ সাহা খোসাল অন্তরে ॥ তারিফ করিয়া খুব রোস্তমের তরে * নামা ফের লেখে এক মাজেন্দারানেতে ॥ লিখিল এ হকিকত তাহার বিচেতে * সোন বাদসা বারবার কহিয়া জানাই॥ তোমার লস্কর হৈতে নাহিক ডরাই*:বে আদবি ছেড়ে দিয়া হও তাবেদার॥নহেত আমার হাতে হবে ছারখার*ফরমা বর্দ্দরি মেরা কবুল করিয়া ॥ ছাড়িয়া দেলের বদি মেলহ আসিয়া * খুসিতে এ দেস শুপে তোমার কারনে॥ হেথা হৈতে জাই আমি চলিয়া ইরানে নহে জদি জোর করে চাহ লড়িবারে ॥ খারাবি হইবে তেরা বুঝিবে আখেরে * তেগ জোরে ওড়াইব তোমার গর্দ্দান ॥ সহর বাজার দিব করিয়া বিরান * নানা রূপে আমি তুঝে করিনু হুসিয়ারি ॥ এখন কবুল কর মেরা তাবেদারি*রোস্তম সে নামা লিয়া হইয়া ছওার ॥ মাজেন্দা রানেতে চলে হৈয়া রাহা দার * সহরের দুয়ারেতে পৌছিল জাইয়া ॥ দরওান রোস্তমে দেখে চলিল ধাইয়া * মাজেন্দারানের সাহা আছিল জে খানে॥ খবর কহিল গিয়া তাহার ছামনে * সোন বাদসা জাহাপানা কহি জনাবেতে কাছেদ আইল ফের পাহাড় হইতে*বড়া পাহালওান মর্দ্দ ইরানি জওান॥ঘোড়ার ছওার আছে দেখি বড়া সান* জেয়ছা ঘোড়া তেয়ছা জোড়া তেয়ছাই ছেফাই ॥ তার মত কভু আমি না দেখি কোথাই মাজেন্দারানের সাহা এ কথা সুনিয়া ॥ ভেজিল ছেফাই কত আগু বাড়াইয়া * রোস্তম দেখিতে পেয়ে লস্কর বাদসার॥আপনাকে সেতাবি হইল হুসিয়ার* সেই খানে বড় এক দরক্ত আছিল॥ধরে সেগাছের তরে ওখাড়িয়া লিল * নেজার মাফিক তারে ছেরে ঘোমাইয়া ॥ বাদসার লস্কর পরে দিলেক ফেকিয়া পড়ে সে গাছের চাপা লস্কর বাদসার ॥ কত দেও মারা গেল হৈয়া ছারখার * দেখে রোস্তমের জোর হয়বতে পড়িয়া ॥ কত দেও পালাইল জান বাচাইয়া * জওা মর্দ্দ ছিল জারা কহে রোস্তমেরে॥ আইস মর্দ্দ জোর কিছু দেখাই তোমারে * এহা বলে এক দেও হাত বাড়াইয়া ॥ পাঞ্জা কসি করিবারে আইল কুদিয়া * রোস্তম হাকিয়া পাঞ্জা ধরে বাম হাতে ॥ এয়ছাই দাবিয়া ছিল কুওতের সাতে * চুর হৈয়া গেল হাত রগ থেতালিয়া ॥ জমিনে গিরিল গিধি বেহুস হইয়া * ডান হাত নাকাছ হইয়া গেল তার মহিমের দায় থাক জানে বাচা ভার * এ হাল দেখিয়া কেহু সেতাবি জাইয়া ॥ কহিল বাদসার আগে বয়ান করিয়া* সুনে বাদসা দেল বিচে করে ভাবাগোনা ॥ বুঝিল হইবে এই রোস্তম মর্দ্দানা * কাউছ করিল জার জোরের বড়াই॥এসেছে জে পাহালওান ইরানি ছেফাই* আলবত্তা হইবে সে আইল এখা নেতে ॥ না হইলে লড়ে কেবা দেয়ের সহিতে* এয়ছাই ভাবিয়া বাদসা আপনা অন্তরে॥ হুকুম করিল এক দেয়ের খাতিরে * জাহ তুমি জেথা সেই ইরানি জওান ॥ তেগ জোরে তুড়ে ডাল তাহার গর্দ্দান কালাপু নামেতে সেই দেও দুরাচার ॥ বড়া পাহালওান গিধি জোরে জোরওার* বাদসার হুকুম পেয়ে চলিল কুদিয়া ॥ রোস্তম আছিল জেথা পৌছিল জাইয়া * তান সান কোরে গিধী কমিনা কাফির ॥ হা কিয়া কহিল এহা রোস্তম খাতীর * কত জোর ধর দেখি আদমের জাত ॥ পাঞ্জাকসী কর এবে এসে মেরা সাত * দেখি তুমি ফতে পাও কেমন করিয়া ॥ আমি তুঝে দিব এবে খাকে মেলাইয়া * এহা বলে দাগাবাজ কুদিয়া জোরেতে॥হাত দারাজিয়া পাঞ্জা আইল ধরিতে* দেখিয়া দেয়ের তরে রোস্তম ছরদার॥ জাইয়া জোরেতে পাঞ্জা ধরিল তাহার*দাবিয়া খেচিল এয়ছা দিয়া এক টান॥হাত গুড়া হয়ে দেও হৈল পেরেসান*কাতর হইয়া গিধী হাত্তের জালায়॥লড়িতে নাহিক পারে ভাগিয়া পালায়*বাদ সার ছামনে গিয়া হাত দেখাইয়া॥কহিতে লাগিল এহা কান্দিয়া২* সুন বাদসা নামদার কহিয়া জানাই বড়া পাহালওান মর্দ্দ ইরানি ছেফাই * ধরে সে আমার হাত কৈল এয়ছা জোর ॥ তাহার জোরেতে আমি হইনু কাতর * হুনুর হেকমতে হাত লিনু ছাড়াইয়া ॥ জান বাচাইয়া হেথা আইনু ভাগিয়া * নহেত ধরিয়া মুঝে মারিয়া কাছাড় ॥ একেবারে গুড়া করে দিত সবহাড় * তারমত পাহালওান নাহি দেখি শুনি॥দেওজাতে নাহি এয়ছা কেহ তার ছানি * লড়িয়া তাহার সাতে নাহিক পারিবে ॥ ছোলে কর জাহাপানা কহিনু জনাবে * জদি নাহি ছোলে কর করিবে লড়াই ॥ ফতে হইবার আমি না দেখি

খুসিতে লস্কর সব কোমর বান্দিয়া ॥ চারিদিকে খাড়া হৈল আদব রাখিয়া * পিছেতে হইল খাড়া দে য়ের লস্কর ॥ হসমত হইল খুব পাহাড় উপর * খুসির মজলিছ খুব হইল গুলজার ॥ গম দুখ দুর হৈয়া গেল সবাকার * সরাব কাবাব সবে খায় খোসালিতে॥রোবাব তাম্বুরা কত লাগিল বাজিতে*এইরূপে সাত রোজ সকলে মিলিয়া ॥ আরাম জশন করে খোসাল হইয়া * তার পরে জাহাপানা বাদসা নাম দার ॥ নামা এক ভাল মতে করিয়া তৈয়ার * মাজেন্দারানের বিচে বাঁদসার আগেতে ॥ রওানা করিয়া দিল ফরহাদের হাতে * কহিল ফরহাদে ফের বাদসা নামদার ॥ সেতাবি আসিবা লিয়া জওাব এহার ফরহাদ হুকুম পেয়ে পাহাড় হইতে ॥চলিল সেনামা লিয়া মাজেন্দারানেতে *জাইয়া সহর বিচেবাদসা জেথা ছিল॥কাউছ সাহার নামা পৌছাইয়া দিল*কহিল সেতাবি এর জওাব লিখিয়া॥ দেহনা আমার তরে বিদায় করিয়া * সুনে সে খুলিয়া লেখা আপনার হাতে ॥ একে২ হকিকত লাগিল পড়িতে * লিখেছিল লিখনেতে কাউছ জাহান ॥ সোনরে বেপির গিধি কমিনা সয়তান * কাবু পেয়ে নানামতে দুখ দিলে মোরে ॥ এহার দিগুন দুখ দিব আমি তোরে * ভাল চাহ এসে এবে হও তাবেদার ॥ নহেত তলওয়ারে ছের ওড়াব তোমার * এবে আর আমি তুঝে না ডরি দেলেতে॥পাহালওান আইল এক ই রান হইতে * এয়ছা জোর ধরে সেই ইরানি ছরদার ॥ সের নর ভাগে দুরে ডরেতে তাহার*আসিতে রাহার বিচে কত ঠাই২ ॥ তুড়িয়া আইল মর্দ্দ আফত বালাই * জত দেও আজদাহা আইল রাহা পরে ছারখার করে দিল তাহা সবাকারে * আরজঙ্গ দেও ছিল রাহা আগলিয়া॥নওসো হাজার দেও সাতে করে লিয়া * একেলা তা সবা পরে মারিয়া তলওার ॥ দোজখে ভেজিয়া দিল করে ছারখার * ফের জবে পাহাড়ে সে পৌছিল আসিয়া ॥ দেও সকলেতে তার মর্দ্দমি দেখিয়া * লড়িতে তাকত নাহি হ ইল কাহার॥ডরে ডরাইয়া সবে হৈল তাবেদার*ছাড়াইল মোর তরে বন্দখানা হৈতে॥আর জত লোক জন ছিল মোর সাতে * তা বাদে পাহাড় হৈতে গিয়া পাহালওান ॥ ছফেদ দেয়ের জেথা আছিল ম কান * তেলেছমাতি কারখানা জেখানে জা ছিল ॥ একেলা মারিয়া তেগ ওড়াইয়া দিল * ছফেদ ও আরজঙ্গ দেও আছিল এয়ছাই ॥ দেওজাতে তার মত কেহু আর নাই * তাহাকে সে মারিয়া করিল ছারখার ॥ কেবা এয়ছা তার সাতে লড়ে এবে আর * জদি নাহি বাত মান চাহ লড়িবারে ॥ ছের গুড়া হবে তেরা তাহার পয়জারে* আপনা ভালাই চাহ সেতাবি আসিয়া॥লস্কর সমেত রহ তাবেদার হৈয়া মুলক ছাড়িয়া এসে হৈয়া তাবেদার॥রহ মেরা লস্করেতে হইয়া ছরদার*নহে সে জাইয়া সেথা মারিয়া তলওার ॥ মাজেন্দারা দেস দিবে করে ছারাখার * রোস্তম তাহার নাম আলমের বিচে॥ তার এয়ছা জোরওার কেবা আর আছে * দেও পরিভুত ভাগে ডরেতে জাহার ॥ বড়া২ দেও গেল তুমি কোন ছার * নাহক হারাবে কেন আপনার জান ॥ লোক জন সবাকার কাটাবে গর্দ্দান * এয়ছাই লিখিয়া ছিল নামার ভিতর॥পড়িয়া হইল গিধি আগ বরাবর* গোস্বাতে ভরিয়া তবে কমিনা গাওার॥লিখিতে লাগিল এহা জওাব নামার * সোনহ ইরানি কহি তোমার তরেতে ॥ ছফেদ দেয়ের কাজা ছিল তার হাতে*আরজঙ্গ দেও জদি মরিল লড়িয়া ॥ নাহিক ডরাই আমি তাহার লাগিয়া*আর আছে কত সত দেয়ের ছরদার ॥ মস্ত হাতি তারা সবে জোরে জোরওার * আদমের তরে তারা ধরিয়া জোরেতে তেনকার মাফিক ফেকে দেয় ময়দানেতে * এর ছেওা আর কত আছে জোরওার ॥ একেলা রোস্তম কি করিতে পারে তার * জদ্দপি হাজার জোর একেলা সে ধরে ॥ তবু সে আসিয়া হেথা কি করিতে পারে * পাহালওান তার মত হাজারে হাজার ॥ আছে মেবা এখানেতে হৈয়া তাবেদার ইরানেতে জাই জদি তাহা সবে লিয়া ॥ পলকে সহর লেই দখল করিয়া* আপনা ভালাই চাহ এখান হইতে॥ জান বাচাইয়া এবে ভাগ ইরানেতে * খোদার তরফ হইতে পাইলে খালাছ ॥ নহেত না ছিল তেরা জেন্দেগীর আস * ফের জদি আইস হেথা করিতে লড়াই ॥ ধরে এবে দিব তুঝে উচিত সাজাই তলওার মারিয়া সবে দিব উড়াইয়া ॥ জিতা জানে কার তরে না দিব ছাড়িয়া * নামার জওাব গিধি লিখিয়া এছাই ॥ কাছেদের হাতে দিয়া করিল বিদাই * কাছেদ সে লিখনের জওাব লইয়া ॥ পাহাড়ে বাদসার আগে পৌছিল আসিয়া * লেখার জওাব দিল করিয়া হাজির ॥ মোনে মোনে তামাম পড়িয়া

নামদার * জাইয়া দেখিল সেথা রোস্তম মর্দ্দানা ॥ ছারখার হৈয়া গেছে জাদুর কারখানা*মারা গেছে ছিল সেথা জত দেও জাত॥তোড়া গেছে ঘর বাড়ি জাদু তেলেছমাত*রোস্তম তাজ্জব হৈল সেহাল দেখিয়া ॥ আওলাদের তরে পোছে কহ বুঝাইয়া * ঘর বাড়ি ছিল জত জাদু তেলেছমাত ॥ লাখে২ ঝাকে২ ছিল দেও জাত * কহ দেখি কেবা আইসে জাদুকে তুড়িয়া ॥ দেও সবাকার তরে গিয়াছে মা রিয়া * আওলাদ কহিল তবে সোন নামদার ॥ আছিল ছফেদ দেও জাদুর ছরদার* সেই জদি মারা গেল জাদু হইল দুর॥জাদু তেলেছমাত সব হৈয়া গেল চুর*ঘর বাড়ি ছিল জত জাদুর কারখানা॥ জা দুগির বিহনে হইল সব ফানা * আর জে আছিল হেথা জত দেও জাত ॥ তাহার হায়াত ছিল এদের হায়াত * তার জানে জান ছিল দেও সবাকার ॥ তাহার মউতে হৈল মউত সবার * জবে সে ছফেদ দেও মরিল ময়দানে ॥ তাহা বিনা ছারখার হইল এখানে * ঘর বাড়ি দেও সব আছিল জাদুর ॥ জাদু গির বিনা সব হৈয়া গেল চুর*রোস্তম একথা শুনে খোসাল অন্তর ॥ খোদার দরগাতে ভেজে হাজার সোকর * মহিমে পাইয়া ফতে হৈল খুসি মন ॥ আওলাদ আরোজ করে কহিল তখন * সোন পাহা লওান এই আরজ আমার ॥ হামেসা খেদমতে আছি হৈয়া তাবেদার * এখন উম্মেদ রাখি দেলেতে এমনি ॥ এনাম খেলাত মুঝে দিবেন আপনি * রোস্তম সুনিয়া কহে আওলাদে তখন ॥ খোদা চাহে তোমার করিব খুসি মন * হামেহাল আছ তুমি মেরা সাতে২ ॥ পাইলে বহুত দুখ হর হর বাতে * সবর করিয়া তুমি রহ নেকবক্ত ॥ মাজেন্দারানেতে তুঝে দেলাইব তক্ত*এহা বলে ঘোড়া পরে ছওার হইয়া ॥ পাহাড় তরফে চলে খোসাল হইয়া* জেখানে আছিল সাহা কাউছ জাহান॥ জাইয়া পৌছিল সেথা রোস্তম জওান * ফতের খবর শুনে বাদসা নামদার ॥ রোস্তম উপরে খুসি হইয়া হাজার*গলায় ধরিয়া মেলে ছাতি লাগাইয়া ॥ কহিতে লাগিল এহা তারিফ করিয়া * সাবাস২ মর্দ্দ রোস্তম ছরদার ॥ দেও তুড়ে একেলা করিলে ছারখার*অধিন খাতের কহে খোদার মদতে॥লড়িয়া দেয়ের সাতে রোস্ত মের ফতে * তামাম হইল বাত হপ্ত মঞ্জিলের ॥ মাজেন্দারানের বাত সোন কাহ ফের *

কায়কাউছ বাদসা বন্দখানা হৈতে খালাছ পাইয়া মাজেন্দারানের
বাদসাকে নামা লিখিয়া পাঠায় তাহার বয়ান ॥

পয়ার * রোস্তম পাইয়া ফতে খোসাল হইয়া ॥ আওলাদ আর সেই দেয়ে সাতে করে লিয়া * পাহাড়ে আছিল জেথা বাদসা জাহাগির ॥ আসিয়া সেখানে মর্দ্দ হইল হাজির* জেরূপে পড়িল মারা দেও দুরাচার॥ জেরূপেতে জাদু সব হৈল ছারখার * একে একে সোনাইল বয়ান করিয়া ॥ সুনিয়া কাউছ সাহা খোসাল হইয়া * তারিফ করিয়া কহে রোস্তমের তরে ॥ মেহের করিয়া তুমি বাচাইলে মোরে * হাতে পায়ে ছিল বেড়ি কাটাইয়া তায় ॥ বন্দখানা ছাড়াইলে আমা সবাকায় * এই রূপ নানামতে তারিফ করিয়া ॥ রোস্তমের তরে সাহা কহে বুঝাইয়া * তার পরে জাহাপানা বাদসা জাহা গির ॥ হুকুম করিল সব দেয়ের খাতির * তক্ত এক এনে দেহ সেতাবি করিয়া ॥ মজলিস করিব বসে তক্তে বার দিয়া * বাদসার হুকুম পেয়ে দেয়েরা সবাই॥তক্ত আনিবারে চলে করে ধাওাধাই * দেয়ের বাদসার তক্ত পাহাড়ে আছিল॥ সেই তক্ত এনে সবে হাজির করিল*বড় ছোলতানাত তক্ত আছিল দেয়ের ॥ দেখিয়া কাউছ সাহা খোসাল খাতের * আর কত সত কুরছি আনিয়া সোনার ॥ সাজাইয়া রাখিল তক্তের চারি ধার * তখন কাউছ সাহা তাজ ছেরে দিয়া ॥ সাহানা তক্তের পরে বসিল জাইয়া সোনার কুরছির পরে রোস্তম খাতির ॥ ছামনেতে বসাইল বাদসা জাহাগির * ইরানি ছরদার জত তাহা সবাকারে ॥ জেবা জেয়ছা তারে তেয়ছা কহে বসিবারে * বসিল ছরদার সব ঘেরাও করিয়া তখন কাউছ সাহা খোসাল হইয়া * হুকুম করিল দেও সবার কারনে ॥ ইরানি লস্কর মেরা জে আছে জেখানে*ঢুড়িয়া সবার তরে আন মেরা আগে ॥ সুনিয়া তামাম দেও চলে দিগে২* ইরানি লস্কর সব জেছিল জেখানে ॥ বন্দখানা ছাড়াইয়া সবার কারনে*আনিয়া বাদসার আগে করিল হাজির ॥ দেখিয়া হইল খুসি বাদসা জাহাগির * খোদার ফজল হৈতে পাহাড় উপর ॥ বেসুমার জমা হৈল ইরানি লস্কর

সাত * আল্লার মদদ পরে তলওার মারিয়া॥ দোজখের রাহে সবে দিব পাঠাইয়া * এহা বলে ডান বামে খেচে মারে তেগ॥ ঝাকে২ কেটে চলে না করে দেরেগ * জোরে পায় মরে তায় না দেয় ছাড়িয়া॥ তেগ জোরে বাওভরে চলিল মারিয়া * কুদে ঘোড়া মারে জোড়া আইল পিছনে॥ কত দেও মারা গেল আল্লা তাহা জানে * চারিদিগে ঘুচে ফেরে রোস্তম মর্দ্দানা॥ মেরে চলে দলে২ জেমন দেওানা * জে আইল না ফিরিল রোস্তমের হাতে॥ তেগ জোরে ভেজে তারে দোজখের পথে * এসেছিল জত দেও করিতে লড়াই॥ মারাগেল কত তার লেখা জোখা নাই * ময়দানেতে লহু নদি বহিল তুফান॥ধড় ছের ভেসে চলে সোলার সমান*রোস্তমের জোর দেখে দেএর লস্কর॥ আগে না বাড়িতে পারে হইল ফাফর* রোস্তম হাকিয়া ঘোড়া খেদাড়িয়া জায়॥ জেখানে জাহারে পায় মেরে ডালে ঠায়. বিপাক দেখিয়া দেও না পারে টিকিতে॥ জান লিয়া দিকে২ লাগিল ভাগিতে * রোস্তম দেখিল যদি ভেগে গেল দেও॥ মহিম করিতে আর নাহি আসে কেও * ঘোড়া ওঠাইয়া তবে চলে খুসি মনে॥ কমিন ছফেদ দেও থাকে জেই খানে*জাদু তেলেছমাতে সেথা দেও দুরাচার॥ঘর বানাইয়া আছে নিজে থাকিবার * বড়ই আন্ধার সেথা না হয় নজর॥ তেলেছমাতি কারখানা জঙ্গল ভিতর* আওলাদ আর সেই দেও রাহাদার হৈয়া॥ আন্ধার মাকানে চলে রোস্তমে লইয়া * ঘরের নিকটে তার পওছিল জখন রোস্তমেরে দেখাইয়া দিল দুই জন * বড় এক গাড়া সেথা ছিল অন্দকার॥ তার বিচে থাকে সেই দেও দুরাচার* রোস্তম জাইয়া সেথা জোরেতে হাকিল॥ হাকের ধমকে জমি কাপিতে লাগিল * হাকসুনে দুরাচার খন্দক থাকিয়া॥ বাহির হইয়া আইল গোস্বাতে ভরিয়া * ছামনে দেখিল খাড়া রোস্তমের তরে॥ দাত কড়মড়ি দিয়া কুদে আইসে জোরে * রোস্তম দেখিল দেও পাহাড় সমান। ডরেতে কাপিল অঙ্গ উড়িল পরান*হাত উঠাইয়া কহে খোদার দরগাতে। মদদ করহ আল্লা মেরা উপরেতে ইহা বলে পাহালওান তেগ হাতে লিয়া॥ খাড়া হৈল দেল বিচে ভরসা করিয়া * হাকিয়া কহিল মর্দ্দ দেওয়ের খাতির॥ সুনরে কমিনা দেও কমজাত কাফির * নাহিক শুনিলে তুমি মর্দ্দমি আমার॥ কত দেও তুড়িয়া করিনু ছারখার * আল্লা জদি চাহে তুঝে তলওার মারিয়া॥ দোজখের রাহে এবে দিব পাঠাইয়া * এহা শুনে দেও গিধী হয়ে গোস্বা মন॥ কহিতে লাগিল এহা রোস্তম কারন * সুনরে আদম জাত রাখ এত জোর॥ আসিয়া বেদাদ কর আমার উপর * কাবু পেয়ে আমার লস্কর সবাকায় মারিয়া ডালিলে দেলে না করিলে ভয় * দেখি এবে মেরা হাতে কেমন করিয়া॥ জাও তুমি হেথা হতে জান বাচাইয়া * এহা বোলে দুরাচার কমিনা কুফর॥ গোস্বা ভরে কুদে আইসে রোস্তম উপর রোস্তম খেচিয়া তেগ মারিল জোরেতে॥কারি চোট লাগে তার রানের পরেতে * চোট খেয়ে দুরাচার কমিনা কাফির॥ কুদে এসে ধরে তবু রোস্তম খাতির * রোস্তম বিপাক দেখে দেলের গোস্বায়॥ জোরেতে দাবিয়া এছা ধরিল তাহায়* সহিতে নাহিক পারে দেও দুরাচার॥ ভাবে দেলে হৈল এবে জানে বাচা ভার * এহা বলে জোর করে কমিনা শয়তান॥ রোস্তম তাহার জোরে হৈল পেরেসান * দেলে ভাবে এর হাতে কেমন করিয়া॥ এখন জাইব আমি খালাস পাইয়া * এইরূপে দুই জনে ভাবে দেলে২ নাহি ছাড়ে জোর করেলড়ে মস্তহালে*খেচাখেচিকসাকসি করেদুজওান॥ কেহকারে নাহি পারেসমান২ এইরুপে করে দোহে কুস্তির লড়াই॥ পছিনা ছুটিয়া গেল বদনে এছাই * সোর বোর হয়ে গেল দুহার বদন॥আখেরে আজেজ হয়ে ছাড়িল তখন* জুদা২ খাড়া হৈল দুই পাহালওানে॥থোড়া ঘড়ি ঠাহরিয়া রহে সেই খানে * রোস্তম দেয়ের পানে দেখে তাকাইয়া॥ খুনজারি পায়ে তায় চলেছে বহিয়া* একিন জানিল তবে রোস্তম মর্দ্দানা॥ কারি চোট লাগিয়াছে কাজে গেল জানা * হেম্মত করিয়া তবে রোস্তম সর্দ্দার॥ কুদে গিয়া ধরে ফের কোমরে তাহার * হেকে জোরে সুন্নভরে উঠাইয়া তায়॥ জমানে পটকান মারে দেলের গোস্বায়*গিরিল কমিনা দেও পাহাড় সমান॥তেগ হাতে লিয়া ফের রোস্তম জওান কাটিল তাহার ছের করিয়া ওয়ার॥ দুখান হইয়া গেরে দেও দুরাচার * মারিল ছফেদ দেও রহিল পড়িয়া॥ রোস্তম সেখান হৈতে চলে বেগাদিয়া * জাদু তেলেছমাতে জেথা দেয়ের মকাম॥ তুড়িয়া ডালিবে বোলে সে সব তামাম * আর সেথা আছে জত দেও দুরাচার॥ মারিতে তা সবাকারে চলে

কহে তাহার কারন ॥ এই বাতে ডর না করিবে কদাচন * আল্লা জদি চাহে আমি ছফেদ দেয়েরে ॥ মারিয়া ডালিব কেয়ছা দেখিবে নজরে * শুনিয়া এয়ছাই বাত দেয়ের সর্দ্দার ॥ মিলে রোস্তমের সাতে হৈল তাবেদার*আরজত দেও ছিল তাহার লস্কর॥তাহা সবে সোনাইয়া খুসির খবর * কহিল এখনে কেহু না লড়িবে আর ॥ রহ সবে হইয়া এহার তাবেদার * একথা সুনিয়া সবে হয়ে খুসি মন॥ রোস্তমে ছালাম কৈল এসে জনে জন * রোস্তম হুকুম কৈল দেও সবাকারে ॥ সেতাব হাজের কর ইরানি লোকেরে * দেও সবে ইহা শুনে করে ধাওাধাই ॥ জেথা জে কএদ ছিল ইরানি সবাই * রোস্তমের আগে এনে করিল হাজের ॥ রোস্তম তা সবে দেখে খোসাল খাতের * মিলিল সবার সাতে ধরিয়া গলায় ॥ হাজার সোকরানা ভেজে খোদার দরগায় * তার পরে গিয়া ফের বাদসার খাতির ॥ আনিল বাহির করে তুড়িয়া জিঞ্জির * আর জে কএক জনা সরদার আছিল ॥ আনিয়া তা সবাকারে হাজের করিল * খালাস পাইয়া সবে হৈয়া খুসি মন ॥ রোস্তমের তরে লিয়া করিতে জসন * বসিল কাউছ সাহা মজলিছ করিয়া ॥ সরাব কাবাব আদি লিল মাঙ্গাইয়া * রোস্তমে খাওায় সাহা হৈয়া খুসি মন কহে তোমা হৈতে হৈল দুখ নিবারন*সাবাস হেম্মত তেরা সাবাস মর্দ্দমি॥ হামে হাল তোমার ভরসা রাখি আমি * তুমি না আইলে হেথা কে আসিবে আর ॥ বন্দখানা ছাড়াইত আমা সবাকার * এলাহি কায়েম রাখে তোমাকে সদাই ॥ তোমার হেম্মতে সদা করিব বাদসাই*নানা রুপে তারিফ করিয়া যাহাগির ॥ বহুত পেয়ার কৈল রোস্তম খাতির * এইরুপে দুই দিন খোসালিত মনে ॥ আরাম করিল সবে রহিয়া সেখানে * তার পরে রোস্তম কহিল কাউছেরে ॥ সোন বাদসা নামদার কহি জে তোমারে * এখানে রহিয়া মেরা নাহি সহে দের ॥ রহ আপে পাহাড়েতে খোসাল খাতের * দেয়েব লস্কর লিয়া হৈয়া খুসি মন ॥ আরামেতে কত দিন করহ জসন * আমি এবে হেথা হৈতে মহিমেতে জাই ॥ দেখি কোথা আছে সব দেয়ের ছেফাই * মেরে তা সবার তরে দিব ওড়াইয়া ॥ ছফেদ দেয়ের মাথা আনিব কাটীয়া * এহা বলে কম্মর বান্দিয়া নামদার ॥ ঘোড়াতে বান্দিয়া জিন হইল সওার*আওলাদে কহিল তুমি আইস মেরা সাতে ॥ আর এক দেওকে লইল সেথা হৈতে * তিন জন এক সাতে হইল রওানা রহিল পাহাড় পরে বাদসা জাহাপাদা * মহাম্মদ খাতের কহে আল্লা সখা জার ॥ কি করিতে পারে তার দেও দুরাচার * জেথা জায় ফতে পায় কোথাও না হারে॥ লড়ে জোরে এলাহির মদদের পরে *

রোস্তমের হপ্তম মঞ্জেলের বিবরন *

পয়ার * রহিল পাহাড় পরে বাদসা জাহাগির॥আলাও লস্কর দেও রহিল হাজির * রোস্তম আওলাদে আর এক দেও লিয়া ॥ সেখান হইতে চলে রওানা হইয়া * কতদুর গিয়া রাহে হৈল নিমাসাম কোন খানে না করিয়া মঞ্জেল মকাম * রাতের আমলে মর্দ্দ চলে রাহা পরে ॥ জাইয়া পওছিল এক জঙ্গল ভিতরে * দেখাদেখি চলা চলি কত দুর জায়॥ পড়ে আছে দেও সব দেখিবারে পায় * ঝাকে২ লাকে২ দেওয়ের লস্কর ॥ শুইয়া রয়েছে সব নাহি তার ওর * দুরে হৈতে দেখে তাহা রোস্তম সরদার আওলাদের তরে পোছে কহ দমাচার* কাহার লস্কর এই ভরিয়া জঙ্গলে॥ ঠাই২ সুইয়া রয়েছে পালে২ আওলাদ সুনিয়া কহে রোস্তমে এয়ছাই॥ছফেদ দেয়ের এই লস্করছেফাই* রোস্তমকহিল সবে জাগাও এখন ॥ তেগ জোরে ওড়াইব সবার গর্দ্দান * আওলাদ কহিল নাহি লড় রাতকালে ॥ রাতে জদি লড় তবে পড়িবে মস্কিলে * দেও সব রাত কালে পায় দেখিবারে ॥ রাতে তুমি দেখিতে না পাইবে আন্ধারে * ফজর হইলে খুব দেখিতে পাইবে ॥ ঘোড়া ওঠাইয়া জোরে মারিয়া ডালিবে * রোস্তম একথা সুনে পছন্দ করিয়া ॥ রাত কালে ময়দানেতে রহিল সুইয়া ॥ খোদার ফজলে রাত গোজারিয়া গেল বেহান হইয়া আইল দেখিতে পাইল * কোম্মর বান্দিয়া মর্দ্দ হইয়া ছওার ॥ ময়দানে চলিল হাতে লইয়া তলওার * দেয়ের লস্কর সব জেখানে আছিল॥ জাইয়া সেখানে মর্দ্দ জোরেতে হাকিল*সুনিয়া তামাম দেও জোরেতে কুদিয়া॥রোস্তমের চারি দিগে ঘেরিল আসিয়া * রোস্তম দেখিল জদি দেয়ের ছেপাই ॥ চারিদিগে ঘিরে আইল করিতে লড়াই * এলাহির নাম দর্দ্দ ইয়াদ করিয়া ॥ কুদিল দেয়ের পরে তেগ হাতে লিয়া * হেকে কহে সোনরে কাফের দেও জাত॥ মহিম করিতে সবে আইলি মেরা

এহার * দেয়ের লস্কর জত আগুন জ্বালিয়া॥রওসনি করিয়া আছে পহরি হইয়া * দেয়ের খছলত এই রাতের আমলে॥ আগ জালাইয়া খুব থাকেত সকলে * কএদ কাউছসাহা ঐ পাহাড়েতে॥ নেঘা বানি করে তাই দেও সকলেতে*আর জে দরওাজা ঐ পাও দেখিবারে॥ ঐ রাহে জেতে হবে পাহাড় উপরে * রোস্তম একথা শুনে খোসাল হইয়া॥ বাত চিত করে বসে আওলাদে লইয়া * খোদার ফজলে রাত গুজারিয়া গেল॥ ফজর হইয়া আসে দেখিতে পাইল * ওফাদার ঘোড়া এসে হইল হাজির রোস্তম বান্দিল জিন খোসাল খাতির * ছওার হইল মর্দ্দ বান্দিয়া কোম্মর॥ এরাদা করিল জেতে পাহাড় উপর * দেখিয়া আওলাদ তবে হইয়া ছওার॥ রোস্তমের আগে চলে হইয়া রাহাদার * পাহাড় দুওারে জবে পওছিল জাইয়া॥ দেখিল তামাম দেও রয়েছে সুইয়া * রোস্তম চাহে কি এবে হাকিয়া জোরেতে॥দেও সবে জাগাইয়া দিইনিন্দ হতে*আওলাদ কবিল মানা রোস্তমের তরে॥ নাহিকজাগাও তুমি দেও সবাকারে*আগে চল ধিরে২ পাহাড়ে জাইয়া॥ কাউছ বাদসারে লেই খালাছ করিয়া* তার পরে জাগাইয়া দেও সবাকায়॥ তলওার মারিব জোরে মিলিয়া সবায়* এহাবলে দেও সবে নাহি জাগাইয়া॥ পাহাড়ের উপরেতে উঠীল জাইয়া * জেখানে কাউছ সাহা কএদ আছিল॥ আওলাদে লইয়া সাতে জাইয়া পওছিল*দেখে রোস্তমের তরে বাদসা জাহাগির॥ গলায় ধরিয়া মেলে খোসাল খাতির ছরদার সকলে ফেরে হয়ে খুসি মন॥ ছালাম তছলিম কৈল রোস্তম কারন * রোস্তম সে সবাকারে তাজিম করিয়া॥মিলিল সবার সাতে গলায় ধরিয়া * তাহা বাদে বাদসা ফের পোছে রোস্তমেরে॥ কহ ভাই কিরূপে আইলে রাহা পরে * রোস্তম বাদসার তরে বয়ান করিয়া॥ রাহার তামাম হাল কহে বুঝাইয়া*হপ্ত মঞ্জেলের রাহে জেরূপে আইল॥তুড়িল জে সব বালা সোনাইয়া দিল* পহেলা মঞ্জেলপরে আইনু জখন॥ জেরূপে মারিনু সেথা বাঘের কারন*তাহা বাদে দোছরা মঞ্জেলে এসে ফের॥ জেরূপে কাটীয়া ডালে আজদাহার ছের*তেছরা মঞ্জেলে ফের এসে জে প্রকারে॥ মেরে ডালে জাদুগির আওরতের তরে*চৌঠা মঞ্জেলে গিয়া তাহার পরেতে॥জেরূপে করিল জঙ্গ আওলাদের সাতে* জেরূপে আসিয়া ফের পাচওা মঞ্জেলে॥ আরজঙ্গ দেওকে মারিল তেগ তলে* জেরূপে সেখান হতে পাহাড়ে আইল॥ একে২ সব হাল সোনাইয়া দিল*সুনিয়া কাউছসাহা খোসাল অন্তর॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * রাহার তামাম হাল সোনাইয়া ফের॥ চাহেকি খালাস করে বাদসার খাতের * জিঞ্জিরে আছিল বান্দা বাদসা জাহাগির॥রোস্তম এরাদা কৈল তুড়িতে জিঞ্জির* হেনকালে দেওসব জাগিয়া উঠীল॥ রোস্তম আছিল খাড়া দেখিতে পাইল*গোস্বা হয়ে দেওজাত কমজাত কাফের॥ ঘিরিল আসিয়া সবে রোস্তম খাতের* রোস্তমের দেল বিচে ভরাছিল গোস্বা॥ দেয়ের লস্কর দেখে নাকরে আন্দেসা*হাকিয়া কহিল মর্দ্দ দেও সবাকায়॥ সোনরে কাফের দেও না চেন আমায় * আছিল আরজঙ্গ দেও এয়ছা জোরওার॥ মারিয়া তাহারে আমি কৈনু ছারখার * এসে ছিল জত দেও তাহার সঙ্গেতে আখেরেতে মারা গেল সবে মেরাহাতে*এবে আমি তোমা সবে নাহিক ডরাই॥ তেগ জোরে ওড়াইব তুলার এয়ছাই* এলাহি দিয়াছে জোর বাজুতে আমার॥ দুসমন সবারে দিব কোরে ছার খার * আসিয়াছি দেল বিচে এরাদা করিয়া॥ ছফেদ দেয়ের তরে তলওার মারিয়া * ওড়াইয়া দিব তারে করে ছারখার॥ তবেত দেলের গোস্বা জাইবে আমার * নাহক তোমরা সবে আইলে লড়িতে৷ এখনি সবার জান জাবে মেরা হাতে * তবে জদি ডর নাহি রাখ মারিবার॥ মহিম করিতে আইস সঙ্গেতে আমার এহা সুনে দেও সবে ডরে ডয়াইয়া॥রোস্তমের আগে কেহ নাজায় বাড়িয়া* আছিল সর্দ্দার এক দেয়ের বিচেতে॥দেখে সে সবার হাল ডরিয়া দেলেতে*রোস্তম আছিল জেথা জাইয়া সেখানে॥ জোড় হাতে কহিবারে লাগিল ছামনে * সোন পাহালওান কহি তোমার জনাবে॥ আমার আরজ এই৺কবুল করিবে মাফ কর আমা সবে জিউ আম্মা পাই॥ আমরা তোমার সাতে লড়িতে নাচাই * এক বাত কহি জদি রাখ নামদার॥ তবে মোরা রহি সবে হয়ে তাবেদার* ছফেদ দেয়ের তরে পারহ মারিতে॥ তা হইলে তাবেদারি করি সকলেতে * কেননা জখন সেই সুনিবে খবর॥ পাহাড়ে আছিল জত দেয়ের লস্কর* ছোলে কোরে মিলিয়াছে আদমের সাত॥ গোস্বা হৈয়া আমাদের মারিবে বজ্জাত * রোস্তম সুনিয়া

জওান * কাটীয়া তাহার মাথা জোরেতে হাকিয়া ॥ লস্কর বিচেতে তার দিলেক ডালিয়া * দেখিয়া তামাম দেও করে হায়২ ॥ আছমান টুটীয়া জেন পড়িল মাথায় * কহে সবে মারা গেল সাহেব সর্দ্দার আর কে লড়িবে এয়ছা সাদ্ধ আছে কার * এহা ভেবে আগে নাহি বাড়ে কোনজন ॥ দেখিয়া রোস্তম মর্দ্দ হৈয়া গোস্বা মন * ঘোড়া ওঠাইয়া চলে তেগ লিয়া হাতে ॥ দেয়ের লস্কর পরে লাগিল মারিতে মার২ কাট২ হৈল সোরসার ॥ মওজা উঠীল জেন ময়দান মাঝার * বেসুমার দেও মরে রোস্তমের হাতে ॥ লস্কর তুফান চলে ময়দান বিচেতে* রোস্তম ঘুরিয়া ফেরে জেন মস্ত হাতি॥ কারে মারে তেগ জোরে কারে মারে লাথি * ছামনে জাহাকে পায় না দেয় ছাড়িয়া ॥ চারিদিগে ঘুরে ফেরে মুণ্ডমালা দিয়া * টিকিতে না পারে কেহ রোস্তমের আগে ॥ আখেরেতে জিউ লিয়া চারি দিগে ভাগে * জঙ্গল পাহাড়ে সবেগেল পালাইয়া॥আড়ে ওড়ে ঝাড়ে ঝোড়েরহে লুকাইয়া*রোস্তম দেখিল জদি পালাইল দেও ॥ ময়দান উপরে আর নাহি আছে কেও * মহিমে পাইয়া ফতে খুসি হৈয়া মনে ॥ ফিরিয়া আ- ইল মর্দ্দ আওলাদ জেখানে*আওলাদ রোস্তমে দেখে সেতাব আসিয়া॥ ছামনেতে খাড়া হৈল আদব রাখিয়া* রোস্তম হইয়া খুসি খুলিয়া কম্মর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * তার পরে আও লাদে কহিল নামদার ॥ সেতাবি জাইয়া আন করিয়া সেকার * আওলাদ হুকুম পেয়ে ময়দানে জাইয়া আনিল হরিন এক সেকার করিয়া* রোস্তম সে হরিনের করিয়া তদবির ॥ কাবাব করিয়া খায় খোসাল খাতির * থোড়া এয়ছা দিল লিয়া আওলাদে খাইতে ॥ আওলাদ লইয়া তাহা খাইল খুসিতে * খেয়ে পিয়ে জানে খুব পাইয়া আরাম ॥ রহে সেই ময়দানেতে করিয়া আরাম ॥ কিন্তু আওলাদের তরে গাছেতে বান্দিয়া ॥ আপনি আরাম কোরে রহিল শুইয়া * কেননা এ ডর ছিল রোস্তমের দেলে কিজানি আলওাদ পাছে গাফেল পাইলে*কওল কারার ভুলে সয়তানের ফেরে॥ কাবু পেয়ে কোনরূপে ছুক্ষ দিয়া মারে * আওলাদের সাতে জদি আছিল কারার ॥ তবু রোস্তমের দেলে না ছিল এতবার আওলাদে বান্দিয়া গাছে বে আন্দেসা হৈয়া॥খুসহালে গাছতলে রহেন সুইয়া*ঘোড়ার পিঠের জিন ওতারিয়া লিল ॥ ঘোড়া সে ময়দানে গিয়া চরিতে লাগিল* রাত গোজারিয়া গেল হইল বেহান॥নিন্দ ছুটে গেল জেগে উঠীল জওান * হাজের হইল এসে ঘোড়া ওফাদার ॥ জিন ওঠাইয়া দিল পিঠেতে তাহার*তার পরে আওলাদের খুলিল বন্ধন ॥ আওলাদ ঘোড়াতে জিন বান্দিল তখন * সেথা হৈতে পাহাড়েতে জাইবে বলিয়া ॥ এরাদা করিল মর্দ্দ এলাহি ভাবিয়া * মহাম্মদ খাতের কহে আল্লা করি সার ॥ পাহাড়েতে জাহ পাবে বাদসার দিদার *

রোস্তমের ছটওা মঞ্জিলের বিবরণ ॥

রাত গোজারিয়া গেল হইল ফজর ॥ আওলাদে লইয়া সাতে বান্দিয়া কম্মর * পাহাড় তরফে জেতে রোস্তম মর্দ্দানা॥সেখান হইতে চলে হইয়া রওানা*আগে২ আওলাদ হইয়া রাহাদার॥ চলিল রা হার পরে হইয়া সওার*দুই জনে এক সাতে চলে খুসি খুসি মনে॥এড়াইল কত দুর ময়দানে২ * চলিয়া তামামদিন হৈল নিমাসাম॥পাহাড় নিকটে গিয়া করিল মোকাম* ময়দানে গাছেরতলে ছিলএক কুণ্ডা পানি দেখে সেইখানেরহে ওতরিয়া*হরিণ আনিল এক করিয়া সেকার॥ তদবির করিয়া তারে রোস্তম সর্দ্দার* কাবাব করিল তারে সিক লাগাইয়া ॥ আপনি খাইল থোড়া আওলাদেরে দিয়া* খেয়ে পিয়ে খুসি হালে রহে দুই জনে ॥ ঘোড়াকে ছাড়িয়া দিল চরিতে ময়দানে * বসিয়া রহিল দোহে না করে আরাম॥কেননা নিকটে সব দেয়ের মোকাম* কিজানি আসিয়া পাছে দেও দাগাবাজ ॥ গাফেল পাইয়া করে দাগাদারি কাজ*একারনে নাহিক সুইয়া নামদার ॥ বসে রহে আপনাকে হইয়া হুসিয়ার*জখন হ ইয়া আইল রাত দুপহর॥রোস্তম চাহিয়া দেখে পাহাড় উপর*ঠাই২ আগ জলে রৌসনিতে তার॥দেও সব কুদে ফেরে করে সোরসার*আর সেই রৌসনিতে পায় দেখিবারে॥ বলন্দ দরওাজা খুব পাহাড় উ- পরে*কেল্লার দরওাজা মত বানায়েছে তায়॥দুরহৈতে খুব তাহা দেখাপাওা জায়*রোস্তম পুছিল তবে আওলাদের তরে ॥ কহ কেন আগ জলে পাহাড় উপরে * আর জে দরওাজা দেখি কেল্লার এয়ছাই এহার বেওরা কহ সুনিবারে চাই*আওলাদ করিল সোন রোস্তম সর্দ্দার ॥ পাহাড়ে আগুন জলে ছববে

রাহা দেখাইয়া তুমি চল মেরা সাতে॥ দেখিবে তামাশা জদি আপনা সাক্ষাতে* কিরূপে হালাক করি দেও সবাকারে*কিরূপে হালাক করি বাদসার খাতেরে॥এলাহি দিয়াছে জোর আমার বদনে॥ নাহিক ডরাই আমি দেরের কারনে* দেও জাত আইসে জদি হাজারে হাজার॥ মারিব তা সবাকারে খেচিয়া তলওার * দেওজাত টেকে কোথা আমার ছামনে॥ রুই এয়ছা ওড়াব তা সবার কারনে * এহা বলে জিন বন্দি করিয়া ঘোড়ার॥ ছেলা ছরঞ্জাম লিয়া হইল ছওার*আওলাদে কহিল তুমি ছওার হইয়া॥ চলহ আমার সাতে রাহা দেখাইয়া*সুনিয়া আওলাদতবে হইয়া ছওার॥আগে২চলিল হইয়া রাহাদার রোস্তম রওানা হৈল সেখান হইতে॥ মহাম্মদ খাতেব কহে আল্লা দিবে ফতে *

পচওা মঞ্জিলের বিবরন॥

পয়ার * চৌঠা মঞ্জিল হৈতে রোস্তম মর্দ্দানা॥ পাচওা মঞ্জিল জেতে হইল রওানা * আওলাদ চলিল সাতে রাহা দেখাইয়া॥ দুই জনে চলে রাহে খোসাল হইয়া*দেখা দেখি কত দুর জায় নামদার আওলাদের ছরহর্দ্দ হইয়া গেল পার * কোন খানে রাহা বিচে আফত বালাই॥ মোকাবেলা কেহ না হইল কোন ঠাই* তার পরে ছামনেতে পাইল ময়দান॥ লোহা ও পাথরে ভরা পাহাড় সমান * এড়াইয়া গেল সেই ময়দান জখন॥ রোস্তমের তরে কহে আওলাদ তখন* সোন পাহালওান কহি হুজুরে তোমার॥ দেয়ের লস্কর আছে আগেতে এহার* আরজঙ্গ নামে দেও বড়া জোর ধরে॥ছাহেব ছরদার সেহ দেয়ের লস্করে* দোছরা বেদার জঙ্গ রাখে খুব জোর॥ এই দুই দেও আছে বাহার উপর* নওস হাজার দেও সাতে করে লিয়া॥রাহা পরে আছে দোহে রাহা আগুলিয়া*এখনি দেখিলে তুঝে লইয়া লস্কর॥লড়িতে আসিবে তারা বান্দিয়া কোম্মর * হেম্মত জদিচ রাখ লড়াই করিতে॥ ঘোড়া ওঠাইয়া তবে চলহ আগেতে * রোস্তম শুনিয়া কহে আওলাদে এয়ছাই॥ দেয়ের মহিমে আমি নাহিক ডরাই দেও দুরাচার মেরা কি করিতে পারে॥তেগ জোরে ওড়াইব তাহা সবাকারে*আইস তুমি মেরা সাতে নাহি ডরাইবে॥ কি রূপে মহিম করি তামাসা দেখিবে* এহা বলে চলে মর্দ্দ ঘোড়া ওঠাইয়া॥ দেয়ের ছরহর্দ্দি বিচে পওছিল জাইয়া* দেওজাত দেখা পেয়ে রোস্তমের তরে॥ বাহির হইয়া আইসে ময়দান উপরে*রোস্তম তা সবাকারে দেখিতে পাইয়া॥ দিগুন বাড়িল জোর উঠিল কুদিয়া * হাকিল হৈদরি হাক জোরেতে মর্দ্দানা॥দেয়ের ছেরেতে জেন পড়িল ঝনঝনা * হয়বত পড়িয়া গেল দেয়ের লস্করে আগেতে বাড়িয়া কেহু নাহি আইসে ডরে*কহে এ আদমজাত আইল কোথা হৈতে॥পেরেসান হৈল জান জাহার হাকেতে * এইরূপে সকলেতে বলা কওা করে॥ আরজঙ্গ দেও হোথা পায় সুনিবারে* খিমার ভিতরে ছিল সয়তান কাফির॥ রোস্তমের হাক শুনে আইল বাহির * আপনা লস্করে কহে হাকিয়া এয়ছাই॥ ধরিয়া তাহার তরে দেহনা সাজাই*দেও সব সুনে কহে এয়ছা কোন জন॥ধরিয়া সাজাই করে তাহার কারন * দেখহ ময়দান পরে নজর করিয়া॥ বড়া এক পাহালওান পওছিল আসিয়া দেখিয়া আরজঙ্গ দেও ভরিল গোস্বাতে॥কহে দেখে ডরাইলে আদমের জাতে*দেখি কতজোর রাখে আদমের জাত॥ এখনি ধরিয়া সাজা দিব হাতেহাত*এহা বলে গোশ্বাভরে কাফের গাওার॥রোস্তমের আগে চলে বলে মার২*মোকাবেলা হৈয়া কহে রোস্তমের তরে॥সোনরে আদমজাত ডর নাহি তোরে কি জোরে একেলা হেথা আইলে লড়িতে॥আমার মর্দ্দমি নাহি শুনিলে কানেতে* আমি জদি পাহাড় ধরিয়া দেই টান॥ ছার খার করি ভেঙ্গে হয় খান২*রোস্তম কহিল সোন কাফের সয়তান॥মেরা আগে নাহি কর জোরের গুমান* এলাহি মদদ আছে আমার উপর॥ কি করিতে পারে তেরা নওলাখ লস্কর আমি জদি তেগ ধরি হৈয়া গোশ্বা মন॥ দোজখে ভেজিব তোমা সবার কারন * এহা বলে গোস্বা হৈয়া রোস্তম ছরদার॥ কুদিয়া উঠিল জোরে বলে মার২*দেখিয়া আরজঙ্গ দেও আইল কুদিয়া॥রোস্তমের কোম্মর ধরিল সামটীয়া*করিল বহুত জোররোস্তম উপরে॥কোন রূপে ঘোড়া হৈতে হেলাইতে নারে*রোস্তম কহিল তারে সোনরে কুফর॥ বুঝিনু এখন তেরা গায়ে জত জোর * এহা বলে গর্দ্দান ধরিয়া এক হাতে॥ জোরে খেচে মারে লাথি দেয়ের বুকেতে * কোম্মর ধরিয়া তারে ছেরে ঘুমাইয়া ডালিল জমিন পরে আছাড় মারিয়া*জমিনে গিরিল দেও পাহাড় সমান॥ তখনি লইয়া তেগ রোস্তমা

ঘোড়া দিয়া খুব বান্ধিয়া তাহারে ॥ লইয়া আইল ফিরে বাগান ভিতরে * মহিমে পাইয়া হাতে রোস্তম সর্দ্দার ॥ খোদার দরগায় ভেজে সোকর হাজার * তার পরে পাহালওান আওলাদে লইয়া ॥ মজবুত করিয়া এক গাছেতে বান্ধিয়া* বাগানে হইতে ফের জাইয়া বাহার॥ আনিল হরিণ এক করিয়া সেকার তদবির করিয়া সেই হরিণের তরে ॥ কাবাব করিয়া মর্দ্দ খোসাল খাতেরে * আপনি খাইল খুব আ-ছুদা হইয়া ॥ বাকি জা রহিল দিল আওলাদ লাগিয়া*ঘোড়াকে ছাড়িয়া দিয়া ময়দান উপরে ॥ সুইয়া রহিল বাগে হাওজ কেনারে*রাত গুজারিয়া গেল হইল ফজর॥ বেহানে উঠিয়া মর্দ্দ বান্ধিয়া কোম্মর জেখানে গাছেতে বান্ধা আওলাদ আছিল ॥ তেগ হাতে লিয়া মর্দ্দ জাইয়া পঙছিল * কহিল এখন তেরা গর্দ্দান মারিয়া ॥ এখান হইতে আগে জাইব চলিয়া * আওলাদ কান্দিয়া কহে রোস্তমের প্যায় কেন পাহালওান তুমি মারিবে আমায়* কি গোনা করেছি এত হুজুরে তোমার ॥ মাফ না হইল ছের কাটিবে আমার*জান বক্সি কর মেরা কহি জোনাবেতে॥জিউ দিয়া হামেহাল রহিব খেদমতে*রোস্তম কহিল তবেনাহি মারি তুঝে॥কাউছ বাদসার ভেদ কহযদি মুঝে*দেও সবাকার সাতে কাউছ সাহার মহিম হইল কোথা কেমন প্রকার*আর সেছফেদ দেও বাদসাকে ধরিয়া॥রাখিয়াছে কোনখানে কএদ করিয়া*ঠীক জদিকহ তুমি সেসব সন্ধান॥তবে তুঝে মাফ করি নামারি গর্দ্দান*আওলাদ একথা সুনে রোস্তমের তরে ॥ কহিল তামাম ভেদ কহিব তোমারে*আর তুঝে লিয়া জাব রাহা দেখাইয়া ॥ কাউছ কএদে জেথাদিব পৌছাইয়া*রাহা ঘাট জেথা জাহা আফতবালাই॥সব বাতাইব জদিজিউ আম্মাপাই রোস্তম কহিল তবে করোনা কারার ॥ হামেসা রহিবে মেরা হৈয়া তাবেদার * কোন বাতে কভু মেরা বুরা না করিবে ॥ হর বাতে হামেহাল ভালাই চাহিবে * আওলাদ কছম করে করিল কারার ॥ রহিব জেন্দেগী ভর হৈয়া তাবেদার* কোনবাতে ছের না হেলাব কদাচন ॥ কারার খেলাফ হৈলে মারিও গর্দ্দান*আওলাদ করিল জদি এছাই কারার॥ কছম একরার লিয়া রোস্তম সর্দ্দার * হাত পাও বান্ধা ছিল দিলেন খুলিয়া ॥ আওলাদ হইল খুসি খালাছ পাইয়া * তখন রোস্তম কহে আওলাদের তরে ॥ বুঝাইয়া এবে তুমি কহ যে আমারে*ধরিয়া ছফেদদেও কাউছ সাহায়॥কোনখানে কএদ করিল লিয়া তায় * আর সেথা কোনমতে পৌছিব যাইয়া ॥ একে২ মোরে তাহা কহ বুঝাইয়া * আওলাদ সুনিয়া কহে রোস্তমে তখন ॥ সোন পাহালওান তবে কহি বিবরন * পহেলা কাউছ সাহা মাজন্দারানেতে করিল বহু জঙ্গ দেয়ের সহিতে * সেখানে ফউজ ছিল যত দেওজাত ॥ মারিয়া তাসবাকারে করিল নিপাত*আখেরে ছফেদ দেও খবর পাইয়া ॥ বহুত ফউজ সেথা দিল পাঠাইয়া * গিয়া সে ফউজ সব করিয়া লড়াই ॥ মারিল বাদসার কত লস্কর সেফাই* বাকি লোক ছিল জত ভাগিয়া পালায়॥আখেরে ধরিয়া জোরে কাউছ সাহায়*ছফেদ দেয়ের কাছে করিল হাজির ॥ দেখিয়া ছফেদ দেও বাদসার খা-তির * এক ঠাই আছে দুই পাহাড়ের নিচে ॥ সেই খানে বাদসাকে কএদ রাখিয়াছে*আর কয় পাহা লওান ছাহেব সর্দ্দার॥ তারাভি বাদসার হাতে আছে গেরেপ্তার*বাকি জা ভাগিয়া ছিল লস্কর সেপাই ধোরে তা সবাকে বন্দ কৈল ঠাই২*এইরুপে সবাকারে দিয়া বন্দখানা ॥ রাখিয়াছে পাহাড়েতে সোন জাহাপানা* বার হাজার দেও সেথা নেঘাবান আছে ॥ রাত দিন সেই দুই পাহাড়ের বিচে * এড়াইব সেই দুই পাহাড় জখন ॥ মাজন্দারা দেসে গিয়া পৌছিবে তখন * কিন্তু সে পাহাড় তক জাইতে রা হায়॥আফত বালাই ঢের কহি যে তোমায় * ছাড়িয়া সরহদ্দ মেরা জাইবে জখন ॥ কঠীন ময়দান এক পাইবে এমন*লোহা আর পাথরেতে আছেত ভরিয়া ॥ জমিন হইতে জে আছমান তক লিয়া * তার পরেদুই দেও রাহার উপর॥রাহা আগুলিয়া আছে লইয়া লস্কর*আরজঙ্গ বেদারজঙ্গ নাম সে দোহার দেয়ের লস্কর লিয়া নওসো হাজার*তুড়িয়া এসব বালা যাইবে যখন ॥ পাহাড়ের নিকটেতে পৌছিবে তখন*তার পরে পাহাড় করিতে পার হাত ॥ কাউছ বাদসার তবে পাবে মোলাকাত*সেথা হৈতে গিয়া ফের জঙ্গল বিচেতে ॥ ছফেদ দেয়েরেজদি পারহ মারিতে * তবেত পারিবে জেতে মাজেন্দারা দেস॥উঠাইতে পার জদি এসব কেলেস * জাহা আমি জানি সাহা কহিনু হুজুরে ॥ বুঝিয়া করহ কাম জে আইসে খাতেরে * রোস্তম আওলাদ হৈতে এতেক শুনিয়া ॥ কহিতে লাগিল মর্দ্দ হাসিয়া২ *

না জান খবর ॥ আসিয়া রয়েছে শুয়ে বাগান ভিতর* মালিক এ বাগানের আওলাদ নামেতে ॥ তাহার মর্দ্দমি নাহি শুনিলে কানেতে * এখানে হাকিম সেহ বড়া নামদার ॥ কত দেস কত ঠাই তাবে আছে তার * পরেন্দা জানওার জায় ওড়ে হাওা ভরে ॥ তাহার দহসতে হেথা পর নাহি মারে * কোথা হৈতে আইলে তুমি বিদেশি জওান॥ নাহক হারাবে কেন আপনা পরান* নেকলিয়া জাও এই বাগান হইতে ॥ নতুবা পাইবে দুক্ষ আওলাদের হাতে * দেখিলে তোমারে সেহ নাহিক ছাড়িবে ॥ এখনি ধরিয়া লিয়া কএদ করিবে * দেখে তুঝে দয়া হৈল দেলেতে আমার ॥ তেকারনে আমি তুঝে করিনু হুসিয়ার * এহা সুনে গোশ্বা হৈয়া রোস্তম জওান ॥ ধরে বাগানির তরে মলে দুই কান * তামেচা মারিয়া গালে কহিল তাহারে ॥ডর দেখাইয়া গিধি কহ মোর তরে* আমি তেরা আওলাদেরে নাহিক ডরাই ॥ জোর রাখে আইসে সেই করুক লড়াই* চড় খেয়ে বাগানির টুটীল দান্দান ॥ ভাগিল সেবাগ হৈতে হৈয়া পেরেসান*আওলাদ ময়দানে ছিল করিতে সেকার॥ বাগানি জাইয়া কহে হুজুরে তাহার সোন সোন নামদার কহিয়া জানাই ॥ বাগানে আসিয়া এক পওছিল বালাই* বড়া পাহালওান মর্দ্দ বড় জোর ধরে ॥ আসিয়া শুইয়া আছে বাগান ভিতরে * শুনিয়া তোমার নাম গোশ্বাতে ভরিয়া ॥ মারিল তামেচা মেরা গালেতে খেচিয়া * তামেচার চোটে মেরা ঝরিল দান্দান ॥ ভাগিয়া আইনু হেথা হয়ে পেরেসান * আওলাদ একথা শুনে গোস্বাতে জলিয়া ॥ চলিল বাগান পানে লস্কর লইয়া * রোস্তমে দেখিতে পেয়ে হইয়া ছওার ॥ সেতাবিতে মোকাবেলা হইল তাহার * আওলাদ রোস্তমে দেখে পুছিল তখন ॥ কোথা হৈতে আইলে হেথা কিসের কারন * আমার মর্দ্দমি বুঝি না শুনিলে কানে ॥ আসিয়া বেদাদ কর আমার বাগানে * এখানে আনিল টেনে আজলে তোমাব ॥ এখনি জাইবে মারা মহিমে আমার * আপনার নাম কহ সুনিবারে চাই ॥ বেনামে মরিবে কাহে করিয়া লড়াই * রোস্তম কহিল তারে সোনরে গাওার॥সিস্তানি বজ্জর নাম জানিবে আমার* আমি জদি তেগধরি বান্ধিয়া কোম্মর॥জার পরে মারি তেগ জেমন বজ্জর * আমার মহিম দেখে ভাগে সের নর॥পরেন্দা জানওার ডরে নাহি মারে পর* আমি তুজে দেখি জেন পতঙ্গ এয়ছাই॥তুমিকি আমার সাতে করিবে লড়াই* সুনিয়া আওলাদ কহে রোস্তমের তরে॥ এখানে আইলে তুমি কিসের খাতিরে*কোন রাহা হৈতে হেথা পওছলে আসিয়া॥কহ সে রাহার হাল বয়ান করিয়া*রোস্তম সুনিয়া কহে তাহার ছামনে॥হপ্তম মঞ্জিলের রাহে আইনু এখানে * তিন মঞ্জিলেতে তিন আছিল বালাই॥ তুড়িয়া সে তিন বালা আইনু তিন ঠাই চৌঠা মঞ্জিল এই পওছিনু আসিয়া॥খোদা চাহে জাব তুঝে গারত করিয়া * এই মঞ্জিলেতে বালা তুই দুরাচার॥তেগ জোরে ওড়াইব গরদান তোমার*লস্কর ছরদার তেরা আছে জত জন ॥ মারিয়া ডালিব তাহা সবার কারন * আওলাদ একথা সুনে ডরে ডরাইয়া॥ আগে না লড়িতে পারে রহে খাড়া হৈয়া লস্করে হুকুমদিল একুবারে গিয়া॥চারিদিগ হৈতে লড় ঘেরাও করিয়া*সুনে সবজঙ্গিলোক তেগলিয়া হাতে॥চারিদিশে ঘিরে আইল মহিম করিতে* দেখিয়া রোস্তম মর্দ্দ তেগ হাতে লিয়া॥বিচখানে খাড়া হৈলগোশ্বাতে ভরিয়া*রোস্তমের গোস্বাদেখে তামাম সেফাই॥আগে নাহিবাড়ে কেহুকরিতে লড়াই গালি দিয়া তেগ লিয়া রোস্তম মর্দ্দানা॥গোশ্বাভরে কেটে চলে জেমন দেওানা*ডানে বামে সুমুখেতে জারে জেথা পায়॥মারে তেগ বেদেরেগ কাটীয়া গেরায়*জে আইল নাফিরিলরোস্তমের হাতে॥করিল বহুত জঙ্গ নাহি পায় ফতে * মার২ হাক হাকে রোস্তম মর্দ্দানা॥ কত লোক মারা গেল নাহিক ঠিকানা জঙ্গি লোক ডর পেয়ে নাহি বাড়ে আগে॥জান বাচাইয়া সবে দিকে২ ভাগে*আওলাদ দেখিল জদি ভাগিল ছেফাই॥ভাবে মনে আর কেবা করিবে লড়াই*দেলে ডরাইয়া গিধি ঘোড়া ওঠাইয়া॥ভেগে চলে আপনাকে জান বাচাইয়া*আওলাদ ভাগিল দেখে রোস্তম ছরদার ॥ পিছে২ খেদাড়িয়া চলিল তাহার দেলে ভাবে এর তরে তেগনা মারিয়া ॥ কোন রূপে লিব এছে জিউতা ধরিয়া * মাজেন্দারানের হাল হকিকত জাহা ॥ এর ঠাই পুছিয়া লইব সব তাহা * এয়ছাই ভাবিয়া জোরে ঘোড়া হেকে চলে॥ কামানের গুন তার লাগাইয়া গলে*পিছে হৈতে পাহালওান জোরেতে খেচিয়া॥ঘোড়া হৈতে দিল তারে জমিনে ডালিয়া*আওলাদ গিরিল জদি জমিন পরেতে ॥ রোস্তম কুদিয়া তার বসিল ছাতিতে * পিঠ

শুনিয়া রোস্তম মর্দ্দ হইল মহিত*লাজ করে আখি ঠারে ঢলে পড়ে গায়॥ রোস্তম সেগান শুনে করে হায়২ * ছলাকলা দেখে তার রোস্তম মর্দ্দানা॥ মস্ত হৈল ভুলে গেল জেমন দেওানা * তখন পুছিল বিবী রোস্তমের তরে॥ কহ মর্দ্দ কেবা তুমি আইলে কি খাতেরে * কি কামে কোথায় জাবে কহ নাম দার॥ সুনিলে আমার জানে হয়তো কারার * খোদার তারিফ করে রোস্তম তখন॥ সোনাইয়া দিল আগে বিবীর কারন * তার পরে বাতাইতে আপনার হাল॥ দেলের বিচেতে মর্দ্দ করিল খিয়াল * জখন শুনিল বিবী এলাহির নাম॥ কাপিয়া উঠিল তার বদন তামাম * রোস্তম দেখিয়া পোছে বিবীর লাগিয়া॥ কহ বিবী কেন তুমি উঠিলে কাপিয়া * কিছু নাহি কহে বিবী রোস্তমের সাতে॥ ছিয়া রঙ্গ হৈয়া গেল দেখিতে২ * তখনি রোস্তম মর্দ্দ জানিল নেহাত॥ জাদুগির হবে এই আওরত বজ্জাত * ছুরত মুরত সব জাদুর কারছাজি॥ এসেছে অমার তরে দিতে দাগাবাজি * এয়ছাই বুঝিয়া দেলে ভরিয়া গোস্বায়॥ কএদ করিল মর্দ্দ ধরিয়া তাহায় * হাত পাও বান্দে তার মজবুত করিয়া॥ বিবী বলে বান্দ মুঝে কিসের লাগিয়া * রোস্তম কহিল তুমি কহ কোন জন॥ ঠিক না কহিলে তেরা মারিব গর্দ্দান * বিবী বলে জান বকসি কর নামদার॥ হামেসা খেদ মতে আমি রহিব তোমার * ঠিক বাত কহি এবে তোমার খাতির॥ থাকি এ জঙ্গল বিচে আমি জাদুগির * রোস্তম শুনিয়া এহা ভাবে মনে মন॥ ছাড়িতে উচিত নহে এহার কারন * আগুন দুসমন সাপে করিলে এত বার॥ কখন সে নাহি থাকে হৈয়া তাবেদার * বদি ভরা হামেহাল থাকে তার দেলে॥ কোন রুপে দুক্ষ সেই দিবে কাবু পেলে * এয়ছাই বুঝিয়া মর্দ্দ হাতে লিয়া তেগ॥ মারিল বিবীর পরে হৈয়া বেদেরেগ * জমিনে গিরিল বিবী হৈয়া দুই খান॥ ধড় ছেরজুদা হৈয়া নেকলিল জান * রোস্তম সোকর করে খোদার দর গাতে॥ কহে জান বাচাইলে দুসমনের হাতে * জাদুগির ছিল এই আওরত বৈতাল॥ আগে আমি নাহি জেনে ছিনু এর হাল * না জানিয়া ভুলে ছিনু জাদুর দাগায়॥ এলাহি মেহের করে বাচালে আমায় * হাজার সোকর তেরা এহছান উপর॥ তোমার মদদ পরে বান্দিনু কোম্মর * এহা বলে শুইয়া রহিল নামদার॥ রাত গোজারিয়া গেল হুকুমে খোদার*ফজর হইতে ঘোড়া পওছিল আসিয়া রোস্তম বান্দিল জিন খোসাল হইয়া * সেখান থাকিয়া ফের হইল রওানা॥ অধিন খাতের কহে ভরসা রবানা *

* রোস্তমের চৌঠা মঞ্জিলের য়িবরন *

পয়ার * তুড়িয়া জাদুর তরে রোস্তম মর্দ্দানা॥ ফজরে সেখান হৈতে হলেন রওানা * রখস নামে ঘোড়া পরে ছওার হইয়া॥ ময়দানে২ চলে এলাহি ভাবিয়া * কএক ময়দান পার হৈয়া তা বাদেতে পওছিল জাইয়া এক ময়দান বিচেতে * আজব ময়দান সেই সোন দেল দিয়া॥ রাত দিন রহে সেথা আন্ধার হইয়া * আপ্তাব জাহের নাহি হয় সেই ঠাই॥ দেখিতে না পাওা জায় এমনি বালাই * পড়ে সে ময়দান বিচে রোস্তম মর্দ্দানা॥ চলিল হাকিয়া ঘোড়া ভাবিয়া রব্বানা * কত দুর গিয়া সে ময়দান হৈল পার॥ দেখিতে পাইল ফের ঘুচিল আন্ধার* রোস্তম হইয়া তবে খোসাল অন্তর॥ আল্লারদরগায় ভেজে হাজার সোকর * তার পরে দেখে এক দোছরা ময়দান॥ খুসি হালে ঘোড়া হেকে চলে পাহালওান * কত দুরে গিয়া ফের দেখে নামদার॥ মাকুল বাগান এক অতি সুবাহার * নানাজাতি গাছ তাথে ফুটিয়াছে ফুল॥ ডালে২ ডাকে বসে কোকিল বুল বুল* তরতর মেওা সেই বাগান মাঝার কেহু কাচা কেহু পাকা নাহিক সুমার * আর এক পানির আওাজ তার বিচে॥ চার তরোফেতে তার নহর বহিছে*বহুতি গোলজার সেই বাগান ভিতর॥দেখিয়া রোস্তম হইল খোসাল অন্তর * ওতরিয়া ঘোড়া হৈতে আরাম লাগিয়া॥বসিল সে হাওজের কেনারে জাইয়া * তাহা বাদে মেওা তুড়ে আনিয়া খুসিতে॥ খাইল আছুদা হৈয়া আছিল ভোকেতে * পানি পিয়া শুইয়া রহিল পাহালওান॥ এ সমায় সেখানে আসিয়া বাগবান * রোস্তম সুইয়া আছে দেখে সে গাওার॥ লাঠি ওঠাইয়া মারে পায়েতে তাহার * চমকিয়া হেকে ওঠে রোস্তম তখন॥ বাগানিকে দেখিয়া হইয়া গোস্বা মন * কহিল কেনরে গিধি বজ্জাত গাওার॥ নাহক মারিলি লাঠি পায়েতে আমার * বাগানী কহিল তুমি

মুঁজি হইয়া বাহার * বিপাক দেখিয়া তবে ওফাদার ॥ ঘোড়া জাইয়া সে গাড়ার তরফে হৈল খাড়া * আজদাহাকে আগে রেখে জোরেতে হাকিল॥রোস্তম সেহাক শুনে জাগিয়া উঠিল*দেখিল আজদাহা আইসে গজব করিয়া॥ঘোড়া সেসাপের তরেরাহা আগু লিয়া*ভাগিতে নাহিক পারে করে জোরসোর গোস্বাতে আজদাহা গিধি ঘোড়ার উপর * হামলা করিয়া ওঠে নেকালিয়া দাত॥ ঘোড়া দেখে পিছে ফিরে মারে জোড়া লাত * লাত খেয়ে পিছে হেটেজায় দুরাচার ॥ সামালিয়া মুখ মেলে আইসে আর বার*রোস্তম দেখিয়া তাহা তেগ লিয়া হাতে ॥ মহিম করিতে আইল আজদাহার সাতে * আজদাহা রোস্তমে দেখে আইল কুদিয়া ॥ রোস্তম মারিল তারে তেগ ওঠাইয়া* কারিনা হইল তেগ আজদাহার পিঠে ॥ জেমন পাহাড়ে লেগে ঠেকরিয়া ওঠে * গোস্বাতে ভরিয়া ফের রোস্তম সর্দ্দার ॥ আজদাহার উপরেতে কারল ওয়ার*সেইরূপে তেগ ফের রদ হয়ে গেল ॥ রোস্তম দেখিয়া তাহা পেরেসান হৈল কমিনা আজদাহা তবে গোস্বাতে ভরিয়া ॥ রোস্তম তরফে ছোটে নিস্বাস ছাড়িয়া * নিস্বাস ছাড়িল তার আগুন সমান ॥ দেখিয়া কেনারা হৈল রোস্তম জওান * ওফাদার ঘোড়া তাহা দেখিতে পাইয়া গোশ্বা ভরে কুদে আইসে জোরেতে হাকিয়া * গর্দ্দানে কামড় দিযা আজদাহার তরে ॥ দাবিয়া ধরিল খুব জমিন উপরে * ছেরনা হেলাতে পারে আজদাহা সয়তান ॥ খেচিয়া মারিল তেগ রোস্তম জওান দুখান হইয়া গেল ছের আজদাহার॥ দেখিয়া রোস্তম হৈল খোসাল হাজার* মারাগেল দুবাচার ঘুচিল বালাই ॥ রোস্তম পাইল ফতে করিয়া লড়াই * রাত পোহাইয়া গেল হইল ফজর ॥ জিন ওঠাইল ফের ঘোড়ার উপর * সেতা হতে তেছরা মঞ্জেলে জাইবার ॥ হিন কবি কার কহে ভরসা খোদার *

রোস্তমের তেছরা মঞ্জেলের বিবরন *

পয়ার*ফজর হইলে জিন ঘোড়াতে বান্দিয়া॥ রোস্তম রওানা হৈল সেখান থাকিয়া* দেখাদেখি কত দুর জায় পাহালওান ॥ চলিয়া তামাম দিন হইল হয়রান * দিন গোজারিয়া গেল নিমাসাম হৈল নহর কেনারে এক জাইয়া পঙছিল * ছবজার বাহার দেখে নহর কেনারে ॥ ওতরিল জমিনেতে খো সাল খাতেরে * বসিল আরাম করে নহরের ঘাটে ॥ জিন ওতারিয়া ঘোড়া ছেড়ে দিল মাঠে * মন্দা২ হাওা বহে তাজা হৈলজান ॥ ভাবে মনে নাহি আজ খাবার ছামান * নাখাই তামাম দিন ভোকে পেট জলে॥ সেকার ঢুড়িয়া না পাইব রাত কালে * এইরূপে ভাবাগোনা করিতে আছিল॥ হেনকালে সেথা এক আওরত আইল* নবিন জওান খুব ছুরত মেহেরী ॥ দেখিয়া তাহার রূপ লাজপায় পরি * জেওর পোসাগে এয়ছা করিয়াছে ভেস ॥ দেখেমন উচাটন তনু হয় সেস * নাজ করে আখি ঠারে মুচকিয়া হাসে ॥ ধিরে২ এসে বৈসে রোস্তমের পাসে * রোস্তম দেখিয়া তারে হইয়া গমন ॥ বসাইল খুসি হয়ে পাসেতে আপন* রোস্তমের পাসেতে বসিয়া সে মেহেরি ॥ হাস্যপরি হাস্য কথা কহেধিরি২*সারাব কাবাব ছিল সঙ্গেতে তাহার ॥ আর এক তাম্বরা আছিল বাজাবার * হাসিয়া২ লিয়া সরাবের জাম রোস্তমের তরে কহে খাও নেকনাম * তুমি আমি সারাব খাইয়া দুই জনে ॥খুসি হালে আজ রাতে রব এইখানে * সুনিয়া রোস্তম মর্দ্দ হয়ে খুসি মন ॥ লইয়া সারাব জাম খাইল তখন * তার পরে হেসে২ কহে নামদার ॥ কহ বিবী বুঝাইয়া হাল আপনার*বিবী বলে সোন তবে বিদেসি জওান ॥ কহিয়া জা নাহ তুঝে দুক্ষের বয়ান*আমি নারি অভাগিনী থাকি এজঙ্গলে ॥ আল্লার জেকের সদা করি দেলে২ * কত দিন হৈল আজি থাকি এই বনে ॥ দেখা সোনা নাহ হয় মরদের সনে * আমার নছিব গুনে পঙ ছিলে আসিয়া ॥ খোসাল হইনু তেরা জামাল দেখিয়া * ঘুচিল মনের ব্যাথা বাড়িল কৌতুক ॥ মিলে আজ তেরা সাতে নেভাইব দুখ * সবাব কাবাব সব আছে মেরা ঠাই ॥ দেলে জাহা চাহে খাও কমি কিছু নাই * রোস্তম পুছিল বিবী কহত আমারে ॥ সারাব কাবাব হেথা পাও কি প্রকারে * বিবী বলে থাকি আমি জেকেরে খোদার॥সেই মুজে জঙ্গেলেতে জোগায় আহার * রোস্তম একথা শুনে হয়ে খুসি মন ॥ সারাবের জাম ফের চাহিল তখন * সুনে বিবী পিয়ালাতে সারাব ঢালিয়া ॥ রোস্তমের হাতে দিল খোসাল হইয়া* তার পরে তাম্বরা লইয়া পরিজান ॥ বাজাতে করিল শুরু লাগাইয়া তান * টুন২ বাজে বাজা মধু হেন সুর ॥ বাজার আওাজে নাচে মউরি মউর * নানাছন্দে গায় গান বাজার সাহতে

রোস্তমের তরফেতে আইসে রেগা দিয়া * ঘোড়া তা দেখিতে পেয়ে কুদিয়া চলিল ॥ বাঘের ছামনে গিয়া মোকাবেলা হৈল * ঘোড়াকে দেখিয়া বাঘ হামলা করিয়া ॥ কুদিয়া আইল জোরে ধরিবে বলিয়া ওফাদার ঘোড়া তবে দেলের গোস্বায়॥ পিছে ফিরে মারে লাথি বাঘের মাথায় *এয়ছা জোরে জোড়া লাথি মেরে ছিল ঘোড়া ॥ জমিনে গিরিল বাঘ ছের হয়ে গুড়া*গোস্বাভরে ঘোড়া ফের বাঘের কারন দাতে চেবাইয়া দিল তুড়িয়া গর্দ্দান*মারা গেল সের নর খুনেতে তাহার॥সোর বোর হয়ে গেল বদন ঘোড়ার * আখেরে ছাড়িয়া ঘোড়া বাঘের কারন॥ময়দানে চরিয়া ফেরে হয়ে খুসি মন*রাত গুজারিয়া গেল ফজর সময় ॥ আসিয়া পওছিল ঘোড়া রোস্তম জেথায় * রোস্তম জাগিয়া উঠে দেখিল তখন খুনেতে রয়েছে ডুবে ঘোড়ার বদন*আর সেই বাঘমোরে রয়েছে এছাই॥পাহাড় টানিয়া কেহু আনিল জেছাই * রোস্তম সেহাল দেখে হয়ে পেরেসান ॥ কহিল ঘোড়ার তরে সোনরে নাদান * কার হুকুমেতে তুই লড়িলি জাইয়া॥বাঘ জদি তেরা তরে ডালিত মারিয়া*তবে কে আমার তরে লইয়া জাইত পায়ে চলে জেতে মুঝে মস্কেল হইত * ফের জদি হয় এয়ছা আফত বালাই ॥ তুমি নাহি তার সাতে করিবে লড়াই * জাগাইয়া দিবে মুঝে করিয়া হুসিয়ার ॥ এই নছিহত রাখ ইয়াদ আমার * এহা বলে সেথা হৈতে হইয়া রওানা ॥ এরাদা করিল দেলে রোস্তম মর্দ্দানা*হিন কবিকার কহে পহেলা মঞ্জিলে দুর হইয়া গেল বালা খোদার ফজলে * দোছরা মঞ্জেলেতে রোস্তম চলে ফের ॥ দেল দিয়া সোন সবে কহি সে জেকের *

রোস্তমের দোছরা মঞ্জেলের বিবরণ ॥

পয়ার*রাত গোজারিয়া গেল ফজর হইতে॥ রোস্তম উঠিয়া জিন বান্দিয়া ঘোড়াতে*ছওার হইয়া চলে খোসাল হইয়া ॥ পাহাড় জঙ্গল কত গেল এড়াইয়া*আছিল ধুপের জোর পছিনা ছুটীল॥পানির পেয়াছে মর্দ্দ পেরেসান হইল * কুওা ও তালাব কোথা খুজিয়া না পায় ॥ মনাজাত করে মর্দ্দ খোদার দরগায় * এলাহি আমার পরে কর মেহেরবানি ॥ মেটাইয়া দেও মুজে পেয়াছের পানি * দরগাতে কবুল হইল রোস্তমের দোওা॥হেনকালে আনাচক কোথায় থাকিয়া*আইল হরিণ এক পাইল দেখিতে রোস্তম হইয়া খুসি চলিল ধরিতে*পিছে পিছে জায়তার ঘোড়া ওঠাইয়া॥ নহর কেনারে এক পওছিল জাইয়া*দেখে নহরের পানি খোসাল অন্তর॥খোদার দরগায় ভেজে হাজার সোকর* পাথরেতে বান্দা সেই নহরের ধার ॥ চারি ধারে ফুলের বাগিচা আছে তার * দেখে সে মাকুল ঠাই খুসি হইয়া মনে ॥ কহে আজ আরাম করিব এইখানে * এহা ভেবে ঘোড়া ফের হেকে নামদার ॥ সেই হরিনের তরে করিয়া সেকার * তকবির করিয়া তার ওখাড়িয়া খাল ॥ কাবাব করিয়া খায় হইয়া খোসাল * নহরের পানি পিয়া তাজা হৈয়া জানে ॥ আরাম করিয়া মর্দ্দ রহে সেই খানে * ঘোড়াকে ছাড়িয়া দিল জিন ওতারিয়া ॥ চরিতে লাগিল ঘোড়া ময়দানে জাইয়া * আধারাত হৈল জবে সেই সমায়েতে ॥ বড় এক আজদাহা আইল সেখানেতে*রোস্তমের ঘোড়া তাহা দেখিতে পাইয়া॥সোর সবাবত করে ডরে ডরাইয়া॥ কেননা রোস্তম সেই ঘোড়ার কারন॥ পহেলা মঞ্জেল পরে করিল বারন* তেকারনে ঘোড়া নাহি করিয়া লড়াই ॥ পাহালওানে জাগাইতে হাকিল এছাই*রোস্তম সে হাক শুনে জাগিয়া উঠিল ॥ আজদাহা দেখিতে পেয়ে গাড়ে সান্দাইল* চারিদিগে চেয়ে দেখে রোস্তম তখন॥ কিছুনা দেখিতে পেয়ে হয়ে গোস্বা মন * কহিল ঘোড়ার তরে সোনরে বজ্জাত ॥ নাহক জাগালি মুঝে ইহা কেয়ছা বাত * আবার সুইয়া গৈল একথা কহিয়া॥ দেখে সে আজদাহা ফের আইসে নেকলিয়া * ঘোড়া তা দেখিয়া ফের না পারে থামিতে ॥ রোস্তমে জাগাবে বলে হাকিল জোরেতে * হাক সুন জেগে ওঠে রোস্তম তরায় ॥ আজদাহা সেরুপে ফের গাড়েতে লুকায় * ডান বামে চেয়ে দেখে রোস্তম তখন ॥ কিছু না দেখিতে পেয়ে হয়ে গোস্বা মন * কহিল ঘোড়ার তরে সোনরে গাওার ॥ হাকিয়া জাগাও মুজে কাহে বারে বার*আমার আরামে খুসি না হইল তোরে ॥ জাগাইয়া দুখ দেও কিসের খাতেরে * ফের জদি হাক এয়ছা জানিবে তখন ॥ তলওার মারিয়া তেরা ওড়াব গর্দ্দান * হইয়া পেয়াদা পাও ঢাল গোর্জ্জ লিয়া ॥ মাজেন্দারা দেসে একা জাইব চলিয়া * এহা বলে সুইয়া রহিল নামদার ॥ ফের সে আজদাহা

রহিবে আমার দেলে আফছোছ হাজার * রোস্তম বাপের মুখে একথা শুনিয়া ॥ কহিতে লাগিল মর্দ্দ খোসাল হইয়া * সোন বাপ সাদ আছে কত দিন হতে ॥ মহিম করিব আমি দেয়ের সহিতে*সে তার দেহনা মুঝে বিদায় করিয়া॥ মাজান্দারানেতে জাই বাদসার লাগিয়া * কিন্তু বাপ ডরি এহা দেলের বিচেতে॥মাজান্দারা দুর রাহা জাইতে২* কি জানি নাপাক দেও কমিনা বেপির ॥ পাছেবা মারিয়া ডালে বাদসার খাতির*জালসাহা কহে তবে রোস্তম কারন ॥ দুই রাহা আছে বাবা সোন বিবরন * একবাহা আছে নাহি ডর ভয় তাতে॥জাওা জায় সেই রাহে আধা মাহিনাতে*দোছরা জেরাহা তাতে ডর অতিসয়॥সেইরাহে গেলে খুব নিকটেতে হয়*রোস্তম কহেনবাপদেহবাতাইয়া॥দেলচাহে জেবাহেতেজাইব চলিয়া * জাল সাহা কহে তবে সোন বাবাজান ॥ ইরান ছাড়িয়া গেলে পাইবে ময়দান* তার পরে দুই রাহা পাইবে আগেতে॥দুর দারাজের রাহা গেলে ডাহিনেতে* বামের রাহেতে গেলে বহুতি কেলেস সাত রোজে জাওা জায় মাজেন্দারা দেস * সাত মঞ্জেলেতে সাত আফত বালাই ॥ শুন বাবা তার ভেদ কহিয়া জানাই * জখন পঙছিবে গিয়া পহেলা মঞ্জেলে ॥ সেখানে বালাই এক হবে রাতকালে*দুছরা মঞ্জেলে ফের পঙছিবে জখন॥ ঐরুপে বালা ফের দেখিবে তখন* একে২ সাত দিন সাত মঞ্জেলেতে সাতবালা মছিবত আছে সে রাহেতে*জেতে জদি পার সেই বালাকে তুড়িয়া ॥ মাজান্দরা দেসে তবে পঙছিবে জাইয়া * কিন্তু বাবা রাহা বিচে থাকিবে হুসিয়ার ॥ দুসমনে নাহিক জেন পঙছায় আজার রোস্তম কহিল বাপ না কর আন্দেসা ॥ জাইব বামের রাহে এলাহি ভবসা * বালা মছিবত জাহা আছে যতঠাই ॥ তুড়িয়া জাইব তাহা নাহিক ডরাই * আপনি করহ দোওা সোন নামদার ॥ জেন সেথাপাই গিয়া বাদসার দিদার * এহা বলে রখস নামে ঘোড়ার উপর ॥ সওার লইল মর্দ্দ বান্ধিয়া কম্মর * ঢাল গোর্জ্জতির তেগ ছেলা সবজ্ঞাম॥ঘোড়ার হানাতে বেন্দেহইল তামাম* জালসাহা দেখেতবেখোসাল হইয়া ॥ রোস্তমেরে দোওা কৈল হাত ওঠাইয়া * এলাহি মকছেদ পুরা কবিবে তোমার ॥ খুসিতে বাদসার সাতে হইবে দিদার * জাহ বাবা খোদাকে সুপিনু আমানত ॥ খোদাতুঝে ফেরায়ে আনিবে ছালামত * এহা বলে জালসাহা বিদায় করিল ॥ বিদায় হইয়া মর্দ্দ মহলে চলিল * ছালাম করিয়া কহে মায়ের পায়েতে ॥ দোওা কর মামাজিউ জাব মহিমেতে * রোস্তমের মুখে বিবী একথা সুনিয়া ॥ কহিতে লাগিল তবে কান্দিয়া২ * মাজেন্দারা জাবে বাবা করিতে লড়াই ॥ শুনিয়াছি সেথা বড় আফতবালাই দেও দুরাচার কত জাদু তেলেছমাত ॥ কিরুপে লড়িবে গিয়া তা সবার সাত*তুঝে না দেখিয়া আমি কেমন করিয়া ॥ আরামে রহিব ঘরে পরান ধরিয়া * মুস্কিল হইবে বাবা জুদায়ে তোমার ॥ তোমা বিনে ঘর মেরা হবে অন্ধকার * রোস্তম শুনিয়া কহে মায়ের খাতির ॥ কি করি কএদে আছে বাদসা জাহাগির * আমাদের অলি সেই বাদসা নামদার ॥ আমরা হায়েসা তার হুকুম বর্দ্দার * জদি নাহি ছাড়াইতে জাই তাহাদিগে ॥ কিবলে জওাব দিব এলাহির আগে * কোম্মর বান্দিনু জেতে এহার কারন॥ আপনি করহ দোওা হয়ে খুসি মন * বিবী বলে জাহ বাবা হইয়া খোসাল ॥ এলাহি মদত তেরা পিঠ পরে ঢাল * আল্লা তুঝে ফতে দিবে ঘুচিবে বালাই ॥ এহা বলে রোস্তমেরে কবিল বিদাই * রোস্তম মায়ের পায়ে ছালাম করিয়া ॥ রওানা হইল মর্দ্দ এলাহি ভাবিয়া * দেখাদেখি কতদুরে নেকলিয়া গেল ইরান সরহদ্দ ছেড়ে ময়দানে পঙছিল * ছামনেতে দুই রাহা পাইল দেখিতে ॥ এরাদা করিল জেতে বামের রাহেতে * অধিন খাতের কহে জাবে জদি বায় ॥ সাত মঞ্জেলেতে সাত বালা আছে তায়* সাত ঠাই সাত বালা হবে নমুদার ॥ আপনাকে থাকিবে হইয়া হুসিয়ার *

রোস্তমের পহেলা মঞ্জেলের বিবরন ॥

পয়ার*ছেড়ে ডাহিনের রাহা রোস্তম মর্দ্দানা॥ চলিল বামের রাহেহইয়া রওানা* জাইয়া তামাম দিন নিমাসাম কালে ॥ দাখেল হইয়া সেই পহেলা মঞ্জেলে * এক ঠাই মোকাম করিয়া মামদার আনিল হরিন এক করিয়া সেকার * তদবির করিয়া তারে সিকলাগাইয়া ॥ কাবাব খাইল মর্দ্দ খোসাল হইয়া * আপনি আরাম কৈল গাছের তলাতে ॥ ঘোড়াকে ছাড়িয়া দিল ময়দানে চরিতে * ঘাসের খাতেরে সেই ঘোড়া ওফাদার॥চরাট করিয়া ফেরে ময়দান মাঝার* হেন কালে বড় একবাঘ নেকলিয়া

আইলি হেথা করিতে লড়াই* নেহাত বুঝিনু তেরা আজল আছিল ॥ সেই তুঝে সাতে করে এখানে আনিল * হইল তোমার পরে আমার কহর॥ কএদে থাকিয়া এবে জান জাবে তোর * এহা বলে দেও জাত সয়তান বেপির॥ বাদসার সহিত সবে করিয়া জেঞ্জির* ছফেদ দেওয়ের আগে দিল পাঠা ইয়া ॥ দেখিয়া ছফেদ দেও গোস্বা দেল হৈয়া* হুকুম করিল সব দেওদের তরে॥জাহ এবে সকলেতে পাহাড় উপরে * বাদসা আর চারজনা ছরদারে লইয়া ॥ হেফাজতে রাখ খুব বন্দখানা দিয়া * হুকুম পাইয়া সব দেয়েরা তখন ॥ বন্দখানা দিল লিয়া বাদসার কারন* জত দেও ছিল সেথা পাহাড় মাঝার নামেতে আরজঙ্গ দেও আছিল ছরদার* দেখে সে আরজঙ্গ দেও কহে কাউছেরে ॥ আজলে টানিয়া হেথা আনিল তোমারে * মরিবে এখন হেথা কএদ থাকিয়া ॥ এবে কে করিবে সাহি ইরানে জাইয়া কাউছ শুনিয়া এহা কহিল তাহায় ॥ সোনহ আরজঙ্গ দেও কহি জে তোমায় * নছিবে আছিল লেখা আমার এয়ছাই ॥ মাজেন্দারানেতে আইসে করিয়া লড়াই * লোক জন মারা জাবে হবে পেরেসান ॥ লেখা ছিল তাহা কেন হইবে এড়ান * আসিবার কালে মুঝে জত লোক জন ॥ নানারূপে বার২ করিল বারন * না সুনে মানাহি তবু আইনু এখানে ॥ খারাবি হইল তাই নছিবের গুনে * আছিল তকদিরে জাহা হইল আমার ॥ এখন ভরসা খালি উপরে খোদার * এয়ছাই বলিয়া সাহা রহে খামসিয়া ॥ সুনে সে আরজঙ্গ দেও গেলজে চলিয়া*রহিল কএদ বিচে বাদসা নামদার॥বার হাজার দেও রহে নেঘাবান তার * অধিন খাতের কহে বাদসা জাহাপানা ॥ কিছু দিন রহ দেলে ভাবিয়া রবানা * মুস্কিল আছান আছে না থাকবে গম ॥ এলাহি মদতে তেরা ভেজিবে রোস্তম *

কায়কাউছ বাদসা কএদ হয় ও জাল সাহা তাহার খবর পাইয়া রোস্তমকে
পাঠায় ও রোস্তম হপ্তম মঞ্জেলের রাহা হৈয়া মাজেন্দারা
জাইয়া বাদসাকে খালাছ কারিবার বয়ান ॥

জখন কাউছ সাহা মাজন্দরানেতে ॥ কএদ হইয়া ছিল দেওদের হাতে * সেই সময়েতে সাহা দেয়ে ছাপাইয়া ॥ আপনার হাল ছারা বয়ান করিয়া * পয়গাম লিখিয়া এক কাছেদের তরে ॥ পাঠাইয়া দিয়াছিল জালের হুজুরে * কাছেদ সে লেখা লিয়া হুনুর হেকমতে ॥ দিনে ছাপাইয়া রহে চলে রাতে২*কতদিন এইরূপে আইসে ছাপাইয়া ॥ দেওয়ের সরহদ্দ হৈতে বাহির হইয়া * রাত দিন চলে এসে পঔছিল সিস্তানে॥ বাদসার লিখন দিল জালের সামনে* জাল সে লিখন পেয়ে লাগিল পাড়তে ইহা লিখেছিল সেই লিখন বিচেতে*সোন পাহালওানজাল কাহ জে তোমায॥না শুনে তোমার মানা আইনু হেথায়*বহুত করিনু জঙ্গ দেয়ের সহিতে॥দুই জঙ্গ পহেলা করিয়াছিনু ফতে* আখেরাতে এক রোজ দেও বেসুমার ॥ কোথাহতে আইল নাজানি সমাচার*ঘিরিয়া আইল তারা চারিদিগ হতে॥বহুত কারনু জঙ্গ তাহাদের সাতে*বেসুমার দেও ছিল ভরিয়া ময়দান॥জত মারি তত বাড়ে বেপির সয়তান আখেরে দেয়ের হাতে তামাম লস্কর ॥ মারা গেল দেখে আমি হইনু ফাফর* লাচার হইয়া সেসে কমর বান্দিয়া ॥ চার পাহালওান ছিল সাতে করে লিয়া * বহুত করিনু জঙ্গ না পাইয়া ফতে ॥ কএদ হইনু সেসে দেওদের হাতে * আমি ও গোদর্জ্জ ও তুছ পাহালওানে ॥ গেও আর গোস্তহাম এই কয় জনে * রাখিয়াছে দুরাচার বন্দখানা দিয়া ॥ আছি লাচারির হালে কএদ হইয়া * আর জত বাকি লোক বাচিয়া আছিল ॥ ধারয়া তা সবাকারে কএদ করিল * আপনি মেহের জদি করিয়া আমায় ॥ একরার ভেজে দেহ রোস্তমে হেথায় * তা হৈলে খালাছ পাই বাচে মেরা জান॥ মানিব জেন্দেগি ভর তোমার এহছান* লেখন পড়িয়া জাল জানিয়া খবর ॥ বাদসার খাতেরে মর্দ্দ হইয়া কাতর * রোস্তমে ডাকিয়া সব সোনাইল তায় ॥ সোন বাবা কাউছ পড়েছে মহাদায় * মাজান্দারানেতে গিয়া হইল কএদ ॥ এইবাতে আমার হইল বড় খেদ* আছিল আল্লার অলি বাদসা নামদার॥ এই বেলা কর বাবা মদোদ তাহার * এলাহি দিয়াছে জোর তোমার বাজুতে ॥ তোমা বিনে আর সেথা কে পারে জাইতে*জইফ হইনু আমি গায়ে নাহি জোর॥লাড়িতে তাকত আর নাহি আছে মোর* তুমি জদি পার বাবা হেম্মত বান্ধিয়া ॥ আনহ বাদসার তরে খালাছ করিয়া * নহে সেথা মারা জাবে বাদসা নামদার

হুকুম করিল এক দেয়ের খাতের * লেখন লইয়া মেরা সেতাব জাইয়া ॥ ছফেদ দেয়ের আগে দেহ পঔছাইয়া * ছাহেব ছরদার সেহ দেও সবাকার ॥ তাহার তাবেতে দেও আছে বেসুমার * খবর পাইলে সেই করিবে মদত ॥ দেয়ের লস্কর হেথা ভেজিবে আলবত * এহা বলে নামা এক লিখিল এয়ছাই ॥ সোনহ ছফেদ দেও কহিয়া জানাই*সাহেব ছরদার তুমি আমা সবাকার॥ খুসিতে বাদসাই করি হেম্মতে তোমার * এক্ষনে আমার পরে ঘটীল বালাই ॥ দুসমন আইল দেসে করিতে লড়াই * ইরানি কাউছ সাহা লইয়া লস্কর ॥ আমার উপরে বড় করিয়াছে জোর * এখানে লস্কর মেরা জত দেও ছিল ॥ লড়িয়া তা সবাকারে মারিয়া ডালিল * বাচিয়া আছিল জারা লড়িতে নারিয়া ॥ দিগে দিগে পালাইল জান বাচাইয়া * লাচার হইয়া আমি আছি পেরেসান ॥ দায় হইয়াছে মুঝে বাচাইতে জান কি করি জানের ডরে আছি ছাপাইয়া ॥ বাহির হইতে নারি কেল্লায় থাকিয়া * কেল্লার বাহিরে জত ইরানি লস্কর ॥ লড়িতে মওজুদ আছে বান্দিয়া কোম্কর * লস্কর সরদার কেহ নাহিক আমার॥কিরুপে মহিম করি হইয়াছে ভার * আপনি আমার পরে মদত করিয়া ॥ সেতাব লস্কর হেথা দিবে পাঠাইয়া নহেত এখানে এবে আছে জত দেও ॥ সকলে জাইবে মারা না বাচিবে কেও * এইরূপে লেখা পড়ি করিয়া তৈয়ার॥ছফেদ দেয়ের আগে ভেজে দুরাচার * জখন সে দেও গিয়া লেখা দিল তায় ॥ পড়িয়া ছফেদ দেও জলিল গোস্বায় * কহে আদমের জাত ধরে এত জোর ॥ মাজন্দারানেতে আইসে লইয়া লস্কর * দেয়ের লস্কর সবে মারিয়া ডালিল ॥ এবাতে দেওয়ের জাতে কলঙ্ক হইল* এহা বলে হুকুম করিল দাগাদার ॥ তামাম দেওয়ের তরে হইতে তৈয়ার * হুকুম পাইয়া তার দেও সকলেতে ॥ কমর বান্দিয়া আইসে মাজন্দারানেতে * কাউছ আছিল জেথা লস্কর লইয়া ॥ চারিদিগ হৈতে তারে ঘেরিল আসিয়া*ঝাকে২ লাকে২ দেও বেশুমার॥আসিয়া ঘিরিল জদি কাতারে কাতার* দেখিয়া ইরানি সাহা কাউছ তখন ॥ ভাবাগোনা করিতে লাগিল মনে মন * সরদার সবার তরে লাগিল কহিতে ॥ ঘিরে আইল দেও সবে চারিদিগ হৈতে*হেম্মত করিয়া সবে করহ লড়াই॥ বুঝি এবে মহিমেতে ফতে নাহি পাই * কোথা হৈতে আইল এত দেওয়ের লস্কর ॥ ঠাই নাহি হয় দেখি ময়দান উপর * দেয়ের লস্কর দেখে ইরানি ছেফাই ॥ ডরাইয়া বেহেম্মত হইল সবাই*আখেরে লাচার হয়ে হেম্মত করিয়া ॥ লড়িতে তৈয়ার হৈল তেগহাতে লিয়া*মকবেলা হৈলজবে দুদলে লস্কর॥সোর গোল হৈল বড় ময়দান উপর ঝুকিয়া আইল জবে দুদলে ছেফাই ॥ মার২ কাটাকাটী লাগিল লড়াই*নেজা গোর্জ্জতির তেগে ইরান লস্কর ॥ লড়িতে লাগিল সবে করে জোরসোর* দেও সব দিগে২ লড়ে মস্ত হইয়া ॥ জারে পায় মারে তায় না দেয় ছাড়িয়া*এইরূপে দুই দলে ছেফাই২॥ঝনা ঝন ঠনাঠন লাগিল লড়াই*বহুত করিল জঙ্গ হুনূর হেকমতে ॥ ইরানি আজেজ হৈল নাহি পায় ফতে * মারা গেল দুই দলে বহুত লস্কর ॥ লহুর তুফান চলে ময়দান উপর*ধড় ছের ভেসে চলে নহর বহিয়া॥ ঘোড়া না কুদিতে পারে লহুতে ডুবিয়া দেয়েরা করিয়া জোর বহুত এয়ছাই ॥ দাগাদিয়া মেরেডালে ইরানি ছেপাই * আখেরে ইরানি লোক আজেজ হইয়া ॥ দিগে২ ভেগে চলে জান বাচাইয়া*বিপাক দেখিয়া সাহা কাউছ তখন ॥ গেও পাহালওানে কহে কি করি এমন * মরিল তামাম লোগ মহিম করিয়া ॥ বাকি জা আছিল তারা গেল পালাইয়া*দেখি এবে ভার হৈল জান বাচাইতে ॥ মরিব দেওয়ের হাতে নারিব ভাগিতে*এলাহি জেকরে ভাই হেম্মত করিয়া ॥ মারহ দেয়ের পরে তলওার খেচিয়া * নছিবে থাকিলে দুক্ষ না হয় খণ্ডন॥ জঙ্গ বিনে চারা আর না দেখি এখন * ইহা বলে গেও আর গোদর্জ্জের তরে ॥ গোস্তহাম আর লিয়া তুছ নামদারে * হেম্মত করিয়া মর্দ্দ তেগ লিয়া হাতে ॥ গোস্বাভরে দেওজাতে লাগিল কাটীতে * হুনর হেকমত করে বহুত লড়িল ॥ হাজারে হাজার দেওয়ে কাটিয়া ডালিল * বহুত করিল জঙ্গ না পাইয়া ফতে ॥ আখেরে কএদ হৈল দেওদের হাতে * বাদসা আর চারিজনা নামি পাহালওান ॥ পড়িয়া দেওয়ের হাতে হৈল পেরেসান * ফতে পাইয়া দেও সবেলিয়া এহাদেরে ॥ হাজের করিয়া দিল বাদসার হুজুরে*মাজন্দারানের সাহা কাউছে দেখিয়া ॥ কহিতে লাগিল ইহা গোস্বাদেল হৈয়া*শুনরে আদম জাত রাখ এত জোর॥নাহক মারিলে এসে আমার লস্কর*আমিকভু তোর পরে নাকরি বুরাই॥তুইকেন

গেল ঠায় * কত লোকে দিগে২ মারে খেদাড়িয়া ॥ ময়দানেতে লহু নদি দিল বহাইয়া * আখেরেতে জঙ্গি লোক না পারে লড়িতে ॥ ভাগেল হইয়া সবে চলে সেতা হৈতে * পিছে২ খেদাড়িয়া ইরানি লস্কর ॥ ঠাই২ জঙ্গ করে রাহার উপর * কত রোজ বাদে গিয়া মাজন্দারানের ॥ সহরের দরওাজাতে হইল হাজের * দেখিল সহর সেথা এয়ছাই গোলজার ॥ গোলেস্তান মত ঠিক দেখিতে বাহার * আ বাদ মাকুল এয়ছা বাজার চওক ॥ দুর তক আইসে তার খুবির চমক * আওরত মরদ সব রহে খুসি মনে ॥ দেখিয়া ইরানি লোক রহিল হয়রানে * কোন খানে সহরের করিতে ঠেকানা ॥ নাহি পারে কেহ এয়ছা আজব কারখানা * আর সেথাকার জত মরদ আওরত ॥ হুর পরি জিনে রূপ দেখিতে ছুরত * মোন্দা মোন্দা হাওা বহে বদনে লাগিয়া ॥ উচাটন করে মন দেখিয়া শুনিয়া * বয়ান করিয়া কত কব সেথাকার ॥ বুড়ার কুওত বাড়ে দেখে সে বাহার * খেমা দিনু সেথাকার তারিফ করিতে ॥ গেওয়ের খবর ফের সোন সকলেতে * পাহালওান গেও মর্দ্দ লস্কর লইয়া ॥ গড়ের নিকটে জবে পঙ ছিল জাইয়া * বাদসার গোলাম সেথা ছিল দস জন ॥ ধরিয়া লইল মর্দ্দ তাদের কারন * মাজন্দার নের সাহা না জানে খবর ॥ আইল ইরানি লোক গড়ের ভিতর * হেনকালে কায় কাউছ লস্করলইয়া গেও পাহালওান জেথা পঙছিল আসিয়া * শুনিল গেওয়ের মুখে রাহার খবর ॥ জে রূপেতে জঙ্গি লোগ করেছিল জোর * জে রূপে মহিমে তারা হারেল হইয়া ॥ সহরের বিচে সবে আইল ভাগিয়া * তখন কাউছ সাহা ভরিয়া গোশ্বায় ॥ হুকুম করিল এয়ছা সরদার সবায় * এখানেতে দেও জত আছে ঠাই২ ॥ মেরেডাল নাহি রাখ আফত বালাই * বাদসার হুকুম পেয়ে তামাম সর্দ্দার ॥ দেওজাতে কাটে ডালে হাজারে হাজার * টিকিতে না পারে দেও ইরানির আগে ॥ জান বাচাইয়া কত দিগে২ ভাগে * এইরূপে মেরে ডালে দেও বেশুমার ॥ খবর আইল তার হুজুরে বাদসার * কায় কাউছ নামে সাহা ইরান থাকিয়া ॥ আসিয়া পঙছিল হেথা লস্কর লইয়া * সহরেতে ছিল জত দেওয়ের সেফাই ॥ তাহা সবাকার সাতে করিয়া লড়াই * বহুত লস্কর তেরা ডালিল মারিয়া ॥ বাকি সব পালাইল জান বাচাইয়া * মাজন্দারানের সাহা শুনে এইবাত ॥ গোস্বাতে জলিয়া মর্দ্দ হাতে মারে হাত * কহে আদমের জাত ধরে এত জোর ॥ দাগা দিয়া মারে এসে আমার লস্কর * আগে না খবর মুঝে কহিলে আসিয়া ॥ মারিতুন তারে আমি দাতে চিবাইয়া * এই রূপে গোস্বা হৈয়া আপন লস্করে ॥ কহিল সেতাবি জাহ মহিম খাতেরে * জেখানে আদম জাতে পাইবে জাহায় ॥ জোরে ধরে একবারে মেরে ডাল তায় * এয়ছাই হুকুম জদি কৈল দাগাদার ॥ দেওয়ের লস্কর সব হইল তৈয়ার * লড়াই করিতে আইল ইরানির সাতে মকাবেলা হয়ে সবে লাগিল লড়িতে * কাউছ বাদসার জত লস্কর সর্দ্দার ॥ দেওয়ের উপরে ছোটে বলে মার মার * নেজা গোর্জ্জ তির তেগ চলিল মারিয়া ॥ জারে পায় মারে তায় না দেয় ছাড়িয়া * দেয়ের লস্কর লড়ে করে জোর সোর ॥ গেরাইয়া দিল কত ইরানি লস্কর * গেও পাহালওান তাহা দেখিতে পাইয়া ॥ আপন লস্করে মর্দ্দ কহিল হাকিয়া * নাহি ডরাইবে দেখে দেওয়ের লস্কর ॥ খেচিয়া তলওার মার দুসমন উপর * ইরানি লস্কর সব এ কথা সুনিয়া ॥ তেগ জোরে চলে মেরে মুণ্ডমালা দিয়া * মস্ত হালে লড়ে সবে হাতে লিয়া তেগ ॥ জারে পায় মারে ঠায় না করে দেরেগ * হুনুর হেকমতে সব জত আছওার ॥ চারিদিগে ঘিরে সবে বলে মার২ * মরিল বহুত দেও ইরানির হাতে ॥ লহু নদি বহিয়া চলিল ময়দানেতে * কত ধড় কত ছের গিরিল ময়দানে ॥ হেছাব না জানে তাহা আল্লাতালা জানে আখেরে সয়তান দেও না পারে লড়িতে ॥ জিউ লিয়া পিঠদিয়া লাগিল ভাগিতে * মাজন্দারানের সাহা সেহাল দেখিয়া ॥ আপনি হুসিয়ার হৈল জান বাচাইয়া * পালাইয়া গেল জদি দেয়ের ছেফাই ॥ থামিল ইরানি লোগ মওকুফ লড়াই * মহিমে পাইয়া ফতে ইরানি লস্কর ॥ খুসি হয়ে দিগুন হইল গায়ে জোর ডর ভয় ঘুচে গেল খুসি হৈল মন ॥ কহে সবে দেও গনে না ডরি এখন * সয়তান দেয়ের তরে জেখানে পাইব ॥ না ছাড়িব ধরে জোরে মারিয়া ডালিব * এইরূপে লস্কর সর্দ্দার জত জন ॥ বলা কওা করে রহে হয়ে খুসি মন * দেওয়ের লস্কর হোথা কেল্লাতে জাইয়া ॥ রহিল সকলে তারা করার হইয়া * ইরানি লস্কর ফের লড়িবার তরে ॥ রহিল মওজুদ হয়ে কেল্লার বাহেরে * বিপাক দেখিয়া সাহা মাজন্দারানের

কেনে * বসে জদি থাকি আমি করিয়া আরাম ॥ তা হলে ওঠাবে ছের দুসমন তামাম* খারাব করিয়া দিবে ইরান সহর ॥ আখেরে আমার পরে হইবে কহর* একথা শুনিয়া জাল বাদসার খাতির ॥ আরজ করিয়া কহে সোন জাহাগির * আমি এই সমাচার শুনিনু জখন ॥ আইনু তোমার তরে করিতে বারন কেমনা ফেরেদু আর জোহাক জমসেদ ॥ সে দেশে জাইতে তারা করে ছিল জেদ*জখন শুনিল তারা দেয়ের খবর ॥ আর জাদু তেলেছমাত সেখানে বিস্তর * ছাড়িল খাহেস তবে মাজন্দারানেব ॥ জাবার এরাদা কেহু না করিল ফের * এখন লাজেম হয় তোমার খাতির ॥ সেথাকার এরাদা ছাড়হ জাহাগির কেননা সেখানে গেলে জাদু ফেরেবেতে ॥ নাহক পাইবে দুক্ষ তা সবার হাতে * জাদুতে করিবে বন্দ তোমার তলওার ॥ না রাখিবে তাকত মহিম করিবার * একারনে মানা করি তোমার কারন ॥ জাইবা জাদুর দেসে নাহি লয় মন* কি জানি সেখানে জদি পড় কোন ফেরে ॥ তা হইলে দুখ ওঠাইতে হবে মোরে * কহিতে লাগিল ফের সর্দ্দার সবাই ॥ সোন বাদসা চাহি আমি তোমার ভালাই * জনাবে আরজ এই সোন নামদার ॥ সেখানে জাইতে দেল নাহি চায় কার * সুনিয়া এয়ছাই বাত বাদসা জাহাগির ॥ জওাব করিল তবে জালের খাতির * জোহাক জমসেদ আর ফেরেদু হইতে ॥ হেম্মত জেয়াদা রাখি ডর কি জাইতে * আর তাহা সবা হেতে লস্কর ছেপাই ॥ জেয়াদা হইল মোর কমি কিছু নাই আল্লার মদত পরে জাইয়া সেখানে ॥ জিঞ্জির করিব সব দেয়ের কারনে * জাদু তেলেছমাত সব করে ছারখার ॥ কাটীয়া ডালিব ছের দুসমন সবার * এবাতে আপনি মুঝে করিলে বারন ॥ না সুনিব জাব সেথা হইয়াছে মন * আপনি রোস্তমে লিয়া এসে এখানেতে ॥ হুকুম চালাবে মেরা তরফ হইতে জালসাহা শুনে কহে বাদসার খাতির ॥ আমি বান্দা তাবেদার হামেসা হাজির * জে বাত আমার খুব আছিল গরজ ॥ হুজুরেতে জানাইনু করিয়া আরজ * একান্ত জাইবে জদি না শুনিবে মানা ॥ তবেজাহা জিউ চাহে কর আলম্পানা * এক্ষনে আমার তরে করহ বিদাই ॥ রোখছত হইয়া আমি সিস্তানেতে জাই * দোছরা উজির কেহ রহিয়া হেথায় ॥ আপন তরফ হৈতে হুকুম চালায় * হামেসা মদত আমি করিব তাহার ॥ আপনি খাতের জমা রবে নামদার * এহা বলে জাল সাহা রোখছত লইয়া ॥ ইরান হইতে আইল সিস্তানে চলিয়া * মহাহাম্মদ খাতের কহে ভাবিয়া রবানা ॥ নছিহত নাহিক মানিবে জেই জনা * আখেরে পাইবে সাজা হবে পেরেসানি ॥ তখন হইবে তার হাজার পস্তানি *

কায়কাউছ বাদসা মাজন্দারানে জাইয়া দেয়ের হাতে কয়েদ হয় *

পয়ার * মিলাদ নামেতে এক আছিল ওজির ॥ কহিল কাউছ সাহা তাহার খাতির* আমার তরফ হৈতে তক্তে দিয়া বার ॥ কিছু দিন হৈয়া থাক ইরানে সরদার * চালাইবে কাজ কাম করিবে এনছাফ ॥ কোনরূপে কেহু জাতে নাহি পায় তাপ * দুসমনি তোমার সাতে জদি কেহু করে ॥ খবর ভেজিবে জাল রোস্তমের তরে * মদদ করিবে তারা পেলে সমাচার ॥ আসিয়া দুসমনে দিবে করেছার খার * এবে আমি সাতে লিয়া লস্কর ছেফাই ॥ মাজন্দারানেতে জাই করিতে লড়াই * এহা বলে মিলাদেরে তক্তে বসাইয়া ॥ ইরান দেশেতে তারে সর্দ্দার করিয়া*আপনি লস্কর লিয়া বাদসা জাহাপানা মাজন্দারানের পানে হলেন রওানা * হাতি ঘোড়া বেশুমার হইল ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ*মঞ্জেল২ রাহা কত দুর গিয়া ॥ কএক মঞ্জেল জবে পওছিল জাইয়া*গেও পাহালওানে সাহা কহিল তখন ॥ তুমি এবে সাতে করে লিয়া লোকজন* আগু বাড়াইয়া ঘোড়া জাহনা চলিয়া ॥ পিছে২ জাই আমি লস্কর লইয়া * বাদসার হুকুম পেয়ে গেও পাহালওান ॥ লস্কর লইয়া মর্দ্দ হৈল আগুয়ান পিছে২ চলে বাদসা লইয়া লস্কর॥ গেও জে আগেতে গেল সোন সে খবর*জখন সহর্দ্দবিচে মাজন্দারানের॥লস্কর সহিত গিয়া হইল হাজের* জুলুম করিল শুরু সেখানে এয়ছাই ॥ খেতি খোলা ঘরবাড়ি জা ছিল জে ঠাই * আগ লাগাইয়া সব দিল জালাইয়া ॥ সেথাকার লোক জত সে হাল দেখিয়া * আখেরে মিলিয়া সবে বান্ধিয়া কমর ॥ মহিম করিতে আইল ময়দান উপর * গেও পাহালওান লিয়া লস্কর ছেফাই ॥ তাহা সবাকার সাতে লাগিল লড়াই * নেজা গোর্জ্জ তির তেগ ইরানি লস্কর ॥ ঘিরে সবে মারিয়া চলিল চারিওর * [তেগ তলে মেরে চলে জারে জেথা পায় ॥ জে আইল না ফিরিল মারা

কায়কাউছেরে ॥ এইরূপে কত দিন খুসিতে গোজারে * এক দিন তক্ত পরে হৈসে নামদার ॥ উজির সবার তরে পোছে সমাচার * কহ দেখি ইরান হইতে কোন ঠাই ॥ আবহাওা ভাল আছে সুনিবারে চাই* হেন কালে এক মর্দ্দ বিদেশী জওান॥শুনে সে বাদসারে কহে করিয়া বয়ান*সোন বাদসা জাহা পানা কহি জনাবেতে ॥ আবহাওা ভাল খুব মাজন্দারানেতে * এক ওক্তে আমি গিয়াছিনু সেইখানে দেখিনু বাহার খুব আপন নয়নে * রঙ্গ২ মেওা কত রঙ্গ২ ফুল ॥ চেহ চেহ করে তাথে কোএল বুল বুল * একথা সুনিয়া বাদসা খোসাল অন্তরে॥ কহিতে লাগিল সব উজিরের তরে* নাহি সাজে মোর তরে বসিয়া থাকায় ॥ মহিম করিতে জাব জে করে খোদায় * কি জানি বসিয়া জদি থাকিলে এয়ছাই শুনিয়া ওঠায় ছের দুসমন সবাই * তবেত মুল্লক জাবে খারাব হইয়া ॥ তাজ তক্ত সাহি মোর লিবে ছেনাইয়া * কুওত দিয়াছে খোদা আমার বদনে ॥ মহিম করিতে আমি ডরাইব কেনে*জোহাক জাম সেদ আর ফেরেদু হইতে ॥ কম নাহি আছি আমি জোর ও কুওতে * পাহালওান হৈয়া কেন নাহক বসিয়া ॥ জওানি কুওত দিব বরবাদ করিয়া* দেল মেরা চাহে এবে গিয়া ঠাই২ ॥ আপনা দখলে আনি করিয়া লড়াই*মাজন্দারানেতে গিয়া মারিয়া তলওার ॥ সিক্যাজারি সে দেশেতে করি আপনার*সুনি য়াছি বড়ই মাকুল সে সহর ॥ এলাহি জা করে জাব লইয়া লস্কর * বাদসার একথা সুনে তামাম ওজির আরজ করিয়া কহে সোন জাহাগির * জমসেদ ও জোহাক আর ফেরেদু নামেতে ॥ আর মনুচেহে রাদি এহারা সবেতে * সিখেছিল নানামতে জাদুগিরি কাম ॥ দেও পরি তাবেদার আছিল তামাম * জোরে জোরওার ছিল তাহারা সবাই ॥ কভুনা করিল তারা খেয়াল এয়ছাই * আপনি জাইতে চাহ মাজন্দারানেতো॥দেও জাদুগির সব আছে সেখানেতে * উচিত না হয় সাহা জাইতে সেখানে ॥ ফতে পাও সেথা গিয়া নাহি লাগে মনে * বাদসা বলে এলাহি দিয়াছে মুঝে জোর ॥ দেও জাদুগিরে কি করিতে পারে মোর * তোমরা আমার তরে নাকর বারন ॥ নেহাত জাইব আমি হইয়াছে মন * গো-স্তাস্প ও গোস্তহাম তুছনামদার॥ গোদর্জ্জ ও আর জত সাহেব সরদার*জুগ্যতা না হৈল তাহা সবার এছাই ॥ রাখিতে বাদসার তরে করিয়া মানাই * আখেরে মিলিয়া সবে মছলত করিয়া ॥ জালকে তলব কৈল লিখন ভেজিয়া * কাছেদ সেতাব গিয়া সিস্তান সহরে ॥ লেখন পয়গাম দিল জালের খাতেরে জাল সাহা লেখনেতে পাইয়া খবর ॥ তখনি চলিল মর্দ্দ ইরান সহর * কায়কাউছ সাহাজাদা লোকের মুখেতে ॥ জাল সাহা আইসে তাহা পাইল সুনিতে * ভাবে মনে কি কারনে বেগর ডাকায় ॥ আসি তেছে ভাল বুরা বোঝা নাই জায় * এহা ভেবে আপনার ছাহেব সর্দ্দারে ॥ হুকুম কেরিল সাহা সবা-কার তরে * সেতাব তোমরা সবে জাহনা চলিয়া ॥ জাল সাহা আইসে আন আগু বাড়াইয়া * বাদসার হুকুম পরে জাইয়া সকলে ॥ মিলিল জালের সাতে খুসি হয়ে দেলে * জালসাহা তাহা সবে কহিল এছাই ॥ চল সবে মিলিয়া বাদসার আগে জাই * নানামতে বুঝাইয়া করিব বারন ॥ মাজন্দারা নেতে জেতে না দিব কখন * তোমরা বাদসার আগে নাহি ডরাইবে ॥ জাইতে সেখানে কেহ রাজিনা হইবে * এহা বলে সবাকারে সাতে করে লিয়া ॥ বাদসার হুজুরে জাল পওঁছিল আসিয়া * ছালাম তছলিম কৈল বাদসার খাতির ॥ আলেক ছালাম দিয়া বাদসা জাহাগির * তাজিম তকরিম করে জা লের কারনে ॥ বসায় কুরছির পরে আপন ছামনে * জালসাহা তারিফ করিয়া নানামতে ॥ বাদসার খা তেরে এহা লাগিল কহিতে * আদল এনছাফে তেরা রাএত তামাম ॥ খুসি আছে হরবাতে পাইয়া আরাম * না হইল বাদসা কেহ তোমার এয়ছাই॥ এলাহি কায়েম রাখে তোমার বাদসাই * বাড়াইলে নাম তুমি ফেরেদু হইতে ॥ নেকনামি হৈল তেরা তামাম দেসেতে * এইরূপে নানামতে জালনামদার বাড়াইয়া কহে কত হুজুরে বাদসার * বাদসা ফের পোছে ইহা জালের খাতেরে ॥ রোস্তম কি হালে আছে কহনা আমারে * জালসাহা কহে সোন বাদসা নামদার ॥ রোস্তম আরামে আছে দোওাতে তোমার* এইরূপে বাত চিজ করিতে২ ॥ মাজন্দারানের বাত আইল সেসেতে * শুনিয়া কহিল সাহা জালের কারন ॥ সে দেতে জাইতে মেরা হইয়াছে মন * করিব মুলুকগিরি হৈয়াছে বাদনা ॥ আপনি এবাতে মুঝে না করিবে মানা * এলাহি দিয়াছে জোর আমার বদনে॥ ম হিম করিতে আমি ডরাইব

কাছেদের হাতে, দিয়া সাহা করিল বিদায় * কাছেদ আসিয়া ফিরে, কায়কোবাদের তরে, ভেট জত পোসাক বাদসার ॥ হাজের করিয়া দিল, দেখিয়া খোসাল হইল, দেলবিচে হাজারে হাজার* খুসি হয়ে তার পরে, জাল আর রোস্তমেরে, নানামতে তারিফ করিয়া ॥ মালমাত্তা হাতি ঘোড়া, দিয়া কত জামা জোড়া, বাড়াইল সবাকে চাহিয়া * এইরূপে জনে জনে নেওাজিয়া খুসি মনে, মান বাড়াইয়া সবাকার. তার পরে দেসে২, মহিম করিতে সেসে, পাঠাইয়া লস্কর সরদার * ফতে করে কত দেসে, সিক্যা জারি করে সেসে, তাবেদার করিয়া সবায় ॥ হৈয়া খোসালিত মন, সাতে লিয়া লোকজন, পারেস দেসেতে বাদসা জায় * সেখানে সরদার জারা, তাবেদার ছিল তারা, এসে তারা হইল হাজির ॥ কোবাদ তা-সবাকারে, বকসিস এনাম করে হৈল তারা খোসাল খাতির * ফের সাহা সেথা হৈতে, লোক জন লিয়া সাতে, খুসি হৈয়া সিস্তানে আসিয়া ॥ সেখানে সবার তরে, বকসেস এনাম করে, গেল ফের জাবলে চলিয়া * এই রূপে দেসে২, ফিরিয়া দেলের খোসে, কৈল কত বকসেস এনাম ॥ সকলে তারিফ করে, কোবাদ বাদসার তরে, এবেসেফেরেদু হৈল নাম*আখেরে ইরানে এসে, সাহি কবে তক্তে বসে, কোন বাতে গম নাহি ছিল ॥ সওসাল তক লিয়া, খুসিতে বাদলাই কিয়া, শেষে জবে জইফ হইল ভাবে সাহা দেল বিচে, কহে বাকি নাহি আছে, হয়ে আইল মওতের চিন ॥ জওানি কুওত জাহা, এবে আর নাহি তাহা, বলেতে হইয়া আইনু খিন * এইরূপে ভেবে গুনে, বিসাদ বুঝিয়া মনে, বেটা চার জনে আপনার ॥ হুজুরেতে বোলাইয়া, কহে সবে বুঝাইয়া নানারূপে বাদসা নামদার * তার পরে এই বাত, কহে সবাকার সাত, সোন বাবা তোমরা সবাই॥ কায়কাউছের তরে, তাজ সাহি দিয়া ছেরে, তক্ত পরে সুপিব বাদসাই * এই তোমা সবাকার, বড় ভাই নামদার, তোমরা সকলে ছোট এর ॥ খুসিতে তোমরা এবে, রহিবে এহার তাবে, কোনবাতে না হেলাবে ছের* নছিহত কৈল জাহা, সকলে মানিয়া তাহা, হামেসা রহিবে খুসি মন ॥ কোন বাতে ভাই২, ফছাদ করিবে নাই, জেন বাবা না হাসে দুসমন বাদসার একথা শুনে, রাজি হয়ে জনে২, রহে সবে আর্বাদিদা হইয়া ॥ হায় বাপ জাবে ছেড়ে, মোদেরে অনাথ করে কেমনে রহিব পাসরিয়া * হইল মনেতে দুখ, এত দিনে গেলে শুখ. না দেখিব তোমার দিদার ॥ আরামে আছিনু ভাল, বিধাতা বৈমুখ হৈল, ওঠাইতে হবে দুখ ভার * এইরূপে জনে২, দুখিত হইয়া মনে, কেন্দে সবে কহিল হুজুরে ॥ বাদসা করিয়া দোওা নানামতে বুঝাইয়া, প্রবোধ করিল সবাকারে * তাবাদে বিমারি হৈল, মওত নিকটে আইল. বেটা সবে কহিল তখন॥ ছফর হইল পুরা, দের নাহি সহে মেরা, একাএক জাইব এখন * নছিহত মেনে সবে, কাম কাজ চালাইবে, না করিবে ঝগড়া লড়াই ॥ দুনিয়া দওলত মাল নহে, কার চিরকাল, মিলে জুলে রবে ভাই২ * তাহার বাদেতে ফিরে, ছরদার সবার তরে, আর ডেকে উজির সবায় ॥ ছামনেতে বোলাইয়া বেটা সবে সুপে দিয়া, বাদসা আপে হলেন বিদায়*ছেড়ে দুনিয়ার আস, গেলেন জেনিজ বাস, দেখে সবে কান্দে জারেজার ॥ সুনে সহরের লোগ, দেলেতে পাইয়া সোগ, কহে হায় বাদসা নামদার * আরকিইরানে এবে, তোমা হেনবাসদাহবে মোরা সবে পাইব আরাম ॥ জত দিন বেচে রব, কদাছিত না ভুলিব, তেরা ছাখাওতি নেক নাম * এই রূপে দুখ মনে, জারি করে জনে২, আখেরেতে বাদসার লাগিল ॥ কাফন দফন কোরে, জার জে আপন ডেরে, গেল সবে বিদায় হইয়া*সাহাজাদাগন সবে ডেরেতে আসিয়া তবে, জারি করে বাপের কারনে দাস বান্দি সকলেতে, বুঝাইয়া নানা মতে, প্রবোধ করিল জনেজনে * অধিন খাতের বলে, ওাদাপুরা হৈয়া গেলে, রহিতে নারিবে কোন জন ॥ মাল মাত্তা রয়ে জাবে, খালিহাতে জেতে হবে, না ছাড়িবে ধরিলে শমন * বুঝে শুজে কর কাম, জাতে হবে পরিনাম, হেথা সেথা দিন দুনিয়াতে ॥ নেকি কৈলে সুখে রবে, বদি কৈলে সাজা হবে ভালা বুরা রহিবে জগতে *

কায়উছ সাহাজাদা তক্তে বসিবার বয়ান ॥

পয়ার * কোবাদ মরিয়া গেলে বাদেতে তাহার ॥ কাউছ তাহার বেটা তক্তে দিয়া ধার *॥ আদল এনছাফ খুব করিতে লাগিল ॥ দেখিয়া তামাম লোগ খোসাল হইল * গরিব কাঙ্গাল আর, রাএত প্রজার ॥ হামেসা ভালাই চাহে বাদসা নামদার * সকলেতে দোওা করে

হৈয়া আইল * কত দিন বাদে মর্দ্দ পঁওছিল সহরে॥ পোসাঙ্গ বাদসার নামদিল কোবাদেরে * হিন্দ কবিকার কহে ঘুচিল বালাই॥ ছোলে কর জাহাপনা ছাড়িয়া লড়াই *

কায়কোবাদ বাদসার সহিত ছোলে হয় *

ত্রিপদী * বেছা পাহালওান এসে, পঁওছিল ইরান দেসে, নামা লিয়া পোসাঙ্গ বাদসার॥ কোবাদ বসিয়া ছিল, পড়ে সে ওাকেফ হৈল, নামার তামাম সমাচার * লিখে ছিল এহা তায়, পোসাঙ্গ কোবাদ সায় সুন বাদসা কহিয়া জানাই॥ তুর জদি ইরুচেরে, মারিল জুলুম করে, মনুচেহের পাইয়া বাদসাই * তুর আর ছোল্লমেরে, মারিয়া সে তেগ জোরে, দাদ লিল আপন নানার॥ একের বদলে দুয়ে মারিল কি খাতা পেয়ে, ভালা বুরা না কৈল বিচার * জাইতে আছিল দর্দ্দ, আফরাসিয়াব মর্দ্দ ছোল্লমের দাদ লইবারে॥ জাইয়া ইরান দেশে, বহুত লড়িয়া সেসে, মেরে ডালে নওদর সাহারে * ঘুচিল দেলের বেথা, নাহি আর কোস কথা,ফেরজাতে ঘটিল বালাই॥আপনি দানাইরাখ,দেলেতে বুঝিয়াদেখ ভেদ বাত খুলিয়া জানাই * দুসি হৈনু জার তরে, সেই ফের দুসি করে, মোর সনে বরাজুরি কৈল॥ সোন তবে তার কথা, জে কারনে দেলে ব্যথা, ছোল্লমের বেটা এক ছিল * তহমস নাম ধরে, আছিল জাজিরা পরে, জওনামে বেটাছিল তার॥ সিস্তানে আসিয়া তারে, বসাইল তক্তপরে লইয়া সে বাদসা নামদার* জালের সহিত মিলে, মোর পরেকিনা দেলে, ইরানেতে আসিয়া জে ফের॥ ছেপাই সর্দ্দার মেরা, ইরানে আছিল জারা, করিল তা সবাকায় জের * কত দিন বাদে তার, পাইনু এ সমাচার, জও সাহা গিয়াছে মরিয়া॥ ইরানের তক্তপরে, বেটা তার সাহি করে খুসি হালে তাজ ছেরেদিয়া * সেই দুখ মনে করে, আফরাসিয়াব ফিরে, গেল সেথা লস্কর লইয়া॥ আপনি সেখানে ছিলে, আমি সে খবর পেলে, রহিতুন খামস হইয়া * নাহি সে খবর জেনে, পাঠাইনু লোক জনে, গিয়া সেথা করিল লড়াই রোস্তমের হাতে ফের, হইয়া আইল জের, মারাগেল বহুত ছেপাই * হইয়াছে জাহবার,চারা কিছুনাই আর, এবে দোহে আপসে মিলিয়া॥ খুসি খোসালিত দেলে, মিলে জুলে করি ছোলে, দেলের কুলফত মেটাইয়া * তুমিত বেগানা নও, আপন এগানা হও, এক জদ্দ বেরাদর ভাই॥ জে রূপে ফেরেদু সাহা, হেস্বা করে দেছে তাহা,গনিমত জানিয়া জে তাই*জার জে মুল্লক লিয়া, রহি আইস খুসি হৈয়া আপসেতে করিয়া কারার॥ ঝগড়া লড়াই এবে, কদাচিত না হইবে, জে করিবে হবে গোনাগার * সোন ভাই কহি এই, জয়হুন দরিয়া জেই, বিচখানে রহিল এখন॥ ইদিগে রহিল মেরা, উদিগে হইল তেরা, দুই দিগে রব দুই জন * নামা বিচে এই ধারা, বয়ান করিয়া ছারা, লিখে ছিল পোসাঙ্গ মর্দ্দানা॥কোবাদ পড়িয়া তাহা, জওাব লিখিল এহা, সোনহ পোসাঙ্গ জাহাপানা* কভু আমা সবাহতে তোমাদের উপরেতে, নাহিক হইল কোন বদি॥ আপনি বুঝিতে পার, বুঝিয়া বিচার কর, দেখ সাহা পহেলা অবদি * তরফ হইতে তেরা জুলুম হইল ছারা, কোন বাতে দোস মোর নাই॥ সেই জুলুমের ওাস্তে, আল্লাতালা পাকজাতে, দিল তুঝে এতেক সাজাই * কওল কারার করে, না থাকে কওল পরে, এৎবার না হয় তেরা বাতে॥ ছাড়িয়া দেলের বদি, কারার করহ জদি, তবে আমি রাজি আছি তাতে * জওাব লিখিয়া এহা, আপনি কোবাদ সাহা, ভেজে দিল পোসাঙ্গ সাহায়॥ রোস্তম না রাজি দেলে, কোবাদ বাদসারে বলে, সোন বাদসা কহি জে তোমায় * তাহার কথায় ভুলে, কভুনা করিবে ছোলে, খুব জানি পোসাঙ্গ বাদসারে॥ দাও সে পাইলে ফের, তোমাকে করিবে জের, নাছাড়িবে লড়িবে আখেরে * ছোলে নাহি কর তুমি, তেগ জোরে তারে আমি, থাক খুনে দিব মেলাইয়া॥ রোস্তমের মুখে এহা শুনিয়া কোবাদ সাহা, জালআর মেহেরাবে ডাকিয়া*কহিল তা দোহাকারে "তোমরা এ বাত পরে, কহ দেখি মছলত কি হয়॥ সুনে তারা দুই জন হইয়া খোসাল মন, কহিলেন কোবাদ বাদসায় * সোন বাদসা কহি মোরা, ভাল হয় ছোলে করা না করিয়া ঝগড়া লড়াই॥ জার জে সহর লিয়া রহনা খোসাল হইয়া, এর সেওা খুবি কিছু নাই * কোবাদ একথা সুনে খোসাল হইয়া মনে, ছোলেনামা লিখিয়া তখন॥ পোসাঙ্গ বাদসার তরে ভেজিল সেতাবকরে, কাছেদ সে লইয়া লিখন * পোসাঙ্গ বাদসায় দিল, পড়িয়া সেখুসি হইল, দোওা দিয়া কোবাদ বাদসায়॥ ভেট ঘাটনানামতে, সেই

খেচিয়া মারিল গোর্জ্জ রোস্তম উপরে*রোস্তমসে গোর্জ্জতার ঢালে ওড়াইল॥ এইরূপে গোজ্জ বাজি ক রিতে লাগিল*বহুত লড়িয়াগোজ্জ রাখিয়াসেশেতে৷লড়িতে লাগিলফের তেগলিয়া হাতে*তারপরে তেগছেড়ে আফরসিয়াব॥রোস্তমেরকমরেতে ধরিলসেতাব*বহুতকরিলজোরনাহিকপারিয়া॥আখেরে লাচার হৈয়া দিলেক ছাড়িয়া * তার পরে রোস্তম করিয়া আখি লাল॥ কুদিয়া ধরিল তার কমরের দেওাল * জোরেতে ধরিয়া মর্দ্দ দিয়া এক টান॥ ওঠাইল শুন্য ভরে সোলার সমান * জের পরে ঘুমা ইয়া ভাবে মনে২॥নাহিক মারিব এরে এহার কারনে*জিউতা ধরিয়া লিয়া জাইব লস্কর॥ হাজের করিয়া দিব বাদসার হুজুরে* হুকুম করিলে পরেবাদসা নামদার॥ মারিয়া ডালিব তবে গর্দ্দান এহার * এহা বলে আফরাসিয়াবে ধরে লিয়া॥ কোবাদের আগে চলে খোসাল হইয়া * হেন কালে কমরের দে-ওাল তাহার॥ হাত হতে ছুটে গেল হইল লাচার* আফরাসিয়াব তবে খালাছ পাইয়া॥ আপন লস্কর বিচে ভাগিল কুদিয়া* তার পরে আপনার লস্কর লিয়া সাতে॥ একুবারে রোস্তমে ঘেরিল ময়দানেতে চারিদিগ হৈতে জদি ঘেরিয়া আইল॥ রোস্তম বিপাক দেখে ঘোড়া ওঠাইল * দাতেতে লাগাম ধরে দুই হাতে তেগ॥ হাজারে হাজার কাটে না করে দেরেগ * ডান বায় সমুখেতে জারে জেথা পায়॥ মুণ্ড মালা দিয়া সবে কাটীয়া গেরায় * দেখিয়া কোবাদ সাহা কমকে তাহার॥ সেতাব ভেজিয়া দিল তামাম সর্দ্দার * দিগে২ লড়ে সবে হয়ে মস্তহাল॥ জামা জোড়া লহুতে হইয়া গেল লাল * ময়দান বহিয়া চলে লহুর তুফান॥ ধড় ছের ভাসে কত সোলার সমান * মারা গেল কত লোক ময়দান মাঝার হেছাব নাহিক আছে জাহার সুমার* তুরানি লস্কর সেসে বিপাক দেখিয়া॥ চারিদিগে ভাগে সবেজান বাচাইয়া*আফরাসিয়াব দেখে চারি তরফেতে॥লস্কর ভাগিয়া জায় না পারে লড়িতে* আখেরে বিপাক দেখে ময়দান থাকিয়া॥ ঘোড়া ওঠাইয়া ভাগে জান বাচাইয়া * পিছে২ খেদাড়িয়া ইরানি ছরদার কত দুর তকগেল বলে মার২* আফরাসিয়াব জবে লস্কর লইয়া॥ পার হয়ে গেল চলে জয়হুন দরিয়া * তখন রোস্তম আর তামাম সর্দ্দার॥ফিরিয়াআইলপিছা ছেড়ে তা সবার*কায়কোবাদের আগেপৌছিল আসিয়া॥ কোবাদ রোস্তমে দেখে তারিফ করিয়া*জামা জোড়া নানামতে দিলেন এনাম॥ রোস্তমএনাম লিয়া করিল ছালাম*আর জত ছর্দ্দারতা সবার কারনে॥ এনাম খেলাত সাহা দিল জনে২ * তার পরে রোস্তম আসিয়া খোসালেতে॥ ছালাম তছলিম কৈল বাপের পায়েতে * জালসাহা ছাতি লাগাইয়া রোস্তমেরে॥বুছা লাগাইল তার দস্তবাজুপরে*মহিম হইল ফতে খোসাল অন্তর॥খোদারদরগায় ভেজে হাজার সোকর * তার পরে সারাব কাবাব মাঙ্গাইয়া॥ খুসিহয়ে খায় সবে জসন করিয়া * লস্কর ছর্দ্দার সব রহে খোসালিতে॥ ফতেনামা সাসিয়ানা লাগিল বাজিতে * এইরূপে খুসি করে ইরানি সবাই॥ দুসমন হইল জের ঘুচিল বালাই * আফরাসিয়াব হেথা লস্কর লইয়া॥ পোসাঙ্গ সাহার আগে পওছিল জাইয়া * পোসাঙ্গ বেহাল দেখে বেটার খাতের॥পুছিলকি সমাচার করনা জাহের* আফরাসিয়াবতবে বাপের লাগিয়া॥ মহিমের হকিকত কহে বুঝাইয়া* সোনবাপ কয়ে ছিনু পহেলা তোমারে॥ লড়িতে নারিব এই ইরান সহরে * কায়কোবাদ বসিয়াছে ইরানের তক্তে॥ বহুত হুসিয়ার মর্দ্দ মহিম করিতে তামাম ছরদার আছে হুকুমে তাহার॥ তার সাতে মহিম করিতে পারা ভার * আর এক পাহালওান জালের ফরজন্দ॥ কি কহিব তার মহিমের পরিবন্দ * রোস্তম তাহার নাম নবিন জওান॥ আগ পানি নাহি মানে এছা পাহালওান * মহিমে তাহার সাতে ফতে পাওা ভার॥ তার হাতে জের হৈল লস্কর আমার * জোরের বয়ান তার কিকব ছামনে॥ সুন্য ভরে ধরে সেহ আমার কারনে * কায়কোবাদের আগে লিয়া জেতে ছিল॥ কমরের দেওাল মেরা এ ওক্তে টুটীল * হায়াত আছিল বাকি এহার লা-গিয়া॥ বেচেতার হাত হৈতে আইনু ভাগিয়া*নছিবে জাছিল মোর গোজারিয়া গেল॥ নাহক ইরানে গিয়া বদনাম হইল * আর এবে জত দিন বাচিয়া থাকিব॥ ইরানে লড়িতে কভুনাহিক জাইব * শুন বাপ এবে আরনাকরে লড়াই॥ তার সাতে কোন রুপে ছোলে করা চাই * আফরাসিয়াব জদি একথা কহিল॥ সুনিয়া পোসাঙ্গ সাহা ভাবিতে লাগিল * ভাবিয়া গুনিয়া সেসে মতলব করিয়া॥ ছোলের খাতের এক পয়গাম লেখিয়া * বেছা নামে পাহালওানে পাঠাইয়া দিল॥ পায়গাম লইয়া সে রওানা

এইরূপে দুইজন মুহুতে লড়িয়া॥ হাতিয়ার জা ছিল সব তামাম হইল * আখেরেতে সামাছাছে কাবুতে পাইয়া॥ মারিল কারান মর্দ্দ তলওার খেচিয়া * এয়ছাই জোরেতে তারে তেগ মেরে ছিল॥ দুখান হইয়া সেই জমিনে গিরিল * আফরাসিয়াব দেখে হায়২ করে॥ কহে এছা পাহালওান নাহিক লস্করে পহেলা মহিমে মৈল নামি আছওার॥ মহিম করিতে এবে কে জাইবে আর * এহা বলে ভেজে দিল দোছরা জওানে॥ ঘোড়া হেকে লড়িতে সে আইল ময়দানে* দেলে তার গোস্বা হৈয়া কারান সর্দ্দার খেচিয়া মারিল গোর্জ্জ কোম্মরে তাহার*মরিল সে পাহালওান জমিনে গিরিয়া॥ দোছরাজওান ফের আইল কুদিয়া*সেহবি পড়িল মারা কারানের ঠাই॥ এইরূপে মারা গেল কয়েক সেফাই * দিন গোজ রিয়া গেল হৈল নিমাসাম॥ জার জে ফিরিয়া গেল লস্কর তামাম* কারান সর্দ্দার ফিরে আসিয়ালস্করে ছালাম করিল মর্দ্দ কোবাদের তরে * কোবাদ কারানে খুব তারিফ করিয়া॥ এনাম খেলাত কত দিল নেওাজিয়া * খুসিতে রহিল সবে খেয়ে খানা পানি॥ ভরসা হইল দেলে গেল পেরেসানি* রাত গুজ রিয়া গেল হইল ফজর॥ ময়দানে আইল ফের দুদলে লস্কর* রোস্তম আরজ করে বাপের হুজুরে॥ আমাকে ভেজহ আজ মহিম খাতেরে * আফরাসিয়াব দেখি রাখে কত জোর॥ লড়িব তাহার সাতে বা ন্ধিয়া কোমর * এলাহি দিয়াছে জোর আমার বাজুতে॥ নাহিক ডরাই আমি মহিম করিতে * আপনি করহ দোওা সোন নামদার॥ তোমার দোওায় ফতে হইবে আমার * জাল সাহা সুনে কহে রোস্তমে এছাই॥ মহিমে ভেজিতে তুঝে দেলেতে ডরাই * আফরাসিয়াব গিধি বড়ই গাওার॥ নানা ফন্দে দাগা দিয়া লড়ে দাগাদার* জার আগে আইসে পাপি জেন সের নর॥ হয়বতে সে পড়ে জায় দেলে পেয়ে ডর * এ কারনে মহিম করিতে তার সনে॥ ভেজিতে তোমার তরে জিউ নাহি মানে*রোস্তম কহিল আমি নাহি করি ডর॥ জোরে ধরে এনে দিতে পারি সের নর * জাল সাহা এহা সুনে রোস্তমেরে কয় জাহ বাবা কোন বাতে না করিবে ভয় * পিঠ পরে পোস্ত পানা আছি তেরা আমি॥ লড়িবে মর্দ্দমি হালে না করিবে কমি * জাহ তুঝে খোদাকে সুপিনু আমানত॥ আল্লা তুঝে ফেরায়ে আনিবে ছালা মত* রোস্তম এ কথা সুনে ছালাম করিয়া॥ বাপের নিকট হতে বিদায় লইয়া*কোবাদ বাদসার আগে হইয়া হাজির॥ কাহল জাইব আমি মহিম খাতির * কোবাদ কহিল তুঝে শুপিনু খোদায়॥ জাহ মর্দ্দমির হালে না করিবে ভয় * রোস্তম ছালাম করে বাদসার পায়েতে॥ কুদিয়া ছওার হৈল ঘোড়ার পরে* * জোরেতে মারিয়া কোড়া ময়দানে জাইয়া॥ আফরাসিয়াবে এহা কহিল হাকিয়া * মরিবার সাদ জদি থাকে দেল বিচে॥ আসিয়া গর্দ্দান রাখ মেরা তেগ বিচে * আপনি বসিয়া থেকে সর্দ্দারে পাঠাও॥ নাহক তা সবাকার গর্দ্দান কাটাও * মর্দ্দমি থাকেত আইস করিতে লড়াই॥ ঘড়ি একেজানা জাবে জতেক বড়াই * আফরাসিয়াব এহা শুনিল জখন॥ গোস্বাতে জ্বলিয়া উঠে বারুদ জেমন * সে তাবি কোমর বেন্ধে সওার হইয়া॥ ঢাল গোর্জ্জ তির তেগ নেজা ফসা লিয়া * ময়দান উপরে জেথা রোস্তম আছিল॥ কুদিয়া সেখানে মর্দ্দ আসিয়া পওছিল * মকাবেলা হয়ে কহে রোস্তমের তরে॥ কহ মর্দ্দ কেবা তুমি আমার হুজুরে * লাড়কাই উম্মর তুঝে দেখিবারে পাই॥ তেরা সাতে বরাবর করিলে লড়াই*হাসিবে তামাম লোক এইবাত পরে॥ সরম হইবে বড় লোকের হুজুরে * নাহক হারাবেজান কিসের লাগিয়া॥ মরিবে মা বাপ তেরা সোগেতে কান্দিয়া * মরিবার ডর জদি না থাকে তোমার পাঞ্জা কসি করে জোর দেখাও আমায়* রোস্তম এ কথা শুনে হয়ে গোস্বা মন॥ কহিল না চেন গিধি আমার কারন * বাপ মেরা জাল সাহা দাদা মেরা সাম॥ পাহালওান রোস্তম বলিয়া মেরা নাম * মহিম করিতে আমি নাহিক ডরাই॥ না কর আমার আগে জোরের বড়াই * এহা বলে পাঞ্জা তার রোস্তম ধরিল॥ আফরাসিয়াব জোরে খেচিতে লাগিল * ছাড়াইতে নাহি পারে জত করে জোর॥ দাও নাহি পায় কিছু হইল কাতর* আখেরে রোস্তম তার হাত ছেড়ে দিয়া॥ লড়িতে তৈয়ার হৈল গোর্জ্জ হাতে লিয়া * খেচিয়া মারিল গোর্জ্জ তাহারে সেতাব॥ ঢালেতে করিল রদ আফরাসিয়াব * এয়ছাই জোরেতে গোর্জ্জ মেরেছিল তারে॥ আগুন উঠিয়া গেল ঢালের উপরে * আফরাসিয়াব তার গোর্জ্জের চোটেতে॥ পছিনা ছুটিল গায়ে লাগিল কাপিতে * তার পরে আফরাসিয়াব গোস্বা ভরে॥

সপন * এক বাজ বাপ মেরা জাল নামদার ॥ সের নর ভাগে ডরে থাকেতে জাহার* দোসরা জানিবে
সাহা গোলামের তরে ॥ জাহানে মসহুর আছে কি কব হুজুরে * চল এবে ইরানেতে শুন জাহাগির
বাদসাই সুঁপিয়া দিব তোমার খাতির * এহা বলে দুই জনে মিলে এক সাতে ॥ সারাব কাবাব খেয়ে
দেল খোসালেতে * উঠিয়া সেখান হতে হইয়া সওার ॥ ইরান তরফে চলে হয়ে রাহাদার * কএক
মঞ্জেল গেল তাহার বাদেতে ॥ আফত ঘটীল এক রাহার পরেতে * গোস্তাস্ফ বাদসার এক সাহেব
সর্দ্দার ॥ সাতে করে লিয়া সে লস্কর আপনার * ইরান দেশের সেহ রাহা আগলিয়া নেঘাবানি করে
মর্দ্দ সেখানে থাকিয়া * ফালুন তাহার নাম বড়া জোর ধরে ॥ নাহি জানে চেনে সেহ রোস্তমের তরে
রোস্তম নাহিক জানে তাহার কারনে ॥ একারনে ফছাদ বাড়িল সেই খানে * রোস্তম পঔছিল জবে
নিকটে তাহার ॥ দেখে সে লড়িতে এল হইয়া তৈয়ার*লস্কর সহিত এসে রোস্তমে ঘিরিয়া ॥ পহেলা
সে এক তির কামানে জুড়িয়া * দুর হতে খেচে তির রোস্তমউপরে॥রোস্তমতাহারতির ধরে বাওভরে
খেচিয়া মারিল তার ছিনা তাকাইয়া ॥ জমিনে গিরিল মর্দ্দ ঘাএল হইয়া * জহর আলুদা সেহতির সে
আছিল ॥ জলনের চোটে তার জান নেকলিল * সর্দ্দার মরিল দেখে লস্কর সবায়॥ লড়িতে না আইসে
কেহ পালাইয়া জায় * মহিমে পাইয়া ফতে হয়ে খুসি মন ॥ সেথা হৈতে রওানা হইয়া দুই জন *
দিনেতে পুসিদা থাকে না হয় বাহির ॥ রাত কালে চলে দোহে খোসাল খাতির * এইরূপে কত দিন
রাহেতে চলিয়া ॥ জালের সামনে দোহে পঔছিল আসিয়া * জাল সাহা দেখে কায়কোবাদে তখন
তাজিম তকরিম কৈল হৈয়া খুসি মন * তাহা বাদে এক হপ্তা পুসিদা রাখিয়া ॥ মছলত করিয়া ঠিক
সকলে মিলিয়া * আখেরেতে তাজ সাহি দিয়া তার ছেরে ॥ খুসি হয়ে বসাইল তক্তের উপরে* তাবে
দার হল সবলস্কর ছেফাই॥ফিরিল ইরান দেশে তাহার দোহাই* হইল কোবাদসাহা বাদসা জাহাগির
রহিল সর্দ্দার সব হইয়া হাজির * আফরাসিয়াব হোথা পায় সুনিবারে ॥ কায়কোবাদ বসিয়াছে তা
ক্তের উপরে * তাহা বাদে কত রোজ গুজারিয়া গেলে ॥ জাল সাহা কোবাদ বাদসারে এহা বলে *
সুন বাদসা নামদার কহিয়া জানাই ॥ আফরাসিয়াব আইল করিতে লড়াই * কত দিন হৈল এসে ল-
ইয়া লস্কর ॥ ডেরা তাম্ব করে আছে ময়দান উপর * চল এবে জাই লিয়া লস্কর সেফাই * ময়দানে তা
হার সাতে করিব লড়াই * সুনিয়া হইল রাজি কোবাদ মর্দ্দানা ॥ হুকুম করিয়া দিল করিতে সামানা
বাদসার হুকুমে বাজা বাজে ঠাই২ ॥ সুনিয়া মালুম কৈল তামাম সেপাই * তৈয়ার হইল সবে কমর
বান্ধিয়া ॥ ঢাল গোর্জ্জ তির তেগ ফলা নেজা লিয়া * জাল ও রোস্তম আর তামাম সরদার ॥ কমর
বান্দিয়া সবে হইল তৈয়ার * চলিল কোবাদ সাহা বান্দিয়া কোমর ॥ আগে পিছে চলে তার তামাম
লস্কর * ময়দান উপরে সবে দাড়াইল গিয়া ॥ আফরাসিয়াব তাহা দেখিতে পাইয়া * আপন লস্কর
লিয়া ময়দানে আইল ॥ দুই দলে মকাবেলা বরাবর হইল * ঘোড়া হাতি উট গাধা করে সোবসাব ॥ ধু
লাতে হইয়া গেল ময়দান অন্ধার * কারান সরদার তবে পহেলা আসিয়া ॥ কোবাদ বাদসারে বলে
ছালাম করিয়া * মহিমে আমার তরে ভেজ নামদার ॥ একেলা জাইয়া আমি মারি তলওার * আফরা
সিয়াব দেখি কত জোর ধরে ॥ মহিম কাহার নাম সেখাইব তারে * আপনি তামাসা দেখ সুন নাম
দার ॥ কিরূপে মাহিম করি ময়দান মাঝার * কোবাদ একথা শুনে খুসি হয়ে মনে ॥ কারান সর্দ্দারে
বলে জাইতে ময়দানে * বাদসার হুকুম পেয়ে কারান সরদার ॥ ছালাম করিয়া চলে হইয়া ছওার *
জাইয়া ময়দান পরে কহিল হাকিয়া ॥ কোথারে তুরানি লোক আইস নেকালিয়া* সামছাছ নামে ছিল
তুরানি সরদার ॥ সুনে সে ময়দানে আইল বলে মার২ * মকাবেলা হয়ে দোহে ভরিয়া গোস্বাতে ॥ ম
হিম করিল শুরু তেগ লিয়া হাতে*পহেলাতে সামছাছ করিলওার॥ঢালে ওড়াইয়াদিল, কারানসর্দ্দার
তাহা বাদে তেগ লিয়া খেচিয়া জোরেতে ॥মারিল কারান মর্দ্দ তাহার পরেতে*দেখিয়া সে ঢালধরে
সেতাব করিয়া ॥ রদ হয়ে গেল তেগ ঢালেতে লাগিয়া * এই রুপে তেগ বাজি করে দুই জন ॥ হইল
দোহার তেগ করাত জেমন * তেগ রেখে দুই জনে গোর্জ্জ লিয়া হাতে ॥ মস্তহালে গোস্বা দেলে
লাগিল লড়িতে * কেহ কারে নাহি পারে সমানে সমান ॥ টুটীল দোহার গোর্জ্জ হৈয়া খান খান *

নাহি আছে করিতে বাদসাই * তোমার খবর শুনে তামাম সরদার ॥ রাহা তাকাইয়া আছে দেখিতে দিদার * চল এবে মোর সাতে ইরান সহরে ॥ বাদসাই সুপিয়া দিবে তোমার খাতেরে * জাল সাহা রোস্তমেরে কহিয়া এয়ছাই ॥ জাইতে পাহাড় পরে হইল বিদাই * রোস্তম বাপের পায় ছালাম করিয়া রকস নামে ঘোড়া পরে ছওয়ার হইয়া * কোবাদে আনিতে চলে হয়ে রাহাদার ॥ হিন কবিকার কহে ভরসা খোদার *

রোস্তমের সাতে কায়কোবাদের মোলাকাত ও কায়কোবাদ ইরানে
আসিয়া লড়াই ফতে করিবার বয়ান *

পয়ার * কত দিন রাহা বিচে রোস্তম চলিয়া ॥ পাহাড়ের নিকটেতে পওছিল জাইয়া * হোথায় কোবাদ মর্দ্দ পাহাড় হইতে ॥ খাব দেখে বসিয়াছে আসিয়া নিচেতে * হেন কালে রোস্তম পওছিল সেথা গিয়া ॥ কোবাদ হয়রান হৈল রোস্তমে দেখিয়া * দেলে ভাবে কোথা হৈতে আইল জওয়ান ॥ জেছা ঘোড়া তেছা জোড়া দেখি বড়া সান*ঢাল পিঠে গোর্জ্জ হাতে বান্দিয়া কমর॥নবিন জওয়ান মর্দ্দ খোড়াই উন্দার*কিকামে কোথায় জাবে না পারি বুঝিতে॥ডাকিয়ে ওহাকে এবে হইল পুছিতে* এহা বলে কায়কোবাদ রোস্তমে ডাকিয়া ॥কহেন কোথায় জাবে কিসের লাগিয়া*ঘড়ি এক বসে জাও সুনহ জওয়ান ॥ কাহে এত ধুপে জাবে হয়ে পেরেসান * সারাব কাবাব ধরা আছে এখানেতে ॥ খেয়ে পিয়ে তাজা হৈয়া দেল খোসালেতে* ঘোড়াকে বান্ধিয়া থোড়া গাছের ছাওয়ায়॥ আপনি আরাম থোড়া করিয়া হেথায় * তাহা বাদে জাহ ভাই জেখানে দরকার॥তাহাতে মানাহি কিছু নাহিক আমার*রোস্তম রহম দেল তাহাকে দেখিয়া ॥ ঘোড়া হেকে ছামনেতে পওছিল জাইয়া * ছালাম আলেক দিয়া নেবে ঘোড়া হতে॥ বসিল তাহার কাছে দেল খোসালেতে*কোবাদ কহিল ফের রোস্তমে এছাই॥কি কামে কোথায় জাবেকহ সুনি ভাই*সারাব কাবাব ধরা আছেত ছামনে॥তানাওল কর থোড়া জিউ জদি মানে রোস্তম কহিল আমি কিছু নাহি খাব ॥ পাহাড়ে গরজ আছে সেতাব জাইব * কোবাদ কহিল ভাই পাহাড়ে জাইয়া ॥ এছাই কি কাম তেরা কহ বুঝাইয়া* রোস্তম কহিল তরে সোন সে খবর॥ কায়কোবাদ আছে এই পাহাড় উপর*জাইব তাহার পাসে করিতে দিদার॥ কহ দেখি কোন খানে দেখা পাব তার কোবাদ কহিল তবে সোন মেহেরবান ॥ কহিব তোমাকে আমি তাহার সন্ধান * আরাম করহ থোড়া খেয়ে খানা পানি ॥ কহিব তাহার ভেদ জাহা আমি জানি * এহা বোলে সারাব কাবাব থোড়া লিয়া ॥ রোস্তমেরে খেলাইল খোসাল হইয়া * তার পরে রোস্তমেরে পুছিল এছাই ॥ কোবাদের নাম সুনিয়াছ কার ঠাই*আর সে কোবাদ আছে পাহাড় উপর॥কেবা তুঝে বাতাইল কহ সে খবর* রোস্তম কহিল তবে শুন মেহেরবান ॥ জাল সাহা বাপ মেরা নামি পাহালওান * আমারে কহিল তিনি এয়ছাই খবর কোবাদের দেখা পাবে পাহাড উপর * আলবুরুজ পাহাড়ে সে মকাম করিয়া ॥ কছু দিন তক সেথা আছে ছাপাইয়া*এহা সুনে আইলাম তাল্লাসে তাহার॥ কহ ভাই কোথা পাব তাহার দিদার*কোবাদ কহিল তুমি কি করিবে তারে॥তাহার বেওরা খুলে কহত আমারে* সুনিলে জাইবে সন্ধ দিব বাতাইয়া মিলিবে তাহারসাতেখোসাল হইয়া*শুনিয়া রোস্তমতবেতাহার খাতির॥ ইরানের হালসবকরিলজাহির জখন শুনিল মর্দ্দ এয়ছাই মাজেরা॥ রোস্তমের তরে কহে খুলিয়া বেওরা*সোনহ রোস্তম মর্দ্দ কহি জে তোমারে ॥ কোবাদ আমার নাম থাকি এ পাহাড়ে*আর আপনার বাপ দাদার জেনাম॥একে২ শুনাইয়া দিলেন তামাম * শুনিয়া রোস্তম মর্দ্দ সেতাবি উঠীয়া॥ আদাব তছলিম কৈল ছের নোওাইয়া * তার পরে কোবাদেরে কহিল এয়ছাই ॥ ইরানে মওজুদ সাহা তোমার বাদসাই * চলহ আমার সাতে সোম নামদার ॥ সকলেতে আছে তেরা হয়ে মন্তেজার* কোবাদ সুনিয়া রাজি হইয়া তখন॥রোস্তমের তরে কহে সোন বিবরন * আজ আমি পাহাড়েতে আছিনু শুইয়া ॥ সপন দেখিয়া এয়ছা উঠিনু জাগিয়া * সাদা দুইবাজ এসে বাজু ধরে মোর ॥ বসাইল ইরানের তক্তের উপর * আমি সেই খাব দেখে বেহানে উঠিয়া ॥ নিচে এসে বসে আছি পাহাড় ছাড়িয়া * আল্লার মেহেরে তুমি আসিয়া পওছিলে ॥ আমি তুজে দেখে বড় খুসি হৈনু দেলে * রোস্তম সুনিয়া তারে কহিল তখন॥ দুই বাজ আপনি জা দেখিলে

হাত মেরে লাগিল দেখিতে * যাদি ঘোড়া ছিল এক তাহার মাঝার ॥ দুই চক্ষু লাল রং আছিল তা হার * হাতি এয়ছা উচা এক বাচ্ছা তার ছিল ॥ রোস্তম সে ঘোড়া দেখে খোসাল হইল * কামান্দ লইয়া তারে ধরিবারে জায়॥নেঘাবান লোক সবে মানা করে তায়*কামান্দ না ডাল বাবা ওহার উপরে মাদওান এখনি দেখে দুক্ষ দিবে তোরে*কাহে মাদওানের মুখে হবে পেরেসান॥নাজাও ওহার কাছে স্তুন বাবা জান * রোস্তম না শুনে তাহা কামান্দ ডালিয়া ॥ ঘোড়ার গলাতে ফাসি দিল লাগাইয়া * বাচ্ছাকে ধরিতে দেখে মাদওান তখন ॥ কুদিল রোস্তম পানে হয়ে গোস্বা মন * রোস্তম সে মাদওা নেরে দেখিতে পাইয়া ॥ এছাই জোরেতে মর্দ্দ উঠীল হাকিয়া * জঙ্গল পাহাড় তক পওছিল আওাজ আছমান থাকিয়া জেন গিরে গেল বাজ*জে কেহ শুনিল হাক দেলে পেয়ে ডর॥হয়রতে রহিয়া গেল কাপে থর২ * ডরেতে সে মাদি ঘোড়া আগে না বাড়িয়া ॥ সেথা হৈতে পালাইল জান বাচাইয়া * তখন খেচিয়া রসি বাচ্ছার কারন ॥ ধরিল রোস্তম মর্দ্দ হয়ে খুসি মন * বড় তেজদার বাচ্ছা দেখিতে বাহার ॥ রখস বলে নাম জে আছিল ঘোড়ার * রোস্তমের হাতে বন্ধ হইয়া সে ঘোড়া ॥ কুদিতে লাগিল জোরে নাহি হয় খাড়া * রোস্তম দেখিয়া রসি ধরে টান দিয়া॥নাচার হইল ঘোড়া কাবুতে প ড়িয়া * রোস্তম তখন জিন পিঠে বেন্ধে তার ॥ গোর্জ্জ হাতে লিয়া কুদে হইল সওার * জাল সাহা রোস্তমের হেম্মত দেখিয়া ॥ বহুত তারিফ করে খোসাল হইয়া * সেফাই সর্দ্দার সাতে লিয়া সবাকায় রোস্তমের তরে দিল করিয়া বিদায়*রোস্তম লস্কর লিয়া চলিল ইরানে॥জাল সাহা ফিরে আইল আপন মকানে * রোস্তম হইয়া খুসি লস্কর লইয়া ॥ কত দিনে ইরানেতে পওছিল জাইয়া * জাল ফের এখানেতে বেটার খাতির ॥ দেল বিচে ভেবে গুনে হইয়া অস্থির * কহে এবে রোস্তমের আক্কেল থো ড়াই ॥ কি জানি কেমন রূপে করিবে লড়াই * এখন জাইতে মুঝে হইল ইরানে ॥ রোস্তম বিহনে ঘরে জিউ নাহি মানে * এহা ভেবে দুই দিন বাদেতে তাহার॥পওছিল ইরানে গিয়া জাল নামদার* ইরানি সকলে এহা খবর সুনিয়া ॥ জাল রোস্তমের আনে আগু বাড়াইয়া * মিলিয়া গোস্তাম্প সাহা জালের সহিতে ॥ তাজিম করিয়া আনে সহর বিচেতে*আফরাসিয়াব শুনে খবর এয়ছাই॥সবাকারে কহে গিধি করিয়া বড়াই * লাড়কাই উম্মর এবে রোস্তম জওান ॥ ওঠাইব তারে জেছা ঘাসের সমান * জাল সে হইল বুড়া নাহিক ডরাই ॥ নারিবে সে মোর সাতে করিতে লড়াই * আন্দেসা না কর সবে মহিম ক রিতে ॥ তেগ জোরে ইরান করিয়া লিব ফতে * আফরাসিয়াব জদি কহিল এছাই॥ হেষ্কত পাইল তার তামাম সেফাই * ইরানি সর্দ্দার হেথা ভাবে সকলেতে ॥ বুঝি এবে মহিমেতে নাহি পাই ফতে * এই রূপে ভাবা গোনা করেন সবাই॥কহে এবে জানা জাবে হইলে লড়াই * এলাহি হইবে রাজি জাহার উ পরে ॥ মহিমে তাহার ফতে কি করিবে জোরে * এইরূপে রহে সবে ভাবিয়া গুনিয়া ॥ জালসাহ ভাবে দেলে বাদসার লাগিয়া * কহে ইরানের তক্তে বাদসা কেহ নাই॥ মুস্কিল পড়িলে দিব কাহার দোহাই জঙ্গা মর্দ্দ বাদসা একচাহি এখানেতে ॥ গোস্তাম্প জে বসিয়াছে তক্তের পরেতে * লাড়কাই উম্মর শিসু নাহিক দানাই॥ ওহার লায়েক নহে এখানে বাদসাই* খুব জঙ্গা মর্দ্দ বাদসা হৈলে হেথাকার॥দুস মন রহিবে জের ডরেতে তাহার * কি হইবে এছা বাদসা পাইব কোথায় ॥ জার ডরে জের থাকে দুস মন সবায় * এহা ভেবে জাল সাহা দিল ফরমাইয়া চারিদিগে দেখ সবে তল্লাস করিয়া*ফেরেদুর নছ বেতে কে আছে কোথায় ॥ জঙ্গা মর্দ্দ পাহালওান খুব জোর পায়*লেতাবি খবর তার কহিবে আমারে মাঙ্গাইয়া বাদসাই সুপিব আমি তারে * জালের হুকুমে সবে দিগে২ গিয়া ॥ জেখানে সেখানে ফেরে তল্লাস করিয়া * এক মর্দ্দ কহে এসে জালের কারন॥ ফেবেদুর নছলেতে আছে একজন*কায়কোবাদ নাম তার বড় জোর ধরে ॥ ছাপায়ে রয়েছে মর্দ্দ আল্লবর্জ পাহাড়ে * এছাই খবর জদি পাইলু সাহা জাল ॥ হইয়া দেলের বিচে হাজার খোসাল * কহিতে লাগিল তবে রোস্তমের তরে ॥সে তাব জাহ না বাবা পাহাড় উপরে * কায় কোবাদ নামে মর্দ্দ বড় পাহালওান ॥ আছে সে পাহাড় পরে ছাপায়ে নি দান* আমার ছালাম দিয়া তাহার কারন ॥ সোনাইবে ইরামের জত বিবরন * কহিবে ইরান দেশে চল জাহাগির ॥ তাজ তক্ত ধরা আছে তোমার খাতির * মওজুদ হইয়া আছে লস্কর সেফাই ॥ কেহ এছা

বাচিল তামাম দেস জুলুম থাকিয়া ॥ আমনে বেড়ায় সবে খোসাল হইয়া * জাল আর নামি২ জতেক সরদার ॥ পোস্ত পানা হইয়া রহিল সবে তার * জও সাহা তক্তে বৈসে ইরান দেসের ॥ পচাসি বচ্ছর সাহি করিয়া আখের * দুনিয়ার মায়া ছেড়ে হুকুমে খোদার ॥ নিজবাসে জাইয়া রহিল আপনার * নেকই করিয়া ছিল তাহার খাতের ॥ নেকনামি দুনিয়াতে রহিল জাহের * মহাম্মদ খাতের কহে আল্লা করি সার ॥ হামেসা এ দুনিয়া কাএম নহে কার * নেককার হয় কিবা বদকার হয় ॥ আখেরে মওত আছে এড়াবার নয় * জেয়ছা কাম তেছা নাম জাইবে রহিয়া ॥ বদির লানত হবে নেকে পাবে দোওা *

জও বাদসার বেটা গোস্তাস্প নামে ইরানের তক্তে বাদসা হইলে পুনর্ব্বার আফরাসিয়াব মহিম করিতে ইরানে আইসে তাহার বয়ান *

পয়ার * জও সাহা মোরে গেলে বাদেতে তাহার ॥ পেরেসান হৈল জত লস্কর সর্দ্দার * গোস্তাস্প নামে এক বেটা তার ছিল ॥ মিলে সবে তার তরে তক্তে বসাইল * গোস্তাস্প হইল বাদসা ইরানের তক্তে ॥ খবর হইল তার তামাম দেশেতে* জাল আর দিগে দিগে জত নামদার ॥ সবে মিলে পোস্তপানা হৈয়া রহে তার * পোসাঙ্গ স্যুনিল জদি খবর এয়ছাই ॥ লাড়কা এক ইরানেতে করেন বাদ সাই * তখন সে দেল বিচে বুঝিল আপন ॥ লড়িলে ইরান ফতে হইবে এখন * এহা ভেবে আফরা সিয়াবে ডেকে ফের ॥ কহিতে লাগিল এহা তাহার খাতের * করিলে জে কিছু খাতা আমার ছামনে মাফ কোরে দিনু তাহা তোমার কারনে * জাহ এবে ইরানেতে করিতে লড়াই ॥ সাতে লিয়া আপ নার লস্কর ছেপাহ * শুনিনু লোকের মুখে নেহাত খবর ॥ লাড়কা এক বসিয়াছে তক্তের উপর * আলবত্তা মাহমে এবে গেলে সেখানেতে ॥ সহজে ইরান দেস হয়ে জাবে ফতে * আফরাসিয়াব শুনে খোসাহ হইয়া ॥ বাপের ছামনে কহে ছালাম করিয়া * তোমার হুকুমে আমি জাই মহিমেতে ॥ খুসি হৈয়া দোওা কর জেন পাই ফতে * এহা বলে সাতে লিয়া লস্কর সর্দ্দার ॥ ইরানি তরফে চলে হৈয়া রাহাদার * মঞ্জেলে২ রাহা চলে নেকালিয়া ॥ ইরান নজদিগে জবে পওছিল জাইয়া * হেথা সে ইরানি লোক জাছুছের ঠাই ॥ নেহাত খবর জবে পাইল এয়ছাই * লেখন লিখিয়া সবে সেতাব করিয়া ॥ সিস্তানে জালের আগে দিল পাঠাইয়া * লিখিল জালের তরে খবর এয়ছাই ॥ ইরান দেশেতে ফের ঘটীল বালাই * আফারাসিয়াব ফের বান্দিয়া কোম্মর ॥ মহিম করিতে আইল লইয়া লস্কর * আপনি লস্কর লিয়া আসিবে সেতাব ॥ নহেত ইরান দেস হইবে খারাব * জাল সাহা পাইল জবে এয়ছাই লিখন ॥ পেরেসান হৈয়া কহে সবার কারন * সোনহ ছরদার লোক কহি তোমা সবে জইফ উম্মর মেরা হইয়াছে এবে * জওানি উম্মরে কৈনু বহুত লড়াই ॥ এবে আর তেয়ছাই তাকত মেরা নাই * রোস্তম ফরজন্দ মেরা হইল জওান ॥ এবে আমি না হইব তাহার সমান * মহিমে তাহাকে এবে পাঠাহতে চাই ॥ এহার মছলত মুঝে কি কহ সবাই * সুনিয়া সরদার সব লাগিল ক হিতে ॥ এই বাতে রাজি আছি মোরা সকলেতে * জাল সাহা শুনে এহা তা সবার ঠাই ॥ রোস্তমের তরে ডেকে কহেন এয়ছাই ॥ সোন বাবা এক বাত জানাই তোমারে ॥ মহিম দরপেস এক ইরান সহরে কখন না গেছ তুমি করিতে লড়াই ॥ একারনে আমি তুজে কহিতে ডরাই * আখের পুহলি তুম প রান আমার ॥ মহিমে ভেজিতে তুঝে না হয় কারার * তোমার মতলব কিবা কহ শুনি তাই ॥ রো স্তম একথা শুনে কহেন এয়ছাই * সোন বাপ এই বাতে না করিবে দের ॥ সেতাব ভেজহ মুঝে মহিম খাতের * খোদা চাহে দুসমনে মারিয়া তলওার ॥ তাহা সবে একেলা করিব ছার খার * এলাহি কুওত দেছে বাজুতে আমার ॥ ঘরে থাকা মোর তরে নাহি সাজে আর* আমি জদি তেগ ধরি দুসমন উপরে দেও পরি ভাগে মেরা তলওারের জোরে* ঘোড়া আর গোর্জ্জ এক দেহনা আমায় ॥ সেতাব বিদায় কর সহা নাই জায় * রোস্তমের মুখে জাল একথা শুনিয়া ॥ সাম নুরি মার গোর্জ্জ দিলেন আনিয়া * রো স্তম সে গোর্জ্জ পেয়ে খোসাল অন্তর ॥ তৈয়ার হইল মর্দ্দ বান্ধিয়া কম্মর * তার পরে রোস্তমেরে সাতে করে লিয়া ॥ আস্তা বলে ঘোড়া জেথা পওছিল জাইয়া* রোস্তম জাইয়া সব ঘোড়ার পিঠেতে ॥ একে২

জও নামদারে * ইরানে তাহারে দিব সুপিয়া বাদসাই ॥ তাবেদার হৈয়া রব আমরা সবাই * শুনিয়া কারান মর্দ্দ এয়ছাই খবর ॥ জাইতে জজিরা পরে বান্দিল কোমর * লোকজন লিয়া সাতে চলে নেকলিয়া ॥ কত দিনে জজিরাতে পঙছিল জাইয়া * জওসাহাজাদা জেথা জজিরাতে ছিল ॥ জালের ছালাম দিয়া পয়গাম কহিল * সোন সাহাজাদা আমি আসি একারনে॥ জাল সাহা মোর তরে ভেজিল এখানে চল তুমি মোর সাতে লিয়া তুঝে জাই ॥ মওজুদ তোমার তরে ইরানে বাদসাই * তোমা ছেওা কেহু এছা নাহি আছে আর ॥ ইরানে বাদসাই করে তক্তে দিয়া বার * লস্কর ছেফাই জত তোমার লাগিয়া সিস্তানে মওজুদ আছে মস্তেজার হৈয়া * জও সাহাজাদা সুনে খোসাল অন্তর ॥ কারানের সাতে আ-ইসে সিস্তান সহর * মঞ্জেল২ রাহা আসিয়া পঙছিল ॥ সিস্তান সহর জবে নজদিগ হইল * জাল নাম দার শুনে জয়ের খবর ॥ আগু বাড়াইয়া আনে লইয়া লস্কর* তাজিম করিয়া এনে জওসাজাদায়॥ সিস্তা-নের তক্ত পরে বসাইল তায় * সরদার হইয়া জাল লস্কর লইয়া ॥ তাবেদারি করে তার খোসাল হইয়া খুসিতে কএক রোজ গোজারিয়া গেল ॥ জাল ফের এই বাত কহিতে লাগিল * জমিয়াছে বেসুমার লস্কর সেফাই ॥ চলহ ইরানে এবে করিতে লড়াই * আফরাসিয়াব গিধী জালেম গাঙার॥ জুলুম করিল বড় ইরান মাঝার * নওদর বাদসার তরে ডালিল মারিয়া ॥ জোরেতে বাদসাই করে তক্তে বার দিয়া নওদরের দাদ লিব মারিয়া তাহায় ॥ তাজ তক্ত সাহি দিব সুপিয়া তোমায় * জও সাহা সুনে হৈল খোসাল অন্তর ॥ জাইতে তৈয়ার হৈল বান্ধিয়া কমর * লস্কর সরদার সাতে লিয়া নামদার ॥ ইরান তরফে চলে হৈয়া রাহাদার * মঞ্জেল২ রাহা চলে নেকলিয়া ॥ ইরান নজদিগে জবে পঙছিল জাইয়া আফরা সিয়াব আগে জাছুছ তখন ॥ সোনাইল জাইয়া জওয়ের বিবরন * সোন বাদসা আফরাসিয়াব তুঝে কই ॥ জেনেছিনু পাহালওান নাহি তোমা বই * জাল পাহালওান এবে জজিরা থাকিয়া ॥ পাহা-লওান জওকে লিয়াছে মাঙ্গাইয়া*সিস্তানে তাহার তরে শুপিয়া বাদসাই ॥ তাবেদার হৈল লিয়া লস্কর ছেফাই * বড় জওামর্দ্দ সেহ বড়া জোর ধরে ॥ তার মত নাহি দেখি দুনিয়া ভিতরে * পতঙ্গ সমান তুমি ছামনে তাহার ॥ লড়িতে তাহার সাতে সাদ্ধ কি তোমার * এবে সেই জও আর জাল তার সাতে লস্কর লইয়া আসে তোমাকে ধরিতে * ইরানের নিকটেতে পঙছিল আসিয়া ॥ আপনি রহিবে খুব হুসিয়ার হইয়া * নেহাত খবর জেনে কহিনু হুজুরে ॥ বুঝিয়া করিবে কাম জে আসে খাতেরে * আফ রাসিয়াব এছা সুনিয়া খবর ॥ ডরে ডরাইল গিধি হইয়া ফাফর * জানবাচাইয়া ভাগে ইরান ছাড়িয়া আপন বাপের আগে পঙছিল জাইয়া * বয়ান করিয়া সব সোনাইল তায় ॥ শুনিয়া পোসাঙ্গ সাহা জ লিয়া গোস্বায় * লান তান কোরে তায় কহে গালি দিয়া ॥ দুর হও নামাকুল ছামনে থাকিয়া * সো-নরে গাঙার তুঝে না হৈল সরম ॥ ভেগে এলি আপনার খোওায়ে ভরম * কেমনে দেখালি মুখ আ মাকে আসিয়া ॥ সোগের খশুর মেরা সিনাতে মারিয়া* আগরিছ ভাই তেরা জান বরাবর ॥ গেল জবে তেরা আগে হইয়া কাতর * বেদর্দ্দ হইয়া তুই কেমন করিয়া ॥ মারিলি তাহার তরে তেগ ওঠাইয়া * দয়া মায়া দেলবিচে না হৈল তোমার ॥ খোদাকে না ডরাইলি ওরে দাগাদার * নাহি ডরাইলি তুই খোদাকে জেছাই ॥ ইরানির হাতে মারা জাইবি তেছাই * দুরহয়ে জাহ মেরা ছামন হৈতে॥ আমি আর মুখ তেরা না চাহি দেখিতে * পোসাঙ্গ এয়ছাই জদি ফজিহত কৈল ॥ আফরাসিয়াব সুনে লাচার হইল * ভাবে মনে বাপ মোরে না কৈল কদর ॥ বাচা হৈতে মরা ভাল খাইয়া জহর *

পয়ার * এরূপে বাপের ঠাই সরম পাইয়া ॥রহিল আগেরে সেথা নাচার হইয়া* এখানেতে জও সাহা আসিয়া ইরানে ॥ আফরাসিয়াব ভাগে লোক মুখে সুনে * আর জত ছিল তার লস্কর ছেফাই ডরে ডরাইয়া ভেগে গিয়াছে সবাই * ইরান হয়েছে খালি নাহি লোক জন ॥ জও সাহা দেখে তাহা হৈয়া খুসি মন * বসিল তক্তের পরে তাজ ছেরে দিয়া ॥ খোসাল হইল সবে দেখিয়া সুনিয়া * ই রিয়া দেসেতে জত ছিল নামদার ॥ হাজের হইল এসে হুজুরে বাদসার * জও জাহা জনে২ তাজিম ক রান ॥ এনাম খেলাত সবে দিল নেওাজিয়া * বাদসার উপরে সবে হয়ে খুসি মন ॥ রোওা দিয়া বিদায় হইল জনে জন * তার পরে সিক্যা জারি করিয়া দেসেতে ॥ আদল এনছাফ খুব লাগিল করিতে

তাহারে* এহা ভেবে নামা এক করিল তৈয়ার ॥ লেখিল নামার বিচে এই সমাচার* সোন বাদসা নাম
দার কহিয়া জানাই ॥ তোমা হেন নেকবক্ত বাদসা কেহ নাই* আপনি জদ্যপি আইস ইরান দেসেতে
লস্কর সহিতে আমি রহিব খেদমতে* জমা হইয়াছে হেথা বহুত ছেপাই ॥ রাজি আছে সবে তুঝে শু
পিতে বাদসাই * আপনি আইলে হেথা সকলে মিলিয়া ॥ আফরাসিয়াবে জোরে দিব ভাগাইয়া *
জুলুম করিয়া বড় আফরাসিয়াব॥ ইরান সহর দিল করিয়া খারাব * আপনি আসিবে হেথা সোন নেক
নাম ॥ আমরা তোমার সাতে মিলিয়া তামাম * মহিম করিয়া আফরাসিয়াবের সাতে ॥ ভাগাইয়া দিব
তারে ইরান হইতে * তোমাকে শুপিয়া দিব ইরানে বাদসাই ॥ আমরা তোমার তাবে রহিব সবাই *
এইরূপে লেখা পড়ি তৈয়ার করিয়া॥কাছেদের হাতে লেখা দিল পাঠাইয়া*কাছেদ লেখনলিয়াজাইয়া
তরায় ॥ জালের ছালাম দিয়া আগরিছ সাহায়*লেখন পয়গাম দিল করিয়া হাজের ॥ পড়িয়া আগরিছ
সাহা খোসাল খাতের * তার পরে সাতে করে লিয়া লোকজন ॥ জালের নিকটে আসে হয়ে খুসি মন
আফরাছিয়াব তার পাইয়া খবর ॥ রাহা আগলিল গিয়া লইয়া লস্কর * আগরিছ আইল জবে দেখিতে
পাইয়া ॥ আফরাসিয়াব তারে ঘিরিল জাইয়া * তৈয়ার হইল সবে করিতে লড়াই॥ আফরাসিয়াবে কহে
আগরিছ এয়ছাই * সোন ভাই মোর পরে গোস্বা না হইবে ॥ এই বাতে গোনা মেরা মাফ করে দিবে
খেদমতে রহিব তেরা হইয়া হাজের॥ কোন বাতে কদাচিতনা হেলাব ছের * আমিতো তোমার ছোট
তুমি বড় ভাই ॥ তেরা সাতে নাহি আমি করিব লড়াই * এইরূপে আজিজিতে হইয়া কাতর ॥ আফরা
ছিয়াব আগে কহিল বিস্তর* আফরাছিয়াব তবু রহম না করে॥ এই বাত কহিতে লাগিল গোস্বা ভরে
পেটনা ভরিল তোর রায় সহরেতে॥ ইরানে আইলি এবে বাদসাই করিতে * মেরা দুসমনের তুই হয়ে
দোস্তদার ॥ দুসমনি করিতে আইলি সঙ্গেতে আমার * আগরিছ একথা সুনে কহিল এয়ছাই ॥ ঝুটনা
কহিব ভাই খোদার দোহাই * বাদসাই করহ তুমি সব দেশলিয়া ॥ আমি তেরা তাবে রব খাদেম
হইয়া * বাদসাই করিতে সাদ নাহিক আমার ॥ সব দেস লেহ ভাই করিনু কারার * এতেক আজিজ
হৈয়া করিল কছম ॥ তবুনা রহম তারে করিয়া অধম * গোস্বা হৈয়া হাতে লিয়া তেগ আবদার ॥ জো
রেতে খেচিয়া মারে গর্দ্দানে তাহার* ছের কাটা গেল মর্দ্দ মারা গেলঠায় ॥ দেখিয়া লস্কর তার করে
হায়২* ভাই হয়ে ভাই কে না রহম করিল ॥ জোলম করিয়া গিধী মারিয়া ডালিল * আগরিছ পড়িল
মারা হইয়া লাচার ॥ জাল সাহা তাহার শুনিয়া সমাচার * গোস্বায় জলিয়া ওঠে জেমন আগুন॥ কাটা
ঘাও বিচে জেছা দিল কেহু নুন * তখনি হুকুম কৈল আপন লস্করে ॥ সেতাব কোমর বান্দ মহিম
খাতেরে * আফরাসিয়াবে মেরে নওদর সাহার ॥ দাদ লেহ জুলুম না সহা জায় আর*জেছুরাতে পার
সবে দুসমনে মারিয়া ॥ ইরানের তাজ তক্ত লেহ ছেনাইয়া * এয়ছাই হুকুম দিয়া জাল নামদার ॥ ফের
এহা দেল বিচে ভাবে আপনার * কেবা খুব জওামর্দ্দ আছে কোন ঠাই ॥ তাহাকে আনিয়া শুপিইরানে
বাদসাই * একারনে আমাকে হয়েছে মহাদায় ॥ এয়ছা জোরওার বাদসা কে আছে কোথায় * এই
রূপে ভাবা গোনা বহুতকরিয়া॥নজুম সবাকে ফের লিল বোলাইয়া* হুকুম করিল তাহা সবাকার তরে
রাম্মাল দেখিয়া সবে কহত আমারে* ফেরে দুর নছলেকে কে আছে এয়ছাই ॥ পারে সেই ইরানেতে
করিতে বাদসাই * শুনিলে তাহারে আমি লেই মাঙ্গাইয়া ॥ ইরানের তক্তপরে দেই বসাইয়া * শুনিয়া
নজুম কহে জালের খাতের ॥ রাম্মাল দেখিয়া বাত করিল জাহের * সোন পাহালওান জাল কহি জনা
বেতে ॥ছোলম জখন মনুচেহেরের হাতে * মহিমে পড়িল মারা হইয়া লাচার ॥তহমস নামে এক বেটা
ছিল তার * ডরে ডরাইয়া মর্দ্দ দেশ ছেড়ে দিয়া ॥ ফলানা দিপের বিচে গেছে পালাইয়া* সেই হতে
আছে মর্দ্দ দিপের উপর ॥ কেহ নাহি জানে তার নেহাত খবর * সেইখানে বেটা এক হয়েছে তাহার
বড় জোরওার মর্দ্দ বহুতি হুসিয়ার * বাদসার কাবেল সেহ ইরান দেসের ॥ জও বলে নাম তার আ-
ছেত জাহের * আনিয়া তাহাকে এবে জজীরা থাকিয়া ॥ ইরান দেসের তক্ত দেহনা সুপিয়া * ইরানে
জখন তার হইবে বাদসাই ॥ তার হাতে জের হবে দুসমন সবাই * নজুমের মুখে জাল একথা শুনিয়া
কারান সর্দ্দারে তবে কহে বোলাইয়া * সোন ভাই গিয়া তুমি জজিরা উপরে॥ সাতে করে আন হেথা

বিচে মাতম পড়িল * হায়২ করে জত লস্কর সেফাই ॥ কহে এয়ছা পাহালওান লস্করেতে নাই ॥ আর এয়ছা কেবা আছে লস্কর বিচেতে॥ মোকাবেলা হৈয়া লড়ে জালের সহিতে * সামাছাছ দেখে তাহা তেগ হাতে লিয়া॥ কুদিয়া ময়দান বিচে পঁওছিল জাইয়া * হাকিয়া জালের তরে কহিল এ বাত॥ মেরে এক পাহালওানে বাড়িল হেমাত * কেয়ছা জোর ধর দেখি আইস এক বার॥ আমি এবে মেরে তুঝে দাদ লিব তার * এইরূপে লাফকাপ করে সে আসিয়া॥ জাল সাহা শুনে তাহা গোস্বাতে ভরিয়া * সামাছাছ ছিল জেথা ময়দান বিচেতে॥ ঘোড়া দৌড়াইয়া চলে তেগ লিয়া হাতে * দেখিয়া জালের গোস্বা ডরে ডরাইয়া॥ সামাছাছ ভেগে চলে জান বাচা-ইয়া* সর্দ্দারে ভাগেল দেখে তামাম লস্কর॥ ডরেনা থাকিতে পারে ময়দান উপর* দিগে২ ভাগেসবে জান বাচাইয়া॥জাল পাহালওান দেখে গোস্বাতে ভরিয়া*আপন লস্কর লিয়া পিছে২ ধায়॥ তেগজোরে কেটে চলে জেথা জারে পায় * কাবলি সিস্তানি জত জালের সেফাই॥ দিগে২ কেটে চলে তাহারা সবাই * হাজারে হাজার লোকে কাটীয়া ডালিল॥ ময়দানেতে লহু নদি বহাইয়া দিল * তুরানি লস্কর বাকি জান বাচাইয়া॥ পাহাড় জঙ্গলে সবে গেল পালাইয়া * মহিমে পাইয়া ফতে জাল নামদায় ফিরিয়া আইল মর্দ্দ ডেরে আপনার * আলাও লস্কর ফিরে আইল ছালামতে॥ দেখিয়া সোকরান ভেজে খোদার দরগাতে * খুসিহালে জাল সাহা লস্করে তামাম॥ জনে২ দিল কত বকসেস এনাম * সরদার সবাকে ফের লিয়া সাহা জাল॥ সারাব কাবাব খায় হয়ে মস্তহাল * ফতে নামা সাদিয়ান লাগিল বাজিতে॥ আরামে তামাম লোক রহিল ডেরেতে * হারিল তুরানি লোক জালের ময়দানে॥ খবর পঁওছিল তার জাইয়া ইরানে * আফরাসিয়াব সুনে গোস্বাতে জ্বলিয়া॥ লস্কর সবার তরে আফছোছ করিয়া * কহে মেরা লস্কর সর্দ্দার সবাকায়॥ মারিয়া ডালিল জাল সহা নাহি জায় * এহা বলে হুকুম করিল দাগাদার॥ গর্দ্দান মারিয়া ডাল নওদর সাহার * জল্লাদ হুকুম পেয়ে নওদরে লইয়া॥ গর্দ্দান মারিয়া ডালে তেগ ওঠাইয়া * মরিল নওদর সাহা কাজ্জা এলাহির॥ এই কথা দেশে২ হইল জাহির * তার পরে আফরাসিয়াব দুরাচার॥ লস্কর সরদার সাতে লিয়া আপনার * চলিল পারেশ দেশে ইরান থাকিয়া॥ তুস আর গোস্তহামে ধরিবে বলিয়া * হেথায় পারেস দেসে তুস গোস্তহাম॥ লোক মুখে সমাচার পাইল তামাম * জেরূপে সিস্তান দেশে করিতে লড়াই॥ আফরাসিয়াব দিল ভেজিয়া সেফাই*জেরূপে জালের সাতে মহিমে হারিয়া॥ লস্কর সেফাই তার গেল পালাইয়া* আফরাসিয়াব গোস্বা হইয়া জে তায়॥ জেরূপে মারিয়া ডালে নওদর বাদসায় * তার পরে জেরূপে লস্কর লিয়া সাতে॥ আসিতেছে দুরাচার পারেস দেশেতে * তুস আর গোস্তহাম ভাই দুই জন॥ নেহাত এ সমাচার পাইল জখন * ডরেতে পারেস হৈতে লোকজন লিয়া॥ সিস্তানে জালের আগে চলিল ভাগিয়া * জাল সাহা খবর পাইল এখানেতে॥ আইসে দুই সাহাজাদা পারেস হইতে * খুসি হৈয়া আপন লস্কর সাতে লিয়া॥ সাহাজাদা দোহে আনে আগু বাড়াইয়া * দেলাসা ভরসা খুব দিয়া দোহাকায়॥ খুসিহালে এনে রাখে আপন ডেরায় * কারান সর্দ্দারে আর লস্করে তাহার॥ সবাকে মেহের কৈল জাল নামদার* এই সমাচার জদি ইরানে পঁওছিল॥ নওদর বাদসার জাবা তাবেদারছিল খুসি হৈয়া তারা সবে আসিয়া সিস্তানে॥ মিলে গেল সাহাজাদা দোহার মনে * আফরাসিয়াব কহে পাইয়া খবর॥ ইরানে আইল ফিরে লইয়া লস্কর * তার পরে কিছু দিন গোজারে এয়ছাই॥ কোনমতে ঝগড়া ফছাদ কিছু নাই * এখানেতে জাল সাহা ভাবে মনে২॥ আফরাসিয়াব জোরে রহিল ইরানে * কিরূপে তাহাকে এবে ইরান থাকিয়া॥ তাড়াইয়া তাজ তক্ত লিব ছেনাইয়া * আর জে ইরানে এবে করিবে বাদসাই॥তুস গোস্তহামে দেখি নাদান এয়ছাই * বাদসার লাএক নাহি দেখি এহাদেরে॥ জওা মর্দ্দ বাদসা চাই ইরান সহরে * আফরাসিয়াবে জেবা ইরান থাকিয়া॥ তেগ জোরে দিতে পারে বাহির করিয়া*এহা বলে ভাবা গোনা করিয়া বিস্তর॥ মছলত করিয়া এহা দেলের ভিতরে* বড় পাহালওান আফরাসিয়াবের ভাই॥ রায় সহরের বিচে করে সে বাদসাই * আগরিছ নাম তার বড় নেকবক্ত॥ তাহার লাএক বটে ইরানের তক্ত * জওা মর্দ্দ বটে সেহ বড় জোর ধরে॥ ইরানের তক্ত তাজ শুপিব

করিয়া লড়াই*আখেরে নওদর সাহা লাচারি হালেতে॥ কএদ হইল আফরাসিয়াবের হাতে* আফরা সিয়ার ফতে করিয়া লড়াই॥ খুসি হৈয়া ফরমাইয়া দিলেক এয়ছাই* সাদিয়ানা ফতে নামা বাজা বাজাইতে॥ বাজিতে লাগিল বাজা লস্কর বিচেতে* তার পরে তক্ত জেথা ফেরেদু বাদসার॥ খুসি হৈয়া জাইয়া সে তক্তে দিল বার* ইরানেতে ফেরাইল আপনা দোহাই॥ সিক্কা জারি করিয়া দিলেন ঠাই২* এলাহি মকর ওালা আপন মক্করে॥ কার সাহি ছেনাইয়া দিল কার তরে* সাত সাল সাহি ছিল নওদর সাহার॥ তাহাবাদে দুর্গতি ঘটিল এসে তার* আফরাসিয়াব এসে মহিম করিয়া॥ জোরে ধরে তাজ তক্ত লিল ছেনাইয়া*এলাহি জাহারে ভাল বাসে জতদিন॥ কভু নাহি হয় তার বুরাইর চিন নারাজ হইলে খোদা বক্ত হয় দুর॥ জে কিছু হাসমত তার হয়ে জায় চুর* নওদরে কএদ করে ইরা-নের তক্তে॥ আফরাসিয়াব জদি বসিল জোরেতে*দুই তিন রোজ বাদে আইল খবর॥ বারেমা জে গিয়া ছিল লইয়া লস্কর*কারানের সাত্তে লড়ে গেছে সে মরিয়া॥ ডরেতে লস্কর সব গিয়াছে ভাগিয়া*আফ রাসিয়াব এছা সুনে সমাচার॥ বারেমার তরে হৈল আফছোছ হাজার* অধিন খাতের কহে ভাবিয়া খোদায়॥ জার যে নাছিবে লেখা কে ঘোচাবে তায়*

খাজারওান ও সামাছাছ পাহালওান জাবলে লড়াই করিবার বয়ান*

পয়ার* আফরাসিয়াব জোরে নওদরে ধরিয়া॥ রাখিল আজিজ হালে কএদ করিয়া* আপনি ইরানে হৈল বাদসা জাহাগির॥ এই বাত দেশে২ হইল জাহির* তাহাবাদে কত দিন গুজরিলে পরে ডাকিয়া কহিল এহা সর্দ্দার সবারে*জালের মুল্লক জত আছে ঠাই২॥ লইব সে সব দেশ করিয়া লড়াই এহা শুনে রাজি হৈয়া তামাম সর্দ্দার॥ কহিল আমরা তেরা হুকুম বর্দ্দার* আমাসবে জেখানেতেদিবে পাঠাইয়া॥ জাইব সকলে মোরা কোমর বান্ধিয়া* আফরাসিয়াব সুনে খোসাল খাতির॥ লড়াই ছা মানা সব করিয়া তদবির* লস্কর তৈয়ার করে তিরিস হাজার॥হুকুম করিল সবে বাদসা নামদার* সামা-ছাছ আর খাজারওানের লাগিয়া॥জাহ দোহে লস্করেতে সর্দ্দার হইয়া* বাদসার হুকুমে দোহে লইয়া লস্কর॥ রওানা হইল জেথা জালের সহর*মঞ্জেলে২ রাহা চলে নেকলিয়া॥ কতদুর তক জবে পঔছিল জাইয়া*জাছুছ খবর দিল জালের হুজুরে॥ আইল তুরানি লোক মহিম খাতেরে* আফরাসিয়াবদিল ভেজিয়া লস্কর॥ জানিয়া আইনু তুঝে কহিতে খবর* জাছুছের মুখে জাল এ কথা সুনিয়া॥ তৈয়ার হইল মর্দ্দ কোমর বান্ধিয়া* চড়িয়া ঘোড়ার পরে লইয়া লস্কর॥ পঔছিল ময়দান পরে ছাড়িয়া সহর॥ হোথায় মেহরাব সাহা খবর পাইয়া॥ জালের মদদে দিল লস্কর ভেজিয়া* দুরে হৈতে দেখে জাল করিয়া নজর॥জাবল হইতে এসে পঔছিল লস্কর* আনিল তা সবাকারে আগু বাড়াইয়া॥ খুসি হৈয়া তারা সবে মিলিল আসিয়া*জাবল কাবল আর সিস্তান দেসের॥ মিলে সবে একসাতে জমা হৈল চের তারপরে উদিগেতে তুরান লস্কর॥ আসিয়া পঔছিল সবে ময়দান উপর* দুইদলে মোকাবেলা হইল ফওজ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ* ধাওসা নাকারা কাড়া বাজে ঠাই২॥ বাজা সুনে মস্ত হৈল তামাম ছেফাই* পহেলা লড়িতে আইল তুরানি জওান॥ খাজারওান নামে মর্দ্দ বড় পাহালওান হাকিয়া কহিল মর্দ্দ জালের তরেতে॥ মর্দ্দমি থাকেত আইস মহিম করিতে* মরিবার সাধ জদি হয়ে থাকে দেলে॥ আনিয়া গরদান রাখ মেরা তেগতলে* জাল মর্দ্দ এহা সুনে ভরিল গোস্বায়॥ জেয়ছা কেহ নুন ছিটা দিল কাটা ঘায়* লইয়া সামের গোর্জ্জ পিঠ পরে ঢাল॥ চলিল ময়দান পরে দোন আঁখি লাল*খাজারওান ছিল জেথা পঔছিল জাইয়া* দেখে সে আইল কুদে গোর্জ্জ হাতে লিয়া-হেকে জোরে গোর্জ্জ মারে জালের উপরে॥ জাল তার গোর্জ্জ দেখে ঢাল পাতে ছেরে* এছাই জো রেতে গোর্জ্জ মারিয়া সে ছিল॥ ধমকে ঢালের পরে আগুন উঠিল* আওাজ হইল জেন গরজে আছ মান॥ পাঁহাড়ে লাগিত জদি হৈত খানা২*আওাজ পঔছিল তার তামাম লস্করে॥ কারিগোর না হইল চলিল সে ফিরে* জাল মর্দ্দ গোস্বাভরে তেগ হাতে লিয়া॥ মারিল তাহার পরে জোরেতে খেচিয়া দেখিয়া সেতাব মর্দ্দ ঢাল পাতে ছেরে॥ জাইয়া বসিল তেগ ঢালের উপরে*ঢাল সুদ্ধা কাটিয়া করিল দুইখান॥ জমিনে গিরিল জেন পাহাড় সমান* খাজারওান জালের মহামে জাদ যৈল॥ তুরানি লস্কর

তবেত হইবে আর বার * নহে এহ দেখা সোনা হইল নিদান ॥ মোর তরে না ভাবিও শুন বাবা জান জদি আমি মারা জাই দুষ্মনের হাতে॥ জুলুম হইলে তোমা দোহার পরেতে * জাল ও রোস্তম আছে সিস্তানের বিচে ॥ পানাহি লইবে গিয়া তাহাদের কাছে * এই রূপে বেটা দোহে বয়ান করিয়া ॥ জখন নওদর সাহা কহে বুঝাইয়া*গোস্তহাম আর তুছ বাপের কথায় ॥ দেলেতে দরদ ভাবি কান্দে উভরায় কহে দোহে হায় বাপ নছিবে এই ছিল ॥ দুসমনে জুলুম করে দেশ ছাড়াইল * আর কি নছিব এয়ছা হবে আমাদের ॥ আসিয়া দেখিব ফিরে তোমার খাতের * এইরূপে বাপ বেটা মিলে তিন জন ॥ দেলেতে দরদ ভাবি করিয়া রোদন*আখেরে নওদর সাহা ভাবিয়া গুনিয়া॥ বেটা দোহাকায় তরে তছল্লি করিয়া * কারান সর্দ্দারে আর লস্কর ছেফাই॥সাতে দিয়া পারেসেতে করিল বিদাই * পারেসে চলিল দোহে ভাবিয়া খোদায় ॥ হেথাকার কথা এবে সুনহ সবায়*বেটা দোহাকারে বাদসা পারেসে ভেজিয়া তৈয়ার হইল ফের মহিম লাগিয়া* দুইতিন রোজ বাদে লইয়া লস্কর ॥ আসিয়া হইল খাড়া ময়দান উপর * আফরাসিয়াব হোথা খবর পাইয়া ॥ আইল ময়দান পরে লস্কর লইয়া * বেসুমার খাড়া হৈল তুরানি ফওজ ॥ দরিয়া উপরে জেন উঠীল মওজ * ইরানি লস্কর খাড়া হইল থোড়াই ॥ মকাবেলা হৈল জবে দুদলে সেপাই * ইরানী সর্দ্দার এক সাবুর নামেতে ॥ কুদিয়া আইল মর্দ্দ লস্কর হইতে * গালি দিয়া কহে মর্দ্দ তুরানীর তরে ॥ মরিবার সাদ থাকে আইস লাড়বারে * সুনিয়া তুরানি লোক বলে মার২ ॥ ঘেরাও করিল তারে এসে চারি ধার* দেখিয়া সাবুর মর্দ্দ তেগ লিয়া হাতে॥ ছাড়িয়া জানের আসা লাগিল লড়িতে * খেদাড়িয়া চলে কেটে হাজারে হাজার ॥ গিরিল তুরানি কত ময়দান মাঝার করিয়া বহুত জঙ্গ ময়দান বিচেতে॥ আখেরে পড়িল মারা তুরানির হাতে* সাবুর পড়িল মারা তুরানি দেখিয়া॥ ইরানি সবার তরে ঘেরিল আসিয়া*লড়িতে লাগিল সবে হইয়া সস্তানা॥কে কোথা তলওার মারে না মেলে ঠীকানা* বহুত করিল জঙ্গ দুদলে সেপাই ॥ মারা গেল কত লোক লেখা জোখা নাই আখেরে ইরানি লোক না পারে লড়িতে ॥ লাচার হইয়া সবে লাগিল ভাগিতে * দেখিয়া নওদরসাহা বিপাক এছাই ॥ ভাগিয়া চলিল ছেড়ে লস্কর সেপাই * জাইয়া কেল্লার বিচে কারার হইয়া॥ দরওাজা করিল বন্দ কেওাড় ডালিয়া * জখন নওদর সাহা কেল্লা বিচে জায় ॥ আফরাসিয়াব দেখা পাইয়া তাহায় * লস্কর লইয়া সাতে পিছে২ গিয়া॥ চারি তরফেতে কেল্লা রহিল ঘিরিয়া* ফের এহা লোক মুখে শুনিয়া খবর ॥ সাহাজাদা গন জায় পারেস সহর*কারান সর্দ্দার সাতে গিয়াছে তাহার॥ আলাওলস্কর সাতে গেছে বেসুমার * আফরাসিয়াব ইহা সুনিয়া তরায় ॥ ধরিবার তরে সাহাজাদা দোহাকায় * সরদার আছিল এক বারেমা নামেতে॥ লস্কর সেপাই দিয়া তাহার সঙ্গেতে * পারেস তরফে তারে দিল পাঠাইয়া ॥ কহিল সেতাব গিয়া আনহ ধরিয়া * বারেমা লস্কর লিয়া চলিল তরায়॥কতদুরে সাহাজাদা দোহাকারে পায় * বারেমার তরে দেখে কারান সর্দ্দার ॥ গোস্বা হৈয়া গালি দিয়া বলে মার মার * সেই খানে ময়দানেতে দুদলে ছেপাই॥কাটা কাটী হানা হানি লাগিল লড়াই * মেরে তেগ বেদেরেগ কারান সর্দ্দার ॥ তুরানি লস্করে দিল করে ছার খার * আফরাসিয়া তার পাইল খবর ॥ মদদে ভেজিল তার বহুত লস্কর* বারেমা মদদ পেয়ে কুওত বাড়িল॥ কারানের সাতে ফের লাড়িতে আইল * বহুত করিল জঙ্গ কারানের সাতে ॥ কোনরূপে মহিমেতে না পাইল ফতে * আখেরে কারান মর্দ্দ খেঁচিয়া তলওার ॥ বারেমার ছের দিল করিয়া ওয়ার * বারেমা পড়িল মারা দেখিয়া ছেপাই॥ জান লিয়া ভাগে সবে ছাড়িয়া লড়াই * মহিমে পাইয়া ফতে কারান সর্দ্দার ॥ সাহাজাদা গনে লয়ে সাতে আপনার * পারেস সহর বিচে পঁহুছিল আসিয়া ॥ রহিল খুসিতে সেথা আরাম করিয়া * এখানে নওদর সাহা কেল্লা মাঝে ছিল ॥ তুরানি লস্কর জদি থোড়াই দেখিল*রাতকালে দরওাজা খুলিয়া জাহাগির॥ভেগে চলে সেথা হৈতে জানের খাতির * আফরাছিয়াব তার পাইয়া খবর ॥ পিছে২ জায় লিয়া তামাম লস্কর * রাত গোজারিয়া গেল ফজর হইতে॥ মোকাবেলা হৈয়া ফের লাগিল লড়িতে * কাটাকাটি হানাহানি দুদলে ছেপাই॥ নেজা গোর্জ্জ তির তেগ লাগিল লড়াই * বহুত করিল জঙ্গ নাহি পায় ফতে ॥ লহু নদি বহিয়া চলিল ময়দানেতে * নওদর বাদসার জত সর্দ্দার সেপাই ॥ মারা গেল একে২

লড়াই সে করুক মেরা সাতে ॥ আল্লা জারে জস দিবে পাইবে সে ফতে *নাহক কিসের তরে করিয়া লড়াই ॥ মারা জাবে দুই দলে লস্কর সেফাই * তুরানি লস্কর সব একথা সুনিয়া ॥ আফরাসিয়াব আগে কহিল জাইয়া * সোন বাদসা জাহাপানা তোমার সহিতে ॥ নওদর খাহেস রাখে লড়াই করিতে * আপনি জাইয়া এবে ময়দান উপর ॥ লড় নওদরের সাতে রাখ জদি জোর * আফরাসিয়াব মর্দ্দ একথা সুনিয়া ॥ আইল ময়দান পরে ঘোড়া ওঠাইয়া * নওদর ময়দান পরে জেখানে আছিল ॥ আফরাসিয়াব এসে মোকাবেলা হৈল * দুইজনে গালাগালি হইল বিস্তর ॥ নেজা লিয়া হেকে আইল জেন সের নর * খেচিয়া মারিল নেজা আফয়াসিয়াব ॥ নওদরঢালেতে নেজা ধরিল সেতাব * রদ হয়ে গেল নেজা চলিল ফিরিয়া ॥ নওদর মারিল ফের নেজা ঘোমাইয়া * আফরাসিয়াব তাহা ঢালে উড়াইল ॥ নওদর বাদসার নেজা রদ হয়ে গেল * এয়ছাই জোরেতে নেজা মেরে ছিল তারে ॥ আ-গুন উঠিল তার ঢালের উপরে*দুদলে লস্কর সব দেখে তাকাইয়া ॥ মস্তহালে লড়ে দোন নেজা ফলা লিয়া * বহুত করিল জঙ্গ দোন পাহালওান ॥ লড়িতে২ নেজা হৈল খান২ * লড়িতে লাগিল ফের লইয়া তলওার ॥ হইল দোহার তেগ করাতের ধাব* মস্তহালে তেগ বাজি করে দুজওান॥ কেহু কারে নাহি পারে সমানে সমান * এইরূপে দুই জনে বহুত লড়িল ॥ হাতিয়ার আছিল জত তামাম হইল আখেরেতে দুইজনে কমর ধরিয়া ॥ করিল বহুত জোর ফতের লাগিয়া * কেহু কারে নাই পারে দাগ চড়াইতে ॥ লড়িল তামাম দিন নাহি পায় ফতে*নিমাসাম হৈল দোহে লড়াই ছাড়িয়া ॥ জার জে আপন ডেরে পঁওছিল আসিয়া * খানা পানি খেয়ে রহে করিয়া আরাম ॥ রাত পোহাইয়া গেল এলাহির কাম* ফজরে আসিয়া ফের ময়দান বিচেতে॥দুই জনে তেগ বাজি লাগিল করিতে* এইরূপে রোজ২ লড়িয়া তুরানি ॥ নওদর বাদসার তরে কৈল পেরেসানি * আগে হৈতে নওদর বাদসার লোক জারা বেদেল হইয়া কিছু আছিল তাহারা * তাহে ফের মহিমেতে লাচার হইয়া ॥ ভাবিতে লাগিল সবে বাদসাকে ছাড়িয়া * ইরানি লোকেরে জদি ভাগেল দেখিল॥ তুরানি লস্কর এসে ঘেরাও করিল* বে-পাক দেখিয়া সাহা নওদর তখন ॥ ভাবা গোনা করে এহা কহে মনে মন * বাপ মেরা জে সময়ে ওফাত করিল ॥ বার২ মুঝে এই নছিহত কৈল * দুসমনি করিয়া হেথা আসিয়া তুরানি ॥ নানারূপে তোমাকে করিবে পেরেসানি * বুঝিনু এখন এই আলামত তার ॥ তুরানির হাতে এবে পাইব আজার এতেক ভাবিয়া সাহা দেলের বিচেতে॥ডাকিয়া সর্দ্দার সবে লাগিল কহিতে*আমার লস্কর সবে গেল পালাইয়া ॥ দেখিয়া দুসমন সব ঘেরিল আসিয়া * কিকরি কোথায় জাব কহ মেহেরবান ॥ ভেগেজদি জাই তাথে না থাকিবে মান * একিন জেনেছি এবে দেলেতে আপনা॥ দুসমনে ধরিয়া মুঝে দিবে বন্দ খানা*সেহভি বদনাম ভারি হইবে আমার ॥ নিদানেতে এই জুক্তি করিয়াছি সার*মর্দ্দমির হালে সবে লড়হ ময়দানে ॥ পাহালওানি নাম রবে দুনিয়া জাহানে * ছের জদি কাটা জায় মহিম করিয়া ॥ রাহয়া জাইবে নাম মর্দ্দানা বলিয়া * একথা সুনিয়া জত সর্দ্দার আছিল॥বাদসার হুজুরে সবে কহিতে লাগিল শুন বাদসা জাহাপানা কহিয়া জানাই ॥ লড়াই বেগর এবে চারা কিছু নাই * আর এহা মোরাসবে কহি জনাবেতে ॥ সাহাজাদা দিগে ভেজ পারেস দেশেতে * জাইয়া পারেস দেশে পানাহি লইয়া ॥ থাকুক সেখানে তারা আরাম করিয়া * একথা সুনিয়া সাহা কান্দিয়া বিস্তর ॥ পাঠাইতে রাজি হৈল পারেস সহর * মতলব করিয়া ফের বাদসা নামদার ॥ আফরাসিয়াব আগে ভেজে সমাচার * সুন মর্দ্দ আফরাছিয়াব তুঝে কই ॥ লড়িব তোমার সাতে রোজ কত বই * এক্ষনে আমার কাছে নাহিক সেপাহ একেলা কিরূপে আমি করিব লড়াই * দুই চারি রোজ এবে কর তুমি দের ॥ আল্লা চাহে মহিম করিব এসে ফের*আফরাসিয়াব মর্দ্দ একথা সুনিয়া ॥ কবুল করিয়া জঙ্গ মকুফ রাখিয়া* ময়দান হইতে লিয়া লস্কর তামাম ॥ জাইয়া রহিল ডেরে করিয়া আরাম* নওদর আসিয়া হেথা আপন ডেরায় ॥ গোস্তহাম আর তুস বেটা দোহাকায় * বুঝাইয়া নানামতে ছাতি লাগাইয়া ॥ ছেরে মুখে বোছা দিয়া কান্দিয়া২ কহিতে লাগিল দুই বেটার কারন॥ সুন বাবা হেথা হতে তোমরা এখন * জাইয়া রহনা গিয়া পারেস দেশেতে ॥ আমি হেথা জঙ্গ করি দুসমনের সাতে * এলাহি হায়াত বাকি রাখিলে আমার ॥ দেখাশুনা

ছিল গিয়াছে মরিয়া * থোড়াই লস্কর আছে ইরান দেসেতে॥ নাহিক ডরাই এবে মহিম করিতে * সুনিয়া পোসাঙ্গ সাহা এছাই খবর॥ পেরেসানি দুরে গেল খোসাল অন্তর*হোথায় নওদর সাঙ্গা খবর পাইয়া ॥ আপন লস্কর সব তৈয়ার করিয়া * আসিয়া ময়দান পরে হাজের হইল ॥ দরিয়া উপরে জেন মওজ উঠিল * দুদলে লস্কর খাড়া হইল ময়দানে ॥ ঘোড়ার টাপের ধুল উঠীল আছমানে * বারেমা নামেতে এক তুরানি সেফাই ॥ পহেলা ময়দানে আইল করিতে লড়াই * ছেফাই তলব রাখে করেতান সান ॥ হেকে বলে আইস দেখি ইরানি জওান * মরিবার সাদ জার আছে দেল বিচে ॥ আসিয়া গর্দ্দান রাখ মেরা তেগ নিচে * এই রূপে লাফ কাপ করে সে আসিয়া ॥ ঘন২ হাকে মর্দ্দ ইরানি বলিয়া * কাত্তারের ফরজন্দ কারান নামদার ॥ নওদর বাদসার সেহ সাহেব সর্দ্দার * সুনে সে হইয়া গোস্বা না পারে সহিতে ॥ আছিল তাহার ভাই কোবাদ নামেতে * মহিমে তাহার তরে দিল পাঠাইয়া ॥ চলিল কোবাদ মর্দ্দ ঘোড়া কোদাইয়া * বারেমার আগে জবে মোকাবেলা হৈল ॥ বারেমা দেখিয়া তারে পুছিতে লাগিল * কহ মর্দ্দ কেবা তুমি কিবা তেরা নাম ॥ বেনানে জাইবে কেন হইয়া তামাম * কোবাদ আপনা নাম দিল সোনাইয়া ॥ শুনিয়া বারেমা আইল তেগ হাতে লিয়া * হাকিয়া আছমানি হাক খেচিয়া জোরেতে॥ কোবাদের ছেরে তেগ মারিল গোস্বাতে*কোবাদ সে তেগ লিল ঢালেওড়াইয়া ॥ রদ হৈয়া গেল তেগ চলে সে ফিরিয়া*কোবাদ খেচিয়া তেগ মারিল তাহারে ॥ রদ সে করিল তেগ ঢাল দিয়া ছেরে * এই রূপে তেগ বাজি করে দু জওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * ঘড়ি চার মস্তহালে লড়ে এই ভাত ॥ দোহার তলওার জেন হইল করাত * গোর্জ্জ হাতে লিয়া ফের লাগিল লড়িতে॥ লড়িল বহুত কেহু নাহি পায় ফতে*বারেমা হইয়া গোস্বা গোর্জ্জ রেখে ফের ॥ কুদিয়া আইল হাতে লইয়া সমসের * খেচিয়া মারিল তেগ এয়ছাই জোরেতে॥ কোবাদ সেতাবি ঢাল ধরিল ছেরেতে * ঢালকে কাটীয়া তেগ গর্দ্দানে লাগিয়া ॥ গিরিল কোবাদ মর্দ্দ দুখান হইয়া * দেখিয়া ভাএর হাল কারান সর্দ্দার ॥ তেগ হাতে লিয়া চলে বলে মার২ * বারেমা আছিল জেথা ময়দান উপর ॥ পওছিল জাইয়া মর্দ্দ করে বড়া সোর * তামাম লস্কর গিয়া পিছে২ তার ॥ চারিদিগে ঘেরে সবে বলে মার২ * কেহ লিয়া নেজা গোর্জ্জ কেহু লিয়া তেগ ॥ দুসমন উপরে মারে হৈয়া বেদেরেগ * জাকে পায় মারে তায় না দেয় ছাড়িয়া ॥ এইরূপে লড়ে সবে দুদলে মিলিয়া * মস্তহালে মেরে চলে দেওানা এয়ছাই ॥ তেগ জোরে মেরে চলে তামাম সেফাই * দুদলে গিরিয়া গেল বহুত লস্কর ॥ আল্লা বিনে কেহ নাহি জানে তার ওর*ময়দানেতে লহুনদি চলিল বহিয়া॥ ঘোড়া জোড়া গেল সব লাল রঙ্গ হৈয়া * লড়িতে২ দিন গোজারিয়া গেল ॥ নিমাসাম হৈল রাত আসিয়া পওছিল * লড়াই মকুফ হৈল ফিরিল লস্কর ॥ জার জে ঘরেতে গিয়া খুলিল কোমর * খুসি হালে খানা পানি খায় পাকাইয়া ॥ রাত জোগে রহে সবে আরাম করিয়া * ফজর হইতে ফের বান্দিয়া কোমর ॥ চলিল ইরানি সবে ময়দান উপর * উদিকে তুরানি লোক সাজিয়া আইল ॥ দুই দলে ময়-দানেতে মোকাবেলা হৈল * বাজা বাজে ঠাই২ নাকারা নেশান ॥ শুনিয়া হইল মস্ত জত পাহালওান ঘোড়া করে হীন২ হাতি করে সোর ॥ তুফান চলিল জেন ময়দান উপর * মার২ হাক হাকে জতনাম দার ॥ একেবারে টুটে আইসে তামাম সওার * দুইদলে ঝুকে আইসে ছেফাই২॥ জোটের মাফিক সবে লাগিল লড়াই*একবারে লড়ে সব হইয়া মস্তানা॥মারে তেগ বেদেরেগ জেমন দেওানা * কে কোথা তলওার মারে ঠীক নাহি তার ॥ মেরে চলে দলে২ বলে মার২ * ঘোড়া হাকে চারিদিকে কুদিয়া বেড়ায় ॥ মারে তেগ বেদেরেগ জাবে জেথা পায় * দুই দলে মস্তহালে বলে মার২ ॥ ছাড়িয়া জানের আশা ইরানি সর্দ্দার * করিল বহুত জঙ্গ তুরানির সাতে ॥ কোনরূপে মহিমেতে না পাইয়া ফতে * টীকিতে না পারে শেসে ভাগেল হইল ॥ দেখিয়া তুরানি লোক ঘেরাও করিল * দিগে২ গেল জদি ভাগিয়া ছেফাই ॥ নওদর বিপাক তবে দেখিয়া এয়ছাই* আপনি লড়িতে আইল তেগ লিয়া হাতে ॥ ময়দানে হইয়া খাড়া লাগিল ভাবিতে * দেল বিচে এয়ছাই ভাবিল জাহাগির ॥ নাহক নোকছান হয় বান্দা এলাহির * এছাই ভাবিয়া দেলে কহিল হাকিয়া ॥ আফরাসিয়াবে এবে কহনা জাইয়া* আসিয়া

আর তোমা সবাকায় * না হবে বেজার কেহ নওদরের পরে ॥ তাবেদারি করে সব খোসাল খাতেরে এইরূপে বুঝাইয়া সর্দ্দার সবায় ॥ সেখান হইতে সাম চলিল ত্বরায় * আছিল নওদর সাহা বসে তক্ত পরে ॥ ছালাম তছলিম কৈল জাইয়া হুজুরে*তক্ত পরে বোছা দিয়া আদবের সাতে ॥ সাম জদি খাড়া হৈল বাদসার সাক্ষাতে * আছিল সর্দ্দার জত বেদেল হইয়া ॥ সকলে হইল খাড়া আদব মানিয়া * দেখিয়া নওদর সাহা সামের কারনে॥বসায় তাজিম করে আপনা সামনে * নানারূপে কত বাত সামের খাতির ॥ কহেন বয়ান করে বাদসা জাহাগীর * সাম জোরওার ফের বাদসার লাগিয়া ॥ নেকরাহা কত রূপে দিল বাতাইয়া*আদল এনছাফ খুব শিখাইয়া দিল ॥ নওদর সে নছিহতে খোসাল হইল* জুলুম করিল জত তওবা করিয়া ॥ সর্দ্দার সবার পরে খোসাল হইয়া * এনাম খেলাত কত দিল জাহাপানা ॥ রাএত প্রজারে মাফ করিল খাজানা* এক বচ্ছরের পেয়ে খাজানা রেহাই ॥ বাদসার উপরে খুসি হইল সবাই * এইরূপে সবাকারে খোসাল করিয়া ॥ ইরান হইতে সাম আইল ফিরিয়া * কিছুদিন গুজারিল বাদেতে তাহার ॥ মরিল জে সাম মর্দ্দ হইয়া বিমার * সুন এবে জেরূপেতে নওদরের সাতে ॥ আফ রাসিয়াব আসে মহিম করিতে * অধিন খাতের কহে আল্লা করি সার ॥ জার জে নছিবে লেখা হৈতে চাহে তার *

নওদর বাদসার সাতে আফরাসিয়াবের লড়াই *

পয়ার * তূরের নছল বিচে তুরান দেশেতে ॥ পাহালওান ছিল এক পোসাঙ্গ নামেতে * আফরা সিয়াব নামে বেটা ছিল তার ॥ বড় পাহালওান মর্দ্দ জোরে জোরওার * হুনুর হেকমতে মর্দ্দ হইল এছাই ॥ তার মত তুরান দেশেতে কেহ নাই*একদিন তারতরে পোসাঙ্গ ডাকিয়া ॥ কহিতে লাগিলে এহা বয়ান করিয়া * শুন বেটা আফরাসিয়াব তুঝে কই ॥ পাহালওান হেথা কেহ নাহি তোমা বই * তেকারনে কহি আমি তোমার কারনে ॥ তুরের খাতেরে দুক্ষ আছে মোর মনে * মনুচেহের বাদসা হয়ে ইরান সহরে ॥ মারিল সে তুর আর ছোল্লমের তরে * মরিয়া গিয়াছে মনুচেহের এখন ॥ সুনি য়াছি বেটা তার আছে একজন * নওদর বলিয়া নাম করে সে বাদসাই ॥ ইরান দেশেতে ফেরেতাহার দোহাই * এবে জদি পার তুমি ইরানে জাইয়া ॥ নওদর বাদসার সাতে লড়াই করিয়া * ছোল্লম * তুরের দাদ পারহ লইতে ॥ তবেত জাইবে দুখ মেরা দেল হৈতে * আফরাসিয়াব এহা সুনিল জখন ॥ ছালাম করিয়া কহে বাপের কারন* সেতাব দেহনা মুঝে করিয়া বিদাই ॥ জাইব ইরানে আমি করিতে লড়াই * দেখি সে নওদর সাহা রাখে কত জোর ॥ লড়ে সে কেমন করে বান্ধিয়া কোমর * তলওার মারিয়া তারে দিব উড়াইয়া ॥ ইরান দেসের তক্ত লিব ছিনাইয়া * ইহা জদি নাই করি মর্দ্দমির হালে ॥ তোমার ফরজন্দ তবে নহি কোনকালে * একথা শুনিয়া জে পোসাঙ্গ নামদার ॥ লস্করে হুকুমে কৈল হইতে তৈয়ার * বাদসার হুকুম পেয়ে তামাম লস্কর ॥ সেতাব তৈয়ার হৈল বান্ধিয়া কোমর* আফরা সিয়াব মর্দ্দ কমর বান্ধিয়া ॥ বাপের সামনে কহে সালাম করিয়া * তোমার হুকুম আমি মহিমেতে জাই দোওা দেহ মোর তরে ফতে জেন পাই * শুনিয়া পোসাঙ্গ সাহা খোসাল অন্তরে॥ দোওা দিয়া বিদায় করিয়া দিল তারে * ইরানে চলিল মর্দ্দ হইয়া তৈয়ার ॥ লস্কর লইয়া সাতে তিরিস হাজার * কহিল বাপের তরে জাবার সময় ॥ সাম জোরওারে খালি রাখি কিছু ভয় * আর জত পাহালওান মনুচেহেরের ॥ জদি তারা থাকে সবে ইরানে হাজের*তা হইলে মিলে তারা করিসে লড়াই ॥ মহিমের ফতে তাহাদের হবে নাই * এহা বলে আপন লস্কর সাতে লিয়া॥ইরানের নিকটেতে পওছিল আসিয়া ভাবা গোনা করে মর্দ্দ দেলের ভিতর ॥ কেমনে পাইব এবে সামের খবর* হেনকালে জাছুছ আসিয়া সেখানেতে ॥ আফরাসিয়াবে ইহা লাগিল কহিতে * সোন মর্দ্দ কহি আমি তোমার লাগিয়া ॥ সাম পাহালওান এবে গিয়াছে মরিয়া * আইনু হুজুরে তেরা দিতে সমাচার ॥ আফরাসিয়াব শুনে খোসাল হাজার * পেরেসানি ঘুচে গেল হৈল খুসি মন ॥ দেলেতে বুঝিল ফতে হইবে এখন * খুসি হৈয়া নামা এক তৈয়ার করিয়া ॥ আপন বাপের কাছে দিল পাঠাইয়া * সুন বাপ আন্দেসা না করিবে আপনি ॥ নেহাত খবর আমি পেয়েছি এখনি * নওদর বাদসার গেছে কোমর টুটিয়া ॥ সাম জোরওার

বিমার * এছাই বিমার হৈলে বাদসা জাহাগির॥নানা রুপে কত সত করিল তদবির * আজলের কাজা এসে ঘেরিয়াছে তায় ॥ তদবির কায়েতে নাহি আইসে সে সমায় * আখেরে ছফর পুরা হইল জখন দুনিয়া ছাড়িয়া সাহা গেলেন তখন * জমিন উপরে দেহ রহিল পড়িয়া ॥ গমেতার কান্দে সবে জারে দার হৈয়া * আরকান উজির কান্দে লস্কর সর্দ্দার ॥ নওদর বাপের সোগে কান্দে জারে জার * বহুত কান্দিয়া সবে বাদসার কারন ॥ আখেরে করিল সবে কাফন দফন*অধিন খাতের কহে মিছে এদুনিয়া মাল মাত্তা সাহি কোথা রহিল পড়িয়া * কোথায় রহিল সে পালঙ্গ আমিরানা ॥ আখেরে গোরেতে হৈল মাটীর বিছনা * দুনিয়ার কারখানা জত কারবার॥ চক্ষু বুজে ভেবে দেখ সকলি অসার * কত বাদসা কত নামি গেল খালি হাতে॥ সকলি রহিল পড়ে দুনিয়া বিচেতে* ভালা বুরা বুঝে শুজে কর সবে কাম ॥ হেথা সেথা জাহাতে হইবে পরিনাম *

নওদর সাহাজাদা তক্তে বসিবার বয়ান *

পয়ার * দুনিয়া ছাড়িয়া মনুচেহের জখন ॥ আপনার নিজ ঘরে করিল গমন*নওদর নামেতে এক বেটা জে তাহার ॥ তাজ ছেরে দিয়া মর্দ্দ তক্তে দিল বার* বাপের আদল সব বজায় রাখিয়া ॥ এনছাফ করেন খুব খোসাল হইয়া * এইরুপে কত দিন গোজারিয়া গেল ॥ বিধাতা হইল বাদি দুর্গতি ঘটিল জোলম করিতে শুরু করিল এমন ॥ লোক জোন সকলে হইল জালাতন * সেপাই সর্দ্দার সব নারাজ হইয়া ॥ তাবেদারি ছাড়িবার মছলত করিয়া * দোসরা দেসেতে বাদসা জে ছিল জেথায় ॥ এইরুপে নামা লিখে ভেজে তা সবায় * নওদর জুলুম কৈল মোদের উপর ॥ এহার জুলুমে মোরা হৈয়াছি কা-তর * এবে মোরা তাবেদারি ছাড়িয়া এহার ॥ করিব জে তাবেদারি তোমা সবাকার * পওছিবে আ সিয়া হেথা লস্কর লইয়া ॥ পোস্তপানা রব মোরা সকলে মিলিয়া * নওদর নারাজি দেখে লস্কর সবার ॥ ভাবা গোনা করে মর্দ্দ দেলে আপনার * এই সব হকিকত নামাতে লিখিয়া ॥ সাম ও জালের আগে দিল পাঠাইয়া * আর এহা লিখিল সে নামার বিচেতে॥ মরিল আমার বাপ জেই সামাএতে * এই নসিহত মুঝে কৈল বার২ ॥ জখন মুস্কিল কিছু ঘটিবে তোমার * সাম আর জালে দিবে খবর ভেজিয়া॥ পানাহি করিবে তারা মেহের করিয়া * তাহাদের বাজু জোরে আমার বাদসাই॥ দুস মনের ডর কভু দেলে রাখি নাই*সোন সাম জোরওার কহিজে তোমারে ॥ ঘটেছে মুস্কিল এবে আমার উপরে * মেহের করিয়া হেথা আসিবে আপনি॥ না আইলে আমি বড়া হব পেরেসানি * দুসমনি করিয়া মেরা লস্কর সেফাই ॥ মছলত কোরেছে এহা মিলিয়া সবাই * কোন রুপে মোর তরে হালাক করিয়া॥ তাজ তক্ত সাহি মেরা লিবে ছেনাইয়া * এই সব হকিকত লিখিয়া নামাতে॥ রওানা করিয়া দিল কাছেদের হাতে * হোথায় ইরানী লোগে সামের হুজুরে॥ আগে গিয়া পওছিয়াছে জুলুম খাতিরে * জে রুপে নওদর সাহা জোলম করিল॥ সামের খাতিরে সব সোনাইয়া দিল * এমন সময় লেখা পওছিল আসিয়া॥ লেখন পড়িয়া সাম মালুম করিয়া * মাজেন্দারা দেস হতে চলিল তখন॥ ইরানের নজদিগেতে পওছিল জখন * ইরানি তামাম লোগ খবর শুনিয়া আইল সামের আগে আগু বাড়াইয়া * আরজ করিয়া সবে লাগিল কহিতে॥ জুলুম করিল বাদসা মোদের পরেতে * বাদসার জুলুমে মোরা আছি পেরেসান॥ জিউ আন্ধা পাই মোরা সোন পাহাল ওান * আপনি তক্তের পরে গিয়া দেহ বার ॥ আমরা রহিব তেরা হুকুম বর্দ্দার * কএদ করিয়া এরে নওদর সাহায় ॥ বাদসাই করহ তুমি রাজি আছি তায়* একথা শুনিয়া সাম কহিল এছাই ॥ নওদর জে সাহাজাদা করেন বাদসাই*আমি জদি তাজ তক্ত লইব তাহার ॥ আল্লার দরগাতে বড়া হব গোনাগার মনুচেহে বাপ তার করিয়া মেহের ॥ দিয়াছে কএক দেস আমার খাতের * আর মনুচেহের জে লস্করে আপন ॥ সাহেব সর্দ্দার কৈল আমার কারন* নেমক খাইয়া তার করিলে বুরাই ॥ আলমে বদনামী রবে আখেরে সাজাই * তবে জদি বেটা কেহু থাকিত বাদসার॥ শুপিয়া দিতুন তারে বাদসাই মাদার * নওদর জোলম জদি করিল এছাই॥ না কর আন্দেসা কিছু তোমরা সবাই * এবে আমি নেক রাহা নওদরের তরে॥ বাতাইয়া দিব খুব মালামত করে* আদল এনছাফ দিব সেখাইয়া তায়॥ নাহবে জুলুম

লাগাইয়া লিল করিয়া পিয়ার * রোস্তম বাপের পায় সালাম করিল ॥ খোসাল হইয়া জাল দোওা তারে দিল * ওঠাইয়া রাখে ফের জত ছরঞ্জাম ॥ রহিল তামাম লোক করিয়া আরাম * জাল সাহা দেল বিচে খোসাল হইয়া ॥ বকসিস এনাম সবে দিল নেওাজিয়া * তাহা বাদে ফতে নামা লিখে রোস্তমের ॥ পাঠাইয়া দিল জাল সামের খাতের * লিখন পড়িয়া সাম খোসাল অন্তর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * দেল তাজা হৈল সুনে তাহার এমনি ॥ বুড়া ছিল ফের জেন পাইল জওানি * ইরানে খবর ফের হইল জাহির ॥ সুনিয়া ইরানি লোক খোসাল খাতির * দেলেতে ভরসা তারা করিল এছাই ॥ দুসমন জে সব লোক আছে ঠাই২ * এখন হইবে জের রোস্তমের হাতে ॥ আরামে রহিব আর না হবে লড়িতে * এইরুপে সকলেতে হৈয়া খুসি মন ॥ রোস্তমের তরে দোওা করে জনে জন * এই কথা এক্ষনে রহিল এই ঠাই ॥ মনুচেহেরের বাত সোনহ সবাই মহাম্মদ খাতের কহে দুনিয়া অসার ॥ জন্মিলে মওত ছাড়া নাহি আছে কার * আসিয়াছ খালিহাতে খালি জেতে হবে ॥ দুনিয়ার মাল মাত্তা পড়িয়া রহিবে * দুনিয়াতে ভালা বুরা করিবে জে কাম ॥ গিয়া গোরে তার ফল পাইবে মোদাম *

মনুচেহের বাদসার ওফাতের বয়ান *

পয়ার * মনুচেহের ইরানের তক্তে বার দিয়া ॥ কত দিন বাদসাই করিল খুসি হৈয়া* এক সওবিস সাল হইল জখন ॥ মালুম করিল সাহা আপনা মরন * নর্জ্জম তামাম লোকে মাঙ্গাইয়া লিল ॥ রাম্মাল দেখিতে সাহা সবারে কহিল * রাম্মাল দেখিয়া তারা কহে জনে জন ॥ তোমার হায়াত পুরা হইল এখন * ছফর হইল পুরা নারিবে রহিতে ॥ কোন ঘড়ি এবে তুঝে হইবে জাইতে * বুঝে সুজে আপনাকে কর এবে কাম ॥ হেথা সেথা জাহাতে হইবে পরিনাম * মনুচেহের এছা বাত শুনিল জখন নেহাত নিকটে জেনে আপনা মরন* বেটা এক ছিল মনুচেহের বাদসার ॥ নওদর বলিয়া নাম আছিল তাহার * বোলাইয়া তার তরে লাগিল কহিতে॥ ছফরহইল পুরা না পারি রহিতে* কোন ঘড়ি জেতে হবে ছাড়িয়া জাহান ॥ দের নাহি সহে মুঝে সোন বাবা জান * বসিয়া বাদসাই কর তক্তে দিয়া বার এনছাফ আইন ঠিক রাখিবে আমার * রাএত প্রজার তরে খুসিতে রাখিয়া ॥ দাদ খার দাদ দিবে বিচার করিয়া * হক বাত পরে বাবা হামেসা রহিবে ॥ তাহাতে আজার তুঝে নাহিক পওছিবে * এহার ছেওায় জদি কর বদি কাম ॥ আখেরে খারাবি হবে আলমে বদনাম * আর এক নছিহত সোন তার খুবি ॥ খাওারেতে পয়দা হৈয়াছে মুছা নবি * রহিবে একিদা মনে তাহার দিনেতে ॥ এলাহীর ভেজ্জা তিনি দুনিয়া বিচেতে * খলকুল্লা তার দিন কবুল করিবে ॥ না মানিবে জেই জন কাফের সে হবে * ফেরাউন তার সাতে করে তকব্বরি ॥ নামানিল দিন তার করে বালাজুরি*আখেরে মুছার হাতে মরিল বেপির ॥ দোজখে বসতি কৈল হইয়া কাফীর*তুমি সে নবির দিনে থাকিবে কারার ॥ কোনবাতে দুনিয়াতে না পাবে আজার * আর একবাত কহি সোন দেল দিয়া ॥ হোসাঙ্গের বেটা সেহ তুরান থাকিয়া সাতে লিয়া তুরানের সর্দ্দার সেফাই ॥ আসিয়া তোমার সাতে করিবে লড়াই * লোড়ে তুমি তার হাতে পেরেসান হবে ॥ লোগজন জত তেরা আজেজ হইবে * সোন বাবা তাহার মছলত কৈয়াজাই জখন আসিবে তারা করিতে লড়াই * জাল আর সামে তুমি খবর ভেজিবে ॥ তোমার কোমকে তারা আসিয়া পওছিবে * রোস্তম জালের বেটা বড় পাহালওান ॥ দুনিয়াতে নাহি কেহ তাহার সমান * মুল্লক সর্দ্দারি আমি দিছি তাহাদেরে ॥ আলবত্তা মেহের তারা করিবে তোমারে * তাদের মছলত লিয়া ফিরিবে মোদাম ॥ জেখানে হইবে জাহা মহিমের কাম*বুরাই করিলে বাবা না হইবে শুখ॥ কোন বাতে কেহ তৈরা না চাহিবে মুখ* মনুচেহের এইরূপে নওদরের তরে ॥ হরবাতে নছিহত করে ধীরে ধীরে* সাহাজাদা নওদর বাপের কথা শুনে ॥ জারে জার হৈয়া কান্দে অঝর নয়নে * কহে হায় আল্লা মুঝে অনাথ করিলে ॥ তুমি ছেওা আর কেহ নাহি মেরা হালে * বাপের কোমকে ছিনু খোসাল হাজার ॥. বাপ বিনা কেবা আর করিবে পেয়ার * এইরূপে সাহাজদা বাপের লাগিয়া ॥ হামেসা রোদন করে আফছোছ করিয়া * কত দিন গোজারিলে বাদেতে তাহার ॥ মনুচেহের আচানক হইল

জে চলিয়া গেল একথা কহিয়া ॥ নেমক লইব কাল ফজরে আসিয়া * রোস্তম রহিয়া সেথা কেল্লার বিচেতে ॥ খানা পানি পাকাইয়া খায় সকলেতে * হৈল জেই সমাএতে রাত দুই পহর ॥ হাতিয়ার লইয়া সবে বান্দিয়া কোম্মর * জেখানে আছিল সেই কেল্লার সর্দ্দার ॥ হাকিল জাইয়া সেথা বলেমার২ চমকিয়া ওঠে সবে শুনে সেই হাক ॥ কহে একি রাত কালে ঘটীল বিপাক * জাগিয়া তামাম লোক উঠিল কেল্লার ॥ দিগে২ হাকে সবে বলে মার২ * আন্দার আছিল রাত না পায় দেখিতে ॥ এইরূপে হাকাহাকি করে সকলেতে*খোদার ফজলে রাত পোহাইয়া গেল ॥ ফজর হইল সবে দেখিতে পাইল গজব করিয়া জত কেল্লার সর্দ্দার ॥ হাকিয়া আইল সবে বলে মার মার * রোস্তম কেল্লার বিচে আছিল জেখানে ॥ পাহাড়িয়া জঙ্গি সব আইল সেখানে * কেল্লার কোতওাল গিধী করে জোর সোর ॥ গোস্বায় খেচিল তেগ রোস্তম উপর * কহে কাল আইলে তুমি সওদাগর হৈয়া ॥ লড়িতে আইলে এবে কোঙ্কর বান্দিয়া * মেরা এই তেগ তুমি সামাল এখন ॥ এক চোটে দিব তোর কাটীয়া গর্দ্দান * এহা বলে মারে তেগ রোস্তমের ছেরে ॥ রোস্তম সে তেগলিল ঢালের উপরে*রদ হৈয়া গেল তেগ চলিল ফিরিয়া ॥ রোস্তম কমরে তার ধরিল জাইয়া * বাওভরে ওঠাইয়া মারিল কাছাড় ॥ খান২ হৈয়া গেল কোতওালের হাড় * রোস্তমের জোব দেখে তামাম সেপাই ॥ চারিদিগে ঘিরে আইল করিতে লড়াই রোস্তম দেখিল জদি ঘেরাও করিল ॥ মার২ বলে মর্দ্দ কুদিয়া উঠিল * পাহালওান ছিল জারা রোস্তমের সাতে ॥ দিগে চলে সবে তেগ লিয়া হাতে * হাকিয়া আছমানি হাক খেচে মারে তেগ ॥ মেরে চলে দলে২ না করে দেরেগ * রোস্তম মারিয়া তেগ চলিল কাটীয়া ॥ ঝাকে২ কত লোকে দেয় গেরাইয়া*বহাইল কেল্লা বিচে লহুর তুফান ॥ দরওাজা ডুবিয়া চলে বহে জেন বান * পাহাড়িয়া লোক কত কেল্লা বিচে ছিল ॥ মারিয়া তা সবাকারে ছারখার কৈল * রোস্তমের আগে কেহু না পারে টিকিতে ॥ দিগে২ জান লিয়া লাগিল ভাগিতে*মারা গেল জত ছিল কেল্লার সরদার ॥ লড়াই করিতে কেহু নাহি আইসে আর * ফতে হৈয়া গেল কেল্লা থামিল লড়াই ॥ পাহাড়েতে রোস্তমের ফিরিল দোহাই * রোস্তমের সঙ্গেতে জে সব লোক ছিল ॥ কেল্লার সামানা সব লুটিয়া লইল * এছাই আজব চিজ আছিল সেথায় ॥ তেয়ছা চিজ কভু কেহু দেখিতে না পায় * ছরদার জে ছিল সেই কেল্লার বিচেতে. জাইয়া পৌছিল তার ঘরের কাছেতে * রোস্তম তাজ্জব হইল ঘর দেখে তার ॥ পাথরের জমি আর লোহার দেওার*সোনার গম্বজ তার আছিল উপরে॥ রোস্তম দেখিয়া গেল ঘরের ভিতরে*তেলেছমাতি কাম সেই ঘরেতে দেখিয়া ॥ না রাখিল তেলেছমাত ডালিল তুড়িয়া * তার পরে রোস্তম হইয়া খুসি মন ॥ নামা লেখে আপনার বাপের কারন * লিখিল সে নামা বিচে এই সমাচার ॥ পাহাড়ের কেল্লা ফতে হইল আমার * এই খানে থাকি কিম্বা গিয়া হেতা হৈতে ॥ আপনা ছামনে থাকি ছিস্তান দেশেতে * জেয়ছাই হুকুম আপে করিবে আমায় ॥ হুকুম মাফিক কাম আনিব বাজায় * এইরূপে লেখা পড়ি তৈয়ার করিয়া ॥ আপনা বাপের আগে দিল পাঠাইয়া * কাছেদ লিখন দিল গিয়া সেতাবিতে ॥ হাজের করিয়া দিল জালের সাক্ষাতে * জাল মর্দ্দ রোস্তোমের লিখন পাইয়া ॥ পড়িয়া তামাম ভেদ মালুম করিয়া * হইয়া বহুত খুসি দরগাতে খোদার ॥ হাত উঠাইয়া ভেজে সোকর হাজার* তার পরে রোস্তমের তারিফ করিয়া ॥ নামার জওাব লিখে দিল পাঠাইয়া * লিখিল জওাব এই রোস্তমের তরে॥হাজার তারিফ তেরা দস্ত বাজু পরে * এমন কঠিন কেল্লা পাহাড় বিচেতে ॥ কবজ করিলে তাহা হুনুর হেকমতে * ফতে নামা সুনে তেরা খুসি হইনু মনে ॥ সেথা না রহিবে বাবা আসিবে এখানে * না দেখে তোমার তরে আছি বেকারার ॥ না আইলে হবে বড় মুস্কিল আমার * ভাল২ চিজ জাহা সেখানে পাইবে ॥ লুটিয়া সে সব চিজ এখানে আনিবে* আগ লাগাইয়া কেল্লা দেহ জালাইয়া ॥ জাহাতে দুসমন কেহু না থাকে বাচিয়া * এইরুপে জওাব লিখিয়া নামদার ॥ পাহাড়ে ভেজিল জেথা রোস্তম ছরদার * বাপের লিখন পেয়ে রোস্তম মর্দ্দানা ॥ লইয়া সে কেল্লা হইতে তামাম ছামানা * লোকজন আপনার লইয়া সঙ্গেতে ॥ খুসিতে পৌছিল এসে সিস্তান দেশেতে * রোস্তম আইল জাল খবর শুনিয়া ॥ আপনি আনিতে চলে আগু বাড়াইয়া * বেটাকে দেখিয়া জাল খোসাল হাজার ॥ ছাতি

নেকলিয়া * সেহাল দেখিয়া আর লস্কর সেপাই ॥ সেখান হইতে আইল ফিরিয়া সবাই* সেই হৈতে ছেপান্দ পাহাড়ে লড়িবারে ॥ হেক্মত করিয়া কেহ জাইতে না পারে * লোকের জবানি এহা রোস্তম শুনিয়া ॥ মস্ত হৈল পাহাড়েতে জাইবে বলিয়া*কহিল জালের তরে দেহনা বিদাই ॥ দাদার বাপেরদাদ লইবারে জাই * জাল সুনে কহিতে লাগিল রোস্তমেরে ॥ বড়া তেলেছমাতি কেল্লা পাহাড় উপরে কেমনে জাইয়া সেথা করিবে লড়াই ॥ পাহাড়ের নিচে থেকে দাও মেলে নাই* দাদা তেরা লড়ে কত দেসে২ গিয়া ॥ পাহাড়ে না জায় কভু হেক্মত করিয়া * একান্ত লড়িতে জদি জাবে বাবা জান ॥ সাতে করে লেহ বড়া২ পাহালওান * আল্লাকে সুপিনু জাহ করিতে লড়াই ॥ এহা বলে রোস্তমেরে করিল বিদাই * রোস্তম বাপের আগে বিদাই হইয়া ॥ রওানা হইল মর্দ্দ এলাহি ভাবিয়া* লস্কর লইয়া সাতে কত রোজ পিছে ॥ পওছিল জাইয়া সেই পাহাড়ের নিচে * বড়া উচা পাহাড় সে কেল্লা উপরেতে দাও নাহি পায় মর্দ্দ উপরে জাইতে * পাহাড়িয়া লোক জত উপরে তাহার ॥ বন্দ করে রহে সবে কেল্লার দুওার * রোস্তম বেদাও দেখে ভাবে মনে২ ॥ কহে পাহাড়ের পরে জাইব কেমনে * হেকমত করিতে কিছু নাহিক পারিয়া ॥ পাহাড়ের নিচে রহে লস্কর লইয়া * এইরূপে কত রোজ গোজারিয়া গেল ॥ সাম জোরওার হোথা খবর পাইল* মাজান্দারা দেসে ছিল সাম জোরওার ॥ লোক মুখে শুনে রোস্তমের সমাচার * দেলগির হইয়া সাম লাগিল ভাবিতে ॥ কহে পাছে দুখ পায় দুসমনের হাতে পাহাড়িয়া লোক তারা ধরে বড়া জোর ॥ কঠিন তাদের কেল্লা পাহাড় উপর * কেল্লার ভিতরে তার না পারিলে জাইতে ॥ কোন রূপে না পারিবে লড়াই করিতে * বাপ মেরা নুরিমান মরেছে সেথায় রোস্তম গিয়াছে এবে কি করি উপায় * পেরেসান হৈয়া মর্দ্দ রোস্তম লাগিয়া ॥ সেথাকার জঙ্গ সব মকুফ রাখিয়া * আপনার লস্কর সর্দ্দার লিয়া সাতে ॥ রোস্তমের কোমকে আইল পাহাড়েতে*নিকটে আইল জবে লইয়া লস্কর ॥ পাইয়া রোস্তম মর্দ্দ দাদার খবর * তাজিম করিয়া আনে আগু বাড়াইয়া রোস্তমে লইল সাম ছাতি লাগাইয়া * তার পরে লিয়া সব লস্কর সর্দ্দার ॥ ঘিরিয়া কহিল সে কেল্লার চারি ধার * তিন সাল সেই খানে গোজারে এছাই ॥ দাও না পাইল কিছু করিতে লড়াই * আখেরে রোস্তমে সাম কহে বুঝাইয়া॥ ফিরিয়া জাহনা তুমি লস্কর লইয়া* আমিহ লস্কর লিয়া জাই হেথা হৈতে মাজন্দারা দেস বিচে মহিম করিতে * এহা বলে রোস্তমেরে বিদায় করিয়া ॥ ফের এ হেকমত সাম কহে বুঝাইয়া * সওদাগরি ভেস করে কোন রকমেতে॥ জদ্যপি জাইতে পার কেল্লার কিল্লার বিচেতে তবে সেথা মহিমের হইবে তদবির ॥ এহার সেওায় কিছু না দেখি ফিকির * রোস্তম এ কথা শুনে লাগিল কহিতে ॥ আল্লা জদি চাহে গিয়া কেল্লার বিচেতে * ছারখার করে কেল্লা খাকে মেলাইব॥ পাহালওানি নাম তবে আলমে ধরিব * এহা বলে লিয়া সব লস্কর সেপাই ॥ দাদাকে সালাম করে হইল বিদায়*সাম জোরওার মর্দ্দ লস্কর লইয়া ॥ মাজন্দারা দেস বিচে পওছিল জাইয়া * তখন রোস্তম হেথা করে কোন কাম ॥ রেখে এক ময়দানেতে লস্কর তামাম * বড়া২ পাহালওান লইল চুনিয়া ॥ মিলে সবে ছওদাগার ভেস বানাইয়া * কিবা সওদা লিয়া জাব ভাবিতে আছিল ॥ জাছুছের মুখে এছা খবর পাইল*কহিল সে রোস্তমেরে নেহাত খবর ॥ নেমক নাহিক মেলে কেল্লার ভিতর* রোস্তম একথা শুনে খোসাল হইয়া ॥ কএক উটের বোঝা নেমক লইয়া * পুসিদাতে নেমকের ছালার মাঝার ॥ লইয়া জে লড়াএর জতেক হাতিয়ার * উট হেকে চলে সবে সওদাগর হৈয়া ॥ কেল্লার দরওাজা পরে পওছিল জাইয়া * নেঘাবান ছিল এক দরওাজা উপরে ॥ গিয়া সে খবর দিল কেল্লার সর্দ্দারে * আসিয়াছে সওদাগর নেমক লইয়া ॥ দরওাজা বাহিরে সবে আছে ডাড়াইয়া * সুনে সে কহিল সবে দরওানের তরে সওদাগর দিগে আন আমার হুজুরে*দরওান হুকুম পেয়ে দুওার খুলিয়া ॥ সওদাগর সবাকারে সাতে করে লিয়া * আছিল সরদার জেথা কেল্লার ভিতরে॥ হাজের করিল সেথা লিয়া সবাকারে * সওদাগর আসিয়াছে সুনিয়া সবাই॥কেল্লার তামাম লোক আইল ধাওাধাই * খোসাল হইল সবে নেমক দেখিয়া কহে এবে খানা খাব আছুদা হইয়া * নেমক বেগর খানা খাওা ছিল ভার ॥ কোন চিজ খাইলে না লাগে মজাদার * এইরূপে জনে২ কহিতে আছিল ॥ দিন গোজারিয়া গেল নিমাসাম হৈল * জার

ও ার মারে নাহিক শুমার * মারা গেল দুইদলে বহুত লস্কর ॥ জামা জোড়া লহুতে হইল সোরবোর * গোস্বা ভরে তেগ মারে সাম জোরওয়ার॥ টীকিতে না পারে কেহ সামনে তাহার * আখেরে লস্কর জত বক্তার দেসের ॥ আরজ করিয়া কহে সামের খাঁতের * মাফ কর পাহালওান জিউ আম্মা পাই॥ না রিব তোমার সাতে করিতে লড়াই*আজিজি মিন্নতি সাম দেখিয়া তাদের। মাফ করে দিল তাহাসবার খাতের * মহিম করিয়া ফতে আইল ফিরিয়া ॥ খুসিহালে রহে মর্দ্দ লস্কর লইয়া*ফিরিল বাক্তারদেসে সামের দোহাই ॥ দুসমন হইল জের ঘুচিল বালাই * এখানেতে জাল মর্দ্দ রোস্তমে লইয়া ॥ ছিস্তান মুল্লক বিচে পঙছিল জাইয়া * সেই দেস ছিল মণুচেহের সাহার ॥ আব হাওা বড়ই মাকুল সেথাকার মণুচেহের আপনার খুসির কারনে॥ বাগিচা তৈয়ার করে ছিল সেইখানে * বাগিচা ভিতরে বানাইয়া ছিল ঘর ॥ হর বাতে খুবি তাতে নাহি ছিল ডর * জাল ও রোস্তম গিয়া সেই বাগিচাতে বালাখানা বিচে রহে আরামের সাতে * খুসি হালে আপনার লোক জন লিয়া ॥ এছাই কএক রোজ গেল গোজারিয়া * অনাচক এক রাত সহর হইতে ॥ সোর গোল করে লোক লাগিল ভাগিতে *রো স্তম সুনিতে পেয়ে পুছিল খবর ॥ কহ এ কিসের গোল সহর ভিতর * রোস্তমের তরে লোক কহে সমাচার ॥ সহরেতে হাতি এক আছিল বাদসার* সেই হাতি আজ রাতে জিঞ্জির তুড়িয়া ॥ বহুত লো গের তরে ডালিল মারিয়া * মস্তহালে চারিদিগে ঘুরিয়া বেড়ায় ॥ মেরে ডালে জার তরে সুমুখেতে পায় * রোস্তম এ কথা সুনে কোমর বান্ধিয়া ॥ বাহির হইল তির কামান লইয়া * পাহালওানি জোস তার বদনে আইল ॥ হাতির তরফে মর্দ্দ কুদিয়া চলিল * বাজারের দরওাজাতে পঙছিল জখন ॥ দে খিয়া দরওাজা বন্দ ভাবে মনে মন*দরওানের তরে মর্দ্দ কহিল হাকিয়া ॥ সেতাবি করিয়া দেহ দুওার খুলিয়া*দরওান কহিল এই রাত অন্ধকার ॥ কোনমতে আমি নাহি খুলিব দুওার * কি জানি সে হাতি জদি আসিয়া এখানে ॥ মেরে ডালে লোক জন সবার কারনে * এখান হইতে তুমি জাহ না ফিরিয়া ॥ হাতি জদি আইসে তুঝে ডালিবে মারিয়া*রোস্তম এ কথা সুনে হৈয়া গোস্বা মন॥ মুক্কি এক লাগাইল দরওানে তখন * এছাই জোরেতে মুক্কি মারিল মাথায় ॥ জমিনেতে পড়িয়া সে মারা গেল ঠায় * জত লোক ছিল সেথা দেখিয়া এছাই ॥ ডরে ডরাইয়া তারা ভাগিল সবাই * আখেরে রোস্তম সেই দরওাজা তুড়িয়া॥হাতি জেথা কুদে ফেরে পঙছিল জাইয়া* হাকিয়া আছমানি হাক তেগ লিয়াহাতে জোরেতে খেচিয়া মারে হাতির পরেতে * এছাই জোরেতে তেগ মেরেছিল তায় ॥ জমীনে গিরিয়া হাতি মারা গেল ঠায় * মারিয়া হাতির তরে খোসাল হইয়া ॥ মাকানে জাইয়া মর্দ্দ রহিল শুইয়া * হাতি মারা গেল জাল শুনে সমাচার ॥ দেলের বিচেতে করে আফছোছ হাজার * কেন না সে হাতি মনুচেহেরের ছিল ॥ রোস্তম তাহার তরে মারিয়া ডালিল * কি জানি বেজার পাছে হয় জাহা গির ॥ আফছোছ করিল জাল এহার খাতির *কিন্তু মনে মনে খুসি হইয়া আপনার ॥ খোদার দরগাতে ভেজে সোকর হাজার * রোস্তমেরে বোলাইয়া খোসাল খাতেরে ॥ বুছা লাগাইল তার দস্ত বাজু পরে মোনে ভাবে সোনে জদি রোস্তম পিলতন ॥ নুরিমার দাদ লিতে পারিবে এখন * এহা বলে ভাবে গুনে খামসিয়া রহে ॥ ণুরিমার হাল কিছু রোস্তমে না কহে * সোন সবে ণুরিমা সে কোন জন ছিল । তাহার উপরে কেয়ছা হাল গোজারিল * পাহাড় আছিল এক সেপান্দ নামেতে ॥ বড় এক কেল্লা ছিল তাহার পরেতে * দুসমন আছিল তাথে ফেরেদু বাদসার ॥ তেকারনে এক রোজ বাদসা নাম দার * হুকুম করিয়া ছিল নুরিমার তরে ॥ লস্কর লইয়া জাও পাহাড় উপরে * বড় তেলেছমাতি কেল্লা পাহাড় বিচেতে ॥ লাড়িতে হইবে সেথা হুনুর হেকমতে * কোন রূপে লিয়া জদি আপনা ল- স্কর ॥ জেতে পার পাহাড়েতে কেল্লার ভিতর * তবেত হইবে ফতে সেখানে লড়াই ॥ পাহাড়ের নিচে থেকে দাও মেলে নাই * নুনিমা এ কথা সুনে লস্কর লইয়া ॥ছেপান্দ পাহাড় জেথা পঙছিল জাইয়া * উপরেতে কেল্লা বিচে জাইতে নারিল ॥ পাহাড়ের নীচে সব ঘিরিয়া রহিল * ণুরিমা সর্দ্দার জেথা আছিল নিচেতে ॥ দাও ঠাহরিয়া তারা উপর হইতে * গড়াইয়া এনে এক দারুন পাথর ॥ ফেলে দিল ণুরিমার ছেরের উপর * নুরিমা সে পাথরের চাপানে পড়িয়া ॥ মারা গেল জান তার গেল

দেখিয়া * খুসিতে গায়ের জামা তঙ্গ হৈল তার ॥ আল্লার দরগায় ভেজে সোকর হাজার * জাল রোস্তম দোহে সেতাবি করিয়া ॥ ঘোড়া হৈতে ওতরিল তাজিম লাগিয়া * সাম জোরওার ফের নাে ঘোড়া হৈতে ॥ রোস্তম নামিতে চাহে তাজিমের ওাস্তে * দেখিয়া করিল মানা সাম জোরওার ॥ নাহি নাব রহ তুমি হাতিতে সওার * দেলের বিচেতে সাদ রাখি এ সর্ব্বদা ॥ মোরতবা সবা হৈতে দেয় তুঝে খোদা * এহা বলে রোস্তমেরে ছাতি লাগাইয়া ॥ হাতির উপর হৈতে লিল ওতরিয়া * বসিল জাইয়া তক্তে সাম জোরওার ॥ বসাইল রোস্তমে সামনে আপনার * ডাহিন তরফে জাল বসিল বাপের মেহরাব বসিল বায়ে খোসাল খাতের * আরকান উজির সব চারিদীগে খাড়া ॥ জনে জনে ছাতি পরে হাত রেখে জোড়া * তার পরে দেল বিচে খোসাল হইয়া ॥ সারাব কাবাব খায় সকলে মিলিয়া বহুত তারিফ করে রোস্তম কারন ॥ ছেরে মুখে বোছা দিল করিয়া জতন*রোস্তম তারিফ করেআপনা দাদায় ॥ হাত তুলে দোওা মাঙ্গে খোদার দরগায় * এলাহি কাএম রাখে দাদাকে আমার ॥ দুসমন হা মেসা জের তলওারে জাহার * এহা বলে কহে ফের সামের খাতির ॥ আমিত গোলাম তেরা সোন জাহাগির*জিউ নাহি মানে মেরা ঘরেতে থাকিয়া॥ ঘোড়া জোড়া মোর তরে দেহনেওাজিয়া*নেজা গোর্জ্জ তির তেগ দেহ মোর তরে॥সাদ রাখি দেল বিচে জাব লড়িবারে* দুসমন জে কেহ আছে তে মার আমার ॥ মারিব তা সবাপরে খেচিয়া তলওার * মহিমের সাদ বড় হয় মোর মনে ॥ খোসাল হ ইল সাম এই কথা সুনে * জামা জোড়া তঙ্গ হৈল বাড়িল হেম্মত ॥ বুড়া ছিল হইল ফের জওানি কু ওত * খুসির জসন করে মস্তানা হালেতে ॥ সারাব কাবাব সবে খায় খোসালিতে * রোবাব তাম্বুরা বাজে মধু হেন সুন ॥ নেসা পিএ সকলেতে হৈল চুরাচুর * মেহরাব হইয়া মস্ত লাগিল কহিতে ॥ ডর নাহি রাখি এবে দুসমন হইতে * আমি আর নাতি মেরা রোস্তম সর্দ্দার ॥ দুইজনে মোরা জবে ধরিব তলওার * দুসমনে মারিয়া দিব খাকে মেলাইয়া ॥ কার সাদ্ধ আছে লড়ে সুমুখে আসিয়া * জাহা নেতে আমি আর রোস্তম পাহালওান ॥ আর কারে নাহি দেখি মোদের সমান * এবে দুসমনের পরে মারিয়া তলওার ॥ আইন করিব জারি জোহাক বাদসার*এই রূপে কহে মর্দ্দ হইয়া মস্তহাল॥হাসিতে লাগিল সুনে সামআর জাল * এইমতে হেথা সামরোস্তমে লইয়া ॥ নানারঙ্গে খুসিকরে আমদেমাতিয়া হোথায় সামের জত লস্কর সেফাই॥ মাজন্দারানের দেসে করিয়া লড়াই* বক্তার মুল্লুকে ফের দুসমনের সাতে ॥ রোজ২ করে জঙ্গ নাহি পায় ফতে * সাম জোরওার জবে আইল জাবলে ॥ না দেখে দুসমনে সবে এই কথা বলে * আমাদের সাতে সাম লড়িতে নারিয়া ॥ এখান হইতে মর্দ্দ গেছে পালাইয়া * কহিয়া এছাই বাত লইয়া লস্কর ॥ রোজ রোজ জঙ্গ করে বান্ধিয়া কোমর * সামের লস্কর সব কোমর বান্ধিয়া ॥ লড়ে দুসমনের সাতে ফতের লাগিয়া * কোনমতে ফতে নাহি পাইয়া আখেরে ॥ লেখন ভেজিয়া দিল সামের হুজুরে * জাবল দেসেতে সাম ছিল খুসি হইয়া ॥ কাছেদ লিখন লিয়া পওছিল আসিয়া * ছালাম করিয়া সামে লিখন সে দিল ॥ মনে মনে পড়ে লেখা ওাকেফ হইল * সেথাকার হাল সব বুঝিয়া তামাম ॥ ছাড়িয়া দিলেন জত আএস আরাম*তার পরে জাল আর রোস্তমে ডাকিয়া কহিতে লাগিল মর্দ্দ সুন দেল দিয়া * কোনমতে দিনিকাম নাহিক ছাড়িবে॥ এছলামি আইন মত বিচার করিবে * হর হালে সবার রাখিবে খুসি মন ॥ রাএত প্রজার খুব করিবে পালন * জাল ও রোস্তম সামে এ কথা কহিয়া ॥ চলিল বক্তার দেসে রওানা হইয়া * কএক রোজেতে চলে বক্তার স- হবে ॥ দুদলে লস্কর দেখে ময়দান উপরে* দুসমনের সাতে লড়ে তামাম সেফাই ॥ এইমতে করে সবে হামেসা লড়াই* লস্করের বিচে সাম পওছিল আসিয়া ॥ আইল তামাম লোগ আগু বাড়াইয়া ॥ ছালাম তছলিম কৈল সবে জনে জন ॥ সাম তা সবারে দেখে হৈল খুসি মন * সরদার সবারে লিল ছাতি লাগাইয়া ॥ সে দিন লড়াই গেল মকুফ হইয়া * সাদিয়ানা বাজা বাজে লস্কর বিচেতে ॥ সারাব কাবাব সবে খায় খোসালিতে * দোছরা রোজেতে ফের হইল নিদান ॥ দুদলে লস্কর সেজে আইল ময়দান ॥ সাম জোরওার মর্দ্দ তেগ লিয়া হাতে ॥ আইল ময়দান পরে মহিম করিতে * একেবারে সেজে আইল দুসমন সেফাই ॥ জোটের মাফিক সবে লাগিল লড়াই* মার২ ধর২ হৈল সোর সার ॥ কে কোথা তল

ফজলে জাবে আরাম হইয়া * একথা শুনিয়া জাল জাইয়া অন্দরে ॥ সরাব খেলাএ দিল বিবী খা-তেরে * বেহুস হইল বিবী সারাব খাইয়া॥জাল তবে এলাহিকে ইয়াদ করিয়া* বেছমিল্লা বলিয়া পেট চিরিয়া বিবীর ॥ সহজে লাড়কারে লিল করিয়া বাহির * পয়দা হইল লাড়কা চান্দের রৌসন ॥ বড়া মোটা তাজা জেন হাতির মতন * লাড়কারে দেখিয়া জাল খোসাল অন্তর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * সেতাবি করিয়া ফের বুঝিয়া ভালাই ॥ দিলেন বিবীর পেট করিয়া সেলাই * রুদাবা বিবীর এক আছিল বহিনি ॥ সুনে সে খবর এছা লোকের জবানি * দুই চক্ষে বহে বারি কান্দিয়া২ বহিনে দেখিতে বিবী পঁওছিল আসিয়া*দেখিয়া বিবীর হাল কান্দে জারে জার ॥ কহে হায় মারাগেল বহিন আমার * জাল তারে একে২ কহে বুঝাইয়া ॥ না কান্দ বহিনী তেরা আছেত বাঁচিয়া * যোর গের জত বাত বুঝাইয়া কহে॥ তবে সে কান্দনা ছেড়ে চুপ হইয়া রহে*তাহার বাদেতে সেই ঘাসকে বাটীয়া ॥ বিবীর জখম পরে দিল লাগাইয়া * খোদার ফজলে ঘাও আরাম হইল ॥ বেহুসি ছুটিল বিবী উঠীয়া বসিল * দেখিয়া বহিনী তার হৈয়া খুসি মন ॥ লাড়কারে লইয়া কোলে দিলেন তখন*দে খিয়া রুদাবা বিবী লাড়কার জামাল ॥ সব দুক্ষু নিবারিয়া হইল খোসাল * জাল সাহা দেখে জবে লাড় কার খাতের ॥ রুপ রঙ্গ কদ ঠীক আপনা বাপের*খুসিতে নজ্জুম ডেকে গননা করিয়া॥ রাখিল বেটার নাম রোস্তম বলিয়া * চিত্রকর মাঙ্গাইয়া তাহার বাদেতে॥ রোস্তমের রূপ রঙ্গ লিখীয়া পটেতে* আর এক নামা লিখে খবর খুসির ॥ কাছেদ মারফতে ভেজে বাপের খাতির * গর্গছারি দেসে ছিল সাম জোরওার ॥ কাসেদ পঁওছিল গিয়া হুজুরে তাহার * লেখা আর পট দিল সালাম করিয়া ॥ বাকী জ্বা-জবানি কথা দিল সোনাইয়া * লেখন পড়িয়া সাম খোসাল হাজার ॥ খুসিতে গাএর জামা তঙ্গ হৈল তার * মেলাএ দেখিল ফের পটের ছুরাত ॥ আপনা ছুরাতে কিছু না হৈল তফাত * মনাজাত করে মর্দ্দ হাত ওঠাইয়া ॥ কাএম রাখিবে আল্লা হায়াত বকসিয়া * এহা বলে মালমাত্তা হাজারে হাজার ॥ খয়রাত করিল সাম রাহেতে খোদার * তার পরে সেথা হৈতে কাসেদ ফিরিয়া ॥ কাবল মুল্লক বিচে পঁওছিল আসিয়া * মেহেরাব নামেতে বাদসা নানা রোস্তমের ॥ রোস্তমের হাল তারে করিল জা হের*সুনে সে খোসাল হৈল নাতির খবর ॥ খোদার দরগায় গেজে হাজার সোকর * জামা জোড়া মাল মাত্তা কাসেদেরে দিয়া ॥ খুসি হৈয়া দিল সাহা বিদায় করিয়া * তারপরে সোন রোস্তমের বিব-রন ॥ জেমন ছুরাতে হেতা হয় সে পালন * সাত জনা দাই দিল মোকারোর করে ॥ খেয়ে তা সবার দুধ পেট নাহি ভরে*কখন গাএর দুধ জদ্যপি খাইত॥পেট না ভরিত তাতে আছুদা না হৈত* জখন সিখিল ফের খানা খাইবারে ॥ পাচ বকরি পাকাইয়া দিতে হৈত তারে * খাইত তামাম গোস্ত রোস্তম মর্দ্দানা ॥ এইরূপে রোজ২ দিতে হৈত খানা * দেখিয়া তাজ্জব হৈয়া রহিত সবাই ॥ কহিতে এছাই মোরা দেখি সুনি নাই * বড়া পাহালওান হবে রোস্তম মর্দ্দানা ॥ খোরাকেতে জানা গেল তাহার ন মুনা * এইরুপে পাচ বকরি হামেহাল খায় ॥ খুসি হালে তিন সাল গোজারিয়া জায় * জখন সিখীল লাড়কা চলিতে ফিরীতে ॥ কুদিয়া সওার হৈত ঘোড়ার পরেতে* আপনা বাপের গোর্জ্জ হাতে ওঠা ইয়া ॥ ফিরীত জেমন কেহু ফেরে লাঠী লিয়া * দেখিয়া কহিত লোক রোস্তমের তরে ॥ তিন বরছের লাড়কা এত জোর ধরে * নাহিক দেখিনু কেহ না সুনিনু কানে ॥ এছা জোরওার কেবা হৈয়াছে জা-হানে * সাম হৈতে রোস্তম হইবে জোরওার ॥ জদ্যপী বাচিয়া থাকে ফজলে খোদার * এইরুপে কহে সবে রোস্তমে দেখিয়া ॥ সামের খবরকিছু সোন দেল দিয়া* গর্গছারি আর মাজন্দারার দেসেতে সাম জোরওার মর্দ্দ আছিল লড়িতে * দেল বিচে সাদ তার হইল এছাই ॥ রোস্তম হইল কৈয়ছা দেখিবারে চাই * এছাই ভাবিয়া জঙ্গ মকুফ রাখিয়া ॥ আইল জাবল দেসে খোসাল হইয়া * হো-থায় মেহরাব সাহা কাবল হইতে ॥ জাবল দেসেতে আইসে নাতিকে দেখিতে * সাম না আসিতে আগে পঁওছিল আসিয়া ॥ খোসাল হইল বাদসা নাতিকে দেখিয়া * তার পরে সাম জবে নজদিগে আইল ॥ জাল মেহরাব দোহে আগু বাড়াইল * রোস্তমে চড়াএ এক হাতির উপরে ॥ সাতে করে লিয়া গেল তাজ দিয়া ছেরে * সাম জোরওার জবে পঁওছিল আসিয়া ॥ রোস্তমে হাতির সরে সওার

জালের সাদি আর রোস্তমের পয়দাসের বয়ান ॥

পয়ার * জালকে জাবল দেসে বাদসাই সুপিয়া ॥ গর্গছারি দেসে সাম গেলেন চলিয়া * তক্তে বার দিয়া জাল করেন বাদসাই ॥ গোজারিল কত দিন খুসিতে এয়ছাই * এক রোজ কহে জাল ছর দার সবায় ॥ সাদির খাহেস এবে হইল আমায় * এহা বলে সবাকারে ফরমাইয়া দিল ॥ দেসে২ চারি দিগে উকিল ধাইল * কত রোজ বাদে ফিরে এসে এক জন ॥ বাদসাকে আরজ করে কহে সে এমন * সোন বাদসা জোহাকের নছল হইতে ॥ মেহেরাব নামেতে বাদসা কাবল দেসেতে * রুদাবা নামেতে এক আছে তার বেটি॥ছুরাত জামাল বিবী রুপে পরিপাটী*বএস বচ্ছর সোল জওানি বাহার ॥ ছুরপরি মোহ থাকে ছুরাতে তাহার * কিবা নাক কিবা মুখ কিবা চক্ষু কান ॥ নাহি দেখি শুনি কভু তাহার সমান * সোনার মতন তনু রুপের মুরারি॥নয়ানে দেখিয়া তারে পাসরিতে নারি * একথা শুনিয়া সাহা খোসাল হইয়া ॥ কাবলে উকিল এক দিল পাঠাইয়া * উকিল জাইয়া সেথা মেহরাব সাহায় ॥ জালের পয়গাম দিয়া ছালাম জানায় * সুনিয়া মেহরাব সাহা খোসাল খাতির ॥ মঞ্জুর করিল সাদি আপন বেটীর * উকিলে খেলাত দিয়া বিদায় করিল ॥ খেলাত পাইয়া মর্দ্দ ফিরিয়া আইল*জাবলেতে জাল সাহা আছিল জেখানে ॥ খুসির খবর দিল তাহার সামনে * সুনিয়া খোসাল হৈয়া জাল নামদার ॥ সাদির সামানা সব করিয়া তৈয়ার * লস্কর সর্দ্দার সব সাতে করে লিয়া ॥ কাবল সহর বিচে পওছিল জাইয়া* শুনিয়া মেহরাব সাহাজালের খবর ॥ আগু বাড়াইয়া আনে লইয়া লস্কর* আনিয়া মহল বিচে তাজিম করিয়া ॥ জেবা জেছা তারে তেছা বসাইল লিয়া * জরির বিছওানা পরে জালের খাতির ॥ বসায় তাজিম করে বাদসা জাহাগির * তার পরে খানা পিনা খেলাইল লিয়া ॥ খেএ পিএ সকলে বসিল খুসি হৈয়া * দেসের দস্তর মত বাদসা জাহাগির ॥ জালের সঙ্গেতে সাদি দিলেন বেটির* তার পরে মহলেতে জালকে লইয়া ॥ রুদাবা বিবীর তরে দিলেন সুপিয়া * মাল মাত্তা হাতি ঘোড়া এনে বেসুমার ॥ বেটী দামাদেরে বাদসা দিলেন বেভার * দাসি বান্দি খাওাছ গোলাম সাতে দিয়া ॥ খুসি মনে দিল সাহা বিদায় করিয়া * জাল সাহা লোক জনলিয়া সাতে করে ॥ আইল জাবল দেসে আপনার ঘরে * খানা পানি খেলাইল সবার কারনে ॥ বকসিস এনাম কত দিল জনে২ * তার পরে মিলে বিবী রুদাবার সাতে ॥ খুসিতে রহিল জান গোজরান করিতে * এইমতে কত দিন গোজারিয়া গেল ॥ খোদার ফজলে বিবী হামেলা হইল* জখন হইল পুরা খালাসের দিন ॥ বিবীর পেটেতে হৈল দরদের চিন * ছট ফট করে বিবী দরদের জোরে ॥ কোন মতে খালাছ হইতে নাহি পারে * কাতর হইয়া বিবী জমিনে পড়িয়া ॥ রহিল কএক রোজ বেহুস হইয়া * দেখিয়া তামাম লোক কান্দে জারে জার ॥ কহে সবে বিবী এবে নাবাচিবে আর* খালাস হইতে জদি নাহি পারে বিবী ॥ মরেজাবে এখনি নাহিক দেখি খুবি * একথা শুনিয়া জাল কান্দে জারে জার ॥ এমন সময় হইল ইয়াদ তাহার * ছি মোরগ পরদিয়া ছিল পাহাড়েতে ॥ সেইপর জাল সাহা রেখেছিল সাতে * থোড়া এহা পরালিয়া আগুনেতে দিল ॥ মোরগ জালের হাল মালুম পাইল * সেতাবি উড়িয়া এসে পওছিল সেখানে ॥ খবর পুছিল সেহ জালের কারনে * জাল বলে ঘটিয়াছে মুস্কিল এছাই ॥ কোনমতে ভালাই দেখিতে নাহি পাই * বিবীর মাজেরা সব বয়ান করিয়া ॥ একে২ মোরগেরে দিল সোনাইয়া * মোরগ শুনিয়া কহে তালেব কারন ॥ বিবীর পেটেতে লাড়কা আছে পিলতন* বড়া জোরওার মর্দ্দ হবে দুনিয়াতে॥দেও পরি ভেগে জাবে তাহার ডরেতে * সোন বাবা নেহাএত কহিয়া জানাই ॥ খালাস হইতে বিবী পারিবেক নাই ॥ এবে তুমি পেট চাক করিয়া বিবীর ॥ সহজে লাড়কারে লেহ করিয়া বাহির * জাবত না পেট চিরে লাড়কা নেকালিবে ॥ কদাচিত বিবী নাহি খালাছ হইবে * একথা শুনিয়া জাল কহে মোরগেরে এহার তদবির তবে বাতাও আমারে * পেট চাক করে লাড়কা বাহির করিয়া ॥ বিবী জাতে নাহি মরে রহেন বাঁচিয়া * মোরগ শুনিয়া তবে জঙ্গলেতে গিয়া ॥ ঘাস থোড়া দাওা তার দিলেক আনিয়া * জালকে কহিল বাবা জাইয়া সেতাব ॥ বিবীকে বেহুস কর খেলায়ে সরাব * তাহার বাদেতে পেট চিরিয়া বিবীর ॥ সহজে লাড়কারে লেহ করিয়া বাহির* এই ঘাস পেটে দেহ ঘায়ে লাগাইয়া ॥ আল্লার

দিবে জালাইয়া ॥ তখনি তোমার কাছে পঙছিব জাইয়া * জে ছুরাতে পারি সেই মুস্কিল তোমার ॥ কোসেস করিয়া দিব করিয়া উদ্ধার * ইয়াদ করিবে বাবা হইলে মস্কেল ॥ কোনরূপে না থাকিবে হইয় গাফিল * মোরগ এ কথা বলে জালের কারন ॥ থোড়া এয়ছা পর লিয়া দিলেন আপন * সাম জোর ওার ফের কহিল এয়ছাই ॥ লাড়কার নছিব ভাল পাইবে বাদসাই * এ কথা শুনিয়া সাম হইল খোসাল গাএবি খাজনা জেন পাইল কাঙ্গাল * জালকে লইয়া কোলে সেখান হইতে ॥ বিদায় হইয়া আইসে আপনা ডেরেতে * এখানে সামের বিবী জালের জননী ॥ রাহা তাকাইয়া ছিল হৈয়া পেরেসানি * বেটাকে পাইয়া বিবী কোলেতে লইয়া ॥ খুসির কান্দনা কান্দে আকুল হইয়া * সেরে মুখে বোছা দিয়া করিয়া পিয়ার ॥ কহে কোথা ছিলে বাবা পিয়ারা আমার * তোমার লাগিয়া বাবা আমি অভাগিনী ॥ নয়নে বহাই বারি দিবস রজনি * কহিতে লাগিল ফের সাম এ ছুরাতে ॥ সরমেন্দা হয়েছি বাবা তোমার কাছেতে * না বুঝিয়া তোমা পরে জুলুম করিনু ॥ নানারূপে আমিওভি পেরেসান হৈনু * জাল বলে নাহি এতে কছুর তোমার ॥ আমার নছিবে লেখা ছিল দুক্ষ ভার * এহা বলে পেরেসানি দুর কোরে দিয়া ॥ বাপের খেদমতে জাল রহে খুসি হৈয়া * খবর হইল তার তামাম দেসেতে ॥ আইল সামের বেটা ফিরিয়া ঘরেতে * মনুচেহের বাদসা তার খবর পাইয়া ॥ কহিতে লাগিল সাহা নওদরে ডাকিয়া সেতাবি জাইয়া তুমি সামের খাতেরে ॥ ডাকিয়া আনহ এবে আমার হুজুরে * আইসে জেন সাতে লিয়া আপনা বেটায় ॥ কিরূপ সে লাড়কা আমি দেখিব তাহায় * সুনিয়া নওদর সাহা তখন চলিল ॥ সামের মকান জেথা জাইয়া পঙছিল * কহিল সামের তরে চলহ তরায় ॥ বাদসা জাহাপানা আপে ডাকিল তোমায় * আপনা বেটাকে তুমি লিয়া চল সাতে ॥ বাদসার খাহেস বড় তাহাকে দেখিতে * খবর সুনিয়া বাদসা তোমার বেটার ॥ হইয়াছে দেল বিচে খোসাল হাজার * একথা শুনিয়া সাম খোসাল হইয়া ॥ বসায় নওদর সাহে তাজিম করিয়া * তারপরে সাতে লিয়া জালের কারন ॥ বাদসার হুজুরে চলে মিলে তিন জন * মনুচেহের বাদসা জেথা আছিল বসিয়া ॥ তিন জনে এক সাতে পঙছিল আসিয়া * তছলিম করিল সবে বাদসার খাতির ॥ জালকে দেখিয়া খুসি হৈল জাহাগির * হুকুম করিল তাবে বসিতে সামনে ॥ বাদসার হুকুমে জাল বসে খুসি মনে * তার পরে জাহা পানা নর্জ্জুমে ডাকিয়া ॥ কহিল জালের বক্ত দেখহ গুনিয়া * হুকুম পাইয়া তবে নর্জ্জুম সবাই ॥ সুনিয়া বাদসার আগে কহিল এয়ছাই বক্ত ওয়ার হবে লাড়কা বাদসাই পাইবে ॥ হামেসা বাদসাই এর কাএম থাকিবে * সাহেব সরদার বলে মানিবে এহায় ॥ এহার ফরমান সবে করিবে বজায় * একথা শুনিয়া বাদসা খোসাল হইয়া ॥ সরদারি শুপিল তারে তাজ ছেরে দিয়া * মালমাত্তা হাতি ঘোড়া দিল বেশুমার ॥ আলাও লস্কর দিল হাজারে হাজার * কহিল জালের তরে হৈয়া খুসি মন ॥ বাদসাই সুপিনু আমি তোমার কারন * জাবল কাবল আর হিন্দুস্থানে গিয়া ॥ খুসিতে বাদসাই কর তক্তেবার দিয়া * এহা বলে সাতে লিয়া লস্কর সে ফাই ॥ খুসিতে জালের তরে করিল বিদাই * রওানা হইল জাল লস্কর লইয়া ॥ মনুচেহেরের তরে সালাম করিয়া * কত দিনে জাবলেতে জাইয়া পঙছিল ॥ শুনিয়া তামাম লোক খোসাল হইল * নামওার লোক জত আছিল সেখানে ॥ সাম আর জালের খবর তারা সুনে * পঙছিল আসিয়া সবে খোসাল খাতির ॥ সাম ও জালের আগে হইয়া হাজির * ছালাম তছলিম করে মিলিয়া সবাই ॥ জার জে চলিয়া গেল হইয়া বিদাই * বসিয়া তক্তের পরে সাম জোরওার ॥ আদল এনছাফ করে রাএত প্রস্থার * সামের এনছাফে খুসি রহে সব লোক ॥ কোনবাতে কেহু নাহি পায় মন দুখ * সাম জোরওার ফের জালের লাগিয়া ॥ পাহালওানি কুস্তিগিরি শিখিবে বলিয়া * আছিল ওস্তাদ জত মাঙ্গাইয়া লিল ॥ পাহালওানি বন্দ জাল সিখিতে লাগিল * নেজা বাজি তিরেন্দাজী ছিল জত বন্দ ॥ সিখিবারে বাকি না রহিল কোন ফন্দ * জখন সিখিয়া সব হইল তৈয়ার ॥ কহিল জালের তরে সাম জোরওার * এই দেসে রহ বাবা লইয়া লস্কর ॥ হেথা হতে জাব আমি দোছরা সহর * এহা বলে জাবলেতে জালকে রাখিয়া গর্গছারি দেসে সাম গেলেন চলিয়া * জাবলে থাকিয়া জাল করেন বাদসাই ॥ কোনবাতে দেলবিচে গম কিছু নাই * এইরূপে গোজারিয়া জায় কত দিন ॥ কেতাবে দেখিয়া কহে খাতের অধিন *

দেখিল ভোকেতে লাড়কা চুসিছে আঙ্গুল✽ দয়াবান হৈয়া মোরগ লাড়কাকে লইয়া॥ ওঠাইয়া লিয়া
গেল সেখান থাকিয়া ✽ আপনা বাচ্চার কাছে রাখিয়া তাহারে॥ পালন করিতে রহে খোসাল অন্তরে
এইরূপে কিছু দিন গোজারে সেখানে॥ এক দিন ছি মোরগ ভাবে মনে মনে ✽ পালন করিব এছে
কেমন ছুরাত॥ কি কামে আসিবে মেরা আদমের জাত ✽ এহা ভেবে ছি মোরগ জালকে লইয়া
ময়দানেতে এক ঠাই আইল রাখিয়া✽ আল্লার মেহের থাকে জাহার উপরে॥ দরিয়াতে ডুবিলে নাহিক
সেহ মরে ✽ ছি মোরগ রেখে জদি গেল ময়দানেতে॥ বেহালে পড়িয়া জাল রহে সেখানেতে✽ এ
সমায় আচানক কোথায় থাকিয়া॥ছওদাগর এক মর্দ্দ পঙছিল আসিয়া ✽ দেখে সেলাড়কার তরেভাবে
মনে মনে॥ কেমন ছুরাতে লাড়কা আইল এখানে ✽ হবে বুঝি এর তরে পরিতে আনিয়া॥ রাত
পোহাইয়া গেছে জেতে না পারিয়া✽ রেখে গেছে এই ঠাই ময়দান উপরে॥ না হইবে এখানেতে আ
সিবে কি করে ✽ জা হউক এবে এই লাড়কার কারন॥ লইয়া জাইব আমি ঘরেতে আপন ✽ এহা
বলেসওদাগর লাড়কারে লইয়া॥আপনা ঘরেতে গেল খোসাল হইয়া ✽ তাজরের বিবীলিয়া লাড়কার
কারন॥ খুসিতে বেটার মত করেন পালন✽এইরূপে কিছু দিন গোজারে সেখানে॥ ভালাবুরা সমাচার
কেহু নাহি জানে✽এখানেতে সাম আর জালের জননি॥ বেটার সোগেতে কান্দে দিবস রজনী ✽ লো
কের গঞ্জনা শুনে বেটার খাতির॥ জিতা জানে ফেলে দিয়া আছিল অস্থির✽এক দিন সাম মর্দ্দ সুয়ে
নিদ্রা জায়॥ খাবে এক জওানেরে দেখিবারে পায় ✽ কহিলেন এইরূপে সেই নেকজাত॥ বেটা তেরা
বেচে আছে জানীবে নেহাত✽ জাগিয়া উঠিল সাম দেখিয়া সপন॥ বহুত আফছোছ করে বেটার কা
রন ✽ আপনার এক লোকে কহিল ডাকিয়া॥ আলবোরুজ পাহাড়ে তুমি জাহনা চলিয়া✽ সেখানেতে
বেটা মেরা আছে জিতা জানে॥তল্লাস করিয়া আন তাহার কারনে✽এহা বলে তার তরে পাঠাইয়াদিল
দোসরা রোজেতে ফের খাবেতে দেখিল✽ নুরানি চেহেরা দুইজওান আসিয়া॥ কহিতে লাগিল তারা
গোস্বা দেল হইয়া✽ কি দোস পাইয়া তুমি লাড়কার খাতেরে॥ ডালিলে নিদয়া হইয়া পাহাড় উপরে
খিয়াল না কৈলে কিছু কোদরত খোদার॥ ছফেদ দেখিয়া বাল সেরেতে তাহার ✽ দেওবাচ্চা বলিয়া
আএব দিয়া তায়॥ নাহক ফেলিয়া দিলেবেগর গোনায়✽মরতবা বাড়িল তারখোদার দরগাতে॥ আল্লা
তারে বাচাইল আপনা কোদরতে ✽ এছাই সপন দেখে ফজরে উঠিয়া॥ আপনি পাহাড়ে ফেরগেলেন
চলিয়া ✽ বহুত ঢুড়িয়া মর্দ্দ পাহাড় উপর॥ না পাইয়া কোন খানে লাড়কার খবর ✽ কান্দিয়া করেন
জারি ওঠাইয়া হাত॥ গোনা খাতা মাফ কর আপে পাকজাত ✽ করিয়াছি বড়া গোনা এই বাত পরে
বেগর কসুরে ফেলে দিয়াছি লাড়কারে✽এইরূপে কহে মর্দ্দ কান্দিয়া২॥ আল্লাতালা কবুল করিল তার
দোওা✽ ছি মোরগ ছিল সেই পাহাড় উপরে॥ সামের কান্দনা সুনে আইল হুজুরে✽কহিতে লাগিল
সে লাড়কার বিবরন॥ জেরূপেতে লিয়া সেহ করিল পালন ✽ জেরূপেতে দিল ফের ডালিয়া ময়দানে
জে রূপে সওদাগর আসিয়া সেখানে ✽ লইয়া লাড়কার তরে দেসে লিয়া গেল॥ একে২ বয়ান করিয়া
সোনাইল ✽ মোরগের মুখে সাম একথা সুনিয়া॥ চলিল পাহাড় হৈতে রওানা হইয়া✽ রাত দিন চলে
রাহে আরাম না করে॥ কতদিন পঙছিল সে তাজরের ঘরে ✽ সওদাগরে দেখে সাম কাতর হইয়া॥
কহিল তামাম হাল বয়ান করিয়া ✽ জেরূপে লাড়কার সেরে সাদা বাল হৈল॥ জেরূপে তামাম লোক
দুসি করে ছিল✽ জেরূপেতে ফেলেদিল সরম পাইয়া॥ জেরূপে রহেনমর্দ্দ সবর করিয়া✽ জেরূপেতে
খাব দেখে পাহাড়ে আইল॥ জেরূপেতে ছি মোরগ বাতাইয়া দিল ✽ একে২ কহে সব করিয়া বয়ান॥
সওদাগর সুনিয়া হইল পেরেসান✽সামের মিন্নতি সাধু নজরে দেখিয়া॥ আনিয়া লাড়কার তরেদিলেন
সুপিয়া ✽ বেটাকে পাইয়া সাম খোসাল অন্তর॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর ✽ নানা রূপে
সওদাগরের তারিফ করিয়া॥ আইল সেখান হৈতে বিদায় হইয়া ✽ ছি মোরগ পাহাড়েতে আছিল জে
খানে॥লাড়কারে লইয়া মর্দ্দ পঙছিল সেখানে✽মোরগ সেলাড়কা দেখেখোসাল হইয়া॥ সামকে কহিল
লাড়কা জাহনা লইয়া ✽ এহা বলে ছি মোরগ ভাবিয়া আখেরে॥ কহিতে লাগিল সেই লাড়কার খা-
তেরে✽সোন বাবা পরথোড়া লিয়া যাও মেরা॥জখন মুস্কিল কিছু হইবেক তেরা ✽ এইপর আগুনেতে

কেকেরে রহে বাদসা মেরুজাত*কিছু দিন সেই হালেগেল গোজারিয়া॥ আখেরে মউতজদি পঙছিল আসিয়া*দুনিয়ার মহব্বত ছেড়ে জাহাগির ॥ নিজ বাসে গিয়া রহে খোসাল খাতির* মনুচেহের সাহা আর সর্দ্দার সেপাই॥বাদসার দফন কৈল মিলিয়া সবাই * ফেরেদু করিল নেকি দুনিয়া মাঝার ॥ নেক নামি কালে২ জারি আছে তার * তাহা বাদে মনুচেহের বাদসা জাহাগির॥ আদল এনছাফ করে খোসাল খাতির * খুসিতে গোজরান করে জত লোক জন॥জুলুম বলিয়া কেহ না জানে কখন * লস্কর সেপাই জত ছিল আপনার॥সামকে করিয়া দিল সবার সরদার* উজির আমির আর জত লোকজন ॥ সকলে তারিফ করে বাদসার কারন * কহে সবে সোন সাহা বাদসা নামদার॥ আমরা সকলে তেরা হুকুম বরদার * জাহা কিছু ফরমাইবে মোদের খাতির ॥ দেল জানে মেনে লিব হইয়া হাজির * এলাহি কাএম রাখে তোমার বাদসাই ॥ তোমার এনসাফে খুসি আছিত সবাই * এইরূপে জনে২ কহে বাড়াইয়া ॥ জালেম পয়দাস এবে সোন দেল দিয়া * অধিন খাতের কহে কোদরতে খোদার ॥ কারে মারে কাকে দেয় বাদসাই মাদার * সব সে করিতে পারে কোদরতে আপনি॥ দরিয়া সুখানা রাখে পাহাড়েতে পানি *

সামের ঘরে জাল পয়দা হয় তাহার বয়ান ॥

পয়ার * মনুচেহের খুসি হালে করেন বাদসাই ॥ কোন বাতে কার দেলে গম কিছু নাই* খুসি খোসালিতে মর্দ্দ সাম জোরওার ॥ সর্দ্দার হইয়া থাকে লস্করে তাহার * এইরূপে কিছু দিন গোজাবে খুসিতে ॥ হামেলা হইল বিবী সামের ঘরেতে * নও মাস দশ দিন গোজারিয়া গেল॥ আল্লার ফজলে বিবী খালাস হইল * বেটা এক পয়দা হৈল ছুরাত জামাল ॥ সাদা হৈল ছিল তার সেরে জত বাল দেখিয়া লাড়কার তরে অন্দর বাহির ॥ আওরত মরদসবে খোসাল খাতির * দাইকে খবরদিল সামের আগেতে ॥ বেটা এক পয়দা হৈল তোমার ঘরেতে*ছুরাত জামাল তারে করেছে খোদায়॥কোনবাতে আএব নাআছে তারগায়* কিন্তু এআএব তারে দিয়াছেন খোদা॥ সেরের তামাম বাল হইয়াছে সাদা খবর সুনিয়া সাম অন্দরে আসিয়া ॥ বেটার ছুরাত ছবি নজরে দেখিয়া * হর বাতে হৈল মর্দ্দ হাজার খোসাল॥ কিন্তু পেরেসান তার দেখে সাদা বাল * আখেরে ভাবিয়া মর্দ্দ বুঝিল এছাই॥ সকলি আল্লার চাহা চারা কিছু নাই*জোরনাহি চলেকিছু কোদরতে তাহার ॥ জাহা সে দিয়াছে তাই সোকর হাজার*এহা বলে রহে মর্দ্দ হৈয়া খুসি মন॥ বিবী সে অন্দরে করে বেটার পালন * কোলে কাকে লিয়া বিবী ফেরেন মোদাম॥ জাল বলে খুসিতে রাখিল তার নাম * কিন্তু সে লাড়কার তরে দেখে সবে কয়॥ এই লাড়কা সামের পয়দাস কভু নয় * দেএর পয়দাস লাড়কা আলবত্তা হইবে॥ সাদা বাল সেরে হৈল তাহার সববে * সামের পয়দাস লাড়কা জদ্যপি হইত॥ সামের ছুরাত ছবি অবশ্য পাইত * এইরূপে কহে জত লস্কর সর্দ্দার॥ শুনিয়া সরমেন্দা হৈয়া সাম জোরয়ার * আপনার এক লোগে ডাকিয়া কহিল ॥ এবাতে আমার বড় সরম হইল*এবে এ লাড়কার তরে জাহ না লইয়া॥ আল বরুজ পাহাড় বিচে আইসহ ডালিয়া * সুনিয়া সে মর্দ্দ তবে লাড়কা লিয়া গেল ॥ আলবরুজ পাহাড় বিচে রাখিয়া আইল * তাহার মাতারি বিবী সোগেতে বেটার॥ মাথায় মারিয়া কান্দে হৈয়া জারে জার * কহে হায় বাপ হৈয়া বেটার কারন॥ জিতা জানে ফেলে দিলে করিয়া কেমন * বিবীর কান্দনা সাম শুনিতে পাইয়া॥ ঘরে এসে নানা মতে কহে বুঝাইয়া* সোন বিবী লাড়কার আএব দেখে লোকে দেএর পয়দাস বলে দুসি করে মোকে * এহাতে সরম বড় হইল আমার॥ তেকারনে মহর্ব্বত না করি লাড়কার * পাহাড় উপরে আমি ভেজিনু তাহায়॥ রাখিয়া আইল সেথা সুপিয়া খোদায় * সোন বিবী না ভাবিও বেটার খাতেরে॥ এলাহি হায়াত জদি দিয়া থাকে তারে * কোনমতে আল্লা তারে পালন করিবে॥ বাচিয়া থাকিলে সেসে অবশ্য পাইবে * এইরূপে এখানেতে সাম নামদার॥ বুঝাইয়া রাখেন বিবীকে আপনার * হেথা সে পাহাড়ে জবে লাড়কারে লইয়া॥ রাখিয়া আইল ফেলে বেদেল লইয়া*ছিমোরোগ ছিল এক পাহাড় উপর ॥ লাড়কার উপরে তার পড়িল নজর * আল্লা তার দেলে দল মেহের ডালিয়া॥ বাচ্চার মাফিক সেহ লাড়কারে জানিয়া * নিকটেতে গেল তার হইয়া আকুল

তামাম লস্কর সব হইয়া বাহির ॥ ছোল্লমের পিঠ পরে হইল হাজির * মনুচেহের ছোল্লমের দেখিতে পাইয়া ॥ কোমর বান্দিয়া আইল ঘোড়া ওঠাইয়া* দুইজনে মোকাবেলা হইল জখন ॥ ছোল্লম দেখিতে গোর্জ্জ মারিল তখন * ছেরে ঢাল দিয়া মনুচেহের সর্দ্দার॥ রদ করে দিল তার গোর্জ্জের ওয়ার * ছোল্লমের গোর্জ্জ জদি রদ হৈয়া গেল ॥ মনুচেহের গোস্বা হৈয়া তলওার খেচিল * এছাই জোরেতে তেগ মারিল তাহারে ॥ দুখান হইয়া মুজি গেরে জমি পরে * ছোল্লমের লস্কর আছিল খাড়া হৈয়া ॥ ডরে ডরাইয়া গেল সে হাল দেখিয়া * সর্দ্দার পড়িল মারা হইল লাচার ॥ লড়িতে তাকত কার নাহি হয় আর*উজির আছিল এক বড় হুস মন্দ॥নিদান বুঝিয়া কৈল উজিরানা ফন্দ * মনুচেহেরের আগে আসিয়া পঔছিল ॥ জোড়হাতে কাতরেতে কহিতে লাগিল*সোন বাদসা জাহাপানা আরজ আমার ॥ আমরা খাদেম তেরা গরিব লাচার * আমাদের পরে আর তেগ না চালাবে ॥ মেহের করিয়া মাফ কর আমা সবে * এবে মোরা রব তেরা খেদমতে হাজির ॥ জাহা ফরমাইবে তাথে না হেলাব ছির * উজিরের মুখে সাহা এ কথা স্থনিয়া ॥ জান বকসি কৈল সবে মেহের করিয়া * তছল্লি হইয়া দেলে উজির তখন ॥ সেতাবি চলিয়া গেল লস্কর আপন * সাতে করে লিয়া এসে সবার খাতির ॥ মনুচেহেরের আগে হইল হাজির * মণুচেহের তাহা সবে মেহের করিয়া ॥ এনাম খেলাত খুব দিল নেওাজিয়া * জেবা জেছা তারে তেছা করিয়া মেহের ॥ হাতি ঘোড়া নওাজিল সবার খাতের * মণুচেহেরের সবে মেহের দেখিয়া ॥ রহিল তামাম লোক খোসাল হইয়া*মহিম করিয়া ফতে বাদসা জাহাপানা ॥ হুকুম করিল বাজাইতে সাদিয়ানা * বাদসার হুকুম বাজা বাজে ঠাই২ ॥ খোসাল হইল জত লস্কর ছেফাই * তার পরে মণুচেহের বাদসা নামদার ॥ সাতে লিয়া আপনার লস্কর সর্দ্দার * সেখান হইতে ফিরে খোসাল হইয়া ॥ ফেরেদু বাদসার আগে পঔছিল আসিয়া * দেখিয়া ফেরেদু সাহা খোসাল অন্তর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * ছাতি লাগাইল মণুচেহেরের তরে ॥ তক্ত পরে বসাইল তাজ দিয়া সেরে * মনুচেহেরের তরে বাদসা নামদার ॥ তারিফ করিয়া কত করিল পিয়ার * কহিল মর্দ্দমি হালে করিয়া লড়াই ॥ দুস্মনে মারিলে এবে ঘুচিবে বালাই * খুস্থিতে বাদসাই কর তক্তে দিয়া বার মাল মুল্লকের এবে হইয়া মোক্তার * আমার হইল এবে জইফ উম্মর ॥ কোন ঘড়ি মরে জাব না জানি খবর*একথা কহিয়া ফের বাদসা জাহাগির ॥ কহিতে লাগিল ফের সাথের খাতির * সোন মদ কহি তুঝে নেহাত খবর ॥ জইফ হইল এবে আমার ওম্মর * কোন ঘড়ি জাব আমি ছেড়ে এ দুনিয়া ॥ তাজ তক্ত দিণু মণুচেহেরে শুপিয়া * বড়ই পিয়ারা মণুচেহের আমার ॥ এহাকে মানিবে জেনে সাহেব সর্দ্দার * কোন বাতে কেহু নাহি করিবে বুরাই ॥ হুকুম মাফিক কাম করিবে সবাই * তার পরে বোলাইয়া লস্কর সবায় ॥ একে২ সোনাইয়া দিল সবাকায় * শুনিয়া তামাম লোক খোসাল হইয়া ॥ বাদসার জোনাবে সবে সালাম করিয়া * জার জে ডেরাতে এসে সবে জনে২ ॥ খানা পিনা খেয়ে পিয়ে রহে খুসি মনে * বাদসা ফের কহে মণুচেহেরের তরে ॥ মেহের করিয়া খুব লস্কর সর্দ্দারে * রাএত প্রজায় খুব করিবে পালন ॥ হামেহাল সবার রাখিবে খুসি মন * এহা বলে নানামতে বাদসা জাহাগির নাসহত করে মণুচেহের খাতির * গোসানিসি হইলেন আপনি জাইয়া ॥ খোদার জেকেরে রহে মসগুল হইয়া * দেখ কেছা দুনিয়ার দৌলতের দায় ॥ দুস্মনি বাপের পরে করিল বেটায় * ভাইকে মারিয়া ডালে দুসমনি করিয়া॥ তাজ তক্ত গেল কোথা থাকেতে মিলিয়া* সহিতে না পেরে বাপ লস্কর ভেজিল ॥ দুরাচার বেটাদিগে মারিয়া ডালিল * কিন্তু তবু ফেরেদুর কলেজা বিচেতে ॥ সোরাখ হইয়া ছিল বেটার সোকেতে * জত দিন বেঁচে ছিল দুনিয়া মাঝার ॥ কলেজা জলিত সোকে বেটা সবাকার দেখ এ দুনিয়া বড় ফসাদ বালাই ॥ সয়তান লাগিলে পিছে নাহিক ভালাই * বাপ বেটা ভাই২ নাহি থাকে মিল ॥ কাবু পেলে নাহি ছাড়ে ঘটায় মুস্কিল * বুঝে শুজে চল সবে দুনিয়া বিচেতে ॥ হালাকনা হও জাতে সয়তানের হাতে * ভাই২ মিলে জুলে রহিবে সবাই॥ কেহু কার কোনমতে না ঢোড় বুরাই মুরক্ষ নাদান আমি কি কহিব আর ॥ দুনিয়া দৌলত মাল সকলি অসার * বুঝে শুঝে মিলে জুলে কর সবে কাম ॥ হেথা সেথা জাহাতে রহিবে নেকনাম * সোন ফের কহি সবে ফেরেদুর বাত ॥ খোদার

দেখিয়া লস্কর তার হায়রতে পড়িল * ছোলম দেখিল জদি মারা গেল ভাই ॥ তেগ লিয়া কুদে আইল করিতে লড়াই * ভাইর সোগেতে মর্দ্দ বলে মার২ ॥ পায়জাকে মারে তাকে খেচিয়া তলওার * নেজা গোর্জ্জ তেগতিরে বহুত লড়িল॥ কোনরূপে মহিমেতে ফতে না পাইল * মনুচেহেরের আগে টীকিতে নারিয়া ॥ আখেরে ময়দান হৈতে চলিল ভাগিয়া * নজদিগে তাহার বড়া কেল্লা এক ছিল ॥ লস্কর স হিত তাথে পানাহি লইল * মনুচেহের আপনা লস্কর সাতে লিয়া ॥ পিছে২ রেগা দিয়া চলে খেদা ড়িয়া * কেল্লার দরওাজা পরে পঁওছিল জখন ॥ দুওার দেখিয়া বন্দ ভাবে মনে মন * পানি ভরা-গড় খাই চারি দিগে তার ॥ কোন রূপে জেতে নারে ভিতরে কেল্লার * আখেরেতে সাহা মনুচেহের মর্দ্দানা ॥ লস্কর সর্দ্দার সাতে লইয়া আপনা * মছলত করিল মর্দ্দদেলের বিচেতে॥ কেল্লার ভিতর জদি নারিনু জাইতে * এবে এ কেল্লাকে আজ ঘেরিয়া রহিব॥ কোন রূপে বাহিরে আসিতে নাহি দিব কিছু দিন গোজারিলে খাবার ছামান॥ফুরাইয়া জাইলে হইবে পেরেসান * আখেরে জাইবে মারা খেতে না পাইয়া ॥ ভিতরে জাইব সেসে দরওাজা তুড়িয়া * এয়ছাই মছলত কোরে লইয়া লস্কর ॥ ঘেরাও ক রিয়া কেল্লা রহে চারি ওর * কেল্লার দুওারে এক ছিল নেঘাবান ॥ জোরে জোরওার মর্দ্দ বড়া পাহা লওান * জখন দেখিল সেহ মতলব এছাই ॥ ঘেরাও করিয়া কেল্লা রহিল সবাই * কোম্মর বান্ধিয়া মর্দ্দ চড়িয়া ঘোড়াতে ॥ বাহির হইয়া আইল লড়াই করিতে * নেজা ঘোমাইয়া জোরে বলে মার২ কোমরে মারিল মনুচেহের সাহার * আল্লার মেহের নাহি টুটীল কোম্মর ॥ রদ হৈয়া গেল নেজা হ ইল ফাপর * এছাই জোরেতে মর্দ্দ নেজা মেরেছিল ॥ চারি তরফেতে তার ধমক পঁওছিল * মনু চেহেরের তবু না হেলে ওজুদ॥ ঘোড়ার উপরে মর্দ্দ রহিল সাবুদ * দেখিয়া সে পাহালওান কহিল ত খন ॥ সাবাস মর্দ্দমি তেরা বুঝিনু এখন * মারিলে এয়ছাই চোট হাতির উপরে॥ কোম্মর ভাঙ্গিয়া সে গিরিত জমি পরে * এহা বলে চাহে কি সে মহিম ছাড়িয়া ॥ কেল্লার ভিতরে জায় ঘোড়া ওঠাইয়া * মনুচেহের এ সময় তেগ লিয়া হাতে ॥ মারে সে জঙ্গির পরে খেচিয়া জোরেতে * তবে সেই জঙ্গি ঢালে লইল আড়িয়া ॥ কারি না হইল চোট গেল রদ হৈয়া * এই রূপে জঙ্গ করে দোন পাহালওান কেহু কারে নাহি পারে সমান সমান * আখেরেতে মণুচেহের গোস্বাতে ভরিয়া ॥ কোমরের দেওাল তার ধরিল খেচিয়া * হাকিয়া আছমানি হাক ওঠাইয়া তারে॥ সের পরে ঘোমাইয়া ডালে জমি পরে * গোস্বা দেল হইয়া মর্দ্দ তলওার মারিয়া ॥ কাটিয়া ডালিল তারে দুখান করিয়া * ছোলম লস্কর লিয়া কেল্লার বিচেতে॥ দেখিতে আছিল জঙ্গ উঠে মুরুচাতে * জখন দেখিল মারা গেল সে জওান ॥ হায়২ করে মর্দ্দ হৈয়া পেরেসান * কহে আর কেবা এছা আছে এখানেতে ॥ একেলা কোম্মর বেন্দে জাবে মহিমেতে * এহা বলে দেল বিচে ভাবিয়া বিস্তর ॥ রহিল কেল্লার বিচে লইয়া লস্কর * মণুচে হের কহে হেথা আপনার লোগে ॥ হুসিয়ার হইয়া সবে রহ চারি দিগে * জত দিন কেল্লা বিচে রসদ পাইবে॥খাইয়া তামাম লোক বাচিয়া রহিবে * রসদ ফুরায়ে গেলে না পাইয়া খেতে * মরিবে তামাম লোক কেল্লার বিচেতে * এতেক সুনিয়া জত লস্কর সর্দ্দার ॥ ঘেরাও করিয়া কেল্লা রহে চারি ধার * কিছু দিন এইরূপে গোজারিয়া গেল ॥ খাবার সামানা জত কেল্লা বিচে ছিল * নিবড়িয়া গেল সব না পাইয়া খেতে ॥ ছোলম দেলের বিচে লাগিল ভাবিতে * খাবার ছামানা সব গেল ফুরাইয়া॥ এবে আর কেল্লা বিচে রাহ কি খাইয়া * কি করি উপায় এবে ঘটীল বিপাক॥মারা জাব না পাইয়া খাবার খোরাক এইরূপে ভাবা গোনা করে রাত দিন ॥ ভাবিতে২ গেল তনু হৈয়া খিন * এখানেতে মণুচেহের করে কোন কাম ॥ পাঠাইয়া দিল এক লেখিয়া পয়গাম * সোনরে ছোলম তোর বুঝিণু বড়াই॥ বাহিরে আ সিয়া কেন না কর লড়াই * কেল্লার ভিতরে থাক না মর্দ্দ হইয়া ॥ কোন মতে আমি তুঝে না জাব ছা ড়িয়া * জওা মর্দ্দ হও জদি আইস বাহিরেতে ॥ মোকাবেলা হইয়া লড় আমার সঙ্গেতে * আল্লা জারে জস দিবে ফতে হবে তার ॥কেন মিছে কেল্লা বিচে দুক্ষ পাও আর * এয়ছাই পয়গাম জদি ছোলম পা ইল ॥ লাচার হইয়া মর্দ্দ কোম্মর বান্ধিল * নেজা গোর্জ্জ তির তেগ ঢাল লিয়া হাতে ॥ সওার হইয়া মর্দ্দ ঘোড়ার পরেতে * কেল্লার দরওাজা খুলে বাহির হইয়া॥ মণুচেহেরের আগে পঁওছিল আসিয়া *

ইরানি সরদার সব বড়া জোরধরে ॥ ধরিয়া হাতির শুঁড় ফেকে দেয় দূরে॥ মকাবেলা হৈয়া জদি করিব লড়াই॥ ফতে পাইবার তাথে না দেখি ভালাই॥ এক্ষনে মছলত এক লস্কর লইয়া॥ মারিব তা সবাকারে রাত হানা দিয়া ॥ মনুচেহেরের তরে হুনুর হেকমতে॥ মারিয়া ডালিব গিয়া খিমার বিচেতে ॥ তা হইলে ঘুচে জাবে আফত বালাই ॥ নাহিক হইবে আর করিতে লড়াই ॥ দাগাদার দাগাদারি করিবেক গিয়া ॥ এছাই মছলত করে আপসে বসিয়া ॥ মনুচেহেরের সেথা জাছুছ আছিল ॥পুসিদা হইয়া সেহ তামাম শুনিল ॥ সেতাবি আসিয়া মর্দ্দ সেখান হইতে ॥ মণুচেহেরের আগে লাগিল কহিতে ॥ সোন বাদসা নামদার কহিয়া জানাই ॥ তুরও ছোলম কৈল মছলত এছাই॥ রাত হানা দিবে আজি তোমার লস্করে ॥ গাফেল না হবে খুব রবে হুসিয়ারে ॥ তোমাকে মারিবে বোলে করেছে মছলত ॥ সোন বাদসা নেহাত কহিণু হকিকত ॥ জাছুছের মুখে মনুচেহের আপনি ॥ নেহাত খবর জদি শুনিল এমনি কোবাদ সর্দ্দারে মর্দ্দ লিল বোলাইয়া ॥ একে২ কহে সব বয়ান করিয়া ॥ সোন ভাই দুসমনে করিবে দাগাদারি ॥ গাফেল নারবে খুবরবে হুসিয়ারি॥লড়াই করিবে এসে রাত হানা দিয়া ॥ আপনলস্কর রাখ তৈয়ার করিয়া ॥ জখন দুসমন হেথা আসিয়া পঞ্ছিবে ॥ মর্দ্দমি করিয়া খুব তলওার মারিবে ॥ ভাগিতে না পারে জেন দুসমন বালাই ॥ চারিদিগে ঘিরে সবে করিবে লড়াই ॥ কোবাদের তরে বাদসা হুসিয়ার করিয়া ॥ আপনি খিমার বিচে রহেন জাইয়া ॥ চুনেন্দা সেপাই লিয়া তিরিস হাজার ॥ চারি তরফেতে রাখে আপনা খিমার ॥ রহিল তামাম লোগ কোম্মর বান্দিয়া ॥ দুই পহর রাত জবে গেল গোজারিয়া॥তুর ও ছোলম হেথা বান্দিয়া কোমর॥ সাতে লিয়া আপনার তামাম লস্কর॥ ইরানি লস্কর জেথা আছিল ময়দানে ॥ রাত হানা দিতে এসে পঞ্ছিল সেখানে ॥ দেখিল ইরানি জত লস্কর সর্দ্দার কোম্মর বান্দিয়া আছে হইয়া হুসিয়ার ॥ দাগার মছলত কিছু কামে না আইল ॥ পেরেসান হৈয়া তুর ভাগিতে লাগিল॥কহে জান বাচাইয়া পালাইয়া জাই॥ হেন কালে দেখা পেয়ে ইরানি সেপাই ॥ মার২ করে ছোটে ঘোড়া ওঠাইয়া ॥ চারি তরফেতে লিল ঘেরাও করিয়া ॥ রাহা না পাইয়া তুর নারিল ভাগিতে ॥ কাটাকাটি করে সবে লাগিল লড়িতে ॥ মার২ ধর২ হৈল সোরসার ॥ রাত কালে কেবা কারে মারে তলওার ॥ মণুচেহেরের জত সর্দ্দার আছিল ॥ ছাগলের পালে জেন বাঘ সান্দাইল ॥ জারে পায় মারে ঠায় না দেয় ছাড়িয়া ॥ তেগ জোরে জায় মেরে মুণ্ডমালা দিয়া ॥ দুদলে লস্কর গেরে হাজারে হাজার ॥ দাগাতে পড়িল মারা লোক বেশুমার॥ময়দানেতে লহু নদি চলিল বহিয়া ॥ জামা জোড়া গেল সব লাল রঙ্গ হৈয়া ॥ এই রূপে লড়ে হেথা তামাম লস্কর ॥ মণুচেহের বাদসা নাহি জানে সে খবর ॥ নেঘাবান ছিলজারা লস্কর সর্দ্দার ॥ সেতাবি জাইয়া তারা কহে সমাচার ॥ ওঠ২ জাহাপানা নাহিজাও নিন্দ ॥ দুসমনে আসিয়া দিল লস্করেতে সিন্দ॥ চমকিয়া ওঠে বাদসা একথা শুনিয়া ॥ সেতাবি তৈয়ার হৈল কোম্মর বান্দিয়া ॥ ঢাল তলওার লিয়া বাদসা নামদার॥ কুদিয়া ঘোড়ার পরে হইল সওার॥মার মার কোরে মর্দ্দ ঘোড়া হেকে জায় ॥ তামাম সর্দ্দার লোক পিছে২ ধায় ॥ ময়দানে জাইয়া দেখে করিয়া নজর ॥ দাগাতে গিয়াছে মারা বহুত লস্কর ॥ গোস্বায় জলিয়া মর্দ্দ না পারে থামিতে ॥ ঘোড়া কোদাইয়া তেগ লাগিল মারিতে ॥ তামাম সর্দ্দার লড়ে বলে মার মার ॥ গোস্বা ভরে কেটে পাড়ে হাজারে হাজার ॥ নেজা গোর্জ্জ তেগ তুলে চলিল মারিয়া ॥ ময়দানেতে লহু নদি দিল বাহাইয়া ॥ দাতেতে লাগাম ধরে দুই হাতে তেগ ॥ দফা২ ছাফ করে না করে দেরেগ॥ এইরূপে ঘড়ি চার করিল লড়াই ॥ বেসুমার মারা গেল তুরানি সেপাই ॥ তুর ও ছোলম জেথা লস্করে আছিল ॥ মণুচেহের গোস্বা ভরে আসিয়া পঞ্ছিল ॥ মার২ বোলে মর্দ্দ জোরেতে হাকিয়া ॥ তুরের উপরে গোর্জ্জ মারে ওঠাইয়া এছাই জোরেতে মর্দ্দ গোর্জ্জ মেরেছিল ॥ ঘোড়ায় থাকিয়া তুর জমিনে গিরিল॥তুর জদি গিরে গেল গোর্জ্জের চোটেতে ॥ মণুচেহের সেতাবি নাবিয়া ঘোড়া হইতে ॥ গোস্বাভরে তেগ মারে জোরেতে খেচিয়া॥ ধড় সেরজুদা হৈয়া পড়িল কাটীয়া॥খোসাল হইয়া সের লইয়া তাহার॥ পাঠাইয়া দিল আগে ফেরেদুঁসাহার॥ফেরেদুসে কাটাসের দেখিয়া নজরে॥দেল বিচেকিছুই আফছোছ নাহি করে ॥ কেননা জালেম ছিল এহার খাতির ॥ বেটা বলে গম না করিল জাহাগির ॥মণুচেহেরের হাতে তুর জদি মৈল

ছোল্লমের মারহু গর্দ্দান * ভোলাইয়া দাগাবাজ চাহে দাগা দিতে॥ এছাই নাদান কেবা ভোলে তার বাতে * আল্লা জদি রাজি থাকে সমসের মারিয়া ॥ তাজ তক্ত সাহি তার লিব ছেনাইয়া * এতবার ক-রিয়া তারে ছেড়ে দিব জদি ॥ দেল হৈতে কভু তার না জাইবে বদি*কাগ জদি সাদা হৈত ছাবুনেতে ধুলে ॥ তবে না থাকিত বদি দুসমনের দেলে * গিয়াছে তাদের দেলে সিয়াহি পড়িয়া ॥ বদি না ছা-ড়িবে রবে জাবত বাচিয়া * দুস্মমনের সলুকেতে নাহি প্রিয়জন ॥ সমসের মারিয়া দেহ ওড়ায়ে গর্দ্দান এইরূপে গোস্বা মনে কহিতে আছিল ॥ হেনকালে দিন সব গোজারিয়া গেল * নিমা সাম হৈল রাত্ত পওছিল আসিয়া॥ মনুচেহের সবাকারে দিল ফরামইয়া * খানা পানি খেয়ে সবে করগে আরাম বেহানে করিবে এসে মহিমের কাম * বাদসার হুকুমে সবে ময়দান ছাড়িয়া ॥ খানা পানি খেতে রহে আরাম করিয়া * মনুচেহের সাহা আপে জাইয়া মহলে ॥ সারাব কাবাব মর্দ্দ খায় খুসি হালে * রাত্ত গোজারিয়া গেল হইল ফজর ॥ সাজ২ বাজা বাজে লস্কর ভিতর * সুনিয়া পেসাই সবে বান্দিয়া কো-স্মর ॥ জার জে ছওার হৈল ঘোড়ার উপর * আপে মনুচেহের জে কোস্মর বান্ধিয়া ॥ ঢাল গোর্জ্জ তির তেগ নেজা ফলা লিয়া * চড়িয়া ঘোড়ার পরে আইল বাহির ॥ তামাম সরদার লোক হইল হাজির * মহিম নাকারা কাড়া বাজে ঠাই২ ॥ ময়দানে আইল লিয়া তামাম সেপাই* হোথায় ছোল্লম তুর কোস্মর বান্ধিয়া ॥ আইল ময়দান পরে লস্কর লইয়া * দুদলে হইল খাড়া তামাম লস্কর ॥ মউজা উঠিল জেন দ-রিয়া উপর * পাহালওান লোক ফেরে ঘোড়া কোদাইয়া ॥ ধুলাতে ময়দান গেল আন্ধার হইয়া * মণু-চেহেরের জত লস্কর সরদার ॥ লড়াই তলব রাখে বলে মার২ * তুরের লস্কর সুনে ঝুকিয়া আইল ॥ দু-দলে লস্কর জবে মোকাবেলা হৈল * তির তেগ নেজা গোর্জ্জ লিয়া সবে হাতে ॥ মস্তহালে জনে২ ল-গল লড়িতে*কেহ মারে নেজা গোর্জ্জ কেহ মারে তির॥ কেহবা তলওার মেরে করেন চৌচির*কেহ কারে ধরে জোরে ছেরে ঘোমাইয়া ॥ গোস্বা ভরে জমি পরে মারে কাছাড়িয়া * হেকে জোরে তেগ মারে জেন মস্ত হাতি ॥ গেরাইয়া দেয় কারে বুকে মেরে লাথি * দুদলে লস্কর সব বলে মার২ ॥ কে কোথা তলওার মারে নাহিক সুমার * জঙ্গিয়া সওার জত মণুচেহেরের ॥ জারে পায় মারে ঠায় নাহি করে দের * ঘোড়া বেড়ি দিয়া ঘেরে হাজারে হাজার ॥ দফা২ ছাফ করে মারিয়া তলওার * ঝাকে২ লাকে২ দেয় গেরাইয়া॥দিগে২ লড়ে সবেমস্তহাল হৈয়া*ইয়াদ করিয়া সোগ ইরুচ সাহার॥মারে তেগ বেদেরেগ বলে মার২* ঘুরে ফেরে চারিধারে হৈয়া সবে মস্ত॥ গোর্জ্জ মেরে কার তরে করে দেয় পস্ত এইরূপে দুইদলে বহুত লড়িল॥ময়দানেতে লহু নদি বহাইয়া দিল*গিরিল বহুতলোগ তুর ছোল্লমের থোড়া লোগ মারা গেল মণুচেহেরের * আখেরে তুরের জত তুরানি লস্কর ॥ টীকিতে না পারে কেহ ময়দান উপর * এসে ছিল জত লোক তুরান হইতে॥ মারা গেল আধা লোক ইরানের হাতে*বাজিল বাহুড়ি ডাঙ্কা চলিল হাটিয়া ॥ লড়িতে না আইসে কেহ হেম্মত করিয়া * ডরে ডরাইয়া সবে ছাড়িয়া ময়দান ॥ পিছে হেটে ভেগে চলে বাচাইয়া জান * মণুচেহেরের জত লস্কর সর্দ্দার ॥ গালি দিয়া কহে কেন ভাগরে পাওার * কোস্মর বান্ধিয়া আইলে করিতে লড়াই ॥ এবে কেন ভেগে জাও রাড়ের এ-ছাই * থুক তোমা সবাকার মর্দ্দমি উপর ॥ পাহালওানি কর মিছে বান্দিয়া কোস্কর * এহা বলে গালি দিয়া তামাম ছেপাই ॥ ফিরিল ময়দান হতে ছাড়িয়া লড়াই * জে খানেতে বাদসা মণুচেহের আছিল তামাম সরদার সেথা আসিয়া পওছিল * সালাম করিয়া সবে হইল হাজির ॥ সবাকারে দেখে বাদসা খোসাল খাতির * এনাম খেলাত আদি দিল নেওাজিয়া ॥ সকলে হইল খুসি খেলাত পাইয়া*ফরমা-ইয়া দিল বাদসা লস্কর বিচেতে ॥ ফতে নামা সাদিয়ানা বাজা বাজাইতে * বাদসার হুকুমে বাজাবাজে ঠাই২ ॥ মস্ত হালে রহে জত লস্কর সেপাই * খুসি হালে খানা পানি পাকাইয়া খায় ॥ কেহ হাসে কেহ নাচে কেহ গিত গায়* মণুচেহের লিয়া সাতে তামাম সরদারে ॥ করেন পিয়ালা বাজি খোসাল অন্তরে হোথায় ছোলম তুর হারেল হইয়া ॥ দাগার মছলত করে দুজনে বসিয়া * কহে জত ছিল মেরা লস্কর সেপাই ॥ আধা লোক মারা গেল করিয়া লড়াই * জোরওার পাহালওান আছিল জাহারা ॥ পহেলা মহিমে মারা গিয়াছে তাহারা*ফের জদি এসে কাল করিবে লড়াই॥কেমনে করিব জঙ্গ নাহিক সেপাই

বাজার ॥ লুটে লিয়া করিয়া ডালিবে ছারখার * সুনিয়া সরদার লোগ এছাই খবর ॥ সেতাবি তৈয়ার কৈল তামাম লস্কর * তুর ও ছোল্লম আগে কহিল জাইয়া ॥ লস্কর তৈয়ার হৈল মহিম লাগিয়া * এতেক শুনিয়া দোহে বান্ধিয়া কোমর ॥ কুদিয়া সওার হৈল ঘোড়ার উপর * লস্কর সরদার সব লিয়া সাতে করে ॥ রওানা হইয়া গেল ইরান সহরে*রন সিঙ্গা বাজা বাজে ভেউর করনাল ॥ চলিল সেপাই জত হৈয়া মস্তহাল*মহাম্মদ খাতের কহে আল্লা রাজি জাতে ॥ মহিমে তাহার বাবে হইবেক ফতে *

তুর ও ছোল্লম দোহে মনুচেহেরের সাতে লড়িতে জাইয়া মারা জায় ও ফেরেদু
বাদসা মনুচেহেরকে তাজ তক্ত সুপিয়া ওফাত করে তাহার বয়ান ॥

পয়ার* তুর ও ছোল্লম জদি কোম্মর বান্দিয়া॥ইরানে রওানা হৈল লস্কর লইয়া * রুম ও খাওার আর তুরানি সেপাই ॥ বাকি না রহিল কেহ চলিল সবাই * মঞ্জিলে২ রাহা চলিল লস্কর ॥ এখানে ফেরেদু সাহা পাইল খবর*জাছুছ আসিয়া কহে বাদসাকে এছাই ॥ তুরও ছোল্লম আইসে করিতে লড়াই হুকুম করিল সাহা হইতে তৈয়ার॥সাজ২ বাজা বাজে লস্কর মঝার* সুনিয়া তামাম লোগ বান্দিয়া কোম্মর ॥ জার যে সওার হৈল ঘোড়ার উপর * কহিল ফেরেদু সাহা সবার খাতির ॥ তৈয়ার থাকহ সবে হইয়া হাজির * জখন এখানে তারা আসিয়া পওঁছিবে ॥ একবারে ঘিরে মার দের না করিবে * হেন কালে দুর হৈতে দেখিতে পাইল ॥ গাদাও লস্কর লিয়া আসিয়া পওঁছিল * মনুচেহের ফেরেদুকে কহে জোড় হাতে ॥ আমাকে হুকুম দেহ জাব মহিমেতে* ফেরেদু কহিল জদি মহিমেতে জাবে ॥ বহুত লস্কর দেখে নাহি ডরাইবে * জাহ মর্দ্দমির হালে আল্লাকে সুপিনু ॥ আমার বদলে তুঝে মহিমে ভেজিনু তবে মর্দ্দ মনুচেহের বিদায় হইয়া ॥ চলিল ময়দান পরে ঘোড়া ওঠাইয়া * লইয়া তলওার গোর্জ্জ পিঠ পরে ঢাল ॥ গর্জ্জিয়া চলিল জেন বাঘের মেসাল* মণুচেহের গেল জদি ময়দান উপর ॥ তামাম সর্দ্দার চলে বান্দিয়া কোম্মর * পিঠ পরে খাড়া হৈল লইয়া ফউজ ॥ দরিয়া উপরে জেন উঠিল মউজ* হাতি ঘোড়া লস্করে হইল সোর সার ॥ ধুলাতে হইয়া গেল ময়দান আন্ধার * তবে পাহালওান মর্দ্দ কোবাদ নামেতে ॥ খাড়া ছিল মণুচেহেরের ডাহিনেতে * ছালাম করিয়া কহে সোন জাহাগির ॥ আমাকে ভেজিয়া দেহ মহিম খাতির * মণুচেহের কহে জাহ আল্লাকে শুপিনু ॥ আমার বদলে তুঝে মহিমে ভেজিনু * একথা শুনিয়া মর্দ্দ ঘোড়া ওঠাইয়া ॥ তুর ও সোল্লম জেথা পওঁছিল জাইয়া * কোবাদে দেখিয়া তুর লাগিল কাহতে ॥কহ মর্দ্দ একেলা আইলে কি কামেতে* কোবাদ কহিল আইনু করিতে লড়াই ॥ সেতাবি করিয়া দেহ ভেজিয়া সেপাই * তুর বলে নাহিক লড়িব তেরা সাত ॥ সোন মর্দ্দ রাখ জদি কহি এক বাত * কোবাদ কহিল কি মতলব আছে তেরা ॥ বুঝাইয়া কহ দেখি সামনেতে মেরা* কহিতে লাগিল তুর এ কথা সুনিয়া ॥ মনুচেহেরের আগে কহ না জাইয়া * আমাদের দেল বিচে বদি কিছু নাই ॥ নাহক কিসের তরে করিব লড়াই * ইরুচের নাতি সেহ হইল জাহাগির ॥ তাজ তক্ত লিয়া রহে খোসাল খাতির * হরান তুরান আর রুম ও খাওার ॥ আমরা না চাহি কিছু সকলি তাহার * রহিব খেদমতে তার হামেসা হাজির ॥ ফরমাইবে জাহা কিছু না হেলাব সির * নাহি বুঝে সয়তানের দাগাতে পড়িয়া ॥ কছুর করেছি বড়া ইরুচে মারিয়া* দেল হৈতে সে সকল বদি করে দুর ॥ মাফ করে দেয় আমা দোহার কশুর * এই কথা কহ গিয়া ইরুচে এখন ॥ জঙ্গ ফসাদেতে কিছু নাহি প্রয়োজন * কোবাদ কহিল মুঝে ভাল নাহি লাগে॥ কহিলে একথা মনুচেহেরের আগে* মঞ্জুর নাহিক হবে এহার খাতির ॥ কেননা ইরুচ জবে হইয়া হাজির* ছিল তোমাদের কাছে পানাহ লইয়া ॥ তোমরা মারিলে তারে কেমন করিয়া * জুলুম করিলে নাহি ডরিলে দেলেতে ॥ জালেম রহিল নাম দুনিয়া বিচেতে * নাহি জান কেতাবেতে আছে এ খবর ॥ খোদার লানত হয় জালেম উপর * কোবাদ জওাব এছা কহিল জখন ॥ সুনিয়া জালেম তুর হৈয়া গোস্বা মন*আপনা লস্কর বিচে জাইয়া পওঁছিল ॥ কোবাদ ময়দান হৈতে ফিরিয়া আইল * আছিলেন সাহা মনুচেহের জেখানে ॥ সালাম করিয়া কহে তাহার সামনে * সোন বাদসা নামদার কহিয়া জানাই ॥ তুর আপনার তরে কহিল এছাই * এহা বলে একে২ বয়ান করিয়া ॥ জে কিছু করিল তুর দিল সোনাইয়া * শুনে মণুচেহের হইয়া গোস্বা মন ॥ কহে তুর

বাড়িবে আমাদের॥ খেদমতে আরজ এহা করিনু জাহের *. এইরূপে হকিকত লিখিয়া নামাতে॥ ভেজিল বাদসার আগে কাসেদের হাতে * কাছেদ সে নামা আর মাল গঞ্জ লিয়া ॥ ইরান সহর বিচে পওছিল আসিয়া * জেখানেতে জাহাপানা ফেরেদু আছিল॥ আসিয়া সামনে তার হাজের হইল * সালাম করিয়া মর্দ্দ বাদসার তরেতে॥ নানারূপ বাড়াইয়া লাগিল কহিতে * সাত মুল্লুকের তুমি বাদসা নামদার॥ তেরা ছানি বাদসা কেহ নাহি আছে আর* বাদসাই কায়েম তেরা রাখেন ছোবহান তোমার এনছাফে খুসি তামাম জাহান * খুসি রহে আরকান দওলত সব তেরা॥ লস্কর সেফাই আর রাএত প্রজারা * এইরূপে নানামতে তারিফ করিয়া॥লাল জওয়াহের দিল নজর ধরিয়া* তুর ও ছোল্লম জাহা নামা লিখেছিল॥ সেই নামা তখন বাদসার হাতে দিল * বাড়াইয়া কহে ফের তারিফ করিয়া॥ বাদসা জাহাপানা আপে সোন দেল দিয়া * তোমার ফরজন্দ তারা তুমি তার বাপ॥ ঘুচায়ে মনের বেথা না রাখিয়া তাপ*এই নামা লিখিয়াছে আপনা হুজুরে॥ জওয়াব লিখিবে সাহা জা আইসে খাতেরে ফেরেদু শুনিয়া লেখা খুলিয়া তখন॥ পড়িয়া ওাকেফ হৈল জত বিবরন* আর সেই মাল গঞ্জ দেখিয়া নজরে॥ মাঙ্গাইয়া লিল মণুচেহেরের তরে * বসায় কুরছির পরে লাগিল কহিতে॥ মাল গঞ্জ নামা এই দেখ সামনেতে * তুর ও ছোল্লম দোহে মছলত করিয়া॥ মাল মাত্তা নামা লিখে দেছে পাঠাইয়া * এইরূপে ইরূচেরে নামা লিখে ছিল॥ কাবুতে পাইয়া তারে মারিয়া ডালিল * দুসমনি তোমার পরে করিবে বলিয়া॥ মাল মাত্তা আর নামা দিয়াছে ভেজিয়া * ছলুক করিয়া দিতে চাহে তক্ত তাজ॥ কাবু পেলে বদি না ছাড়িবে দাগাবাজ * এছাই নাদান তারা পাইয়াছে কায়॥ এতবার জাইবে সুনে তাদের কথায় * তাদের আক্কেল পরে লানত হাজার॥ দুসমনেতে দোস্ত কবে হইয়াছে কার * আওরতের আক্কেল রাখিবে জেই জন॥ মাল মাত্তা দিয়া তার ভোলাইবে মন * আওরতের মত নহে আক্কেল আমার॥ ভুলে জাব মাল মাত্তা পাইয়া তাহার * এহা বলে গোস্বা হৈয়া লাগিল কহিতে॥ কিসের ছলুক মেরা দুসমনের সাতে*বেটার লায়েক জদি তাহারা হইত॥মোর পরে তবে নাহি দুসমনি করিত জদি ইরূচের তরে মেলে ফের এবে॥ তা হইলে মনুচেহের মেহের করিবে * ইরূচে মারিলি জেয়ছা মিলে দুই জন॥ মনুচেহেরের হাতে মরিবি এখন * মনুচেহের দাদ লিতে আপনা নানার॥ মাঙ্গাইল বড়া বড়া জঙ্গি আছওার * গরজ নাহিক এবে ছলুকের বাতে॥ লস্কর তৈয়ার হৈল জাবে মহিমেতে * বড়া২ নামদার লস্কর লইয়া॥ আইল মনুচেহেরের কোমক হইয়া * সাম নুরিমান আর কারান সরদার॥ গারসাস্প পাহালওান বড় জোরওার * আর্দ্দিসের আর আছে আজহার মর্দ্দানা॥ তৈয়ার করিল সবে লড়াই সামানা* একান্ত জাইবে সবে করিতে লড়াই॥ আগ পানি নাহি মানে এসব সেফাই * মালমাত্তা দিয়া চাহে ফেরেব করিতে॥ আর সে ফেরেব নাহি আসিবে কামেতে * মালমাত্তা মুল্লকের নাহি রাখ সাদ॥ লড়াই করিয়া লিব ইরূচের দাদ * বাদসার জবানি এছা কাছেদ সুনিয়া॥ থর২ কাপে মর্দ্দ ডরে ডরাইয়া * সালাম তছলিম করে বাদসার খাতির॥ দরবার থাকিয়া আইল হইয়া বাহির * বেধড়ক চলে মর্দ্দ রাহার উপরে॥সেতাবি পওছিল গিয়া তুরান সহরে* তুর ও ছোল্লম দোহে আছিল জেখানে॥ আরজ করিয়া কহে তাদের সামনে* করিনু মিনতি জারি ফেরেদু বাদসায়॥ এতবার নাকরে তোমা দোহার কথায় * বড় গোস্বা আছে বাদসা তোমাদের পরে॥ লস্কর ভেজিবে হেথা মহিম খাতেরে * মনুচেহেরের তরে দেখিনু এয়ছাই॥ তার মত পাহালওান না দেখি কোথাই* বড়া পাহালওান মর্দ্দ বড় জোর ধরে॥ধরিয়া হাতীর সুড় ফেকে দেয় দুরে * বড়২ পাহালওান খেদমতে হাজির॥ কোনবাতে কেহ না হেলাতে পারে সির * দেসে২ হৈতে সবে লইয়া লস্কর॥ ময়দানে জমিয়া আছে নাহি তার ওর * দের নাহি আছে আর হইতে রওানা॥ তৈয়ার হইয়া গেছে তামাম সামানা*একান্ত আসিবে হেথা লস্কর লইয়া॥ লিবে সে নানার দাদ তলওার মারিয়া * কাছেদের জবানি সুনিয়া এছা বাত॥ভাবা গোনা করে দোহে গালে দিয়া হাত * বহুত ভাবিয়া সেসে দিল ফরমাইয়া॥ লস্কর তৈয়ার কর মহিম লাগিয়া * আগেতে বাড়িয়া মোরা জাইব সেখানে॥ তাহাদিগে নাহি দিব আসিতে এখানে খবর পাইলে তারা জাবে ডরাইয়া॥ মিলিবে আসিয়া তবে ছলুক করিয়া * নহেত আইলে হেথা সহর

হইতে ॥ মিলিতে আইল মনুচেহেরের সাতে * মনুচেহের দেখে দেল খোসাল হইয়া ॥ ঘোড়া জোড়া মাল গঞ্জ দিল নেওাজিয়া * মনুচেহেরের দেখে অক্যেল দানাই ॥ দেল বিচে খুসি বড় হইল সবাই * ছালাম তছলিম করে সবে জনে২ ॥ জার জে লস্কর লিয়া রহে খুসি মনে * মছলত করিয়া তবে উজির সবাই ॥ মনুচেহেরের তরে কহিল এয়ছাই * সোন বাদসা নামদার কহি জনাবেতে ॥ লস্কর তৈয়ার হৈল বেগর মেহনতে * চড়াই করিয়া এবে দুসমন উপরে ॥ তাজ তক্ত ছেনাইয়া লেহ তেগ জোরে * আলবত্তা হইবে ফতে করিলে লড়াই ॥ দুসমন জাইবে মারা ঘুচিবে বালাই * ইরুচ তোমারনানা ছিল নেক বক্ত॥ ফেরেদু তাহাকে দিয়াছিল এই তক্ত*আর তেরা নানাজির আছে দুই ভাই॥ তাদেরদুসমনি সোন কহিয়া জানাই * আছিল তোমার নানা ছোটা সবাকার ॥ ছোল্লম সবার বড় সোন নামদার * আপনি ফেরেদু সাহা বিচার করিয়া ॥ রুমওখাওার দিল ছোল্লমে সুপিয়া* মেজলা নামেতেতুরতাহার কারনে ॥ বাদসাই সুপিয়া দিল সহর তুরানে*ইরুচ ইরানে করে খুসিতে বাদসাই॥ দুসমনি করিলতাথে ঐ দুই ভাই * ইরুচে মারিয়া লিবে ইরান সহর ॥ শুনিয়া তোমার নানা এছাই খবর * তুরানে তুরের আগে জাইয়া পঔছিল ॥ ভাই দোহাকার তরে এছাই কহিল * বাদসাই মুল্লুকে মেরা নাহি কোনকাম রব তোমা দোহাকার খেদমতে মোদাম * আর কত নানা রুপে মিনতি করিল ॥ এয়ছাই জালেম তবু রহম না হৈল * আখেরে মারিয়া তেগ ইরুচের তরে॥ বেগোনা মারিয়া ডালে আহা নাহি করে * ধড় সের তাহা বাদে তাবুত করিয়া ॥ ফেরেদু বাদসার আগে দিল পাঠাইয়া * পেরেসান আছে বাদসা তাহার সোগেতে ॥ বাপ হৈয়া দাদ লিবে কেমন ছুরতে * এখন লাজেম হয় তোমাকে এছাই ॥ লেহ না নানার দাদ করিয়া লড়াই * এছাই শুনিল মনুচেহের জখন ॥ সুখনা জঙ্গলে আগ লাগিল জেমন * ফরমাইল কর সবে সামানা তৈয়ার ॥ দুসমনে মারিয়া দাদ লইব নানার * বাদসার হুকুম পেয়ে আর-কান উজির ॥ সামানা তৈয়ার করে মহিম খাতির*জাছুছ খবর দিল জাইয়া ইরানে॥আরজকরিয়া কহে তুরের সামনে * সোন বাদসা নামদার কহি জনাবেতে ॥ ইরুচের বেটি পরিচেহের নামেতে * মনুচে-হের নামে এক বেটা হৈল তার ॥ বড়া পাহালওান মর্দ্দ জোরে জোরওার * ফেরেদু দেখিয়া তারে খোসাল অন্তরে॥বাদসাই সুপিয়া দেছে ইরান সহরে * তামাম দেসের বাদসা তাবে হৈল তার॥ হুকুম মানিয়া চলে জত নামদার * এবেত সে সব বাদসা দেসে২ হৈতে ॥ আপন২ সবে লস্কর সহিতে * আসিয়া ইরান দেশে ময়দান মাঝার ॥ মৌজুদ হইয়া আছে হুকুমে বাদসার * জানিয়া আইনু তার নেহাত খবর* লড়িতে আসিবে হেথা লইয়া লস্কর*আপনি ফেরেদু সাহা রাজি আছে তায়॥নাহইলে পারে সে কি আসিতে হেথায় * মৌজুদ হৈয়াছে সব লড়াই সামানা ॥ দের নাহি আছে হেথা হইতে রওানা * তুর ও ছোল্লম দোহে এই সব কথা ॥ সুনে জাছুছের মুখে হেট করে মাথা * হুস হারাইয়া দোহে লাগিল ভাবিতে ॥ কহে এবে ভার হৈল জান বাচাইতে * মনুচেহেরের সাতে করিয়া লড়াই ॥ কোনমতে নাহি দেখি জানের ভালাই * এইরুপে ভাবা গোনা করে দুইজন ॥ কেহ এসে দিল দোহে মছলত এমন * ইরানে ফেরেদু বাদসা তোমাদের বাপ ॥ নামা এক লেখ তাহে জাবে মনস্তাপ * মালগঞ্জ ভেজেদেহ বাদসার নজর॥লেখ এহাআজিজিতে নামার ভিতর*আমরা ফরগন্দ তেরা সোন জাহাগির ॥ মন দুখে না হইনু খেদমতে হাজির * করিনু বহুত গোনা ভাইকে মারিয়া ॥ এবে সে সোগেতে মরি ভাবিয়া২ * নাহি বুঝে করিয়াছি ইরুচের বদি ॥ মনদুখে পেরেসান আছি সে অবধি * দিবা নিসি দেল জলে ইরুচের দায়॥ হায়২ কি করিনু সয়তানি দাগায়* ভায়ের সোগেতে হৈলকলেজা আঙ্গার ॥ কি কহিব জানে তাহা পরওার দেগার * গোনাগার হৈনু মোরা করিয়া নাদানি ॥ মেহের করিয়া মাফ করিবে আপনি * বাসনা করেছি এহা আমরা দুভাই ॥ সোন বাদসা জনাবেতে কহিয়া জানাই*ইরুচের বেটী পরিচেহেরনামেতে ॥ মনুচেহের হৈল জবে তাহারপেটেতে* লোক মুখে মোরা তার পাইয়া খবর ॥ খোসাল হইয়া ভেজি হাজার সোকর * আমরা দেলের বিচে করেছি এছাই ॥ মনু-চেহেরের তরে সুপিয়া বাদসাই* সরদার হইয়া রব হুজুরে হাজির ॥ মোদের আরজ এই সোন জাহা-গির * কিন্তু আপে মেহের করিয়া সাজাদায় ॥ একবার পাঠাইয়া দিবেন হেথায় * তা হইলে ভরম

দোওা কবুল হইল * নেকপদে রহে জেবা রাহেতে খোদার ॥ এলাহি তাহার তরে করেন উদ্ধার *
মনুচেহের পরিচেহেরের পেটে পয়দা হইবার বয়ান ॥

পয়ার * ফেরেদু বেটার গমে থাকে হামে হাল॥এক রোজ দেল বিচে করিয়া খিয়াল* আপনার দাসিকে কহিল বোলাইয়া ॥ মহলেতে পুসিদা তল্লাস কর গিয়া* হামেল থাকিলে কেহ ইরুচের ঘরে নেহাত খবর এসে করিবে আমারে * এহা সুনে দাসি গিয়া মহল ভিতর ॥ ইরুচের বিবীগনে পুছিয়া খবর * বাদসার হুজুরেএসে দিল সমাচার॥সোন বাদসা জাহাপানা আরজ আমার* নেহাত খবরজেনে আইনু মহলে ॥ ইরুচের বিবী এক আছেন হামেলে * দাসির জবানি এছা সুনিয়া খবর ॥ খোদার দরগাতে ভেজে হাজার সোকর * মনাজাত করে সাহা ওঠাইয়া হাত ॥ মতলব হাছেল কর আপে পাক জাত * গমের আগুনে দেল জলিতে আছিল ॥ খুসির খবরে কিছু নিবারন হৈল * নয় মাস দসদিন গোজারিলেপরে ॥ বেটী এক পয়দা হৈল বিবীর উদরে * রৌসন হইল ঘর রূপেতে তাহার॥হুর পরি জিনে রূপ দেখিতে বাহার*দাই দাসী বাদসাকে খবর দিল গিয়া॥ পুতিনি হইলতেরা দেখনা আসিয়া সোস্ত হৈয়া রহে সাহা শুনে এই বাত ॥ মতলব হাছেল না করিলে পাক জাত* এহবি সোকর আছে দরগাতে তোমার ॥ তোমার কুদরতে কার নাহি এক্তিয়ার * জারাকে পাহাড় কর দরিয়া খুসকিতে॥ হাতিকে কএদ কর মচ্ছরের হাতে * এহা বলে তার পরে মহলে জাইয়া ॥ পুতিনির রূপ দেখে খোসাল হইয়া * পরিচেহের বলিয়া রাখিল তার নাম ॥ দাই দাসি রাখে কত খেদমতে মোদাম * আখি আড় নাহি করে বাদসা জাহাগির ॥ হামেসা পালন করে খোসাল খাতির * দেখিতে দেখিতে বিবী সিয়ানা হইল ॥ সাদির লাএক জবে হইয়া আইল * দেখে সাহা জাহাপানা ভাবে মনে মন ॥ সাদি দেলাইতে হৈল এহারে এখন*আছিল জওান এক পোসাঙ্গনামেতে॥ সেই মর্দ্দ ফেরেদুর নচলহইতে হেম্মত মরদানা খুব বড়া জোর ধরে ॥ তার মত নাহি ছিল ইরান সহরে * মাঙ্গাইয়া তার তরে খুসি খোসালিতে ॥ সাদি দেলাইল সাহা বিবীর সহিতে * পিয়ার করিয়া তারে ফেরেদু আপনি ॥ রাখিল আপন ঘরে কোরে মেহের বানী * কিছু দিন খুসি হালে গোজারিয়া গেল ॥ বিবী পরিচেহেরের হামেল হইল *নও মাস দস দিন গোজারিলে পরে ॥ লাড়কা হইল এক তাহার উদরে*ছুরাত পাইল লাড়কা ইরুচ সাহার ॥ মনুচেহের বলে নাম রাখিল তাহার * খুসিতে ফেরেদু সাহা তাহার কারন ॥ মোকসেদ হাসেলবুঝে করেনপালন*আখি আড় নাহি করে বাদসা নামদার॥ হামেসা এ দোওা মাঙ্গে দরগাতে খোদার * জোরওার কর এছে আপে পাকজাতে ॥ দুস্মন সবাকে জের কর এর হাতে * এইরূপে কিছু দিন খোসাল অন্তরে ॥ পালন করিয়া মনুচেহেরের তরে * যখন দেখিল খুব সিয়ানা হইল ॥ পাহালওানি বন্দ তারে সিখিবারে দিল * নেজা গোর্জ্জ তির তেগ জত হাতিয়ার ॥ সিখিয়া তামাম বন্দ হইল তৈয়ার * বাদসাই আইন সেখাইয়া তার পরে ॥ তক্ত পরে বসাইল তাজ দিয়া সেরে * লস্কর সরদার আর উজির নাজিব ॥ সকলে আসিয়া হৈল খেদমতে হাজিব * ফেরেদু কহিয়া দিল সবাকে এছাই ॥ মনুচেহেরের তরে সুপিনু বাদসাই * তোমরা সকলে এবে হুকুম মানিয়া ॥ রহিবেক মনুচেহেরের তাবে হৈয়া * জাহা কিছু ফরমাইবে তোমা সবাকায় ॥ আমলে আনিয়া তাহা করিবে বজায় * সুনিয়া তামাম লোগ খোসাল অন্তরে ॥ দোওা দিয়া কহে মনুচেহেরের তরে * এলাহি কাএম রাখে তোমার বাদসাই ॥ জের থাকে তেরা হাতে দুস্মন সবাই*খোসাল হইয়া মনুচেহের আপনি॥ নেওাজিল তাহা সবে করি মেহেরবানি * কারে দিল ঘোড়া আরকারেবা হাতিয়ার॥মালমাত্তা জনে২ দিল বেসুমার*খুসি হৈলপেয়েসবে বকসিস এনাম॥ দেসে২বাদ সার পঔছিল নেকনাম * মনুচেহের ইরানে হইল জাহাগির ॥ আলাও লস্কর সব খেদমতে হাজির * ফেরেদু তাহার তরে তক্তে বসাইয়া ॥ আপনি রহিল বাদসা খানা নসি হৈয়া * ফেরেদু বাদসার তাবে জত দেস ছিল ॥ শুনে সেসকল বাদসা খোসাল হইল*লস্কর লইয়া সবে দেস২ হৈতে ॥ মনুচেহেরের সাতে আইল মিলিতে* জমা হৈল নানা জাতি লস্কর সরদার ॥ মনুচেহের দেখে খুসি হইল হাজার * ময়দানেতে ওতরিয়া রহে ঠাই২ ॥ জমিল বহুত লোক লেখা জোখা নাই ॥ সর্দ্দার তামাম লোক লস্কর

লড়াই ॥ লড়িতুন গিয়া মোরা তামাম সেফাই ❋ তাতে জদি মারা জেত না হইত দুখ ॥ এ বড় দুখের কথা ফেটে জায় বুক❋ছলুক করিতে আইসে খোসালিত হইয়া॥ কাবুতে পাইয়া তুঝে ডালিল মারিয়া কালে২ জারি আছে কথা এ প্রচার ॥আগুন দুসমন সাপে জে করে এতবার ❋ তার মত নাদান নাহিক দুনিয়াতে ॥ একদিন পাবে সাজা দুসমনের হাতে❋এই রূপে আফছোছ করিয়া জনে জনে ॥ তাবুত ল ইয়া আইসে ফিরিয়া ইরানে❋এখানে ফেরেদু সাহা রাহা তাকাইয়া॥ ইরুচের তরেথাকে এন্তেজারহৈয়া হেনকালে তাবুত লইয়া ইরুচের॥ ইরানে লস্কর এসে হইল হাজের ❋ আছিল ফেরেদু সাহা বসিয়া জে খানে ॥তাবুত আনিয়া সবে রাখিল সামনে ❋আর সেই লেখা লিয়া হাতে দিল তার॥ দেখিয়া ফেরেদু সাহা কান্দে জারে জার ❋ পটকান খাইয়া সাহা জমিনে পড়িয়া ॥ হায়২ বলে মুখে মাথায় মারিয়া কহে হায় কি করিলে ইরুচ আমার॥বুক ফাটে ছের কাটা দেখিয়া তোমার ❋জওানি উম্ধরে বাবা মারা গেলে তুমি ॥ কেমনে তোমার সোগ পাসরিব আমি ❋হায়২ এই কি আছিল তেরা বক্তে॥ তাজ ছেরে দিয়া আর কে বসিবে তক্তে ❋ জানের সমান তুমি আছিলে আমার ॥ বড় খুসি ছীনু মুখ দেখিয়া তোমার ❋ কেমনে ভুলিয়া রব তেরা চাদ মুখ ॥ কলেজা চুরাখ হৈল ফেটে জায় ❋ বুড়া কালে এই কি নছিবে ছিল মোর ॥ চক্ষেতে দেখিতে হেল কাটা ছের তোর ❋ মনে করে ছিনু তুঝে দিয়া রাজ্যভার কিছুদিন জেকেরেতে রহিব খোদার ❋ হায়২ আল্লাতালা কি দোস পাইলে ॥ চক্ষের মানিক মেরা ছেনা ইয়া লিলে❋আখি আছে চেযে থাকি দেখিতে না পাই ॥দিয়া নিধি লিল বিধি আহা মরে জাই❋ হায়২ হায় ভাঙ্গা নছিব আমার ॥ চক্ষেতে দেখিতে হৈল মউত বেটার ❋ আমি না মরিনু কেন রাহনু বাচিয়া পুত্র সোক সব কত ফেটে জায় হিয়া ❋ হায়রে ইরুচ বলে ডাকিব কাহারে ॥ মধুর বচনে কে জওাব দিবে মোরে ❋বুড়া কালে সহিতে হইল এত জালা ॥কেন বিধি মোর মুখ না করিলি কালা ❋ এইরূপে কান্দে সাহা মাথায় মারিয়া ॥ ইরুচের মরা লাস কোলে করে লিয়া ❋ হেথায় মহলে সবে কান্দেজারে জার ॥কহে হায় আর নাহি হইল দিদার❋বিবিগন কেন্দে কহে হায় কি করিলে॥ কি গোনা করিনু বিধি বেওা বানাইলে ❋ এহা বলে মেরে ছেরে হাতের কঙ্কন॥ জমি পরে গড়াগড়ি জায় জনেজন ❋ কহে কার মহর্ব্বতে করিব সিঙ্গার॥ বাদসা কেবা হইবে বেগম হব কার ❋ পালঙ্গ হইল শুন্ন সুন্ন হৈল তক্ত এত দিনে আমাদের ফেটে গেল বক্ত❋ এই রূপে জনে২ করে কত জারি ॥ কলমে বয়ান করে লিখিতে না পারি ❋ দাসি বান্দি মহলেতে বিবি সবাকায় ॥ নানা রূপে বুঝাইয়া তছল্লি দেলায় ❋ ছারখার করে বেস কেস নাহি বান্দে ॥ মাথায় মারিয়া হাত হেট ছেরে কান্দে ❋ চক্ষের পানিতে জাম নদি হেন বহে ঘন২ মন দুখে আহা২ কহে ❋হোথায় ফেরেদু সাহা সোগেতে বেটার ॥ ছাতি পিটে সেরে মেরে হয়ে জারে জারে ❋ বাদসার কান্দনা দেখে সহরের লোক॥ইরুচের তরে কান্দে দেলে পেয়ে সোগ❋ লস্কর সেফাই সবে বহুত কান্দিয়া॥আখেরে বাদসার তরে কহে বুঝাইয়া❋নাহি কান্দ জাহাপানা করহ ধিয়ান মউত সবার আছে নাহিক এড়ান❋ আগে পিছে সবাকারে জাইতে হইবে ॥ হামেসা দুনিয়া পরে কেহ না রহিবে ❋ আজলের লেখা ছিল ইরুচের বক্তে ॥ মারা জাবে আপনার ভায়েদের হাতে ❋ না হইলে কেবা কোথা করেএছা কাম ॥দেল বিচে বুঝে দেখ বাদসা নেকনাম ❋ জাহার মউত জেথা থাকে জার হাতে ॥ জেতে হবে সেথা তারে কোন বাহানাতে ❋ এইরূপে বুঝাইয়া সবে জনে জন ॥ প্রবোধ করিল কিছু বাদসার কারন ❋লাচার হইয়া সেসে কান্দিয়া২॥ফরমাইল বাগানে দফন কর লিয়া ❋ হুকুম মাফিক সবে তাবুত লইয়া ॥ইরুচের বাগিচাতে পৌছিল জাইয়া ❋আরকান দৌলত আর জত লোকজন॥ গোর খুদে ইরুচেরে করিল দফন❋বাগানে ফুটিয়াছিল নানা রঙ্গফুল ॥ বাদসা ইরুচের সোগে হইল আকুল ॥ সুখাইয়া গেল ফুল নাহি ফুটে আর ॥ গমের আগুনে জলে হৈল ছারখার ❋ একে২ সব গাছ শুখাইয়া গেল ॥ থোড়াদিনে সে বাগিচা বীরান হইল ❋ফেরেদু সে হাল দেখে কাতর হইয়া ॥ আল্লার দরগায় কহে কান্দিয়া২❋এলাহি আমার দেলে রাখিলি এসাদ ॥ কেহনাহি আছেলিতে ইরুচেরদাদ ❋ ইরুচের ঘরে জদি ফরজন্দ হইত ॥ আলবত্তা সে আপনা বাপের দাদ লিত ❋ সোগ মেরা দুরে জেত তাহাকে দেখিয়া॥তাজ তক্ত আমি তারে দিতুন সুপিয়া❋এ রূপে ফেরেদু সাহাকান্দিয়াকহিল॥আল্লার দরগাতে

ছোল্লমের মুখে তুর সুনিয়া এয়ছাই ॥ কহিল আন্দেসা কিছু নাহি কর ভাই * বসিয়া তামাসা দেখ কিসের ভাবনা ॥ ইরুচে মারিলে জাবে সকলি জাতনা * জে শুরাতে পারি আমি একেলা জাইয়া ॥ তলওার মারিয়া তারে দিব গেরাইয়া * এছাই মছলত করে চলে দুই জনে ॥ ইরুচ আছিল জেথা পওঁছিল সেখানে * ভাই দোহাকার তরে ইরুচ দেখিয়া ॥ উঠিয়া হইল খাড়া আদব রাখিয়া * তুর দেখে ইরুচেরে গোস্বাতে জলিল ॥ নানারূপে ফজিহত করিতে লাগিল * সোনরে নাদান কহি তোমার কারনে খুসিতে বাদসাই কর বসিয়া ইরানে * বাপ হৈতে বাড়িয়া গিয়াছে তেরা বক্ত ॥ নহে কি পাইতে তুমি ইরানের তক্ত * আমরা দুজনা আছি সদা বেয়ারাম ॥ ঝগড়া ফছাদ বিনে নাহি কোন কাম * এ দেসে আবাদি কম খাজানা থোড়াই ॥ আরভি হামেসা হয় করিতে লড়াই * ইরানেতে গঞ্জ ভরা থাক খোসালিতে ॥ ঝগড়া ফছাদ সেথা নাহি কার সাতে * খুসিতে বাদসাই কর তক্তে দিয়া বার ॥ একারনে বাড়িয়াছে দেমাগ তোমার * ইরুচ দেখিয়া গোশ্বা ভায়েদের তরে ॥ কাতর হইয়া বাত কহে ধীরে২ * আমার আরজ লেহ গোশ্বা করে দুর ॥ নেহাত কহিনু তোমা দোহার হুজুর * তাজতক্ত মাল গঞ্জ কিছু নাহি চাই ॥ ছাড়িনু ইরান জমি করগে বাদসাই * আমার বোজরগো আছ তোমরা দুজন ॥ হামেসা খেদমতে রব হৈয়া খুসিমন * আরামে থাকিব তোমা দোহার তোফেলে ॥ বাদসাই করিতে সাদ নাহি মেরা দেলে * এইরুপে তুর আর ছোল্লমের তরে ॥ ইরুচ আজিজি করে কহে ধীরে২ * তুর বলে গোস্বা হৈয়া করে আখি ঘোর ॥ সোনরে নাদান এত হেমাকত তোর * রমজ করিয়া কহ মোদের এছাই ॥ ছেড়ে দিয়া তুমি এবে ইরানের বাদসাই * রহিবেক আমাদের খেদমতে মোদাম ॥ বাদসা হৈয়া কেবা কোথা করে এছা কাম * আপনার তাজ তক্ত সকলি ছাড়িয়া ॥ দোসরার কাছে থাকে খানা নিসি হৈয়া * কাহিলে এ সব কথা রমজের সাতে ॥ মোরা কি নাদান এত না পারি বুঝিতে * একথা কহিয়া তুর গোস্বাতে জালয়া ॥ ইরুচ চৌকির পরে আছিল বসিয়া * কুদিয়া জাইয়া তারে ধরিয়া জোরেতে ॥ গর্দ্দানে মারিয়া মুক্কি বান্দে দুই হাতে * ইরুচ কাতরে কহে কেন মার ভাই ॥ গোনাখাতা মাফ করজিউ আম্মা পাই * কোন গোনা করিয়াছি না হয় মালুম ॥ ভাই হৈয়া কর কেন এতেক জুলুম * জদ্যপি হইয়া থাকে কোন গোনা কাম ॥ মাফ কর মোরে তাহা সোন নেকনাম * বাদসাই কামেতে মেরা নাহি কদর কার ॥ হামেসা খেদমতে রব তোমা দোহাকার * এছাই আজেজি করে কান্দিতে২ ॥ ধরিল যাইয়া দোন ভায়ের পায়েতে * জালেম তুরের তবু না হইল দয়া ॥ তেগ ওঠাইয়া মারে বেদেরেদ হৈয়া * গর্দ্দান কাটীয়া ছের জমিনে গিরিল ॥ দেখিয়া জালেম তুর খোসাল হইল * এমন জালেম কেবা সুনেছ কোথায় ॥ ভাইকে মারিয়া ডালে মুল্লকের দায় * ইরুচ পাড়ল মারা তুরের হাতেতে ॥ খবর পওঁছিল তার লস্কর বিচেতে * ইরুচের ছিল জত লস্কর সর্দ্দার ॥ সুনে সবে কান্দিতে লাগিল জারে জার * কহে হায় কি করিলে আসিয়া এখানে ॥ কেমনে ফিরিয়া জাব সহর ইরানে * ফেরেদু বাদসার আগে কি কহিব গিয়া শুনে সে তোমার কথা জাইবে মরিয়া * কি কারব আছি হেথা লস্কর থোড়াই ॥ নহেত লিতুন দাদ কারয়া লড়াই * নাহক লড়িয়া কেন জালেমের হাতে ॥ জান হারাইব মিছে না পাইব ফতে * এই রুপে দেল বিচে ভাবিয়া বিস্তর ॥ খামাসয়া রহে সবে করিয়া ছবর * তাহাবাদে ইরুচের ধড় সের লিয়া ॥ তুরদুরাচার এক তাবুত করিয়া * ফেরেদু আছল জেথাইরান সহরে ॥ লস্কর সহিত ভেজে তাহার হুজুরে খত লিখে দিল এক এমন ছুরতে ॥ সোন বাদসা জাহাপানা কহি জোনাবেতে * আপান হইয়া খুসি জাহার খাতের ॥ তাজ তক্ত সুপোঁছিলে ইরান দেশের * এই লেহ মাথা কেটে ভেজিনু তাহার ॥ উচা তক্তে বসাইয়া করিবে পেয়ার * সাহি তাজ ছেরে দিয়া হৈয়া খুসি মন ॥ বাপ বেটা বাদসাই করহ দুই জন * এই রূপে লেখা পড়ি তৈয়ার কারয়া ॥ তাবুত সমেত লেখা দিল পাঠাইয়া * তাবুত লইয়া জত লস্কর সেফাই ॥ ইরান দেসেতে আইল ফিরিয়া সবাই * কেহ কান্দে কেহ করে আফছোছ হাজার কেহ কহে হায় কি করিলে নামদার * তোমার তাবুত মোরা লইয়া কেমনে ॥ হাজের করিয়া দিব বাদসার সামনে * হায়২ কি হইল আমরা থাকিতে ॥ সের কাটাইলে তুমি দুসমনের হাতে * নাদানি করিলে কেন হইয়া হুসিয়ার ॥ ভাই বলে দুসমনেরে করিলে এতবার * জদি তারা হেথা এসে করিত

রহিব তা দোহাকার খেদমতের পরে*ফেরেদু এ কথা সুনে তারিফ করিয়া॥সাবাস২ কহে ছেরে বুছা দিয়া * কহিল ইরুচে ফের সোন মেরা বাত ॥ ছোলে জদি করিবে তা দোহাকার সাত* তবেত বেহ তের হয় তোমাকে এখন ॥ গিয়া সেথা ভাই২ মেল তিন জন * আর এক নামা লিয়া জাহনা আমার ॥ বহুত খাতের তারা করিবে তোমার * পিয়ার করিয়া খুব বাড়াইয়া মান ॥ দেখিবে তোমার তরে জানের সমান*মিলে জুলে ভাই২ তছল্লি হইয়া ॥ জাবত না এস বাবা এখানে ফিরিয়া * রাহা তাকা-ইয়া রব দেলে রবে দুখ ॥ আইলে হইবে খুসি দেখে চান্দ মুখ * এহা বলে নামা এক করিল তৈয়ার ॥ লিখিল নামার বিচে এই সমাচার * জওা মর্দ্দ পাহালওান তোমরা দু ভাই ॥ হামেহাল চাহি তোমা দোহার ভালাই*ইরুচ কমজোর দেখি বহুতিনাদান॥ কোনবাতে নহে তোমা দোহার সমান* ইরানের তক্ত ছাড়াইয়া তারতরে ॥ পাঠাইয়া দিনু তোমা দোহার হুজুরে * তোমাদের সামনেতে হাজের থা-কিয়া॥করিবে খেদমত কাম আদব মানিয়া* এবে আর কিনা বন্দি না রাখিবে দেলে ॥ ভাই২ সকলেতে মেল খুসি হালে * রাখিয়া কয়েক রোজ ইরুচের তরে॥পাঠাইয়া দিবে হেথা আমার হুজুরে* এইরূপে লেখা পড়ি তৈয়ার করিয়া ॥ ইরুচের হাতে দিয়া দিল পাঠাইয়া * ইরুচ সে লেখা লিয়া চলে তুরা নেতে॥আপনার আলাও লস্কর লিয়া সাতে*হোথা সে ছোল্লম আর তুর নামদার ॥ কাছেদের জবানি শুনিয়া সমাচার * লড়াই করিবে বলে ইরান দেশেতে ॥ আছিল লস্কর সব তৈয়ার করিতে * চিন ও রুমের লোক খবর সুনিয়া ॥ তুরানে কোমর বেন্দে পওছিল আসিয়া * লড়িতে জাইবে বোলে তা-মাম সেফাই ॥ ময়দানে ডালিয়া ডেরা রহে ঠাই২ * তুর ও ছোল্লম করে ছামানা তৈয়ার ॥ এসমায় কেহ এসে দিল সমাচার * লড়িতে না হবে আর সোন জাহাগির ॥ ইরুচ লস্কর লিয়া হইল হাজির * তাজ তক্ত ছেড়ে দিয়া ইরান হইতে ॥ মিলিতে আইল তোমা দোহাকাব সাতে* তুর ও ছোল্লম জবে এ কথা সুনিল ॥ মতলব হাছেল জেনে খোসাল হইল* অধিন খাতের কহে কেতাবের বানি ॥ জাহার মউত জেথা জায় সে আপনি *

ইরুচ তুফানে জাইয়া ভায়েদের হাতে মারা জায় তাহার বয়ান *

পয়ার * তুর ও ছোল্লম এরা দুভায়ে মিলিয়া ॥ লড়িতে ইরান দেসে জাইবে বলিয়া * তৈয়ার কি রিতে ছিল লস্কর সেফাই ॥ হেনকালে ইরুচ পওছিল সেই ঠাই * লোক মুখে ইরুচের পাইয়া খবর ॥ আগু বাড়াইয়া চলে লইয়া লস্কর * তাজিম তকরিম করে আনিয়া ডেরায় ॥ জরির মছলন্দ পরে বসা-ইল তায় * খানা পানি হর২ জত বাত চিতে ॥ নানারুপে খুসি করে মিলে এক সাতে*সেফাই সর্দ্দার জত ইরুচে দেখিয়া॥সবে মিলে কহে এহা তারিফ করিয়া* বাদসার লায়েক বটে এইত জওান ॥ জেছা মর্দ্দ তেছা কদ তেছাই জে সান * জদি এই দেসে হয় এহার বাদসাই॥খেদমতে হাজের থাকি আমরা সবাই*নানামতে থাকি সবে হইয়া খোসাল ॥ হামেসাদিদার করি এহার জামাল * এইরুপে বলাকওা করে জনে২॥তুরের জাছুছ কেহ আছিল সেখানে * জাইয়া কহিল সেহ তুরকে এছাই ॥ সোন বাদসা নামদার কহিয়া জানাই * লস্কর সেফাই জত মিলে একসাত ॥ এছাই মছলত করে সোন তার বাত * কোনরূপে এই দেশ ইরুচেরে দিয়া ॥ রহিবে সকলে তার তাবেদার হৈয়া * মদদ করিয়া সবে ইরুচের সাতে ॥ তাজ তক্ত ছেনাইয়া লইবে জোরেতে* সোন বাদসা হামেসা নেমক তেরা খাই ॥ তেকারনে চাহি আমি তোমার ভালাই*বুঝে সুজে কর কাম জা আইসে দেলেতে ॥ নহেত মিলিয়া সবে ইরুচের সাতে * তোমা দোহাকার তরে মারিয়া ডালিবে ॥ ইরুচে করিয়া বাদসা তক্তে বসাইবে * এহা সুনে তুর ও ছোল্লম দুই জনে ॥ গোস্বা হৈয়া ভাবা গোনা করে মনে মনে * মছলত করিল জবে কাবুতে পাইব ॥ কোনরুপে ইরুচেরে মারিয়া ডালিব * এছাই মছলত করে পরেতে তাহার ॥ ছোল্লম চলিয়া গেল লস্কর মাঝার * সাহেব সর্দ্দার লোক জে কেহ আছিল ॥ মোনামন তা সবার বুঝিতে লাগিল * অনুভাবে সবাকারে বুঝিল এছাই ॥ বেদেল হয়েছে ঠিক তামাম সেফাই * এহা দেখে কহে এসে তুরকে ডাকিয়া॥ লস্কর বেদেল আছে আইনু দেখিয়া*মিলিয়া গিয়াছে সবে ইরুচের সাতে॥ পেরেসান হৈনু দেখে দেলের বিচেতে * মনেতে আছিল সাদ জাইব ইরান ॥ মস্কেল হইল এবে রাখিতে তুরান

সালাম করিয়া লেখাহুজুরেতে দিল॥ফেরেদুপাইয়ালেখা খোসাল হইল*পুছিল সেকাছেদেরেকহ সমা
চার॥দুই সাহাজাদা কেছা আছেন আমার * কাসেদ কহিল দোন আছে খোসালিতে॥ হামেসা এরাদা
রাখেদিদার করিতে* আরজাহা কহিয়াছে তারা দুইভাই॥ হুজুরে সেসবকথা কহিতে ডরাই * ফেরেদু
কহিল তুমি নাহিক ডরাও॥ জে কিছু কৈয়াছে তারা আমাকে সোনাও * কহিতে সেসব কথা তেরা
কি কছুর॥তারা জা কৈয়াছে তাহা কহিবা জরুর*কাছেদসুনিয়া নামা নেকালিয়াদিল॥ বাকি জা জবানী
কথা তামাম কহিল* শুনিয়া ফেরেদু সাহা জলিয়া গোস্বাতে॥ কাছেদের তরে এহা লাগিল কহিতে
কহিতে এয়ছাই বাত সরম না হৈল॥ মোর তরে তাহারা কি নাদান বুঝিল * এজন্যে তা সবে আমি
আগামি ভাবিয়া॥ মুল্লক তকসিম কোরে দিয়াছি শুপিয়া * জদি না খোদার ডর হইত আমায়॥ মুল্লক
তকছিম কোরে না দিতুন কায় * বাদসাই করিতে সাদ আর নাহি মোর॥ জইফ হইল এবে আমার উ-
ম্মর * কখন মরিয়া জাই কাজা এলাহির॥বাদসাই করুক সবে খোসাল খাতির॥এজন্যে দেলেতে আমি
ভাবিয়া গুনিয়া॥ দিয়াছি তা সবাকারে বাদসাই সুপিয়া*মেরা নছিহত এই কবে তা দোহায়॥ দুনিয়া
কাএম কার হামেহাল নয় * জে কেহু হইবে পয়দা দুনিয়া বিচেতে॥ আখেরে জাইতে তারে হইবে
গোরেতে* কতবাদসা নামদার কত অলি নবি॥ দুনিয়া ছাড়িয়া তারা গিয়াছেন সবি*নাহক সয়তানি
কোরে দুনিয়ার লোভে॥ভাই২ আপসেতে খারাব হইবে * আমিজা তকসিম কোরে দিয়াছি তাদেরে
সবর না করে তারা চাহে লড়িবারে * এমন নাদান নাহি দেখি কোন খানে॥ বেটা হৈয়া সেকি করে
বাপের সামনে* কৈয়াছে এসব কথা বড় বেওফাই॥ আর জেন এছা বাত মুখে আনে নাই * কাসেদ
এ কথা সুনে বাদসার জবানি॥ বিদায় হইয়া মর্দ্দ চলিল তখনি * তাবাদে ফেরেদু সাহা ইরুচে ডাকিয়া
কাসেদের জত কথা দিল সুনাইয়া * সুনরে ইরুচ তুঝে কহিয়া জানাই॥ জানের দুস্মন তেরা হইল
দুই ভাই* তুর ও ছোল্লম তারা মিলে দুভায়েতে॥ আসিবে তোমার সাতে লড়াই করিতে * লইবে
মুল্লক তেরা জোরে ছেনাইয়া॥ কাসেদ ভেজেছে এই মসলত করিয়া * আমি জদি পোস্ত পানা করিব
তোমারে॥ নানা রূপে দুখদিবে তোমারে আমারে * না ছাড়িবে কোন মতে করিতে জুলুম॥ এইবাতে
আমি খুব কোরেছি মালুম* এখন কি রায় তেরা কহ দেখি মোরে॥ ইরুচ শুনিয়া কহে বাপের খাতেরে
আপনি জা কহিবে মানিয়া লিব আমি॥ তোমার হুকুম না করিব বেশী কমি* ফেরেদু সুনিয়া কবে তা
রিফ হাজার॥তোমা এছা নেক বেটা নাহিক আমার* তোমাকে কাএম জদি রাখে আল্লাতালা॥ তোমা
হৈতে নামমেরা হইবে উজালা* সোনবাবা জদি তারা মিলে দুইভাই॥ এসে হেথা তেবা সাতে করিতে
লড়াই * কিরূপে তাদের সাতে লড়িবে তখন॥ নারিব পানাহি দিতে তোমার কারন*তোমার তরফ
হৈতে তা দোহার সাতে॥ আমি গিয়া লড়িলে বদনামি আছে তাতে * জইফ হৈয়াছি কবে জাইব
মারিয়া॥ তাজতক্ত দিছি বাবা তোমাকে সুপিয়া * বুঝিয়া বাদসাই কর তক্তের উপরে॥ আমিগে হুজু
রাতে থাকি খোদার জেকেরে * সুনিয়াছি আমি এই নেহাত খবর॥ জমা করিয়াছে তারা বহুত
লস্কর * লড়িতে নারিবে তুমি হবে পেরেসান॥ আমার মছলত এই সোন বাবা জান * ভায়েরা দুস
মন জদি হইল তোমার॥ তাজ তক্ত সাহি তেরা নাহিক দরকার * বাচাইয়া রাখ বাবা আপনার জান॥
দুস্মনের হাতে কেন হবে পেরেসান * ইরুচ বাপের ঠাই একথা শুনিয়া॥ কহিতে লাগিল মর্দ্দ কাতর
হইয়া * সোন বাবা জাহাপানা আমার আরজ॥ ঝগড়া ফাসাদ মেরা নাহিক গরজ * কি করিব তাজ
তক্ত দুনিয়ার মাল॥হামেসা ফসাদ জাতে আখেরে জঞ্জাল * এদুনিয়া হামেসা কাএম নহেকার॥ মিছে
কেন ওঠাইব ফসাদের ভার*সাদনাহি আছে মেরাকরিতে বাদসাই॥ নাহক কিসেরতরে করিব লড়াই
দেলে না বোগজ রেখে লস্কর লইয়া॥ ভায়েদের ছামনেতে পঁওছিব জাইয়া * মিলিয়া তাদের সাতে
করিব ছুলুক॥ কহিব তোমরা লেহ তামাম মুল্লক * আমার উপরে গোস্বা কিসের খাতির॥ করিব
খেদমত গারি হইয়া হাজির * মোর তরে জাহা কিছু ফরমাইবে ভাই॥ মেনে লিব তাহাতে না হবে
বেওফাই * পির বরাবর মেরা তোমরা দুজন॥ মোর পরে গোস্বা আছ কিসের কারন * তোমরা আ-
মার বড় আমি ছোট ভাই॥মাফ করমোর তরে জিউ আস্কা পাই * এইরূপে মিনতি করিয়া ভায়েদেরে

আপনার * বিদায় করিয়া দিল হৈয়া খুসি মন॥চলিল আপনা দেসে সাহাজাদা গন *আপনার লোক
জন সাতে করে লিয়া॥ইরানে কএক রোজে পওছিল আসিয়া * বেটা বহু দেখিয়া ফেরেদু জাহাপানা
হইয়া বহুত খুঁসি দেলেতে আপনা* খয়রাত করিয়া দিল কত সত ধন ॥ খয়রাত পাইয়া দোওা করে
জনেজন*এনাম খেলাত দিল সবার খাতির ॥ খুসিতে মসগুল রহে অন্দর বাহির* সাহাজাদা গনসবে
খোসাল হইয়া॥ মহল বিচেতে রহে বিবীগনে লিয়া*তারপরে কিছু দিন গোজারিয়া গেলে ॥ ফেরেদু
মছলত এছাকরে দেলে২* জইফ হইনু আমি কবে জাই মরে ॥ মুল্লুক তকছিম করে দিব বেটাদেরে *
এহা বলে কাগজাত করিল তৈয়ার ॥ ছোল্লমের তরেদিল রুম ওখাওার* তুরকে দিলেন বাদসা চিনও
তুরান ॥ ইরুচে সুপিয়া দিল সহর ইরান * জেখানেতে খাছ তক্ত আপনার ছিল ॥ ইরূচে পিয়ার করে
সেই তক্ত দিল* এইরূপে দিল জদি তকছিম করিয়া ॥ ছোল্লম রূমের তক্তে বসিল জাইয়া* তুরগিয়া
আপনার তুরান সহরে ॥ বসিলেন খুসি দেলে তক্তের উপরে * ইরূচ ইরানে রহে তক্তে দিয়াবার ॥
রহেন ফেরেদুসাহানিকটে তাহার*আপনা২ দেসে গিয়া সকলেতে॥আদলএনছাফ খুবলাগিলকরিতে
এইরূপে কতদিন খুসিতে গোজারে॥ ছোল্লম বেজার কিন্তুছিল এখাতেরে*ফেরেদু জাদিয়া ছিল তক
ছিম করিয়া ॥ পছন্দ না হয় তার এহার লাগিল * আপনার খাছ তক্ত ইরানের জাহা ॥ ইরুচে পিয়ার
করে দিয়াছেন তাহা* এহা বড় বেএনছাফি করিয়াছে বাপ ॥ এই বাতে আমার দেলেতে বড় তাপ*
আমি সবাকার বড় রাখিয়া আমায় ॥ আপনার খাছ তক্ত দিলেন ছোটায় * এই কথা কতদিন ভেবে
মনে মন ॥ আখেরে তূরের আগে ভেজিল লিখন * মজমুন লিখিয়া ছিল লিখনে এছাই ॥ বিচার
করিয়া খুব বুঝে দেখ ভাই * কেমন বিচার এই বাপের হইল ॥ জে সব খারাব দেস আমা দোহে দিল
ইরূচে পিয়ার করে রাখিয়া কাছেতে ॥ আপনার খাছ তক্ত দিল ইরানেতে * নাহিক সেখানে কিছু
ঝগড়া লড়াই॥আরামে রহিয়া খুব করে সে বাদসাই*বহুত খাজনা বেসি ইরানের দেসে॥ হামেহালহর
বাতে থাকে দেল খোসে*তোমার আমার দেসে খাজনা থোড়াই॥ আর হেথা হামেহাল ফছাদ লড়াই
এই হেস্বা নহে মেরা মঞ্জুর এখন ॥ বুঝিয়া কহিবে এতে কিবা তেরা মন*এইরূপে লেখাপড়ি তৈয়ার
করিয়া॥ তুবানে তুরের আগে দিল পাঠাইয়া* কাছেদ লইয়া লেখাজাইয়া তুরানে॥হাজের করিয়া দিল
তুরের ছামনে * পাইয়া ভায়ের লেখা হইয়া খোসাল ॥ ওাকেফ হইল লিখেছিল জত হাল * জওাব
লিখিল তার এমনি ছুরাতে॥আপনি লিখেছ জাহা রাজি আছি তাথে* তোমারহুকুমে আমি না হেলাব
ছির ॥ হামেসা তোমার বাতে আছিত হাজির *ইরূচে মারিয়া তক্ত লিবে জাদ ভাই ॥ রাজি আছি তা-
হাতে দেরেগ মেরানাই*এবাতে মছলত এক আছেত এমন ॥ নামা এক লেখ আগে বাপের কারন *
তাহাতে মজমুন এইলিখিবে আপনি ॥ তোমা আমা দোহাকার করিয়া জবানী * সোনবাবা জাহাপানা
কহি জনাবেতে॥ তোমার খায়েস রাখি দেলের বিচেতে* আপনার খাছ তক্ত ইরান সহরে ॥ তেইতক্ত
চাহি এবে দেহ আমাদেরে* আমরা দুবেটা তেরা থাকিতে এছাই ॥ ইরুচ সে তক্তে বসে করেত বাদ
সাই * ছোটার মোরতবা আপে দিলে বাড়াইয়া ॥ হয় নয় দেল বিচে দেখনা বুঝিয়া * খাছ তক্ত দিয়া
আপে ছোটার কারনে ॥ ভেজিলে দোছরা দেসে আমা দুইজনে* জদ্যপি মঞ্জুর কর তবেত বেহতের
নহেত কাটীব গিয়া ইরুচের ছের* এইরূপে লেখা পড়ি তৈয়ার করিয়া॥ ছোল্লমের আগে লেখা দিল
পাঠাইয়া * ছোল্লম পড়িয়া লেখা হৈয়া খুসি মন ॥ সহি করে সেই নামা লইয়া তখন * বড়ই চালাক
এক কাছেদ আছিল ॥ তার হাতেনামা দিয়া ইরানে ভেজিল * কহিল এনামা লিয়া ফেরেদুকে দিবে
বাকি এসকল কথা জবানী কহিবে* ছোল্লমার আর তুরজে মিলিয়া দুইজন॥এইকথা কহিয়াছে তোমার
কারন*বিচারেতে তাজতক্ত ইরান দেসের ॥ অবশ্য মিলিতে পারে আমার খাতের*কেমনবিচারতেরা
খোদাকেনা ডর॥বাদসানামদারহৈয়া অবিচার কর*বড় বেটা থাকিতে ছোটাকেবাড়াইয়া॥ইরানেরখাছ
তক্তদিয়াছ শুপিয়া * ঝগড়া ফছাদ কিছু ইরানেতে নাই॥ খুসিতে ইরুচকরে তক্তের বাদসাই* ইরানে
বাদসাই জদি ইরুচ করিবে॥ফছাদ বাড়িবেতাথে একিনজানিবে*এইরূপে কতকথাজবানিবলিয়া॥ কাছে
দেরতরে দিলসেতাবিভেজিয়া*আছিল ফেরেদুসাহাইরান সহরে॥কাছেদ পওছিল এসেতাহারহুজুরে

বাদসা ফেরেদু আপনার তিন বেটাকে মুল্লক হিস্বা করিয়া দিলে তাহা বাদে
ইরুচের ভায়েরা ইরুচের পরে দুসমনি করিবার বয়ান ॥

পয়ার * জোহাক বাদসার তক্ত ফেরেদু পাইয়া ॥ কত দিন সাহি করে খোসাল হইয়া* তার পরে আসিয়া জে সেখান হইতে ॥ বার দিল খুসিহালে ইরানের তক্তে * দেসে২ নেক নামি হৈল সব ঠাই ॥ কোন বাতে কার পরে না ছিল বুরাই*কিছুদিন গোজারিয়া গেলে তার পরে॥ একে২ তিন বেটা হৈল তার ঘরে * ছোল্লম রাখিল নাম পহেলা বেটার ॥ তুর বলে নাম জে রাখিল দোছরার * ইরুচ বলিয়া নাম ছোটার রাখিল॥সবা হৈতে ছোটার দানাই খুব হৈল*নেকবক্ত হৈল মর্দ্দ বড় হুসদার॥নেকিকাম ছেওা না খিয়াল ছিল তার * কতদিনে সিয়ানা হইতে তিন ভাই ॥ ফেরেদুর দেলে হৈল খেয়াল এয়ছাই*এক মার তিন বেটী জার ঘরে পাব ॥ তিন বেটার সাদি আমি সেখানেতে দিব*সেহইলেঝগড়া ফছাদ নাহি হবে ॥ তিন বহিনেতে মিলে হামেসা রহিবে * এয়ছাই মছলত করে দেলে আপনার ॥ ছন্দল নামেতে জে কাছেদ ছিল তার * তাহাকে ডাকিয়া সাহা লাগিল কহিতে ॥ দেশে২ জাহ এই খবর আনিতে * এক মার তিন বেটী আছে জার ঘরে ॥ সাদির পয়গাম জে কহিবে তার তরে*চলিল হুকুম পেয়ে ছোলন্দ তখন ॥ ঠাই২ দেসে দেসে করিয়া ভ্রমন * জেখানে জে বাদসা ছিল ফিরিল তামাম ॥ কোন স্থানে না হইল কামের আঞ্জাম*আখেরে পঁওছিল মর্দ্দ এমন সহর ॥ সুনিল জাইয়া সেথা এয়ছাই খবর*এমন সাহার ঘরে আছে তিন বেটী ॥ রূপে গুনে সকলে দেখিতে পরিপাটী * কাছেদ এ কথা সুনে খোসাল হইয়া ॥ বাদসার দরবার বিচে পঁওছিল জাইয়া * আছিল এমন সাহা বসে তক্ত পরে॥ছালাম করিয়া খাড়া হইল হুজুরে*কাছেদেরে দেখে বাদসা লাগিল পুছিতে॥ কিকামে জাইলে হেথা কোন দেস হৈতে*কাহার কাছেদ তুমি বাদসার কি নাম ॥ কি লেখা লইয়া আইলে দেহ সেপয়গাম * কাছেদ দু হাত জুড়ি কহিলসামনে॥ফেরেদু নামেতে বাদসা সহর ইরানে* সাদীর পয়গামদিয়া ভেজিল আমায় ॥ দেসে২ ফিরে সেসে আইনু হেথায়* বাদসার পছন্দ মত খবর সুনিয়া॥ হাজের হইনু তেরা হুজুরে আসিয়া*ফেরেদু বাদসার আছে বেটা তিন জন॥খাহেস করেছে সাহা দেলেতে এমন* এক মার তিন বেটী মিলিবে জেথায়॥ সাদী দেলাইব তিন বেটার সেথায়* এইত পয়গাম সাহা কহিল, জনাবে ॥ জা আইসে খাতেরে তাহা ফরমাইয়া দিবে * কাছেদের মুখে সাহা এ বাত শুনিয়া ॥ কবুল করিল বাত খোসাল হইয়া * এনাম খেলাত দিয়া কাছেদে তখন ॥ বিদায় করিয়া দিল করে খুসি মন সেখান হইতে মর্দ্দ বিদায় হইয়া ॥ ফেরেদু আছিল জেথা পঁওছিল আসিয়া * পয়গাম লইয়া জদি কাছেদ আইল ॥ ফেরেদু হইয়া খুসি পুছিতে লাগিল*কহমর্দ্দ বুঝাইয়া আমার কারন॥কি খবর আনিয়াছ সুনি বিবরন*কাছেদ কহিল তবে সোন জাহাপানা॥এমনের বাদসা জার বড়ই ছায়ানা*রূপেগুনেতিন বেটি আছে তার ঘরে॥ কবুল সে কৈল তেরা বেটাদের তরে * ফেরেদু একথা শুনে খোসাল হইয়া ॥ উজির সবার তরে দিল ফর্ম্মাইয়া * তুরিত জাইয়া কর সাদীর সামানা ॥ সেতাবী ভেজিমু দিব করিয়া রওানা*উজির হুকুম এয়ছা পাইয়া বাদসার সাদির সামানা জত করিল তৈয়ার* আলাও লস্কর সেজে মওজুদ হইল॥ঠাই২ সাদিয়ানা বাজিতে লাগিল* বেটাদের তরে সাহা নওসা সাজাইয়া ॥ এমন সহরে দিল রওানা করিয়া * খুসিতে মসগুল হৈয়া লস্কর সেফাই ॥ হাসি খেলি কৌতুকেতে চলিল সবাই * মঞ্জিলে২ রাহা নেকালিয়া জায়॥কতদিনে এমন সহর গিয়া পায়*আপনি এমন সাহা খবর সুনিয়া॥সাহাজাদা গনে লিল আগু বাড়াইয়া * আনিয়া মহল বিচে খোসাল অন্তরে ॥ তাজিমেতে বসাইল মছলন্দ উপরে * লোক জন সবাকারে তাজিম করিয়া ॥ জেবা জেছা তারে তেছা বসাইল লিয়া * নানারূপে সবাকারে খেলাইল তাম ॥ খেয়ে পিয়ে সকলেতে করিল আরাম* তার পরে দেশের দস্তুর জাহা ছিল সেইমত সবাকার সাদি দেলাইল * হাতি ঘোড়া মাল মাত্তা নফর গোলাম ॥ বেভার আনিয়া দিল বাদসা নেকনাম*আলাও লস্করজত সবার কারনে॥এনামবকসেস সাহা দিলজনে২* কারেবাহাতীয়ারআর কারে দিল ঘোড়া॥ কারেবা বকসেস কৈল ভাল জামা জোড়া * জেবা জেছা তারে তেছা দিল নেওাজিয়া॥সকলে হইল খুসি এনামপাইয়া*খুসিতে কয়েক রোজ বাদসা নামদার॥ বেটিদামাদেরে ঘরে রেখে

লাগাইয়া* সেই রস্যি পাকড়িয়া উপরে উঠিল ॥ ছাত হৈতে ধিরে ধিরে নিচেতে নাবিল* দেখে বিবী সহরেয়াজ খুসির তরঙ্গে ॥ হাসি খেলি করিতেছে ফেরেদুর সঙ্গে * আরনওাজ বিবি লিয়া জায় সারা বের॥পেলায় হইয়া মস্ত খোসাল খাতের * ফেরেদু তক্তের পরে আপনি বসিয়া ॥ নানারঙ্গে খুসি করে বিবী দোন লিয়া* হাসিয়া২ কভু বিবিদের গায় ॥ ঢলে পড়ে ছের ধরে বিবীরা ওঠায় * কভু ফেরেদুর মুখে খুসি খোসালিতে ॥ পান দেয় বিবী দোন আপনার হাতে* দেখে জোহাকের হৈল প্রবল আগুন একেবারে জলে ওঠে বারুদ জেমন*কুদিয়া উঠিল মুজি দেলের গোস্বায়॥ তেগ লিয়া ফেরেদুকে কাটি বারে জায়* দেখে সহরেয়াজ বিবী ফেরেদুকে বলে॥আইল জোহাক পাপী মার তেগ তলে* ফেরেদু লইয়া গোর্জ্জ সেতাবি উঠিয়া ॥ জোহাকের সামনেতে খাড়া হৈল গিয়া * গোস্বাতে জোহাক পাপী মারিল তলওার ॥ ফেরেদু ঢালেতে তার লইল ওয়ার * ফাক পড়ে গেল তেগ না পারে মারিতে॥ পিছেতে হটীল গিধি সেখান হইতে * ফেরেদু মারিল গোর্জ্জ ছের তাকাইয়া ॥ জমিনে গিরিল পাপী বেতাব হইয়া * ফের গোর্জ্জ মারিবারে ফেরেদু ওঠায় ॥ গাএবি আওাজ এক সুনিবারে পায় * এখন হায়াত বাকি আছেত এহার ॥ গোর্জ্জ নাহি মার তুমি সোন নামদার * এবে এছে হাতে পায় জিঞ্জির করিয়া ॥ পাহাড়ে খন্দকে রাখ কএদ করিয়া * ফেরেদু সুনিয়া এয়ছা গায়েবের বানি ॥ জোহাকেরে ধরে বন্দ করিল তখনি * মোড়ম্বা করিয়া বেন্ধে লোহার সিকলে ॥ দামাওন্দ পাহাড়ে খোন্দকে লিয়া ফেলে * আছিল খন্দক সেই বড়ই কঠীন ॥ আন্ধার তাহার বিচে রহে রাত দিন * দেখিতে না পাওা জায় নাহি লাগে হাওা ॥ আগুনের তাপ ছুটে তাহাতে থাকিয়া * জেন্দান দোজখ জেন সেইতখন্দক চিখিয়াছে তাহাতে সেদ্দত জেই লোক* সেহ খুব জানে সেই খন্দকের হাল ॥ দোছরাতে কিজানিবে করিয়া খিয়াল * ছের নীচে করে পাও উপরে রাখিয়া ॥ জোহাকেরে সে খন্দকে দিল টাঙ্গাইয়া বাকি জা কয়েক রোজ হায়াত আছিল ॥ বাচিয়া খোন্দক বিচে আখেরে মরিল * হাজার বচ্ছর পাপি করিয়া বাদসাই ॥ মরিল দেখনা কেঁছা পাইয়া সাজাই * জালেম রহিল নাম দুনিয়ার বিচে ॥ জত কিছু করিল সকলি হৈল মিছে* আখেরে পাপের বোঝা লইয়া মাথায় ॥ মারা গেল বদনামি রহিল দুনিয়ায় নেকি বদি দুই কাম দুনিয়া বিচেতে ॥ জেবা জাহা করিবে জাইবে তার সাতে * নেকি কর নেকনামি রহিবে জাহানে ॥ আখেরে খোসাল হবে খোদার সামনে * বদি কৈলে বদনামি দুনিয়াতে রবে ॥ যে কেহ সুনিবে সব লানত করিবে * আখেরে আল্লার আগে মুখ হবে কালা ॥ আজাব সেদ্দত আর হবে কত জ্বালা*হেথা সেথা দোজাহানে নাহিক ভালাই ॥ বদি কৈলে বদনামি রহে সর্ব্ব ঠাই * ফেরেদুর হাতে যদি জোহাক মরিল ॥ দেশে২ সব ঠাই জাহের হইল * সুনিয়া তামাম লোক খোসাল অস্তর খোদার দরগায় ভেজে হাজার সোকর * মরিল জোহাক পাপি ঘুচিল বালাই॥ খুসিতে গোজরান করে সবে ঠাই২ * জোহাকের তাজ তক্ত লস্কর সরদার ॥ ফেরেদুকে সুপে দিল আপে করতার * ফেরেদু বসিল তক্তে খোসাল খাতির॥আরকান উজির সব হইল হাজির* আদল এনছাফ খুব করিতে লাগিল দেখিয়া সুনিয়া সবে খোসাল হইল * নেকনামি জাহের হইল ঠাই২ ॥ খুসি হালে রহে সব গম কিছু নাই*আমির ওমরাও লোক দেসে২ হৈতে॥ সুনে সবে মেলে এসে ফেরেদুর সাতে* জনে২ কহে সবে সোন নামদার॥ আমরা সকলে তেরা হুকুমবরদার*ফেরেদু তা সবাকার মান বাড়াইয়া॥এনাম বকসিস আনি দিল নেওাজিয়া * ছালাম তছলিম করে সবে জনে২ ॥ জার জে বিদায় হৈল হৈয়া খুসি মনে * ফেরেদু বাদসাই করে তক্তে দিয়া বার ॥ সাত মুল্লুকের হৈল বাদসা নামদার * নানারূপে নেকি কাম লাগিল করিতে॥একারনে নেকনামি আছে দুনিয়াতে*ভালা বুরা নেকি বদি জেজাহা করিবে ॥ নেকি বাদ দুই নাম দুনিয়াতে রবে * সকলি করিতে পারে আল্লা কারসাজ ॥ কাকে মারে কার তরে দেয়তক্ত তাজ*দেওা লেওা জত কিছু সব তার হাত ॥ জারে চাহে দেয় তারে করিয়া নাজাত* মহাম্মদ খাতের কহে আল্লা করি সার ॥ বালিয়া গোবিন্দপুর বসতি জাহার *

লিয়া * বাকি জা লস্কর ছিল ডরাইয়া দেলে ॥ সকলেতে গিয়াছে তাহার সাতে মিলে * আমি না আ-
টীতে পেরে তাহার সহিত ॥ খবর কহিতে তুঝে আইনু তুরিত * একথা সুনিয়া মুজি জোহাক গাওার
দেল বিচে নেহাত বুঝিল আপনার* এতদিনে বক্ত মেরা হইল কমজোর ॥ ফেরেদু পৌছিল এসে সহ
রেতে মোর*ভেবে গুনে ভেদ কথা না করে প্রচার॥ এজন্যে পুসিদা রাখে দেলে আপনার* কি জানি
লস্কর পাছে একথা শুনিয়া ॥ ডরেতে ভাগিয়া জায় আমাকে ছাড়িয়া * কহিতে লাগিল পাপী করিয়া
মক্যর ॥ সোনহ কান্দরা কহি তাহার খবর* বোগদাদের সাহা সেহ মেহমান আমার ॥ মেরা ডেরে আ
সিতে খবর ছিল তার*নাহিক জানিয়া সেহ করেছে লড়াই॥ আলাপ না দিলে কেন তোমরা সবাই *
আমি সেথা থাকিলে হইয়া খুসিমন॥গলে ধরে মোর সাতে করিতে মিলন * রাত দিন থাকুক সেমহল
বিচেতে ॥ না কর আন্দেসা কিছু ডর নাহি তাতে * কান্দারা এ কথা স্নুনে হইয়া লাচার ॥ বাদসাকে
জওাব দিল সোন নামদার * খিয়াল না কর কিছু আপনার দেলে ॥ কেমনে তাহাকে আপে মেহমান
জানিলে * মহিমে জে ফতে করে বার দিল তক্তে ॥ মহলে মিলিল তেরা বিবীদের সাতে * মেহমান
বুঝিলে তারে কেমন করিয়া ॥ এ বড় গজব কথা দেখনা বুঝিয়া * জামসেদের বহিন নামেতে আর-
নওাজ ॥আর তেরা বিবী যে নামেতে সহরেয়াজ * এই দুই বিবী জে মিলিয়া তার সঙ্গে ॥ হামেহাল
হাসি খুসি করে নানারঙ্গে * কভু তাবে হাওা করে বিবি আরনওাজ ॥ সারাবের জাম কভু দেয় সহরে
য়াজ * মিলিল তাহার সাতে লস্কর তামাম ॥ আর মিলে গেল সব চাকর গোলাম * জোহাক একথা
শুনে জলিয়া গোস্বায় ॥ লান তান করে কত কহে কান্দরায় * সোনরে কান্দরা এই ঝুট বাত তোর ॥
ডরে ভেগে আইলি তার দেখিয়া লস্কর * এছাই নাদান তুই নাহিক জানিয়া ॥ দিয়াছিনু তোর তরে
সরদারি সুপিয়া * সরদারের লাএক নাহিক দেখি তোরে ॥ এবাতে আফছোছ বড় হইল আমারে *
কান্দরা শুনিয়া দিল জওাব তাহার ॥ আমাকে নাদান বল না করে বিচার * এত দিনে বুঝি তেরা
ভাঙ্গিয়াছে বক্ত॥ আর না মিলিবে তুঝে সাহি তাজ তক্ত * এখন খিয়াল কর আপনা ভালাই ॥ নাহক
বেগড়ে জাবে লস্কর সেফাই * মাফ কর মোর তরে সোন জাহাগির ॥ যাহাতে বাচিবে এবে কর
সে ফিকির * কিরূপে করিবে জের দুসমনের তরে ॥ মসলত করিয়া চল আপনা সহরে * এ কথা
জোহাক পাপি সুনে তার মুখে ॥ গোস্বাতে জলিয়া লাল হৈল আপনাকে*খাহেস কবিল তাকেমারিব
বলিয়া ॥ আপনা সরদার লোকে দিল ফরমাইয়া * সে তাবি কোম্মর বেন্ধে হইয়া তৈয়ার ॥ জিন বন্দি
করে ঘোড়া আনহ আমার*শুনিয়া লস্কর সব তৈয়ার হইল ॥ জিনবন্দি করে ঘোড়া সামনে আনিল *
জোহাকঘোড়ার পরেসওার হইয়া॥আলাও লস্কর সব সাতেকরে লিয়া* রওানাহইললিয়া জত ছরঞ্জাম
সহর নিকটে গিয়া করিল মকাম*ফেরেদুর নাম শুনে তামামসর্দ্দার॥ দেলবিচে খোসালিতহইল হাজার
জোহাক উপরে তারা নারাজ হইয়া ॥ ফেরেদুর সাতে সবে মিলিল জাইয়া * দেখিয়া জোহাক পাপি
ভাবে মনে মন ॥ আমার নছিবে দুখ ঘটিল এখন * ছাড়া হৈয়া গেল সব লস্কর ছেফাই ॥ কেহ নাহি
চাহে আর আমার ভালাই * আজল পওছিল এসে গর্দ্দানে আমার ॥ ওঠাইতে হবে এবে কত দুখভার
এখন জানের আসা করিলে কি হবে ॥ জেদুখ নছিবে আছে তাহা কে ছাড়াবে* একেলা লড়িতে জাব
কোম্মর বান্ধিয়া ॥ কোনরূপে দুসমনে মারিব দাগা দিয়া * তবেত ভালাই দেখি বাচাইতে জান ॥
নহেত দুসমনে মেরা মারিবে গর্দ্দান * ফেরেদু জেখানে থাকে মহল ভিতরে ॥ চুপে২ জাইয়া মারিব
তার তরে*জখন দেখিব নিন্দে জাইবে সুইয়া ॥গর্দ্দানে মারিব জোরে তলওার খেঁচিয়া* তবেত যাইবে
মারা ঘুচিবে বালাই ॥ খুসিতে পাইব ফের আপন বাদসাই * এছাই ভাবিয়া মুজি দেলে আপনার ॥
আপনাকে রহিল জে হইয়া তৈয়ার * রাতের আমল জবে আসিয়া পওছিল ॥ তলওার লইয়া হাতে
বাহির হইল * আপনা শুরত এরছা করিল সে ওক্তে ॥ কেহ জাতে নাহি পারে দেখিয়া চিনিতে
ভাগিতে লাগিল গিয়া মহল কেনারে ॥ কেমন করিয়া এবে জাইব ভিতরে * দুয়ারে সেফাই পাহারা
আছে ঠাই২ ॥ দেখিলে ধরিয়া মুঝে করিবে সাজাই * এইরূপে ভাবা গোনা করিয়া দেলেতে ॥ মছলত

মেরা ছামনেতে * এক জঙ্গি পাহালওয়ান একথা সুনিয়া ॥ লড়িতে ময়দানে আইল ঘোড়া কোদাইয়া মার২ বলে গিধি করে জো রসোর ॥ গোর্জ্জ ওঠাইয়া মারে ফেরেদু উপর * ফেরেদু তাহার গোর্জ্জ ঢালে ওড়াইয়া ॥ গোস্বাভরে মারে তারেতলওয়ার খেচিয়া* জোরেতে মারিল তেগ কোমরে তাহার ॥ দুখান হইয়া গেরে কমিনা গোণ্ডার*এইরূপে একে২ আইল ছয়জন॥ফেরেদু মারিয়াডালে সবার কারন দেখে জোহাকের লোক ডরে ডরাইয়া ॥ লড়িতে না আইসে কেহু রহে খাড়া হইয়া* ফেরেদু হাকিয়া বলে কেনরে গোণ্ডার ॥ মহিম করিতে কেহু নাহি আইস আর* এহাবলে গোস্বাভরে ঘোড়া ওঠাইয়া মার২ করে মর্দ্দ চলিল হাকিয়া * দেখিয়া লস্কর সব ঘোড়া ওঠাইল ॥ দিগে দিগে সকলেতে মারিতে লাগিল * সোর সরাবত হৈল ময়দান উপর ॥ মারা গেল জোহাকের বহুত লস্কর * ময়দানে বহিয়া চলে লহুর তুফান ॥ ধড় ছের ভাসে তাথে সোলার সমান * টিকিতে না পারে লোক ফেরেদুর আগে জান বাচাইয়া সবে দিগে২ ভাগে* ফেরেদু দেখিল জদিময়দান থাকিয়া ॥ জোহাকের লোগ সব গেল পালাইয়া * আপনা লস্করে কহে হাকিয়া এছাই ॥ আর না লড়িবে কেহ ফেরহ সবাই* মানাহি সুনিয়া সবে লড়াই ছাড়িল ॥ মহিমের ফতে জেনে ঘোড়া ফেরাইল * হেনকালে এক জঙ্গি জোহাক বাদসার লড়িতে আইল ফের বলে মার মার * কান্দারা বলিয়া নাম ছিল সে জঙ্গির ॥ ময়দানে আসিয়া জঙ্গি হইল হাজির*ফেরেদু লইয়া গোর্জ্জ ঘোড়া ওঠাইয়া॥জঙ্গি আছওয়ার জেথা পঙছিলজাইয়া * হাকিয়া কহিল তারে শুনরে কমিন ॥ নেহাত বুজিনু তেরা মউতের চিন * একথা শুনিয়া জঙ্গি গোস্বাতে জলিয়া ॥ জোরেতে হাকিয়া গোর্জ্জ মারে ওঠাইয়া * ফেরেদু দেখিয়া গোর্জ্জ ঢাল পাতে ছেরে ॥ আসিয়া লাগিল গোর্জ্জঢালের উপরে*এছা জোরেগোর্জ্জ মারে কান্দরা গাণ্ডার॥ তামাম লস্করেগেল আওাজ তাহার * ফেরেদু সে গোর্জ্জ রদ করিয়া তখন ॥ হাকিয়া কহিল গিধি সামাল এখন * এহা বলে এক গোর্জ্জ ওঠাইয়া মারে ॥ নিল সে গোর্জ্জর চোট ঢাল দিয়া ছেরে * ফেরেদু এছাই জোরে গোজ্জ মেরে ছিল ॥ তামাম তজুদে তার পাছিনা ছুটিল * এইরূপে গোজ্জ বাজি করে দু জওান আখেরে না পারে জঙ্গি হৈল পেরেসান*আপনা লস্করে ভাগে ঘোড়া ওঠাইয়া॥পিছে২ ফেরেদু চলিল খেদাড়িয়া * জানের ডরেতে মুজি ফিরিয়া না চায় ॥ হাওাকে রাখিয়া পিছে ভাগিয়া পালায় * লস্কর আছিল জত তাহার সঙ্গেতে ॥ ফেরেদু তাসবাকারে লাগিল মারিতে* পায় জাকে মারেতাকে দেলের গোস্বায়॥নাহিছাড়ে পায় জারে মারিয়া গেরায়* আছিল লস্করজত ফেরেদুরসাতে ॥ তারাওভি দিগে২ লাগিল মারিতে * ময়দানেতে লহু নদি চলিল এছাই ॥ কত লোক মারা গেল লেখা জোখা নাই * মার মার ধর২ হাকে বড়া হাক ॥ টীকিতে না পারে কেহ দেখিয়া বিপাক* ভাগিতে লাগিল কত জান বাচাইয়া ॥ জঙ্গল ময়দান বিচে গেল পালাইয়া * ফেরেদু করিয়া ফতে মহিমের কাম ॥ ফিরিয়া আইল জেথা লস্করতামাম*একঠাই সকলেতে জমিল আসিয়া ॥ হইল বহুত খুসি দোখয়া সুনিয়া* ছালামতি দেখেসবে ফেরেদু ছর্দ্দার ॥ খোদার দরগায় ভেজে সোকর হাজার* এইরূপে এখানেতে মহিমের কাম খোদা জারে জস দিলহইল আঞ্জাম * হোথা সে কান্দারা জঙ্গি লড়ে পহেলায়॥ মহিমে হারেল হৈয়া ভাগীয়া পালায় * হিন্দুস্থান দেসে জেথা জোহাক আছিল ॥ তাহার নিকটে মুজি জাইয়া পঙছিল জোহাক দেখিয়া পুছে তাহার কারনে।কিকামেতে এছাহালে আইলে এখানে* সুনেসে কান্দেরা জঙ্গি কহে জোড় হাতে ॥ সুন বাদসা নামদার কহি জনাবেতে * তিন জঙ্গি পাহালওান বোগদাদ থাকিয়া তোমার মুলুকে বিচে পঙছিল আসিয়া * তার মধ্যে এক মর্দ্দ নবিন জওান ॥ বড়া জোরওার সেইবড়া পাহালওান * দেও পরি ভাগে তার তলওারের জোরে ॥ পরেন্দা জানওার ডরে পর নাহি মারে * তামাম লস্কর তার হুকুম বার্দ্দার ॥সেইমর্দ্দ হবেবুঝিছাহেব ছর্দ্দার*তাজতক্ত যতঠাই তোমার বাদসাই ছেনাইয়া লিলমর্দ্দ করিয়া লড়াই*জাদু তেলেছমাত আদি জেখানে জাছিল ॥ গোজ্জ মেরে সব তাহা ওড়াইয়া দিল*জবেসেনিকটে আইললইয়ালস্কর ॥ মোরাগিরা তারসাতেলড়িনুবিস্তর*খাজানা খানার জত লস্কর আছিল ॥ দেও পরি মিলে সবে বহুত লড়িল* আখেরেতে মারিল সে সবার গর্দ্দান ॥ বাকি লোক পালাইল বাচাইয়া জান * লইল খাজানা খানা দখল করিয়া ॥ মহলেতে থাকে তেরা বিবীগনে

ও নেসান খাড়া করিল সেখানে॥ খবর পঁওছিল সব বেগম জেখানে * ফেরেদু লস্কর লিয়া আসিয়া পঁওছিল॥ বেগম সকলে সুনে খোসাল হইল * সোকর ভেজিয়া তারা খোদার দরগাতে॥ কহে জান বাচাইলে নাপাকের হাতে * এইরূপে জোহাকের বিবীরাসকলে॥ মনাজাত করিতে লাগিল হাত তুলে আর না জোহাক পাপি আইসে এই ঠাই॥ কোনরূপে মরে সেথা আফত বালাই * ফেরেদুর উপরে মদদ কর খোদা॥ এই ঘর জাহাতে কায়েম রহে সদা * কোনমতে আমাদের বাঁচাবে ভরম॥ নাপাকের হাতে জেন না যায় সরম * তুমি আল্লা করতার পাক বেনেয়াজ॥ এক ভাঙ্গ এক গড় সব তেরা কাজ*এইরূপে মনাজাত করিতে আছিল॥ হেনকালে মহলেতে ফেরেদু আইল* ফেরেদুকে দেখিয়া যে বিবীরা সকলে॥জনে২ ছালাম করিল হাত তুলে* ফেরেদু তা সবে দেখে খোসাল খাতের॥ সকলে হইল খাড়া খেদমতে হাজির*তাহাবাদে দোছরা মকানে গেল ফের॥ জেখানে বহিনী আর বিবী জম সেদের * জোহাক জমসেদে মেরে দোহাকে আনিয়া॥ রেখেছিল খুসি মনে জরু বানাইয়া * জাম সেদের বহিন নামেতে আরনওাজ॥ আর বিবী ছিল নামে সহরেয়াজ * দেখে তারা ফেরেদুকে হইল খোসাল॥ গাইবি খাজানা জেন পাইল কাঙ্গাল*হাত জুড়ে দুই জনা ছালাম করিয়া॥ ফেরেদুকে পালঙ্গেতে বসাইল লিয়া * একে২ আপনা২ হাল জাহা॥ দুইজনে বয়ান করিয়া সব তাহা * কহে এহা গোজারিল মোদের উপরে॥জেছাই আজাব হয় দোজখ ভিতরে* ফেরেদু শুনিয়া কহে করহ সবুরি। ছবরি করিলে আল্লা দিবেক মজুরি * একথা কহিয়া শেষে আরবার পুছে॥ কহ কি কারনে মুজি হিন্দুস্থান গেছে*শুনে বিবি সহরেরাজ কহিলএয়ছাই॥দুসমনের সাতে গেছেকরিতে লড়াই*তোমার ডরেতে থাকে পেরেসান হৈয়া॥ঢুড়িয়া বেড়ায় পাপি লোকজন লিয়া * কোনরূপে তোমাকে পাইলে দুরাচার॥ দাগা দিয়া তোমাকে মারিবে একবার*দুছরা মতলব যে করেছে এর ছেওা॥ কএদ করিবে তুঝে জাদু লাগাইয়া * লড়িয়া জাদুর দেশ কবজ করিল॥ সেথা এক জাদুগর তাহাকে মিলিল * বড় জাদুগির সেহ জানে কত ফন্দ॥ তার হাতে করিবে তোমার তরে বন্ধ * ফেরেদু সুনিয়া বলে খোদা জাতে রাজি॥ কি করিবে দাগাবাজ করে দাগাবাজি * জাদুগির লিয়া আর দেয়ের সেফাই॥ হিন্দুস্থান গেছে মুজি করিতে লড়াই*জাদু লাগাইয়া তাহা সবার কারন॥ খারাব করিবে গিধী করে জালাতন, জখন আসিবে হেথা জাদুগির লিয়া॥ খোদা চাহে কেয়ছা জাদু লইব দেখিয়া * এহা বলে রহে মর্দ্দ খোসাল খাতেরে॥ কোন বাতে দেল বিচে গম নাহি করে* আলাও লস্কর সব রহে ঠাই২॥ মুল্লকেতে ফেরেদুর ফিরিল দোহাই * জোহাকের জে সব লস্কর সেথা ছিল॥ ফেরেদুর নাম শুনে খোসালিত হৈল * জোহাক উপরে তারা নারাজ হইয়া॥ একে২ সকলেতে মিলিল আসিয়া * এলাহি কোসাদা করে দেয় জার বক্ত॥বেগর মেহনতে তারে মেলে তাজ তক্ত*নারাজহইলে খোদা বক্তহয় দুর॥মসাতে হাতীর জোর করে ডালে চুর * গাএর জোরেতে জেবা করিবে জুলুম॥ জোর জবে কম হবে হইবে মালুম * জতদিন জোর থাকে করে বারা জুরি॥ লাচার হইয়া লোক করে তাবেদারি * কি করে না তাবেদারি করিলে তাহার॥ জুলুম হইবে ভারি জানে বাঁচা ভার* একারনে তাবেদারী করে সকলেতে হামেসা জানায় দুখ খোদার দরগাতে * খোদা তারে বাড়াইয়া দেখে কিছু কাল॥ আখেরেতে দেয় তারে করিয়া পয়মাল * মহাম্মদ খাতের কহে কেতাবের বানি॥ জোহাক জে রূপে মরে শুন কে-কাহিনী *

ফেরেদুর হাতে বাদসা জোহাক মারা জায় তাহার বয়ান॥

পয়ার * জোহাকের ঘর বাড়ী জেখানে জাছিল॥ ফেরেদু সে সব জত দখল করিল* সহরে জেসব লোক ছিল দুরাচার॥ মারিল সে সবাকারে খেচিয়া তলওার * তার পরে সেথা হৈতে লস্কর লইয়া জেখানে খাজানাখানা পঁওছিল জাইয়া*জোহাকের লোক সেথা ছিল বেসুমার॥ দেখিয়া তা সবাকারে বলে মার মার * তারাভি কোমর বেন্ধে মহিমে আইল॥ দুদলে মহিম ডঙ্কা বাজিতে লাগিল * মার২ ধর২ হৈল সোর সার॥ ধুলাতে ময়দান গেল হইয়া আন্ধার * ফেরেদু হাকিয়া বলে সোনরে বেহায়া॥ লড়িতে নাহিক আইস কিসের লাগিয়া*মরিবার সাদ জার হৈয়াছে দেলেতে॥ কোমর বান্ধিয়া আইস

ইয়া * ফেরেদু একথা শুনে না দেখে উপায় ॥ দরিয়াতে ডাল ঘোড়া ভাবিয়া খোদায় * ফেরেদুকে দেখিয়া যে লস্কর সকলে॥ হেক্কত করিয়া ঘোড়া দরিয়াতে ডালে* সেফাই লইয়া ঘোড়া সাত্তারিয়াযায় খোদার ফজলে গিয়া ওঠে কিনারায় * কার কিছু নোকছান না হইল তাহাতে ॥ ফেরেদু সোকর করে খোদার দরগাতে * তার পরে সেথা হৈতে লস্কর লইয়া॥ বয়তুল মকদ্দছে পঁওছিল যাইয়া * তফাতে থাকিয়া মর্দ্দ দেখিতে পাইল ॥ জোহাকের বালাখানা নজরে আইল*বড়া উঁচা বানাইয়া ছিল সেমাকান নানারঙ্গ কাম তাথে আমিরানা সান * তেলেছমাতি কারখানা ভিতরে তাহার ॥ আফত বালাই কত নাহিক সুমার*জাদু তেলেছমাত বিনে আর কিছু নাই ॥ নেঘাবান চারিদিগে দেয়ের সেফাই* ফেরেদু সে ঘরের ভিতরে আপে গিয়া॥ চারি তরফেতে দেখে নেঘাও করিয়া * আফত বালাই বিনে নাই কিছু আর ॥ দেয়ের লস্কর খাড়া কাতারে কাতার * জাদু তেলেছমাত দেখে গোস্বাতে জলিয়া ॥ মার২ করে মর্দ্দ উঠীল হাকিয়া * আপনা লস্করে দিল করিয়া ফরমান ॥ দেওকে মারিয়া ডাল করে খান খান * জাদু তেলেছমাত জত আছে ঠাই২ ॥ তুড়ে ডাল নাহি রাখ আফত বালাই * হুকুম পাইয়া সবে খুলিয়া তলওার ॥ দেয়ের উপরে ছোটে বলে মার২*আপনি ফেরেদু সাহা এলাহী ভাবিয়া ॥ চারিদিগে ফুকিল পড়িয়া সেই দোওা* লড়িতে তৈয়ার হৈয়া ছিল জত দেও॥ দোওার বরকতে না লড়িতে পারে কেও আজহার সর্দ্দার আরজত লোক জন॥দেওকে কমজোর তারা দেখিল জখন*জোরেতে তলওার মেরে চলিল সবাই ॥ মারা গেল কত দেও লেখা জোখা নাই*দেও সব লড়িতে আসিয়াছিল জারা॥ গোর্জ্জ লিয়া লড়িতে আইল সবে তারা * দোওার তাছিরে কিছু না পারে করিতে ॥ আখেরেতে মারা যায় লড়িতে২ * এইরূপে চারিদিকে সেফাই২ ॥ দুই দলে কাটা কাটি হইল লড়াই * নেজা গোর্জ্জ তলওার জোরেতে মারিয়া ॥ দফা দফা সাফ করে দেওকে কাটিয়া * মার মার ধর ধর হাকে বড়া হাক ॥ ভাগেল হইল দেও দেখিয়া বিপাক* গড়াগড়ি জায় কত পড়িয়া জমিনে ॥ কত দেও জানলিয়া পালাইল বনে * এক দেও ছিল তার সাহেব সরদার ॥ বড়া উঁচা কদ সেহ জোরে জোরওার * ফেরেদুকে দেখিয়া সে কমিনা বজ্জাত ॥ গোস্বা ভরে কহিতে লাগিল এই বাত * সোনরে আদম জাত এত তেরা জোর ॥ মারিলি তামাম দেওয়ে লইয়া লস্কর * এখন জাইবে কোথা জান বাঁচাইয়া ॥ ধরিয়া তোমার তরে লইব খাইয়া * এহা বলে দুরাচার কুদে আইসে জোরে ॥ ফেরেদু মারিল গোর্জ্জ তাহার উপরে * এয়ছা জোরে গোর্জ্জ তারে মারিল খেচিয়া ॥ মারা গেল দুরাচার জমিনে পড়িয়া*এইরূপে জনে২ করিয়া লড়াই ॥ মারিল বহুত দেও লেখা জোখা নাই * জাদু তেলে ছমাত সব জেখানে জা ছিল ॥ তেগ জোরে গোর্জ্জ মেরে ওড়াইয়া দিল* মহিম করিয়া ফতে তামাম সেফাই॥জমা হৈল খুসিতে আসিয়া এক ঠাই*সবে ছহি সালামতে আইলজখন ॥ ফেরেদু সোকর করে হৈয়া খুসি মন * তার পরে ফেরেদু আজহারে সাতে লিয়া ॥ বন্দখানা বিচেতে পঁওছিল জাইয়া * তক্ত আলিসান ছিল তাহার ভিতর॥দেখিয়া হইলবড় খোসাল অন্তর*আজহারের তরে কহে এইতক্ত কার ॥ মোর তরে কহ দেখি সুনি সমাচার * আজহার শুনিয়া বাত আরজ করিল ॥ জোহাক বাদসার এই খাছ তক্ত ছিল * হইল তোমার পরে মেহের খোদার ॥ এবে এই তাজ তক্ত সকলি তোমার * ফেরেদু একথা শুনে খোসাল খাতিরে ॥ খোদাকে ইয়াদ করে বৈসে তক্তপরে * ফেরেদু হইল তক্তে বাদসা জাহাগীর ॥ আলাও লস্কর সব হইল হাজির* সাহেব সর্দ্দার হৈল লস্করে আজহার ॥ সকলেতে হুকুম মানিয়া চলে তার*দেশে২ খবর হইল ঠাই২ ॥ ফেরেদু হইল বাদসা ঘুচিল বালাই* সহর বাজার সব সুনে সমাচার ॥ খুসি হৈয়া করে সবে সোকর খোদার* দেশে২ ফেরেদুর দোহাই ফিরিল ॥ সুনিয়া তামাম লোক আনন্দিত হৈল * ফেরেদু তাহার পরে জোহাক বাদসার ॥ এক জনে পুছিতে লাগিল সমাচার * কহ মর্দ্দ মোর তরে শুনিবারে চাই ॥ এখন জোহাক মুজি আছে কোন ঠাই* সে মর্দ্দ কহিল তবে সোন জাহাপানা ॥ আপনি এ দেশে জবে হলেন রওানা* জোহাক সে সমাচার নাহিক পাইয়া ॥ দেও পরি তামাম লস্কর সাতে লিয়া * গিয়াছে সৈ হিন্দুস্থানে মারিতে দুসমনে ॥ ফেরেদু হইল খুসি এই কথা শুনে * তার পরে সেথা হৈতে রওানা হইয়া॥জোহাকের মহলেতে পঁওছিল আসিয়া*বাণ্ডা

আছিল সেখানেতে ॥ বেগম রহিত সবে তাহার বিচেতে* তাহা ছেও়া ছিল যে খাজ্জানা খানা আর ॥ রেখেছিল সেখানে লস্কর বেসুমার * আখেরে জামসেদে যবে ডালিল মারিয়া ॥ তখন সেখান হৈতে ইরানে জাইয়া*খুসিহালে রহে লিয়া লস্কর সেফাই॥মহলেতে রহে হেথা বেগম সবাই*এইরূপে ঠাই ঠাই রহে লোকজন ॥ ফেরেদুর কথা এবে সোনহ এখন * লিয়া জবে ফেরেদুকে মাতারি তাহার ॥ ঘর হৈতে ভাগে ডরে জোহাক বাদসার*ফেরেদুর ছিল আর ভাই দুই জন॥হামেসা থাকিত তারাঘরেতে আপন * সিয়ানা আছিল বলে তাদের তরেতে ॥ নাহি লিয়া ছিল বিবী আপনার সাতে*জখনসুনিল তারা এয়ছাই খবর॥ফেরেদু চলিলজবে লইয়া লস্কর* তবে দুভায়েতে তারা খুসি হৈয়া মনে॥ সেতাবী মিলিল এসে ফেরেদুর সনে*মিলে জুলে সেথা হৈতে রওানা হইয়া ॥ মঞ্জিল২ রাহা চলে নেকলিয়া ॥ কতদুরে জাইয়া বসিল এক ঠাই॥গায়েবি আওাজসেথা সুনিল এয়ছাই * সুনহ ফেরেদু তুমি শিখেএই দোওা ॥ পুসিদা রাখিবে দেলে ইয়াদ করিয়া* জখন তোমার পরে মস্কেল পড়িবে॥ এদোওা পড়িলে তেরা আছান হইবে * ফেরেদু সুনিয়া এয়ছা গাএবের বানী ॥ চারিদিগে চেয়ে দেখে নাপায় নেসানি হেনকালে আসিয়াপওঁছিল সেখানেতে॥দুই জনা ফেরেস্তা যে আদম ছুরতে*ফেরেদুকে তারা দোহে দোওা শিখাইয়া ॥ আপনা মকানে ফিরে গেলেন চলিয়া * কিন্তু জবে ফেরেদুকে দোওা শিখাইল ॥ ফেরেদুর ভাই দোন হাজের আছিল * দেখিয়া মসলত করে তারা দুভায়েতে ॥ ফেরেদু হইবে বাদসা আমরা থাকিতে*বড় হৈয়া করিতে ছোটার তাবেদারী ॥ লোক মাঝে এবাতে সরম হবেভারি * এহা সুনে একজন কহে দোছরায় ॥ একথা আমার দেলে পছন্দ না হয়*হামেশা জাহার পরেমদদ খোদার তাহাকে মারিতে পারে জুগ্যতা কাহার * এই রূপে বলা কওা করে দুইজন ॥ কহে খামসিয়া রহ এবাতে এখন * কোন রূপে জে সময় কাবুতে পাইব॥ হোনর হেকমত করে মারিয়া ডালিব * এইরূপে রহে দোহে মছলত করিয়া॥ তাহা বাদে কতদুর জায় নেকলিয়া* একঠাই গিয়া ফের পাহাড়ের তলে॥ফেরেদু শুইয়া রহে খোসালিত দেলে*সেথাহৈতে সাতিছাড়া হইয়া আজহার॥আগেতে বাড়িয়া গেল ছববে এহার*বোগদাদের নিকটেতে আছিল দরিয়া॥সেই নদি পার হৈয়া জাইবেচলিয়া সাতি ছাড়া হৈল যদি আজহার সরদার॥আলাও লস্করসবসাতে গেলতার*ফেরেদুকে একেলাপাইয়া সেহ ঠাই॥তখন জে ফেরেদুর সেই দুই ভাই * মারিয়া ডালিবে বলে ফেরেদুর তরে ॥ মছলত করিয়া দোহে পাহাড়েতে চড়ে * দুইজনে বড় এক পাথর আনিয়া ॥ ফেরেদুর উপরেতে দিলেক ডালিয়া * জবে সে পাথর গেরে পাহাড় হইতে ॥ ফেরেদু আওাজ তার পাইল শুনিতে * নিন্দ ছুটে গেল মর্দ্দ উঠিল বসিয়া ॥ সেতাবি সে দোওা পড়ে পাহাড় দেখিয়া * আল্লার কুদরতে আর না হেলে পাথর ॥ আটক হইয়া রহে পাহাড় উপর * ফেরেদুর দুই ভাই সে হাল দেখিয়া ॥ সোর সারাবত করে মক্কর করিয়া * হাক দিয়া ফেরেদুকে কহে দুইজন ॥ সেতাবি উঠিয়া ভাগ হইয়া চেতন * আমরা দুজনে এসে পাহাড় উপরে॥তামাসা দেখিয়া ফিরি খোসাল খাতিরে * এ সময় আচানক পাহাড় থাকিয়া ॥ বড়া এক পাথর জে জায় গড়াইয়া * দেখে ডরাইয়া মোরা হাকি জে তোমায় ॥ কিজানি পাথর পাছে পড়ে তেরা গায় * খোদারমেহের ছিল তোমার উপর ॥ পাহাড়ে আটক হয়ে রহিল পাথর* দেখিয়া হইনু খুসি তোমার পরেতে॥ এলাহী রাখুক তুঝে সহি ছালামতে * খুসি হৈনু ছালামত দেখিয়া তোমায় ॥ হাজার সোকর ভেজি খোদার দরগায় * ফেরেদু তাদোহাকার চাতুরি দেখিয়া ॥ ভাল বুঝা না কহিয়া রহে খামসিয়া* তার পরে সেথা হৈতে উঠিয়া তরায় ॥ আইল লস্কর সব আছিল জেথায় * কহিলেন সেখানে হইয়া খুসি মন ॥ আজহার কায়ানি মর্দ্দ চলিল তখন * জাইয়া জে বোগদাদেরনদা কেনারাতে ॥ নাও কিস্তি ঠাই২ লাগিল ঢুড়িতে * ফেরেদুর ভাই দোন আগেতে জাইয়া ॥ নাওকিস্তো ছিল জাহা দিল ভাগাইয়া*কহিল ফেরেবদিয়া কাণ্ডারি সবায় ॥ জালেম আসিয়া এক পওঁছিল হেথায় পার হৈয়া টাকা কড়ি নাহি দেয় কারে ॥ নানারূপে দুখ দিয়া মার পিট করে * থাকুক টাকারদায়জান বাচা ভার ॥ এহাশুনে পালাইল তামাম কাণ্ডার * এয়ছাই ফেরেব করে তাহারা দুভাই ॥ ফেরেদুকে কহে এসে কিস্তি নাহি পাই*কাণ্ডারি আছিল জত লস্কর দেখিয়া॥ জার জে লইয়া কিস্তি গেল পালা

দেলে ॥ ঝুট নাম লিখে আমি দিব কোন কালে * এছাই কহিয়া মর্দ্দ গোস্বা দেল হৈয়া ॥ বাদসার দরবার হৈতে চলে নেকলিয়া*ভাই বন্ধু বেটা বেটী যে কেহ তাহার॥পিছে২ সকলে হইল রাহাদার * তখন যাইয়া কেহ বাদসার হুজুরে॥কহিতে লাগিল বাত খোসামুদি করে*শুন বাদসা জাহাপানাজীউ আম্মা পাই ॥ আজহারের বেয়াদবি কহিতে ডরাই.* একবার নামাতে তেরা না করে মঞ্জুর ॥ ফাড়িয়া ডালিল লেখা সবার হুজুরে*গালাগালি দিল কত হৈয়া গোস্বা মন॥ নেকালিয়া গেল চলেলিয়া লোক জন * কি জানি হইবে বুঝি আজহার লোহার ॥ ফেরেদু যেখানে আছে জানে সমাচার * তেকারনে লোকজন সাতে করে লিয়া ॥ সেখানে চালয়া গেল গোস্বা দেল হৈয়া * এইরূপে জোহাকেরে কহে জনেজন॥ জোহাক কহিল তাহা সবার কারন * আজহার ভাগিয়া কোথা পাইবে রেহাই ॥ ফিরে এসে তারে খুব করিব সাজাই* এহা বলে দেয়ের লস্কর সাতে লিয়া॥হিন্দুস্থানে গেল মুজি ইরান থাকিয়া * হোথায় আজহার মর্দ্দ আসিতে ময়দানে॥তামাম লোহার এসেমেলেতারসনে* জোহাকের পরে তারা নারাজ হইয়া ॥ আজহারের সাতে যদি মিলিল আসিয়া* পাইয়া তা সবাকারে আজহার সর্দ্দার॥ঝাণ্ডা ও নিশান এক করিয়া তৈয়ার*চামের লেবাছ পিন্দে বান্ধিয়া কোমর ॥ সর্দ্দার হইল মর্দ্দ সবার উপর* সাতে করে লিয়া তাহা সবাকে এছাই ॥ ফেরেদুকে তল্লাসিয়া ফেরে ঠাই ঠাই* দেলে ভাবে না হইল সাহেব সর্দ্দার॥লড়াই করিব গিয়া হুকুমে কাহার* এইরূপে দেলবিচে মছলত করিয়া॥মিলে জুলে সবে চলে জমাত হইয়া* হেনকালে ফেরেদু দেখিয়া তাহাদেরে ॥ আপনার মনে মনে ভাবা গোনা করে * জোহাকের লোক বুঝি পাইয়া খবর ॥আমাকে ধরিতে আইল বান্দিয়া কোমর* আজহার দেখিয়া কহে ফেরেদুর তরে ॥ কহ মর্দ্দ কেবা তুমি হেথা কিখাতেরে * ছুরাত জামাল তেরা চান্দের এছাই ॥ বড়া পাহালওানী তুঝে দোখবারে পাই*ফেরেদু সুনিয়া কহে আজহারের তরে॥ফকিরের চেলাআমি থাকি এ পাহাড়ে*কহ তুমি কোথা জাবেএলেকোথা হৈতে॥শুনিয়া আজহার মর্দ্দলাগিল কহিতে* আমরাত ফেরেদুকে ফিরি তল্লাসিয়া ॥ কহ ভাই কোথা পাব তাহার লাগিয়া * জুলুম করিল ভারি জো-হাক গাওার ॥ সহিতে নাহিক পারি হইনু লাচার * তেকারনে ফেরেদুকে ঢুড়িয়া বেড়াই ॥ সরদার করিয়া তারে আমরা সবাই * লোড়ে জোহাকের তরে মারিয়া ডালিব ॥ তারতরে তক্ত পরে বাদসা বানাইব*ফেরেদু সুনিয়া কহে তোমাদের বাতে ॥ কিসেতে এতবার হবে আমার দেলেতে * কিজানি আইলে পাছে জাছুছ হইয়া ॥ সন্দান পাইয়া তারে লেজাও ধরিয়া * আজহার সুনিয়া কহে কছম খোদার ॥ কোনকালে আমরা দুস্মন নহি তার*জখন কহিল এছা কছম কারয়া ॥ ফেরেদু কহিল নাম পরিচয় দিয়া * নাম সুনে সকলে হইল খুসি মন ॥ আছমানের চান্দ হাতে পাইল জেমন * জনে২ আদবেতে ছালাম জানায় ॥ ফেরেদু করিয়া দোওা তাহা সবাকায় * দেলেতে হইল খুসি ভেজিল সোকর ॥ কহে মুঝে দিল খোদা গাএবি লস্কর* এহাবলে কহে তবে আজহারের তরে ॥ নানারঙ্গ কাম কর ঝাণ্ডার উপরে * গাএবি বলিয়া নাম রাখহ ঝাণ্ডার ॥ হুকুম মাফিক ঝাণ্ডা করিল তৈয়ার * বোজ রগো জানয়া সেই ঝাণ্ডার কারনে ॥ খুসি হৈয়া মানিতে লাগিল জনে২* ফের আজহারের তরে দিল ফরমাইয়া ॥ গোর্জ্জ এক সেতাবি দেহনা বানাইয়া * হুকুম পাইয়া মর্দ্দ আজহার সরদার ॥ সেতাবি আনিল গোর্জ্জকরিয়া তৈয়ার*সেই গোর্জ্জ ফেরেদু লইয়া হাতপরে॥ জাইয়াবিদায়মাঙ্গে মায়ের হুজুরে বিদায় দেহগো মাতাজাই মহিমেতে॥দোওা দেহআল্লাজেনদেয়মেরাফতে*বিবীবলে জাহ বাবাসুঁপিনু খোদায় ॥ এলাহী মহিমে ফতে দিবেন তোমায় * ফেরেদু সবার আগে হইয়া বিদাই ॥ মহীমেতে চলে লিয়া লস্কর সিপাই*এরাদা করিল দেলেবয়তুল্লাতে গিয়া॥ সেথাকার তক্ত আগেলিব ছেনাইয়া*তার পরে জোহাকেরআরজত ঠাই॥একে২ লিবসব করিয়া লড়াই*এহা ভেবেকুচকৈললিয়া লোকজন॥ শুন এবে কহি জোহাকের বিবরন*বয়তুল্লা মকদ্দছে জোহাক বাদসার ॥ খাছতক্ত ছিলআর দেও বেসুমার সেখানেতে নাহিক থাকিত দাগাবাজ॥হামেসা থাকিত খালি সেই তক্ত তাজ* দেএর লস্করজত কোমর বান্দয়া॥থাকিত জে সেথাকার তক্ত আগুলিয়া*কিন্তুজে সহর ছিল ইরানের কাছে॥তক্ত একছিলসেবা সহরেরবিচে*সেইতক্তে বসিয়া করিত.বাদসাই॥থাকত সেখানেজতলস্কর সেফাই* আর একমহল

তেরা বাপে আছে সেই দুখ॥তুমি মারা গেলে সোগে ফেটে জাবেবুক* ছবুরি করিয়া বাবা রহনা এখন
পোস্তপানা তোমার নাহিক কোনজন*ফেরেদু সুনিয়া কহে বাপের খাতির॥ পোস্তপানা ভরসা কেবল
এলাহীর*খোদার মেহের জদিথাকে মেরা পরে॥বহুত লস্করে তার কি করিতে পারে*মেরেছে আমার
বাপে জোহাক গাণ্ডার ॥ খোদা যদি চাহে দাদ লইব তাহার * আপনি করহু দোওা না কর আন্দেসা
মহিমে জাইব আমি এলাহি ভরসা * একথা কহিয়া মর্দ্দ গোস্বাতে ভরিয়া ॥ আপন মায়ের তরেসাতে.
করে লিয়া * পাহাড়ের নীচে এসে করে কোন কাম ॥ একঠাই দেখে রহে করিয়া মোকাম * হোথায়
জোহাক পাপী ফেরেদুর ডরে॥ রাত দিন ভাবা গোনা আরাম না করে*আপনা ছরদার সবেকহে এক
দিনা॥দুসমন না হয় ছোটা জানিবে একিন*লস্কর তৈয়ার করেহামেসা রাখিবে॥দুসমনের দিশা পাইলে
চড়াই করিবে * নর্জ্জমেতে কহিয়াছে নেহাত খবর ॥ দুসমনে করিবে জোর আমার উপর * তোমরা
ইরানে রহ হইয়া হুসিয়ারি ॥ হিন্দুস্থানে জাব আমি লিয়া দেও পরি * আর এক কথা বলি তোমা সবা
কায়॥লিখিয়া একরার নামা দেহনা আমায়* ছাহেব সরদার আর লস্কর সেফাই॥সকলেতে দেহ আমার
লিখিয়া এছাই * আপনি জোহাক সাহা বড় নেকনাম ॥আদল এনছাফ কৈলে মুল্লকে তামাম * কোন
বাতে কার কিছু নাহিক বুরাই ॥ হামেহাল খুসি আছি আমরা সবাই * লস্কর সেফাই আদি রায়েত জে
সবে॥ হামেসা রহিব তেরা হুকুমের তাবে*জে কেহু দুসমন তেরা করিবে বুরাই ॥ মারিব সকলে তারে
করিয়া লড়াই*হুকুম অদুল তেরা কেহ না করিব॥ করিলে খেলাপ কাম সাজাই পাইব*এইরূপে নামা
লিখে কারার করিয়া॥ জনে২ সহি তাথে দেহনা লিখিয়া * আমি সেই নামা লিয়া তোমা সবাকার ॥ রা
খিয়া আপন কাছে থাকিব কারার * একথা শুনিয়া সবে হৈয়া খুসি মন ॥ নামা লিখে সহি তাতে দিল
জনে২ জন*এইরূপে জত লোক ছিল সহরেতে॥ দস্তখত কৈল সবে নামার বিচেতে*কিন্তু সেই ইরানে
কায়ানি জারা ছিল॥নামা বিচে তারা কেহ সহিনা করিল* কেননা বাদসাই ছিল তাদের জদ্দের ॥ একা
রনে কায়ানি সকলে জোহাকের * তাবেদারি কোনমতে কবুল না করে ॥ থাকিয়া জে আপনার মানের
উপরে* আপনা মিলায়া সবে গরিবি হালেতে ॥ জোহারের কাম জে করিত আখেরেতে * মারিয়া
জোহাক পাপী জামসেদ সাহায় ॥ জলিল করিয়া রেখেছিল তাসবায় * কিকরে জদ্যপি গেল জর্দ্দের
বাদসাই॥লাচারিতে পেসা কাম করিত সবাই*তার বিচে এক মর্দ্দ আছিল সরদার ॥ আজহার কায়ানি
বোলে নাম ছিল তারে * বড়া পাহালওান সে আছিল নেকবক্ত ॥ একারনে কায়ানি লোহার ছিল জত
মানত গুনত তারে জানিয়া সরদার ॥ তাবেদারি সকলেতে করিত তাহার * জোহাকের সাতে তার
নাহি ছিল মিল ॥ এজন্যে জোহাক তারে করিত জলিল * গোস্বা হৈয়া ফরমাইল পাপিষ্ঠ গাণ্ডার ॥
আজহার ও গোদর্জ্জ নামে বেটাকে তাহার* জোরেতে ধরিয়া তাহা দোহার কারনে ॥ গর্দ্দান কাটীয়া
ছের দেহ মুঝে এনে * মগজ লইয়া আমি তাহা দোহাকার॥ আজদাহা সাপেরে দিব করিতে আহার
জোহাক হুকুম জদি করিল এয়ছাই ॥ কেহ গিয়া আজহারে কহিল ধাওাধাই * আজহার এ কথা
সুনে বিপাক দেখিয়া॥বাদসার হুজুরে গেল সেতাবি চলিয়া* জোড় হাতে কহে সোন বাদসা নেকনাম
তোমার এনছাফে খুসি আলম তামাম * সর্ব্ব গুনে বড় তুমি দুনিয়ার বিচে ॥ তোমার সোমান বাদসা
আর কেবা আছে * তোমার গুনের কথা কি কহিব আমি ॥ আদল এনছাফ আর জত নেক নামি *
কি গুনা করেছি আমি আপনা হুজুরে ॥ তেকারনে মারিয়া ডালিবে মেরা তরে * হামেসা হুকুমে
তেরা আছিত হাজির ॥ বেগোনা মারিবে মোরে কিসের খাতির * মিনতি বচন এছা জোহাক সুনিয়া
আজহারের তরে কহে মেহের করিয়া * জেছাই কহিলে তুমি আমার হুজুর ॥ একরার নামাতে লিখে
করগে মঞ্জুর * এ কথা শুনিয়া মর্দ্দ করে কোনকাম ॥ লইয়া একরার নামা পড়িল তামাম* একে একে
সব কথা ওাকেফ হইয়া ॥ ঝুট লেখা দেখে মর্দ্দ গোস্বাতে জলিয়া * লিয়া সে একরার নামা ফাড়িয়া
ডালিল ॥ কায়ানী সকলে তারে কহিতে লাগিল * বড় রে আদবি কাম হইল তোমার ॥ এখন জাইবে
মারা গজবে বাদসার * আজহার শুনিয়া কহে উজিরে এছাই ॥ মারা জাব সেহ ভাল নাহিক ডরাই *
ঝুঠ কথা লিখে দিব করিয়া মঞ্জুর ॥ কি বলে জওাব দিব খোদার হুজুর* একাতে বহুতভর হৈল মেরা

তোমার কারন ॥ এখানে থাকিয়া মেরা নাহি লাগে মন * জাইব দোছরা ঠাই এখান থাকিয়া॥ মেরা এই ছেলে দিনু তোমাকে শুপিয়া*আপনা ছেলের মত এহাকে দেখিবে॥ খেলাবে গায়ের দুধ পালন করিবে * এহা বলে ফেরেদুকে সুপিয়া তাহারে ॥ পালাইয়া গেল বিবী আলবরুজ পাহাড়ে * গাই এর মালেক মর্দ্দ হৈয়া খুসি মন ॥ ফেরেদুকে লিয়া করে হামেসা পালন * এই রূপে তিন সাল গোজরিয়া গেল ॥ বিবীর দেলেতে এক ডর পয়দা হৈল* কি জানি দুসমন যদি সমাচার পায় ॥ মেরেডালে কোনরূপে আমার বেটায়*এহা ভেবে বিবী ফের পাহাড়ে থাকিয়া ॥ গাইয়ের মালেক জেথা পৌছিল আসিয়া* কহিতে লাগিল বিবী তাহাকে এয়ছাই॥সিয়ানা হইল লাড়কা দেহ লিয়া জাই* শুনিয়া সে মর্দ্দ কহে বিবীর গোচর ॥ কোথা লিয়া জাবে লাড়কা কহ সেখবর* খোরাক বিহনে লাড়কামারাযাবে সেথা॥ একারনে মানা করি সোন মোর কথা*থাকুব আমার ডেরে করিয়া আরাম ॥ খুসিতে গায়ের দুধ খাইবে মোদাম * বিবী বলে তুমি জেয়ছা করিলে ভালাই ॥ তোমা এয়ছা মেহেরবান দুনিয়াতে নাই দুনিয়াতে জত দিন বাচিয়া রহিব॥তোমার এহছান কভু নাহিক ভুলিব * কিন্তু এক ডর মেরা হইয়াছে জানে॥ তেকারনে লিয়া জাই লাড়কার কারনে*একথা কহিয়া বিবী ফেরেদুকে লিয়া ॥ পাহাড় উপরে ফের পৌছিল জাইয়া*সেখানেতে ফেরেদুর করেন পালন॥অধিনখাতের কহে কেতাব বচন *

বাদসা জোহাক ফেরেদুর খবর সুনিয়া গাইএর মালেকের উপর জুলুম *
করে ও ফেরেদু জে রূপে তক্ত তাজ পায় তাহার বয়ান *

পয়ার*ফেরেদুকে লইয়া জে মাতারি তাহার॥ পাহাড় উপরে রহে হইয়া কারার*এখানেতে কে এছাই দুসমনি করিয়া ॥ জোহাক বাদসার আগে কহিল জাইয়া*ফেরেদু দুসমন তেরা ফলানা ময়দানে ফলানার ঘরেতে থাকিয়া খুসি মনে * পালা জায় খাইয়া গাইয়ের দুধ তার॥ সোন বাদসা নেহাত কহিনু সমাচার * শুনিয়া জোহাক পাপি এয়ছাই খবর ॥ খাড়া২ সেখানেতে ভেজিল লস্কর * ময়দান বিচেতে জেথা ঘর তার ছিল ॥ গিয়া সবে চারিদ্বিগে ঘেরাও করিল * গায়ের মালেকে আগে লইল ধরিয়া ॥ বাকি লোক ছিল জত ডালিল মারিয়া * ত্রমায়া গাইয়ের তরে মারিয়া তলওার ॥ ধড় হৈতে ছের জুদা করে দিল তার * ফেরেদুকে সেশে ফের তল্লাস করিয়া ॥ না পাইয়া ঘর তার দিল জালাইয়া*ঘর বাড়ি জেখানে জা ছিল গরু গাই ॥ মিছমার করিয়া ফিরে আইল সবাই * ফেরেদুকে লিয়া হেথা মাতারি তাহার ॥ পৌছিল জাইয়া জেথা আলবরুজ পাহাড় * পির মর্দ্দ ছিল এক সেইত পাহাড়ে ॥ থাকিত সে রাত দিন খোদার জেকেরে * ফেরেদুর তরে বিবী কোলে করে লিয়া ॥ জাইয়া তাহার পায় দিলেক ডালিয়া * কান্দিয়া২ বিবী জোড়করে হাত ॥ পিরের জোনাবে কহে মোকছেদের বাত * বিপাকে পড়েছি বাবা না পাই কেনারা ॥ জালেমের জুলুমে খছম গেছে মারা * দোওা দিবে তুমি এই বেটাকে আমার ॥ হামেসা খেদমত কামে রহিবে তোমার * পির মর্দ্দ এহা সুনে ফেরেদুকে লিয়া॥ রাখে আপনার কাছে খোসালিত হৈয়া* বেটার মাফিক তারে তালিম করিল ॥ এই হালে কত দিন গোজারিয়া গেল * এক দিন পির মর্দ্দ বিবীর কারন ॥ কহিতে লাগিল বিবী সোন দিয়া মন * তোমার বেটার খুব দেখিতেছি বক্ত ॥ নছিবেতে আছে এর সাহি তাজ তক্ত * জোহাক বাদসরে তরে ডালিবে মারিয়া ॥ তাজ তক্ত সাহি তার লইবে ছিনিয়া * একথা সুনীয়া বিবী দরবেসেরে কয় ॥ আলা মত কিবা তার কহনা আমায় * পির বলে সোন বিবী কহি সে খবর ॥ সোল সাল হৈলে পরে এহার উম্মর*জোহাক বাদসার সাতে লড়াই করিয়া॥ গোর্জ্জমেরে তারছেরে ডালিবে মারিয়া*কহিনু ভেদের কথা সোনহ সন্ধান॥ নছিবের লেখা এহা না হবে এড়ান * শুনিয়া পিরের মুখে খুসির খবর ॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর* তার পরে খুসিতে গোজরে কিছুকাল ॥ ফেরেদুর ছেনজবে হৈল সোল সাল*একদিন পোছে মর্দ্দ মায়ের সামনে॥জোহাক আমার বাপে মারে কি কারনে* বিবীবলে সুন বাবা বাপকে তোমার ॥ বেগোনাতে মারিয়াছে জোহাক গাওার * ফেরেদু শুনিয়া কহে মাএর লাগিয়া ॥ লইব বাপের দাদ জোহাকে মারিয়া * বিবী বলে বাবা তেরা ওম্মর থোড়াই ॥ একেলা কি রূপে গিয়া করিবে লড়াই*বহুত লস্কর আছে জোহাক পাপির ॥ নাহক মারিবে ফের তোমার খাতির* মারিয়াছে

আমি কিবা করিনু বুরাই ॥ কি দোসেতে ছেনাইয়া লিবে সে বাদসাই * নর্জ্জম কহিল সাহা সুন সমাচার॥ বাপ তার মারা জাবে মহিমে তোমার* লইবে বাপের দাদ তোমাকে মারিয়া ॥ তাজতক্ত বাদ সাই লইবে ছেনাইয়া * কায়ানির নছলে পয়দাস হবে তার ॥ তোমাকে মারিয়া হবে বাদসা নামদার জোহাক একথা সুনে নর্জ্জমের ঠাই ॥ খানা পিনা তেগ দিয়া ভাবেন এয়ছাই * কি হবে কোথায় পাব ফেরেদুর তরে ॥ দুস্মন জাইবে মারা কেমন ফিকিরে * এহা ভেবে দুরাচার দিল ফরমাইয়া ॥ কায়ানির জারে পাবে ডালহ মারিয়া * এয়ছাই হুকুম সবে পাইল জখন ॥ দিগে২ ঢুড়িতে চলিল জনে জন কায়ানির জেথা জারে ঢুড়িয়া পাইল॥পাকড়িয়া তার তরে মারিয়া ডালিল * এইরূপে বাদসার হুকুমে ঠাই২॥কত লোক মারা গেল লেখা জোখা নাই * কত লোক দিগে২ গেল পালাইয়া॥ ফেরেদুর সমা চার সোন দেল দিয়া * আছিল জে কেউমাস বাদসা ইরানি ॥ জাতের খেতাব তার আছিল কায়ানি জে কেহু হইল পয়দা নছলে তাহার ॥ সেই হৈতে কায়ানি খেতাব তা সবার * এক মর্দ্দ আছিল সে আবতিন নাম ॥ কেউমাসের নছলেতে ইরানে মকাম * জখন এয়ছাই সে পাইল সুনিবারে ॥ জোহাক মারিতে কৈল কায়ানি সবারে * তবে সে ডরেতে নাহি হইয়া বাহির ॥ ছাপিয়া থাকিত ঘরে জানের খাতির*ফরজানক নামে বিবী ঘরনি তাহার ॥ সেই সময়েতে বিবী ছিলেন বারদার * নও মাস পুরা জদি হৈল তার পরে ॥ লাড়কা হইল এক তাহার উদরে* চান্দের সমান রূপ দেখিতে বাহার॥ ফরে দু বলিয়া নাম রাখিল তাহার * পিয়ার করিয়া তারে করেন পালন ॥ গোজারিল কিছুদিন খুসিতে এমন একরোজ আবতিন বসিয়া ঘরেতে ॥ দেলে ঘাবরাইয়া মর্দ্দ লাগিল ভাবিতে*কহে জানন ঘরে আজ না হয় কারার ॥ ছাএর করিতে জাব ময়দান মাঝার * ইহা বলে ময়দানেতে গেলেন চলিয়া ॥ খুসিহালে ফেরে মর্দ্দ ছাএর করিয়া* নছিবের লেখা জাহা না হয় খণ্ডন ॥ হেনকালে জোহাকের জত লোকজন দেখিয়া তাহার তরে জোরেতে ধরিয়া ॥ জোহাকের ছামনেতে আনিল বান্ধিয়া * জোহাক দেখিয়া তারে ওঠাইয়া তেগ ॥ নাহক মারিয়া ডালে হৈয়া বেদেরেগ * জমিনে পড়িল মর্দ্দ হৈয়া খান২ ॥ ধড় ছের জুদা হৈয়া নেকলিল জান * ফেরেদুর মাতারি সুনিয়া সমাচার ॥ কান্দিতে লাগিল বিবী হৈয়া জারে জার * আখেরে ছবর করে খোদার দরগায় ॥ দেলে ভাবে কি হইবে জাইব কোথায়* কি জানি খবর পাছে পাইয়া দুস্মন ॥ বেটাকে লইয়া মেরা করে ডালে খুন * এয়ছাই ভাবিয়া বিবী ফেরেদুকে লিয়া ॥ ঘর বাড়ি ছেড়ে দিয়া চলিল ভাগিয়া * ফেরেদু তখন ছিল দুই মাহিনার ॥ কোলে করে লিয়া বিবী হৈল রাহাদার * ময়দানে২ বিবী কত দুর গিয়া॥ বসিল গাছের তলে পেরেসান হৈয়া * বেসুমার গরু চরে সেই ময়দানেতে ॥ গাই এক ছিল তাথে ব্রমারা নামেতে* হইত বহুত দুধ সেইত গাএর ॥ দেখিয়া মালেক তার খোসাল খাতের * খয়রাত করিয়া দিত সবার কারন ॥ খেয়েপিয়ে সকলে হইত খুসি মন * ফেরেদুকে লিয়া কোলে মাতারি তাহার ॥ হেট ছেরে বৈসে বিবী কান্দে জারে জার * এ সমায় গায়ের মালেক সেথা আইল ॥ বিবীকে দেখিয়া বাত পুছিতে লাগিল* কহ বিবী কেন আ৷ ইলে ময়দান মাঝার ॥ কিকারনে কান্দ মোরে কহ সমাচার * বিবী বলে সোন মেরা দুক্ষের কাহিনি ॥ দুনিয়ার বিচে আমি বড় অভাগনী* মেরা খছমের তরে জুলুম করিয়া ॥ জোহাক নামেতে বাদসা ডা লিল মারিয়া * ঘর বাড় ছেড়ে আমি ডরেতে তাহার ॥ ভাগিয়া আইনু চলে ময়দান মাঝার * ছাতি সুখাইল মেরা ভোকের জালায় ॥ দুধের ছাওাল মেরা দুধ নাহি পায় * গাইয়ের মালেক জদি সুনে এই কথা ॥ বিবীর দুক্ষেতে তার মনে হৈল বেথা * বিবীকে কহিল তুমি চল মেরা ডেরে ॥ খাইবে গাই এর দুধ খোসাল অন্তরে * ব্রমায়া গাইয়ের দুধ পিলাইমু তোমায় ॥ আপনি খাইবে আর খেলাবে লাড় কায় * একথা সুনিয়া বিবী গিয়া তার ডেরে ॥ খুসিতে কএক রোজ আরামে গোজারে * ব্রমায়া গরুর দুধ খায় খুসি মনে ॥ লাড়কার পালন করে রহিয়া সেখানে * তবু না আইল দুধ বিবীর ছাতিতে ॥ আ ন্দেসা করিয়া বিবী লাগিল ভাবিতে*কি হইবে হেথা হৈতে আর কোন ঠাই ॥ কিরূপেতে জাইব জা- বার রাস্তা নাই * ছাতিতে না আইল দুধ হৈল মহাদায় ॥ অন্য ঠাই গিয়া কিবা খাওাব লাড়কায় * ভেবে গুনে আখেরে হইয়া পেরেসান॥ গাইয়ের মালেকে বিবী কহিল নিদান * সোন মর্দ্দ কহি আমি

জোহাকের ছরদার লস্কর * পেয়ে ছায়দার ঠাই, পঁওছিল এসে সবাই, দেখে সেথা জামসেদ শুইয়া ॥ তখনি ঘেরাও করে, ধরিয়া বাদসার তরে, বান্ধিলেক জিঞ্জীর করিয়া * মোকছেদ হাছেল হৈল,ফতে নামা বাজাইল, চলে সবে খোসাল খাতির ॥ জোহাক আছিল জেথা, জামসেদে লইয়া সেথা, দিল সবে করিয়া হাজির * জোহাক জামসেদে দেখে, খুসি হয়ে আপনাকে, হাসিয়া২ কহে বাত ॥ মালমাত্তা ঘর বাড়ি, কোথা সব দেও পরি, কোথায় রহিল সোলতানাত * লস্কর সরদার জারা, কোথা বা রহিল তারা, তাজতক্ত কিহৈল তোমার ॥ কিবা ছিলে কিবা হৈলে, বোঝ এহা দেলে২, ফের কিবা হয় দেখ আর * জামসেদ একথা শুনে, গোস্বা দেল হয়ে মনে, কহে বাত জোহাক বাদসায় ॥ এক দিন খোদা তোকে, মেলাইয়া দিবে খাকে, দুনিয়া মিরাছ কার নয় * জুলুম করিবে জেই, জালেম হইবে সেই ভালা বুরা রয়ে জাবে নাম ॥ নছিবেতে থাকে জাহা, রদ নাহি হয় তাহা, সব কিছু এলাহির কাম * জোহাক এয়ছাই সুনে, গোস্বা দেল হয়ে মনে, ফরমাইল জল্লাদে তখন ॥ জামসেদ বাদসার তরে, মারহ করাতে বিচে, দের নাহি কর কদাচন * দুই খানা তক্তা এনে, রেখে তার দরমিয়ানে, ঠাই২ বান্ধিয়া রসিতে ॥ মাথাতে করাত দিয়া, চিরিয়া ডালহ লিয়া, খাড়া করে ময়দান পরেতে * জল্লাদ শুনিয়া বাত তক্তা এনে হাতে হাত, জামসেদেরে তাহাতে বান্ধিয়া ॥ করাত ধরিয়া ছেরে, চিরীয়া দুখান করে, জান তার গেল নেকলিয়া * আছিল আল্লার চাহা, মরিল জামসেদ সাহা, জাবলে পৌছিল সমাচার শুনিয়া কৌরঙ্গ বিবী, দেলেতে দরদ ভাবি, কান্দিয়া হইল জারে জার * দুহাত মারিয়া ছেরে, কাছাড় খাইয়া পড়ে, মুখে সদা করে হায়২ ॥ কহে হায় জাম সাহা, মরি মরি আহা২, মোরে ছেড়ে রহিলে কোথায় * ভালবাসা ছিলজাহা, কেমনে ভুলব তাহা, কারেদিব সারাবের জাম ॥ না দেখে তোমারতরে কেমনে রহিব ঘরে, হায়২ করিলে কি কাম * এইরূপে কান্দে বিবী, সোনার ছুরাত ছবি, লোটা ইয়া খাকের উপর ॥ সেহেলি আছিল জারা, বিবীকে বুঝায় তারা, নাহি কান্দ করহ ছবর * বুঝাইল নানামতে, নাহিক বুঝিয়া তাথে, হৈল বিবী জেয়ছাই দেওানা ॥ খছমের প্রেম জোসে, জহর খাইয়া সেসে, জানকে করিয়া দিল ফানা * জোহাকের জুলুমেতে, দেসে২ সকলেতে, ডরাইয়া রহে ঠাই২ জোহাক আছিল জেয়ছা, উজির জালেম তেয়ছা, আর তেয়ছা লস্কর ছেফাই * জে কেহু জালেম হয় কেহ তার ভাল নয়, কোতওালভি জালেম তাহার ॥ কহে হিন অধিনেতে, নিমগাছে জাম হৈতে, কে দেখেছে দুনিয়া মাঝার *

* বাদসা জোহাক খাব দেখিবার বয়ান *

পয়ার * একদিন জোহাক পালঙ্গে শুয়েছিল ॥ নিন্দের খোমারে এয়ছা সপন দেখিল * পাহাল ওান তিন মর্দ্দ বান্ধিয়া কোমর ॥ গোর্জ্জ হাতে লিয়া আইল করে বড়া সোর * এক মর্দ্দ কোতা কদ জোরেতে আসিয়া ॥ গোর্জ্জ মেরে জমি পরে দিল গেরাইয়া * বসিয়া ছাতির পরে পা হাত বান্ধিল পাহাড় উপরে লিয়া টাঙ্গাইয়া দিল * দেখিয়া এছাই খাব ডরে ডরাইয়া ॥ চমকিয়া সোর করে উঠিল হাকিয়া * তামাম বেগম আর খাওাছ গোলাম ॥ সোর গোল সুনে জেগে উটিল তামাম * আরকান উড়ির সব জেখানে জে ছিল ॥ সোর গোল শুনে সবে আসিয়া পঁওছিল * বাদসাকে পুছিল সবে কহ সমাচার ॥ কি কারনে হাক এছা করে সোরসার * জোহাক কহিল তাহা সবার কারন ॥ ডরেতে হাকিনু আমি দেখিয়া সপন * সুনিয়া সকলে কহে কি খাব এছাই ॥ দেখিয়াছ কহ মোরা সুনিবারে চাই * বাদসা কহ সেই খাব সুন জদি সবে ॥ আমা হৈতে সকলেতে নাওম্মেদ হবে * এছাই কহিয়া বা দসা তাহা সবাকায় ॥ সপনের হকিকত কহিয়া সোনায় * উজির নাজির সবে সুনিয়া সপন ॥ দেল পে- রেসান হৈল বাদসার কারন * তখনি সহরে জত নজুম আছিল ॥ হাতে২ সবাকারে মাঙ্গাইয়া লিল * কহিল সবার তরে রাম্মাল খুলিয়া ॥ বাদসার খাবের দেহ তাবির কহিয়া * হুকুম পাইয়া সবে দেখিয়া কেতাব ॥ খাবের তাবির দিল কহিয়া সেতাব * সোন বাদসা জাহাপানা কেতাবের বানি ॥ পঁওছিল তোমার পরে আসিয়া নোকছানি * এক মর্দ্দ পয়দা হবে ফেরেদু নামেতে ॥ এখন সে জন আছে মাএর পেটেতে * হবে সে ইরান দেসে বাদসা নামদার ॥ তাজতক্ত ছেনাইয়া লিবেক তোমার * বাদসা বলে

আমারে মারিতে দিল দুষমনের হাতে ✱ এহাতে কলঙ্ক বড় হইবে তোমার ॥ দেলেতে বুঝিয়া সাহা দেখ আপনার ✱ একান্ত জমসেদে যদি দিবেন ধরিয়া ॥ পহেলা আমাকে তবে ডালহ মারিয়া✱নহেতে দেখিবে বড়া হইবে কহর ॥ তোমার সামনে দিব গলেতে খঞ্জর ✱ এয়ছাই কহিয়া বিবী কান্দে জার জার ॥ দেখে দয়াবান হৈল বাদসা নামদার✱কহিতে লাগিল এহা বেটির কারন॥ শুন বেটী আর নাহি করিবে রোদন ✱ তুমি বই বেটা বেটি নাহিক আমার ॥ মনে দুক্ষ হয় শুনে কান্দনা তোমার ✱ ছাড়িনু সকল আসা তোমার লাগিয়া ॥ জামসেদ বাদসাকে আর না দিব ধরিয়া ✱ মালমাত্তা দিব খুব খুসি কর মন ॥ পালন করিব তারে বেটার মতন ✱ জদি সে জোহাক আইসে লস্কর লইয়া ॥ লড়িব তাহার সাতে কোমর বান্ধিয়া ✱ জাহ বেটী বাগানেতে খুসি হৈয়া মনে ॥ ছালাম কহিও মেরা বাদসার কারনে✱আন্দেসা না করে যেন দেলে আপনার ॥ ফজরে যাইয়া আমি করিব দিদার✱ বিবীকে বিদায় দিল এ কথা কহিয়া ॥ খুসি হৈয়া গেল বিবী বাগানে চলিয়া ✱ তারপরে জাহাপানা উঠিয়া বেহানে দামাদে দেখিতে আইল বিবীর বাগানে ✱ কেহু গিয়া জমসেদেরে কহিল খবর ॥ কহীল জাবল সাহা বাগান ভিতর✱শুনিয়া জামসেদ সাহা খোসাল খাতির ॥ বাদসার সামনে গিয়া হইল হাজির✱ছালাম তছলিম কৈল আদব রাখিয়া বাদসা জাহাপানা দেখে করিলেন দোওা✱ছেরে মুখে বুছা দিয়া করেন পেয়ার ॥ কহিতে লাগীল ইহা বাদসা নামদার ✱ বড়ই নছিব মেরা আইলে আপনি ॥ শুনিয়া তোমার কথা বেটীর জবানী ✱ মোলাকাত করিতে আইনু তেরা সনে ॥ আন্দেসা না কর বাবা রহ খুসি মনে জোহাক এখন জদি আইসে এই ঠাই॥ আমি গিয়া তারসাতে করিব লড়াই ✱ জামসেদের তরে বাদসা তছল্লি করিয়া ॥ গেলেন বাগান হৈতে বিদায় হইয়া✱ তবু নাহি গেল ডর জামসেদ সাহার॥আন্দেসা করিয়া রহে দেলের মাঝার✱এইরূপে কতদিন লইয়া বিবীরে ॥ খুসি খোসালেতে রহে বাগান ভিতরে অধিন খাতের কহে এলাহীর চাহা॥নছিবে লিখন জাহা ঘুচাবে কে তাহা✱ এলাহি নছিবে জার লিখিয়াছে দুখ ॥ কোনখানে নাহিক হইবে তার সুখ ✱

জোহাকের লোকেতে জামসেদ বাদসাকে জোহাকের আগে
ধরিয়া লিয়া জায় ও জোহাকের হুকুমে জামসেদ
সাহা মারা জাইবার বয়ান ✱

ত্রিপদী ✱ জামসেদ বিবীর সনে, খুসি খোসালিত মনে, রহে সদা বাগান ভিতর॥ জাছীল হইল সুখ, লুটীয়া আইল দুখ, কেহু এসে কহিল খবর ✱ বাদসা উজির আর, জত কেহু ছলাদার, করিয়াছে মছলত এয়ছাই ॥ জোহাকের আগে এবে, তোমাকে ধরিয়া দিবে, সুন সাহা কহিয়া জানাই ✱ তাহার বৃত্তান্ত কথা, শুনিয়া আইনু হেথা, বাদসা উজীর সকলেতে॥ কহিতেছে মিলে সবে, জোহাক শুনিবে জবে, জাম আছে জাবল দেশেতে ✱ লস্কর লইয়া তবে,আসিয়া লড়াই দিবে,বিরান করিয়া দিবে দেশ নাহক কিসের তরে, জামকে রাখিয়া ঘরে, পেরেসানী ওঠাইবে সেস ✱ একথা মাসুর হবে, পুসিদা নাহিক রবে, ছাপাইবা নহে ভাল কাম ॥ জামকে বান্ধিয়া দিব, এনাম খেলাত পাব, বাড়াবে বাদসার আগে নাম ✱ সুন বাদসা নামদার, কহিলাম সমাচার, শুনে আমি আইনু জেয়ছাই ॥ জামসেদ একথা সুনে, ভাবাগুনা করে মনে, কি হইবে কেমনে পালাই ✱ এছাই ভাবিয়া দেলে, নিশীভোরে ওঠেচলে বিবীকে রাখিয়া সে বাগানে ॥ চিনের জে রাহা দিয়া, জায় মর্দ্দ নেকালিয়া, পওছিল জাইয়া হিন্দুস্থানে সেথাও বি না রহিল, পাও ফের ওঠাইল,পওছিল দুসরা সহরেতে॥ চলিতে নাপারে আর, হৈল সাহা বেকারার, বৈসে একগাছের ছাওাতে✱তাজতক্তছিলজাহা,ইয়াদ করিয়া সাহা,কান্দিতে লাগাল জারে জার ॥ কহে হায় কি করিনু, তাজ তক্ত খোওাইনু, কি দুক্ষ নছিবে আছে আর ✱ হায়রে নছিব বুরা, কোথা রৈল হাতি ঘোড়া, কোথা রৈল লস্কর সিপাই ॥ উজীর নাজির কোথা, একা ফিরা জেথা সেথা, বক্ত গুনে ছাড়িনু বাদসাই ✱ এইরূপে ভেবে গুনে, আছু বহায় দুনয়নে, হেট ছেরে আছিল বসিয়া ॥ রাহের মান্দেগী ছিল, নিন্দের খোমার আইল, সেইখানে গেলেন সুইয়া✱নছীবে লিখনজাহা কে ঘুচাতে পারে তাহা, দেখ কেয়ছা খোদার মক্কর ॥ ধরিতে জামসেদ সায়, থাকান চিনেতেজায়,

জায় * জেরুপে জোহাক হেথা বেড়ায় ঢুড়িয়া ॥ একে২ বিবীকে দিলেন সুনাইয়া * যখন শুনিল বিবী জামসেদের নাম ॥ হাত প্যাকড়িয়া কহে মতলবের কাম * আন্দেসা না কর কিছু সুন জাহাগীর বে আন্দেসা রহ হেথা খোসাল খাতির*এহা বলে হাত ধরে লেজায় বাদসায় ॥ জরির বিছওানাপরে তাজিমে বসায় * আপনি বসিল বিবী বাদসার সামনে ॥ হাসি মুখে রঙ্গ রস করে দুই জনে * কতক্ষন পরে দাই আসিয়া সেথায় ॥ খোসালিত হৈল বড় দেখিয়া দোহায়*সুনিয়া বাদসার নাম আল্লাদিতমন নেকা দেলাইতে তবে হইল মগন * দেশের দস্তুর তার জেছাই আছিল ॥ সেইমতে দোহাকার সাদী দেলাইল*খোসালিত হৈল বিবী পাইয়া খছম ॥ আসকের নদী তার হইল গরম * মউজ উঠীয়া পানি ওথালিয়া ওঠে ॥ ধরিয়া বাদসার হাত সুইলেন খাটে * পুরুস মিলনে বিবী কামাতুর হৈয়া নানা রুপে করে খুসি পালঙ্গে সুইয়া * লিখীতে সে সব কথা না হয় উচিত ॥ খুসির মাফিক বাত লিখিনু কিঞ্চীত * খুসি হালে রহে বিবী পতির মিলনে ॥ খুসির বেভার করে মিলে দুই জনে * এই রুপে কতদিন খুসিতে গোজারে ॥ না জায় বাপের সাতে দেখা করিবারে * হেথায় জাবল সাহা ভাবে মনে মন ॥ বেটি মেরা না আইসে কিসের কারন * এক দিন কহে সাহা সবার খাত্তির ॥ কহ কে খবর জান আমার বেটীর * কি লাগিয়া বেটী মেরা নাহি আইসে আর ॥ বুঝিতে না পারি ভালা বুরা সমাচার * এহা শুনে এক জনা কহিল খবর ॥ রঙ্গ রসে থাকে বিবী বাগান ভিতর * নবীন জওান এক মিলেছে আসিয়া ॥ রাত দিন করে খুসি তাহাকে লইয়া * একথা সুনিয়া বাদসা জলিয়া গোস্বায় ॥ বিবীকে ডাকিতে লোক সেতাবি পাঠায় * কাছেদ খবর দিল বিবীকে যাইয়া ॥ খবর সুনিয়া বিবী আইল চলিয়া * বাদসার সামনে বিবী আইল জখন ॥ বিবীকে দেখিয়া সাহা গোস্বা হৈল মন * গালি দিয়া কহে গিয়া বিবীকে এমনি ॥ কুলে কালি দিলি মোর ওরে কলঙ্কিনি বেগানা মরদ লিয়া কর খুসি কাম ॥ লোগ মাঝে রবে তেরা কলঙ্কিনি নাম * কেমনে এমন কাম করিলি বাগানে ॥ আমার সরম হৈল তোমার কারনে * জেখানে সেখানে লোক দুসিবে আমায় উচা মাথা হেট জে হইল তেরা দায়*একথা সুনিয়া বিবী হেট করে মাথা ॥ কহিতে লাগিল বাবা সুন মোর কথা * আপনি হুকুম দিয়া ছিলেন জেয়ছাই ॥ তার ছেওা কোন কাম করেছি বুরাই * রাস্তাল দেখিয়া দাই কহিল আসিয়া ॥ আপনি হুকুম দিলে খোসালিত হৈয়া * এবে সেই জাম সাহা ইরান হইতে ॥ পৌছিল আসিয়া মেরা বাগান বিচেতে*নছিবের লেখা জাহা না হয় খণ্ডন॥ তার সাতে হই য়াছে আমার মিলন * এলাহি আমার জোড়াদিয়াছে আনিয়া ॥ খুসিহালে তারে আমি করিয়াছি বিয়া এই কথা বাপে ঝিয়ে কহিতে আছিল ॥ হেনকালে দাই সেথা আসিয়া পঁওছিল * আরজ করিল দাই বাদসার হুজুরে ॥ এই সে জামসেদ সাহা দেখেছি নজরে*রদ নাহি হয় জাহা খোদার কলম॥ এবাতে তোমার কিছু নাহিক সরম * জামসেদের মত বাদসা নাহি দুনিয়ায় ॥ নছিবের দোসে বাদসা আইল হেথায় * একেং বয়ান করিয়া সব বাত ॥ বাদসাকে কহেন সেই দাই নেকজাত * সুনিয়া দায়ের মুখে বাদসা জাহাদার ॥ দেলের মাঝেতে তবে হইল এতবার * দাইকে জাবল সাহা কহেন তখন ॥ সুনিয়া তোমার মুখে খুসি হৈল মন * খতে লিখীয়াছে এয়ছা জোহাক আমায় ॥ ধোরে দিতে পার যদি জামসেদ সাহায় * মুল্লুক জায়গির দিব সেপাই সর্দ্দার ॥ মালমাত্তা হাতি ঘোড়া দিব বেসুমার * সেই হৈতে চিনু আমি জামসেদের আসে ॥ জদি সে আপন হৈতে আসিয়াছে দেশে * ধরে আমি তার তরে জিঞ্জীর করিয়া ॥ জোহাক বাদসার আগে দিব পাঠাইয়া * কাবুতে পড়েছে এসে বেটির গুনেতে ॥ ধরিয়া পাঠাব কাল গিয়া বেহানেতে * তা হইলে জোহাক হইয়া খুসি মন ॥ মুল্লুক জায়গীর দিবে আমার কারন * সবা হৈতে জোহাক বাড়াবে মেরা নাম ॥ নেহাত কহিনু সুন দাই মেহেরবান একথা সুনিয়া বিবি কান্দিয়া২ ॥ বাপের জনাবে কহে আরজ করিয়া * আমার উপরে বাপ নাকর জুলুম সেহতো দামাদ তেরা করিবে মালুম * বাদসাই কাএম নহে দেখনা বুঝিয়া ॥ ভালাবুরা দুনিয়াতে জাইবে রহিয়া * দেশে২ লোক সবে সুনিবে জখন ॥ দোসদিবে এইবাতে তোমার কারন * মালমাত্তা মুল্লকের লালচ করিয়া ॥ আপন দামাদে বাদসা দীলেন ধরিয়া* বেটিকে করীয়া বেওা রাখিয়া ঘরেতে

কোথায় রহিলমালমুলকতাহার*উজীর আরকান সবকোথায় রহিল॥ খোদাতার সাহাতক্ত [illegible]
ইল*ছিনাইয়া মাল মাত্তা মুল্লক তাহার॥ জোহাকেরে করে দিল সাহেব সর্দ্দার * আছে দুই কালা
সাপ তাহার মহভাতে॥ ছুরত দেখিতে বদ দেওকে হইতে * আছে কি না আছে বাদসা জামসেদ
বাঁচিয়া॥ আফছোছ হইল তার তছবির দেখিয়া * তেকারনে আখে আছু বহিল আমার॥ সোন বিবা
কাহনু নেহাত সমাচার * একথা সুনিয়া বিবী দায়েরে কহিল॥ সোন দাই এইমর্দ্দ ভেদ না খুলিল *
আপনার নাম নাহি কহে ভালমতে॥ ভাড়াইয়া কহে মর্দ্দ এমনি ছুরাতে * একথা সুনিয়া দাই সেতাব
আসিয়া॥ সেহেলি জে ছিল সেথা দিল নেকালিয়া * বাদসা আর সাহাজাদি আর সেইদাই॥ তিনজন
ছেওা সেথা আর কেহনাই * তেনকালে দাই এহা লাগিল কহিতে॥ জামসেদ তোমারনাম জানিভাল
মতে*ইরান সহরে তুমি বাদসা নামদার॥ হয় নয় দেখ এইতছবির তোমার * বাদসা বলে দাই তুমি
ঝুট কহ কেনে॥ কবে তুমি গিয়াছিলে সহরইরানে*আর কবে দেখিয়াছ জমসেদের তরে॥ তেকারনে
বাদসা বলে কহ মোর তরে * ইরানে হইত জদি আমার বাদসাই॥ তবে কেন এহালে ফিরিব ঠাই২
কত লোক আছে এয়ছা দুনিয়া বিচেতে॥ ঠিক ঠাক মিলে জায় রূপেতে রূপেতে * সাহাজাদি বলে
সোন বাদসা জাহাগির॥ ভাড়াও আমার তরে কিসের খাতির * জাবত না ঠীক বাত কহিবে আমায়
কদাচিত আমি নাহি ছাড়িব তোমায় * হেথা হৈতে যদি তুমি জাও পলাইয়া॥ তা হইলে জান দিব
তোমার লাগিয়া*দায়ের মুখেতে আমি শুনিয়া খবর॥ আসক হইয়া আছি তোমার উপর * এক দিন
মোর তরে কয়েছিল দাই॥ জামসেদ ইরানি সাহা আসিবে এ ঠাই * তাহার মিলনে লাড়কা হইবে
তোমার॥শুনে আমিসেই হতে আছি এন্তেজার*শুনবাদসা জাহাপানা কহিয়া জানাই॥ তোমারছেওায়
মেরা জোড়া কেহ নাই * তোমার মিলনে লাড়কা হইবে আমার॥ নাহিক ভাড়াও তুমিকছম খোদার
তোমার লাগিয়া আমি আছিনু কাতর॥ এতদিনে আশা পুরাইল বিধি মোর * আমার নছিব গুনে
পওছিলে আসিয়া॥ পরিচয় দিয়া সাহা কর সাদিবিয়া* জদি এ আরজ মেরা না হয় মঞ্জুর॥তবে আমি
জান দিব তোমার হুজুর * তোমার কারনে জদি জান জায় মোর॥ রহিবে খুনের দাওা তোমার উপর
ইহা বলে জোড় হাতে কান্দিয়া২॥ আজিজিতে কহে বিবি কাতর হইয়া * বিবির আজিজি আর
না পারে সহিতে॥ লাচার হইয়া সাহা লাগিল কহিতে * শুন বিবি সাহাজাদি কহিয়া জানাই॥ ভেদ
বাত আওরতের খুলিয়া কব নাই * পিছেতে দুস্মন মেরা ফেরে হামেহাল॥ মসহুর হইলে কথা ঘটিবে
জঞ্জাল * কি জানি আওরত জদি সামালিতে নারে॥ ভেদ কথা জাহের করিয়া দেয় কারে * লস্কর
ছেপাই না আছে মেরা সাতে॥ গম দুক্ষে পেরেসান আছি হর বাতে * বিবি বলে জাহাপানা আরজ
গুজারি॥ বুঝে দেখ একমত নহে সব নারি॥ হাতের আঙ্গুল জেছা না হয় সমান॥ নরনারি সেইধারা
করিবে ধিয়ান * আওরত মরদ জত আছে দুনিয়ায়॥ একমত কভু নাহি মিলিবে কোথায় * এক
মত জদিস্বাত হইত সবাই॥ তাহা হৈলে না ঘটীত আফত বালাই* প্রানসমতুল্য তুমি শুন নামদার
তোমার কদমে জান করিব নেছার * জদি মোর জান জায় তোমার লাগিয়া॥ ভেদ কথা তবুকাবে না
কব খুলিয়া * আমা হৈতে না হইবে তোমার বুরাই॥ বুরা জদিভাবি দেলে খোদার দোহাই* নেহাত
জেনেছি আমি দেলে আপনার॥ তুমিত সাহেব আমি লেউণ্ডি তোমার * নারি হয়ে খছমের যেকরে
বুরাই॥ তার মত অভাগিনি দুনিয়াতে নাই * আন্দেসা না কর তুমি পরিচয় দিয়া॥ আপনা খেদমতে
মুঝে রাখ নেওাজিয়া * তোমার আসকে আমি ছিনু বেকারার॥ দেখা আগুনেতে না জলিতে পারি
আর * এতেক মিন্নতি আব খাইল কছম॥ তবে সে বাদসার দেল হইল নরম * হইয়া খাতের জমা
ছামনে বিবির॥ আপনার হাল যাহা করিল জাহির * পহেলাতে সুনাইল আপনার নাম॥ তার পরে
হকিকত কহিল তামাম * জেরূপেতে আপনার লস্কর সেফাই॥ জোহাকের কাছে গিয়া মিলিল সবাই
যেরূপে জোহাক এসে লড়াই করিল॥জেরূপে লস্কর সব ভাগেল হইল * জেরূপে আপনি আসৈজান
বাচাইয়া॥তাজ তক্ত ইরানের ছাড়িয়া ছুড়ীয়া*জেরূপে পওছিল এসে জাবল দেশেতে॥ জেরূপেহইল
দেখা ছেহেলির সাতে * জে রুপে আছিল বসে করিয়া আরাম॥ জে রুপে চাহিল খেতে সরাবের

এইরূপে হাসি খুসি করে দুইজন ॥ সারাব কাবাব খায় হৈয়া খুসি মন * কাজরা কাজল বিবী দেখিয়া তাহার ॥ মনে২ ঠাহরিয়া করিল বিচার * আলবত্তা হইবে এই বাদসা ইরানের ॥ আগে পিছে ভালা বুরা হইবে জাহের * এহা বলে জমসেদের তছবির জা ছিল ॥ সেতাবি করিয়া বিবী মাঙ্গাইয়া লিল মিলিল বাদসার রূপ তছবিরে জখন ॥ দেখে বিবী সাহাজাদী খুসি হৈল মন * এই রূপে নানা মতে পরীক্ষা করিয়া ॥ দেখিতে আছিল বিবী বাদসার লাগিয়া * হেনকালে কোথা হৈতে বাগান ভিতর এক জোড়া আসিয়া বসিল কবুতর * নরমাদা দোহেতারা কত নাচ করে ॥ গলাগলী মেলামেলা পর দিয়া পরে * পিঠ পরে উড়ে বসে হালেতে মস্তির ॥ তাহা দেখি সাহাজাদী হেটকরে ছির * সরম পাইয়া বিবী করেন ফরমান ॥ সেতাবি আনিয়া দেহ তীর ও কামান * দাসী এক তির এনে দিলেক ত্বরায় ॥ তীর ধরে কহে বিবী জামসেদ সাহায় * কহমর্দ্দ এই তীর মারি কার তরে ॥ জামসেদ শুনিয়া কহে বিবী বরাবরে * শুন বিবী কহি আমি তোমার গোচর ॥ আওরত হইতে রাখে মরদ হোনর * মোর তরে দেহ তারে নাহি মার তুমি ॥ যাহাকে মারিতে বল মেরে দিব আমি * আওরতের কামনহে মরদ থাকিতে ॥ তির ও কামান তুমি দেহ মোর হাতে * একথা সুনিয়া বিবী সরম পাইয়া ॥ তীর ও কামানদিল বাদসাকে সুপিয়া * তীরহাতে লয়ে তবে বাদসা জাহাগীর ॥ হাসিয়া২ কহে বিবীর খাতির কহ বিবী এই তির মারি কার গায় ॥ নরকে মারিব কিম্বা মারিব মাদায় * বিবি তাথে কিছুই জওাব নাহি দিল ॥ আপনি২ মর্দ্দ এবাত কহিল * মাদিকে মারিতে যদি পারি এই তিরে ॥ তবেত কারব খুসি দুনিয়া ভিতরে * একথা কহিয়া তির মারিল খেচিয়া ॥ লাগিল খেদাঙ্গ তির মাদিকে জাইয়া * মাদি মারা গেল নর উড়ে পালাইল ॥ উড়ে উড়ে ফের সেথা আসিয়া বসিল * বিবী দেখে দেল বিচে করে ভাবাগোনা ॥ আলবত্তা জামসেদ সাহা হবে এই জনা * না হইলে মেরা এ কামান লিয়া হাতে ॥ অন্য কেহ নাহী পারে তির চালাইতে * হেকমতের সাতে ছিল কামান বিবীর ॥ কেহু তাথে না পারিত চালাইতে তির * দেখিয়া শুনিয়া বিবী খোসালিত বড়া ॥ কহে এছে খোদা মেরা পাঠাইল জোড়া এহা বলে সারাব ঢালিয়া পেয়ালাতে ॥ বাদসাকে খেলায় বিবী আপনার হাতে * দুছরা পেয়ালা এক লইয়া জে ফের ॥ আপনী খাইল বিবী খোসাল খাতের * তার পরে তীর ওকামান হাতে লিয়া ॥ কহিতে লাগিল বিবী হাসিয়া২ * এই তীরে পারি জদি নরকে মারিতে ॥ তবেত করিব খুসী মরদের সাতে এহা বলে মারে তীর কামান খেচিয়া ॥ মারা গেল সেই নর তীরেতে গাথিয়া * শুনিয়া বিবীর কথা বাদসা নামদার ॥ দেলবিচে মালুম করিল আপনার * হইল বিবীর মন আমার উপরে ॥ জানা গেল এবে তাহা আচার বেভারে * হেনকালে দাই এসে পওছিল সেথায় ॥ সাহাজাদী বিবরিয়া কহেন তাহায় এহা সুনে জমসেদেরে দেখিয়া সে দাই ॥ চিনিয়া বিবির তরে কহিল এছাই * তালেনামা দেখে আমি কৈয়ে ছিনু জাহা ॥ কপালের লিখন কে ঘুচাইবে তাহা * জার তরে ছিলে তুমি রাহা তাকাইয়া ॥ সেই মর্দ্দ এই বটে পওছিল আসিয়া * একথা দাএর মুখেজখন সুনিল ॥ আসক আগুন তার দ্বিগুন জলিল কাতর হইয়া কহে দাইকে তখন ॥ কিরূপে এহার সাতে হইবে মিলন ॥ না দেখিয়া ছিনু ভাল দেখে হৈল জালা ॥ সহিতে না পারি মন হইল উতালা * বিবিকে কাতর এছা দেখিল জখন ॥ মনে২ ভাবে দাই করিতে মিলন * তছবির দায়ের কাছে ছিল জামসেদের ॥ মিলন করীয়া দেখে খোসাল খাতের ফের সে তছবির দাই জামসেদেরে দিয়া ॥ কহিল তছবির কার দেখ মিলাইয়া * আচানক তছবির দেখিয়া নামদার ॥ তাজ তক্ত দেখে করে আফছোছ হাজার * আঁখ হৈতে আছু চলে হইয়া বাহির ॥ সাহাজাদি পোছে কহ কান্দ কি খাতির * ঘন ঘন আহাজারি কর কি কারন ॥ বুঝা ইয়া কহ মোরে শুনি বিবরন * কি খাতা পাইলে মোর না পারি বুঝিতে ॥ মাফ কর মোর তরে কহি জনাবেতে * তখন জামসেদ সাহা কহিল এয়ছাই ॥ সোন বিবি জার আছে আক্কেল দানাই জালেমের জোলুম দেখিলে একবার ॥ দেলের বিচেতে করে আফছোছ হাজার * জামসেদের হাল এই তছবিরে দেখিয়া ॥ আফছোছ আমার দেলে আইল ভরিয়া * কোথা সে জামসেদ গেল কোথা তাজ তক্ত ॥ আল্লাতালা এয়ছাই করিল তার বক্ত * আলাও লস্কর কোথা সেফাই সরদার ॥

আর মহীমের কাম ॥ বিবিকে শিখায় সেই দাই নেকনাম * একদিন রাজ্জাল দেখিয়া সেই দাই॥বিবীর হুজুরে বাত কহিল এছাই* শুনবিবী রাজ্জাল দেখেছি এ প্রকার ॥ তেরা জোড়া হইবে জামসেদ নাম দার * মিলন হইলে এক হইবে ফরজন্দ ॥ তাহার নছিব খুব হইবে বোলন্দ * একথা শুনিয়া বিবী খো সালতাজার॥দাই ফের বাদসাকে কহিল সমাচার* বাদসা জাহাপানা শুনে খোসালিত হৈয়া ॥ দাইকে কহিল রাখ পুসিদা করিয়া * একথা জাহের না করিবে কোন ঠাই ॥ দাইকে হুসিয়ার করে দিলেন বি দাই * আপে সাহা দেলে খুসি হইয়া রহিল ॥ এইরূপে কত দিন গুজারিয়া গেল * জামসেদ বাদসার কথা শুন সর্ব্বজন ॥ দেশে২ ফেরে সাহা করিয়া ভ্রমন * ঠাই২ কত দেশ ভ্রমন করিয়া ॥ জাবল মুল্লকে শেষে পওছিল জাইয়া * সহরের বিচে যবে যাইয়া পওছিল ॥ মাকুল বাগান এক দেখিতে পাইল * ঠাই২ ফুটিয়াছে নানা রঙ্গ ফুল ॥ ডালে২ ডাকে কত তাণ্ডিছ বুল বুল * ভ্রমরা ভ্রমরী উড়ে ফেরে চারি ভীত ॥ দেখিয়া জামসেদ সাহা হৈল খোসালিত * খাহেসে মাতিয়া চলে বাগান বিচেতে ॥ সুইল গাছের তলে আরামকরিতে*দরওাজা উপরে গিয়াপওছিল জখন ॥ দরওান জাইতেবাগে করিলবারন লাচারহইয়া সাহাবাহিরেতে তার॥ বসিল গাছেরতলে দেখেছায়াদার * সুন সবে কহি সেই বাগানের খুবি ॥ বানাইয়া ছিলেন কৌরঙ্গ নামে বিবী * হামেসা আসিয়া বিবা বাগান মাঝার ॥ খুসিমনে দেখি তেন ফুলের বাহার * সেদিন বাগানে এক ছেহেলি আসিয়া ॥ চারি তরফেতে দেখে নেঘাও করিয়া ফুলের বাহার দেখে হয়ে খুসি মন ॥ দরওাজা উপরে গিয়া পওছিল জখন * বাহিরেতে গাছতলে পাইল দেখিতে ॥ বসিয়া জমসেদ সাহা আছেনছায়াতে*ছুরত জামালতার দেখিয়া নজরে ॥ হয়বতে রহিয়া গেল বাত নাহি সরে* কতক্ষন বাদে গিয়া পুছিল বাদসায় ॥ কে তুমি কোথায় হৈতে আইলে হেথায় * সুনিয়া জামসেদ সাহা বলিল তাহারে ॥ আমার দুক্ষের কথা কি কব তোমারে * কপা লের দোসে আমি ফিরি ঠাই২ ॥ মোর মত বদবক্ত দুনিয়াতে নাই * কত ঠাই কত দেশ ঘুরিয়া ফি রিয়া ॥ এক্ষনে এদেশে আমি পওছিনু আসিয়া * হইয়া রাহের মান্দাআছি পেরেসান॥ ছাতি শুখাইয়া গেছে তাজা কর জান * খোদার তরফ হৈতে মেরা পানে চাও ॥ আনিয়া সারাব থোড়া সেতাবী পেলাও * একথা শুনিয়া সেই ছেহেলি বিবীর ॥ জাইয়া বিবীর আগে করিল জাহীর * শুনবিবী এক মর্দ্দ পওছিল আসিয়া ॥ গাছতলে পেরেসানে আছেন বসিয়া * রূপ তার বদনেতে চাদের সমান ॥ আহা২ মরি২ বিদরে পরান * সে রূপ নয়নে দেখে হৈনু হুস হারা ॥ কিবা রূপ কিবা মুখ না যায় পা সরা * ভুক পেয়াসেতে আছে হইয়া বেতাব ॥ মোর কাছে চাহে খেতে সারাব কাবাব * সাহাজাদি সুনে তবে ভাবে মনে২ ॥ হবে বুঝি সেই মর্দ্দ আইল এখানে*নছীবে লেখন কভু রদ নাহি হয়॥জোড়া মেরা এনে বুঝি দিয়াছে খোদায় * এছাই ভাবিয়া বিবী মধুর বচনে ॥ বলে তারে ডেকে আন আমার সামনে * পেরেসানে আছে মর্দ্দ ভুক পেয়াসেতে ॥সারাব খেলাব তারে আপনার হাতে*বিবির হুকুম পেয়ে ছেহেলী তখন ॥ সেতাবী আনিতে চলে বাদসার কারন * বিবী তারে পাঠাইয়া মন করে স্থির ঘরে না রহিতে পারে হইল বাহির * ধিরে২ বাগানের দুয়ারে জাইয়া ॥ জামসেদ সাহার তরে দেখিতে পাইয়া*রূপ দেখে বিবী এহা বুঝিল তখন ॥ আলবত্তা ইরানি সাহা হবে এই জন * ছুরতে মাতিয়া তার হইল আস্থির ॥ ছিনাতে লাগিল আসকের কারী তির * বিসম আসক জালা না পারে সহিতে ॥ ছামনে জাইয়া বিবী কহে জোড় হাতে* চলহ আমার ডেরে রাখ মেরা বাত ॥ সারাব কাবাব খাবমিলে এক সাত * আগে হৈতে কৌরঙ্গ বিবীর সমাচার ॥ জানিত জামসেদ সাহা বাদসা নামদার * নজরে দেখিয়া সাহা বিবীর জামাল ॥ মোহ গেল দেল বিচে হইয়া খোসাল * বিবি সে বাদসার রূপ দেখিয়া নজরে ॥ জাইয়া ধরিল হাতে সহিতে না পারে*বাগান ভিতরে চলে সাতে করে লিয়া॥মহলে মছনন্দ পরে বসিল জাইয়া * সারাব কাবাব বিবি আনিয়া তখনে ॥ খুসিতে পিয়ালা বাজী করে দুই জনে * আসকে মাতিয়া বিবী হয়ে বেকারার ॥ সারাবেরজামহাতেলিয়া আপনার* মজসেদ সাহার হাতে দেয় ওঠাইয়া ॥ দুই তিন পিয়ালা দিলেন পেলাইয়া * সরাব খাইয়া সাহা জমসেদ আপনি॥ দুর হৈয়া গেল জত ছিল পেরেসানি*হাসি খেলি করে দেহে নাহিক ওমায় ॥ কি তক লিখিব আমি বয়ান তাহার

নামদার ॥ দেশত্যাগ করিয়া ভাগিল আপনার * জোহাকে ধরিবে বলে জামসেদ সাহায় ॥ চারিদিগে ঢুড়িয়া না পাইল কোথায় * আখেরে করিয়া ফতে মহিমের কাম ॥ ফিরিয়া আইল যেথা লস্করতামাম তারপরে ইরান সহর জমসেদের ॥ দখল করিয়া লিল খোসাল খাতের* সহরেতে জোহাকের ফিরিল দোহাই ॥ ফরমাইয়া দিল তবে হুকুম এয়ছাই * জমসেদ বাদসার তরে যে দিবে ধরিয়া ॥ খুসি করে তার তরে দিব নেওয়াজিয়া * একথা সুনিয়া সবে ধরিতে বাদসায় ॥ চারি দিকে দেশে২ ধাইল সবায় বহিন আছিল এক জামসেদ সাহার ॥ আর নওাজ বলিয়া জে নাম ছিল তার*আর এক বিবীতারনাম সহরেওাজ॥দোহাকারে ধরিয়া জোহাক দাগাবাজ* জরু বানাইয়া রাখে অন্দর মহলে ॥ রহিল দুজনে তারা পেরেসান হালে* হেথা সে জামসেদ সাহা ইরান ছাড়িয়া ॥ জাবল সহর বিচে পঁওছিল জাইয়া লোক জন লস্কর সেপাই নাই সাতে ॥ লাচার হইয়া বাদসা ফেরে খালি হাতে * দেল দিয়া সুন সবে কহিব বয়ান ॥ জাবল মুল্লুকে বাদসা ছিল এক জন* কৌরঙ্গ নামেতে এক বেটি ছিল তার ॥ রুপেগুনে সেই বিবী অতি সুবাহার * এলেম হুন্নুরে বিবী ছিল হুসমন্দ ॥ কুস্তিগিরি বাহাদুরি আর নানা ফন্দ মর্দ্দানা লেবাছে বিবী ফেরে ঠাই২ ॥ সঙ্গেতে সেহেলি সব পাহালওান দাই * হাঁতিয়ার বান্ধিয়া বিবী চড়িয়া ঘোড়ায় ॥ ময়দানেতে ফেরে কারে নাহিক ডরায় * সেই হালে এক দিন লস্কর লইয়া ॥ জাবল দেশেতে মনু চেহের আসিয়া * ঘোড়া কুদাইয়া ফেরে দেখিল ময়দান ॥ মার২ হাক হাকে করে তান সান * সেই ময়দানের ধারে জঙ্গল বিচেতে ॥ আছিল কৌরাঙ্গ বিবী শিকার করিতে * সাতে লিয়া তামাম সেহেলি আপনার ॥ খুসি হালে ফেরে বিবী করিয়া শিকার*মনুচেহেরের হাক সুনিতে পাইয়া ময়দানে পঁওছিল এসে ঘোড়া ওঠাইয়া* দুরে হৈতে দেখে বিবী করিয়া নজর ॥ বহুত লস্কর খাড়ামযদান উপর * ঘোড়া ওঠাইয়া সবে নিকটে আইল॥মণু চেহেরের তরে দেখিতে পাইল*হাকিয়া কহিল মণুচেহেরে এয়ছাই ॥ বল কোথা হৈতে আইলে বিদেশী সিপাই * কিকামে আইলে তুমি লইয়ালস্কর হাক তুমি বার২ করে এত জোর * মেরা পাহালওানী বুঝি নাহি সোন কানে॥ আসিয়া ঠেকিলে আজবাঘের ময়দানে * সুনে পাহালওান মনুচেহের তখন॥ কহিতে লাগিল এহা বিবীর কারন * আইনু জাবল দেশে লড়াই করিতে ॥ আল্লা রাজী জার পরে পাইবেক ফতে * একথা সুনিয়া বিবী গর জিয়া উঠিল ॥ মনুচেহেরের তরে হাকিয়া কহিল* কহ মর্দ্দ পাহালওান কিবা তেরা নাম ॥ বেনামেতে জাবে কাহে হইয়া তামাম * মনুচেহের কহে তুমি না কর বড়াই ॥ এখনি বুঝিয়া লিবে করিনে লড়াই একথা কহিয়া মর্দ্দ তেগ লিয়া হাতে॥ কৌরাঙ্গ বিবীর পরে ওঠায় মারিতে*চালেতে উড়িয়াবিবিলইল ওয়ার ॥ গোস্বা ভরে হেকে উঠে বলে মার২ * ঢালে রদ করে তেগ মনুচেহেরের ॥ ওয়ার করিল তার তাকাইয়া ছের * এই রুপে তেগবাজি করে পাহালওান ॥ কেহ কারে নাহি পারে সমানে সমান * লড়িল তামাম দিন নাহি পায় ফতে ॥ আখেরেতে লড়ে দোন হুনুর হেকমতে * জানিত কৌরাঙ্গ বিবি বহুত হেকমত ॥ মনুচেহেরের তরে দিল হজিমত* লড়িতে না পারে মণুচেহের তখন ॥ ভাগিয়া চলিয়া গেল লস্করে আপন * মহিমে পাইয়া ফতে বিবী জোওরার ॥ ছেহেলি সবাকে সাতে লিয়া আপনার* মকানেতে এসে বিবী খুলিল কোমর ॥ মনুচেহের চলে গেল লইয়া লস্কর* এই সব সমাচার মহিমের কাম ॥ সুনিল লোকের মুখ বাদসা নেকনাম * খুসি হৈয়া জাহাপানা লাগিল কহিতে॥ দুস্ম নের ডর মেরা গেল বেটী হৈতে * বহুত তারিফ করে বেটীর কারন ॥ বে আন্দেসা হয়ে বাদসা হয় খুসি মন * এই সব সমাচার গেল ঠাই২ ॥ সুনিয়া বিবীর জঙ্গ ডরিল সবাই * সাদি বেহা না হইল কৌরঙ্গ বিবির ॥ রুপ গুন পাহালওানী হইল জাহীর* কত শত বাদসা লোক আসক হইয়া ॥ দেসে২ হৈতে দেয় পয়গাম ভেজিয়া * বাদসা কহিল বিবী রাজি হবে জারে ॥ আমিওভী রাজি আছি তাহার উপরে * এহা বলে পয়গাম আসিত জেথাকার ॥ বিবী আগে সুনাইত বাদসা নামদার * বিবি কার পয়গাম না মঞ্জুর করিত ॥ জওাব লিখিয়া সব ফিরাইয়া দিত * এইরুপে কত দিন জায় গোজারিয়া খুসিহালে ফেরে বিবি ছেহেলী লইয়া*ছুরত জামাল সবে জওান ওন্দর ॥ জেথা জায় এক সাতেবান্ধিয়া কোমর * আছিল সেহেলি এক দাই যে তাহার ॥ নানা গুনে গুনমতি বহুত হুসিয়ার * হুনুর হেকমত

নছিবে জা ছিল তেরা রদ কে করিবে ॥ এইত বিমারি তেরা ভাল না হইবে * কঠীন বিমারি এছা না দেখি কখন ॥ এল্লাজেতে ভাল না হইবে কদাচন * এই দুক্ষ উঠাইতে হবে কালে কাল ॥ সুনিয়া জোহাক সাহা হইয়া বেহাল* তবীবসবার তরে লাগিল বলিতে ॥ বাতাইয়া দেহ মুঝে ভাল হয় জাতে সয়তান হাজের হৈয়া কহিল এয়ছাই॥ এহার এলাজ এই তোঁমারে বাতাই * তার ছেওা ভালায়ের না আছে তদবীর ॥ বাতাইয়া দেই সাহা তোমার খাতির * রোজ২ এই দুই সাপের লাগিয়া ॥ খেলাইবে মানুসের মগজ আনিয়া*তবেত খামস রবে জাবে দুখ ভার ॥ না থাকিবে কোনজালা সুন নামদার * এ কথা সুনিয়া বাদসা লাচার হইয়া॥ সয়তানের বাত লিল কবুল করিয়া * রোজ২ মগজ আনিয়া আদমের ॥ খেলায় জে সেই দুই সাপের খাতের * খামস রহিল সাপ পাইয়া আহার ॥ বাদসার উপরে॥ নাহি পওছায় আজার * সয়তান হইয়া খুসি কহে মনে মন ॥ দুনিয়াতে মানুস না রবে এক জন * রোজ২ ফুরাইয়া হইবে উজাড়॥ সাপেতে খাইয়া দিবে করে ছারখার * আল্লার পিয়ার খাছ আওলাদ আদম ॥ কি করিতে পারে তার সয়তান অধম *মহাম্মদ খাতের কহে ফজলে খোদার ॥ দিনে২ বাড়ে লোক হাজার হাজার *

বাদসা জমসেদের স্বহিত জোহাকের লড়াই *

পয়ার * জোহাক বাদসাই করে তক্তে দিয়া বার ॥ দুই সাপ রহে দুই মাজুতে তাহার * দেশে২ সমাচার পওছিল জাইয়া ॥ হুসিয়ার হইল সবে খবর শুনিয়া * ইরান সহরে বাদসা জমসেদ নামেতে পওছিল এ সমাচার তাহার দেশেতে * লস্কর সেফাই জত তাবে ছিল তার ॥ সুনে সবে দেলে খুসি হইয়া হাজার * মিলিল আসিয়া তারা জোহাকের সাতে ॥ জোহাক হইয়া খুসি তাদের পরেতে * ঘোড়া জোড়া মাল মাত্তা দিল নেওাজিয়া ॥ নেহাল হইল সবে এনাম পাইয়া * সালাম করিয়া তারা কহে জনে২ ॥ থোড়াই লস্কর জদি ভেজহ ইরানে * লড়াই করিয়া বাদসা জমসেদের সাতে ॥ সহজে মুল্লক তার করে লিবে ফতে*শুনিয়া জোহাক সাহা করিল ফর্ম্মান ॥ সেতাবি তৈয়ার কর লস্কর সামান লড়াই করিতে জাব ইরান সহর ॥ দেখিব জমসেদ বাদসা রাখে কত জোর * সাজ২ বাজা বাজে শুনিয়া খবর ॥ লস্কর তৈয়ার হৈল বান্ধিয়া কোম্মর * আপনি জোহাক সাহা কোম্মর বান্দিয়া ॥ রওসন হইয়া চলে লস্কর লইয়া * মঞ্জিল মঞ্জিল রাহা বেকলিয়া জায় ॥ কত দিনে ইরান সহর গিয়া পায় * ময়দানে ডালিল ডেরা যাইয়া লস্কর ॥ জমসেদ বাদসাকে দিল জাছুছ খবর * আইল জোহাক সাহা করিতে লড়াই ॥ ময়দানেতে উতরিয়া আছে ঠাই২ * জাছুছের মুখে বাদসা খবর শুনিয়া ॥ আপনার লস্করেতে দিল ফর্ম্মাইয়া * সেতাবি তৈয়ার হও তামাম সেফাই ॥ দুসমন আইল দেশে করিতে লড়াই * বাদসার হুকুম পেয়ে তামাম সর্দ্দার ॥ কোমর বান্দিয়া হৈল মহিমে তৈয়ার* আপনি তৈয়ার হৈয়া বাদসা জাহাগীর ॥ বেকলিল ময়দানেতে মহিম খাতির * বাজা বাজে ঠাই ঠাই লস্কর মাঝার ঘোড়া কোদাইয়া ফেরে জতেকসর্দ্দার * দুদলে হইল খাড়া তামাম ফউজ॥ নরিয়া উপরে জেন উঠীল মউজ * জোহাক লস্কর দেখে জমসেদ সাহার ॥ তেগ লিয়া কুদে চলে বলে মার২ * হুকুম করিয়া দিল লস্করে এছাই ॥ একেবারে সকলেতে করহ লড়াই * একে২ না লড়িবে জমসেদের সাতে ॥ ঘিরে মার তেগ জোরে হইবেক ফতে* এহা শুনে সকলে কহিয়া মার মার ॥ একেবারে টুটে পড়ে জত আছ ওার * জমসেদ বাদসার জত লস্কর সেফাই ॥ ঘোড়া কুদাইয়া আইসে করিতে লড়াই * দুই দলে কাটাকাটী করে বড় জঙ্গ॥লহুতে ময়দান গেল হৈয়া লাল রঙ্গ*মারা গেল দুইদলে বহুত লস্কর॥আল্লা বিনে কেহু তার নাজানে খবর* জোহাক হইয়া গোস্বা ঘোড়া কুদাইয়া ॥ হাজারে হাজার লোকে দেয় গেরাইয়া * জামসেদ বাদসার জত সেফাই লস্কর ॥ জোহাকের জোর দেখে হইল ফাপর * মার২ ধর ধর হাকে বড় হাক ॥ টীকিতে না পারে কেহ দেখিয়া বিপাক * ভাগিয়া চলিল সবে ছাড়িয়া লড়াই ॥ জঙ্গলের রাহা লিল তামাম সেফাই * আপনা লস্কর ভাগে জামসেদ দেখিয়া ॥ লড়িতে নাহিক পারে গেল ডরাইয়া * আখেরেতে ভাগেল হইয়া জাহাগীর ॥ লড়াই ময়দান হৈতে হইয়া বাহীর * বিসাদ ভাবিয়া সাহা দেলে পেয়ে দুখ ॥ তাজ তক্ত ছেড়ে চলে করে কালামুখ * লস্করের বেওফাই দেখে

আখেরেতে গুনাগার আলমে বদনাম * সয়তান শুনিয়া কহে করিলে কারার ॥ সর্দ্দারে রহিল তের
ছওগন্দের ভার * ছওগন্দ করিয়া জদি নাহিক পালিবে ॥এরাতে তোমার বড় মস্কেল ঘটিবে * নান
রূপে দুখ পাবে হবে পেরেসান॥ আখেরে জাইবে মারা কহিনু নিদান * আপন ভালাই যদি চাহ নেক
নাম॥ তবে জা কহিনু আমি কর সেই কাম * জোহাক একথা সুনে লাচার হইয়া॥সয়তানের তরে কহে
দেহ বাতাইয়া * কি রুপে মারিব আমি বাপকে আপন ॥ সুনিয়া সয়তান কহে হৈয়া খুসি মোন *
অহার তদবির এই সোন দেল দিয়া ॥ সহজে হইবে জাহা দিই বাতাইয়া * বাপ তেরা হামেহাল হুজু
রাতে জায় ॥ কুণ্ডা এক খোদ তুমি তাহার রাহায় * হেকমত করিয়া কুণ্ডা রাখ ঢাকা দিয়া ॥আচম্বিতে
জাইবে সে কুণ্ডাতে গিরিয়া*সয়তান মছলত দিল করে দাগাবাজি॥জোহাক খুদিতে কুণ্ডাদেলে হৈল
রাজি * ছাপাইয়া কুণ্ডা এক তৈয়ার করিয়া ॥ ঘাসের চটীতে রাখে উপরে ঢাকিয়া * রাত গুজরিয়া
গেল ফজর সময় ॥ নামাজ পড়িতে বাদসা হুজরাতে জায়* জোহাকের দাগাবাজি না জানে খবর ॥
আচানক গেরে সাহা কুণ্ডার ভিতর* পড়িয়া কুণ্ডার বিচে বেহুস হইল ॥ থোড়া ঘড়ি বাদে জান নেক
লিয়া গেল * তখন জোহাকে কহে সয়তান আসিয়া॥কুণ্ডা বন্ধ করেদেহ থাক ধুলা দিয়া*শয়তানের
এসারাতে জোহাক তখন ॥ কুণ্ডাতে বাদসার তরে করেন দফন* গুজরিয়া গেল সাহা কাজা এলাহির
জোহাক হইল তক্তে বাদসা জাহাগির*ধন কড়ি মাল মাত্তা সেফাই সর্দ্দার॥সহরমুল্লক সব হৈল তাবে
তার * বেটা হৈয়া দেখ কেয়ছা করিল বুরাই॥হামেসা চাহিত জেবা বেটার ভালাই*দুনিয়ার লোভে
আর সয়তানের ফেরে ॥ মারিল নির্দ্দয় হয়ে বাপের খাতেরে * দুনিয়াতে দেখ কেছা লালচ বুরাই
জেকরে লালচ এছা তার মুখে ছাই * জোহাক সয়তানি ফেরে বাপকে মারিয়া ॥ খোদার দরগাতে
গেল গুনাগার হৈয়া * তখন সয়তান পাপী হৈয়া খুসি মন ॥ হাসিয়া২ বলে জোহাকে তখন * মেরা
বাছহত জদি নাহিক শুনিতে ॥ বাদসাই মাদার তবে কি রুপে পাইতে * এবে জাহা কহি তুমি কর
সেই কাম ॥ দেশে২ জাহের হইবে তেরা নাম* সাত মুল্লকের বাদসা হইবেক তাবে॥জেথা জাবে ফতে
পাবে নাহিক হারিবে* জোহাক বলিল তুমি বলিলে জেবাত ॥ সকলি মানিয়া লিব না হবে তফাত *
এহা বলে সয়তানেরে হুসিয়ার জানিয়া ॥ বাবরচি খানায় দিল মোক্তার করিয়া * হামেসা খাইত
মেওা বাদসা জাহাগীর ॥ সয়তান খেলায় খানা করিয়া তদবির * রুটী খানা কভু না খাইল নামদার
সে খানা খাইয়া হৈল খোসাল হাজার*এনাম বকসিস দিল সয়তানে তখন॥বাবুরচি খানারকুঞ্জি কৈল
সমার্পন * কহিল নওকর জত বাবুরচি খানার ॥ সবার উপরে তুমি হইলে সর্দ্দার * জোহাকের পরে
খুসি হইয়া সয়তান ॥ নানারূপে করে কত খাবার ছামান*হামেসা খেলায় লীয়া বাদসার কারনে॥ নয়া
চিজ পেয়ে সাহা খায় খুসি মনে * এক রোজ বয়জা এক করিয়া তৈয়ার ॥ হাজের করিল লিয়া সামনে
বাদসার * সে বয়জা খাইয়া সাহা বড় খুসি হৈল ॥ তারিফ করিয়া কত বলিতে লাগল * শয়তান
শুনিয়া কহে বাদসা জাহাপানা ॥ এর ছেওা জানি কত পাকাইতে খানা * বাদসা বলে তুমি মেরা বড়
মেহেরবান ॥ খানা খেলাইয়া তাজা কৈলে মেরা জান*এহা বলে নেওাজিল বকসিস এনাম ॥ সয়তান
বকসিস লিল করিয়া ছালাম * এইরূপে হামেহাল সয়তান গাওার ॥ বাদসাকে খেলায় খানা করিয়া
তৈয়ার * একদিন বাদসা দেল খোসালিত হৈয়া ॥ সয়তানের তরে বলে হাসিয়া২ * বড় মেহেরবান
তুমি জা চাহিবে ভাই ॥ আন্দেসা না কর তুঝে দীব আমি তাই * সয়তান আরজ করে সেই সময়েতে
বোছা দিব আমি তেরা মহড়া পরেতে* তাহাতে মর্ত্তবা বড় হইবে আমার॥মঞ্জুর করিয়া তা জোহাক
নামদার * খুলিল গায়ের জামা আপনার হাতে ॥ সয়তান চুমিল তার দুই মহড়াতে * বুছার তাছিরে
তার কান্ধের উপর ॥ নেকলিল দুই সাপ ধারিয়া চক্যর * সয়তান সে সাপ দেখে সেখান থাকিয়া॥
দেখিতে২ গেল গা এব হইয়া* বাদসা আপনার হাল দেখিয়া নিদান॥ দেল বিচে ডরাইয়া হৈল পেরে
সান * জাহের হইল বাত শুনিয়া সবাই ॥ দেখিতে বাদসার হাল চলে ধাওাধাই* তবিব হাকিমলোক
জেখানে যে ছিল ॥ সকলে সুনিয়া এসে হাজের হইল * দেখিয়া বলীল সবে সুন নামদার ॥ ভাল নাহি
হবেএই বেমার তোমার*লাগা আছে এই সাপ বদনের সাতে ॥ কোনমতে এহাকে নারিব ছাড়াইতে

করিয়া ॥ খাইত সবার পিছে খানা মাঙ্গাইয়া* রাএত প্রজাকে খুব করিত পেয়ার॥ কার তরে কভুনাহি দিতেন আজার * কোন এছা বিপদ ঘটিলে কারপর ॥ আপনি জাইয়া তার লিতেন খবর * ভালবাসা ছিল খুব রায়েতের পরে ॥ আরামে তামাম লোক থাকিত সহরে*গম দুক্ষ কার নাহি ছিল কোনবাতে খাওা পরা হর হালে ছিল খোসালেতে * বাদসা জাহাপানা আপে খোসালিত মনে॥ সহরেতে ঘরে২ সবার কারনে * উট গরু ভঞ্জেসের দুধ হৈত জত ॥ রোজ২ খুসিমনে খয়রাত করিত * গনিও গরিব জত সহর বিচেতে॥ মরহুম না ছিল কেহ বাদসার খয়রাতে * খেয়ে পিয়ে সকলে হইয়ে খুসি মন ॥ হামেসা করিত দোওা বাদসার কারন*খয়রাতে বাদসার হাত কোসাদা আছিল॥কভুকারেদিতে হাত নাহি ফেরাইল*হর চিজ নেয়ামতে বাদসার কারন ॥ আছুদা রাখিয়া ছিল পাক নিরাঞ্জন* বেটা একছিল তার বড়ই মাকুল॥ছুরত জামাল জেন গোলাবের ফুল*খুসি দেলে জাহাপনা বাদসা নামদার জোহাক বলিয়া নাম রেখেছিল তার*হামেসা সামনে তারেরাখিতেন হাজির॥ হইলে নজরছাড়াহইত দেলগীর * এক ঘড়ি জদি তারে নাহিক দেখিত॥ ঘাবরাইয়া চারিদীগে ঢুড়িয়া ফিরিত * খানা খাইবার ওক্তে না পাইলে সাত ॥ নাহিক খাইত আপে বাদসা নেকজাত * এইরূপে হামেহাল বেটার কারন ॥ হর নিয়ামতে বাদসা করেন পালন * খুসি হালে কত দিন গোজরিয়া গেল ॥ জোহাক যখন খুব সিয়ানা হইল*আপনার নওকর চাকর সাতে লিয়া॥ হামেসা খুসিতে ফেরে চেয়েন করিয়া * সিদা সাদা ছিল দেল না ছিল কঠিন ॥ জে জাহা কহিত সুনে জানিত একিন * এইরূপে কত দিন জায় খুসি হালে ॥ গম দুখ কিছু নাহি ছিল তার দেলে*আল্লার কলম রদ কে করিতে পারে॥দেখ না কিহালহয় তাহার উপরে*আমাদেরদুসমন সয়তান দুরাচার॥দাগাদারিকরিবারেসেইদাগাদার*একদিন জোহাক বসিয়া ছিল ঘরে॥ পঙছীল জাইয়া গিধি তাহার হুজুরে * হইয়া ফকিরিভেশ তসবি হাতে লিয়া ॥ সালাম আলেক বলি রহে দাড়াইয়া * জোহাক দেখিয়া তারে নেক মর্দ্দ জেনে॥ উঠিয়া তাজিম করে বসায় সামনে * কত মায়া জানে গিধী সয়তান বজ্জাত ॥ নানারূপে কহে কথা জোহাকের সাত * জোহাক শুনিয়া তার বিনয় বচন॥দেলেতে বহুত খুসি হইল তখন*সয়তানের দাগাতে আক্কেলগেল তার ॥ কহিতে লাগিল এহা করিয়া পেয়ার * সুনাইলে জত কথা বড়ই মাকুল॥ ফের কিছু কহিলেন হইয়া মসগুল * বুঝিনু তোমার খুব আক্কেল দানাই ॥ সুনিলে তোমার কথা হইবে ওফাই * সয়তান জানিল এবে জোহাকের তরে ॥ দাগা দিয়া ভুলাইয়া ফেলিয়াছি ফেরে * এইসমে কহিব মতলব আপ নার ॥ জাহাতে মকসেদ পুরা হইবে আমার * এহা বলে কহে গিধী জোহাক হুজুর ॥ একবাতে আপে জদি করেন মঞ্জুর* তা হইলে হুজুরেতে কহিয়া জানাই ॥ তার ছেওা আপনার আর কিছু নাই* কার কাছে সে কথা না করিবে প্রচার ॥ ছওগন্দ করিয়া জদি করেন কারার * তবে আমি পুসিদাতে দিব সুনাইয়া ॥ নহেত গরজ নাহি সে কথা কহিয়া * জোহাকের দেলে ধন্দ সয়তাশের বাতে ॥ ভাবে মনে কি কহিবে না পারি বুঝিতে * বহুত ভাবিয়া শেষে করিল কারার ॥ কহকি কহিবে নাহী করিব প্রচার ছওগন্দ করিয়া আমি করিনু কবুল ॥ জা কহিবে মানিব তা না হবে ওদুল*জোহাক কসম করে কহিল জখন ॥ করারেতে বন্দ করে শয়তান তখন * জোহাকের তরে কহে শুন কহি ভাই ॥ দেলের মতলব মেরা কহিয়া জানাই * পসন্দ করিয়া খুব বুঝহ দেলেতে॥ বহুত ভালাই তেরা হইবে সে বাতে * জোহাক কহিল তবে কহ নেক নাম ॥ ভালাই হইবে মেরা করিলে কি কাম * সয়তান কহিল তবেসুন সে খবর ॥ বাপ তেরা বুড়া পীর গায়ে নাহি জোর* বাদসার কাবেল তুমি হইলে হুসিয়ার॥বাপ তেরা এইবাত না করে বিচার * তাজ তক্ত তেরা তরে নাহিক সুপীয়া ॥ আপনি বাদসাই করে তক্তে বার দিয়া * তোমাকে বাদসাই দিতে নাহি তার মন ॥ হয় নয় ভাবে বুঝে দেখহ এখন * আমি বলি বাপে তেরা ডালহ মারিয়া ॥ আপনি বাদসাই কর তক্তে বার দিয়া * তবে তুমি হইবে এ মুল্লকের মক্তার ॥ মাল মাত্তা হাত হবে সকলি তোমার * না হইলে তুমি আগে মর জদি তবে ॥ দুনিয়াতে নাম তেরা নাহিক রহিবে*জোহাক একথা শুনে হইল দেলগীর॥ সয়তানের তরে কহে সোনমর্দ্দ পীর * কেমনে মারিব আমি বাপের গর্দ্দান ॥ আমা হৈতে অই কাম না হবে কখন* হইবে বহুত বুরা কারলে একাম

সবাকারে বাদসা নামদার ॥ সেখাইল নানারূপে খেতি কারবার * মটর মুসুর আদি গম গেহু ধান-
আর কত নিয়ামত খাবার ছামান * দেশে২ ঠাই২ হইল যখন ॥ খেয়ে পিয়ে সকলে হইল খুসি মন
ফের বাদসা সবাকারে করিলফর্ম্মান॥ময়দান উপরে গিয়া বানাও মাকাম*দেওকে হুকুম কৈল তোমরা
যাইয়া ॥ বালাখানা বানাইতে দেহ শিখাইয়া*বাদসার হুকুম পেয়ে জত দেওজাত ॥ ময়দানেতে গেল
লিয়া লোক জন সাত * পহেলা সবাকে দেও শিখাইয়া দিল ॥ কাদা মাটি এনে সবে ইট বানাইল *
সুকাইয়া জালাইল হইল তৈয়ার ॥ তারপরে বানাইতে শুরু কৈল ঘর * হুনুর হেকমত দেও শিখাইয়া
দিল ॥ মানুসে গাথিয়া ঘর তৈয়ার করিল * কারিগিরী শিখে লোক হইল মিস্তিরী ॥ কত ঘর সেথা
বানাইল সারি২ * বেরাহা ময়দান ছিল হইল গোলজার ॥ দেখে সুনে লোক জন খোসাল হাজার
তার পরে দেশে২ কত ঠাই২ ॥ কত ঘর হৈল তার লেখা জোখা নাই * দেও হৈতে হুনর শিখীয়া
লোক জনে ॥ ঘর বাড়ী বানাইয়া রহে খুসি মনে * তার পরে দেওজাত মিলে জনে জন ॥ তক্ত
এক বানাইল বাদসার কারন * লাল মতি হীরা ও জওহর দিয়া তাতে ॥ নানা রূপে কারিগিরী কৈল
চারি ভিতে*কি কব তক্তের খুবি কহা নাহি জায় ॥ কেহু তেছা তক্ত নাহি দেখেছে কোথায়* বাদসা
হইয়া খুসি তক্তে দিল বার । জেছা সাহা তেছা তক্ত হইল গোলজার * দেওরা বাদসাকে সেই ওক্তে
বসাইয়া॥ হাওা ভরে আলগে লেজাইত উড়িয়া*ঠাই২ তামাসা দেখায় দেশে২॥ বাদসাই মকানেফিরে
পওছাইত সেশে * এক দিন সারাব খাইয়া নামদার॥মস্ত হৈয়া কহিতে লাগীল এ প্রকার* দেওপরি
জেন আদি জত ঠাই২॥ সকলি আমার তাবে বাকী কেহ নাই*আমা হেন বাদসা আর নাহি কেহআছে
হৈয়াছে না হবে আর দুনিয়ারবিচে*দেখ আমি কত চিজ খাবার খোরাক॥আর কত নানারূপে লেবাছ
পোসাক* ঘর বাড়ি আদি যত হর২ কাম ॥ হুনুর হেকমতে দিণু বানায়ে তামাম* সেফাই সর্দ্দার শুনে
সকলতে বলে ॥ হক বটে জাহাপানা যে কিছু কহিলে*তোমা হেন বাদসা কেবা কোথা আছে আর
আক্কেল দানাই এয়ছা হইবে কাহার * এ কথা শুনিয়া বাদসা খোসাল অন্তর ॥ জবানেতে না
কহিল খোদার সোকর * এবাতে নারাজ হৈল পাক নিরাঞ্জন ॥ রাত কালে দেখাইল বাদসাকে স্বপন
দুসমন আসিয়া এক গোম্বা দেল হৈয়া ॥ জোরে ধরে তক্ত হৈতে দিলেক ফেকিয়া * উজির আরকান
আর লস্কর সেফাই ॥ তার সাতে মিলে গেল আসিয়া সবাই*ছোলতানাত তক্ত তাজ জেখানেযাছিল
জোরেতে সে সব কিছু ছিনাইয়া লিল*এই রূপে বাদসা আপে স্বপন দেখিয়া ॥ নিন্দ ছুটে গেলপিছে
উঠিল জাগিয়া* থর থর করে অঙ্গ লাগিল কাপিতে॥ চারিপানে চাহে কিছুনা পায় দেখিতে*জাগিয়া
তামাম রাত রহিল বসিয়া ॥ ফজর হইতে সাহা বাহিরে আসিয়া * নজ্জুম সবার তরে বোলাইয়া লিল
খাবের তাবির সাহা সকলে পুছিল * কহিল রাম্মাল দেখে কহ না সবায়॥ দেখেছি এমনি খাব তাবীর
কি হয়*তখন নজ্জুম সব করিল জাহির ॥ সোন বাদসা নামদার খাবের তাবির * দুসমনতোমার পরে
জুলুম করিয়া ॥ তাজ তক্ত ছোলতানাত লিবে ছেনাইয়া* তোমার উপরে বড় মুস্কিল ঘটাবে॥ বাদসাই
হাসমত এছা নাহিক রহিবে * সুনে বাদসা নামদার জত ছিল সুখ ॥ সকলি দুরেতে গেল সদা মনে
দুখ * পেরেসান হালে থেকে করে ভাবা গুনা ॥ কোন ঘড়ি কি হইবে নাজানি ঠিকানা* এইহালেকত-
দিন ভাবিয়া গুনিয়া॥বাদসাই করেন বসে তক্তে বারদিয়া * আদলএনছাফ কাম করিত মদাম ॥ হায়েসা
রহিত্ত দুখে না ছিল আরাম * অধিনেতে কহে জাহা লল্লাটে লিখন॥ কলমরবানি তাহা কেকরেখণ্ডন

বাদসা জোহাক তাজি আপন বাপকে মারিয়া
বাদসাই করে তাহার বয়ান *

পয়ার * সহর আছিল এক ইরানের কাছে ॥ নামেতে মাস্তান তাজি বাদসা তারবিচে * সাখাওতি
কামে বাদসা বড় নামদার ॥ লস্কর চাকর আদি ছিল বেসুমার * গরু উট ভএেস ছাগল আদি যত
পালেপাল বেহেসাব ছিল কত শত*হাতী ঘোড়াগাধা আর হরিণ গণ্ডার॥বাঘ ভাল নানা রূপে কত
কব তার* বড়ই হাসমতে ছিল বাদসার বাদসাই॥ সাখাওত তার মত না ছিল কোথাই* ভুকা ফাকা
জদি সে দেখিত কারত্তরে॥ আপে না খাইয়া আগে খেলাইত তারে*ফকির মিছকিনে আগে খয়রাত

গিধী বলে মার২ * খবর সুনিয়া বাদসা গোস্বাতে ভরিয়া ॥ আইল ময়দান পরে লস্কর লইয়া*রনসিঙ্গা বাজে কত ভেউর করনাল ॥ শুনিয়া সিপাই লোক হৈল মস্তহাল*ঘোড়া কুদাইয়া ফের ময়দান উপর দেও সব ঝুকে আইল লইয়া পাথর * এছা জোরে হাকে জেন গরজে আছমান ॥ কহে কেয়ছা দেখে লিব আদমের জান * জোরেতে ধরিয়া সবে চিবাইব দাঁতে ॥ দেখি কেছা মহিমে পাইয়া জায় ফতে এইরূপে দেওজাত কাফের শয়তান ॥ লাফ্ কাফ্ করে কত লাগাইয়া তান * সুনে বাদসা তহমস্ গোস্বাতে ভরিয়া ॥ আইল ময়দান পরে গোর্জ্জ হাতে লিয়া * দেও গিধী গোস্বা ভরে ফেকিল পাথর রদ করে বাদসা তাহা ঢালের উপর * জমীনে গিরীল সেই পাথর জখন ॥ মালুম হইল সবে পাহাড় জেমন*দেও বলে গায়ে তেরা আছে কত জোর॥ ঢালেতে করিলী রদ এমন পাথর* বাদসা বলে এই বার সামাল বেপীর ॥ এক গোর্জ্জ মারি আমি তোমার খাতির * এহা বলে গোর্জ্জ মারে বাদসা নাম দার ॥ একচোটে দেওকে করিল ছারখার*দেও জদি মারা গেল দেখে দেওজাত॥লড়িতে আইলসবে পাথর লিয়া হাত * বাদসা আর ছিল যত সেপাই সর্দ্দার ॥ দেও মেরে চলে সবে খুলিয়া তলওার ময়দানেতে বহাইয়া দিল লহু নদী ॥ কত দেও মারা গেল জানে আল্লা হাদি* আর কত দেও বাদসা আনিল ধরিয়া ॥ বাকী দেও জঙ্গলেতে গেল পলাইয়া * বাদসা পাইয়া ফতে করেন ফর্ম্মান ॥ কএদি দেয়ের সব মারহ গর্দ্দান * আল্লা জেই রাজি ছিল আমার উপর ॥ নহে কি এসব দেয়ে রাখিত সহর এই বেলা মেরে ডাল নাহি রাখ আর ॥ সুনিয়া তামাম দেও হয়ে জারেজার * কান্দিয়া২ কহে বাদসার জনাবে ॥ মাফ্ করে গোলামিতে রাখ আমা সবে * এয়ছাই হুনুর জানি আমরা সবাই ॥ সে হুনুর আদমেতে কেহু জানে নাই* শিখাইয়া দিব আমি তোমার কারন ॥ কামেতে আসিবে তেরা হবেখুসি মন * বাদসা বলে কহ সেই হুনুর কেয়ছাই ॥ তবে তোমা সবাকারে করিব রেহাই * দেও সব কহে তবে বাদসার হুজুর ॥ লেখা পড়া কারবার বড়ই হুনুর * এ কথা সুনিয়া বাদসা খোসাল হইয়া দেও সবাকারে দিল খালাস করিয়া * খালাস পাইয়া দেও সেখান হইতে ॥ আপনার দেশেচলে গেল সকলেতে * দুওাত কলম আর কাগজ লইয়া ॥ বাদসার সামনে সবে পওছিল আসিয়া* লেখা পড় শিখাইল বাদসার খাতির ॥ এলেমে তালিম হৈল বাদসা জাহাগির * হরেক এলেমে সাহা হৈয়া ওস্ত ওার ॥ দানাই আক্কেল খুব হইল তৈয়ার * আদল এনছাফ আদি কারবার জত ॥ করিতে লাগিল খুব হেসাবের মত * ভুলচুক নাহি হয় কোন কাজকাম ॥ বড় খুসি হৈল তাথে বাদসা নেকনাম * লেখা পড়া দুনিয়াতে দেওয়ের ছেওায় ॥ কোন জন আগে নাহি জানিত কোথায়*তহমস হৈতে এই দুনিয়া মাঝার ॥ এলেম আর জারী হৈল কত কারবার* কালে২ রহিল বাদসার নেকনামী॥ বয়ান করিয়া তার কত কব আমি * দেশে২ এলেম শিখীয়া লোকজন ॥ কারবার করে হৈয়া খোসালিত মন * বাদসা আলম্পানা করে আদল এনছাপ ॥ কারে বা সাজাই করে কারে করে মাপ * জার জেছা তার তেছা করিয়া বিচার ॥ কোনবাতে কার তরে না দেয় আজার * এইরূপে তিন সাল খোসাল খাতির ॥ তক্তে বসে বাদসাই করিয়া জাহাগির * আখেরে আল্লার চাহা গেলেন মরিয়া ॥ বেটা একছিল তার জমসেদ বলিয়া * তক্ত পরে হৈল সেহ বাদসা নামদার ॥ মহাম্মদ খাতের কহে কুদরত খোদার * কাকেমারে কাকে রাখে কাকে দেয় তক্ত ॥ কেহু হাসে কেহু কান্দে জার জেয়ছা বক্ত *

বাদসা জমসেদের ছোলতানাতের বয়ান *

পয়ার * জামসেদ হইল বাদসা তক্তে দিয়া বার ॥ আরকান উজির আদি জত ছলাদার * খেদমতে আসিয়া সবে হইল হাজির ॥ দেখে বাদসা নামদার খোসালখাতির * ছেপাই সর্দ্দারজত হুকুম মানিয়া হামেসা হাজের থাকে কোমর বান্ধিয়া * দেও জেন পসু আদি জেখানে জে ছিল ॥ দরবারে আসিয়া সবে হাজের হইল * হাসমত হইল খুব বাদসার বাদসাই ॥ তার মত সেই ওক্তে না ছিল কোথাই * আক্কেল হুনুরে বাদসা বহুতি হুসিয়ার ॥ নানা রকম কারিগিরী করিল তৈয়ার * রঙ্গিন কাপড়া অ তরহ২ সাজ ॥ জাহীর করিয়া দিল দুনিয়ার মাঝ* দেশে২ বাদসার হইল নেকনাম॥ তর২ লেবাছ পাইয়া খাছ আম *খুসিতে পিন্ধিয়া ফেরে চএন করিয়া॥হামেসা বাদসার তরে করে সবে দোওা*তাহা বাদে

লস্করে এয়ছাই ॥ কার গেছে বাপ চাচ্চা কার গেছে ভাই * আখেরে পঁওচিল সবে সহরে আসিয়া জার জে ডেরাতে রহে আরাম করিয়া * বাদসার ফরমান মত লস্কর মাঝার ॥ রহিল হোসাঙ্গ মর্দ্দ হইয়া সর্দ্দার * বাদসা আলম্পানা গিয়া দেল খোসালেতে ॥ আদল এনছাফ কামে বার দিল তক্তে উজীর আরকান লোক জেখানে জে ছিল ॥ আসিয়া খেদমতে সবে হাজের হইল * তাহা বাদে তিন সাল বাদসা নামদার ॥ খুসিতে বাদসাই করে তক্তে দিয়া বার * আখেরে মরিয়া গেল কাজা এলাহির ॥ হোসাঙ্গ হইল তক্তে বাদসা জাহাগীর * অধিন খাতের কহে আল্লা কার সাজ ॥ কাকে মারে কার তরে দেয় তক্ত তাজ *

বাদসা হোসাঙ্গের ছোলতানাতের বয়ান *

ত্রিপদী * কেউমাস বাদসা ছিল, তাহার ওফাত হইল, হোসাঙ্গ আছিল পোতা তার ॥ দাদার তক্তের পরে, বসিয়া বাদসাই করে, খুসিতে চালায় কারবার * রাএত লেকের তরে, বহুত পিয়ার করে, কারে কভু নাহি দেয় দুখ ॥ আদল এনছাপ জত, করে মর্দ্দ হর ওক্ত, হামেসা সবার চাহে শুখ কত দিন এ প্রকারে, খুসিতে বাদসাই করে আখেরেতে করিয়া ফিকীর ॥ আছিল আল্লার চাহা, পাথর হইতে সাহা, করিলেন আগুন বাহির * রওসন হইল তাতে, দেখে দেল খোসালেতে, এলাহির নুর বলে তায় ॥ একিদা করিয়া মনে, দেখে সাহা সে আগুনে, আপনি পুজিল পহেলায় * তাহার বাদেতে ফের, সবাকারে বের বের, পুজিতে কহিত সে আগুনে ॥ পুজ এছে সব কেহ, এলাহীর নুর এহ, একিদা করিয়া দেলজানে * ফের তাহা বাদে সাহা, চামের লেবাছ জাহা, হুনুরেতে করিল তৈয়ার আর মেওয়াজাত বই, খেতে না জানিত কই, নাজানিতখানা কি প্রকার * তাহাভি তৈয়ার কৈল, খেয়ে সবে খুসি হৈল, দোওা দিল বাদসার কারন ॥ লোহার বুনিয়াদ ফিরে, কৈলবাদসা তার পরে, ভাতে২ হাতিয়ার গড়ন * নানা রূপে এই ধারা, হুনুর হেকমত ছারা পয়দা কৈল কত শত কাম ॥ বাদসার হুনুর জত, তাহাবা কহিব কত, জারী হৈল আলমে তামাম * কত দিন এ প্রকারে, লোকের ফায়দার তরে, কৈল কত হেকমত জাহির ॥ চাল্লিস বচ্ছর লিয়া, তক্ত পরে সাহি কিয়া, আখেরে মরিল জাহাগীর বেটা এক ছিল তার, রূপে অতি সুবাহার, তহমস নাম তার ছিল ॥ মহাম্মদ খাতের ভনে, সব করে নিরাঞ্জনে, সাহী তক্ত তাহাকে মিলিল *

বাদসা তহমসের ছোলতানাতের বয়ান *

পয়ার * কার তরে নেস্ত করে আল্লা করতার ॥ কার তরে সুপে দেয় বাদসাই মাদার * তহমস নামে বেটা হোসাঙ্গের ছিল ॥ সাহি তাজ ছেরে দিয়া তক্তেবারদিল * হইল সে ইরামের বাদসা জাহা গীর ॥ আরকান দওলত হৈল খেদমতে হাজির * কাহিল সবার তরে বাদসা নেকনাম ॥ কহ কিসে ভাল হয় আলম তামাম * আরকান দওলত সবে শুনিয়া তখন ॥ বাদসার দরবারে এহা কহে জনেজন * পসম রেসম আদি রূই সুতা হৈতে ॥ লেবাছ তৈয়ার জদি করা জায় তাতে * তার মত আরাম না আছে কিছু আর ॥ সুনে বাদসা দেলে খুসি হইয়া হাজার * হুনুর হেকমতে সুতা তৈয়ার করিয়া ॥ কাপড় বুনিতে ফের দিল শিখাইয়া * কারীগর লোক জত ছিল ঠাই২ ॥ কাপড় বুনিতে তারা শিখিল সবাই ভাতে২ লেবাছ পোসাগ বানাইয়া ॥ পিন্দিতে লাগিল লোক খোসালিত হৈয়া * তাহার বাদেতে গেল বাদসা নামদার ॥ মাঙ্গায় বহুরি বাজ সেকারি জানওার * আর কত হুনুর হেকমত সেকারের ॥ শিখাইয়া দিল সাহা সবার খাতের * জেরূপে ধরিতে হয় সে সব জানওার ॥ শিখিয়া তামাম লোক হৈল ওস্ত ওার * সেকারের হেকমত সিখিয়া জনে জন ॥ জানওার সেকার করে হৈয়া খুসি মন * এই রূপে বাদসা আপে হেকমতের কামে ॥ দেলের খুসিতে ছিল হামেসা আরামে * উজীর আজম এক আছিল বাদসার ॥ বহুত চালাক মর্দ্দ জোরে জোরওার * এসময়ে এসে মর্দ্দ হইল হাজির ॥ ধরে এক দেওকে সে করিয়া জিঞ্জির * বাদসা সেই দেও দেখে বলিল তখন ॥ বন্দখানা দিয়া রাখ এহার কারন * হুকুম পাইয়া এহা আরকান উজীর ॥ বন্দখানা দিল লিয়া দেএর খাতির * আর জত দেও ছিল পেয়ে সে খবর ॥ লড়াই করিতে আইল বান্ধিয়া কোমর * দেও মাঝে ছিল যত দেএর সর্দ্দার ॥ ময়দানে আসিয়া

লোক মারা গেছে ময়দান উপর * সেপাই সর্দ্দার সব গিয়াছে মরিয়া ॥ বাকি লোক দিগে২ গেছে পা লাইয়া * বেটার শোকেতে বাদসা গড়াগড়ি জায় ॥ কহে হায় সিয়ামোক রহিল কোথায় * এইরূপে দিবা নিশি কান্দে জারে জার ॥ পুত্র শোকে নিদ্রা আদি নাহিক তাহার * কত দিন সেই হালে গুজ রিয়া গেল ॥ গাএবি আওয়াজ ফের সুনিতে পাইল * সবরি করিয়া থাক বাদসা নামদার ॥ মরিবে তো মার হাতে দেও দুরাচার * কেউমাস বাদসা শুনে গাএবের বানি॥ সবরি করিয়া দেলে রহিল আপনি তার পরে সোন কিছু খুসির খবর ॥ সিয়ামোক মরে জবে ময়দান উপর * ঘরেতে তাহার বিবী ছিল বারদার ॥ ছুরাত জামাল এক বেটা হৈলতার* কেউমাস বাদসা সুনে খবর পোতার॥পুত্রশোক দেল হৈতে দুরে গেল তার * খুসিতে খয়রাত করে দিল কত ধন ॥ অন্দর বাহিরে সবে হৈল খুসি মন * দেখিয়া পোতারতরে বাদসা নামদার॥হোসাঙ্গবলিয়া নামরাখেন তাহার* নাকরে নজরছাড়া পোতার কারনে ॥ কোলে করে লয়েফেরে যেখানে সেখানে * এক ঘড়ি বাদসা জদি নাহি দেখে তাকে ॥পেরে সান হাল হয়ে বেকারার থাকে * এই রূপে হামেহাল হৈয়া খুসিমন ॥ নানারূপে করে সাহা পোতার পালন * কতদিন খুস হালে গোজারিয়া গেল ॥ হোসাঙ্গ জখন খুব সেয়ানা হইল * খুসিতে তখন তারে বাদসা নামদার ॥বানাইললস্করেরছাহেব সর্দ্দার* লস্কর ছেপাই সবেশুনে জনেজন ॥ হোসাঙ্গের বাতে ফের হৈয়া খুসি মন * কিন্তু এইহাল বাদসা কৈল হোসাঙ্গেরে ॥ দেয়েতে মারিল তেরা বাপের খাতিরে * এহাসুনে সেই হৈতে হোসাঙ্গ সর্দ্দার ॥ লড়িতে দেয়েরসাতে ছিল ওস্তওার* এক দিন ফর্ম্মাইল লস্করে এছাই ॥ সেতাবি তৈয়ার হও তামাম ছেফাই * মেরা বাপে মারিয়াছে দেওনামা কুল ॥ লোড়ে আমি তা সবারে করিব নিম্মুল * এহা সুনে ছিল জত ছেফাই সর্দ্দার ॥ কোমর বান্ধিয়া আইল হইয়া তৈয়ার*সাজ২ বাজা বাজে ময়দান উপরে ॥ জঙ্গল পাহাড় তক পওছিল খবর*পসুগন সুনে সবে মহিমের হাল॥হোসাঙ্গের মদতে আইল পালে পাল* বাঘ ভাল আদি জত দরেন্দাজানওার ঝাকে২ পরেন্দাআইল বেসুমার*হুর পরি জেন আদি জেছিল জেথায় ॥ লড়িতে দেয়ের সাতে আইল সবায় * সবাকার আড়ি ছিল দেয়ের উপর ॥ একারনে আইল সবে বান্ধিয়া কোমর * হুর পরি জেন আদি মানুস জানওার * ঘেরাও করিয়া হোসাঙ্গের চারিধার * আর বাদসা কেউমাস চলে তার বিচে বাজা বাজে ঠাই২ আগে আর পিছে* হসমতের সাতে চলে তামাম ফউজ ॥দরিয়া উপরে জেন উঠীল মউজ * দেও দুরাচার সব আছিল জেখানে ॥ বাদসার ফউজ সেথাপওছিল ময়দানে* দেওজাত মহি মের পাইয়া খবর ॥ আইল ময়দান পরে লইয়া লস্কর * বড়া২ পাথর লইয়া সবে হাতে ॥ বাদসার সহিত আইল লড়াই করিতে * দেওজাত কুদে ওঠে আছমানের পানে ॥ বাদসার লস্কর ঘোড়া কুদায় ময়দানে*দুই দিগে দুইদল খাড়া হৈল জাদ ॥ তরঙ্গ হইল জেন বালুচরনদী* মোকাবেলা গালাগালি হৈল সোরসার ॥ দুদলে লস্কর সবে বলে মার২ * কুফর দেয়ের পরে বাদসার লস্কর ॥তলওার মারিয়া চলে করে অতি জোর * দেওগিধি নামাকুল তফাতে থাকিয়া ॥ বাদসার লস্করে মারে পাথর ফেকিয়া হুরপরি জেন আদি তারা সব যত ॥ দিগে২ দেও মেরে গেরাইল কত* বাঘভাল আদি জত হাওয়ান জানওার ॥ ফাড়িয়া দেয়ের তরে কৈল ছারখার * পরেন্দা জানওার জত হাওাভরে উড়ে ॥ ঝাপটিয়া নোখেতে দেওয়ের মাথা ফাড়ে * এইরূপে দুদলে করিল খুব জঙ্গ ॥ লহুতে ময়দান ছারা হইল লাল রঙ্গ*দুদলে লস্কর গিরে গেল বেসুমার॥ বেহেসাব নাহি আছে লেখা জোখা তার* দুরেহৈতে দেও ফের চালায় পাথর॥মারাগেল কত তাথে বাদসার লস্কর * দেখে বাদসা কেউমাস গোস্বা হৈয়া দেলে ঘোড়া ওঠাইয়া দেয়ে মারে তেগতলে*হোসাঙ্গ বাপের শোকে লইয়া তলওার ॥ মারিয়া চলিল দেও হাজারে হাজার * হারেল হইল দেও না পারে টিকীতে ॥ জিউ লিয়া পিঠ দিয়া লাগিল ভাগিতে * পিছে২ খেদাড়িয়া দেও ... বাকার॥ বাদসার লস্কর যত বলেমার২*কত দেও জঙ্গলেতে গেল পালাইয়া দিগে২ গিয়া কত রহিল ছাপিয়া * কাফের দেয়ের হাতে বাদসা জাহাগির ॥ ফতে পেয়ে হৈয়া অতি খোসাল খাতের * মিলীল আসিয়া জেথা আপনা লস্কর ॥ আল্লার দরগায় ভেজে হাজার সোকর * ... লস্কর ... আপনার ॥ চলিল আপন দেশে বাদসা নামদার * কেহু কান্দে কেহু হাসে,

* কেচ্ছা শুরু *

কেউমাস বাদসার দেয়ের সহিত লড়াই ও সিয়ামোক নামে বাদসার বেটা দেওয়ের হাতে মারা যাইবার বয়ান ॥

পয়ার * কেউমাস নামে এক বাদসা নামদার॥ ইরান মুল্লুক বিচে সাহি ছিল তার * সে ওক্তে দুনিয়া বিচে তাহার মতন ॥ নামদার বাদসা না ছিল কোন জন * এতেক হাসমত আর লস্কর সামানা আল্লা বিনে কেহ তার না জানে ঠিকানা * কিন্তু সেই চামড়া পিন্দে ছাড়িয়া সহর ॥ হামেসা থাকিত গিয়া পাহাড় উপর *কোনবাতে গম নাহি ছিল তার দেলে॥ এই রূপে জেথা সেথা ফিরিত খোসালে সিয়ামোক নামে এক বেটা ছিল তার ॥ বড় পাহালাওান মর্দ্দ জোরে জোরওার * মুল্লুকের বারদিয়া তাহার কারন ॥ আপনি পাহাড়ে গিয়া করিত ভ্রমন * কিছুদিন খোসালেতে গোজরে এছাই ॥ বাপ বেটা দোহাকার গম কিছুনাই * আগে হৈতে কেউমাস বাদসার সঙ্গেতে ॥ দেয়ের দুস্মনি ছিল কোন বাত চিতে * সেই হতে নামাকুল দেও দুরাচার ॥ ডরেতে ভাগিয়া ছিল জঙ্গল মাঝার * বাচ্ছা এক ছিল তার লিয়া গেল সাতে ॥ কতদিন গুজারিল সেই জঙ্গলেতে * পরে সে দেয়ের বাচ্ছা সিয়ানা হ ইয়া ॥ এক দিন পুছে বাত বাপের লাগিয়া * বাবা তুমি মোরতরে কহ বিবরন ॥ হামেসা জঙ্গলে থাক কিসের কারন* দেও বলে সোন বাবা কহি সমাচার*কেউমাস নামে বাদসা বড়া জোরওার * লেখা জোখা নাহি তার লস্কর ছেপাই ॥ লড়িতে তাহার সাতে কেহ পারে নাই * পেরেসান হয়ে আমি জু লুমে তাহার ॥ ছাপিয়া রয়েছি এসে জঙ্গল মাঝার * দেওবাচ্ছা এছা জবে সুনিল খবর ॥ গোস্বায় জ লিয়া উঠে কমিনা কুফর * আপনা বাপেরে ইহা লাগিল কহিতে ॥ এবাতে কলঙ্ক বড় হয় দেওজাতে আদমের ডরে তুমি ছাড়িয়া ওতন ॥ জঙ্গলে২ ফেরো করিয়া ভ্রমন * কত জোর রাখে সেই আদমের জাত ॥ পাথর মারিয়া তারে করিব নিপাত * আমারে হুকুম দেহ মহিমেতে জাই ॥ দেখি সে বাদসার কত লস্কর সেফাই * মারিব তা সবাকারে পাথর ফেকিয়া ॥ বাদসাকে মারিব ধোরে দাতে চিবাইয়া এহা জদি নাহি করি মর্দ্দমির হালে ॥ দেয়ের আওলাদ তবে নহি কোন কালে * সুনিয়া তাহার বাত দেও দুরাচার ॥ তারিফ করিয়া তায় হাজারে হাজার * হুকুম করিল জাহ করিতে লড়াই ॥ সাতেলিয়া আপনার লস্কর সেফাই * বাপের হুকুম পেয়ে কমীনা কাফের ॥ ফর্ম্মাইয়া দিল সব দেয়ের খাতের * সেতাবি তৈয়ার হৈয়া নেকল সবাই ॥ কেউমাসের আগে যাব করিতে লড়াই * হুকুম পাইয়া বোনে জত দেও ছিল ॥ তৈয়ার হইয়া সবে বাহীর হইল * বড়া২ পাথর লইয়া সবে হাতে ॥ কেউমাসের আগে চলে লড়াই করিতে* আসিয়া তামাম দেও ময়দান মাঝার ॥ চারিদীকে কুদে ফেরে বলে মার মার * কেউমাসের বেটা মর্দ্দ সিয়ামোক নাম ॥ দেয়ের খবর সেহ পাইয়া তামাম * হুকুম করেন তবে আপনা লস্করে ॥ সেতাবি তৈয়ার হও মহিম খাতেরে * দুস্মন আসিয়া দেশে করিল খারাব ॥ দেরনাহি সহে আর নেকল সেতাব*এছাই হুকুম পেয়ে তামাম ছেপাই॥ কোমর বান্ধিয়া চলে করিতে লড়াই * আগু পিছু বাজা বাজে মহিম নাকারা ॥ ময়দানে পঁওছিল সবে করিয়া পাএতারা * সিয়া মোক সাহাজাদা লইয়া তলওার॥ দেয়ের লস্কর পরে বলে মার২ * বাদসার লস্কর দেখে দেয়েরা তখন পাথর লইয়া হাতে ধায় জনেজন * দুইদলে মোকাবেলা তখন হইল॥ গোস্বাভরে জনে২ লড়াই লাগিল তেগ নেজা গোর্জ্জ লিয়া বাদসার লস্কর ॥মারিতে লাগীল জোরে দেয়ের উপর * দেও সব দুর হৈতে পাথর ফেকিয়া ॥ বাদসার লস্কর মেরে দেয় গেরাইয়া * মার২ ধর২ হৈল সোর সার ॥ ধুলাতে হ ইয়া গেল ময়দান আন্ধার * দেওজাত ফেকেমারে জোরেতে পাথর ॥ বাদসার লস্কর সব হইল ফাফর সিয়ামোক দেখে, তাহা গোস্বাতে ভরিয়া ॥ শত২ দেওকাটে ঘোড়া ওঠাইয়া * ময়দানেতে বহাইল লহুর তুফান ॥ সরালাস ভাসে তাথে সোলার সমান * আখেরেতে সিয়ামোক দেয়ের মহিমে ॥ পাথর খাইয়া মারা গেল রনভুমে * আর কত নামদার সর্দ্দার সেপাই ॥ অকালে দেয়ের হাতে হৈল ঠাই২ * বাকি লোক জখম হইয়া মহিমেতে ॥ পিট দিয়া জান লিয়া লাগিল ভাগিতে * মহিমে পাইয়া ফতে দেও দুরাচার ॥ খুসিতে জঙ্গলে গিয়া রহে জে জাহার * হেথা কেউমাস বাদসা পাইল খবর ॥ সিয়া

থাহেস। …ছি * এক রোজ কহিলেন আমার কারন ॥ জেদ মুখে করে বড়া জত লোক জন * …
করি লোক …র জেদ নারি এড়াইতে দুস্তি মহব্বত আছে সবাকার সাতে * সাহানাম। কে তাবেতে রোজ
…॥ নানারূপ জঙ্গ তাতে আছে ভাতে ভাত * দেহ সে কেতাব তুমি রচনা করিয়া ॥ আমি
মের বাহ… জাহের করিব ছাপাইয়া * একথা সুনিয়া আমি করিতে রচনা ॥ কোমর বাঁন্ধিনু দেলে ভাবিয়া
রব্বানা * কিন্তু এহা ভাবা গোনা করি মনে মনে ॥ পাছে কিবা লাজ পাই লোকের সামনে * সাইরি
করিতে নাহি ক্ষমতা আমার ॥ মুরুক্ষ নাদান আমি হীন সবাকার * করিতে তাকত নাই মু দর দোকান
বাসনা হইল দিতে জাহাজে সামান * ভাবি মনে কেমনে ওঠাব এই ভার ॥ পাছে নাকি লাজ পাই
লোকের মাঝার * নাহিক পারিলে বড় হইবে সরম ॥ সুনে সবে লজ্জা দিবে নারবে ভরম * তবুত পামর
মন বোধ নাহি মানে ॥ কহে মোন ভাব তুমি কিসের কারনে * কোনঠাই আছে দেখ দরিয়া অপার
পারা পার সব ঠাই কুদরতে খোদার * সাতার না জানে জেবা পড়িলে পানিতে ॥ আলবত্তা তাহারে
হয় হাত পা লাড়িতে * আল্লা মেহের বান হৈলে না ডুবে কখন ॥ ভাসিয়া সে ওঠে জেন সোনার মতন
মালেক মক্কার সেহ সবাকে তরায় ॥ অবশ্য তোমাকে সেহ তরাবে এদায় * নাকর আন্দেসা তুমি কলম
ধরিয়া ॥ রচনা করহ কেচ্ছা এলাহি ভাবিয়া * দেলে যদি সাহস করিয়া এপ্রকার ॥ বুঝাইয়া কহিতে লাগিল
বার২ * ভরসা পাইয়া তাই ভাবিয়া রব্বানা ॥ কলম ধরিনু কেচ্ছা করিতে রচনা * সুন এবে জনাবেতে
কহি সবাকার ॥ জে দেশে জে গাওবিচেবসতি আমার * কেননা লোকেতে জদি কহেন এমন ॥ … তাব
রচনা করিল যেইজন * কোন দেশে বসবাস আছিল তাহার ॥ ভালা বুরা জানিতে নারি…
এছাই খাহেস জদি করে কোন জনা ॥ জানিবার তরে মেরা নেহাত ঠীকানা * তেকারনে কহি…
বিবরন ॥ জনাবে আরজ এই সুন সর্ব্বজন * হাবড়া জেলার তাবে বালিয়া পরগনা ॥ গোবিন্দিপুর…
মেরা বসতি ঠেকানা * নামেতে ছোন্দল মোল্লা দাদাজি আমার ॥ আছিলেন নেকবক্ত বড় নেককার
মহাম্মদ হেছামদ্দিন বাবাজীর নাম ॥ তাহার খেদমতে মেরা হাজার ছালাম * হামেহাল মাঙ্গি দোওা
দরগাতে খোদার ॥ আল্লাতালা করভালা আখেরে তাহার * আর ছয় চাচা ছিল সুন বিবরন ॥ আগে
গুজারিয়া গিয়াছিল চারি জন * না আওলাদ কৈল খোদা তাহাদের তরে ॥ দোওাদিও তাহাসবেজত
দিনদারে * দোওা দিলে দোওা পাবে খোদার সামনে ॥ নেকনামি হবে বড় হাসরের দিনে * তারপরে
কহি ফের সুনহ সবায় * ছালামতে দেখিনু জেচাচা দোহাকায় * বাবাজি সাহেব হৈতে ছোটা ছিল
তারা ॥ বাবাজীতাসবা হৈতে আছিলেনবড়া * মহাম্মদ খোনাইনাম জানিবে মেজলার ॥ তিনবেটা আছে
তার শুন সমাচার * আপনা ভায়ের মত তাহারাসকলে ॥ হামেসা মেহেরবানি করে হর হালে * নামেতে
রহিম বকস বড়া জে তাহার ॥ জেয়ামদ্দি বলে নাম জানিবে মেলজার * গোলাম ফরিদ নাম ছোটা
সবা হৈতে ॥ বড়া মেহের বান এরা আমার পরেতে * আরমেরা ছোটা চাচা আছিলেন জিনি ॥ আমার
সামনে গেছে গুজারিয়া তিনি * পরওাদ্দিন বলি নাম আছিল তাহার ॥ আমাকে করিত তিনী বড়ই
পেয়… …তার * এক বেটা আছে তার দারাছতুল্লা নাম ॥ তাহার খয়ের খুবি মাঙ্গি সোবে সাম * এই চার চাচার
ভাই বড় … দোস্তদার ॥ আল্লাতালা কর ভালা এহা সবাকার * শুন এবে নিজ হাল কহিয়া জানাই ॥ নাহি
আছে আপ… …র সহদর ভাই * বাবাজি ওফাত হইলে তাহার বাদেতে ॥ পড়া সুনা কিছুদিন করি খো…
সালেতে * তার … পরে সাদি বেহা হইল আমার ॥ তিনবেটা এক বেটী দিল করতার * তোফেল রহমান
নাম বড় সবা হৈতে … তা ॥ কোবাতুল্লা বলি নাম তাহার বাদেতে * আবদুল ওাজেদ নাম জানিবে সেজলার
এই তিন … …কা মুখে দেছে করতার * হামেসা আমদে থাকি খোদার ফজলে । গম দুক্ষ পেরেসানি
নাহি … হালে * মেহের করিয়া দোওা করিবে সবাই ॥ আল্লাতালা রাখে জেন খুসিতে এছাই *
এই তব… হৈল মেরা নিজ বিবরণ । শুরুকরি কেচ্ছা এবে সোন সর্ব্বজন * জেখানে জেরূপে জঙ্গ কৈল
পাহাল… …ান ॥ একে২ কহিতাহা করিয়াবয়ান * ছোহবাতা হৈলে সবে মেহের করিয়া ॥ কলমধরিয়া হাতে
দিবে … …িয়া * এনছান হইতে খাতা আছে হরঠাই ॥ মাপছেওা খাতার এলাজ কিছু নাই * মহা…
… …লাহি ভাবিয়া ॥ কেচ্ছা লিখি সাহানামা কেতাব দেখিয়া *

* পাহালওান রোস্তেমের জঙ্গ *

এলাহি কাদের নাম, কুদরতে চালায় কাম, পয়দা কৈল দোজাহান ছারা ॥ হুর নুর জেন পরি, জিব
নু নর নারি, রবি শশী লক্ষ২ তারা * জে তার কোদরত দেখে, হয়রতে পড়িয়া থাকে, দিসা কিছু
ারতে না পারে ॥ কত ওলি কত নবি, না পারিল তারা সবি, কি দিশা করিবে খাকছারে * তাহার
হমা জাহা, আমি কি লিখিব তাহা, এক মুখে বয়ান করিয়া ॥ ফেরেস্তা আলম ছারা, সে মহিমা দেখে
ারা, খেমা দিল নাহিক পারিয়া * হাজার সোকর করি, থাকে আমা সবে বারি, পয়দা জে করিয়া
নছান ॥ সবার সর্দ্দার কোরে, ভেজিল দুনিয়া পরে, এই বাতে বহুতি এহছান * নাকরে মানুস পয়দা
রিলে সুওর গাধা, কি করিতে পারিতুন তার ॥ তাহার এহছান ভারি, বয়ান করিতে নারা * হরহালে
শাকর হাজার * ফের আমা সবাকারে, রাহা বাতাবার তরে, মেহের করিয়া নিজ গুনে ॥ আপনার নুর
য়া, নুর নবি পয়দা কিয়া, ভেজিলেন দুনিয়া জাহানে * জার সানে কৈল সবি, কি কব তাহার খুবি
রূদ ছালাম তার পরে ॥ তাহার আওলাদ আর, জে কেহ ছাহাবা তার, ছালাম তছলিম সবাকারে
মার জত ওলি নবি, দিন দুনিয়ার খুবি, নেকপাক খোদার দরগাতে ॥ মা বাপ ওস্তাদ পীর, মুরব্বি ও
দাওাগির ছালাম সবার জনাবেতে * মছলমান যত আর, জনাবেতে সবাকার, আরজ করিয়া কহি
ফর ॥ নওাজেস করি সবে, আমি অধীনের বাবে, দোওা দিও করিয়া মেহের * দোওা দিলে তোমা
বে, আল্লার রহমত হবে, আকবতে পাইবে নাজাত ॥ মহাম্মদ খাতের বলে, এলাহী ভাবিয়া
আশা পুরা কর পাকজাত *

* সায়েরের পরিচয় *

ানামা কেতাবেতে রোস্তমের বাত ॥ কতঠাই কতজঙ্গ আছে [illegible] বাত * জে
ল পাহালওান ॥ পিছে সে সকল কথা করিব বয়ান * [illegible] সোন [illegible]
া হেন্দু কেচ্ছা রচনা করিতে * মুনশী [illegible] নাম ॥ ঢাকার [illegible]
কাম * বড়া নেকবক্ত মর্দ্দ নেকুই খাছলত ॥ লোকের [illegible] তরে করেন [illegible]
ছাপায়ে বেসুমার ॥ আওয়াম লোকেরে কত কৈল [illegible] * পড়িয়া [illegible]
॥ দোওাও তারিফ করে তাহার কারনে * আমিওভি দোওা [illegible]
চালা ভাল কর তারে * তার পরে সোন ফের কহি বিবরিয়া ॥ [illegible]